১। ৺রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর—রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর ইংরাজী ১৮৬৬ সালের ১৩ই আগষ্ট তারিখে জন্মগ্রহণ করেন। আর গত ইংরাজি ১৯১২ সালের ১লা ডিসেম্বর (১৩১৯, ১৬ই অগ্রহায়ণ) তারিখে পরলোক-গমন করিয়াছেন। ইনি কলিকাতার শোভাবাজার রাজবংশের উজ্জ্বল প্রদীপ ছিলেন। শোভাবাজার রাজবংশ-প্রতিষ্ঠাতা মহারাজ নবকৃষ্ণ দেব বাহাদুরের পুত্র রাজা রাজকৃষ্ণের অন্যতম পুত্র মহারাজ কমলকৃষ্ণ দেব বাহাদুরের দুই পুত্র হয়। রাজা বিনয়কৃষ্ণ তন্মধ্যে কনিষ্ঠ। রাজা বিনয়কৃষ্ণের অনেক সদ্‌গুণ ছিল। সাহিত্য-সমাজ, রাজনীতি, লোকসেবা ও দেশচর্য্যা—এই কয় বিষয়েই তিনি যথেষ্ট কাজ করিয়া গিয়াছেন। তাঁহার চরিত্র-বল ছিল, গুণগ্রাহিতা ছিল, বন্ধুবাৎসল্য ছিল; ছোট বড় সকলকে তিনি সমান আদর করিতেন; প্রতিভার পূজা করিতেন। বাঙ্গালা সাহিত্য বিশেষভাবে তাঁহার নিকট ঋণী। তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ও সাহিত্য-সভার অন্যতম প্রতিষ্ঠাতা। বাঙ্গালা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য তাঁহার বিশেষ আগ্রহ, চেষ্টা ও দান ছিল; তিনি নিজে সাহিত্যের সেবা করিতেন; বাঙ্গালা ও ইংরাজি ভাষায় তিনি অনেক সন্দর্ভ ও পুস্তক রচনা করিয়া গিয়াছেন। প্রাচীন ইতিহাস আলোচনায় তাঁহার উৎসাহ ছিল। ওয়ারেণ হেষ্টিংসের কলঙ্কভঞ্জন করিবার জন্য "হিতবাদী" পত্রে তিনি ধারাবাহিক প্রবন্ধ লিখিয়াছিলেন। দরিদ্রের দুঃখে তাঁহার কষ্ট বোধ হইত। "শোভাবাজার বেনাভোলেণ্ট সোসাইটী" নামে দরিদ্রকে সাহায্য করিবার জন্য তিনি এক পুণ্য অনুষ্ঠান করিয়া গিয়াছেন। রাজা বিনয়কৃষ্ণের বাড়ীতেই সাহিত্য-পরিষৎ প্রথম প্রতিষ্ঠিত হয় এবং তাঁহারই যত্নে ও স্নেহে পাঁচ বৎসর লালিত পালিত হইয়াছিল। ১৩১৯, ৫ই পৌষ তারিখে রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের পরলোক-গমনে শোকপ্রকাশ ও স্মৃতিরক্ষার্থ পরিষদে এক বিশেষ অধিবেশন হইয়াছিল।

২। ৺পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি—বিদ্যানিধি মহাশয় ১৩০২ সালে তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য হন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ আপন সত্তা সম্বন্ধে অনেক বিষয়ে বিদ্যানিধি মহাশয়ের নিকট বহুলপরিমাণে ঋণী। ঠিক প্রতিষ্ঠার দিন হইতে বিদ্যানিধি মহাশয় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত সংশ্লিষ্ট না থাকিলেও বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যতকাল থাকিবে, ততকাল বিদ্যানিধি মহাশয়কে আপনার অন্যতম গঠনকর্তা বলিয়া স্মরণ রাখিবে। পরিষদের সংপোষণার্থ সদস্য-সংগ্রহ, পালনার্থ সহকারী সম্পাদকরূপে নানাভাবে পরিশ্রম, পত্রিকার জন্য লেখক সংগ্রহ, অধিবেশনে পাঠের জন্য প্রবন্ধ-সংগ্রহ প্রভৃতি বিষয়ে বিদ্যানিধি মহাশয় অশ্রান্ত পরিশ্রম করিতেন। বিদ্যানিধি মহাশয় "আর্য্যদর্শন" প্রকাশকালে প্রথমে তাহার লেখক, পরে সহকারী সম্পাদকরূপে প্রতিষ্ঠিত হইয়া সাহিত্য-সংসারে সুপরিচিত হন। তিনি টোলে ও সংস্কৃত কলেজে অধ্যয়ন করেন। বহু শাস্ত্রে তাঁহার প্রবেশ ছিল।

তিনি ইংরাজিও জানিতেন; অনেক প্রবেশিকা-বিদ্যালয়ে তিনি প্রধান পণ্ডিতের পদ অলঙ্কৃত করিয়াছিলেন। তাঁহার বহু ছাত্র এক্ষণে স্বনামধন্য, কৃতী ও সাহিত্য-সমাজে যশস্বী হইয়া উঠিয়াছেন। বাঙ্গালা সাহিত্যের চর্চ্চায় বিদ্যানিধি মহাশয় প্রথম হইতেই মৌলিকতা প্রকাশ করিয়া যশোলাভ করেন। হোমিওপ্যাথির আবিষ্কারকর্ত্তা হানিমানের জীবন-চরিত তাঁহার প্রথম প্রকাশিত পুস্তক। প্রাচীন আর্য্য-রমণীগণের বৃত্তান্ত তাঁহার একটি মৌলিক গবেষণামূলক পুস্তিকা। আজকাল জাতিতত্ত্ব ও সমাজতত্ত্ব লইয়া যে বিপুল আলোচনা চলিতেছে, বিদ্যানিধি মহাশয়ই তাহার অন্যতম প্রবর্ত্তক। বাঙ্গালা সাময়িক পত্রের ইতিহাস-সঙ্কলন, বঙ্গীয় নাট্যশালার ইতিহাস-সঙ্কলন, খানাকুল কৃষ্ণনগরের সামাজিক ইতিহাস-সঙ্কলন প্রভৃতি বিষয়ে বিদ্যানিধি মহাশয়ের আলোচনা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। তিনি গ্রন্থকার, মাসিক পত্রের সম্পাদক, সাপ্তাহিক পত্রের সম্পাদক, প্রবন্ধ-লেখক প্রভৃতি সাহিত্য-সেবকের সকল মূর্ত্তিতেই আমরণ মাতৃভাষার সেবা করিয়া গিয়াছেন। তাঁহার কার্য্য কুশলতা ও পরিশ্রম করিবার ক্ষমতা অপূর্ব্ব ছিল। সর্ব্বদা তাঁহাকে কয়েকখানি খাতা ও পুস্তক এবং নানাবিধ টীকা-টিপ্পনী সহ টুক্‌রা কাগজের একটি পুঁটুলি লইয়া ঘুরিয়া বেড়াইতে দেখা যাইত। বিদ্যানিধি মহাশয়ের পরিচিত ব্যক্তিবর্গ দর্প্পরশূন্য বিদ্যানিধি-মূর্ত্তি কল্পনাই করিতে পারিবেন না; তিনি তাঁহার পরিচিত ব্যক্তিবর্গের নিকট যেমন অমায়িক, তেমনি শ্রদ্ধাভাজন ছিলেন।

৩। ৺পণ্ডিত সখারাম গণেশ দেউস্কর—১৯২৬ সংবৎ পৌষমাসে পণ্ডিত সখারাম গণেশ দেউস্কর জন্মগ্রহণ করেন। ১৩১৯ সালে ৮ই অগ্রহায়ণ তারিখে তাঁহার মৃত্যু হয়। সখারাম মাহারাষ্ট্রীয় ব্রাহ্মণ। বোম্বাই প্রদেশের অন্তর্গত রত্নগিরি জেলায় মহারাজ শিবাজীর আলবান নামক দুর্গের নিকট দেউস নামে এক গ্রাম আছে; দেউস্কর-বংশ সেই গ্রামের আদিনিবাসী। সখারামের পিতার নাম গণেশ সদাশিব দেউস্কর। পাঁচ বৎসর বয়সে সখারামের মাতৃবিয়োগ হয়। আলিবর্দ্দি খাঁর সহিত নাগপুরের রঘুজি ভোঁসলের ১৭৪৮ খৃষ্টাব্দের যে সন্ধি হয়, সেই সূত্রে কৃষ্ণভট্ট রায়স্কর নামে এক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ স্বজাতির প্রতিভূ হইয়া মুরশিদাবাদে আসেন। বীরভূমের শাসনকর্ত্তা বদিয়ৎজমা খাঁ এই কৃষ্ণভট্টের নিকট উপকার পাইয়া বৈদ্যনাথের নিকট করো গ্রাম তাঁহাকে জায়গীর দেন। করো গ্রাম কর্ম্মটোড় হইতে দুই ক্রোশ দূরে। সখারামের পিতামহী এই কৃষ্ণভট্টের বংশজাতা। এই বিবাহসূত্রে সখারামের পিতামহ করো গ্রামে ভূসম্পত্তি লাভ করিয়া বাস করেন। করো গ্রামেই সখারামের জন্ম হয়। সখারাম বাল্যে বেদাধ্যয়ন করেন। পরে ১৮৯০ খৃষ্টাব্দে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বৈদ্যনাথ স্কুলে শিক্ষকতা করেন। সখারাম বাল্যকালেই বাঙ্গালা রচনা করিতে শিখেন। মহারাষ্ট্রীয় ভাষাতে ও ধর্ম্মশাস্ত্রে তাঁহার অধিকার ছিল। তিনি মহারাষ্ট্রদেশ ও ছত্রপতি শিবাজীর জীবনচরিত-সংগ্রহে সারা জীবন পরিশ্রম করিয়া গিয়াছেন ও অনেক দিন তিনি হিতবাদীর সহিত সংশ্লিষ্ট ছিলেন। এতদ্ব্যতীত তিনি অনেক সদ্‌গ্রন্থ রচনা করিয়াছেন। তাঁহার ন্যায় সুলেখক বাঙ্গালা সাহিত্যে বিরল।

৪। ৺বিশ্বম্ভর জ্যোতিষার্ণব—ইনি জ্যোতিষশাস্ত্রে বিশেষ পারদর্শী ছিলেন, ইঁহার রচিত

জ্যোতিষশাস্ত্র সম্বন্ধে অনেক পুস্তক আছে। পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত না হইয়াও ইনি ইহার অধিবেশনে মাঝে মাঝে যোগদান করিতেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ইঁহার মৃত্যুতে বিশেষ দুঃখিত।

৫। ৺কৃষ্ণচন্দ্র রায়—হেয়ার ও হিন্দু স্কুলের হেডমাষ্টার কৃষ্ণচন্দ্র রায় মহাশয়ের নাম কাহারও নিকট অবিদিত নহে। ইংরাজি ভাষায় পুস্তকাদি প্রণয়ন ব্যতীত বাঙ্গালা ভাষাতেও ইতিহাসসম্বন্ধীয় গ্রন্থাদি লিখিয়া ইনি বাঙ্গালা-সাহিত্যের শ্রীবৃদ্ধি-সাধনে যত্ন করিয়াছেন। ইঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

৬। ৺ঈশানচন্দ্র বসু—এই প্রাচীন প্রবন্ধকারের মৃত্যুতে পরিষদের যথেষ্ট ক্ষতি হইয়াছে। পরিষদের গঠন-যুগে ঈশান বাবু ইহার উন্নতির জন্য বহু পরিশ্রম করিয়াছিলেন এবং একসময়ে কিছুদিনের জন্য ইহার সহকারী সম্পাদক ছিলেন। ইঁহারই চেষ্টায় পরিষদে প্রাচীন গ্রন্থ প্রকাশের কল্পনা হয় এবং ইঁহার সংগৃহীত ৺সনাতন চক্রবর্ত্তীর ভাগবতের অনুবাদ প্রাচীন বাঙ্গালা পুথি ইঁহার সম্পাদকতায় ছাপার ব্যবস্থা হয়, কিন্তু নানা কারণে ঈশান বাবু তখন পরিষদের সংশ্রব ত্যাগ করেন, সেই জন্য সে কার্য্য সমাপ্ত হয় নাই। ঈশান বাবু সে কালের তত্ত্ববোধিনী পত্রিকায়, বামাবোধিনী পত্রিকায়, 'আর্য্যদর্শনে' বহু সুচিন্তিত প্রবন্ধ লিখিয়া গিয়াছেন। তাঁহার রচিত কয়েকখানি নীতিপুস্তক এবং মহিলাশিক্ষাগ্রন্থ সাহিত্য-সমাজে সুপ্রতিষ্ঠিত আছে।

৭। ৺শ্রীশচন্দ্র সর্ব্বাধিকারী রায় বাহাদুর—হিন্দু পেট্রিয়টের সম্পাদক শ্রীশচন্দ্র সর্ব্বাধিকারী মহাশয় পূর্ব্বে পরিষদের সদস্য ছিলেন, পরে স্বাস্থ্যভঙ্গ হওয়ায় সদস্য-পদ ত্যাগ করেন। পরিষদের কার্য্যে ইঁহার বিশেষ শ্রদ্ধা ছিল। ইনি পরিষদের অধিবেশনাদিতে প্রায়ই যোগদান করিতেন। পরিষৎ এই বন্ধুর অকাল মৃত্যুতে বিশেষ দুঃখিত।

৮। ৺দ্বিজেন্দ্রলাল রায়—এই সুপ্রসিদ্ধ সুরসিক কবি ও নাট্যকার পরিষদের হিতৈষী ছিলেন। তাঁহার সুবিখ্যাত গান "বঙ্গভাষা" পরিষদের গৃহপ্রবেশ উপলক্ষেই রচিত ও গীত হইয়াছিল। তিনি স্বয়ং সদলে সে দিন উপস্থিত থাকিয়া সেই স্মরণীয় দিনকে গীতিরসে মধুময় করিয়া তুলিয়াছিলেন এবং সে দিন উপস্থিতমত অর্থ-ভিক্ষায় শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ন্যায় তিনিও বিশেষ সাহায্য করিয়াছিলেন। তাঁহার স্বকৃত গ্রন্থনিচয় ছাড়া 'পূর্ণিমামিলন-প্রতিষ্ঠা' তাঁহার আর এক মহতী কীর্ত্তি। দ্বিজেন্দ্রলাল বাঙ্গলা সাহিত্যে 'হাসির গানের কবি' বলিয়া বিশেষ প্রতিষ্ঠালাভ করিয়া গিয়াছেন, হাস্যরসের মধ্যদিয়া গভীর, মর্ম্মস্পর্শী বিষয় সকল লইয়া তিনি গান রচনা করিতে বিশেষ পটু ছিলেন। তাঁহার ক্ষুদ্র ক্ষুদ্র কবিতাগুলিতেও নানাভাবের কবিত্ব-পরিচয় পাওয়া যায়। শেষজীবনে তিনি নাট্য-রচনায় প্রসিদ্ধিলাভ করেন। তাঁহার ঐতিহাসিক নাটকগুলি বঙ্গীয় নাট্যশালায় বিশেষ সমাদর লাভ করিয়াছিল। তিনি নাট্য-রচনায় চিরাগত প্রথা ক্রমশঃ পরিত্যাগ করিয়া নূতন পন্থা অবলম্বন করিতেছিলেন। সামাজিক বিষয় লইয়া তাঁহার দুএকখানি নাটক ও প্রহসনও আছে। দ্বিজেন্দ্রলালের সর্ব্বাপেক্ষা কৃতিত্ব ছিল গানে। তিনি নিজে ভারতীয় ও ইংরাজী সঙ্গীতশাস্ত্রে ব্যুৎপন্ন ছিলেন এবং বাঙ্গালা গানে এমন মনোজ্ঞ ভাবে, সুকৌশলে

ইংরাজী সুর বসাইতে পারিতেন যে, লোকে তাহা আদৌ বিদেশী বলিয়া অনুভব করিতে পারিত না। তিনি নিজে অতি সুকণ্ঠ গায়ক ছিলেন। তাঁহার নিজের রচিত, নিজের উদ্ভাবিত বিবিধ সুরের গান তাঁহার নিজের গলায় যাঁহারা শুনিতেন, তাঁহারা সকলেই মুগ্ধ হইতেন। তিনি বিশেষ বিশেষ উপলক্ষে পরিষৎ-মন্দিরে আসিতেন। তাঁহার মৃত্যুতে সাহিত্য-পরিষৎ বিশেষ শোকানুভব করিতেছেন।

অষ্টাদশ বার্ষিক অধিবেশন

আলোচ্য বর্ষে ১২ই শ্রাবণ, রবিবার পরিষদের অষ্টাদশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন। এই অধিবেশনে পূর্ব্ববৎসরের কার্য্যবিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয় এবং বান্ধব, আজীবন-সদস্য, বিশিষ্ট-সদস্য ও সহায়ক-সদস্য নির্ব্বাচিত হন। এতদ্ব্যতীত নূতন বৎসরের জন্য কার্য্যাধ্যক্ষ নির্ব্বাচিত এবং কার্য্যনির্ব্বাহক-সমিতি গঠিত হয়।

মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির তালিকা

১ম—২৬ শ্রাবণ (১) উজানী ও মঙ্গলকোট—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
শ্রীযুক্ত হরিদাস পালিত ও
শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু বি এ
(২) বাঘাইর বয়াং— শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক

২য়—৩০ ভাদ্র (৩) কাশীরাম দাসের
জন্মস্থান-নিরূপণ— শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব
(৪) কৌশাম্বীর আর্য্যপট্ট—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
(৫) তৃতীয় গোপালদেবের
শিলালিপি—শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ

৩য়—২০ আশ্বিন (৬) অ— কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
(৭) আসাম-ভ্রমণ— শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ
(৮) দাশরথি রায়— শ্রীযুক্ত রমানাথ মুখোপাধ্যায়

৪র্থ (স্থগিত)—২৩ অগ্রহায়ণ
(৯) একটি বুদ্ধমূর্ত্তি— শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

গত ১৬ই অগ্রহায়ণ এই সভাধিবেশনের প্রস্তাব ছিল, কিন্তু ঐ দিবস সাহিত্য-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের অকাল-মৃত্যু হওয়ায় তাঁহার প্রতি সম্মান প্রদর্শনার্থ উক্ত দিবসের মাসিক অধিবেশন স্থগিত থাকে।

৫ম—২৩ অগ্রহায়ণ (১০) কৃষ্ণকীর্ত্তনের লিপিকাল-নির্ণয়— { শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ও
শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

৬ষ্ঠ—৭ পৌষ (১১) মালবিকাগ্নিমিত্র— শ্রীযুক্ত সুরেশচন্দ্র সেন এম্ এ

৭ম—৬ মাঘ (১২) গৌরী সেন— শ্রীযুক্ত অশ্বিনীকুমার সেন
(১৩) রমণার কালীবাড়ী—শ্রীযুক্ত অতুলচন্দ্র মুখোপাধ্যায়
(১৪) পতঞ্জলি— শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

৮ম—৪ঠা ফাল্গুন (১৫) চট্টগ্রামের গীতি-
রামায়ণ—ডাঃ শ্রীযুক্ত শ্যামাচরণ সরকার
(১৬) ঢাকার সহরে
ও গ্রাম্যভাষা—শ্রীযুক্ত রাজেন্দ্রকুমার মজুমদার

৯ম ১৮ ফাল্গুন (১৭) বাঙ্গালাভাষার
দ্রাবিড়ী উপাদান—শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার বি এল্
(১৮) ইন্দ্রাণী— শ্রীযুক্ত হরিপদ মুখোপাধ্যায়
(১৯) মুরশিদাবাদের
গ্রাম্যভাষা—শ্রীযুক্ত রাজেন্দ্রকুমার মজুমদার

১০ম—১৭ চৈত্র (২০) মথুরাপুরের দেউল শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত

অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদি

অষ্টাদশ বার্ষিক অধিবেশন

প্রদাতা		প্রদর্শিত দ্রব্য		ক্রমিক সংখ্যা
কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়—	১।	মূর্ত্তিযুক্ত ইষ্টক—		২৯৪
	২।	,,		২৯৫
	৩।	,,		২৯৬
	৪।	,,		২৯৭
	৫।	,,		২৯৮
	৬।	কামানের গোলা		২৯১
রায় বাহাদুর প্রসন্নকুমার বসু ও শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র সরকার	৭।	সদাশিব-মূর্ত্তি		২৮৩
শ্রীযুক্ত সুকুমার হালদার—	৮।	তিনখানি বৈদেশিক চিত্র		
শ্রীযুক্ত অমৃতলাল দাস গুপ্ত—	৯।	পার্ব্বতী (প্রস্তরমূর্ত্তি)		২৭৮
	১০।	ব্রহ্মার মূর্ত্তি	,,	২৭৯
	১১।	ভগ্ন মূর্ত্তি	,,	২৮০
	১২।	,,	,,	২৮১
	১৩।	,,	,,	২৮২
শ্রীযুক্ত সত্যচরণ শাস্ত্রী—	১৪।	বুদ্ধমূর্ত্তিবিশিষ্ট মাটীর ছাঁচ		৩০৩
	১৫।	,,	,,	৩০৪
	১৬।	,,	,,	৩০৫

প্রদাতা	প্রদর্শিত দ্রব্য	ক্রমিক সংখ্যা
শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত—	১৭। রাজাবাড়ীর মঠের ব্রোমাইড চিত্র	
শ্রীযুক্ত সতীশচন্দ্র সিংহ—	১৮। ছাংনার খোদিত লিপিযুক্ত ইষ্টক	২৯৯
	১৯। চৈতন্যদেবের (সপার্ষদ) ছবির ব্রোমাইড	
শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায়	২০। দিল্লীর প্রাচীন লেখ-চিত্রের আলোকচিত্র	
	২১। ঐ	
	২২। ঐ	
	২৩। ঐ	
	২৪। ঐ	
শ্রীযুক্ত জগন্নাথপ্রসাদ বি এল—	২৫। প্রস্তরমূর্ত্তি—তারামূর্ত্তি	২৬৯
	২৬। „ বুদ্ধমূর্ত্তি	২৭০
	২৭। „ ভূমিস্পর্শমুদ্রাঙ্কিত ঐ	২৭১
	২৮। „ মূর্ত্তির নিম্নাংশ	২৭২
		২৭৩
	৩০। „ „ „	২৭৪
	৩১। „ „ উর্দ্ধদেশ	২৭৫
	৩২। „ ভূমিস্পর্শমুদ্রাঙ্কিত বুদ্ধমূর্ত্তির নিম্নাংশ	২৭৬
শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত—	৩৩। নক্সাযুক্ত সাতগাঁয়ের ইষ্টক	২৮৯
	৩৪। „ „ „	২৯০
	৩৫। „ „ „	২৯১
	৩৬। „ „ „	২৯২
শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত—	৩৭। প্রস্তরমূর্ত্তির ভগ্নাংশ	২৮৬
	৩৮। নক্সাযুক্ত ইষ্টক	২৮৭
	৩৯। „ „	২৮৮
শ্রীযুক্ত কালীদয়াল ভট্টাচার্য্য—	৪০। নক্সাযুক্ত ইষ্টক	২৫৯
শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু শ্রীযুক্ত হরিদাস পালিত এবং শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়	৪১। জৈনমূর্ত্তি	২৭৭
	মুদ্রা	
শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী—	৪২। চীনদেশীয় ক্যাশ মুদ্রা তাম্র	২৬০
	৪৩। „ পিত্তল	২৬১
	৪৪। পৃথ্বিবীর বিক্রম সাহ তাম্র	২৬২
	৪৫। পশুপতিনাথের পয়সা „	২৬৩

প্রদাতা		প্রদর্শিত দ্রব্য	ক্রমিক সংখ্যা
শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়—	৪৬ ।	লক্ষ্মীসিংহ (আসাম) তাম্র	২৬৪
	৪৭ ।	রাজেন্দ্রবিক্রম সিংহ (নেপাল) রৌপ্য	২৬৫
	৪৮ ।	প্রমত্ত সিংহ (আসাম) "	২৬৬
	৪৯ ।	গৌরীনাথ সিংহ (নেপাল) "	২৬৭
	৫০ ।	রাজেন্দ্র সিংহ " "	২৬৮

১ম মাসিক অধিবেশন

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়—	১ ।	মুদ্রা রৌপ্য (পারস্যদেশীয় পারদরাজবংশের আরসেকাস্‌এর মুদ্রা)
	২ ।	" " তিব্বতদেশীয় বর্ত্তমান কালের মুদ্রা

৩য় মাসিক অধিবেশন

শ্রীযুক্ত মণিমোহন সেন—	৩ ।	মুদ্রা (স্বর্ণ) কুমারগুপ্ত ২য়
শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র—	৪ ।	মুদ্রা (রৌপ্য) দনুজমর্দ্দন দেব

৪র্থ মাসিক অধিবেশন

শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক—	৫ ।	মুদ্রা (তাম্র) বিভিন্ন সময়ের ও বিভিন্ন রাজার কতকগুলি মুদ্রা
শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর—	৬ ।	মুদ্রা (স্বর্ণ) শ্রীপ্রতাপকৃষ্ণ দেব রায় (বিজয়নগর)
	৭ ।	" (স্বর্ণ) ত্রিস্বামী পাগোডা (দাক্ষিণাত্য)
	৮ ।	" (রৌপ্য) এবুক্রতিদ Eukratides (Scythian imitation)
	৯ ।	" " আপলদত Apollodotus
	১০ ।	" পুলমাবি Pulumavi
	১১ ।	" মেনন্দার Menander
	১২ ।	(রৌপ্য) অয় Azes I
	১৩ ।	(তাম্র) অযোধ্যার সুপ্রাচীন মুদ্রা
	১৪ ।	" এবুক্রতিদ
	১৫ ।	" তক্ষশিলা নগর (City of Texila)
	১৬ ।	অয় ১ম
	১৭ ।	" মণি (Manes Indo-parthian)
	১৮ ।	" অন্তিঅ্যালকিদস্‌ (Antialcidus)
	১৯ ।	" ইউথিডিমস্‌
	২০ ।	" মেনন্দর (Menander)
	২১ ।	" তক্ষশিলা ২ খানি

শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর— ২২। মুদ্রা (তাম্র) নরবারের নাগমুদ্রা

২৩। " " অয় ২য় (Azes II)

২৪। " " ময়ূরাঙ্কিত মুদ্রা (অনিশ্চিত)

২৫। " " গণপতি নাগ ?

২৬। " " দেবনাগ

৬ষ্ঠ মাসিক অধিবেশন

শ্রীযুক্ত গুরুদাস সরকার এম্ এ— ২৭। মিনা-করা ইষ্টক

৭ম মাসিক অধিবেশন

মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী— ২৮। প্রাচীন তিব্বতীয় চিত্র

২৯। " " "

৩০। " " "

৩১। " " "

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়—৩২। মুদ্রা (তাম্র) সিরিগজপতি মহারাজ

৩৩। মৃণ্ময় শীল মোহর, খৃষ্টীয় ৯ম শতাব্দী

শ্রীযুক্ত বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায়— ৩৪। গড় গজানীর ইষ্টক

শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়— ৩৫। জৈনমূর্ত্তি (প্রস্তরমূর্ত্তি)

৮ম মাসিক অধিবেশন

মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী— ৩৬। প্রস্তরমূর্ত্তি (গান্ধার)

৩৭,৭০। ঐ ঐ

১০ম মাসিক অধিবেশন

শ্রীযুক্ত শশিভূষণ সার্ব্বভৌম
এবং শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী } ৭১। খোদিত প্রস্তর-ফলক, শকাব্দ ১৫৮০)

বিশেষ অধিবেশন

গত বৎসর দুইটি বিশেষ অধিবেশন হইয়াছিল, নিম্নে তাহার সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল

প্রথম বিশেষ অধিবেশন—৫ই পৌষ

রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের পরলোকগমনে শোকপ্রকাশার্থ এই বিশেষ অধিবেশন হয়। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় এই অধিবেশনে সভাপতির আসন সমলঙ্কৃত করেন। সভাপতি মহাশয়, শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, রায় শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর, কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী, মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন, শ্রীযুক্ত অমৃতলাল বসু, মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বিহারীলাল

সরকার, শ্রীযুক্ত ভবানীপ্রসন্ন লাহিড়ী এবং শ্রীযুক্ত যামিনীরঞ্জন সেন গুপ্ত স্বর্গীয় রাজা বাহাদুরের জীবন-চরিত, সাহিত্য-পরিষদের সহিত তাঁহার সম্বন্ধ এবং বঙ্গভাষা ও বঙ্গসাহিত্যের উপকারার্থ তিনি যে সমস্ত কার্য্য করিয়াছেন, তাহার আলোচনা করেন ও শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয় রাজা বাহাদুরের জীবনী আলোচনা করিয়া একটি প্রবন্ধ পাঠ করেন। রাজা বাহাদুরের স্মৃতিচিহ্ন যাহাতে পরিষদে উপযুক্তভাবে রক্ষিত হয়, সেই জন্য একটি সমিতি গঠিত হইয়াছে।

দ্বিতীয় বিশেষ অধিবেশন—৭ই পৌষ

পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি এবং পণ্ডিত সখারাম গণেশ দেউস্কর মহাশয়দ্বয়ের পরলোক-গমনে পরিষদের এই বিশেষ-সভার অধিবেশন হইয়াছিল। শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বসু বি এ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বিহারীলাল সরকার, শ্রীযুক্ত জলধর সেন, শ্রীযুক্ত মুণীন্দ্রনাথ ঘোষ ও সভাপতি মহাশয় স্বর্গীয় মহাত্মদ্বয়ের গুণগাথা কীর্ত্তন করেন এবং শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়-লিখিত ৺পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধির একটি জীবনী ও শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয় ৺সখারাম গণেশ দেউস্কর মহাশয়ের একটি জীবনী পাঠ করেন। যাহাতে পরলোকগত বিদ্যানিধি ও দেউস্কর মহাশয়ের স্মৃতি পরিষদে যথোপযুক্তভাবে রক্ষিত হয়, সে বিষয়ের ভার কার্য্যনির্ব্বাহক-সমিতির উপর অর্পিত হইয়াছে।

কার্য্যনির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন ;—

কর্ম্মাধ্যক্ষগণ

সভাপতি————শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্
সহকারী সভাপতি—মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই
মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী এম্ এ, এল্ এল্ বি
কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ
সম্পাদক-————শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল
সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ, এফ্ জি, এস্
শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ
শ্রীযুক্ত কবিরাজ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী

পত্রিকাধ্যক্ষ—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পিএচ্ ডি
কোষাধ্যক্ষ—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্
ছাত্রাধ্যক্ষ—শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ
গ্রন্থাধ্যক্ষ—শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় বি এ
চিত্রশালাধ্যক্ষ—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

নির্ব্বাচিত সভ্যগণ

শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ
„ অম্বিকাচরণ মজুমদার এম্ এ, বি এল্
„ অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
„ চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ
„ উপেন্দ্রনাথ ঘোষাল এম্ এ
„ বনওয়ারিলাল চৌধুরী বি এ বি এস্‌সি (লণ্ডন)
হেমচন্দ্র সেনগুপ্ত এম্ এ
সারদাপ্রসাদ সেন বি এ

শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় বিদ্যারত্ন এম্ এ
„ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, এম্ এস্‌সি আই (লণ্ডন)
শৈলেশচন্দ্র মজুমদার
উমাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ,
হেমেন্দ্রনাথ সিংহ বি এ
চারুচন্দ্র বসু এম্ আর্ এ এস্
খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ
চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় বি এ

শাখা-পরিষদের নির্ব্বাচিত সদস্য

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
„ বনমালী চক্রবর্ত্তী বেদান্ততীর্থ, বেদান্তরত্ন, এম্ এ

শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত
„ বোধিসত্ত্ব সেন এম্ এ, বি এল্

এতদ্ব্যতীত স্বর্গীয় গৌরীশঙ্কর দে ও শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল মহাশয়দ্বয় আয়-ব্যয়-পরীক্ষক নিযুক্ত হইয়াছিলেন। আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৬টি অধিবেশন হয়। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে সভ্যগণের উপস্থিতির সংখ্যা গড়ে ১৩।১৪ জন। গত বৎসরের অনুপাতে যদিও এই সংখ্যাতে বিশেষ দুঃখ করিবার কিছু নাই, তথাপি পরিষৎ আশা করেন যে, আগামী বৎসর কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যগণ পরিষদের কার্য্যে অধিকতর মনোযোগী হইয়া পরিষৎকে উৎসাহিত করিবেন। প্রতি বৎসরের ন্যায় এ বৎসরেও কার্য্যনির্ব্বাহক-সমিতিতে নানাবিধ কার্য্য বিবেচনার্থ উপস্থিত হইয়াছিল। এই সমস্ত কার্য্যমধ্যে শাখা-পরিষৎ সম্বন্ধে আলোচনা, গ্রন্থ-প্রকাশ-সমিতির নিয়মাবলী গঠন, ঢাকাতে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ে মুসলমানী বাঙ্গালা ভাষা প্রবর্ত্তন সম্বন্ধে গবর্মেণ্টের নিকট প্রতিবাদ-জ্ঞাপক পত্র প্রেরণ ও পুস্তকালয়-সমিতি গঠন উল্লেখযোগ্য। বর্ষশেষে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, আগামী বর্ষ হইতে প্রতি মাসিক অধিবেশনে পরিষদের নানা বিভাগের কার্য্যবিবরণী বিজ্ঞাপিত হইবে ও ঐ সমস্ত সংবাদ কার্য্যবিবরণীর সঙ্গে মুদ্রিত হইবে। এই সমস্ত কার্য্য ব্যতীত পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের সমস্ত কার্য্যই মুখ্যতঃ পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যগণ কর্ত্তৃক নির্ব্বাহিত হইয়াছিল।

কার্য্যালয়

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় শারীরিক অসুস্থতানিবন্ধন পরিষৎ-সম্পাদকের গুরুভার-বহনে অসমর্থ হইয়া উহা পরিত্যাগ করায় সম্পাদকের দায়িত্ব আমার দুর্ব্বল স্কন্ধে পড়িয়াছে। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় গত কয়েক বৎসর ধরিয়া পরিষদের সম্পাদকরূপে যে প্রকার অক্লান্ত পরিশ্রম ও অসাধারণ অধ্যবসায়-সহকারে পরিষদের নানা কার্য্যের নানা সৌষ্ঠব আনয়ন করিয়াছেন, সে কথা সর্ব্বজনবিদিত। সুতরাং তাহার উল্লেখ এখানে নিষ্প্রয়োজন। সম্প্রতি তিনি শারীরিক অসুস্থতা-নিবন্ধন কিছু দিনের জন্য পরিষদের কার্য্য হইতে অবকাশ লইয়াছেন। তাহাতে পরিষদের যে কি প্রকার গুরুতর ক্ষতি হইয়াছে, তাহা লিখিয়া জানাইবার সাধ্য আমাদের নাই। তাঁহার ন্যায় নানাবিদ্যা-বিশারদ এবং অসাধারণ ধীশক্তিসম্পন্ন ব্যক্তির হস্তে পরিষদের কার্য্যভার ন্যস্ত থাকা সর্ব্ব-প্রকারেই সুসঙ্গত। পরিষদের প্রতি একনিষ্ঠ অনুরাগ তাঁহা অপেক্ষা অন্য কাহারও দেখা যায় না। শ্রীভগবানের নিকট আমরা কায়মনোবাক্যে প্রার্থনা করিতেছি, যেন তিনি সত্বর সুস্থ হইতে পারেন। তিনি সুস্থ হইয়া পুনরায় পরিষদের কার্য্যভার গ্রহণ করতঃ আমাদিগকে উৎসাহিত করিবেন এবং পরিষদের গৌরব দিন দিন বৃদ্ধি করিবেন, এই বলবতী আশা আমরা সর্ব্বদা অন্তঃকরণে পোষণ করিতেছি।

শ্রীযুক্ত তারাপ্রসন্ন গুপ্ত বিএ এবং শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয়দ্বয়ের স্থলে শ্রীযুক্ত কবিরাজ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী এবং শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ মহাশয় সহকারী সম্পাদক নিযুক্ত হন। তারাপ্রসন্ন বাবু এবং বিনয় বাবু যেরূপ যত্ন ও উৎসাহের সহিত তাঁহাদের উপর অর্পিত কার্য্যগুলি সম্পাদন করিয়াছিলেন, তজ্জন্য পরিষৎ তাঁহাদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। সহকারী সম্পাদকগণের মধ্যে স্বীয় শারীরিক অসুস্থতানিবন্ধন শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় আলোচ্য বর্ষে বিশেষ কোন কার্য্য করিতে পারেন নাই, তথাপি তিনি স্বাস্থ্যলাভের জন্য বাঁকুড়ায় অবস্থানকালে পরিষদের চিত্রশালা ও পুস্তকালয়ের জন্য নানা উপকরণ সংগ্রহ করিয়াছেন। ব্যোমকেশ বাবু পরিষদের জন্য যে অক্লান্ত পরিশ্রম করিয়াছেন, তাহা কাহারও অবিদিত নাই। অত্যন্ত সুখের বিষয় যে, ব্যোমকেশ বাবুর শরীর এখন সম্পূর্ণ সুস্থ হইয়াছে এবং পরিষৎ আশা করেন যে, আগামী বৎসর হইতে পুনরায় তিনি স্বীয় স্বভাবানুযায়ী অদম্য উৎসাহ ও অকৃত্রিম অনুরাগের সহিত পরিষদের কার্য্যে যোগদান করিবেন।

অন্যান্য সহকারী সম্পাদকগণের মধ্যে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের উপর কিছুদিন কার্য্যালয়ের যাবতীয় ভার ন্যস্ত ছিল। এতদ্ব্যতীত পরিষদের সংগৃহীত হস্তলিখিত পুথিগুলির তত্ত্বাবধানের ভার তাঁহার উপর অর্পিত ছিল এবং তাঁহার পরামর্শানুসারে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয় সংক্ষিপ্ত বিবরণসহ পুথির তালিকা প্রস্তুত করিতেছেন। পরিষদে এ যাবৎ ন্যূনাধিক ১১৯৬ খানি পুথি সংগৃহীত হইয়াছে এবং তাহাদের তালিকা (বিবরণসহ) বোধ হয় ২।৩ বৎসরমধ্যেই সম্পূর্ণ হইবে। এ পর্য্যন্ত ৯০০ পুথির বিবরণসহ তালিকা প্রস্তুত হইয়াছে ও ২৬৮ খানি পুথি তালিকাভুক্ত হওয়ার উপযুক্ত হইয়াছে। শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের উপর সাহিত্য-পরিষৎ-পত্রিকার এবং পরিষদের গ্রন্থাবলীভুক্ত পুস্তকগুলির

মুদ্রণকার্য্যের তত্ত্বাবধানের ভার ন্যস্ত ছিল। অন্যান্য নানাকার্য্যে ব্যাপৃত থাকিয়াও খগেন্দ্র বাবু অত্যন্ত উৎসাহ ও পরিশ্রমের সহিত পরিষদের এই সমস্ত কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ হইয়াছেন এবং এইজন্য সম্পাদক তাঁহার নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়ের উপর পরিষদের আয়-ব্যয় ও হিসাবাদি পরিদর্শনের ভার ন্যস্ত ছিল। শ্রীযুক্ত শাস্ত্রী মহাশয় বিশেষ পরিশ্রম ও উৎসাহের সহিত পরিষদের আয়-ব্যয়সম্পর্কীয় কার্য্য সম্পন্ন করিয়াছেন এবং পরিষদের হিসাব-রক্ষার প্রণালী প্রভৃতি বিশেষভাবে শৃঙ্খলাবদ্ধ করিয়াছেন। তিনি পরিষদের আয়-ব্যয় সম্বন্ধে যে প্রকার তীক্ষ্ণদৃষ্টির সহিত কাজ-কর্ম্ম করিতেছেন, তাহাতে তিনি পরিষদের প্রত্যেক সভ্যের নিকট কৃতজ্ঞতার্হ।

পূর্ব্ববৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয়ের উপর চিঠিপত্রের আদান-প্রদান, সভাসমিতির আহ্বান, কার্য্যালয়-সংক্রান্ত সমস্ত কার্য্য এবং সাহিত্যসম্মিলন-সম্বন্ধীয় অন্যান্য যাবতীয় কার্য্যের ভার অর্পিত ছিল এবং পূজার সময় কিছুদিনের জন্য সম্পাদকের অনুপস্থিতিহেতু তাঁহাকে সম্পাদকের সমস্ত কার্য্য করিতে হইয়াছিল। বলিতে কি, তাঁহার ন্যায় সর্ব্বপ্রকারে উপযুক্ত এবং পরিষদের প্রতি একান্ত অনুরাগী ও পরিষদের কার্য্যে অক্লান্ত পরিশ্রমশীল মহোদয় না থাকিলে আমার দ্বারা পরিষদের সম্পাদকের গুরুভার-বহন অসাধ্য হইত। সুতরাং আমি যে তাঁহার নিকট ব্যক্তিগতভাবে কৃতজ্ঞ, তাহাতে সন্দেহ নাই। পরিষদের কার্য্যক্ষেত্র ক্রমশঃ এত বিস্তৃত হইতেছে যে, সহকারী সম্পাদকগণের সমবেত যত্ন ও পরিশ্রম ব্যতীত এই সমস্ত কার্য্য নির্ব্বাহ হওয়া সম্ভবপর হইত না। এই হেতু তাঁহারা সকলেই পরিষদের ও বিশেষভাবে সম্পাদকের ধন্যবাদের পাত্র।

গত বৎসর কার্য্যবিবরণীতে বলা হইয়াছিল যে, পরিষদের কার্য্যের পরিমাণ বৃদ্ধি হওয়াতে একজন নূতন লেখক অস্থায়িভাবে নিযুক্ত করা হইয়াছে। কিন্তু কার্য্যের পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি হওয়াতে বৎসরের প্রথম হইতেই সেই অস্থায়ী লেখককে স্থায়িভাবে নিযুক্ত করা হয়। পরিষদের অন্যতম লেখক শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্ত মহাশয় শারীরিক অসুস্থতা নিবন্ধন বৎসরের প্রারম্ভ হইতে কার্ত্তিক মাস পর্য্যন্ত বিনা বেতনে ছুটীতে ছিলেন এবং ছুটী শেষ হইলে তিনি কার্য্যে যোগদান করিয়াছেন। আলোচ্য বর্ষের প্রথমভাগ হইতে গত মাঘ মাস পর্য্যন্ত শ্রীযুক্ত মনোমোহন রায় মহাশয় পরিষদের গ্রন্থাগারের লেখকরূপে নিযুক্ত ছিলেন, কিন্তু তিনি কার্য্য পরিত্যাগ করায় গ্রন্থাগারের পুরাতন লেখক শ্রীযুক্ত নলিনীকান্ত চট্টোপাধ্যায় মহাশয় তাঁহার স্থানে নিযুক্ত হইয়াছেন। পরিষদের পত্রিকা ও গ্রন্থাবলী মুদ্রণ-বিভাগের কার্য্যে সহায়তা করিবার জন্য শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় নিযুক্ত ছিলেন। গত কার্য্য-বিবরণীতে এই বিভাগের কার্য্যবৃদ্ধির সম্বন্ধে আলোচনা করিয়া এই পদে একজন অনন্যকর্ম্মা সাহায্যকারীর প্রয়োজনীয়তা জ্ঞাপন করা হইয়াছিল এবং কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, আগামী বৎসর হইতে এই বিভাগে একজন অনন্যকর্ম্মা লোক নিযুক্ত হইবেন। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে সমস্ত কর্ম্মচারীই স্বীয় স্বীয় কার্য্য পরিশ্রম ও যত্নের সহিত সম্পন্ন করিয়াছেন।

পরিষৎ-মন্দির

পরিষৎ-মন্দিরের যে সমস্ত অভাবের কথা গত বৎসরের কার্য্য-বিবরণীতে লিখিত হইয়াছিল, অত্যন্ত দুঃখের বিষয় যে, বর্ত্তমান বৎসরে সেই সমস্ত অভাবের কোনটিই দূরীভূত হয় নাই। পরিষৎ আশা করেন যে, সহৃদয় সদস্যগণের অনুগ্রহে অবিলম্বে এই অভাব দূরীভূত হইবে। আলোচ্য বর্ষে কো-অপারেটিব উর্ব্বান ক্রেডিট সোসাইটি প্রভৃতি সমিতি পরিষৎ-মন্দির ব্যবহার করিয়াছিলেন ও আমেরিকার ডাক্তার হেণ্ডারসন সাহেবকে অভ্যর্থনা করিবার জন্য কতিপয় আমেরিকা-প্রত্যাগত ভদ্রলোক পরিষৎ-মন্দিরে একটি সান্ধ্য-সমিতির অনুষ্ঠান করিয়াছিলেন। আলোচ্য বর্ষে ৺বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের তৈলচিত্র পরিষৎ-মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে। ৺বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের সুযোগ্য পুত্র শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয়ের ব্যয়ে ঐ চিত্র প্রস্তুত হইয়াছে এবং সাহিত্য-পরিষৎ ধন্যবাদের সহিত মনোমোহন বাবুর দান গ্রহণ করিয়াছেন।

বিজ্ঞানালোচনা

পরিষদের নানা প্রকার কার্য্যে ব্যস্ত থাকা হেতু শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয় আলোচ্য বর্ষে "অতীত যুগের মানব" নামক আরব্ধ বিষয় সম্বন্ধে কোনও প্রবন্ধ পাঠ করিতে পারেন নাই। দেশের মধ্যে যাহাতে বৈজ্ঞানিক, দার্শনিক প্রভৃতি নানা বিষয়ক জ্ঞান সরল ভাষায় প্রচারিত হয়, তজ্জন্যই কোন বিষয় সম্বন্ধে ধারাবাহিকরূপে প্রবন্ধ-পাঠের নিয়ম প্রবর্ত্তিত হইয়াছে। সাহিত্য-পরিষদের সদস্য-শ্রেণীমধ্যে নানা শাস্ত্রে পারদর্শী সুধী ব্যক্তির অসদ্ভাব নাই। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, ইঁহাদের নিকট হইতে পরিষৎ দেশের মধ্যে সাধারণের বোধগম্য সাহিত্য-প্রচারের যথোপযুক্ত সাহায্য প্রাপ্ত হন নাই। এই উপলক্ষে সাহিত্য-পরিষৎ বিদ্বন্মণ্ডলীর নিকট এই কাতর প্রার্থনা সহ নিবেদন করিতেছেন যে, তাঁহারা অনুগ্রহপূর্ব্বক সাহিত্য-পরিষদের এই প্রস্তাবিত কার্য্যে যোগদান করিয়া জনসাধারণমধ্যে নানাবিষয়ক জ্ঞান-বিস্তারের সহায়তা করুন এবং বিজ্ঞান-সাহিত্যের পুষ্টির দ্বারা মাতৃভাষার অঙ্গসৌষ্ঠব বৃদ্ধি করুন।

গ্রন্থাগার ও পাঠাগার

গত কয়েক বৎসর হইল, শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয় গ্রন্থাগারের জন্য যেরূপ পরিশ্রম করিয়া আসিতেছেন, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। গ্রন্থাগারের পুস্তকের ও পুথির তালিকা এখনও মুদ্রিত হয় নাই। আলোচ্য বর্ষে পুস্তকালয়ে মুদ্রিত পুস্তকের বিষয়ানুসারিণী তালিকার কার্য্য প্রায় শেষ হইয়াছে। আশা ছিল, এই বর্ষশেষে পুস্তকালয়ের সংখ্যানুসারিণী, বর্ণানুসারিণী ও গ্রন্থকারানুসারিণী তালিকার সহিত এই বিষয়ানুসারিণী তালিকা একত্র করিয়া কার্য্যনির্ব্বাহক-সমিতি ছাপিয়া প্রকাশ করিতে পারিবেন। কিন্তু রমেশ-ভবনের প্রদর্শনীর জন্য পুস্তকালয়ের কার্য্য স্থানাভাবে অনেকটা বিশৃঙ্খল হইয়া যাওয়ায় তাহা কার্য্যেতে ঘটিয়া উঠে নাই। আশা করা যায়, এ বৎসরে (১৩২০ বঙ্গাব্দে) কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই অভাব পূর্ণ করিতে পারিবেন। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে কলিকাতা-মিউনিসিপালিটি পরিষৎ-গ্রন্থাগারের জন্য ৩০০৲ টাকা সাহায্য করিয়াছেন। এই

সাহায্যের জন্য মিউনিসিপালিটির নিকট পরিষৎ আন্তরিক কৃতজ্ঞ। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও পরিষদের সদস্য ও বন্ধুগণ অনেক পুস্তক ও প্রাচীন পুথি গ্রন্থাগারে উপহার দিয়াছেন। ঐ উপহারদাতৃগণের মধ্যে শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ দাস এম্ এ, বি এল্ মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আলোচ্য বর্ষে বঙ্গদেশীয় ও ভারতবর্ষীয় গবর্মেণ্টের নিকট অনেক পুস্তক উপহারস্বরূপ পরিষদের গ্রন্থাগারে পাওয়া গিয়াছে। সাহিত্য-পরিষদের পুস্তকালয়ে যাহাতে বঙ্গভাষায় মুদ্রিত প্রত্যেক গ্রন্থের এক এক খণ্ড করিয়া রক্ষিত হয়, তজ্জন্য গত কয়েক বৎসর হইতে চেষ্টা করা হইতেছে; কিন্তু তাহাতে আশানুরূপ ফল পাওয়া যাইতেছে না। যাহাতে পরিষদে বাঙ্গালা ভাষায় মুদ্রিত সমস্ত পুস্তকের এক এক খণ্ড করিয়া প্রেরিত হয়, তজ্জন্য পরিষৎ প্রত্যেক গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশকের নিকট সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছেন। আলোচ্য বৎসরে চট্টগ্রামে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের যে অধিবেশন হইয়াছিল, তাহাতে সর্ব্ববাদিসম্মতিক্রমে এই উদ্দেশ্যানুযায়ী নিম্নলিখিত সঙ্কল্পটি গৃহীত হইয়াছিল :—

"বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন প্রত্যেক গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশককে স্বপ্রণীত ও প্রকাশিত গ্রন্থের এক এক খণ্ড সাহিত্য-পরিষদের পুস্তকালয়ে উপহার দিবার জন্য অনুরোধ করিতেছেন।"

এই সঙ্কল্পের প্রতিলিপি অনেক গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশকের নিকট প্রেরিত হইয়াছে। পরিষৎ আশা করেন যে, বঙ্গদেশের যাবতীয় গ্রন্থকার ও গ্রন্থপ্রকাশক পরিষৎকে নিজ নিজ রচিত ও প্রকাশিত গ্রন্থ উপহার দিয়া পরিষদের গ্রন্থাগারের সম্পদ্ বৃদ্ধি করিবেন। আলোচ্য বৎসরে মোট ৫৪০ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে ৪০৯ খানি পুস্তক উপহার পাওয়া গিয়াছিল এবং ১৩১ খানি ক্রীত পুস্তকের মধ্যে ৩৬ খানি দুষ্প্রাপ্য গ্রন্থ ক্রয় করা হইয়াছিল। পরিষদের পাঠাগারে যে সমস্ত সাময়িক পত্রের সম্পাদকগণ পরিষৎ-পত্রিকার বিনিময়ে তাঁহাদের সাময়িক পত্র প্রেরণ করিতেছেন, এই উপলক্ষে তাঁহাদিগকে ধন্যবাদ জানাইতেছি। আলোচ্য বর্ষে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের পাঠাগার সাধারণের জন্য উন্মুক্ত ছিল। ইহাতে সাময়িক পত্রের মধ্যে ১০৮ খানি মাসিক পত্রিকা, ১ খানি ত্রৈমাসিক, ২ খানি পাক্ষিক, ৬০ খানি সাপ্তাহিক ও ৫ খানি দৈনিক পত্র এই পাঠাগারে আসিয়া থাকে। সহকারী সম্পাদক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তত্ত্বাবধানে এবং শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয়ের যত্নে পরিষদের পুথির তালিকা সঙ্কলিত হইতেছে। আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের অনেক সদস্য ও হিতৈষী পরিষদের গ্রন্থাগারে অনেক প্রাচীন পুথি উপহার দিয়াছেন। তন্মধ্যে বিজ্ঞানাচার্য্য ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়, ভাগলপুর-শাখা-পরিষৎ-সম্পাদক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এবং বরিশালের শ্রীযুক্ত কিরণচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়গণের নাম বিশেষভাবে উল্লেখ-যোগ্য। আলোচ্য বর্ষে যে সমস্ত পুথি পরিষদে উপহার পাওয়া গিয়াছে, তন্মধ্যে নিম্নলিখিত পুথি কয়েকখানি বিশেষ উল্লেখযোগ্য ;—

(১) অদ্ভুত রামায়ণ—কৈলাসচন্দ্র বসু-প্রণীত। এই গ্রন্থকারের নাম নূতন।

(২) অনুশোচিক পর্ব্ব—(মহাভারত) কাশীরাম দাস-রচিত। এই পর্ব্ব প্রচলিত ১৮শ পর্ব্বের অতিরিক্ত। কুরুক্ষেত্রযুদ্ধে স্বজনগণের নিধনে যুধিষ্ঠিরের শোক এবং ব্যাস কর্ত্তৃক হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপুর বৃত্তান্ত বর্ণনা এই পুথির প্রতিপাদ্য বিষয়।

(৩) দণ্ডী পর্ব্ব—কাশীরাম দাস-বিরচিত। এই গ্রন্থের প্রতিপাদ্য বিষয় সকলেরই বিদিত। এ পর্য্যন্ত বাঙ্গালা-সাহিত্যের ইতিহাসে নিম্নলিখিত তিনজন দণ্ডীপর্ব্ব-রচয়িতার নাম পাওয়া গিয়াছে ;—

ক। রাজারাম দত্ত খ। কবি মহীন্দ্র ও গ। কবি উমাকান্ত। এই গ্রন্থকর্ত্তার নাম নূতন এবং পশ্চিমরাঢ়ে এই দণ্ডীপর্ব্বের বহুল প্রচার ছিল।

৪। কৃষ্ণ-চরিত—দ্বিজ হরিদাসকৃত। এই গ্রন্থকার নূতন।

৫। মহাভাগবত পুরাণ—কৈলাসচন্দ্র বসু-রচিত। এই গ্রন্থকার নূতন।

৬। চণ্ডিকামঙ্গল—হরিনারায়ণ দাস-প্রণীত। এই গ্রন্থকারও নূতন।

৭। দুর্গামঙ্গল—দ্বিজ কেবলরাম-প্রণীত। এই গ্রন্থকারও নূতন।

৮। নিয়ত-মঙ্গল চণ্ডী—বাণীরাম ঠাকুর-রচিত। এই গ্রন্থকারও নূতন।

৯। একাদশীর পাঁচালী—সাগর বসুর কৃত। এই গ্রন্থকার নূতন।

১০। জগন্নাথ-মাহাত্ম্য—সুবুদ্ধি দাসকৃত। এই গ্রন্থকারও নূতন।

১১। জগন্নাথ-মঙ্গল—দ্বিজ মধুকণ্ঠকৃত। এই গ্রন্থকার নূতন।

১২। বত্রিশ-পুত্রিকা—রঙ্গাই ব্রাহ্মণকৃত। এই গ্রন্থকার নূতন।

১৩। উদ্যোগ পর্ব্ব—বাজীর সেন প্রণীত। বাঙ্গালাসাহিত্যের ইতিহাসে এই গ্রন্থকারের রচিত মহাভারতের উল্লেখ এই প্রথম।

১৪। যম-সংবাদ—এই পুথিখানি নূতন। ইহা কৃষ্ণজীবন দাস প্রণীত। সংসারের অনিত্যতা প্রদর্শন, কলিযুগে পাপপুণ্যজনিত দণ্ড-পুরস্কারের আলোচনা প্রভৃতি এই গ্রন্থের আলোচ্য বিষয়।

বিদ্যাসাগর লাইব্রেরী

লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের নির্দ্দেশমতে বিদ্যাসাগর লাইব্রেরী আলোচ্য বর্ষেও পরিষৎ-মন্দিরে রক্ষিত ছিল।

চিত্রশালা

পরিষদের নূতন নিয়মানুসারে চিত্রশালাধ্যক্ষ নামক এক নূতন অবৈতনিক কার্য্যাধ্যক্ষের পদ সৃষ্টি হইয়াছে এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় আলোচ্য বর্ষে পরিষদের চিত্রশালাধ্যক্ষ নিযুক্ত হইয়াছেন। আলোচ্য বর্ষে রাখাল বাবুর সাহায্যে ও নগেন্দ্র বাবুর অধ্যক্ষতায় চিত্রশালার কার্য্যাদি সুপরিচালিত হইয়াছে। আলোচ্য বর্ষে চিত্রশালায় ৩৭টি প্রস্তরমূর্ত্তি, কতকগুলি মিনা-করা ইষ্টক, চারিখানি সুপ্রাচীন তিব্বতীয় চিত্র ও ৩৮টি মুদ্রা সংগৃহীত হইয়াছে। পরিষদের যে সমস্ত হিতৈষী এই সকল মুদ্রা, মূর্ত্তি প্রভৃতির দান দ্বারা চিত্রশালার সম্পদ্‌বৃদ্ধি করিয়াছেন, তাঁহাদের নিকট পরিষৎ বিশেষ ভাবে কৃতজ্ঞ। এই সমস্ত দাতার মধ্যে মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর, শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়গণের নাম বিশেষভাবে

উল্লেখযোগ্য। শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয় কর্ত্তৃক সংগৃহীত চন্দ্রদ্বীপপতি দনুজমর্দ্দন দেবের মুদ্রা ঐতিহাসিক হিসাবে বিশেষ ভাবে উল্লেখযোগ্য।)

গ্রন্থপ্রকাশ

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় গ্রন্থপ্রকাশ-সমিতির সম্পাদক ছিলেন এবং নিম্নলিখিত ৫ পাঁচখানি গ্রন্থ পরিষৎ-গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে।—

১। **ব্রতকথা**—শ্রীমতী কিরণবালা দাসী-সঙ্কলিত। এই পুস্তকে রাঢ়দেশে পারিবারিক ধর্ম্ম-কর্ম্ম উপলক্ষে অনুষ্ঠিত ব্রতগুলি সম্বন্ধে যে সকল কথা প্রচলিত আছে, তাহাই সঙ্কলিত হইয়াছে। এই গ্রন্থে ব্রতকথাগুলির ভাষায় প্রাদেশিকতা যথাসম্ভব রক্ষিত হইয়াছে। মহিলাকর্ত্তৃক প্রণীত কোন গ্রন্থই ইতিপূর্ব্বে পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হয় নাই। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় এই গ্রন্থের একটি ভূমিকা লিখিয়াছেন এবং পরিষদের হিতৈষী সদস্য শ্রীযুক্ত পূর্ণানন্দ ঘোষ রায় মহাশয় এই গ্রন্থ মুদ্রণের সমস্ত ব্যয়ভার বহন করিয়াছেন। পরিষৎ এজন্য পূর্ণবাবুর নিকট কৃতজ্ঞ।

২। **রাসায়নিক পরিভাষা**—বিজ্ঞানাচার্য্য ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়-সম্পাদিত। এই পুস্তকে কিঞ্চিদধিক ৩০ খানি সংস্কৃত গ্রন্থ হইতে রসায়নশাস্ত্র-সম্বন্ধীয় পারিভাষিক শব্দ সঙ্কলিত হইয়াছে।

৩। **শ্রীমদ্রামানুজাচার্য্যের শ্রীভাষ্য (২য় খণ্ড)**—এই ভাষ্যের ১ম খণ্ড গত বৎসর প্রকাশিত হইয়াছে। দ্বিতীয় খণ্ডও প্রথম খণ্ডের ন্যায় শ্রীযুক্ত পণ্ডিত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ মহাশয় কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত হইয়া বাহির হইয়াছে এবং পরিষদের পরমহিতৈষী রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের ব্যয়ে ইহা মুদ্রিত হইয়াছে। প্রথম খণ্ড যে প্রকারে সম্পাদিত হইয়াছিল, দ্বিতীয় খণ্ডও সেই ভাবে সম্পাদিত হইয়াছে। প্রথম খণ্ডে প্রকাশিত প্রথম অধ্যায়ের প্রথম পাদের ৪টি সূত্র ব্যতীত এই খণ্ডে প্রথম অধ্যায়ের অবশিষ্ট সমস্ত অর্থাৎ ৪র্থ পাদ পর্য্যন্ত সমস্ত সূত্র ও ভাষ্যের বঙ্গানুবাদ সন্নিবিষ্ট হইয়াছে।

৪। **শব্দকোষ**—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয়-লিখিত—যে বাঙ্গালা শব্দকোষ প্রকাশের ভার পরিষৎ গ্রহণ করিয়াছেন, বর্ত্তমান বর্ষে তাহার একখণ্ড শেষ হইয়াছে এবং এই খণ্ডে ক-বর্গ শেষ হইয়া চ-বর্গ আরম্ভ হইয়াছে।

৫। **কল্কিপুরাণ**—স্বর্গীয় রামলোচন দাস কর্ত্তৃক এই অনুবাদ রচিত হইয়াছিল। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় এই পুস্তক প্রকাশিত হইয়াছে এবং পরিষদের পরমহিতৈষী সদস্য মহারাজ শ্রীযুক্ত গিরিজানাথ রায় বাহাদুর এই পুস্তক-মুদ্রণের সমুদয় ব্যয়ভার বহন করিয়া পরিষৎকে অশেষ কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন।

গ্রন্থপ্রকাশ প্রসঙ্গে কয়েকটি অতি সুসংবাদ পরিষদের সদস্য ও হিতৈষিগণকে জ্ঞাপন করা

যাইতেছে। পরিষদের শুভানুধ্যায়ী ব্যক্তিমাত্রই শুনিয়া সন্তুষ্ট হইবেন যে, স্থানীয় রাজ-সরকার বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্যে সন্তোষ প্রকাশ করিয়া এবং পরিষৎকে কার্য্যে আরও উৎসাহিত করিবার জন্য গ্রন্থপ্রকাশ তহবিলে বাৎসরিক ১২০০৲ বার শত টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন। কিন্তু এই সাহায্য গ্রহণ করিতে হইলে পরিষৎকেও গ্রন্থপ্রকাশের জন্য নিজ তহবিল হইতে বাৎসরিক ২৪০০৲ চব্বিশ শত টাকা ব্যয় করিতে হইবে। এই সাহায্যদানের জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ বঙ্গের শাসনকর্ত্তা সদাশয় মহামতি লর্ড কারমাইকেলকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন এবং যে সকল বন্ধুর চেষ্টায় গবর্ণমেণ্টের এই দান আমাদের হস্তগত হইয়াছে, তাঁহাদিগকে পরিষৎ আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন। বাঙ্গালার রাজসরকার যে সর্ত্তে এই বাৎসরিক ১২০০৲ বার শত টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন, দেশীয় ধনী ব্যক্তিদিগের সাহায্য ব্যতিরেকে সেই সর্ত্তানুসারে কার্য্য করা পরিষদের পক্ষে বিশেষ কষ্টসাধ্য হইবে। সকলেই অবগত আছেন যে, সাহিত্য-পরিষদের পরমহিতৈষী বান্ধব লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর কয়েক বৎসর হইতে পরিষদের গ্রন্থপ্রকাশ তহবিলে বার্ষিক ৮০০৲ আট শত টাকা দান করিয়া আসিতেছেন। পরিষদের অত্যন্ত আনন্দের বিষয় এই যে, আগামী ৩ বৎসরের জন্য বিজ্ঞানসম্বন্ধীয় গ্রন্থপ্রকাশ তহবিলে বার্ষিক ১৫০৲ দেড় শত টাকা দান করিবার জন্য পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ বাহাদুর প্রতিশ্রুত হইয়াছেন। এতদ্ব্যতীত বরিশালের সুপ্রসিদ্ধ কবি জমিদার শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয় গ্রন্থপ্রকাশ তহবিলে বার্ষিক ২৫০৲ আড়াই শত টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন। বঙ্গদেশে ধনী লোকের অভাব নাই এবং পরিষদের পক্ষে গৌরবের বিষয় যে, ইহাঁদের অনেকেই পরিষদের সদস্যশ্রেণীভুক্ত। আশা করি, তাঁহারা সকলে একত্র হইয়া সদাশয় গবর্মেণ্টের সাহায্যপ্রাপ্ত এই কার্য্যে যথোচিত সহানুভূতি প্রদর্শন পূর্ব্বক মাতৃভাষার ও স্বদেশের গৌরববর্দ্ধনে যত্নবান্ হইবেন। পরিষৎকে স্বীয় কার্য্যে উৎসাহিত করিবার জন্য গবর্ণমেণ্ট ২০০ খণ্ড সাহিত্য-পরিষৎ-পত্রিকা গ্রহণ করিতে সম্মত হইয়াছেন এবং এতদ্ব্যতীত আরও জানাইয়াছেন যে, প্রয়োজন মত মাঝে মাঝে পরিষৎ-গ্রন্থাবলী ক্রয় করিয়া পরিষৎকে সাহায্য করিবেন। আলোচ্য বর্ষে গবর্ণমেণ্টের নিকট হইতে গ্রন্থপ্রকাশার্থ সাহায্য জন্য ১২০০৲ বার শত টাকা এবং দুই শত খণ্ড সাহিত্য-পরিষৎ-পত্রিকার মূল্য পাওয়া গিয়াছে। এই সম্বন্ধে গবর্মেণ্টের নিকট হইতে যে পত্র পাওয়া গিয়াছে, তাহার প্রতিলিপি পরপৃষ্ঠায় প্রদত্ত হইল।—

No. 2213 T. G.

From

J. H. Kerr, Esq., C. I. E., I. C. S.,

Secretary to the Government of Bengal,

To

The Honorary Secretary

Bangiya Sahitya Parishad, Calcutta.

General Department,
Miscellaneous Branch.

Darjeeling, the 19th October, 1912.

Sir,

I am directed to refer to your letter No. 976/19, dated the 26th June 1912, in which the following prayers have been made on behalf of the Bangiya Sahitya Parishad.

That the Government be pleased (1) to subscribe for a substantial number of copies of the quarterly Journal and Proceedings of the Parishad of which 4 ordinary quarterly issues and occasional extra-ordinary issues are published every year:

(2) to buy from time to time the Parishad's literary publications for distribution to school and college libraries:

(3) to allot an annual grant of Rs. 3,600/- in aid of the Society's publication fund;

(4) to supply the Government reports and scientific publications including the Calcutta Gazette, to the Parishad Library.

2. In consideration of the excellent work done by the Bangiya Sahitya Parishad in the department of Indian history and Bengali literature and of the educational value and the worth of its publications, the Governor in Council is pleased to direct that an annual grant of Rs. 1,200/- shall be given in aid of the Society's publication fund on condition that the Parishad spends at least double this amount under this head from its own resources.

3. Two hundred copies of the quarterly Journal of the Bangiya Sahitya Parishad will be purchased for distribution to schools and colleges and Inspecting Officers. The copies should be supplied direct to the Director of Public Instruction, Bengal, and the bill for Rs. 675/- at Rs. 3-6-0 per copy should be submitted to him for payment. Two copies of the Journal should be supplied for the Secretariat Library and your bill for the same should be submitted to this Department. As regards the purchase of the literary publications of the Parishad, a copy of the list appended to your

letter is being forwarded to the Director of Public Instruction for information and for such action as may seem to him proper.

4. As for the Government reports and scientifie publications I am to say that orders have been issued to the Officer-in-Charge Bengal Secretariat, Book Depot to supply the Parishad Library with a copy of each of the publications noted in the margin which are issued under the orders of the General Department of this Government. Copies of your letter under reply and of this letter will be forwarded to the other Departments of this Government for the issue of orders in respect of their publications.

1. Bengal Administration Report.
2. Education Report and Resolution thereon.
3. Registration Report and Resolution on Triennial Report.
4. Emigration (Colonialand Inland) Reports and Resolutions.
5. Report on Archaeological Survey, Eastern Circle.

I have the honour to be,
Sir,
Your most obedint servent,
Sd. J. H. Kerr
Secretary to the Government of Bengal.

গবর্মেণ্টের প্রতিশ্রুত, রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের প্রতিশ্রুত ও কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহের প্রতিশ্রুত সাহায্য ব্যতীত গ্রন্থপ্রকাশ-সমিতির কার্য্যের জন্য আরও সাহায্য পাওয়া গিয়াছে। গত বৎসর কার্য্যবিবরণীতে বলা হইয়াছিল যে, রবীন্দ্র-সম্বর্দ্ধনা-সমিতির নিকট ১৮৪০।৶১০ পরিষৎ প্রাপ্ত হইয়াছিলেন। আলোচ্য বর্ষে এই সমিতির নিকট হইতে পরিষৎ আরও ৩৫৫৲ টাকা প্রাপ্ত হইয়াছেন। স্থির হইয়াছে যে, এই সমস্ত টাকা গ্রন্থপ্রকাশ-তহবিলভুক্ত হইবে। গত বৎসর কার্য্যবিবরণীতে বলা হইয়াছিল যে, রবীন্দ্র-সম্বর্দ্ধনা চিরস্মরণীয় করার জন্য শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় পরিষদের হস্তে ৫০০০৲ পাঁচ সহস্র মুদ্রা দিতে প্রতিশ্রুত হইয়া ২০০০৲ দুই সহস্র মুদ্রা অর্পণ করিয়াছেন। কি ভাবে এই ৫০০০৲ টাকা ব্যয়িত হইবে, তাহা গত বৎসর স্থির হইয়াছিল না। কিন্তু আলোচ্য বর্ষে তাহা স্থির হইয়াছে এবং এই সমস্ত টাকাই গ্রন্থপ্রকাশের জন্য ব্যয় হইবে। যে যে সর্ত্তে বিনয়বাবু পরিষদের হস্তে টাকা অর্পণ করিতেছেন ও পরিষৎ তাহা গ্রহণ করিতেছেন, সেই সর্ত্ত পরিশিষ্টে প্রকাশিত হইল। এই সমস্ত দানের জন্য সাহিত্য-পরিষৎ ও বঙ্গসাহিত্যের হিতৈষী মাত্রই বিনয় বাবুর নিকট এবং রবীন্দ্র-সম্বর্দ্ধনা-সমিতির নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

প্রকাশিত গ্রন্থগুলি ব্যতীত আলোচ্য বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য অনেকদূর অগ্রসর হইয়াছে ;—

(১) শ্রীকৃষ্ণকীর্ত্তন (চণ্ডীদাসের)—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়-সম্পাদিত।

(২) অবদান-কল্পলতা (২য় ভাগ)—রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি আই ই-সম্পাদিত।

(৩) শব্দকোষ (২য়)—শ্রীযুক্ত রায় যোগেশচন্দ্র বিদ্যানিধি রায় সাহেব-সম্পাদিত।

(৪) চণ্ডীদাসের পদাবলী—শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায়-সম্পাদিত।

(৫) অনিলপুরাণ—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী-সম্পাদিত।

(৬) মুদ্রিত বাঙ্গলা পুস্তকের তালিকা—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ-সম্পাদিত।

এতদ্ব্যতীত পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ কর্ত্তৃক বঙ্গানুবাদ সমেত শ্রীমৎ রামানুজাচার্য্যের শ্রীভাষ্য ৩য় খণ্ড, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী-সম্পাদিত অন্ধকবি ভবানীপ্রসাদের দুর্গামঙ্গল এবং শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সম্পাদিত উৎকীর্ণলিপিসঙ্কলন মুদ্রণের ব্যবস্থা হইতেছে।

পরিষৎ-গ্রন্থ-প্রকাশ-বিভাগের এই কার্য্যবিবরণীতে দেখা যাইতেছে যে, আলোচ্য বর্ষে শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয়ের তত্ত্বাবধানে পূর্ব্ব বৎসরের ন্যায় গ্রন্থাদি মুদ্রণের যাবতীয় কার্য্য সুপরিচালিত হইয়াছে। পরিষৎ এই জন্য খগেন্দ্র বাবুর নিকট বিশেষ কৃতজ্ঞ।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আলোচ্য বর্ষে সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় পরিষদের পত্রিকাধ্যক্ষ ছিলেন। তিনি এই পদ গ্রহণ করার পূর্ব্বে ভূতপূর্ব্ব পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় ঊনবিংশ ভাগ পত্রিকার প্রথম সংখ্যা এবং মহামহোপাধ্যায় বিদ্যাভূষণ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত হইয়া উক্ত ভাগের দ্বিতীয় ও তৃতীয় সংখ্যা প্রকাশিত হইয়াছে। ঐ তিন খণ্ড পত্রিকা-প্রকাশে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয় বিশেষ সাহায্য করিয়াছেন এবং এই জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। এই তিন সংখ্যা পত্রিকায় সভাপতি মহাশয়ের অভিভাষণ ব্যতীত বিষয়ভেদে নিম্নলিখিত ১৯টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে ;—

প্রাচীন সাহিত্য	সম্বন্ধে	২টি
ভাষাতত্ত্ব	„	৭টি
ইতিহাস ও প্রত্নতত্ত্ব	„	৭টি
সংস্কৃত সাহিত্য	„	১টি
বিজ্ঞান	„	২টি

প্রাচীন সাহিত্য—(ক) "দীপিকাছন্দ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য মহাশয় বলিয়াছেন যে, দীপিকাছন্দ নামক অসমীয়া গ্রন্থ স্বর্গীয় রায় মাধবচন্দ্র বড়দলই কর্ত্তৃক সম্পাদিত হইয়া প্রকাশিত হইয়াছে। এই গ্রন্থের সম্পাদক স্বর্গীয় বড়দলই মহাশয় লিখিয়াছেন যে, এই গ্রন্থোক্ত জিতারি বংশের শেষ রাজা রামচন্দ্রের বংশধর ছিলেন এবং ইহা কাহারও

কাহারও মতে অসমীয়া ভাষায় প্রাচীনতম গ্রন্থ। বিদ্যাবিনোদ মহাশয় তাঁহার প্রবন্ধে দেখাইয়াছেন যে, গ্রন্থকার জিতারিবংশীয় ছিলেন না, পরন্তু তিনি নিজকে দাশরথি রামের বংশধর বলিয়া পুনঃ পুনঃ পরিচয় দিয়াছেন। কিন্তু গ্রন্থের প্রাচীনত্ব সম্বন্ধেও প্রবন্ধকার অত্যন্ত সন্দেহ করেন। তিনি বলেন যে, গ্রন্থখানি নিতান্ত আধুনিক।

(খ) "ভক্ত নারায়ণদাস ঠাকুর" নামক প্রবন্ধে শ্রীযুক্ত উমেশচন্দ্র দে মহাশয় মহাপুরুষীয় সম্প্রদায়ভুক্ত ভক্ত নারায়ণ দাস ঠাকুরের (নারায়ণ ভকত) পরিচয় প্রদান করেন।

ভাষাতত্ত্ব—(ক) ভাষাতত্ত্ব সম্বন্ধে শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয় "ভারতবর্ষের বর্ণমালা" নামক প্রবন্ধে বলিয়াছেন যে, দ্রবিড়েরা আর্য্যজাতির প্রাচীন বর্ণমালা ও লিখিত অক্ষর গ্রহণ করিয়াছিল বটে, তথাপি তামিলের বর্ণমালা নিতান্ত অসম্পূর্ণ। এই ভাষাতে বর্গীয় অনুনাসিক বাদে অতি অল্প কয়েকটি অক্ষর ব্যঞ্জন বর্ণে ব্যবহৃত হয়। কিন্তু অক্ষর সম্বন্ধে এই পার্থক্য থাকিলেও তামিলের আদিম বর্ণমালার সহিত আদিম বৈদিক উচ্চারণের বৈজ্ঞানিক নৈকট্য আছে। সুতরাং এ কথা বলা যাইতে পারে যে, তামিলের ব্যঞ্জন উচ্চারণের যে যে মৌলিক বর্ণ ছিল এবং আছে, আদিম বৈদিকে কেবল সেই কয়েকটি অক্ষরই ছিল।

(খ) "বাঙ্গালা শব্দ তথা বানান ও লিখন-সমস্যা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ মহাশয় অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়-প্রবর্ত্তিত লিখন বানান প্রভৃতি সম্বন্ধে আলোচনা করিয়াছেন।

(গ) শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় মহাশয় "প্রাচীন বাঙ্গালা ভাষার দুইটি বিশেষত্ব" নামক প্রবন্ধে অনেক দৃষ্টান্ত দ্বারা প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন যে, এক কালে বাঙ্গালা ভাষায় আ-বর্ণ-প্রিয়তা ছিল এবং মাগধ-প্রাকৃতের প্রভাবে বা পালিভাষার প্রভাবে বাঙ্গালার অনুনাসিকপ্রিয়তা আসিয়াছিল ও বীরভূম প্রভৃতি অঞ্চলে বাঙ্গালার ক্রিয়ার পদগুলিতে সেই প্রাচীন কালের অনুনাসিকপ্রিয়তা এখনও সংরক্ষিত হইয়াছে।

এই তিনটি প্রবন্ধ ব্যতীত (ঘ) শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় "নদীয়া জেলার গ্রাম্যশব্দ" সম্বন্ধে, (ঙ) শ্রীযুক্ত দেবনারায়ণ ঘোষ মহাশয় "ব্রহ্মপুত্রোপত্যকার লেখ্য ও কথ্য শব্দ" সম্বন্ধে, (চ) শ্রীযুক্ত কৃষ্ণনাথ সেন মহাশয় "ময়মনসিংহের অন্তর্গত টাঙ্গাইল অঞ্চলের গ্রাম্য ভাষার অভিধান" সম্বন্ধে এবং (ছ) শ্রীযুক্ত সুরেশচন্দ্র দাশগুপ্ত মহাশয় "বগুড়া জেলার গ্রাম্য শব্দ" সম্বন্ধে কতকগুলি গ্রাম্য শব্দের তালিকা দিয়াছেন।

ইতিহাস ও প্রত্নতত্ত্ব—(ক) শ্রীযুক্ত কৈলাসচন্দ্র সিংহ বিদ্যাভূষণ মহাশয় "গৌহাটীর নূতন তাম্রশাসন" নামক প্রবন্ধে কামরূপপতি ধর্ম্মপাল বর্ম্মার একখণ্ড তাম্রশাসনের পরিচয় প্রদান করেন। এই শাসন-পত্রে লিখিত আছে যে, ধর্ম্মপাল বর্ম্মদেবের পিতার নাম শ্রীহর্ষ পাল ও মাতার নাম নয়না দেবী। প্রবন্ধকার বলেন যে, ডাঃ হর্ণলি বলবর্ম্মা, রত্নপাল ও ইন্দ্রপালের যে সময় নির্দ্দেশ করিয়াছেন, তাহা ঠিক নহে। ডাঃ হর্ণলির মতে বলবর্ম্মা, রত্নপাল ও ইন্দ্রপালের পূর্ব্ববর্ত্তী ছিলেন। বলবর্ম্মণ্ হরজরবংশীয়। কৈলাস বাবুর মতে ধর্ম্মপালের পর হরজরবংশের অভ্যুদয় হইয়াছিল।

(খ) "ধর্ম্মপালের গড়" নামক প্রবন্ধে শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ মহাশয় উত্তরবঙ্গ

রেলস্থিত ডোমার নামক ষ্টেসনের নিকটবর্ত্তী ধর্ম্মপালের গড় নামক একটি প্রাচীন গড়ের ভগ্নাবশেষের পরিচয় প্রদান করেন এবং এই গড়ের ঐতিহাসিক তত্ত্ব অনুসন্ধান করিতে প্রবৃত্ত হইয়া এই ধর্ম্মপাল কে, তাহা নির্ণয় করিবার চেষ্টা করেন। কৃষ্ণবিহারী বাবু কোন স্থির-সিদ্ধান্তে উপনীত হইতে পারেন নাই। তাঁহার মতে এই গড় পালবংশীয় রাজা ধর্ম্মপালের নির্ম্মিত একটি দুর্গ হইতে পারে অথবা একাদশ শতাব্দীর প্রারম্ভে ধর্ম্মপাল নামক কোন রাজার উত্তরবঙ্গে রাজত্বকালে এই গড় তাঁহার দ্বারাই নির্ম্মিত হইয়াছিল ও পাল-রাজগণের সহিত এই ধর্ম্মপালের বংশগত কোনও সংশ্রব ছিল না।

(গ) "প্রাচ্য ও উদীচ্য" নামক প্রবন্ধে শ্রীযুক্ত হারাণচন্দ্র চক্রবর্ত্তী মহাশয় সংস্কৃত গ্রন্থাদি হইতে প্রমাণ সংগ্রহ পূর্ব্বক প্রাচ্য ও উদীচ্যের সীমানা নির্দ্দেশ করিতে চেষ্টা করিয়াছেন। তাঁহার মতে দিল্লী হইতে পূর্ব্ববর্ত্তী সমস্ত ভূভাগ এবং দিল্লীর পশ্চিমভাগে অবস্থিত পাঞ্চাল ও কুরুজাঙ্গল জনপদ প্রাগ্‌দেশের অন্তর্গত ছিল। শতদ্রু নদীর পশ্চিম ভূভাগ উদক্‌ দেশের অন্তর্গত ছিল এবং বাহীক জনপদ ব্যতীত কেকয়, কাশ্মীর প্রভৃতি দেশগুলিও উদীচ্য দেশের অন্তর্ভুক্ত ছিল।

(ঘ) 'শূরনগর' প্রবন্ধে শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয় বলেন যে, বিক্রমপুরে আদিশূরের রাজধানী ছিল বলিয়া যে মত প্রচলিত আছে, তাহা ঠিক নহে। বর্দ্ধমান জেলার মণ্ডেশ্বর থানার অন্তর্গত শূরো নামক গ্রামের উল্লেখ করিয়া লেখক বলেন যে, বোধ হয়, এই গ্রাম আদিশূরের রাজধানী শূরনগরের ধ্বংসাবশেষ এবং এই স্থানের সন্নিকটে আরও যে সমস্ত গ্রাম আছে, তাহাদের নাম আলোচনা করিলে মনে হয় যে, এই সকল স্থান পর্য্যন্ত আদিশূরের রাজধানী বিস্তৃত ছিল।

(ঙ) "কাশীরাম দাসের জন্মস্থান" নামক প্রবন্ধে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় বিষ্ণুপুর হইতে পরিষদের জন্য সংগৃহীত ও ক্রীত একখানি কাশীরাম দাসের আদি-পর্ব্বের উল্লেখ করিয়া বলেন যে, কাশীরামের জন্মভূমি 'সিঙ্গী' গ্রামেই ছিল। সিদ্ধি গ্রামে কাশীরামের জন্মভূমি বলিয়া যে মত প্রচলিত আছে, তাহা ভ্রান্ত।

(চ) শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন ঘোষ চৌধুরী মহাশয় "ছিলমাবাদের মেলার কাহিনী" নামক প্রবন্ধে ময়মনসিংহ জেলার টাঙ্গাইলের একটি স্থানে চৈত্রসংক্রান্তির দিন যে মেলা অনুষ্ঠিত হয়, তাহার একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিয়াছেন। যে স্থানে এই মেলা হয়, তাহার নিকট প্রায় ৩০০ বৎসরের পুরাতন একটি মন্দির আছে এবং স্থানীয় কিংবদন্তী অনুসারে এই মেলার বয়ঃক্রম ২০০ বৎসরের কম নহে।

(ছ) "সদাশিব" নামক প্রবন্ধে শ্রীযুক্ত দ্বারকানাথ চৌধুরী মহাশয় আসাম প্রদেশের শিবসাগর জেলার অন্তর্গত নিগ্রিটিং শৈলোপরি রাজা রাজেশ্বর সিংহ কর্ত্তৃক প্রতিষ্ঠিত 'সদাশিবে'র পরিচয় প্রদান করেন। সদাশিবের বর্ত্তমান মন্দির প্রায় ১৫০ বৎসরের প্রাচীন।

সংস্কৃত সাহিত্য—(ক) শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ বেদান্তরত্ন এম্‌ এ মহাশয় "মহাভারতের বঙ্গানুবাদ" নামক প্রবন্ধে অনেক দৃষ্টান্ত দ্বারা বর্ত্তমান সময়ে বঙ্গভাষায় প্রচলিত

মহাভারতগুলির সহিত মূল মহাভারতের অসামঞ্জস্যের উল্লেখ করিয়া মহাভারতের একখানি অনুবাদ-প্রকাশের প্রস্তাব করেন।

বিজ্ঞান—(ক) "গঙ্গা ও ব্রহ্মপুত্রোপত্যকার পলিভূমির কর্দ্দম" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত মহাশয় রাজসাহীর অন্তর্গত দয়ারামপুরে প্রাপ্ত কর্দ্দমের রাসায়নিক বিশ্লেষণ প্রদান করেন এবং ইহাতে টীন ও সীসার অস্তিত্ব নির্দ্দেশ করেন এবং বলেন যে, ব্রহ্মপুত্র ও তিস্তাবাহিত টীন ও সীসাযুক্ত গ্রানিট বা পেগ্‌মিটিট প্রস্তরের ধ্বংসাবশেষে এই কর্দ্দম উৎপন্ন হইয়াছে।

(খ) "যশোহরে প্রাপ্ত তিনটি গোলা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয় মহারাজা প্রতাপাদিত্য-কীর্ত্তির ধ্বংসাবশেষ হইতে প্রাপ্ত ও পরিষদের চিত্রশালার অন্তর্গত তিনটি গোলার বিবরণ প্রদান করেন এবং তন্মধ্যে একটি গোলার উপাদান বিশেষ ভাবে পরীক্ষা করিয়া বলেন যে, বোধ হয়, রাজমহল পাহাড় হইতে আনীত প্রস্তর দ্বারা এই গোলা প্রস্তুত করা হইয়াছিল।

পরিষৎ-পত্রিকা-প্রকাশে পত্রিকাপরিচালন-সমিতি যথোচিত সাহায্য করিয়াছেন। উপরে পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলির যে সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হইল, তাহা হইতে সকলেই অতি সহজেই বুঝিতে পারিবেন যে, নানাবিষয়সম্বন্ধীয় মৌলিক অনুসন্ধানের ফল পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইতেছে এবং যে সমস্ত প্রবন্ধে কোনরূপ মৌলিক অনুসন্ধানের পরিচয় না থাকে, সে সকল প্রবন্ধ পত্রিকায় প্রকাশিত হয় না। সাহিত্য-পরিষৎ-পত্রিকার এইটি বিশেষত্ব এবং যাহাতে এই বিশেষত্ব সুরক্ষিত হয়, তজ্জন্য পত্রিকাধ্যক্ষ ও পত্রিকা-পরিচালন-সমিতি সর্ব্বদাই অতি সতর্কভাবে কাজ করিয়া থাকেন। অন্যান্য দেশে মৌলিক গবেষণায় নিযুক্ত যে সমস্ত সভা-সমিতি আছে এবং তাহাদের মুখপত্রস্বরূপ যে সকল পত্রিকা আছে, সেই সকল পত্রিকার জন্য প্রবন্ধ নির্ব্বাচনেও বিশেষজ্ঞের সাহায্য গ্রহণ করা হয়। পরিষৎ সানুনয়ে আমাদের দেশীয় কৃতবিদ্যগণের নিকট প্রার্থনা করিতেছেন যে, তাঁহাদের মধ্যে যাঁহারা নূতন তথ্যাদির অনুসন্ধানে ব্যাপৃত আছেন, তাঁহারা যেন অনুগ্রহপূর্ব্বক তাঁহাদের পরিশ্রমলব্ধ অনুসন্ধানের ফল মাতৃভাষার সাহায্যে পরিষৎ-পত্রিকার মধ্য দিয়া সাধারণের নিকট প্রকাশিত করেন। নানাকারণে আমাদের সুধীগণদ্বারা প্রচারিত নূতন তথ্যের আবিষ্কারবার্ত্তা বিদেশীয় ভাষায় বিদ্বৎসমাজে প্রকাশিত হইতেছে। কিন্তু পরিষৎ আশা করেন যে, যাঁহারা কেবলমাত্র বিদেশী ভাষার সাহায্যে নিজেদের অনুসন্ধান বা আলোচনার ফল প্রকাশিত করিতেছেন, দেশ, ভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগ ও শ্রদ্ধাপূর্ব্বক তাঁহারা মাতৃভাষার সাহায্যে সুধীসমাজে প্রচার করিবেন। কোনও দেশের সাহিত্যকে যথার্থ গৌরব বা সম্মান লাভ করিতে হইলে সেই ভাষাতে মৌলিক অনুসন্ধানাদির পরিচয় থাকা বিশেষভাবে আবশ্যকীয়। বাঙ্গালীর মস্তিষ্কপ্রসূত নূতন তথ্যাবলীর আবিষ্কার সর্ব্বপ্রথমে বাঙ্গালাভাষায় প্রচারিত করিয়া যাহাতে বাঙ্গালাভাষা ও সাহিত্য অন্যান্য সভ্যদেশীয় ভাষা ও সাহিত্যের সঙ্গে একত্রে প্রতিষ্ঠিত হইতে পারে, পরিষৎ-পত্রিকার কর্ত্তৃপক্ষগণ সর্ব্বদাই এই অতি উচ্চ আদর্শ সম্মুখে রাখিয়া কার্য্য করিতেছেন। যদিও ইউরোপ, আমেরিকা ও জাপানের তুলনায় বাঙ্গালা দেশে মৌলিক

গবেষণায় নিযুক্ত ব্যক্তির সংখ্যা অত্যন্ত অল্প, তথাপি বাঙ্গালীর মস্তিষ্ক দ্বারা যে কোনও নূতন সত্য আবিষ্কৃত হইতে পারে না, তাহা নহে। গত বৎসরের কার্য্যবিবরণীতে এই বিষয়ের বিশেষভাবে উল্লেখ করা হইয়াছিল। যে দিন হইতে রুষদেশীয় প্রসিদ্ধ রাসায়নিক মেণ্ডেলিফ মাতৃভাষার সাহায্যে স্বীয় গবেষণার ফল প্রকাশ করিতে আরম্ভ করিলেন, সেই দিন হইতে রুষদেশীয় ভাষার গৌরবের সূচনা হইল। সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে এমন অনেক নূতন সংবাদ প্রকাশিত হইয়াছে, যাহা বিদ্বৎসমাজে নূতন এবং পৃথিবীর অন্য কোন ভাষায় ইতিপূর্ব্বে প্রচারিত হয় নাই। পত্রিকাতে এ পর্য্যন্ত যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, বিবরণসহ তাহাদের একটি সূচী প্রকাশ করিতে হইবে বলিয়া কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন এবং আশা করা যায় যে, এই সূচী এই বৎসরেই প্রস্তুত হইবে। এই সূচী ইংরাজি ভাষাতেও প্রকাশিত হইবে এবং বিভিন্ন দেশে ইহা প্রচারিত হইলে তদ্দ্বারা যে পরিষদের গৌরববৃদ্ধির বিশেষ সাহায্য হইবে, তাহাতে সন্দেহ করিবার কিছুই নাই। পরিষৎ-পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ কেবলমাত্র বিশেষজ্ঞদিগের উপযোগী হয়, ইহা ঠিক এবং গত কয়েক বৎসর হইল, এই বিষয় সম্বন্ধে যে আদর্শ লইয়া পরিষদের কর্ত্তৃপক্ষগণ কার্য্য করিতেছেন, ভরসা করা যায়, পরিষৎ সেই আদর্শ হইতে কখনও বিচলিত হইবেন না। পত্রিকা কেবলমাত্র বিশেষজ্ঞদের উপযোগী বটে, কিন্তু নানা বিষয়সম্বন্ধীয় গ্রন্থাদি প্রণয়ন দ্বারা পরিষৎ লোকশিক্ষাকার্য্যে সহায়তা করিতেছেন।

সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে সাহিত্যসম্বন্ধীয় প্রবন্ধাবলী প্রকাশিত হয় না এবং ইহাতে কেবলমাত্র ইতিহাস ও প্রত্নতত্ত্বাদিসম্পর্কীয় প্রবন্ধই প্রকাশিত হয়, এইরূপ অনুযোগ মাঝে মাঝে শুনিতে পাওয়া যায়। এই অভিযোগ সম্বন্ধে আমাদের প্রথম বক্তব্য এই যে, বঙ্গীয়-সাহিত্য-পরিষদে সাহিত্য-শব্দ অত্যন্ত ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। এ পর্য্যন্ত সাহিত্য-পরিষৎ-পত্রিকাতে যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছে, সেগুলি আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, পরিষদের প্রতি যে কেহ কেহ একদেশদর্শিতার অভিযোগ দিয়া থাকেন, তাহা প্রকৃত নহে। পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলির বিষয়ানুযায়ী এক তালিকা বৎসর বৎসর পত্রিকায় প্রদত্ত হইয়া থাকে। এই তালিকার প্রতি দৃষ্টিপাত করিলে দেখা যায় যে, সমস্ত বিষয় সম্বন্ধীয় প্রবন্ধই পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়া থাকে। তবে যদি কোন বৎসর কোন বিষয়ের প্রবন্ধ অধিক সংখ্যায় প্রকাশিত হয়, তজ্জন্য পরিষদের কর্ত্তৃপক্ষ দায়ী নহেন। আমাদের দেশীয় সকল শ্রেণীর কৃতবিদ্যগণ যদি তাঁহাদের গবেষণার ফল অনুগ্রহপূর্ব্বক পরিষদে প্রেরণ না করেন, তাহা হইলে পরিষৎ কি করিতে পারেন? পরিষৎ সংবাদ প্রাপ্ত হইয়া যথাসম্ভব উপযুক্ত প্রবন্ধাদি মাঝে মাঝে হস্তগত করেন বটে, কিন্তু এই ভাবে অধিক সংখ্যক প্রবন্ধ সংগ্রহ করা সম্ভবপর নহে। যে শ্রেণীর বিশেষজ্ঞগণ পরিষৎ-পত্রিকাতে প্রকাশার্থ প্রবন্ধাদি পাঠাইয়া দিবেন, উপযুক্ত হইলে বিষয়নির্ব্বিশেষে সেই প্রবন্ধই পত্রিকায় প্রকাশিত হইবে। পত্রিকায় প্রকাশযোগ্য প্রবন্ধে নূতন সংবাদ থাকা চাই। পত্রিকায় প্রকাশ সম্বন্ধে ইহাই যথেষ্ট। এ পর্য্যন্ত পত্রিকাতে কিঞ্চিদধিক ৪০০ প্রবন্ধ প্রকাশিত হইয়াছে এবং বিষয়ানুসারে শ্রেণীভেদ করিলে পরিষদের প্রকাশিত প্রবন্ধগুলি সম্বন্ধে নিম্নলিখিতরূপে আমরা শতকরা হিসাব করিতে পারি :—

আধুনিক সাহিত্য	৩.৭
প্রাচীন সাহিত্য	২০.৬
গ্রাম্য সাহিত্য	১০.০
পুস্তক ও পুথির বিবরণ	৮.২
ভাষাতত্ত্ব	১৭.৮
বৈজ্ঞানিক পরিভাষা	৭.৬
ইতিহাস ও প্রত্নতত্ত্ব	১৮.৮
সংস্কৃত সাহিত্য	২.৭
বিজ্ঞান	৫.২
বিবিধ	৫.৪
	১০০.০

এই সংখ্যা বিবেচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, সমস্ত শ্রেণীর প্রবন্ধই পরিষৎ-পত্রিকায় সাদরে প্রকাশিত হইয়া থাকে। এই তালিকা বিবেচনা করিলে দেখা যায় যে, এ পর্য্যন্ত দর্শন-সম্বন্ধে কোন প্রবন্ধই পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হয় নাই। দর্শনের জন্য যে দেশ ও যে জাতি চিরপ্রসিদ্ধ, সেই জাতি কর্তৃক পরিচালিত ও সেই দেশ হইতে প্রকাশিত পত্রিকাতে দর্শন সম্বন্ধে প্রবন্ধ গত ১৯ বৎসর মধ্যে একেবারেই প্রকাশিত হয় নাই, ইহা অত্যন্ত ক্ষোভ ও পরিতাপের বিষয়। এ বিষয়ে পরিষদের দার্শনিক সদস্যদিগের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতেছি।

সহায়ক-সদস্য

আলোচ্য বর্ষে পরিষদের সহায়ক সদস্য-সংখ্যা ১৩ ছিল। ইঁহাদের মধ্যে শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী, শ্রীযুক্ত মুন্সী আব্দুল করিম, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয়গণ পরিষদের পুথি সংগ্রহ, মাসিক অধিবেশনে পাঠের জন্য প্রবন্ধাদি প্রেরণ ও অন্যান্য নানাবিধ উপায়ে পরিষদের সহায়তা করিয়াছেন এবং অন্যতম সহায়ক-সদস্য শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ এবং শ্রীযুক্ত অমৃতগোপাল বসু মহাশয় সম্বর্দ্ধনাদি অনুষ্ঠানে সাহায্য করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

ছাত্র-সভ্য

আলোচ্য বর্ষে অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয় অন্যতম সহকারী সম্পাদক নির্ব্বাচিত হওয়াতে অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় ছাত্রসভ্যদের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন। খগেন্দ্রবাবুর ছাত্রসভ্য-পরিদর্শকরূপে নির্ব্বাচনের পূর্ব্বে ছাত্রসভ্যদের দ্বারা নিয়মবদ্ধ বিশেষ কোন কাজ হইয়াছিল না। বিগত পাঁচ বৎসর ছাত্রসভ্য-পরিদর্শকরূপে কার্য্য করিয়া খগেন্দ্রবাবু ছাত্রদিগের মধ্যে প্রভূত পরিমাণে অনুসন্ধান ও গবেষণার প্রতি অনুরাগ জন্মাইতে সক্ষম হইয়াছিলেন। সাহিত্য-পরিষৎ এইজন্য খগেন্দ্রবাবুর নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে ছাত্রগণ বঙ্গের প্রাচীন সাহিত্য ও বর্ত্তমান রীতিনীতি, ক্রীড়া-কৌতুক, পুরাতত্ত্ব, ভাষাতত্ত্ব, সমাজতত্ত্ব প্রভৃতি নানাবিষয়ক উপাদান সংগ্রহ করিয়াছেন। এই বর্ষে

দশজন ছাত্রসভ্যের নিকট হইতে ২৮টি প্রবন্ধ পাওয়া গিয়াছে। গত বৎসরের ন্যায় বর্ত্তমান বৎসরেও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় প্রবন্ধগুলি পরীক্ষা করিয়াছেন এবং তাঁহার পরীক্ষার ফলে ১০ জনের প্রবন্ধই পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে এবং নগেন্দ্রবাবুর পরামর্শানুসারে কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নির্দ্ধারিত ১০০৲ টাকা ছাত্রসভ্যগণের মধ্যে যোগ্যতানুসারে ভাগ করিয়া দেওয়া হইয়াছে।

পুরস্কার

আলোচ্য বৎসরে ৮টি পুরস্কার বিজ্ঞাপিত হইয়াছিল। গত কার্য্যবিবরণীতে আশানুরূপ পুরস্কার-প্রবন্ধ হস্তগত না হওয়াতে দুঃখ প্রকাশ করা হইয়াছিল। কিন্তু সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে অপেক্ষাকৃত অনেক প্রবন্ধ পরিষদের হস্তগত হইয়াছে। যাঁহাদের প্রবন্ধ পুরস্কার-যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে, তাঁহাদের নাম, পুরস্কার-প্রবন্ধের বিষয়ের নাম ও পরীক্ষকগণের নাম নিম্নে প্রদত্ত হইল। যে সমস্ত বিদ্যোৎসাহী মহোদয় পরিষদের হস্তে এই সমস্ত পুরস্কারের অর্থ প্রদান করিয়াছেন, এই সুযোগে তাঁহাদিগকে পরিষদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। যাঁহারা অনুগ্রহপূর্ব্বক এই সকল প্রবন্ধ-পরীক্ষার ভার গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগকেও ধন্যবাদ জানাইতেছি। এই সমস্ত পুরস্কারের মধ্যে "হেমচন্দ্র-পুরস্কার" ও "রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি" ব্যতীত আর কোনটিই স্থায়িভাবে স্বীকৃত হয় নাই। পরিষৎ আশা করেন যে, এই সকল পুরস্কার দাতৃগণের অনুগ্রহে অচিরে স্থায়ী হইবে।

পুরস্কার বা পদক	প্রবন্ধের বিষয়	পরীক্ষক	পুরস্কৃত ব্যক্তি	পুরস্কারের বিবরণ
১। হেমচন্দ্র স্বর্ণ-পদক	কবিবর হেম-চন্দ্রের কবিতার ছন্দ ও অলঙ্কার	শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার	(উপযুক্ত প্রবন্ধ না আসাতে কেহই পান নাই)	একটি স্বর্ণপদক
২। প্রভাবতী পুরস্কার	প্রচলিত বাঙ্গালা ব্রতকথা অবলম্বনে নারীজাতির গার্হস্থ্য ধর্ম্ম	শ্রীযুক্ত সারদাচরণ মিত্র	শ্রীমতী কনকলতা গুপ্তা	৫৲ মূল্যের পুস্তক
৩। কৃষ্ণবিনোদিনী স্বর্ণপদক	বাঙ্গালার বাউল-সম্প্রদায়ের ইতিবৃত্ত	মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী	শ্রীযুক্ত নলিনী-রঞ্জন পণ্ডিত	১০০৲ মূল্যের স্বর্ণপদক
৪। বীরেশ্বর পাঁড়ে পুরস্কার	বেদের সংহিতা-ভাগে অদ্বৈতবাদ	মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশ-চন্দ্র বিদ্যাভূষণ	(ক) শ্রীযুক্ত কৈলাস-চন্দ্র চক্রবর্ত্তী এম্‌এ, (খ) শ্রীযুক্ত নিত্যা-নন্দ শর্ম্মা	প্রত্যেকে ৫০৲ হিঃ ১০০৲

পুরস্কার বা পদক	প্রবন্ধের বিষয়	পরীক্ষক	পুরস্কৃত ব্যক্তি	পুরস্কারের বিবরণ
৫। শিশিরকুমার ঘোষ পুরস্কার	ভক্ত গদাধর পণ্ডিতের জীবনী	শ্রীযুক্ত সারদাচরণ মিত্র	শ্রীযুক্ত সত্যকিঙ্কর কুণ্ডু কাব্যকণ্ঠ	নগদ ২৫৲
৬। রাধেশচন্দ্র শেঠ রৌপ্যপদক	ওয়ার্ডস্‌ওয়ার্থের কবিতা	অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র	শ্রীযুক্ত অক্ষয়কুমার ঘোষ বি এ	রৌপ্যপদক অথবা নগদ ২১৲
৭। নবীনচন্দ্র সেন রৌপ্যপদক	কবিবর নবীনচন্দ্রের কাব্যে কৃষ্ণচরিত্র	শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত	শ্রীমতী সরোজবাসিনী গুপ্তা	রৌপ্যপদক
৮। প্রিয়নাথ চক্রবর্ত্তী পুরস্কার	জীবনের ধর্ম্ম ও প্রতিভার লক্ষণ	শ্রীযুক্ত মন্মথমোহন বসু	(উপযুক্ত প্রবন্ধ না আসায় এ বৎসর এই পুরস্কার কেহ পান নাই।)	

পরিভাষা

আলোচ্য বর্ষে ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়দ্বয়ের সম্পাদকতায় রাসায়নিক পরিভাষা প্রকাশিত হইয়াছে। আরও অনেক বিষয়সম্বন্ধীয় পারিভাষিক শব্দ পরিষদের কার্য্যালয়ে মজুদ আছে এবং সেগুলি ক্রমশঃ পত্রিকায় প্রকাশিত হইবে। এখনও বিজ্ঞানের অনেক বিষয়ের পরিভাষা লিখিত হয় নাই। এই বিষয়ে পরিষদের বৈজ্ঞানিক সদস্যগণের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করিতেছি। যাহাতে ২।৩ বৎসরমধ্যে সমস্ত বিষয়ে বৈজ্ঞানিক পরিভাষা প্রকাশিত হয়, তজ্জন্য পরিষৎ তাঁহাদের সাহায্য প্রার্থনা করিতেছেন। বৈজ্ঞানিক পরিভাষা ব্যতীত অন্যান্য শাস্ত্র সম্বন্ধে পরিভাষা প্রণয়নের বিশেষ আবশ্যক, কিন্তু দুঃখের বিষয় যে, এ পর্য্যন্ত এই সম্বন্ধে পরিষদের কোন সদস্যই হস্তক্ষেপ করেন নাই। পরিষৎ আশা করেন যে, আগামী বৎসরে অন্যান্য বিষয়ের পরিভাষা-প্রণয়নের কার্য্য আরব্ধ হইবে। গত চট্টগ্রামের সাহিত্য-সম্মিলনের অধিবেশনে শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় মহাশয় রাষ্ট্র-নীতিবিষয়ক পরিভাষা সম্বন্ধে এক ক্ষুদ্র বক্তৃতা করিয়াছিলেন। তাহাতে তিনি দেখাইয়াছিলেন যে, সংস্কৃত গ্রন্থাদিতেও রাষ্ট্রনীতি সম্বন্ধে অনেক পারিভাষিক শব্দ আছে। অনুসন্ধান করিলে বহু শাস্ত্রসম্বন্ধীয় পারিভাষিক শব্দ সংস্কৃত গ্রন্থে নিহিত দেখিতে পাওয়া যাইবে। এই প্রসঙ্গে আলোচ্য বর্ষে যে রাসায়নিক পরিভাষা পরিষদের গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে, তাহারও উল্লেখ করা যাইতে পারে। তাহাতে সকলেই দেখিতে পাইবেন যে, সংস্কৃত গ্রন্থাদিতে রসায়নশাস্ত্র সম্বন্ধে অনেক পারিভাষিক শব্দ আছে। সুখের বিষয় যে, পরিষদের সংস্কৃত ভাষাভিজ্ঞ ও পাশ্চাত্য বিদ্যায় অভিজ্ঞ—এই দুই শ্রেণীর অনেক সদস্য আছেন। পরিষৎ আশা করেন যে, এই উভয় শ্রেণীর সদস্য একত্রিত হইয়া পরিভাষা-প্রণয়নে যত্নবান্ হইবেন এবং তাহা হইলে পরিভাষা-প্রণয়নের কার্য্য সুষ্ঠুভাবে সম্পন্ন হইতে পারিবে।

নবীনচন্দ্র স্মৃতি-সমিতি

গত বর্ষে বলা হইয়াছিল যে, ইটালিয়ান ভাস্কর মি বইস্ সাহেবকে স্বর্গীয় কবিবরের মর্ম্মর-মূর্ত্তি প্রস্তুতের ভার দেওয়া হইয়াছিল। কিন্তু বইস্ সাহেব এই কার্য্য করিতে সম্প্রতি অসম্মতি জ্ঞাপন করিয়াছেন। এক্ষণে জুবিলি আর্ট একাডেমির অধ্যক্ষ শ্রীযুক্ত রণদাপ্রসাদ গুপ্ত মহাশয়ের হাতে সম্ভবেই এই মূর্ত্তি প্রস্তুতের ভার দেওয়া হইবে।

কাশীরাম স্মৃতি-সমিতি

কাশীরাম স্মৃতি-সমিতির কার্য্য বহুদূর অগ্রসর হইয়াছে। কাটোয়ায় কবির স্মৃতি-সৌধ নির্ম্মাণের জন্য এক লক্ষ ইষ্টক প্রস্তুত হইয়া রহিয়াছে। কাটোয়ার যাঁহারা চাঁদা দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, তাঁহাদের অনেকেই টাকা দিয়াছেন।

চন্দ্রকান্ত স্মৃতি-সমিতি

পরলোকগত মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের স্মৃতিরক্ষার জন্য একটি সমিতি নূতন গঠিত হইয়াছিল। মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ বাহাদুর এই সমিতির সভাপতি ও শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী মহাশয় ইহার সম্পাদক নিযুক্ত হইয়াছিলেন। দুঃখের বিষয়, আলোচ্য বর্ষে এই সমিতির বিশেষ কোন কার্য্য হয় নাই। এই সম্বন্ধে সম্পাদক শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী মহাশয়ের দৃষ্টি বিশেষ ভাবে আকর্ষণ করিতেছি।

রাজা বিনয়কৃষ্ণ স্মৃতি-সমিতি

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা স্বর্গীয় রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের পরলোকগমনে শোক-প্রকাশার্থ গত ৫ই পৌষ তারিখে আহূত বিশেষ অধিবেশনে এই শাখা-সমিতি গঠিত হইয়াছে। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় এই সমিতির সভাপতি এবং শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় সম্পাদক নিযুক্ত হইয়াছেন।

আয়-ব্যয়

বর্ত্তমান বৎসরে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়ের উপর আয়-ব্যয় পরিদর্শনের ভার ছিল। গত বর্ষে পরিষৎ-পত্রিকায় ১৩১৯ বঙ্গাব্দের জন্য যে আনুমানিক আয়-ব্যয়-বিবরণ প্রকাশিত হইয়াছিল, তাহার সহিত পরিশিষ্টে প্রকাশিত আয়-ব্যয়ের তুলনা করিলে দেখা যায় যে, চাঁদা বাবদ কিঞ্চিদধিক ৭০০৲ টাকা বেশী আয় হইয়াছে। এই আয়-বৃদ্ধির জন্য সম্পাদক পরিষদের কর্ম্মচারীদিগের নিকট বিশেষ কৃতজ্ঞ। ইতিপূর্ব্বে পরিষদের হিসাব-রক্ষার যে পদ্ধতি ছিল, আলোচ্য বর্ষ হইতে সেই পদ্ধতির কিঞ্চিৎ ব্যতিক্রম করা হইয়াছে। ভিন্ন কার্য্যের জন্য এককালীন বিশেষ দানগুলি প্রথমতঃ আয়ের ঘরে দেখান হইয়াছে এবং সেই হেতু আনুমানিক আয়-ব্যয়ের সহিত প্রকৃত আয়-ব্যয় তুলনা করিলে প্রাপ্ত এককালীন দান বেশী বলিয়া প্রতীত হইবে। আলোচ্য বর্ষে নূতন সদস্যের সংখ্যা অত্যন্ত কম হইয়াছে এবং সেইজন্য প্রবেশিকা-খাতে আনুমানিক আয় অপেক্ষা কিঞ্চিন্ন্যূন তিন শত টাকা কম জমা হইয়াছে। পরিষদের সদস্য-সংখ্যা বৃদ্ধি করা সম্বন্ধে যাহা বক্তব্য, তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। আশা করি, বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিয়া পরিষদের হিতৈষী সদস্য ও বন্ধুগণ সদস্য-সংগ্রহে মনোযোগী হইবেন। এখনও পরিষদের অনেক দেনা আছে। গৃহ-

নির্ম্মাণ-তহবিলে চাঁদা স্বাক্ষর করিয়া এখনও অনেকেই চাঁদা দেন নাই, তাঁহাদিগকে পরিষদের কাতর প্রার্থনার প্রতি দৃষ্টিপাত করিতে অনুরোধ করিতেছি। পরিষদের স্থায়ী তহবিলে যে সমস্ত টাকা স্বাক্ষরিত হইয়াছে, তাহার মধ্যে অতি অল্প টাকাই আদায় হইয়াছে, ইহাও অত্যন্ত দুঃখ ও লজ্জার বিষয়। পরিষদের অনেক হিতৈষী সদস্য লক্ষ্মীর বরপুত্র, তাঁহারা যদি সকলে একত্রিত হইয়া স্থায়ি-ভাণ্ডারস্থাপনে যোগদান করেন, তাহা হইলে অতি অল্প সময় মধ্যেই পঞ্চাশ হাজার টাকা অতি সহজে সংগৃহীত হইতে পারে। কেবলমাত্র কার্য্যনির্ব্বাহক-সমিতির চেষ্টায় এই টাকা সংগৃহীত হওয়া অত্যন্ত কষ্টসাধ্য। কার্য্য-নির্ব্বাহক-সমিতি আশা করেন যে, স্থায়ি-ভাণ্ডার স্থাপনোদ্দেশ্যে প্রত্যেক সদস্য পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে সাহায্য করিবেন। বলা বাহুল্য, স্থায়ি-ভাণ্ডারের জন্য স্ব স্ব সাধ্যানুসারে ও শ্রদ্ধা সহকারে যিনি যাহা অর্পণ করিবেন, তাহাই সাদরে গৃহীত হইবে।

শাখা-সভা

আলোচ্য বর্ষে কোন নূতন শাখা স্থাপিত হয় নাই। ময়মনসিংহে যে শাখা-পরিষৎ ছিল, তাহার বিলোপ ঘটিয়াছে। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় রঙ্গপুর-শাখা-পরিষৎ কার্য্যতৎপরতায় শাখা-সভা-সমূহের শীর্ষস্থান অধিকার করিয়াছেন। এই শাখার সুযোগ্য সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের রোগমুক্তিতে পরিষৎ আনন্দ প্রকাশ করিতেছেন। অত্যন্ত সুখের বিষয় যে, এই শাখার কার্য্যে সহানুভূতি ও উৎসাহপ্রদানার্থ বঙ্গীয় গবর্মেণ্ট বার্ষিক এক শত টাকা বৃত্তিদানের ব্যবস্থা করিয়াছেন। ইহাতে মূল-পরিষৎ বিশেষ গৌরবান্বিত হইয়াছেন। আগামী বৎসর স্থানীয় ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত কিরণচন্দ্র দে মহাশয় এই শাখার অধ্যক্ষতা গ্রহণ করিবেন এবং পরিষৎ আশা করেন যে, তাঁহার নেতৃত্বে রঙ্গপুর-শাখা-পরিষৎ অধিকতর কার্য্যকুশল হইয়া উঠিবেন। রঙ্গপুর ব্যতীত অন্যান্য শাখা আশানুরূপ কার্য্য করিতে পারেন নাই বলিয়া গত কার্য্যবিবরণীতে দুঃখ প্রকাশ করা হইয়াছিল, কিন্তু সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে এই সমস্ত শাখার অধিকাংশ শাখাতেই অনেক পরিমাণ কার্য্য হইয়াছে। চট্টগ্রাম-শাখার উপর এবার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের পরিচালনের ভার পড়িয়াছিল। শাখা-সভাগুলির বিস্তৃত কার্য্যবিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য। গত বৎসর মেদিনীপুরে শাখা-স্থাপনের চেষ্টা হইয়াছিল, তাহা কার্য্যে পরিণত হয় নাই। এবার বাকুড়ায় শাখাস্থাপনের ব্যবস্থা হইতেছে। যে সমস্ত স্থানে পরিষদের শাখা স্থাপিত হইয়াছে, সেই সকল স্থানে উৎসাহী ও বিদ্বজ্জনের অসদ্ভাব নাই। ইঁহারা যদি সকলে সর্ব্বান্তঃকরণে শাখা-পরিষদের কার্য্যে যোগদান করেন, তাহা হইলে শাখা-পরিষদের কার্য্য সর্ব্বতোভাবে সুসম্পাদিত হইবে এবং সেই সঙ্গে সঙ্গে পরিষদের উদ্দেশ্যও দেশমধ্যে প্রচারিত হইবে ও ক্রমশঃ ভাষার ও সাহিত্যের সর্ব্বাঙ্গীন শ্রীবৃদ্ধি হইবে। মফস্বলের নানা স্থানে নানা বিষয়ের উপকরণ অযত্নে ইতস্ততঃ ছড়াইয়া পড়িয়া আছে; এই সকল উপকরণ সংগ্রহ, রক্ষা ও তাহাদের বিস্তৃত বিবরণ প্রকাশ শাখা-পরিষদের প্রধান কর্ত্তব্য কার্য্য এবং অত্যন্ত সুখের বিষয় যে, প্রত্যেক শাখা-পরিষৎই এ বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিতে পারিয়াছেন। পরিষৎ আশা করেন যে, শাখা-পরিষদের অধিবেশনে

যে সমস্ত প্রবন্ধ পঠিত হয় এবং তাহাদের মধ্যে যেগুলি সুচিন্তিত ও গবেষণাপূর্ণ, সেগুলির লেখকগণ অনুগ্রহ পূর্ব্বক পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ সেই প্রবন্ধ মূল-পরিষদে পাঠাইয়া দিবেন। এই প্রসঙ্গে আমরা অত্যন্ত আনন্দের সহিত জানাইতেছি যে, আলোচ্য বৎসরে বারাণসী-শাখায় পঠিত একটি প্রবন্ধ এবং গৌহাটী-শাখা-সভায় পঠিত একটি প্রবন্ধ পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

অনুসন্ধান-সমিতি

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়-প্রবর্ত্তিত বরেন্দ্র অনুসন্ধান-সমিতির কার্য্য কুমার বাহাদুরের যত্নে ও চেষ্টায় সুপরিচালিত হইতেছে। বরেন্দ্র প্রদেশের অনুসন্ধান ব্যতীত আলোচ্য বৎসরে এই সমিতি মান্দ্রাজ প্রদেশের কোন কোন স্থানে ঐতিহাসিক অনুসন্ধানের জন্য গমন করিয়াছিলেন। এই সমিতি কর্ত্তৃক 'গৌড়রাজমালা'-প্রকাশের সংবাদ গত কার্য্যবিবরণীতে দেওয়া হইয়াছিল। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয় কর্ত্তৃক সম্পাদিত 'গৌড়-লেখমালা' প্রকাশিত হওয়ায় বাঙ্গালা সাহিত্যের এক অতি বিশেষ অভাব দূরীভূত হইয়াছে এবং এই গ্রন্থ ইতিহাসানুরাগী ব্যক্তি মাত্রেরই শ্রদ্ধা ও প্রীতি আকর্ষণে সমর্থ হইয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অনুমোদনক্রমে একটি অনুসন্ধান-সমিতি গঠিত হইয়াছে ও এই সংবাদ গত কার্য্যবিবরণীতে প্রদত্ত হইয়াছিল। আলোচ্য বর্ষে এই সমিতি বাঁকুড়া ও পুরুলিয়ার কোন কোন স্থানে ঐতিহাসিক অনুসন্ধানের জন্য গমন করিয়াছিলেন। এই অভিযানে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়, শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত রামকমল সিংহ যোগদান করিয়াছিলেন। এই অনুসন্ধানের ফল যথাসময়ে প্রকাশিত হইবে। অনুসন্ধান-সমিতি অন্যান্য দর্শন-যোগ্য বিষয়ের মধ্যে ছাত্‌নার বাসুলী-মন্দির, শুষুনিয়ার পর্ব্বতগাত্রাঙ্কিত চন্দ্রবর্ম্মার উৎকীর্ণ লিপি পরিদর্শন করেন। বেঙ্গল ষ্টোন কোম্পানীর হস্ত হইতে এই লিপিরক্ষার কোন ব্যবস্থা হইয়াছে কি না, পরিষৎ তাহা অবগত নহেন এবং যদি ইতিপূর্ব্বে কোন ব্যবস্থা করা না হইয়া থাকে, তাহা হইলে যাহাতে এরূপ কোন ব্যবস্থা হয়, তজ্জন্য পরিষদের পক্ষ হইতে গবর্মেণ্টের নিকট এক অনুরোধ-পত্র পাঠান হইয়াছে।

ইতিপূর্ব্বে লোকের মনে এক আশঙ্কা হইয়াছিল যে, গবর্মেণ্ট কোন ব্যক্তি বা কোন বে-সরকারী সভা-সমিতি দ্বারা ইতিহাস প্রত্নতত্ত্ব-সম্বন্ধীয় তথ্যাদি সংগ্রহের বিরোধী; কিন্তু অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে আমাদের সদাশয় গবর্মেণ্ট যে এক ঘোষণাপত্র বাহির করিয়াছেন, তাহাতে লিখিত আছে যে, গবর্মেণ্ট এই সমস্ত অনুসন্ধানের বিশেষ পক্ষপাতী। সাধারণের মনে যে ভীতির উদ্রেক হইয়াছিল, গবর্মেণ্টের এই ঘোষণাপত্রে তাহা অমূলক বলিয়া প্রতিপন্ন হইয়াছে। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সমগ্র বঙ্গীয়-সাহিত্য-সেবীর পক্ষ হইতে গবর্মেণ্টকে এই জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

রমেশ-ভবন

রমেশ-ভবনের কার্য্য আরও কিঞ্চিৎ অগ্রসর হইয়াছে। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের ভূমি-দান-পত্র ও ভবনের নক্সা প্রস্তুত হইয়াছে এবং এই নক্সা মঞ্জুরের জন্য

মিউনিসিপালিটিতে প্রেরিত হইয়াছে। আলোচ্য বর্ষে ভবনের ভিত্তিপ্রতিষ্ঠার সঙ্কল্প ছিল, কিন্তু নানা কারণে তাহা ঘটিয়া উঠে নাই, আশা করা যায় যে, আগামী বৎসরে ভিত্তি প্রতিষ্ঠিত হইবে।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে গুডফ্রাইডের ছুটীতে গত ৯ই ও ১০ই চৈত্র বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের ষষ্ঠ অধিবেশন হইয়াছিল। প্রবীণ সাহিত্যাচার্য্য শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। মাননীয় শ্রীযুক্ত প্রসন্নকুমার রায় মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতিত্ব করিয়াছিলেন ও শ্রীযুক্ত হরিশচন্দ্র দত্ত মহাশয়ের সম্পাদকতায় সম্মিলনের সমস্ত কার্য্য সুচারুভাবে নির্ব্বাহিত হইয়াছিল। এই অধিবেশন দুই দিনব্যাপী হইয়াছিল। দ্বিতীয় দিবস পূর্ব্বাহ্ণে চুঁচুড়া-সম্মিলনে গঠিত বিজ্ঞান-শাখার একটি স্বতন্ত্র বৈঠক বসিয়াছিল। আচার্য্য শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয় এই বৈঠকের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন এবং এই বৈঠকে যে সমস্ত প্রবন্ধ পঠিত হইয়াছিল, তাহাদের অধিকাংশই মৌলিক গবেষণাপূর্ণ হওয়াতে লোকের শ্রদ্ধা ও প্রীতি আকর্ষণে সমর্থ হইয়াছিল। স্বতন্ত্র বৈজ্ঞানিক বৈঠকের ফল দেখিয়া মনে হয় যে, বোধ হয়, অবিলম্বে বিষয়-ভেদে আরও একাধিক বৈঠকে সম্মিলনীয় বিভাগ সম্ভবপর হইবে। যখন এইরূপ নানা ভাবে সম্মিলনের কার্য্য বিভক্ত হইবে, তখনই সম্মিলন যে সমস্ত উচ্চ আদর্শ লইয়া জন্মগ্রহণ করিয়াছেন, তাহাদের একটির পূর্ণবিকাশ সাধ্যায়ত্ত বলিয়া পরিগণিত হইতে পারিবে। স্থির হইয়াছে যে, আগামী বৎসর আচার্য্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় এই বৈজ্ঞানিক বৈঠকের অধ্যক্ষতা গ্রহণ করিবেন। সম্মিলনের অধিবেশনের দ্বিতীয় দিনের শেষ বেলায় ভাষা, ইতিহাস প্রভৃতি সম্বন্ধে কতকগুলি প্রবন্ধ সংক্ষিপ্তাকারে পঠিত হয় এবং অপর অনেকগুলি প্রবন্ধ সময়াভাবে পঠিত বলিয়া গৃহীত হয়। অন্যান্য বৎসরের ন্যায় আলোচ্য বর্ষে সম্মিলনের উদ্দেশ্য প্রচারার্থ, সম্মিলনের কার্য্যাদি সুপরিচালনের জন্য এবং ভাষা ও সাহিত্যের উন্নতিকল্পে কতকগুলি প্রস্তাব পরিগৃহীত হইয়াছিল। সম্মিলনের বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন

উপযুক্ত সময়ের অভাবে আলোচ্য বর্ষে এই সম্মিলনের অধিবেশন হইতে পারে নাই। স্থির হইয়াছে যে, আগামী বৎসর ৩০শে ও ৩১শে জ্যৈষ্ঠ দিনাজপুরে এই সম্মিলনের অধিবেশন হইবে।

সম্বর্দ্ধনা

আলোচ্য বর্ষের প্রথম ভাগে কলিকাতায় হিন্দী-সাহিত্য-সম্মিলনের চতুর্থ অধিবেশন হয়। এই উপলক্ষে ভারতবর্ষের বিভিন্ন দেশ হইতে আগত প্রতিনিধিগণকে সম্বর্দ্ধনা করিবার জন্য পরিষৎ-মন্দিরে একটি সান্ধ্য-সম্মিলনের অনুষ্ঠান হইয়াছিল। এতদ্ব্যতীত রাজপুতানার বিখ্যাত চাঁদ কবির বংশধর শ্রীযুক্ত পণ্ডিত নাথুরামকে অভ্যর্থনা করার জন্যও একটি সান্ধ্য-সম্মিলন হয়।

উপসংহার

গত আট বৎসর ধরিয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যাঁহার নেতৃত্বে কাজ করিয়া আসিতেছেন, তাঁহার সম্বন্ধে কিছু বলা নিতান্ত আবশ্যক। তিনি যে প্রকার অক্লান্ত পরিশ্রম এবং আন্তরিক

যত্ন ও স্নেহের সহিত পরিষদের সর্ব্ববিধ কার্য্যই পরিচালনা করিয়া আসিতেছেন, তাহা সম্যক্‌রূপে বর্ণনা করা অল্প সময়ের মধ্যে সম্ভব নহে। পরিষদের কোন গুরুতর কার্য্য তাঁহার উপদেশ এবং আদেশ ব্যতীত হইতেই পারে না; সুতরাং তদ্বিষয়ে যে তিনি সমধিক যত্ন করিয়া তাহার বিধান করিবেন, ইহা স্বাভাবিক বটে। কিন্তু পরিষৎ-সংক্রান্ত এমন কোন ক্ষুদ্র কার্য্যও নাই, যাহার প্রতি তাঁহার দৃষ্টি নাই বা যাহার সম্বন্ধে তিনি সম্যক্ অবস্থাদি পরিজ্ঞাত হইয়া তৎসম্পর্কে বিধি-ব্যবস্থা করেন না। সংক্ষেপে বলিতে গেলে ইহা নিঃসন্দিগ্ধভাবে বলা যায় যে, পরিষদের কার্য্যপ্রসঙ্গে সভাপতির কর্ত্তব্য তিনি যে ভাবে সম্পাদন করিয়াছেন, যাবতীয় সভা-সমিতির সভাপতির পক্ষে তাহাই আদর্শরূপে গৃহীত হওয়া কর্ত্তব্য। সভাপতিরূপে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের তিনি অবশ্য মস্তকস্বরূপ, এই কথাটি আমাদের বর্ত্তমান সভাপতির পক্ষে কোন অংশেই রূপক, কি আরোপিত বা কল্পনা-বিজৃম্ভিত নহে। মনুষ্য-শরীরে মস্তকের যে যে কার্য্য, সভা বা সমাজ-শরীরে সভাপতির কার্য্যও কতকটা তদনুরূপ। যে সভাপতি বা যে সমাজনেতা এই দৃষ্টান্তের যতই নিকটবর্ত্তী হয়েন, তিনি ততই আদর্শ-সভাপতি বা সমাজপতি বলিয়া গৃহীত হইবার যোগ্য। পরিষৎ-শরীরে কোথায় কি ব্যাঘাতের আশঙ্কা ঘটিতেছে বা ঘটিবার সম্ভাবনা হইয়াছে, অনেক সময়ে তাহা তিনিই সর্ব্বাগ্রে বিবেচনা করিয়া তাহার যথোচিত নিবারণের ব্যবস্থা করিতে উদ্যোগী হইয়াছেন; পরিষৎ-শরীরের কোথায় কি প্রকার সৌষ্ঠবাদি সম্পাদন করিলে পরিষদের কার্য্য-প্রণালীতে সুশৃঙ্খলা ঘটে এবং কার্য্যক্ষেত্র প্রসারিত হইয়া পরিষদের গৌরব দিন দিন বৃদ্ধি হয়, তিনি তাহার জন্য সর্ব্বদাই চিন্তায় নিযুক্ত। পরিষৎ-শরীরের অভ্যন্তরে কিংবা বাহিরে কোন বিষয় লইয়া মতপার্থক্য উপস্থিত হইবার অঙ্কুর উৎপাদন হইলে, তৎসম্বন্ধে সহজে অথচ সুন্দররূপে মীমাংসা করিতে তিনি সিদ্ধহস্ত। এবম্প্রকারে দেখা যাইবে, যে মহাত্মা এখন সভাপতির আসন অলঙ্কৃত করিতেছেন, তিনি একজন আদর্শ-সভাপতি এবং তাঁহার নেতৃত্বে এই কয় বৎসরে পরিষৎ উন্নতির পথে অনেক অগ্রসর হইয়াছেন; সুতরাং বর্ত্তমান সভাপতি মহাশয়ের নিকট পরিষদের সদস্যগণ এবং আমাদের মাতৃভাষানুরাগী ব্যক্তি মাত্রেই বিশেষভাবে কৃতজ্ঞ, এ কথা বলা বাহুল্যমাত্র।

উপসংহারে পরিষদের সাধারণ সদস্যগণের নিকট আমার একটি বিনীত নিবেদন আছে। পরিষদের কার্য্যক্ষেত্র ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে, সন্দেহ নাই; কিন্তু কার্য্য-পরিচালনের ভার গ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তিবর্গের সংখ্যা তাদৃশ বৃদ্ধি পাইতেছে না, ইহা দুঃখের সহিত বলিতে হইবে। পরিষদের কার্য্য অনেক এবং তাহা সুষ্ঠুরূপে সম্পাদন করিতে হইলে অনেক ব্যক্তির সহায়তা বিশেষভাবে প্রয়োজন। একটি কাজের উদাহরণ দ্বারা এই কথাটি পরিস্ফুট করিবার চেষ্টা করিব। বঙ্গভাষায় একখানি সর্ব্বাঙ্গসুন্দর অভিধান সংগ্রহ করিতে হইলে, প্রাচীন বঙ্গ-সাহিত্য, বর্ত্তমান কালের বঙ্গ-সাহিত্য, প্রাদেশিক শব্দ ইত্যাদি নানাবিষয়ের গবেষণা করিতে কত অধ্যবসায়, কত পরিশ্রম প্রয়োজন, তাহা সহজেই সকলে অনুমান করিতে পারেন; কিন্তু ইহার জন্য যদি বঙ্গদেশীয় নানাস্থানের কৃতবিদ্য ব্যক্তিগণ আগ্রহ সহকারে বদ্ধপরিকর না হয়েন, তাহা হইলে পরিষদের শত সহস্র চেষ্টাতেও কিছু হইবার সম্ভাবনা নাই। এই প্রকার অভিধান সংগ্রহের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া মাতৃভাষার প্রতি অনুরাগী সদস্যগণ যদি

কার্য্যক্ষেত্রে অবতীর্ণ না হয়েন, তাহা হইলে কিপ্রকারে এই গুরুতর কার্য্য আমরা উদ্ধার করিব? সম্প্রতি Oxford হইতে যে বৃহৎকায় ইংরাজি অভিধান সঙ্কলিত হইয়াছে, তাহার কার্য্যপ্রণালী আমাদের আদর্শ হওয়া উচিত। আমি আশা করি যে, আমাদের দেশে ঠিক সেই আকারে না হউক, তদনুরূপ চেষ্টা ও উৎসাহের অভাব হইবে না। অভিধান সম্বন্ধে আমি যাহা বলিলাম, আমাদের অন্যান্য উদ্দেশ্য সম্বন্ধেও সে কথা খাটে। সংস্কৃত, আরবী এবং পার্শী ভাষায় এমন অনেক তথ্য আছে, যাহা আমাদের মাতৃভাষায় এখনও বিবৃত হয় নাই। কিন্তু সেইগুলি আমাদের মাতৃভাষায় প্রকাশিত হওয়া সর্ব্বাগ্রেই কর্ত্তব্য। এতদ্ব্যতীত ইংরাজি প্রভৃতি প্রতীচ্যদেশীয় ভাষায় ঐতিহাসিক, বৈজ্ঞানিক ও দার্শনিক অবশ্যজ্ঞাতব্য অনেক কথা আছে, যাহা আমাদের মাতৃভাষায় লিখিত না হইলে বঙ্গভাষা কখনও প্রকৃত পুষ্টিলাভ করিবে না এবং আমাদের দেশের সাধারণের নিকট ঐ সকল তথ্য অপ্রকাশিত থাকিয়া যাইবে ও প্রকৃত প্রস্তাবে এ দেশে জ্ঞানবিস্তারের পথ উন্মুক্ত হইবে না। আমাদের দেশে বর্ত্তমান সময়ে শ্রীভগবানের কৃপায় প্রতীচ্য-বিজ্ঞান ও দর্শনাদি শাস্ত্রে ব্যুৎপন্ন লোকের অভাব নাই; তাঁহারা এই কার্য্যে ব্রতী না হইলে এ কার্য্য আর কে করিবে? এখন বিবেচনা করুন, আমাদের সম্মুখে কার্য্যক্ষেত্র কত বিস্তৃত। আসুন, আপনারা সকলে উদ্যোগী হউন; মাতৃভাষাকে সর্ব্বাঙ্গপুষ্ট ও সর্ব্বাঙ্গসুন্দর করিতে কৃতসঙ্কল্প হইয়া যাঁহার যাহা সাধ্য, তাহা করিয়া মাতৃভাষার সেবায় জীবন উৎসর্গ করুন এবং নিজেদের উপার্জ্জিত জ্ঞানের সার্থকতা লাভ করুন। আমি আমার দুই একটি বন্ধুর নিকট অবগত হইয়াছি যে, অনেকে কাজ করিতে উৎসুক, কিন্তু তাঁহারা কার্য্যের যথোপযুক্ত অবকাশাদি পান না বলিয়া কার্য্যক্ষেত্রে অগ্রসর হন না। এ কথার উত্তরে আমি পরিষদের পক্ষ হইতে এই পর্য্যন্ত বলিতে পারি যে, পরিষদের দ্বার বঙ্গভাষার উন্নতিকল্পে উৎসাহী ব্যক্তিমাত্রেরই জন্য সর্ব্বদা উন্মুক্ত, বিশেষতঃ পরিষদের সদস্যগণের নিকট পরিষৎ-মন্দির ত তাঁহাদের নিজেদেরই দেবালয়স্বরূপ;—নিজেদের দেবালয়ে আসিয়া তথায় অর্চ্চনাদি করিতে কাহারও আহ্বান বা নিমন্ত্রণের আবশ্যকতা আছে কি? যাঁহাদের উপর আপাততঃ পরিষদের কার্য্য-পরিচালনের ভার আপনারা অর্পণ করিয়াছেন, তাঁহাদের পক্ষ হইতে আমি বলিতে পারি যে, পরিষদের কাজ করিতে উৎসাহী, এমত ব্যক্তিকে পাইলে তাঁহারা অতিশয় আনন্দিত ও কৃতার্থ হইবেন। যাহারা পরিষদের সাধারণ কার্য্য পরিচালন করিতে পরিষদের কর্ম্মচারী নিয়োগ করিয়াছেন, তাঁহাদিগকে পরিষদের কাজ করিতে কে বাধা দিতে পারে? এবং বাধা দিবার কারণই বা কি হইতে পারে? আসুন, সকলে এই প্রকার ভ্রান্ত ধারণার বশীভূত না থাকিয়া পরিষদের কার্য্য করিতে সকলেই যত্নশীল হউন; দেখিবেন, তাঁহাদের অধ্যবসায় ও যত্ন অতীব আনন্দের সহিত গৃহীত হইবে এবং আমরা সকলেই এই প্রকার যত্নশীল ও কৃতী ব্যক্তির নিকট আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করিব।

পরিশেষে কার্য্যনির্ব্বাহক-সমিতির সদস্যবর্গের নিকট আমার বিনীত প্রার্থনা এই যে, তাঁহারা যেন তাঁহাদের পদের গুরুত্ব বিবেচনা করিয়া পরিষদের কার্য্যে সকলেই সমান যত্নশীল হয়েন। এ কথা আমাকে দুঃখের সহিত বলিতে হইতেছে যে, আমাদের দুর্ভাগ্যবশতঃ আমরা কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে সভ্যরূপে যাঁহাদের পাই, অনেক সময়ে তাঁহাদের মধ্যে

সকলের সমান যত্ন আমরা দেখিতে পাই না। পরিষদের কার্য্য ক্রমশই বৃদ্ধি পাইতেছে; সুতরাং এখন আর পূর্ব্বের ন্যায় উদাসীনভাবে থাকিলে কাজ চলিবে না। ভরসা করি, আগামী বর্ষের কার্য্যবিবরণীতে এই প্রকার দুঃখ-কাহিনী আর বিবৃত করিতে হইবে না। আমাদের অনেকগুলি শাখা-সমিতি আছে; তাহাদের কাজ আশামত অগ্রসর হয় নাই—ইহাও পরিষদের পক্ষে শুভবার্ত্তা নহে। আমি ভরসা করি যে, দিন দিন পরিষদের সদস্যগণ—যাঁহারা কোন কোন নির্দ্দিষ্ট কাজে নিযুক্ত আছেন বা যাহারা আপাততঃ কোন নির্দ্দিষ্ট কাজে নিযুক্ত নাই,—সকলেই পরিষদের কাজে অধিকতর ঔদাসীন্য-বর্জ্জিত ও উৎসাহী হইবেন এবং ভাবী সম্পাদককে প্রতিবৎসর এই প্রকার কাতরোক্তি আর জানাইতে হইবে না।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-মন্দির
বঙ্গাব্দ ১৩২০, ১১ই জ্যৈষ্ঠ

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী
সম্পাদক।

পরিশিষ্ট

চিত্রশালা

আলোচ্য বর্ষে চিত্রশালায় ৩৭টি প্রস্তরমূর্ত্তি, তন্মধ্যে ১৫৮০ শকের শিলালেখযুক্ত একখানি প্রস্তরফলক, খৃষ্টায় নবম শতাব্দীর লিপিযুক্ত মৃণ্ময় শীলমোহর, কতকগুলি মিনা-করা ইষ্টক এবং চারিখানি সুপ্রাচীন তিব্বতীয় চিত্র সংগৃহীত হইয়াছে। পরিষদের বিভিন্ন অধিবেশনে ঐ সমস্ত যথাকালে প্রদর্শিত ও কার্য্যবিবরণীমধ্যে ইহার সংক্ষিপ্ত পরিচয়ও লিপিবদ্ধ হইয়াছে। ঐ সমস্ত মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত শশিভূষণ সার্ব্বভৌম, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত গুরুদাস সরকার এবং শ্রীযুক্ত বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায় মহাশয়গণের দান বলিয়া পরিষৎ তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞ। বিশেষতঃ পরিষদের চিরপৃষ্ঠপোষক মাননীয় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর গান্ধার শিল্পের নিদর্শন যে ১৫টি মূর্ত্তি বহু অর্থব্যয়ে সংগ্রহ করিয়া পরিষৎকে দান করিয়াছেন, তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই প্রস্তরমূর্ত্তি কয়টির আবিষ্কারস্থান পঞ্জাবের প্রান্তসীমা পেশাবর অঞ্চল। দুই সহস্র বর্ষের বৌদ্ধ শিল্পের নিদর্শন এবং বুদ্ধের জীবনী ও জাতকসম্বন্ধীয় অনেক কথাই ঐ কয়টি মূর্ত্তিতে প্রকটিত রহিয়াছে। এই মূর্ত্তি কয়টি পরিষদের চিত্রশালার গৌরব যে উত্তরোত্তর বৃদ্ধি করিতে সমর্থ হইবে, তাহা বলাই বাহুল্য। মাননীয় মহারাজ বাহাদুর এই সঙ্গে যে চারিখানি সুপ্রাচীন তিব্বতীয় চিত্র দান করিয়াছেন, তাহাও উল্লেখযোগ্য। ইহার একখানি চিত্রে তিব্বতে লামাধর্ম্মপ্রবর্ত্তক পদ্মসম্ভব ও তাঁহার অষ্টবিধ মূর্ত্তি, অপর চিত্রে অমিতায়ু বুদ্ধ এবং তাঁহার নিম্নদেশে চতুর্ভুজ অবলোকিতেশ্বর ও দ্বিভুজা কালী এবং ঊর্দ্ধদেশে রত্নসম্ভব ও অক্ষোভ্য মূর্ত্তি, তৃতীয় চিত্রে যে সকল তান্ত্রিক দেবদেবী ও অবতার-মূর্ত্তি তিব্বতে পূজিত হইয়া থাকেন, তাঁহাদের অনেকের বর্ণচিত্র এবং চতুর্থ চিত্রে স্বর্ণরেখার মধ্যে অঙ্কিত ৮৫২টি ধ্যানী বুদ্ধের মূর্ত্তি। নিম্নে উক্ত মূর্ত্তি প্রভৃতির তালিকা ও প্রদাতার নাম দেওয়া হইল ;—

মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কর্ত্তৃক প্রদত্ত—

১ হইতে ৪ প্রাচীন তিব্বতীয় চিত্র।

৫। ধর্ম্মচক্র-মুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি ; আসনের নিম্নে প্রস্ফুটিত পদ্ম ; পদ্মদলগুলি তিন স্তরে সজ্জিত। পার্শ্বে নিম্নভাগে অঞ্জলিবদ্ধ উপাসকমূর্ত্তি। বাম পার্শ্বে অপর একটি পদ্মের উপর আর একটি দণ্ডায়মান মূর্ত্তির ভগ্নাংশ।

৬। ধ্যানমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি, মস্তকবিহীন।

৭। ধ্যানমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি। মস্তকের পশ্চাতে প্রভামণ্ডলের ভগ্নাংশ।

৮। ধ্যানমুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি। মস্তকের পশ্চাতে প্রভামণ্ডল।

৯। Erotes বা যক্ষমূর্ত্তিসমূহ। ছয়টি মূর্ত্তিই নগ্ন। বামদিক্ হইতে তৃতীয় মূর্ত্তির হস্তে একটি ময়ূর। বামদিকের প্রথম মূর্ত্তিটি বস্ত্রপরিহিত ; মস্তক ভগ্ন। সকল মূর্ত্তিরই পদদ্বয়ে নূপুর।

১০। মৃণ্ময় চক্রের ভগ্নাংশ।

১১। তিনটি ধ্যানমুদ্রায় আসীন বুদ্ধমূর্ত্তি, একটির উপর আর একটি যথাক্রমে সজ্জিত। প্রত্যেক বুদ্ধমূর্ত্তির পার্শ্বে দুইটি করিয়া উপাসক বা শিষ্যের মূর্ত্তি। বামপার্শ্বে তিনটি অঞ্জলিবদ্ধ উপাসকমূর্ত্তি উপরোক্তরূপে সজ্জিত। দক্ষিণপার্শ্বে লতাপত্রের সজ্জা।

১২। বোধিসত্ত্বমূর্ত্তির উপরার্দ্ধ। মস্তকে ঊর্ণা, পশ্চাতে প্রভামণ্ডল।

১৩। উচ্চাসনে উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি; বামহস্ত অঙ্কে স্থাপিত, দক্ষিণ হস্ত উত্তোলিত; যেন কিছু উপদেশ দিতেছেন। নিম্নে আসনের সম্মুখে একটি সর্প। বামপার্শ্বে দীর্ঘ বস্ত্র ও উত্তরীয়-শোভিত পুরুষমূর্ত্তি (সম্ভবতঃ নাগমূর্ত্তি; কারণ, মস্তকের উপরে সর্পফণাসমষ্টির ভগ্নাংশ লক্ষিত হয়)। মূর্ত্তিটি বুদ্ধদেবের দিকে ফিরিয়া জোড়করে দণ্ডায়মান। দক্ষিণপার্শ্বে আজানুলম্বিত পরিচ্ছদ-পরিহিত আর একটি নাগমূর্ত্তি জোড়করে দণ্ডায়মান। তৎপশ্চাৎ অপর একটি উচ্চাসনোপবিষ্ট পুরুষমূর্ত্তি; উভয় হস্ত অঙ্কে স্থাপিত। তৎপশ্চাৎ আরও একটি ঐরূপ মূর্ত্তির ভগ্নাংশ।

১৪। একটি অনুচ্চ স্তম্ভোপরি উপবিষ্ট মেষমূর্ত্তি। তৎসম্মুখে জোড়করে দণ্ডায়মান উত্তরীয়াবৃতদেহ পুরুষমূর্ত্তি (মূর্ত্তিটির মস্তক ও গ্রীবা ভাঙ্গিয়া গিয়াছে)।

১৫। দুইটি দৃশ্য মধ্যে একটি স্তম্ভ।

(ক) বামদিকের দৃশ্য—বুদ্ধদেব বৃক্ষতলে বসিয়া উপদেশ দিতেছেন। বামদিকে দুইটি ও দক্ষিণদিকে দুইটি দীর্ঘবস্ত্রপরিহিত মূর্ত্তি, সকলেই যুক্তকর। দক্ষিণদিকের মূর্ত্তি দুইটি ভাঙ্গিয়া অস্পষ্ট হইয়াছে; উভয় মূর্ত্তিরই মস্তকে প্রভামণ্ডল আছে।

(খ) দৃশ্য ভগ্ন ও অস্পষ্ট। দক্ষিণপার্শ্বে প্রভামণ্ডলবিশিষ্ট দীর্ঘবস্ত্রপরিহিত দণ্ডায়মান মূর্ত্তি (সম্ভবতঃ বুদ্ধমূর্ত্তি)। বামদিকে একটি স্তম্ভের উপর একটি মানুষের মস্তক ও বক্ষোদেশমাত্র দেখা যাইতেছে। মধ্যস্থলের নিম্নাংশ অত্যন্ত অস্পষ্ট ও জটিল; উপরে একটি উড্ডীয়মান পুরুষমূর্ত্তি; দক্ষিণহস্তে একটি বর্ত্তুলাকার পদার্থ; দক্ষিণহস্তে উত্তরীয় বস্ত্রের ন্যায় কিছু ঝুলিতেছে।

১৬। দুইটি খিলানের আকারে উপর নীচে বিন্যস্ত।

(ক) নিম্নার্দ্ধ—বৃক্ষতলে বুদ্ধদেব উপবিষ্ট; আসনে ত্রিশূল-চিহ্ন অঙ্কিত। দক্ষিণপার্শ্বে প্রভামণ্ডলবিশিষ্ট তিনটি দণ্ডায়মান দেবমূর্ত্তি। সর্ব্বপশ্চাৎ আরও একটি মূর্ত্তির ভগ্নাংশ আছে। বামপার্শ্বে খণ্ডিত।

(খ) উপরার্দ্ধ—আস্তরণশোভিত উচ্চাসনের উপর বুদ্ধদেবের উষ্ণীষ। দক্ষিণপার্শ্বে তিনটি পুরুষমূর্ত্তি জানু পাতিয়া যুক্তকরে উষ্ণীষের পূজা করিতেছেন। স্বর্গে দেবগণকর্ত্তৃক বুদ্ধদেবের উষ্ণীষ-পূজা এই দৃশ্যের বর্ণিত বিষয় বলিয়া বোধ হয়।

১৭। বৃক্ষতলে আসীন বুদ্ধমূর্ত্তির ভগ্নাংশ। দক্ষিণপার্শ্বে উষ্ণীষ-ভূষণাদিশোভিত পুরুষমূর্ত্তি জোড়করে দণ্ডায়মান। তদূর্দ্ধে অপর দুইটি মূর্ত্তি।

১৮। একটি চতুষ্ক দৃশ্যের দক্ষিণপার্শ্ব। তিনটি মূর্ত্তি—একটির উপর একটি বিন্যস্ত। নিম্নে প্রভামণ্ডল ও ঊর্ণাবিশিষ্ট বোধিসত্ত্বমূর্ত্তি। দুই হাতে করিয়া একটি বাটীর মত পাত্র ধরিয়া আছেন। তদূর্দ্ধে ও পশ্চাতে পর পর দুইটি অঞ্জলিবদ্ধ পুরুষমূর্ত্তি।

৭/১৯। খিলানের আকারে বিন্যস্ত পর পর তিনটি দৃশ্য।

(ক) নিম্নভাগ লুম্বিনীবনে মায়াদেবীর কুক্ষি হইতে বুদ্ধদেবের জন্ম।

(খ) মধ্যভাগ অত্যন্ত অস্পষ্ট। সম্ভবতঃ উচ্চাসনে স্থাপিত ধর্ম্মচক্র। দুই পার্শ্বে দুইটি দণ্ডায়মান মূর্ত্তি।

(গ) উপরের দৃশ্য অত্যন্ত অস্পষ্ট—অনেকগুলি দণ্ডায়মান মূর্ত্তি। মধ্যভাগে বুদ্ধদেবের মূর্ত্তি অনুমিত হয়।

১/২০। মধ্যভাগের মূল দৃশ্যটির সামান্য অংশ বর্ত্তমান। সম্ভবতঃ একটি নারীমূর্ত্তি—এক হস্ত কটিদেশে ন্যস্ত, অপর হস্তদ্বারা দক্ষিণদিকের প্রাচীর হইতে আলম্বিত একটি অঙ্গুরীয়াকৃতি দ্রব্য ধরিয়া আছে। মূল দৃশ্যের দক্ষিণপার্শ্বে প্রাচীরের বাহিরে একটি স্ত্রীমূর্ত্তি ত্রিভঙ্গ হইয়া দণ্ডায়মান। তাহার পদনিম্নে ঘটের ন্যায় একটি পাদপীঠ। এই মূর্ত্তির দক্ষিণপার্শ্বে অপর এক প্রাচীরের বাহিরে একটি সুবেশ-পরিহিত পুরুষমূর্ত্তি।

১/২১। বামপার্শ্বে পদ্মোপরি আসীন বুদ্ধমূর্ত্তির ভগ্নাংশ। তাহার দক্ষিণপার্শ্বে উচ্চাসনে উপবিষ্ট মাল্যাদি-শোভিত পুরুষমূর্ত্তি। তাহার পশ্চাতে পদ্মাসনে আসীন মাল্যাদি শোভিত অপর তিন মূর্ত্তি; এই তিন মূর্ত্তিরই হস্তদ্বয় অঙ্কোপরি ন্যস্ত; সমস্ত মূর্ত্তিগুলিরই শির খণ্ডিত। সর্ব্ব-পশ্চাৎ যে মূর্ত্তিটি আছে, তাহার মস্তকের পশ্চাতে প্রভামণ্ডলচিহ্নের কিয়দংশ দেখিতে পাওয়া যায়; তাহা হইতে অনুমান হয়, এই তিনটিই দেবমূর্ত্তি।

১/২২। মাল্যভূষণাদি-শোভিত উপবিষ্ট বোধিসত্ত্বমূর্ত্তি; বামহস্তে কমণ্ডলু।

১/২৩। দণ্ডায়মান বুদ্ধমূর্ত্তি; দক্ষিণহস্ত উত্তোলিত; উপদেশ দিতেছেন।

১/২৪। বেত্রাসনে উপবিষ্ট বোধিসত্ত্বমূর্ত্তি; সম্মুখে পদ্মাসনের উপর পাদপীঠে বামপদ সংন্যস্ত; দক্ষিণপদ অঙ্কে ন্যস্ত।

১/২৫। বুদ্ধমূর্ত্তির মস্তক; পশ্চাতে পুষ্পিত বৃক্ষশাখা।

১/২৬। বুদ্ধদেব একপার্শ্বে উপবিষ্ট; পার্শ্বে একটি মূর্ত্তি ভূমিষ্ঠ হইয়া মস্তকের দ্বারা বুদ্ধদেবের আসন স্পর্শ করিতেছে। অন্য দুইটি মূর্ত্তির ভগ্নাংশমাত্র অবশিষ্ট। একটির হস্তে কমণ্ডলু। ভূমিষ্ঠ ব্যক্তির কেশ চূড়াবদ্ধ ও পশ্চাতে পৃষ্ঠদেশ পর্য্যন্ত আলম্বিত।

৬/২৭। দুইটি দৃশ্য উপরে উপরে বিন্যস্ত।

(ক) নিম্নদৃশ্য—সম্পূর্ণ বিষয়টির দক্ষিণপার্শ্ব মাত্র অবশিষ্ট। চারিটি মূর্ত্তি; একটির হস্তে দণ্ড, প্রহরী বা শরীররক্ষক হইতে পারে; একটি মুণ্ডিতকেশ ভিক্ষু; অপর একটি মূর্ত্তিও ভিক্ষুবেশ-পরিহিত; চতুর্থ মূর্ত্তি অলঙ্কারাদি-ভূষিত, স্ত্রীমূর্ত্তি হইতে পারে; যুক্তকরে বস্ত্র ধারণ করিয়া অবস্থিত।

(খ) উপরের দৃশ্য—তিনটি মূর্ত্তি; একটি দণ্ডধারী শ্মশ্রুবিশিষ্ট যক্ষমূর্ত্তি।

১/২৮। বজ্রপাণি যক্ষমূর্ত্তি।

৬/২৯। বজ্রপাণি যক্ষমূর্ত্তি; দক্ষিণহস্তে মশাল; বামহস্তে বজ্র।

৬/৩০। দুইটি দৃশ্য। উভয় দৃশ্যেই দুইটি করিয়া যক্ষ বা Erotes মূর্ত্তি।

৫/৩১। তিনটি (সম্ভবতঃ) স্ত্রীমূর্ত্তি; একটির হস্তে একটি বাটীর মত পাত্র। দৃশ্যটির দক্ষিণ দিকের অংশ খণ্ডিত। উপরে স্তূপের বৃতি বা রেল।

৫/৩২। দুইটি বৃক্ষের দ্বারা অরণ্য সূচিত হইয়াছে। আসনে উপবিষ্ট উত্তরীয়াবৃত-দেহ তিনটি মূর্ত্তি। সম্ভবতঃ মৃগদাবে পঞ্চশিষ্যের নিকট বুদ্ধদেব কর্ত্তৃক প্রথম ধর্ম্মপ্রচারের দৃশ্য। দক্ষিণ দিকের অংশ খণ্ডিত।

৫/৩৩। উপর উপর দুইটি দৃশ্য বিন্যস্ত। দুইটিই খণ্ডিত।

(ক) উপরের দৃশ্য—মধ্যে উষ্ণীষ, কর্ণভূষণ উত্তরীয়াদি-শোভিত একটি পুরুষমূর্ত্তি; দুই পার্শ্বে দুইটি স্ত্রীমূর্ত্তি; দক্ষিণ দিকের মূর্ত্তিটি যুক্তকরে অবস্থিত; এই মূর্ত্তিত্রয়ের ঊর্দ্ধে ও পশ্চাতে অপর তিন মূর্ত্তি, বামদিকে দুইটি নগ্নকায় পুরুষ ঊর্দ্ধে অঙ্গুলি দ্বারা সঙ্কেত করিতেছে; দক্ষিণ দিকের মূর্ত্তিটির মস্তক খণ্ডিত, বামবাহু ও বক্ষোদেশ উত্তরীয়াবৃত, বাম হস্তে কমণ্ডলু।

(খ) নিম্নের দৃশ্য—একটি পুরুষমূর্ত্তির মস্তক মাত্র অবশিষ্ট, গোলাকার শিরস্ত্রাণ-শোভিত দক্ষিণ দিকে একটি বৃক্ষ; তাহার শাখামধ্য হইতে (সম্ভবতঃ) এক বনদেবতার দেহের উপরার্দ্ধ দেখা যাইতেছে; দেবতা যুক্তকরে মধ্যস্থ পুরুষমূর্ত্তির দিকে ফিরিয়া আছেন।

৫/৩৪। বেশভূষাদি-শোভিত বোধিসত্ত্বমূর্ত্তি; উচ্চাসনে উপবিষ্ট; প্রস্ফুটিত পদ্মোপরি স্থাপিত পাদপীঠে পদদ্বয় বিন্যস্ত; মস্তকের পশ্চাতে প্রভামণ্ডল-চিহ্ন ও তদুপরি ছত্র। নিম্নে অপর একটি দৃশ্য ছিল; একটি কুটীরের গোলাকার ছাউনির ভগ্নাংশ মাত্র অবশিষ্ট।

৫/৩৫। দণ্ডায়মান বুদ্ধমূর্ত্তির খণ্ডিতাংশ। মস্তক ও পদদ্বয় নাই।

৫/৩৬। চারিটি মূর্ত্তি; তন্মধ্যে তিনটি ভগ্ন ও অস্পষ্ট; তিনটি মূর্ত্তি সম্মুখে দণ্ডায়মান, বামপার্শ্বের মূর্ত্তিটি সম্পূর্ণ আছে, উষ্ণীষ উত্তরীয়াদি-শোভিত; দক্ষিণ হস্তে সুদীর্ঘ বল্লম, বাম হস্ত কটিদেশে সংন্যস্ত; এই শেষোক্ত মূর্ত্তিটির পশ্চাতে ও উপরের দিকে চতুর্থ মূর্ত্তিটি দণ্ডায়মান।

৫/৩৭। বৃক্ষতলে আসীন বুদ্ধমূর্ত্তি, ধ্যানাসনে উপবিষ্ট, দুই পার্শ্বে দুইটি করিয়া মুণ্ডিতমস্তক ভিক্ষু শিষ্য; দুই পার্শ্বে দুইটি ইণ্ডো-করিন্থীয় ধরণের স্তম্ভ ও উপরে কার্ণিশ।

৫/৩৮। দণ্ডায়মান বোধিসত্ত্বমূর্ত্তি; পদদ্বয়ে কাষ্ঠপাদুকা।

৫/৩৯। ত্রিপত্র খিলানের (trefoil arch) আকারে বিন্যস্ত। মধ্যস্থ খিলানের নিম্নভাগে ধ্যান-মুদ্রায় উপবিষ্ট বুদ্ধমূর্ত্তি, মস্তকের পশ্চাতে প্রভামণ্ডল; উপরে দুইটি বৃক্ষশাখা দেখা যায়; দুই পার্শ্বে দুইটি পুরুষমূর্ত্তি যুক্তকরে দণ্ডায়মান। পাশের দুইটি খিলানে একটি করিয়া উপাসকমূর্ত্তি।

শ্রীযুক্ত গুরুদাস সরকার এম্ এ মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

৫/৪০। মিনা-করা ইষ্টক।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

৫/৪১। মৃণ্ময় বৌদ্ধ শীলমোহর, খৃষ্টীয় ৯ম শতাব্দী।

শ্রীযুক্ত বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

৫/৪২। গড়গঙ্গালীর ইষ্টক।

শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত—

৪৩। মহাবীর স্বামী (জৈন প্রস্তরমূর্ত্তি)।

শ্রীযুক্ত শশিভূষণ সার্ব্বভৌম মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

৪৪। খোদিত প্রস্তর-ফলক, শকাব্দ ১৫৮০।

গত বর্ষের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের চিরহিতৈষী বান্ধব শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় ২টি প্রাচীন স্বর্ণমুদ্রা, ৫টি প্রাচীন রৌপ্যমুদ্রা এবং ১৪টি সুপ্রাচীন তাম্রমুদ্রা ; শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় ২টি প্রাচীন রৌপ্যমুদ্রা ও একটি তাম্রমুদ্রা ; শ্রীযুক্ত মণিমোহন সেন একটি সুপ্রাচীন স্বর্ণমুদ্রা এবং শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয় ১টি রৌপ্যমুদ্রা প্রদান করিয়াছেন। এজন্য পরিষৎ তাঁহাদিগের নিকট বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন। উক্ত মুদ্রা-সমূহের মধ্যে পারদরাজ অর্সকেসের রৌপ্যমুদ্রা, শাকমুদ্রার অনুকরণ যবনরাজ এবুক্রতিদের (Eukratides) মুদ্রা, যবনরাজ প্রথম ও দ্বিতীয় অয়, যবনরাজ অন্তিআল্‌কিদাস্ ও মেনন্দরের মুদ্রা, এতদ্ভিন্ন নরবারের নাগরাজ গণপতি ও দেবনাগের মুদ্রা উল্লেখযোগ্য। এতদ্ভিন্ন দ্বিতীয় কুমার গুপ্তের স্বর্ণমুদ্রা ও দনুজমর্দ্দনদেবের রৌপ্যমুদ্রা বিশেষ ভাবে উল্লেখ করা যাইতে পারে। শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয় বহু আয়াস স্বীকারপূর্ব্বক চন্দ্রদ্বীপপতি দনুজমর্দ্দনদেবের মুদ্রা উদ্ধার করিয়া বঙ্গের হিন্দুরাজত্বের ইতিহাসের একটি তর্কসঙ্কুল অধ্যায়ের মীমাংসার সহায় হইয়াছেন। নিম্নে সংখ্যানুক্রমে মুদ্রাগৃহীত রাজার নাম ও যিনি যে যে মুদ্রা প্রদান করিয়াছেন, তাঁহাদের নাম উদ্ধৃত হইল ;—

শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

১। মুদ্রা (স্বর্ণ) শ্রীপ্রতাপকৃষ্ণ দেব রায় (বিজয়নগর)
২। „ „ ত্রিস্বামী পাগোডা (দাক্ষিণাত্য)
৩। „ (রৌপ্য) Eukratides এবুক্রতিদ (Scythian imitation)
৪। „ „ আপলদত্ত Apollodotus
৫। „ „ পুলমায়ি
৬। „ „ মিলিন্দ (Menander)
৭। „ „ অয় (Azes I)
৮। „ (তাম্র) অযোধ্যার সুপ্রাচীন মুদ্রা
৯। „ „ এবুক্রতিদ
১০। „ „ তক্ষশিলা নগর (City of Taxila)
১১। „ „ অয় ১ম
১২। „ „ মণি (Manes)
১৩। „ „ অন্তিআল্‌কিদাস (Antialkidus)
১৪। „ „ ইউথিদিমস

শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

✓১৫। মুদ্রা (তাম্র) মিলিন্দ (Menander)

✓১৬। " " তক্ষশিলা ২ খণ্ড

✓১৭। " " নরবারের নাগমুদ্রা

✓১৮। " " অয় ২য় (Azes II)

✓১৯। " " ময়ূরাঙ্কিত

✓২০। " " গণপতি নাগ

✓২১। " " দেবনাগ

শ্রীযুক্ত মণিমোহন সেন মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

✓২২। মুদ্রা (স্বর্ণ) কুমারগুপ্ত ২য়

শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

✓২৩। মুদ্রা (রৌপ্য) দনুজমর্দ্দন দেব

শ্রীযুক্ত রাখালদাস বন্দোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক প্রদত্ত—

✓২৪। মুদ্রা (রৌপ্য) পারদদেশীয় পারদ রাজবংশের অর্সকেসের মুদ্রা।

✓২৫। ঐ ঐ তিব্বতদেশীয় বর্ত্তমান কালের মুদ্রা।

✓২৬। ঐ (তাম্র) 'সিবিগজপতি মহারাজ'

শ্রীনগেন্দ্রনাথ বসু

চিত্রশালাধ্যক্ষ।

সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি

দৈনিক :—

(১) The Amrita Bazar Patrika.
(২) The Herald
(৩) নায়ক
(৪) The Bengalee
(৫) The Indian Mirror

সাপ্তাহিক :—

(১) The Calcutta Spectator.
(২) The Hindoo Patriot.
(৩) The Indian Empire.
(৪) The Indian Nation.
(৫) The Indian Trade Journal.
(৬) The Indian World.
(৭) The Mussalman.
(৮) The Reis and Rayyet.
(৯) The Telegraph.
(১০) Unity and Minister.
(১১) The World and the New Dispensation.
(১২) আনন্দ-বাজার পত্রিকা
(১৩) এডুকেশন গেজেট
(১৪) কল্যাণী
(১৫) কাশীপুর-নিবাসী
(১৬) খুলনাবাসী
(১৭) গৌড়দূত
(১৮) ২৪ পরগণা-বার্ত্তাবহ
(১৯) চারুমিহির
(২০) চুঁচুড়া-বার্ত্তাবহ
(২১) জাগরণ
(২২) ঢাকাপ্রকাশ
(২৩) ত্রিপুরা-হিতৈষী
(২৪) দর্শক
(২৫) নীহার
(২৬) নোয়াখালি-সম্মিলনী
(২৭) পল্লীবার্ত্তা
(২৮) পল্লীবাসী
(২৯) পুরুলিয়া-দর্পণ
(৩০) প্রসূন
(৩১) বঙ্গবাসী
(৩২) বঙ্গরত্ন
(৩৩) বরিশাল-হিতৈষী
(৩৪) বর্দ্ধমান-সঞ্জীবনী
(৩৫) বসুমতী
(৩৬) বার্ত্তাবহ
(৩৭) বিশ্ববার্ত্তা
(৩৮) বীরভূমবার্ত্তা
(৩৯) বীরভূমবাসী
(৪০) মালদহ-সমাচার
(৪১) মুরশিদাবাদ-হিতৈষী
(৪২) মেদিনীপুর-হিতৈষী
(৪৩) মোসলেম-হিতৈষী
(৪৪) মোহাম্মদী
(৪৫) যশোহর
(৪৬) রঙ্গপুর দিক্‌প্রকাশ
(৪৭) রত্নাকর
(৪৮) শিক্ষা-সমাচার
(৪৯) সঞ্জীবনী

সাপ্তাহিক :—

(৫০) সদ্ধর্ম্ম-প্রচারক (হিন্দী)
(৫১) সুরমা
(৫২) হিতবাদী
(৫৩) সময়
(৫৪) স্বরাজ
(৫৫) হিন্দু-রঞ্জিকা

পাক্ষিক :—

(১) The Collegian.
(২) প্রান্তবাসী
(৩) ধর্ম্মতত্ত্ব
(৪) সম্মিলনী

মাসিক পত্রিকা :—

(১) Calcutta University Magazine.
(২) Health and Happiness.
(৩) Industry.
(৪) The Review.
(৫) অর্ঘ্য
(৬) অবসর
(৭) আয়ুর্ব্বেদ-হিতৈষিণী
(৮) আর্য্য-গৌরব
(৯) আর্য্যাবর্ত্ত
(১০) ইন্দু (হিন্দী)
(১১) উৎসব
(১২) উদ্বোধন
(১৩) কণিকা
(১৪) কাজের লোক
(১৫) কায়স্থ-পত্রিকা
(১৬) কৃষক
(১৭) কোহিনূর
(১৮) গৃহস্থ
(১৯) চিকিৎসা-প্রকাশ
(২০) ছাত্র-সুহৃদ্
(২১) জন্মভূমি
(২২) ঢাকারিভিউ ও সম্মিলনী
(২৩) তত্ত্ব-মঞ্জরী
(২৪) তারা
(২৫) তোষিণী
(২৬) ধর্ম্ম-প্রচারক
(২৭) The Dawn.
(২৮) The Hindu Review.
(২৯) Journal and Proceedings of the Asiatic Society of Bengal.
(৩০) অর্চ্চনা
(৩১) অলৌকিক রহস্য
(৩২) আর্য্য-কায়স্থ-প্রতিভা
(৩৩) আর্য্য-প্রভা (সংস্কৃত)
(৩৪) আলোচনা
(৩৫) উচ্ছ্বাস
(৩৬) উদয়
(৩৭) উপাসনা
(৩৮) কর্ম্মকার-বন্ধু
(৩৯) কাদম্বরী (সংস্কৃত)
(৪০) কুশদহ
(৪১) কৃষি-সম্পদ্
(৪২) গল্প-লহরী
(৪৩) চিকিৎসা-তত্ত্ব-বিজ্ঞান
(৪৪) চিকিৎসা-সম্মিলনী
(৪৫) জগজ্জ্যোতিঃ
(৪৬) জাহ্নবী
(৪৭) তত্ত্ববোধিনী পত্রিকা
(৪৮) তাম্বুলী-সমাজ
(৪৯) তিলি-বান্ধব
(৫০) দেবালয়
(৫১) ধ্রুব

মাসিক পত্রিকা :—

(৫২) নন্দিনী
(৫৩) নাগরীপ্রচারিণী পত্রিকা (হিন্দী)
(৫৪) নির্ম্মাল্য
(৫৫) পন্থা
(৫৬) প্রজাপতি
(৫৭) প্রতিভা
(৫৮) প্রীতি
(৫৯) বসুধা
(৬০) বাহী (আসামী)
(৬১) বিদ্যোদয় (সংস্কৃত)
(৬২) ব্যবসা ও বাণিজ্য
(৬৩) ব্রহ্মবাদী
(৬৪) ব্রাহ্মণ সমাজ
(৬৫) ভারত মহিলা
(৬৬) ভিষক্-দর্পণ
(৬৭) মহিলা
(৬৮) মাহিষ্য বান্ধব
(৬৯) যুবক
(৭০) যোগিসম্মিলনী পত্রিকা
(৭১) লক্ষ্মী (হিন্দী)
(৭২) শাশ্বতী
(৭৩) শিশু
(৭৪) সংসার সুহৃদ্
(৭৫) সম্মিলনী
(৭৬) সংস্কৃত-রত্নাকর (সংস্কৃত)
(৭৭) সাধক
(৭৮) সাহিত্য-সংবাদ
(৭৯) সুধী
(৮০) সুরভী
(৮১) সেবক
(৮২) সৌরভ
(৮৩) হিন্দু পত্রিকা
(৮৪) নব্য-ভারত
(৮৫) নাট্য-মন্দির
(৮৬) পতাকা
(৮৭) পল্লীচিত্র
(৮৮) প্রতিবাসী
(৮৯) প্রবাসী
(৯০) বঙ্গদর্শন
(৯১) বামাবোধিনী পত্রিকা
(৯২) বিজয়া
(৯৩) বীরভূমি
(৯৪) ব্যবসায়ী
(৯৫) ব্রহ্মবিদ্যা
(৯৬) ভারতবর্ষ
(৯৭) ভারতী
(৯৮) মহাজন-বন্ধু
(৯৯) মানসী
(১০০) মাহিষ্য সমাজ
(১০১) যোগিসখা
(১০২) শান্তিকণা
(১০৩) শিল্প ও সাহিত্য
(১০৪) সচ্চাষি-সুহৃদ্
(১০৫) সমাজ
(১০৬) সরল হোমিওপ্যাথি
(১০৭) সরস্বতী (হিন্দী)
(১০৮) সাহিত্য
(১০৯) সাহিত্য-সংহিতা
(১১০) সুপ্রভাত
(১১১) সুহৃদ্
(১১২) সোপান
(১১৩) স্বাস্থ্য-সমাচার
(১১৪) হিন্দু-সখা

ত্রৈমাসিক :—

(১) প্রভাত
(২) রঙ্গপুর-সাহিত্য-পরিষৎ-পত্রিকা

পরিষৎ-গ্রন্থাগার

অত্যন্ত আনন্দের সহিত জানাইতেছি যে, এ বৎসর বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-গ্রন্থাগার মহামহিমান্বিত সদাশয় ভারত ও বঙ্গীয় গবর্মেণ্টের কৃপাদৃষ্টি লাভ করিয়াছেন। গবর্মেণ্টের বিভিন্ন বিভাগের বিবরণী (Reports), কলিকাতা ও ইণ্ডিয়া গেজেট নিয়মিতরূপে পরিষৎ পাইতেছেন। এ সকলের তালিকা নিম্নে প্রদত্ত হইল ;—

Government of India :—

1. Records of Geological Survey of India.
2. Memoirs Do. Do.
3. Reports on the Archaeological Survey of India.
4. Forest Administration Reports.
5. Agricultural Reports.
6. Reports on Revenue including Land Revenue, Opium, Salt, Stamps, Customs etc.
7. Reports on Survey and Settlement works, etc.
8. India Gazette.
9. Indian Trade Journal
10. Indian Forest Code.

Supdt. Govt. Press, Madras :—

1. Descriptive Catalogue of Sanskrit manuscripts.

Supdt., Govt. Printing, Burma :

1. Reports of the Archaeological Survey—Burma.

Government of Bengal :

1. Administration Reports in the Presidency of Bengal.
2. Reports on the Archaeological Survey of Bengal.
3. Statistics of Revenue in all its branches.
4. Statistical Returns (District Boards, Municipalities etc.)
5. Forest Account Code.
6. Reports of the Excise Department
7. Calcutta Gazette.
8. Annual Reports of the Health Officers of the Ports in Bengal.

এ বৎসর পরিষৎ-গ্রন্থাগারে সর্ব্বশুদ্ধ ১২৫৯ খানি মুদ্রিত পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ১৩১ খানি ক্রীত ও ১১২৮ খানি উপহারপ্রাপ্ত। ক্রীত পুস্তকগুলির মধ্যে ৩৬ খানি দুষ্প্রাপ্য গ্রন্থ। উপহারদাতাদিগের মধ্যে পরিষদের হিতৈষী সদস্য ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সুকুমার হালদার মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনিই ৭১৯ খানি পুস্তক উপহার দিয়াছেন।

পরিষৎগ্রন্থাগারে সংগৃহীত পুস্তকগুলির বিষয়ানুসারিণী সূচী অনেকদূর অগ্রসর হইয়াছে আশা করা যায়, আগামী বর্ষে সম্পূর্ণ হইয়া মুদ্রিত হইবে।

পুথিশালা শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয়ের তত্ত্বাবধানে ছিল। তাহার বিবরণ স্বতন্ত্র প্রকাশিত হইল।

শ্রীঅসিতকুমার মুখোপাধ্যায়
গ্রন্থাধ্যক্ষ।

পুথিশালা

আলোচ্য বর্ষের প্রারম্ভে মুদ্রিত পুথি ৩৪ খানি বাদে প্রাচীন হস্তলিখিত পুথির সংখ্যা ১৬৬২ খানি ছিল। তৎপরে ২৩৯ খানি পুথি উহারস্বরূপ পাওয়া গিয়াছে এবং ৮ খানি ক্রীত হইয়াছে। উপহারপ্রাপ্ত পুথির মধ্যে ভাগলপুর-শাখার সম্পাদক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় মহাশয় ৫২ খানি এবং বরিশালনিবাসী শ্রীযুক্ত কিরণচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় ৫২ খানি পুথি সংগ্রহ করিয়া দিয়াছেন। ডাক্তার শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় মহাশয়ের প্রদত্ত ১৬ খানি রসশাস্ত্রীয় গ্রন্থের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। এতদ্ভিন্ন অন্যান্য বন্ধুগণও পুথি উপহার দিয়াছেন। পূর্ব্বসঞ্চিত পুথির রাশি হইতে বিচ্ছিন্ন পত্র মিলাইয়া প্রায় শতাধিক পুথির উদ্ধার করা হইয়াছে। বর্ষশেষে সংগৃহীত পুথির সংখ্যা ১৯৯৬ হইয়াছে। তন্মধ্যে বাঙ্গালা পুথি ১২৭৪, সংস্কৃত ৭০৬, অসমীয়া ১, উড়িয়া ৩ এবং পার্শি ১১।

নয় শত পুথি তালিকাভুক্ত হইয়াছে এবং ২৬৮ খানি তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়াছে। পাঁচ শত সাতাইশখানিতে পুথির নাম, রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্রসংখ্যাদিযুক্ত বীজক দেওয়া হইয়াছে। এতদ্ব্যতীত কয়েকখানি বিচ্ছিন্ন পুথি মিলাইয়া এক একখানি নূতন পুথির আকার দিতে হইয়াছে।

শ্রীবসন্তরঞ্জন রায়।
শ্রীরাখালদাস বন্দ্যোপাধ্যায়

ছাত্র-সভ্য

পূর্ব্ববৎসরের ন্যায় আ[illegible] বর্ষেও ছাত্র-সভ্যগণের দ্বারা অনেক কার্য্য হইয়াছে। ছাত্র-সভ্যগণের নিকট হইতে আলোচ্য বর্ষে যে সমস্ত প্রবন্ধ পাওয়া গিয়াছে, তাহার একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল।

শ্রীযুক্ত মোহিনীমোহন রায়	১। বাঁকুড়া জেলার পূর্ব্বাংশে প্রচলিত গ্রাম্য শব্দ
	২। বিষ্ণুপুরের প্রাচীন দর্শনীয় বিষয়
শ্রীযুক্ত রসিকলাল সেন—	৩। খুলনার ধাঁধা, পিল্লিকে অথবা হেঁয়ালি সংগ্রহ
	৪। জামাই আনার কথা
	৫। একটি চৌতিশা
	৬। চাটী কথা
শ্রীযুক্ত সন্তোষকুমার মুখোপাধ্যায়—	৭। হাফ আখড়াই
	৮। পতঙ্গের অনুকরণ-ক্ষমতা
	৯। পরিভাষা সম্বন্ধে দুই একটি কথা
শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক	১০। লক্ষ্মীর পাঁচালী
	১১। গোরক্ষনাথের পাঁচালী
শ্রীযুক্ত শিবেশচন্দ্র পাকড়াশী—	১২। পূর্ব্ববঙ্গে প্রচলিত প্রবচন ও গ্রাম্য কবিতা
শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত—	১৩। পল্লী-প্রবাস
	১৪। গ্রাম্য শব্দ-সংগ্রহ
	১৫। মাছ ধরে লওয়া খেলা
	১৬। গ্রাম্য শব্দসংগ্রহ
শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার—	১৭। চাঁদ রায়
শ্রীযুক্ত শশিভূষণ পাল—	১৮। সারিগান বা বাচখেলার গান
	১৯। বারমাসী গান
শ্রীযুক্ত দ্বিজপদ বন্দ্যোপাধ্যায়—	২০। মুরশিদাবাদ জেলার অধীন বেলডাঙ্গার শব্দসংগ্রহ
শ্রীযুক্ত কালীদয়াল ভট্টাচার্য্য—	২১। চৈাে পূজা
	২২। স্থলবসন্তপুরের ইতিহাস
	২৩। সিরাজগঞ্জ গ্রামের মস্‌জিদ
	২৪। কান্দাপাড়া মস্‌জিদ
	২৫। হরিপুরের ৺মঙ্গলচণ্ডী
	২৬। পাবনা জেলার ক্রীড়া-কৌতুক

এই তালিকা আলোচনা করিলে দেখা যাইবে যে, ছাত্র-সভ্যগণ বঙ্গীয় অভিধান, পুরাতত্ত্ব, ভাষাতত্ত্ব, সমাজতত্ত্ব, ধর্ম্মতত্ত্ব প্রভৃতি নানা বিষয়ের উপাদান সংগ্রহ করিয়াছেন। তাঁহাদিগের

সংগৃহীত উপাদানসমূহ দ্বারা ভবিষ্যতে পরিষদের কার্য্যের বিশেষ সহায়তা হইবে, সন্দেহ নাই। এতদ্ব্যতীত কতিপয় ছাত্র-সভ্য প্রাচীন পুথি, পুস্তক ও মূর্ত্তি প্রভৃতি সংগ্রহ করিয়া পরিষদে প্রেরণ করিয়াছেন। এই জন্য পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞ। এতদ্ভিন্ন পরিষদের কোন কোন ছাত্র-সভ্য পরিষদের সদস্য-সংখ্যা বৃদ্ধি করিবার চেষ্টা করিয়া পরিষদের ধন্যবাদভাজন হইয়াছেন। অন্যতম উৎসাহী ছাত্র-সভ্য শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত মহাশয় প্রবন্ধ-রচনা ব্যতীত পরিষদের প্রাচীন পুথিশালার রীতিমত কার্য্য করিয়া পরিষদের বিশেষ উপকার করিয়াছেন। তাঁহার সদৃষ্টান্ত ছাত্রসভ্য মাত্রেরই অনুকরণীয়।

গত বৎসরের ন্যায় এ বৎসরেও আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় ছাত্র-সভ্যগণ-প্রেরিত প্রবন্ধগুলি পরীক্ষা করিয়া আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন। পরিষৎ ছাত্র-সভ্যগণের পুরস্কারার্থ যে একশত টাকা আলোচ্য বর্ষে দিয়াছেন, তাহা উক্ত পরীক্ষার ফল অনুসারে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের নির্দ্দেশমত নিম্নলিখিতভাবে বণ্টন করিয়া দেওয়া হইয়াছে;—

শ্রীযুক্ত কুমুদবন্ধু রায় গুপ্ত	২০৲
„ যোগেন্দ্রচন্দ্র ভৌমিক	১৫৲
„ কালীদয়াল ভট্টাচার্য্য	১৪৲
„ রসিকলাল সেন	১২৲
„ শশিভূষণ পাল	১০৲
„ শিবেশচন্দ্র পাকড়াশী	৮৲
„ দ্বিজপদ বন্দ্যোপাধ্যায়	৬৲
„ প্রফুল্লকুমার সরকার	৫৲
„ মোহিনীমোহন রায়	৫৲
„ সন্তোষকুমার মুখোপাধ্যায়	৫৲

এ বৎসর ১৭ জন নূতন ছাত্র-সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। প্রতি বৎসর ছাত্র-সভ্যের বৃদ্ধি আনন্দের কথা, সন্দেহ নাই। কিন্তু সংখ্যাবৃদ্ধি সকল সময় বলবৃদ্ধির হেতু নহে। আমি দুঃখের সহিত বলিতে বাধ্য হইতেছি যে, কতিপয় ছাত্র-সভ্য পরিষদের আশানুরূপ কার্য্য করেন নাই। কাহাকে কাহাকেও নির্ব্বাচনাবধি কোন কার্য্য করিতে দেখা যায় নাই। এই সকল ছাত্র-সভ্য পরিষদের অধিকার ভোগ করিতেছেন অথচ পরিষদের নির্দ্দিষ্ট কোনরূপ কার্য্য করিতেছেন না, ইহা বড়ই পরিতাপের বিষয়। আমার মতে, এই সকল সভ্যের নাম পরিষদের ছাত্রসভ্য-তালিকা হইতে তুলিয়া দেওয়া কর্ত্তব্য। পরিষদের ছাত্রসভ্যগণের মনে থাকা উচিত, তাঁহারা যে সকল কার্য্য করেন, তাহাতে পরিষদের উপকার যত হয় বা না হয়, কিন্তু তাঁহাদের নিজেদেরই উপকার বেশী হইয়া থাকে। ভবিষ্যতে তাঁহারা পরিষৎ-প্রদত্ত শিক্ষা-বলে সাহিত্য-ক্ষেত্রে নিপুণতার সহিত কার্য্য করিতে পারিবেন এবং আপাততঃ নানা বিষয়ের আলোচনায়

ও গবেষণায় বহুবিধ অভিজ্ঞতা লাভ করিয়া দেশের ইতিহাস ও সাহিত্যের সঙ্গে পরিচিত হইতে পারিবেন; সুতরাং যাঁহারা কেবল সাহিত্য-পরিষদের ছাত্রসভ্য নাম লইয়াই সন্তুষ্ট আছেন, কাজ করিতেছেন না, তাঁহারা আত্মপ্রতারণা করিতেছেন মাত্র। অতএব আমার মতে যে সকল ছাত্র-সভ্য পরিষদের কার্য্যে যথার্থ অনুরাগী, উৎসাহী ও যত্নবান্, কেবল তাঁহাদেরই নাম তালিকাভুক্ত থাকা উচিত। ইহাতে যদি তালিকা ক্ষুদ্র হয়, তাহাতে কোন হানি হইবে না। আশা করি, আগামী বর্ষে এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা হইবে।

শ্রীমন্মথমোহন বসু
ছাত্রাধ্যক্ষ।

১৩১৯ বঙ্গাব্দের বার্ষিক আয়-ব্যয়-বিবরণ

আয়—

চাদা—		১০৬১০৶০
প্রবেশিকা		১৯৪৲
পুস্তক ও পত্রিকা বিক্রয়*—		৮৪৯৸৶০
এককালীন দান†—		১৭৩৩১৸৶৭॥ পাই
মিউনিসিপ্যালিটির দান		৭০০৲
বিজ্ঞাপনের আয়—		১৯৭৲
বিবিধ আয়—		১৪১।/১০ পাই
হাওলাত—		১৭৪৯।৵০
আমানত—	১২৮৸০	
গ্রহণ ও আদায়—	১০২০॥৵০	
	১৭৪৯।৵০	
		৩১০৭৫৸/৫॥০ পাই

কৈঃ—

গত বর্ষের উদ্বৃত্ত—	১৫৪৲	
বর্ত্তমান বর্ষের আয়—	৩১০৭৫৸/৫॥০	
	৩১২২৯৸৵২॥০ পাই	
বর্ত্তমান বর্ষের ব্যয়—	১৯২১০।৵৩	
উদ্বৃত্ত—		১২০১৯।৶১১॥০ পাই

পরীক্ষায় দেখা গেল, হিসাব নির্ভুল।

(স্বাক্ষর) শ্রীচিন্তসুখ সান্যাল, ১০ই জ্যৈষ্ঠ, ১৩২০

শ্রীসারদাচরণ মিত্র, সভাপতি

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী, সম্পাদক

শ্রীদুর্গানারায়ণ সেন শাস্ত্রী
সহকারী সম্পাদক।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত—ধন-রক্ষক

১১।২।২০

ব্যয়—

বেতন—	৩৭৪৮॥৯	
এলাউন্স—*	৪১৯৲	
	৪১৬৭॥৯	৪১৬৭॥৯
বাড়ী ভাড়া—	৭২।০	
ট্যাক্স—	২৫১৵০	
আলোক ও পাখা	৪১২॥/০	
	৭৪৫৸৶০	৭৪৫৸৶০
দপ্তর সরঞ্জামী—		২১৬॥/৩
আসবাব—		৫৮৭৸০
ডাক মাশুল—		১৪৩০৸/০
কমিশন—		১০০৩।৬
পত্রিকা ও পঞ্জিকা মুদ্রণ—		২৪৪০৸৶৩
মুদ্রণ—	২২২৫৸৶৩	
ছবি—	২২॥০	
দপ্তরী—	১৯২॥০	
	২৪৪০৸৶৩	
গ্রন্থাবলী মুদ্রণ—		৩০০৩॥০
বিবিধ মুদ্রণ—		৪৩২৶৯
পুস্তকালয়		৫৮০।৩
পুস্তক খরিদ—	২৫১৸৵০	
দপ্তরী—	৩১৭॥৶০	
দপ্তরসরঞ্জামী—	১৸/০	
বিবিধ ব্যয়—	৯৵৩	
	৫৮০।৩	
চিত্রশালা—		১৩।৩
পারিতোষিক—		২১৩৸/৯
বিবিধ ব্যয়—		২১৯৩৸৵০
বিশেষ ব্যয়—		৪৬৸৵০
হাওলাত—		২১৩৩॥৵৬
শোধ—	২০৭৬/৬	
দাদন—	৫৭॥/০	
	২১৩৩॥৵৬	১৯২১০।৵৩

শ্রীরামকমল সিংহ—হিসাব-রক্ষক

* এই টাকার মধ্যে বেঙ্গল গবর্মেণ্ট ৬৭৫৲ ছয় শত পঁচাত্তর টাকার পুস্তক খরিদ করিয়াছেন।

† এই টাকার মধ্যে বেঙ্গল গবর্মেণ্ট ১২০০৲ বার শত টাকা দান করিয়াছেন।

১৩২০ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ

আয়—

১।	চাঁদা—		১১০০০.
	সাধারণ—	১১০০০.	
২।	প্রবেশিকা—		২৫০.
৩।	এককালীন দান—		২৬৪৫.
	(ক) গভর্ণমেণ্ট—	১২০০.	
	(খ) রাজা শ্রীযুক্ত যোগেন্দ্র-নারায়ণ রায়—	৮০০.	
	(গ) কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ—	১৫০.	
	(ঘ) পুরস্কারের জন্য—	১৯৫.	
	(ঙ) পুস্তকালয়ের জন্য মিউনিসিপ্যালিটীর দান—	৩০০.	
		২৬৪৫.	
৪।	বিভিন্ন তহবিলের সুদ প্রভৃতি জমা—		১৪৩.
৫।	পুস্তক ও পত্রিকা বিক্রয়		৯৫০.
৬।	বিজ্ঞাপনের আয়—		২০০.
			১৫১৮৮.
	গত বর্ষের উদ্বৃত্ত—		১৬১.
			১৫৩৪৯.

ব্যয়—

১।	পুরস্কার—		৩১৫.
২।	গ্রন্থ-প্রকাশ—		২৯৫২.
৩।	পত্রিকা, পঞ্জিকা ও কার্য্যবিবরণী মুদ্রণ—		২৭০৯.
৪।	বিবিধ মুদ্রণ—		২০০.
৫।	পুস্তকালয়—		৫২৫.
৬।	আসবাব		২৬৩.
৭।	ডাক মাশুল		১১৭৫.
৮।	চিত্রশালা—		৫০.
৯।	শাখা-পরিষৎ-সাহায্য—		৫০০.
১০।	বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের জন্য নির্দ্দিষ্ট ব্যয়—		৭৫.
১১।	ভৃত্যদিগের পোষাক		৪২
১২।	ট্যাক্স—		২৪৯৵০
১৩।	আলোক ও পাখা		৩২৫.
১৪।	মেরামত—		১৫০.
১৫।	বাড়ী ভাড়া—		৮৪.
১৬।	দপ্তর সরঞ্জামী—		২০০.
১৭।	পাথেয়—		২০০.
১৮।	কমিশন—		৫০.
১৯।	স্মৃতি-রক্ষার ব্যয়—		১২৯.
২০।	এলাউন্স		৩৬০.
২১।	বেতন—		৪২৬০.
	(ক) আফিস—	২৭৮৪.	
	(খ) পুস্তকালয়	৮২৮.	
	(গ) গ্রন্থ প্রকাশ—	৬৪৮.	
		৪২৬০.	
২২।	বিবিধ ব্যয়—		৫০০.
			১৫৩১৩৵০

শ্রীদুর্গানারায়ণ সেন
শ্রীহেমচন্দ্র দাশ গুপ্ত
শ্রীব্যোমকেশ মুস্তফী
শ্রীসতীশচন্দ্র মিত্র
শ্রীঅসিতকুমার মুখোপাধ্যায়
শ্রীচারুচন্দ্র বসু
শ্রীখগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
শ্রীবাণীনাথ নন্দী
শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী

আয়-ব্যয়
শাখা-সমিতির সভ্যগণ

গ্রন্থপ্রকাশ-তহবিল

৪৫ শ্রীযুক্ত রণজিৎ সিংহ বি এল্, উকীল, ভাগলপুর।
„ রথীন্দ্রনাথ ঠাকুর বি এস্‌সি, সিলাইদহ, নদীয়া।
„ রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ, ১২ রাজনারায়ণ রায় চৌধুরী ঘাট রোড, হাওড়া।
„ রবীন্দ্রনারায়ণ চৌধুরী, জমিদার, ধুবড়ী, আসাম।
„ রমণীকান্ত মুখোপাধ্যায়, মোক্তার, আলিপুর-ডুয়ার্স, জলপাইগুড়ি।
৮৫০ „ রাজা রমণীকান্ত রায় (ক) বি এ, চৌগাঁ, রাজসাহী।
„ রমণীকান্ত রায় (খ) মোক্তার, কিশোরগঞ্জ, ময়মনসিংহ।
„ রমণীকিশোর গুপ্ত বি এল্, উকীল; সেরপুর-টাউন, ময়মনসিংহ।
„ রমণীমোহন দাস এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, রাজবাড়ী, ফরিদপুর।
„ রমণীরঞ্জন দত্ত বি এ, ম্যানেজার, সাবডেপুটী কলেক্টার, চট্টগ্রাম।
৮৫৫ „ রমাপ্রসাদ চন্দ বি এ, রাজসাহী কলেজিয়েট স্কুলের শিক্ষক, ঘোড়ামারা।
„ রমাপ্রসাদ রায় বি এ, একৃষ্ট্রা আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট, সার্ভে অব ইণ্ডিয়া, মুশৌরী।
„ রমেশচন্দ্র দত্ত বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ফরিদপুর।
„ রমেশচন্দ্র নিয়োগী এম্ এ, বি এল্, কালীতলা, দিনাজপুর।
„ রমেশচন্দ্র ভট্টাচার্য্য, শ্রীহট্ট বৈদিক-সমিতির সম্পাদক, মগলাবাজার, শ্রীহট্ট।
৮৬০ „ রমেশচন্দ্র রায়, ধাপ, রঙ্গপুর।
„ রাইকিশোর প্রামাণিক, মোক্তার, মালদহ।
„ রাইচরণ মজুমদার, পুলিশ সব-ইন্‌স্পেক্টার, লালমণির হাট, রঙ্গপুর।
„ রাখালচন্দ্র চৌধুরী, পোঃ ধরাইল, রাজসাহী।
„ রাখালমোহন বন্দ্যোপাধ্যায় এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, বীরভূম।

৮৬৫ শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ, আলবার্ট ভিক্টর ইন্‌ষ্টিটিউটের দ্বিতীয় শিক্ষক, বর্দ্ধমান।
„ রাখালানন্দ ঠাকুর, শ্রীখণ্ড টোলবাড়ী, শ্রীখণ্ড, বর্দ্ধমান।
„ রাজকুমার বন্দ্যোপাধ্যায়, (ক) ফাইনান্স ডিপার্টমেণ্ট, গভর্ণমেণ্ট অব্‌ ইণ্ডিয়া, সিমলা
„ রাজকুমার বন্দ্যোপাধ্যায় (খ) বি এল্, উকীল, লক্ষ্মীপাশা, যশোহর।
„ রাজকুমার সেন এম্ এ, গারুড়গাঁ, হাসাইল পোঃ, ঢাকা।
৮৭০ „ রাজগোপাল আচার্য্য গোস্বামী, বেরো, বেলতোড়া, মানভূম।
„ রাজচন্দ্র দত্ত জমিদার, বাণ্ডেল রোড, চট্টগ্রাম।
„ রাজচন্দ্র বর্ম্মা সরকার, গোবিন্দপুর, গাইবান্ধা পোঃ, রঙ্গপুর।
„ রাজমোহন মুখোপাধ্যায়, জয়দিয়া, নদীয়া।
„ কবিরাজ রাজমোহন রায় কবীন্দ্র, আয়ুর্ব্বেদাশ্রম, পোঃ মোরাদপুর, বাঁকিপুর।
৮৭৫ „ রাজবিহারী দাস, বাসুদেবপুর, জয়দেবপুর, ঢাকা।
„ রাজেন্দ্রকুমার উকীল, বি এল্, উকীল, ময়মনসিংহ।
„ রাজেন্দ্রনাথ বসু বি এ, বর্দ্ধমান রাজের সব্‌ ম্যানেজার, কুজং, তির্ত্তল, কটক।
„ রাজেন্দ্রনারায়ণ সিংহ সরস্বতী, জমিদার, বড়মুল, বর্দ্ধমান।
„ রাজেন্দ্রলাল আচার্য্য বি এ, জয়পুর-গবর্ণমেণ্ট ষ্টেটের ম্যানেজার, বগুড়া।
৮৮০ „ রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ, কৃষ্ণনাথ কলেজের অধ্যাপক, বহরমপুর।
„ রায় রাধাগোবিন্দ চৌধুরী বাহাদুর, এম্ এ, বি এল্, গভর্ণমেণ্ট উকীল, রাঁচী।
„ রাধাগোবিন্দ নাথ এম্ এ, ভিক্টোরিয়া কলেজের অধ্যাপক, কুমিল্লা।
„ রাধাগোবিন্দ বসাক এম্ এ, রাজসাহী কলেজের অধ্যাপক, রাজসাহী।
„ রাধাচরণ ভট্টাচার্য্য বি এল্, উকীল, বালুরঘাট, দিনাজপুর।
৮৮৫ „ রায় রাধাবল্লভ চৌধুরী বাহাদুর, জমিদার, সেরপুর-টাউন, ময়মনসিংহ।
„ ডাঃ রাধাবিনোদ রায়, এল্ এম্ এস্, গোরক্ষপুর, ইউ, পি।
„ রাধিকানাথ সাহা, সেরপুর, পোঃ বগুড়া।
„ রাধিকাপ্রসন্ন চন্দ, পোড়াবাড়ী ষ্টীমারঘাট, টাঙ্গাইল, ময়মনসিংহ।
„ রাধিকাপ্রসাদ বড়ুয়া, ম্যাজিষ্ট্রেট, সোনারি, শিবসাগর।
৮৯০ „ রাধিকামোহন মুন্সী, জমিদার, সেরপুর, বগুড়া।
„ রাধিকামোহন সেন, এম্ এ, বি এল, গভর্মেণ্ট উকীল, বহরমপুর, বেঙ্গল।
„ রামকমল সিংহ, কান্দি, মুরশিদাবাদ।
„ রামকিঙ্কর রায়, জমিদার, হরিশ্চন্দ্রপুর, মালদহ।
„ রামগোপাল ঘোষ, মগরাহাট, ২৪ পরগণা।
৮৯৫ „ রামগোপাল সিংহ চৌধুরী, রসোড়া, ভায়া কান্দি, মুরশিদাবাদ।
„ রামচন্দ্র চৌধুরী এম্ এ, বি এল্, সাবজজ, আজমগড়, ইউ, পি।
„ রায় রামচন্দ্র মৈত্রী সমাজপতি, ভোগপুর, ভায়া কোলা, মেদিনীপুর।

শ্রীযুক্ত রাজা রামচন্দ্র রায় বীরবর বাহাদুর, মনোহরপুর রাজবাটী,
দাঁতন, মেদিনীপুর।
„ রামচন্দ্র শর্ম্মা বৈদ্যশাস্ত্রী বৈদ্যভূষণ, গোকুল, মথুরা।
৯০০ „ রামচন্দ্র সেন বি এল্, উকীল, দিনাজপুর।
„ রামতারণ মুখোপাধ্যায় বি এল্, উকীল, ঘোড়ামারা, রাজসাহী।
„ রামনারায়ণ মুখোপাধ্যায় বিএ, জানমামুদ ঘাট রোড, নৈহাটী, ২৪ পরগণা।
„ রামপ্রসাদ ঘোষাল বি এ, রায় বাহাদুর, এচ্ পি ঘোষাল এক্জিকিউটিব্
ইঞ্জিনিয়ারের বাসা, আড়া।
„ রামপ্রাণ গুপ্ত, কেদারপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ।
৯০৫ „ রামরতন সরকার, ঘুটিয়াবাজার, হুগলী।
„ রামবেণু চট্টোপাধ্যায় বি এল, উকীল, বক্সার, সাহাবাদ।
„ রামলাল সিংহ বি এল্, উকীল, মোরাদপুর, বাঁকিপুর।
„ রামেন্দ্রনাথ ঘোষ এম্ এ, কৃষ্ণনগর কলেজের অধ্যাপক, কৃষ্ণনগর।
„ রাসবিহারী বন্দ্যোপাধ্যায়, শান্তিকুটীর লাইব্রেরী ও
অক্ষয়চন্দ্র দত্ত স্মৃতি-সমিতির সম্পাদক, বালী, হাওড়া।
৯১০ „ রেবতীমোহন গুহ এম্ এ, বি এল্, ময়মনসিংহ।
„ রেবতীরমণ দত্ত এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, দিনাজপুর।
„ রোহীন্দ্রনাথ শর্ম্মা বি এ, মণিপুর ষ্টেট, ইম্ফাল, আসাম।
„ লক্ষ্মণচন্দ্র রায়, সাতক্ষীরা, খুল্না।
„ রায় লক্ষ্মীনারায়ণ আঢ্য, আরামবাগ, হুগলী।
৯১৫ „ লক্ষ্মীনারায়ণ গুপ্ত, ৩৬ কালভৈরব রোড, বেনারস-সিটি।
„ ললিতকিশোর মিত্র বি এল্, উকীল, পুরুলিয়া।
„ ললিতকৃষ্ণ ঘোষ, পুলিশ সব ইন্স্পেক্টার, পোঃ কুমারগঞ্জ, দিনাজপুর।
„ ললিতগোপাল মুখোপাধ্যায়, সব-রেজিষ্ট্রার, মেহেরপুর, নদীয়া।
„ ললিতচন্দ্র বসু, এ এম্, আই ই ই, ইলেকট্রিক্যাল্ ইঞ্জিনিয়ার, শ্রীনগর, কাশ্মীর।
৯২০ „ ললিতবিহারী সেন রায়, কাশী-নরেশের প্রাইভেট সেক্রেটারী,
১০ সদানন্দ বাজার, কাশী।
„ ললিতচন্দ্র রায় চৌধুরী কবিরত্ন, পোঃ বোদরা, ২৪ পরগণা।
„ ললিতমোহন কর কাব্যতীর্থ এম্ এ, 'সারস্বতাশ্রম', চন্দননগর।
„ ডাঃ ললিতমোহন ঘোষ, ফরিদাবাদ ডিস্পেন্সারী, শ্যামাগঞ্জ, রঙ্গপুর।
„ ললিতমোহন চট্টোপাধ্যায়, ফাইনান্স ডিপার্টমেন্ট, কোয়াটার নং ৭০ বি,
টিমারপুর, দিল্লী।
৯২৫ „ ললিতমোহন পাল, মনোহরপথী, সিরাজগঞ্জ, পাবনা।
„ ডাক্তার ললিতমোহন বন্দ্যোপাধ্যায় (ক), মহিষাদল, মেদিনীপুর।

শ্রীযুক্ত ললিতমোহন বন্দ্যোপাধ্যায়, (খ) বি এল্, সৈদাবাদ, খাগড়া, মুরশিদাবাদ।
„ কবিরাজ ললিতমোহন বাগ্চী কাব্যতীর্থ কবিরঞ্জন, খয়রামারি,
সাদিখাঁর দেয়াড়, মুরশিদাবাদ।
„ ললিতমোহন মুখোপাধ্যায়, বঙ্গ-সাহিত্য-সমাজ ও বারাণসী-শাখা-পরিষদের
সম্পাদক, ১৫২ কাজিপুরা, বেনারস সিটি
৯৩০ „ ললিতমোহন মৈত্র, জমিদার, তালন্দ, রাজসাহী।
„ লোকনাথ চক্রবর্ত্তী বিএ, রাইপুর, বেলিয়াকান্দী, ফরিদপুর।
„ লোকনাথ দত্ত, ডিম্‌লা এষ্টেটের ম্যানেজার, রঙ্গপুর।
„ শচীন্দ্রনাথ রায়, কাঞ্চনতলা, মুরশিদাবাদ।
„ শচীন্দ্রভূষণ ঘোষ, শক্তি-লাইব্রেরীর সম্পাদক, রায়গ্রাম, যশোহর।
৯৩৫ „ শচীশচন্দ্র চট্টোপাধ্যায়, সাব্ রেজিষ্ট্রার, তমোলুক, মেদিনীপুর।
„ শম্ভুচন্দ্র রায়, জমিদার, জাড়াগ্রাম, জাড়া পোঃ, মেদিনীপুর।
„ শরচ্চন্দ্র চক্রবর্ত্তী বি এল্, আলমচাঁদ-বাজার, কটক।
„ রায় শরচ্চন্দ্র চট্টোপাধ্যায় বাহাদুর বি এল্, সরকারী উকীল, রঙ্গপুর।
„ শরচ্চন্দ্র চৌধুরী (ক), ৫ এল্‌গিন রোড, এলাহাবাদ।
৯৪০ „ শরচ্চন্দ্র চৌধুরী (খ), 'সবিতা-প্রেস', পুটিয়া পোঃ, রাজসাহী।
„ শরৎকুমার দত্ত এম্ এ, শিবপুর, সি ই কলেজের অধ্যাপক, শিবপুর, হাওড়া।
„ শরচ্চন্দ্র দাস, মুকুদম্‌পুর, মালদহ।
„ শরচ্চন্দ্র পুরকায়েত সাহিত্যরত্ন, পারুলিয়া, ডায়মণ্ড-হারবার, ২৪ পরগণা।
„ শরচ্চন্দ্র বসু, পোষ্ট অফিস, রঙ্গপুর।
৯৪৫ „ শরচ্চন্দ্র বিশ্বাস বি এ, বুড়া শিবতলা, ব্রিটিশ চন্দননগর, চুঁচুড়া।
„ শরচ্চন্দ্র মজুমদার, রঙ্গপুর-বাজার, রঙ্গপুর।
„ শরচ্চন্দ্র সিংহ রায়, জমিদার, পীরগঞ্জ, রায়পুর, রঙ্গপুর।
„ শরৎশশী দত্ত, পুলিশ ইন্‌স্পেক্‌টার, ১২ আসক জমাদার লেন, ঢাকা।
„ কুমার শরদিন্দুনারায়ণ রায়, (ক) জেমো রাজবাটী, জেমো, পোঃ কান্দি,
মুরশিদাবাদ।
৯৫০ „ কুমার শরদিন্দুনারায়ণ রায় প্রাজ্ঞ এম্ এ, (খ) দিনাজপুর।
„ শরৎকান্ত রায়, বিশিয়া দেওয়ানবাটী, পোঃ খাজুরা, রাজসাহী।
„ ডাঃ শরৎকুমার চৌধুরী বি এ, এম্ বি, বেনারস্ সিটি, বেনারস্ ক্যাণ্ট।
„ শশধর বিদ্যাভূষণ, প্রধান শিক্ষক, লোহাগড়া, জয়পুর পোঃ, যশোহর।
„ শশাঙ্কমোহন সেন বি এল্, উকীল, সদরঘাট, চট্টগ্রাম।
৯৫৫ „ মাননীয় রাজা শ্রীযুক্ত শশিকান্ত আচার্য্য চৌধুরী বাহাদুর, ময়মনসিংহ।
„ শশিকিশোর চন্দদার বি এল্, উকীল, নাওগাঁ, রাজসাহী।
„ শশিভূষণ ঘোষ, আদমপুর, ভাগলপুর।

শ্রীযুক্ত শশিভূষণ ঠাকুর, বরিয়া-পাকুড়িয়া, রাজসাহী।
„ শশিভূষণ বন্দ্যোপাধ্যায়, 'পল্লীবাসি'-সম্পাদক, কালনা, বর্দ্ধমান।
৯৬০ „ শশিভূষণ বসু এম্ এ, কৃষ্ণনগর কলেজের অধ্যাপক, কৃষ্ণনগর।
„ শশিভূষণ সিংহ, নায়েব, তারাপুর, মল্লারপুর, বীরভূম।
„ শান্তানচরণ বিশ্বাস, হড়া, পোঃ ব্রাহ্মণগাঁ, হুগলী।
„ শিবচন্দ্র শীল, চুঁচুড়া, হুগলী।
„ শিবনাথ গুপ্ত বি এ, কায়স্থ জুবিলী একাডেমীর শিক্ষক, আড়া, সাহাবাদ।
৯৬৫ „ শিবপ্রসাদ চট্টোপাধ্যায়, ৮ রামনিধি চট্টোপাধ্যায়ের লেন, উত্তরপাড়া, হাওড়া।
„ শিবপ্রসাদ দলপৎরাম পণ্ডিত, কষ্টম ইন্স্পেক্টার, বারাণ, কোটা এষ্টেট, রাজপুতানা।
„ ডাঃ শিবপ্রসাদ শর্ম্মা রায় এম্ বি, এম্ আর সি এস্, ৪ লায়াল রোড, এলাহাবাদ
„ কুমার শিবশেখরেশ্বর রায় বি এ, তাহিরপুর, রাজসাহী।
„ ডাঃ শিশিরকুমার পাল এল্ এম্ এস্, সুপারিণ্টেণ্ডেণ্ট,
লুইস্ জুবিলী সানিটেরিয়াম, দার্জ্জিলিং।
৯৭০ „ শীতলচন্দ্র রায়, জমিদার, সামটা, যশোহর।
„ শৈলেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, শ্যামবাজার, বর্দ্ধমান।
„ কুমার শৌরীন্দ্রকিশোর রায় চৌধুরী, জমিদার, রামগোপালপুর পোঃ, ময়মনসিংহ।
„ শ্যামকিশোর মুন্সী, জমিদার, সেরপুর, বগুড়া।
„ শ্যামলানন্দ মুখোপাধ্যায় বি এল্, উকীল, রামপুরহাট, বীরভূম।
৯৭৫ „ শ্যামাচরণ চক্রবর্ত্তী কালাপুর, গৌরীপুর, ময়মনসিংহ।
„ শ্যামাচরণ সেন, হেড ক্লার্ক, আফিস অব দি গভর্ণমেণ্ট রেলওয়ে একাউণ্ট,
চট্টগ্রাম।
„ শ্যামাধন চট্টোপাধ্যায়, সাতঘর, জয়নগর, ২৪ পরগণা।
„ শ্যামাপদ ভট্টাচার্য্য বি এ, মাতলী, নাগাবাড়ী, টাঙ্গাইল।
„ শ্রীজীবচন্দ্র লাহিড়ী, গৌরীপুর এষ্টেট, গৌরীপুর, আসাম।
৯৮০ „ শ্রীনাথ আচার্য্য চৌধুরী, মুক্তাগাছা, ময়মনসিংহ।
„ শ্রীনাথ রায়, চীফ্ ম্যানেজার, রাজা বাহাদুরের এষ্টেট, ময়মনসিংহ।
„ শ্রীনাথ সিংহ, মধ্য-শ্রীরামপুর, জোয়ানিয়া-ভালুকা পোঃ, নদীয়া।
„ শ্রীনাথ সেন, ভূতপূর্ব্ব ডেপুটী ম্যাজিষ্ট্রেট, কামারখারা, পোঃ স্বর্ণগ্রাম, ঢাকা।
„ শ্রীপতিনাথ শর্ম্মা মুখোপাধ্যায় এল্ এম্ এস্, বড়বাজার, বর্দ্ধমান।
৯৮৫ „ শ্রীবনবিহারী সেন, জমিদার, খাগড়া, বহরমপুর।
„ শ্রীমাধব চট্টরাজ বি এ, এডওয়ার্ড করোনেশন স্কুলের প্রধান শিক্ষক, জিয়াগঞ্জ,
মুরশিদাবাদ।
„ শ্রীরাম মৈত্রেয়, বলিহার রাজ-কাছারী, রাজসাহী।
„ শ্রীশচন্দ্র দাসগুপ্ত, নবাবগঞ্জ, রঙ্গপুর।

শ্রীযুক্ত রায় শ্রীশচন্দ্র বসু বাহাদুর বি এল্, (ক) স্মল কজ কোর্টের জজ, কাশী।

৯৯০ „ ডাঃ শ্রীশচন্দ্র বসু, (খ) গোন্দলপাড়া, চন্দননগর।

„ শ্রীশচন্দ্র সিংহ এম্ এ, ২৩৮।২ আপার চিৎপুর রোড, কলিকাতা।

„ শ্রীহর্ষ মুখোপাধ্যায় বি এল্, উকীল, বর্দ্ধমান।

„ সচ্চিদানন্দ গুপ্ত বি এল্, মুন্সেফ, ৭৬ মসজিদবাড়ী ষ্ট্রীট, কলিকাতা।

„ সতীনাথ সিংহ রায় জমিদার, দেহুড়া, আঝাপুর পোঃ, বর্দ্ধমান।

৯৯৫ „ সতীপ্রসাদ সেন গুপ্ত, সুপারিণ্টেণ্ডেণ্ট পোষ্টমাষ্টার জেনারেলের আফিস, ঢাকা।

„ সতীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, এফ্, আর, এইচ্, এস্, (লণ্ডন), ম্যানেজার ও অনারারি ম্যাজিষ্ট্রেট, সুরসন্দ, মজঃফরপুর।

„ সতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, "ইন্দ্রালয়", গঙ্গাটিকুরী, বর্দ্ধমান।

„ মোহান্ত মহারাজ সতীশচন্দ্র গিরি, তারকেশ্বর, হুগলী।

„ সতীশচন্দ্র গোস্বামী, মোক্তার, নওগাঁ, রাজসাহী।

১০০০ „ সতীশচন্দ্র ঘোষ বি এ, (ক) ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা।

„ সতীশচন্দ্র ঘোষ, (খ) ১৭৭ রামকৃষ্ণপুর লেন, শিবপুর, হাওড়া।

„ সতীশচন্দ্র চক্রবর্ত্তী (ক) সাহিত্য-সমিতির সম্পাদক, নবগ্রাম, হেমনগর, ময়মনসিংহ।

„ সতীশচন্দ্র চক্রবর্ত্তী (খ) ধলা, ময়মনসিংহ।

„ সতীশচন্দ্র চক্রবর্ত্তী (গ) মোক্তার, ঘোড়ামারা, রাজসাহী।

১০০৫ „ সতীশচন্দ্র চক্রবর্ত্তী (ঘ) এম্ এ, রামমোহন রায় সেমিনারীর প্রধান শিক্ষক, মোরাদপুর, বাঁকীপুর।

„ সতীশচন্দ্র চট্টোপাধ্যায় বি ই, ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার, কৃষ্ণনগর।

„ সতীশচন্দ্র চৌধুরী, শ্রীযুক্ত কে সি, চৌধুরী মহাশয়ের বাটী, হেমনগর, ময়মনসিংহ।

„ সতীশচন্দ্র দাস, গৌহাটী স্কুলের শিক্ষক, গৌহাটী, আসাম।

„ সতীশচন্দ্র দেব (ক) এম্ এ, মুর সেণ্ট্রাল কলেজের কেমিষ্ট্রির অধ্যাপক, কর্ণেলগঞ্জ, এলাহাবাদ।

১০১০ „ সতীশচন্দ্র দেব, (খ) বি এল্, উকীল, করিমগঞ্জ, শ্রীহট্ট।

„ সতীশচন্দ্র নিয়োগী, জমিদার, আদমদীঘি, বগুড়া।

„ ডাক্তার সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ক) এম্ এ, ডি এল্, ১৩ এডমনষ্টোন্ রোড, এলাহাবাদ।

„ সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (খ) তর্কসিদ্ধান্ত লেন, বালী, হাওড়া।

„ রায় সাহেব ডাঃ সতীশচন্দ্র বসু এল্ এম্ এস্, জামালপুর, ময়মনসিংহ।

১০১৫ „ সতীশচন্দ্র বড়ুয়া, জমিদার, ঘড়িয়ালডাঙ্গা, আগমনী পোঃ, গোয়ালপাড়া, আসাম।

„ সতীশচন্দ্র বসু চৌধুরী, জমিদার, ডোমরা, আজগড়া, খুলনা।

„ সতীশচন্দ্র মিত্র বি এ, হিন্দু একাডেমীর অধ্যাপক, দৌলতপুর, খুলনা।

শ্রীযুক্ত সতীশচন্দ্র মুখোপাধ্যায় (ক) এম্ এ, বি এল্, ১২ রাজনারায়ণ রায় চৌধুরী ঘাট রোড, শিবপুর, হাওড়া।

„ সতীশচন্দ্র মুস্তফী রায় চৌধুরী, নায়েব, আহেলকার, কুচবিহার।

১০২০ „ সতীশচন্দ্র রায় বি এল্, (ক) উকীল, দিনাজপুর।

„ সতীশচন্দ্র রায় এম্ এ, (খ) বন্দ্যোপাধ্যায় এষ্টেটের ম্যানেজার, সাহাজাদপুর, পাবনা।

„ সতীশচন্দ্র লাহিড়ী (ক) পুলিস সাব ইন্স্পেক্টর, ডোমার, রঙ্গপুর।

„ সতীশচন্দ্র লাহিড়ী (খ) আট আনি রাজষ্টেট, মুক্তাগাছা, ময়মনসিংহ।

„ সতীশচন্দ্র সরকার, জনডিকিসন এণ্ড কোং লিমিটেড, পোষ্ট বক্স নং ১৮, রেঙ্গুন।

১০২৫ „ সতীশচন্দ্র সিংহ (ক) বি এল্, উকীল, কান্দি, মুরশিদাবাদ।

„ সতীশচন্দ্র সিংহ (খ) উকীল, পুরুলিয়া, মানভূম।

„ রায় সতীশচন্দ্র সেন বাহাদুর বি এল্, চট্টগ্রাম।

„ সত্যকিঙ্কর কুণ্ডু, দেমুড়, পুঁটগুরি, বর্দ্ধমান।

„ সত্যকিঙ্কর সাহানা বি এ, গিরিডি।

১০৩০ „ সত্যচরণ বসু বি এল্, উকীল, বনগ্রাম, যশোহর।

„ সত্যচরণ মুখোপাধ্যায় (ক) এম্ এ, বি এল্, মুন্সেফ, আমতা, হাওড়া।

„ সত্যচরণ মুখোপাধ্যায় (খ) বি এ, গুস্তিয়া, বাত, ২৪ পরগণা।

„ সত্যব্রত চট্টোপাধ্যায় এম্ এ, বি এল্, উকীল, ভাগলপুর।

„ সত্যেন্দ্রচন্দ্র মল্লিক সি এস্, ডিষ্ট্রিক্ট এবং সেসন জজ, কৃষ্ণনগর।

১০৩৫ „ সত্যেন্দ্রনাথ বটব্যাল বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, বহরমপুর।

„ সত্যেন্দ্রনাথ ভদ্র এম্ এ, ঢাকা কলেজের অধ্যাপক, ঢাকা।

„ সত্যেন্দ্রনাথ বসু এম্ এ, ভিক্টোরিয়া কলেজের অধ্যক্ষ, কুমিল্লা।

„ সত্যেন্দ্রনাথ রায় বি এল্, হাইকোর্টের উকীল, বেহালা, ২৪ পরগণা।

„ সত্যেশচন্দ্র গুপ্ত এম্ এ, সব্ ডেপুটী কলেক্টার, গোপালপুর পোঃ, বীরভূম।

১০৪০ „ পণ্ডিত সদানন্দ স্মৃতিরত্ন বিদ্যার্ণব, মহাশক্তি শ্রীমতী বিদ্যাবতী আরিয়ার সরস্বতীর শ্রীমণ্ডপের তত্ত্বাবধায়ক, মথুরাপুর, ২৪ পরগণা।

„ ডাঃ সনৎকুমার বরাট এম্ এ, এল্ এম্ এস্, এসিষ্টাণ্ট সার্জ্জন, টেম্পল মেডিকাল স্কুল, মোরাদপুর, বাঁকীপুর।

„ সন্তোষকুমার মজুমদার বি এস্‌সি, আই এম্ এস্, ব্রহ্মচর্য্যাশ্রম, শান্তিনিকেতন, বোলপুর, বীরভূম।

„ সরোজকৃষ্ণ ঘোষ মৌলিক বি এ, জমিদার, পাঁচথুপী, মুরশিদাবাদ।

„ সরোজভূষণ চট্টোপাধ্যায়, সাধুহাটী, যশোহর।

১০৪৫ „ সরোজিনীনাথ বর্দ্ধন বি এ, এল্ এম্ এস্, ২৮ রেস্ কোর্স রোড, সিঙ্গাপুর।

„ সাতকড়ি বন্দ্যোপাধ্যায়, বেলডাঙ্গা, মুরশিদাবাদ।

শ্রীযুক্ত সাধুচরণ মণ্ডল বি এ, সহকারী প্রধান শিক্ষক, জামতাড়া, ই আই আর্।
„ সাধুচরণ মুখোপাধ্যায়, চন্দননগর।
„ সারদাগোবিন্দ তালুকদার, চৈত্রকোল বাগদুয়ার, রঙ্গপুর।
১০৫০ „ সারদানাথ খান বি এল্, বগুড়া।
„ সারদাপ্রসন্ন ঘোষ বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টার, ঢাকা।
„ সারদাপ্রসন্ন চৌধুরী বি এ, সেটেলমেণ্ট কাননগো, বরিশাল।
„ সারদাপ্রসন্ন দাস এম্ এ, হুগলী কলেজের অধ্যক্ষ, চুঁচুড়া।
„ সারদাপ্রসাদ লাহিড়ী, সুনখাওয়া, ভায়া ভিতরবন্দ, রঙ্গপুর।
১০৫৫ „ সারদাপ্রসাদ সরকার এম্ এ, সব-ডিবিশনাল অফিসার, বাঁকা, ভাগলপুর।
„ সারদাপ্রসাদ সেন বি এল্, ডিষ্ট্রীক্ট এবং সেসন জজ, ফরিদপুর।
„ সিদ্ধেশ্বর হালদার বি এ, নাওগাঁও, রাজসাহী।
„ সীতানাথ রায় বর্ম্মা, খান্দুয়া, লালগোলা, মুরশিদাবাদ।
„ সুকুমার হালদার বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, রাঁচী।
১০৬০ „ সুধাংশুভূষণ রায় বি এল্, উকীল, ১৭ কোতোলী রোড, ভাগলপুর।
„ সুধাংশুশেখর বাগচী, খাগড়া, মুরশিদাবাদ।
„ সুধীরচন্দ্র সেন বি এল্, উকীল, দিনাজপুর।
„ সুবোধচন্দ্র মজুমদার বি এ, মহারাজের প্যালেস, জয়পুর, রাজপুতানা।
„ সুরেন্দ্রকুমার বসু বি সি ই, ২৮ শিবপুর রোড, শিবপুর, হাওড়া।
১০৬৫ „ ডাঃ সুরেন্দ্রকুমার সেন (ক) এম্ বি, এল্ আর্ সি পি, এল্ আর্ সি এস্, বর্দ্ধমান।
„ সুরেন্দ্রকুমার সেন (খ) বি এল্, উকীল, দিনাজপুর।
„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী, জমিদার, সপ্তপুষ্করিণী, শ্যামপুর, রঙ্গপুর।
„ সুরেন্দ্রচন্দ্র মজুমদার, শিএাইল গ্রাম, হরিপুর, পাবনা।
„ সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, সব্ রেজিষ্ট্রার, ডোমার, রঙ্গপুর।
১০৭০ „ ডাঃ সুরেন্দ্রনাথ ঘোষ এল্ এম্ এস্, মিঠাপুর, বাঁকীপুর।
„ সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ, কটন কলেজের অধ্যাপক, গৌহাটী।
„ সুরেন্দ্রনাথ দেব এম্ এ, কায়স্থ কলেজের অধ্যক্ষ, "চন্দ্রাবাস," জর্জ্জ টাউন, এলাহাবাদ।
„ সুরেন্দ্রনাথ দেব রায়, পোর্ট-ব্লেয়ার।
„ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এ, আসিষ্টাণ্ট সেটেলমেণ্ট অফিসার, মেদিনীপুর।
১০৭৫ „ সুরেন্দ্রনাথ বক্সী, জমিদার, ইনাতপুর, বড়তরফ, মহাদেবপুর, রাজসাহী।
„ সুরেন্দ্রনাথ ভৌমিক বি এ, সলপ, পাবনা।
„ রায় বাহাদুর সুরেন্দ্রনাথ মজুমদার বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ভাগলপুর।
„ সুরেন্দ্রনাথ মণ্ডল, সুপারভাইজার, পি ডব্লু ডি, ভামো, বর্ম্মা।
„ সুরেন্দ্রনাথ মিত্র, জি টি সার্ভে অব্ ইণ্ডিয়া, দেরাদুন, ইউ, পি।

১০৮০ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মুখোপাধ্যায়, সুপারিন্টেণ্ডেণ্ট, ডি জে স্কুল, রাজসাহী।
" সুরেন্দ্রনাথ রায় এম্ এ, বি এন্ কলেজের অধ্যাপক, বাঁকীপুর।
" সুরেন্দ্রনাথ রায় চৌধুরী বি এল, এড্‌ভোকেট, নিউইস ষ্ট্রীট, রেঙ্গুন।
" ডাঃ সুরেন্দ্রনাথ সেন (ক) এল্ এম্ এস্, "দি মল্," কাণপুর।
" সুরেন্দ্রনাথ সেন (খ) বি এ, শোলক, বরিশাল।
১০৮৫ " ডাঃ সুরেন্দ্রনাথ সেন গুপ্ত এল্ এম্ এস্, বক্‌সার।
" সুরেন্দ্রনারায়ণ মিত্র এম্ এ, পাবনা কলেজের অধ্যাপক, পাবনা।
" সুরেন্দ্রনারায়ণ রায়, দিনাজপুর-রাজবাটী, দিনাজপুর।
" সুরেন্দ্রনারায়ণ সিংহ, নেহালিয়া এষ্টেট, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।
" সুরেন্দ্রমোহন ঘোষ চৌধুরী, জমিদার, সলিল-আড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ।
১০৯০ " সুরেন্দ্রমোহন মিত্র বি এল্, সাব ডেপুটী কলেক্টার, চট্টগ্রাম।
" সুরেন্দ্রমোহন মৈত্রেয় বি এল, উকীল, রাজসাহী।
" সুরেন্দ্রপ্রসাদ লাহিড়ী চৌধুরী, জমিদার, কৃষ্ণপুর, গৌরীপুর, ময়মনসিংহ।
" সুরেশচন্দ্র দত্ত এম্ এ, কটন কলেজের অধ্যাপক, গৌহাটী।
" সুরেশচন্দ্র সরকার এম্ এ, এম্ আর্ এ এস্, ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টার, লাহিড়িয়া-সরাই, দ্বারবঙ্গ।
১০৯৫ " সুরেশচন্দ্র বসু বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, কক্‌স্‌বাজার, চট্টগ্রাম।
" সুরেশচন্দ্র মজুমদার, উকীল, নাটোর।
" সুশীলেন্দ্র বন্দ্যোপাধ্যায়, পুলিস্ সব ইন্‌স্পেক্টার, বালুরঘাট, দিনাজপুর।
" সূর্য্যকুমার গুহ এম্ এ, বি এল্, উকীল, ময়মনসিংহ।
" সূর্য্যকুমার ঘোষাল, কালীপুর, আচিপুর, ২৪ পরগণা।
২০০০ " সোমনাথ রায়, সাব-রেজিষ্ট্রার শ্যামবাজার, হুগলী।
" সোমেশচন্দ্র সিংহ, চম্পানগর, ভাগলপুর।
" সৌরেন্দ্রকৃষ্ণ সিংহ, জমিদার, সদরপুর বড় তরফ, আমলা-সদরপুর, নদীয়া এবং ছাতিনাকান্দী, কান্দী, মুরশিদাবাদ।
" সৌরেন্দ্রনাথ রায় এম্ এ, বেহালা, ২৪ পরগণা।
" সৌরেন্দ্রমোহন সিংহ, ঝাওয়াকুঠী, ভাগলপুর।
২০০৫ " সৌরেশচন্দ্র সেনগুপ্ত, একাউন্টাণ্ট, তেজপুর বালিপাড়া রেলওয়ে ষ্টেসন, তেজপুর, আসাম।
" হরকিঙ্কর দাস, উকীল, মৌলবি-বাজার, শ্রীহট্ট।
" হরকিশোর অধিকারী, সীতাকুণ্ড, চট্টগ্রাম।
" ডাঃ হরকুমার গুহ, গৌরীপুর, আসাম।
" হরগোপাল দাস কুণ্ডু, জমিদার, মাহিগঞ্জ, রঙ্গপুর।
২০১০ " হরচন্দ্র দাস, সাপটানাব কাছারী, লালমণির হাট, রঙ্গপুর।

শ্রীযুক্ত হরনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীনগর, কাশ্মীর।
" হরিকেশব সান্যাল বিএ, গভর্মেণ্ট হাই স্কুলের প্রধান শিক্ষক, ফরক্কাবাদ, ইউ, পি।
" হরিচরণ সেনগুপ্ত, কালীতলা, দিনাজপুর।
" ডাঃ হরিতারণ বন্দ্যোপাধ্যায় এল এম্ এস্, রামপুরহাট, বীরভূম।
২০১৫ " হরিদাস গোস্বামী, পোষ্ট-মাষ্টার, ভূপাল, সি, পি।
" হরিদাস পালিত, কলিগ্রাম, মালদহ।
" হরিদাস মুখোপাধ্যায়, স্কুল সাব ইন্সপেক্টর, বাসিয়া সার্কেল, বাসিয়া পোঃ, রাঁচী।
" হরিদাস রায় চৌধুরী, বারুইপুর, ২৪ পরগণা।
" হরিদাস সাহা এম্ এ, ঢাকা কলেজের অধ্যাপক, রমণা, ঢাকা।
২০২০ " হরিধন চট্টোপাধ্যায়, নপাড়া, শ্যামনগর, ২৪ পরগণা।
" হরিনারায়ণ মুখোপাধ্যায়, ২৩ মদন মিত্রের ২য় লেন, সিমলা।
" হরিদাস ঘোষাল এম্ এ, রাজস্কুলের প্রধান শিক্ষক, মহিষাদল, মেদিনীপুর।
" হরিপদ পাঁড়ে এম্ এ, কৃষ্ণনাথ কলেজের অধ্যাপক, বহরমপুর।
" হরিপদ মুখোপাধ্যায়, বাগটিক্‌রা, দাঁইহাট, বর্দ্ধমান।
২০২৫ " হরিপদ হালদার, প্রকাশক—"সাহিত্য-সুহৃদ্,' দক্ষিণ-পারুলিয়া, ডায়মণ্ড হারবার, ২৪ পরগণা।
" হরিপ্রসন্ন দাস গুপ্ত, নায়েব, রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রকিশোর রায় চৌধুরীর ষ্টেট, ভেদারগঞ্জ, ফরিদপুর।
" হরিপ্রসাদ দাস বি এ, সাব ডেপুটি কলেক্টার, বড়পেটা, কামরূপ।
" হরিপ্রসাদ মিত্র বি এস্‌সি এ, খাগড়া, বহরমপুর।
" হরিপ্রসাদ বসু এম্ এ, বি এল, উকীল, বোলপুর, বীরভূম।
২০৩০ " রায় হরিমোহন সিংহ বাহাদুর বি এ, জেমো, কান্দী, মুরশিদাবাদ।
" হরিশ্চন্দ্র দত্ত, নন্দনকানন, চট্টগ্রাম।
" হরিহর শেঠ, চন্দননগর।
" হরেন্দ্রকুমার ঘোষ বি এ, (ক) ডেপুটী কালেক্টার, রাজসাহী।
" হরেন্দ্রকুমার ঘোষ বি এ, (খ) ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টার, মাণিকগঞ্জ।
২০৩৫ " হরেন্দ্রকৃষ্ণ রায় এম্ এ, বি এল, নায়েব, বাহারবন্দ, উলিপুর, রঙ্গপুর।
" পণ্ডিত হরেন্দ্রচন্দ্র কাব্যতীর্থ বিদ্যাবিনোদ, পাকা টোল, রঙ্গপুর।
" হরেন্দ্রচন্দ্র মল্লিক, মোগলসরাই।
" হরেন্দ্রচন্দ্র লাহিড়ী, জমিদার, নীলফামারী, রঙ্গপুর।
" হরেন্দ্রনাথ চৌধুরী বি এস্‌সি, এল্ এল্ বি, রাইপুর, সি, পি।
২০৪০ " রায় বাহাদুর হরেন্দ্রনারায়ণ রায় মহাশয়, জমিদার, লক্ষ্মণনাথ পোঃ, বালেশ্বর।
" হীরেন্দ্রনাথ দত্ত, কামারপাড়া রোড, চুঁচুড়া।
" হৃদয়বন্ধু মজুমদার, সুপাঃ, কাকিনাবাজ, কাকিনা, রঙ্গপুর।

শ্রীযুক্ত হৃষীকেশ রায় চট্টোপাধ্যায়, এডওয়ার্ড করোনেশন ইন্‌ষ্টিটিউসনের ২য় শিক্ষক, জিয়াগঞ্জ, মুরশিদাবাদ।

„ ডাক্তার হৃষীকেশ লাহিড়ী এম্ বি, নবাবগঞ্জ, রঙ্গপুর।

২০৪৫ „ হৃষীকেশ সেন, কোর্ট-ইন্‌স্পেক্টর, বালেশ্বর।

„ হেমচন্দ্র দেব গোস্বামী, এম্ আর্ এস্ এ, এফ আর্ এম্ এস্, একষ্ট্রা আসিষ্টাণ্ট কমিশনার, নওগাঁও, আসাম।

„ হেমচন্দ্র বসু এম্ এ, বি এল, উকীল, মুঙ্গের।

„ হেমচন্দ্র মুখোপাধ্যায় বি এল, উকীল, ফরিদপুর।

„ হেমচন্দ্র সরকার এম্ এ, কৃষ্ণনগর কলেজের অধ্যাপক, কৃষ্ণনগর।

২০৫০ „ হেমচন্দ্র সান্যাল এম্ এ, জগন্নাথ কলেজের অধ্যাপক, ঢাকা।

„ হেমচন্দ্র সেন (ক) সেনপাড়া, রঙ্গপুর।

„ হেমচন্দ্র সেন, (খ) আসিষ্টাণ্ট, চীফ্ সেক্রেটারীর ডিপার্টমেণ্ট, বিহার এবং উড়িষ্যা সেক্রেটারিয়েট, রাঁচী।

„ হেমপ্রসন্ন রায় গুপ্ত, কালীতলা, দিনাজপুর।

„ হেমন্তকুমার ভট্টাচার্য্য বি এ, সাঁতরাগাছী, ব্যাতোড়, হাওড়া।

২০৫৫ „ হেমন্তকুমার মজুমদার কাব্যনিধি বি এ, বসন্তকুমার উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রধান শিক্ষক, পোঃ বিনোদপুর, যশোহর।

„ হেমন্তকুমার হালদার এম্ এ, বি এল্, মুন্সেফ, ঝিনাইদহ, যশোহর।

„ হেমেন্দ্রকিশোর আচার্য্য চৌধুরী, "দেবনিবাস", ময়মনসিংহ।

„ কুমার হেমেন্দ্রকুমার রায়, রাজসাহী।

„ হেমেন্দ্রনাথ ঘোষাল বি এ, হাই ইংলিস্ স্কুলের প্রধান শিক্ষক, সুপৌল, ভাগলপুর।

২০৬০ „ হেমেন্দ্রমোহন বসু বি এ, সহকারী প্রধান শিক্ষক, বর্দ্ধমান মিউনিসিপাল স্কুল, বর্দ্ধমান।

„ হেমেন্দ্রমোহন রায় বি এ, সুপাঃ একাউণ্টেণ্ট জেনারেল অফিস, রেঙ্গুন।

„ হেমেন্দ্রলাল কানুগির এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, মজঃফরপুর।

„ হেরম্বচন্দ্র চৌধুরী, জমিদার, হেমনগর, ময়মনসিংহ।

২০৬৪ „ মুন্সী হেলালউদ্দীন খান, পোঃ পূর্ণনগর, রঙ্গপুর।

ছাত্রসভ্য।

কবিরাজ শ্রীযুক্ত রাখালদাস সেন গুপ্ত কাব্যতীর্থ, সঞ্জীবন ঔষধালয়, ১০৪ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীযুক্ত হৃষীকেশ মিত্র, ১২২।২ অপার সার্কুলার রোড, কলিকাতা।

„ ভূপেন্দ্রনাথ বসু, ৭১ পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীযুক্ত সুশীলচন্দ্র মুখোপাধ্যায়, ১৫ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা, কলিকাতা।
৫ „ সীতেশচন্দ্র সেন বি এ, কালিয়া।
„ তারাপ্রসন্ন বাক্‌চী, মেড়তলা, বর্দ্ধমান।
„ ইন্দুভূষণ নাথ, আড়বালিয়া, ২৪ পরগণা।
„ বিনোদেশ্বর দাস গুপ্ত বি এ, কলমা, ঢাকা।
„ নিকুঞ্জবিহারী পাল, শালিমপুর, দৌলতপুর, শ্রীযুক্ত ইমানালী পণ্ডিতের বাটী।
১০ „ সুরেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়, সাটুই, শক্তিপুর, মুর্শিদাবাদ।
„ অক্ষয়কুমার বসু, ২৪ মহেন্দ্র বসুর লেন, কলিকাতা।
„ রবীন্দ্রকুমার মিত্র, ৫০ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
„ হরিদাস মজুমদার, ১৪৪ অপার সার্কুলার রোড, কলিকাতা।
„ ধীরেন্দ্রলাল সেন, শ্রীযুক্ত কামিনীকমল সেন উকীলের বাসা, ময়মনসিংহ।
১৫ „ প্রফুল্লকুমার বন্দ্যোপাধ্যায় বি এ, প্রেসিডেন্সী কলেজ, কলিকাতা।
„ শশিকান্ত সেন গুপ্ত, ন্যাসনাল কলেজ, মুরারিপুকুর, কলিকাতা।
„ হরলাল দাস গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ, টি এন্ জুবিলি কলেজের অধ্যাপক, ভাগলপুর।
„ সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য এম্ এ, ঢাকা।
২০ „ ডাঃ অঘোরনাথ ঘোষ এম্ বি, ২৮ বৃন্দাবন মল্লিকের লেন, কলিকাতা।
„ সীতানাথ কর্ম্মকার বি এ, ২৯ রামকান্ত মিস্ত্রীর লেন, কলিকাতা।
„ ভববিভূতি ভট্টাচার্য্য, ভাটপাড়া, ২৪ পরগণা।
„ রাজেন্দ্রকিশোর ধর, গগন চৌধুরী লেন, ময়মনসিংহ।
„ ফণিভূষণ বসু, ৯।১ রামচন্দ্র মৈত্রের লেন, কলিকাতা।
২৫ „ প্রফুল্লকুমার চট্টোপাধ্যায়, ৪১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।
„ প্রশান্তচন্দ্র মহলানবিশ, ২১০ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
„ কেদারনাথ চট্টোপাধ্যায়, ২১০।৩ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
„ রেবতীমোহন চক্রবর্ত্তী, ৫ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা।
„ ইন্দ্রনারায়ণ দে, বি এ, ৪ রামতনু বসুর লেন, কলিকাতা।
৩০ „ মহেন্দ্রচন্দ্র দাস, সুজাতপুর, শ্রীহট্ট।
„ প্রশান্তভূষণ গুপ্ত, আউটসাহী, ঢাকা।
„ জিতেন্দ্রনাথ সেন, কবিরাজ-বাড়ী, ৩১ প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট, কলিকাতা।
„ যতীন্দ্রকৃষ্ণ নিয়োগী, ১৪ রতন নিয়োগীর লেন, গৌরীবেড়ে, কলিকাতা
„ ব্রজেন্দ্রকিশোর রায় বি এ, আউটসাহী, ঢাকা।
৩৫ „ মহেন্দ্রচন্দ্র পাল বি এ, যশোদল পোঃ, ময়মনসিংহ।
„ সুশীলচন্দ্র দে বি এ, দমদম রোড, কাশীপুর পোঃ।

শ্রীযুক্ত গিরিজাশঙ্কর রায় চৌধুরী বি এ, পঞ্চম বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ।
„ জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৪ ঠাকুর-কাসল রোড, কলিকাতা।
„ সুরেশচন্দ্র চক্রবর্ত্তী বি এ, ৩ রমানাথ মজুমদারের লেন, কলিকাতা।
৪০ „ রাখালমোহন সোম, ১ বলদেপাড়া রোড, মাণিকতলা।
„ সত্যেন্দ্রমোহন চৌধুরী, ৬৩ হ্যারিসন রোড, কলিকাতা।
„ বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, ১৭৬ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
„ পুলিনচন্দ্র মুখোপাধ্যায়, ১৭ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা।
„ গোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ, পল্লীবাসি-কার্য্যালয়, কালনা, বৰ্দ্ধমান।
৪৫ „ মুন্সী মোহাম্মদ মোজাম্মেল হক্, আণ্টনিবাগান লেন, কলিকাতা।
„ রাজেন্দ্রলাল রায় চৌধুরী, ৫৬।১ শ্যামহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ অতুলচন্দ্র দাস গুপ্ত, সংস্কৃত কলেজ, কলেজ স্কোয়ার, কলিকাতা।
„ নির্ম্মলচন্দ্র পাকড়াশী, ২৭ বলদিয়াপাড়া রোড, কলিকাতা।
„ রমেশচন্দ্র দাস দাস, ৩।১ ওয়ার্ড ইন্‌ষ্টিটিউশন, মাণিকতলা, কলিকাতা।
৫০ „ রাজেন্দ্রলাল নাথ, ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
„ নরেন্দ্রনাথ দালাল, ১১ উল্টাডিঙ্গি মেন রোড, কলিকাতা।
„ দেবেন্দ্রচন্দ্র নাথ, ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
„ রাধিকাপ্রসাদ নাথ, ৬৮।৪ বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।
„ শশিভূষণ পাল, গিরিশচন্দ্র হাই স্কুল, শ্রীহট্ট এবং ২৭।৬ রামকান্ত মিস্ত্রির লেন।
৫৫ „ হরেকৃষ্ণ ভট্টাচার্য্য ঐ ঐ ঐ
„ গোপেশচন্দ্র ভট্টাচার্য্য ঐ ঐ ঐ
„ মথুরাচন্দ্র দে ঐ ঐ ঐ
„ সজলকান্ত দাস ঐ ঐ ঐ
„ গোপালচন্দ্র ভট্টাচার্য্য, ১২ কাশীঘোষের লেন, কলিকাতা।
৬০ „ অমরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ৩০ ঠাকুর মহাশয়ের লেন, উত্তরপাড়া।
„ সুধীরচন্দ্র সেন গুপ্ত, বাবুর বাড়ী, আউটসাহি, ঢাকা।
„ চন্দ্রশেখর রায়, বাঁকুড়া।
„ ধীরেন্দ্রনাথ চক্রবর্ত্তী, ৫০।১ ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।
„ কালীদয়াল ভট্টাচার্য্য, স্থলবসন্তপুর, পাবনা।
৬৫ „ রাসবিহারী চট্টোপাধ্যায়, ৮৭।৮৮ মস্‌জিদ্‌বাড়ী ষ্ট্রীট, কলিকাতা।
„ মহম্মদ শহীদুল্লাহ্ এম্ এ, ৮ সৈয়দসালী লেন, কলিকাতা।
„ হীরালাল দাস গুপ্ত, ১৩।২ বেণেটোলা লেন, কলিকাতা।
„ অপ্রকাশচন্দ্র মাহাতা, ১৫ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা।
„ কুমুদবন্ধু রায় গুপ্ত, আড়কান্দী, বেতাংশা, ফরিদপুর।
৭০ „ দীননাথ মজুমদার, ১৯ বাদুড়বাগান লেন, কলিকাতা।

শ্রীযুক্ত রমেশচন্দ্র বসু, ১১ ফরডাইস্ লেন, কলিকাতা।
„ যোগেশচন্দ্র বসু, কাঁথি, মেদিনীপুর।
„ শরচ্চন্দ্র দে, জগন্নাথ কলেজ বোর্ডিং, ঢাকা।
„ হরিদাস সরকার, পুরুলিয়া, মানভূম।
৭৫ „ যামিনীমোহন রায়, বীরকুৎসা, মাবিনগর, রাজসাহী।
„ মণীন্দ্রলাল রায়, শ্রীযুত সুরেন্দ্রলাল রায়ের বাটী, কৃষ্ণনগর।
„ শিবেশচন্দ্র পাকড়াশী, স্থলবসন্তপুর।
„ অশ্বিনীকুমার রক্ষিত, এড্ওয়ার্ড হোষ্টেল, ভাগলপুর।
„ যোগেন্দ্রচন্দ্র ভৌমিক, জামালপুর, ময়মনসিংহ।
৮০ „ যতীন্দ্রকুমার সেন, ২৮।১৬ অখিল মিস্ত্রীর লেন, কলিকাতা।
„ সারদাচরণ ঘোষ, এবংগ্রাম, ফতোয়াবাদ, চট্টগ্রাম।
„ শ্যামাচরণ ঘোষ „ „ „
„ রেবতীরমণ সেন গুপ্ত, শিকারপুর, চট্টগ্রাম।
„ হরিপদ সেন গুপ্ত „ „
৮৫ „ হেমেন্দ্রলাল চৌধুরী „ „
„ শরচ্চন্দ্র দেব বি এ, জোড়াপুকুর লেন, সিমলা, কলিকাতা।
„ সুরেন্দ্রলাল দাস, ৯ ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
„ জ্যোতিরিন্দ্রনাথ দাস, ৩৬।৬ বেণিয়াটোলা লেন।
„ যামিনীমোহন চট্টোপাধ্যায়, আন্দুল, আন্দুলমৌরী, হাওড়া।
৯০ „ বিনয়কৃষ্ণ সেন, দামোদর, খুলনা।
„ সতীশচন্দ্র দাস, সৈদেরবালী, মাদারীপুর, ফরিদপুর।
„ যতীন্দ্রনাথ সর্ব্বাধিকারী, গুণারবাড়ী, ময়মনসিংহ।
„ নরেন্দ্রনাথ রক্ষিত, ৫১।২ রাজা রাজবল্লভ ষ্ট্রীট, কলিকাতা।
„ মোহিনীকান্ত গুপ্ত, "রজনী-কুটীর", ২৮।১৬ অখিল মিস্ত্রীর লেন।
৯৫ „ মোহিনীমোহন রায়, টানাদীঘি, গেলিয়া, বাঁকুড়া।
„ সন্তোষকুমার মুখোপাধ্যায়, ৬।২ কাঁটাপুকুর লেন, বাগবাজার, কলিকাতা।
„ নুরুর রহ্মান্ খান্ ইউসফজী বি এ, চারাস, বাল্যা, রতনগঞ্জ, ময়মনসিংহ।
„ পরাণেন্দ্রনাথ ঘোষাল, ১১।১।১ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা।
„ মনোরঞ্জন চট্টোপাধ্যায়, গোঁসাইদুর্গাপুর, নদীয়া।
১০০ „ সুখরঞ্জন সেন গুপ্ত, সাহসপুর, বরিশাল।
„ সত্যেন্দ্রকুমার সরকার, ৬৮এ দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীট, কলিকাতা।
„ উপেন্দ্রনাথ দে, মালীপুর, শ্রীহট্ট।
„ প্রফুল্লকুমার সরকার, ১১০ কলেজ ষ্ট্রীট, কলিকাতা। (গোয়াড়ী, কৃষ্ণনগর)
„ ভুবনেশ্বর ভট্টাচার্য্য, ৫ কুমারটুলী ষ্ট্রীট, কলিকাতা।

১০৫ শ্রীযুক্ত বিজনবিহারী সিংহ, ৩৬।৪ বেনেটোলা লেন, কলিকাতা।
„ চারুচন্দ্র ঘোষ, ৩৬।৪ বেনেটোলা লেন, কলিকাতা।
„ প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়, ৬ গুরুপ্রসাদ চৌধুরীর লেন।
„ জ্ঞানাঙ্কুর আতর্থী, ২০৮।২ কর্ণওয়ালিস ষ্ট্রীট।
„ যতীন্দ্রলোচন মিত্র, নিউ ব্যারাক্, শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজ।
১১০ „ রঘুনাথ চট্টোপাধ্যায়, ১১৫ প্রেমচাঁদ বড়ালের ষ্ট্রীট।
„ যামিনীকান্ত ভট্টাচার্য্য, পঞ্জিপুরী, চরখাই, শ্রীহট্ট।
„ দ্বিজপদ বন্দ্যোপাধ্যায়, বেলডাঙ্গা, মুরশিদাবাদ।
„ হলধর ভট্টাচার্য্য, মাধুলী বাগ্দেবী টোল, ভাঙ্গাবাজার, শ্রীহট্ট।
„ রামচন্দ্র চক্রবর্ত্তী ১৯৮।১ মসজিদ বাড়ী ষ্ট্রীট।
১১৫ „ ক্ষীরোদচন্দ্র মাইতি, ৫৯ মেছুয়াবাজার ষ্ট্রীট।
„ হরপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, ৩২ মণ্ডল ষ্ট্রীট, উত্তরপাড়া।
„ পূর্ণচন্দ্র রায়, পঞ্চবটী-কানন, মাণিকতলা।
„ নির্ম্মলচন্দ্র দত্ত রায়, কিশোরগঞ্জ হাই স্কুল, ময়মনসিংহ।
„ নবকৃষ্ণ রায় চৌধুরী, ১৪৩ শ্যামবাজার ষ্ট্রীট।
১২০ „ অভিলাষচন্দ্র ভট্টাচার্য্য, সাতরা, চাটমোহর, পাবনা।
„ তারানাথ রায়, রাজসাহী।
„ দুর্গামোহন ভট্টাচার্য্য, ৬ সরকার বাগান, কাশীপুর।
„ রমণীকান্ত নাগ, ৩২।৬ বিডন ষ্ট্রীট।
„ পবিত্রকুমার গঙ্গোপাধ্যায়, শান্তিনিকেতন, সিংপাড়া, কোলা, ঢাকা।
১২৫ „ চামেলিকুমার চট্টোপাধ্যায়, ৯এ হোগলকুড়িয়া লেন।
„ ফণীন্দ্রনাথ বসু, ৩৬ চক্রবেড়িয়া রোড।
„ কুমার অরুণচন্দ্র সিংহ, ১২০।২ আপার সার্কুলার রোড।
„ শ্যামাকান্ত দাস, পরাণপুর, মালদহ।
„ প্রফুল্লচন্দ্র মিত্র, ৫৯ বেনিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা।
১৩০ „ নীরদবিহারী মৌলিক, ২ কার্ব্বালা ট্যাঙ্ক লেন।

শাখা-সভার নিয়মাবলী।

১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য-সিদ্ধি ও বলবৃদ্ধির জন্য ভিন্ন ভিন্ন স্থানে শাখা-পরিষৎ স্থাপিত হইতে পারিবে। সাধারণতঃ বিশেষ কারণ ব্যতীত এক জেলার মধ্যে একাধিক শাখা স্থাপিত হইবে না।

২। স্থানের নামানুসারে ঐ শাখা "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ,—শাখা" এই নামে পরিচিত হইবে।

৩। শাখার উদ্দেশ্য ও কার্য্যপ্রণালী সর্ব্বাংশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যাদির অনুকূল হইবে। রাজনীতি, সমাজ-সংস্কার বা ধর্ম্ম-সংস্কার বিষয়ে পরিষদের কোন শাখা কোনরূপে লিপ্ত হইবেন না।

৪। বিবিধ উপায়ে বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্যের অনুশীলন এবং উন্নতিসাধনই পরিষদের উদ্দেশ্য। এই উদ্দেশ্য-সাধনের জন্য প্রধানতঃ সাহিত্য, দর্শন ও বিজ্ঞানাদি শাস্ত্রের আলোচনার সহিত শাখা-পরিষৎসমূহ বিশেষভাবে নিম্নলিখিত উপায়গুলিও অবলম্বন করিবেন ;—

(ক) স্থানীয় প্রাচীন পুথির অনুসন্ধান, সংগ্রহ ও প্রকাশ এবং ইহার বিবরণ প্রকাশ।

(খ) স্থানীয় প্রাচীন গ্রন্থকারদিগের জীবনচরিত, প্রতিকৃতি ও অন্যান্য স্মৃতি-নিদর্শন সংগ্রহ।

(গ) গ্রাম্য সাহিত্য, ছড়া, প্রবাদ, ব্রতকথা, উপকথা, গীত, কবিতা ইত্যাদি সংগ্রহ।

(ঘ) স্থানীয় ভাষায় চলিত প্রাদেশিক শব্দসংগ্রহ এবং তৎসহ কৃষি, শিল্প, ব্যবসায়, গৃহসজ্জা, উদ্ভিদ, জীব প্রভৃতি সংক্রান্ত পারিভাষিক শব্দের সংগ্রহ।

(ঙ) সর্ব্বনাম, ক্রিয়াপদ প্রভৃতির উত্তর বিভক্তি-যোগে প্রাদেশিক রূপভেদ সঙ্কলন।

(চ) স্থানীয় ভৌগোলিক বিবরণ সংগ্রহ।

(ছ) স্থানীয় ইতিহাস ও প্রত্নতত্ত্ব সংগ্রহ এবং তৎসহিত তীর্থস্থান, মন্দির, দুর্গ প্রভৃতির ছায়াচিত্রাদি সহ বিবরণ সংগ্রহ এবং দেবমূর্ত্তি, খোদিত-লিপি, তাম্রশাসন, মুদ্রা প্রভৃতির সংগ্রহ।

(জ) স্থানীয় ধর্ম্মসম্প্রদায়ের ও ভিন্ন ভিন্ন জাতির বা সম্প্রদায়ের সামাজিক আচার-ব্যবহার ও উৎসবাদির বিবরণ সংগ্রহ।

(ঝ) প্রাচীন ও আধুনিক শিল্প ও বিবিধ কলাবিদ্যার বিবরণ নিদর্শন ও সংগ্রহ।

(ঞ) স্থানীয় জীব ও উদ্ভিদাদির বিবরণ সংগ্রহ।

৫। শাখার সমুদয় কার্য্য, বিশেষ আবশ্যক না হইলে, বাঙ্গালা ভাষার সাহায্যে নির্ব্বাহিত হইবে।

৬। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্য না হইলে কোনও ব্যক্তি শাখা-সভার সম্পাদক হইতে পারিবেন না।

৭। শাখা-পরিষদের কর্ম্মচারী ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়োগ-বিষয়ে মূল-পরিষদের নিয়ম যথাসম্ভব অনুসৃত হইবে।

৮। শাখা-সভার নিয়মাবলী মূল-পরিষদের অনুমোদিত হওয়া আবশ্যক। এইরূপ অনুমোদিত নিয়মাবলীতে যখন কোন সংশোধন বা পরিবর্ত্তন আবশ্যক হইবে, তখন তাহা মূল-পরিষদের অনুমোদিত করাইয়া লইতে হইবে। পরিষদের উদ্দেশ্যের প্রতিকূল না হইলে অথবা বিশেষ কারণ না থাকিলে, শাখার কার্য্য-প্রণালীর স্বাধীনতায় মূল-পরিষৎ কোন ব্যাঘাত দিবেন না।

৯। প্রত্যেক শাখা-পরিষৎ মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে একজন প্রতিনিধি নির্ব্বাচন করিবেন। এই প্রতিনিধি শাখা-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্যতম সভ্য হওয়া আবশ্যক।

১০। প্রতি বৎসর বৈশাখের প্রথমার্দ্ধ মধ্যে শাখা-পরিষদের সম্পাদক গত বৎসরের কৃত কর্ম্মের সংক্ষিপ্ত পরিচয়, সভ্যগণের ও কর্ম্মচারিগণের নাম এবং আয়-ব্যয়ের হিসাব সহ সংক্ষিপ্ত কার্য্য-বিবরণ মূল-পরিষদের সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। মূল-পরিষদের সম্পাদক ঐ কার্য্য-বিবরণী বা তাহার আবশ্যক অংশ সাহিত্য-পরিষদের কার্য্য-বিবরণীর পরিশিষ্ট-রূপে পরিষৎ-পঞ্জিকায় প্রকাশ করিবেন।

১১। মূল-পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুসারে সাহিত্য-পরিষৎ-পত্রিকা, সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা ও পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থাবলীর কতিপয় খণ্ড মূল-পরিষদের প্রত্যেক শাখা-সভা বিনামূল্যে প্রাপ্ত হইবেন এবং শাখা-সভার প্রকাশিত গ্রন্থাদিও মূল-পরিষৎ এই নিয়মে পাইবেন।

১২। মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত বিশেষ ব্যবস্থা না থাকিলে মূল ও শাখা-পরিষদের মধ্যে কোনও আর্থিক সম্বন্ধ থাকিবে না।

১৩। শাখা-সভার কার্য্য-নির্ব্বাহক-সভা কোন প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশার্থ পাঠাইলে, ঐ প্রবন্ধ মূল-পরিষদের পত্রিকা-প্রকাশ-সমিতি সভার উদ্দেশ্যের অনুকূল বিবেচনা করিলে পত্রিকায় প্রকাশিত হইবে।

১৪। মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি কার্য্যকারিতা দেখিয়া অন্য সভাকে শাখারূপে গণ্য করিবেন এবং এই কার্য্যকারিতার অভাব সম্যক্‌রূপে প্রতিপন্ন হইলে, ইহাকে শাখার অধিকারে বঞ্চিত করিতে পারিবেন।

১৫। কার্য্য-নির্ব্বাহক সমিতি আবশ্যক হইলে শাখা-সভাগুলির সহিত পরামর্শ করিয়া এই নিয়মাবলী সংশোধন করিতে পারিবেন।

১৩২১ বঙ্গাব্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

সভাপতি— মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই

সহকারী সভাপতি—শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

রাজা রাও " যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর

ডাঃ " দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এম্ এ, বি এল্, এল্ এল্ ডি, সি আই ই

কুমার " শরৎকুমার রায় এম্ এ

সম্পাদক— শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী
„ হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ
কবিরাজ „ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
„ রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ
„ মৃণালকান্তি ঘোষ
ধনাধ্যক্ষ— „ হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্
গ্রন্থাধ্যক্ষ— „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ
চিত্রশালাধ্যক্ষ— „ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, সিদ্ধান্তবারিধি
ছাত্রাধ্যক্ষ— „ মন্মথমোহন বসু এম্ এ
পত্রিকাধ্যক্ষ— মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ ডি

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্যগণ—

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ
„ খগেন্দ্রনাথ মিত্র এম্ এ
„ অমূল্যচরণ বিদ্যাভূষণ
„ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ
„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ
„ পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী
„ চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ
„ নিবারণচন্দ্র ভট্টাচার্য্য এম্ এ
„ শশিভূষণ মুখোপাধ্যায়
„ অবিনাশচন্দ্র মজুমদার এম্ এ, বি এল্
„ বাণীনাথ নন্দী
„ নলিনীরঞ্জন পণ্ডিত
„ মৌলবী রওসন আলি চৌধুরী
„ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
„ শচীন্দ্রপ্রসাদ বসু
„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ
„ দেবকুমার রায় চৌধুরী
„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
„ বোধিসত্ত্ব সেন এম্ এ, বি এল্
„ ললিতমোহন মুখোপাধ্যায়

১৩২১ বঙ্গাব্দের পত্রিকা-পরিচালন-সমিতি

১। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই
২। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ
৩। „ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব
৪। „ হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্
৫। „ রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
৬। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ্ ডি
৭। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম এ, বি এল্
৮। „ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ

১৩২১ বঙ্গাব্দের পুস্তকালয়-সমিতি

১। শ্রীযুক্ত মন্মথনাথ রুদ্র এম্ এ
২। „ সুরেন্দ্রনাথ কুমার
৩। „ নলিনীরঞ্জন পণ্ডিত
৪। „ বাণীনাথ নন্দী
৫। মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ্ ডি
৬। „ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব
৭। „ চারুচন্দ্র বসু
৮। „ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, এটর্ণি
৯। „ ব্যোমকেশ মুস্তফী
১০। „ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ
১১। „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, (গ্রন্থাধ্যক্ষ)

১৩২০। ১৩২১। ১৩২২ বঙ্গাব্দের জন্য গ্রন্থ-প্রকাশার্থ পরামর্শ-সমিতি

(ক) প্রাচীন ও আধুনিক সাহিত্য-সমিতি—

(১) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
(২) „ ললিতকুমার বন্দ্যোপাধ্যায়
(৩) „ নগেন্দ্রনাথ বসু
(৪) „ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়
(৫) „ মৃণালকান্তি ঘোষ

(খ) দর্শন-সমিতি—

(১) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
(২) „ ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
(৩) „ ব্রজেন্দ্রনাথ শীল
(৪) „ হীরেন্দ্রনাথ দত্ত
(৫) „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী

(গ) গণিত ও বিজ্ঞান-সমিতি—

(১) শ্রীযুক্ত ডাঃ জগদীশচন্দ্র বসু
(২) „ „ প্রফুল্লচন্দ্র রায়
(৩) „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
(৪) „ সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়
(৫) „ হেমচন্দ্র দাশ গুপ্ত

(ঘ) ইতিহাস ও প্রত্নতত্ত্ব-সমিতি—

(১) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
(২) „ অক্ষয়কুমার মৈত্রেয়
(৩) „ নগেন্দ্রনাথ বসু
(৪) „ যদুনাথ সরকার
(৫) „ রাখালদাস বন্দ্যোপাধ্যায়

দ্বিতীয় খণ্ড

বিংশ সাংবৎসরিক কার্য্যবিবরণী

বর্ত্তমান ১৩২১ বঙ্গাব্দে **বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ** বিংশ বর্ষ অতিক্রম করিয়া একবিংশ বর্ষে পদার্পণ করিয়াছেন। এই বিংশ বর্ষের কার্য্যবিবরণ পরিষদের সদস্যগণ, হিতকামিগণ ও সর্ব্বসাধারণের অবগতির জন্য লিপিবদ্ধ হইল।

রবীন্দ্র-সংবাদ

আলোচ্য বর্ষে কবি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের নোবেল পুরস্কার প্রাপ্তি বাঙ্গালা ভাষা ও সাহিত্যের ইতিহাসে এক নবযুগপ্রবর্ত্তনকারী ঘটনা। ডাক্তার রবীন্দ্রনাথ সমস্ত জীবন স্বদেশী বাণীর সেবায় নিরত থাকিয়া পরিশেষে ইউরোপে গিয়া আমাদের মাতৃভাষার যে গৌরব বর্দ্ধন করিয়া আসিয়াছেন, তিনি বঙ্গভাষাকে যে সম্মানের মুকুট পরাইয়াছেন, তাহাতে তিনি অমরত্ব লাভ করিবেন, সন্দেহ নাই। তাঁহার কর্ম্মময় জীবনের পঞ্চাশৎ বৎসর পূর্ণ হইলে সাহিত্য-পরিষদের উদ্‌যোগে ও আয়োজনে বঙ্গবাসীর নিকট তিনি যে সাদর সম্বর্দ্ধনা লাভ করিয়াছিলেন, তাহা এ দেশে কেন, অন্য দেশেও সুলভ নহে। সম্প্রতি Swedish Academy আমাদের রবীন্দ্রনাথকে নোবেল পুরস্কার প্রদান করিয়া যে প্রকার অসাধারণ গুণগ্রাহিতার পরিচয় দিয়াছেন, তাহা মনে হইলে আমাদের হৃদয় যুগপৎ আনন্দ ও তাঁহাদের প্রতি কৃতজ্ঞতাতে উদ্বেলিত হইয়া উঠে। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ হইতে Swedish Academy-র কর্ত্তৃপক্ষগণকে যথাযোগ্য ধন্যবাদাদি যথাসময়ে জ্ঞাপিত করা হইয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় কবিবর রবীন্দ্রনাথকে সাহিত্যাচার্য্য (Doctor of Literature) উপাধি দ্বারা ভূষিত করিয়া বঙ্গভাষা ও সাহিত্যের প্রতি তাঁহাদের কর্ত্তব্য-সাধনই করিয়াছেন। বঙ্গবাণী ও তাঁহার সেবকদিগকে এই প্রকার উপাধি দান আমাদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই সর্ব্বপ্রথম ঘটনা। এই কারণে কলিকাতা বিশ্ববিদ্যালয় সমগ্র বঙ্গবাসীর, বিশেষতঃ সাহিত্য-পরিষদের অতিশয় কৃতজ্ঞতাভাজন। বর্ত্তমান সময়ে আমাদের বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা ভাষা ও সাহিত্য যে কথঞ্চিৎ পরিমাণে স্বীয় আধিপত্য স্থাপন করিতে পারিয়াছে, তজ্জন্য বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ এবং বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত কর্ম্মাধ্যক্ষ মাননীয় বিচারপতি শ্রীযুক্ত সার ডাক্তার আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী এম এ, ডি এল, সি এস আই, সি আই ই, মহোদয় আমাদের আন্তরিক ধন্যবাদের পাত্র। আমরা ভরসা করি, সার আশুতোষের নেতৃত্বে যে কার্য্য আরব্ধ হইয়াছে, বিশ্ববিদ্যালয়ের বর্ত্তমান কর্ম্মাধ্যক্ষ মাতৃ-

ভাষার অকৃত্রিম সুহৃদ্ মাননীয় ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহাশয় দ্বারা তাহার আরও পুষ্টিবিধান ও উপযুক্ত পরিণতি প্রাপ্তি হইবে।

বান্ধব

কাসিমবাজারের মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর ও লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর পরিষদের বান্ধবরূপে ইতিপূর্ব্বেই গৃহীত হইয়াছেন—এই সংবাদ সকলেই অবগত আছেন। আলোচ্য বর্ষে বর্দ্ধমানের মাননীয় মহারাজাধিরাজ বাহাদুরকে পরিষদের বান্ধবরূপে প্রাপ্ত হওয়া গিয়াছে। মহারাজাধিরাজ বাহাদুর অনুগ্রহপূর্ব্বক এই পদ গ্রহণ করিয়া পরিষদের স্থায়ী তহবিলে পাঁচ সহস্র মুদ্রা প্রদান করিয়াছেন। সাহিত্যের উন্নতিকল্পে বর্দ্ধমানের রাজসংসার চিরকালই মুক্তহস্ত; এ কথা সর্ব্বজনবিদিত। মহারাজাধিরাজ বাহাদুর নিজেও একজন প্রতিভাশালী সাহিত্যসেবী। তিনি ইতিমধ্যেই কয়েকখানি পুস্তক প্রচার করিয়া বাগ্দেবীর চরণে অর্ঘ্যস্বরূপ প্রদান করিয়াছেন। বাঙ্গালা সাময়িক পত্রিকাতেও তাঁহার অনেকগুলি সুখপাঠ্য প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। আমরা আশা করি, মহারাজাধিরাজ বাহাদুর দীর্ঘজীবন লাভ করিয়া সুস্থচিত্তে ও প্রশান্তমনে বঙ্গ-বাণীর আরাধনায় নিযুক্ত থাকুন এবং অন্যান্য যাঁহারা সেই ব্রতে ব্রতী আছেন, তাঁহাদের উৎসাহিত করুন। বঙ্গদেশে ধনশালী সহৃদয় ব্যক্তির অভাব নাই এবং পরিষৎ আশা করেন যে, তাঁহারা সকলেই কাসিমবাজারের মহারাজ, লালগোলার রাজা ও বর্দ্ধমানের মহারাজাধিরাজের মত পরিষদের বান্ধব-পদ গ্রহণ করিয়া পরিষৎকে উৎসাহিত করিবেন।

সদস্য

গত বৎসরের আরম্ভে শ্রেণীভেদে পরিষদের সদস্য-সংখ্যা এইরূপ ছিল,—

আজীবন	...	...	৪
বিশিষ্ট	...	...	১২
সহায়ক	...	...	১৩
সাধারণ	...	...	১৮৭৭
কলিকাতা	৭৫৯		
মফঃস্বল	১১১৮		
	১৮৭৭		
			১৯০৬

আলোচ্য বর্ষে কলিকাতাবাসী ৭৫৯ জন সাধারণ সদস্যমধ্যে ১৩ জনের মৃত্যু হইয়াছে, ১০ জন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন এবং ৮৩ জন কলিকাতাবাসী পরিষদের নূতন সাধারণ সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। আলোচ্য বর্ষের প্রারম্ভে মফঃস্বলের সাধারণ সদস্য-সংখ্যা ১১১৮ ছিল, তন্মধ্যে ৬ জনের মৃত্যু ঘটিয়াছে, ১৫ জন সদস্য-পদ ত্যাগ

করিয়াছেন, একজন সহায়ক সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। ৭৭ জন মফঃস্বলবাসী পরিষদের সদস্য-পদ নূতন গ্রহণ করিয়াছেন। ইহাঁদের মধ্য হইতেও আবার একজন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন। কলিকাতাবাসী সদস্যমধ্যে ১৫ জন মফঃস্বলে চলিয়া গিয়াছেন এবং মফঃস্বলবাসী ২৪ জন কলিকাতায় আসিয়াছেন; এই সকল পরিবর্ত্তনাদির পর বর্ষশেষে কলিকাতার সাধারণ সদস্য-সংখ্যা ৮২৮ এবং মফঃস্বলবাসী সাধারণ সদস্যের সংখ্যা ১১৬৪ দাঁড়াইয়াছিল এবং কলিকাতা ও মফঃস্বলবাসী সাধারণ সদস্যের সংখ্যা ১৯৯২ হইয়াছিল।

আজীবন-সদস্য

অত্যন্ত আহ্লাদের বিষয়, আলোচ্য বর্ষে রঙ্গপুর তাজহাটের রাজা শ্রীযুক্ত গোপাললাল রায় বাহাদুর পরিষদের স্থায়ী তহবিলে এক সহস্র টাকা প্রদান করিয়া ইহার আজীবন-সদস্য-শ্রেণীভুক্ত হইয়াছেন।

বিশিষ্ট-সদস্য

আলোচ্য বর্ষে বিশিষ্ট সদস্য-সংখ্যা ১২ ছিল। এই বৎসর এই শ্রেণীতে কোন পরিবর্ত্তন হয় নাই।

অধ্যাপক-সদস্য

গত বৎসর নিয়মাবলীতে অধ্যাপক সদস্যের উল্লেখ করা হইয়াছিল এবং পরিষদের অত্যন্ত গৌরবের বিষয় যে, আলোচ্য বৎসরে পণ্ডিত শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন, পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ, পণ্ডিত শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী এবং পণ্ডিত শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ মহাশয়গণ পরিষদের অধ্যাপক সদস্য-শ্রেণীভুক্ত হইয়াছেন। ইহাঁরা সকলেই সাহিত্যক্ষেত্রে প্রথিতনামা। পরিষৎ আশা করেন যে, এই সমস্ত লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকগণ সংস্কৃত সাহিত্যের অনন্ত ভাণ্ডার হইতে উপযুক্ত রত্নরাজি উদ্ধার করিয়া তাহা মাতৃভাষার আবরণে বঙ্গবাসীর সমক্ষে উপস্থিত করিবেন।

সহায়ক-সদস্য

এই বর্ষের প্রারম্ভে সহায়ক-সদস্যের সংখ্যা ১৩ জন ছিল। পরিষদের অন্যতম সহায়ক-সদস্য শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী মহাশয় পরিষদের অধ্যাপক-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন এবং মৌলবি রওশন আলী চৌধুরী, শ্রীযুক্ত আনন্দনাথ রায় ও শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত মহাশয় পরিষদের সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। ইহাঁরা সকলেই সাহিত্যক্ষেত্রে বিশেষ পরিচিত। মৌলবি রওশন আলী চৌধুরী মহাশয় অনেক দিন হইল, বিশেষ দক্ষতার সহিত "কোহিনূর" পত্রিকার সম্পাদকতা করিতেছেন, শ্রীযুক্ত আনন্দনাথ রায় মহাশয়ের "ফরিদপুরের ইতিহাস" পরিষদের গ্রন্থাবলীভুক্ত এবং তাঁহার পূর্ব্ববঙ্গের প্রাচীন ভৌগোলিক প্রবন্ধগুলি বিশেষ গবেষণার ফল ও নানা নূতন তথ্যে পরিপূর্ণ। শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত মহাশয়ের কবিতা আমাদের দেশীয় শিক্ষিত-সমাজে বিশেষ আদৃত। আশা করা যায়, সহায়ক-সদস্যগণ যথাসাধ্য পরিষৎকে স্বকার্য্যসাধনে সহায়তা করিয়া ইহার মুখোজ্জ্বল করিবেন। আলোচ্য বর্ষের শেষে সহায়ক সদস্য-সংখ্যা ১৫ হইয়াছে।

এইরূপে বর্ষশেষে পরিষদের সদস্য-সংখ্যা শ্রেণীভেদে এইরূপ হয় ;—

বিশিষ্ট সদস্য	...	১২
আজীবন "	...	৫
অধ্যাপক "	...	৪
সহায়ক "	...	১৫
সাধারণ "	...	১৯৯২

কলিকাতা ৮২৮

মফঃস্বল ১১৬৪

১৯৯২

২০২৮

উপরে যে তালিকা প্রদত্ত হইল, তাহাতে দেখা যাইতেছে যে, আলোচ্য বর্ষে পরিষদের সদস্য-সংখ্যা দুই সহস্র অতিক্রম করিয়াছে। ইহা যে পরিষদের পক্ষে অত্যন্ত শ্লাঘা ও গৌরবের বিষয়, তাহাতে কোন সন্দেহ নাই। বঙ্গবাণীর আরাধনা-মন্দিরে পূজকের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে, ইহা দেখিয়া কোন্ হৃদয়বান্ বাঙ্গালী আনন্দরসে আপ্লুত না হইবেন ?

পরিষৎ ১৩০১ সালে স্থাপিত হয় ও সেই বর্ষের শেষে ইহার সদস্য-সংখ্যা ১০৩ ছিল। ১৫ বৎসর পরে অর্থাৎ ১৩১৫ সনের শেষে সদস্য-সংখ্যা কিঞ্চিদধিক এক সহস্র হয়। তৎপর পাঁচ বৎসর পরে সদস্যসংখ্যা দুই সহস্র অতিক্রম করিয়াছে। এত দ্রুত সদস্যসংখ্যা-বৃদ্ধি পরিষদের পক্ষে যে অত্যন্ত গৌরবজনক, তাহাতে কোন সন্দেহ নাই ; কিন্তু পরিষদের কার্য্যক্ষেত্রের বিস্তৃতির তুলনায় সদস্যসংখ্যা এখনও অনেক কম রহিয়াছে, বলিতে হইবে। সমগ্র বাঙ্গালা দেশের শিক্ষিত-সম্প্রদায়ের অনুপাতে ইহার সদস্যসংখ্যা এখনও অকিঞ্চিৎকরই বলিতে হইবে। বঙ্গ, বিহার, উড়িষ্যা ও আসামে যাঁহারা বাঙ্গালা সাহিত্যের চর্চ্চা করেন, যাঁহারা বাঙ্গালা ভাষায় কথাবার্ত্তা কহেন, লেখাপড়া করেন, তাঁহাদের সকলকেই পরিষদের সদস্যরূপে পাইবার আশা করা পরিষদের পক্ষে কিছুই দুরাশা নহে। বাঙ্গালার বিভিন্ন জেলায় এবং বাঙ্গালার বাহিরে অন্যান্য প্রদেশে পরিষদের প্রতি শ্রদ্ধা যেরূপ দিন দিন বাড়িতেছে, তাহা এই পাঁচ বৎসরের সদস্যসংখ্যা-বৃদ্ধির দ্রুততা দেখিয়াই অনুমিত হইতে পারে ; অতএব আশা করা যায়, শীঘ্রই এই সদস্যসংখ্যা দ্বিগুণিত হইয়া উঠিবে। দেশমধ্যে লোকশিক্ষা, মৌলিক গবেষণায় উৎসাহ প্রদান, নানাপ্রকার উৎকৃষ্ট গ্রন্থ প্রকাশ, পুরাতন হস্তলিখিত পুথি সংগ্রহ ও রক্ষার ব্যবস্থা, একটি প্রাদেশিক চিত্রশালার উপযুক্ত সম্ভার সংগ্রহ প্রভৃতি নানাবিধ কার্য্যে পরিষৎ হস্তক্ষেপ করিয়াছেন ; কিন্তু উপযুক্ত কর্ম্মীর অভাবে সে সকল কার্য্য আশানুরূপ অগ্রসর হইতেছে না। দুই সহস্রাধিক সদস্য লইয়াও পরিষৎকে প্রকৃত কর্ম্মীর সাহায্য বিহনে অন্য দেশের তুলনায় কার্য্যক্ষেত্রে এখনও অনেক

পশ্চাতে পড়িয়া থাকিতে হইতেছে। পরিষদের সদস্যগণের মধ্যে গণ্য, মান্য, বিদ্বান্, ধনী, পণ্ডিত, অধ্যাপক, সাহিত্যসেবী প্রভৃতি সকল শ্রেণীর লোকই আছেন, কিন্তু এখনও পরিষৎ যে সকল উদ্দেশ্য লইয়া কার্য্যক্ষেত্রে দাঁড়াইয়াছেন, সে সকল সুসম্পন্ন করিবার জন্য যত কর্ম্মীর আবশ্যক, তাঁহাদের মধ্য হইতে তত বেশী কর্ম্মী পাওয়া যাইতেছে না; কাজেই বলিতে হয়, এখনও ইহার সদস্যসংখ্যা বর্দ্ধনের প্রয়োজনীয়তা রহিয়াছে, এখনও আশা করা যায় যে, দেশীয় কৃতবিদ্য-সম্প্রদায়ের মধ্যে ইহার সদস্যসংখ্যা আরও বৃদ্ধি হইবে। পরিষদের সদস্য হইতে লোকের বিশেষ কোন ব্যয়ভার বহন করিয়া কাতর হইয়া পড়িতে হয় না। ইহার মাসিক সাহায্য ন্যূনকল্পে ৷৹ আনামাত্র; অর্থাৎ মাতৃভাষার সেবামন্দিরে দিনান্তে একটিমাত্র পয়সা ভিক্ষার দাবী—খুব বেশী নহে।

মুসলমান সদস্য

এই স্থলে আর একটি কথার উল্লেখ বোধ হয়, অপ্রাসঙ্গিক হইবে না। বঙ্গদেশে শিক্ষিত মুসলমানের সংখ্যা বড় কম নহে এবং অত্যন্ত সুখের বিষয় এই যে, এই সংখ্যা উত্তরোত্তর দ্রুতগতিতে বৃদ্ধি প্রাপ্ত হইতেছে। অনেকেই অবগত আছেন যে, বাঙ্গালা সাহিত্যের ইতিহাসে মুসলমান-সম্প্রদায়ের ক্ষমতা ও প্রভাব দেদীপ্যমান। বর্ত্তমান সময়েও আমাদের অনেক মুসলমান ভ্রাতা অত্যন্ত উৎসাহ ও দক্ষতার সহিত বঙ্গভাষার সেবায় নিযুক্ত আছেন। তাঁহাদের পরিচালিত মাসিক ও সাপ্তাহিক পত্রে তাঁহারাই দিন দিন উচ্চকণ্ঠে ঘোষণা করিতেছেন যে, বাঙ্গালী মুসলমানের মাতৃভাষা বাঙ্গালা, আর তাহার পঠন-পাঠন বাঙ্গালী মুসলমানের একান্ত কর্ত্তব্য। গত বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অধিবেশনেও চট্টগ্রামের প্রবীণ সাহিত্যিক মুনশী আবদুল করিম সাহেব উহা সমর্থন করিয়া প্রবন্ধ পাঠ করিয়া গিয়াছেন; অথচ বাঙ্গালার এই সর্ব্বপ্রধান সাহিত্য-পরিষদেই মুসলমান সদস্যের সংখ্যা অত্যন্ত অল্প, ইহা অত্যন্ত পরিতাপের বিষয়। আমরা এ বিষয়ে দেশীয় শিক্ষিত সম্প্রদায়ের, বিশেষতঃ আমাদের মুসলমান ভ্রাতাদের দৃষ্টি আকর্ষণ করিতেছি। বাঙ্গালা ভাষা ও সাহিত্য বঙ্গদেশবাসী হিন্দু ও মুসলমান উভয়েরই সম্পত্তি। উভয় সম্প্রদায় একযোগে কার্য্য না করিলে ভাষা ও সাহিত্যের সর্ব্বাঙ্গীন উন্নতি সম্ভবপর নহে। এত দিন ইহা ছিল না বলিয়াই "মুসলমানী বাঙ্গালা" নামে একটা মিশ্রভাষা গড়িয়া উঠিয়াছে। আজকাল সহৃদয়, শিক্ষিত, বাঙ্গালার সুলেখক মুসলমান ভ্রাতারা সেই অপভাষাকে দমন করিবার চেষ্টা করিতেছেন। এইরূপ একক্রিয়তাই বাঞ্ছনীয়। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মুসলমান-শিক্ষিত সম্প্রদায়ের সহানুভূতি আশানুরূপ পাইতেছেন না, ইহা বড়ই ক্ষোভের কারণ হইয়া রহিয়াছে। শিক্ষিত মুসলমানেরা বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য হইয়া আরব্য ও পারস্য ভাষায় নিহিত নানাবিধ রত্ন-সম্ভার উদ্ধার করিয়া তাঁহাদেরই মাতৃভাষা বঙ্গবাণীর মন্দিরে উৎসর্গ করিবেন। বঙ্গভাষার অঙ্গ সেই সকল রত্নে সুশোভিত হইলে তাঁহাদের এবং তাঁহাদেরই মাতৃভাষার গৌরব বর্দ্ধিত হইবে। ইহাও সাহিত্য-পরিষদের অন্যতম আশা। আশা করি, আমাদের এই আবেদন ব্যর্থ হইবে না এবং সাহিত্য-পরিষদে মুসলমান সদস্যের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইবে।

মৃত সদস্য ও সাহিত্য-সেবিগণ

আলোচ্য বৎসর বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ১৯ জন সদস্য পরলোক গমন করিয়াছেন। ইহাঁদের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত হইয়াছেন এবং ইহাঁদের শোকসন্তপ্ত পরিবার-বর্গকে আন্তরিক সমবেদনা জানাইতেছেন। ইহাঁদের মধ্যে যাঁহারা সাহিত্য-সেবী ছিলেন, যাঁহারা বাঙ্গালা ভাষায় গ্রন্থাদি রচনা করিয়া গিয়াছেন এবং যাঁহারা পরিষদের প্রতি শ্রদ্ধা প্রকাশ করিতেন, তাঁহাদের বিয়োগে পরিষৎ বিশেষ ক্ষতি বোধ করিতেছেন।

১। ৺অমৃতলাল মুখোপাধ্যায় রায় বাহাদুর এম্ এ, বি এল্—ইনি ১৩১৪ সালে পরিষদের সদস্য হইয়াছিলেন। মৃত্যুকালে ইনি জেলার ম্যাজিষ্ট্রেট হইয়া বিশেষ সুখ্যাতি লাভ করেন। তৎপূর্ব্বে ইনি কলিকাতায় মিউনিসিপাল ম্যাজিষ্ট্রেটরূপেও বিশেষ আদর লাভ করিয়াছিলেন। বাঙ্গালা সাহিত্যের প্রতি ইহাঁর অনুরাগ এবং সাহিত্য-পরিষদের প্রতি শ্রদ্ধা থাকায় বাঙ্গালা সাহিত্য-সমাজের সহিত ইহাঁর বিশেষ ঘনিষ্ঠতা ছিল। নিজে অমায়িক ও আপ্যায়নপটু ছিলেন বলিয়া বহু সাহিত্যিক তাঁহার বন্ধু ছিলেন। মৃত্যুর কিছুদিন পূর্ব্বে ইহাঁর স্ত্রীবিয়োগ হয়। অমৃত বাবুও অকালে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার যে প্রকার শ্রদ্ধা ছিল, তাহাতে জেলার ম্যাজিষ্ট্রেটরূপে তাঁহাদ্বারা ইহার বহু উপকারের সম্ভাবনাও ছিল। ইহাঁর অকাল-মৃত্যুতে সাহিত্য-পরিষদের ক্ষতি হইয়াছে, বলিতে হইবে।

২। ৺কবিরাজ উমেশচন্দ্র রায় কবিরত্ন—ইনি ১৩১৮ সালে পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন।

৩। ৺কালীমোহন রায় চৌধুরী—ইনি ১৩১২ সালে পরিষদের সদস্য হন।

(৪) ৺কৃষ্ণপ্রসাদ সর্ব্বাধিকারী এম্ এ, বি এল্—ইনি ১৩১৩ সালে সাহিত্য-পরিষদের সদস্য হন। সর্ব্বাধিকারিবংশ কুলে শীলে বিদ্যায় বাঙ্গালা দেশে সুপ্রতিষ্ঠিত। কৃষ্ণপ্রসাদও হাইকোর্টের প্রসিদ্ধ উকীল ও কলিকাতা ইউনিভার্সিটির ফেলো ছিলেন। সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার অগাধ প্রীতি ও শ্রদ্ধা ছিল। ইহার পত্রিকা ও গ্রন্থাবলী প্রকাশের অপেক্ষায় তিনি উদ্‌গ্রীব হইয়া থাকিতেন। ইনি ইংরাজিতে কয়েকখানি আইনের গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন।

৫। ৺গতিকৃষ্ণ সেন বিএ,—ইনি ১৩১৭ সালে সাহিত্য-পরিষদের সদস্য হইয়াছিলেন।

৬। ৺গোপালচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, বি এল্—গত ১৩১৯ সালে ইনি সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন।

৭। ৺দুর্গাদাস রায় চৌধুরী—ইনি ১৩১২ সালে সাহিত্য-পরিষদের সদস্য হন এবং দক্ষিণ-বাঙ্গালার এক অতি পুরাতন বংশের জনৈক শ্রেষ্ঠ ব্যক্তি ছিলেন। ২৪ পরগণা বারুইপুরের রায়-চৌধুরিবংশে জন্মগ্রহণ করিয়া দুর্গাদাস বাবু অল্প বয়সেই লোকপ্রিয়, দেশহিতৈষী ও সমাজপ্রতিপালক হইয়া উঠিয়াছিলেন। ইনি নিজ দেশের সকল সৎকর্ম্মের প্রবর্ত্তক ও অগ্রণী ছিলেন। রাজপুরুষগণের নিকটও তাঁহার প্রতিপত্তি ছিল। মিউনিসি-

পালিটি ও লোকাল বোর্ড প্রভৃতিতে কার্য্য করিয়া ইনি যশস্বী হইয়াছিলেন। বাঙ্গালা ভাষায় কবিতা ও সঙ্গীত-রচনায় তাঁহার কৃতিত্ব ছিল।

৮। ৺জগৎপদ হালদার—ইনি ১৩১৪ সালে সাহিত্য-পরিষদের সদস্য হন। সাহিত্য-পরিষদের প্রতি ইহাঁর শ্রদ্ধা ও প্রীতি ছিল। জীবিত কালে ইনি সাহিত্য-পরিষদের প্রায় সকল অধিবেশনেই যোগদান করিতেন। অল্প বয়সেই ইহাঁর মৃত্যু হইয়াছে। ইনি মাঝে মাঝে শাস্ত্রীয় উপদেশ-মালা পুস্তিকাকারে ছাপাইয়া সাধারণকে বিতরণ করিতেন। একবার শ্রীমদ্ভগবদ্‌গীতা ছাপাইয়া বিতরণ করিয়াছিলেন। পরিষদের কোন স্থায়ী উপকার করিবার কল্পনা অনেক দিন হইতে ইহাঁর প্রাণে ছিল। হঠাৎ অকালে মৃত্যু হওয়ায় তাহা কার্য্যে পরিণত হয় নাই।

৯। ৺জীবনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় বি এ,—ইনি ১৩১৬ সালে পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত হন।

১০। ৺প্রভাসচন্দ্র বসু এম্ এ—গত ১৩১৮ সালে ইনি সাহিত্য-পরিষদের সদস্য হন।

১১। ৺প্রিয়নাথ মিত্র বি এ—গত ১৩১৫ সালে ইনি সাহিত্য-পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন।

১২। ৺মোহনবিহারী আঢ্য—গত ১৩১৭ সালে ইনি সাহিত্য-পরিষদের সদস্য-শ্রেণীভুক্ত হন।

১৩। ৺রামেশ্বর চক্রবর্ত্তী—গত ১৩১৬ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। পরিষৎকে ইনি বিশেষ স্নেহের চক্ষে দেখিতেন।

১৪। ৺ডাঃ ললিতমোহন সিংহ বিএ—১৩১৮ সালে ইনি পরিষদের সদস্য হন।

১৫। ৺শরৎকুমার লাহিড়ী—ইনি ১৩১৬ সালে সাহিত্য-পরিষদের সদস্য হন। কলিকাতার পুস্তক-ব্যবসায়িগণের মধ্যে ৺শরৎকুমার বিশেষ প্রসিদ্ধ ছিলেন। ব্যবসায়ে ইহাঁর সততা ও কৃতিত্ব বিশেষ প্রশংসিত। আইন সংক্রান্ত পুস্তক এবং পাঠ্য পুস্তক প্রকাশে ইহাঁর প্রসিদ্ধি সমধিক। পুস্তক ও ছাপাখানার ব্যবসায়ে ইনি যেমন প্রচুর বিত্ত সঞ্চয় করিয়া গিয়াছেন, তেমনি সৎকর্ম্মে দান করিয়া ইনি সেই বিত্তের সদ্ব্যবহারও করিয়া গিয়াছেন। বাঙ্গালা শিক্ষার উন্নতিকল্পে ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বহু টাকা দিয়া গিয়াছেন। ইহার উপস্বত্ব হইতে বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা অধ্যাপক-পদের প্রতিষ্ঠা হইয়াছে। শ্রীযুক্ত রায় সাহেব দীনেশচন্দ্র সেন এই বিষয়ের প্রথম অধ্যাপক। নিজ পিতা এবং মাতার স্মৃতিরক্ষার্থ "রামতনু পদক" ও "গঙ্গামণি পদক" নামে প্রতি বৎসর বি এ পরীক্ষায় বাঙ্গালা সাহিত্যের সর্ব্বপ্রথম ছাত্র ও ছাত্রীকে দুইটি পদক দিবার জন্য উপযুক্ত পরিমাণে অর্থও দান করিয়া গিয়াছেন। ইহা হইতেই বাঙ্গালা সাহিত্যের প্রতি তাঁহার শ্রদ্ধার পরিমাণ কত বেশী ছিল, তাহা জানা যায়। পরিষদের প্রতিও তাঁহার যথেষ্ট অনুরাগ ছিল। এই মন্দিরে তাঁহার পিতার স্মৃতিরক্ষার্থ ৺রামতনু লাহিড়ী মহাশয়ের একখানি ছবি দান করিয়া গিয়াছেন। তিনি নিজেও বাঙ্গালায় সুলেখক ছিলেন। ৺দ্বিজেন্দ্রলাল রায়ের স্মৃতি-সভায় বন্ধুপ্রীতির নিদর্শন-স্বরূপ একটি সুলিখিত প্রবন্ধ পাঠ করেন।

১৬। ৺শশিভূষণ সরকার এম্ এ—গত ১৩০৭ সালে অধ্যাপক শশিভূষণ সরকার মহাশয় পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। ইনি অধ্যাপনায় বিশেষ খ্যাতি লাভ করিয়াছিলেন। পরিষদের এই প্রাচীন সদস্যের পরলোকপ্রাপ্তিতে পরিষৎ বিশেষ দুঃখিত।

১৭। ৺সুবলচন্দ্র মিত্র—১৩১৯ সালের বার্ষিক অধিবেশনের পূর্ব্বে অথচ ১৩২০ সালেই ইহাঁর মৃত্যু হওয়ায় উনবিংশবার্ষিক কার্য্যবিবরণীতে যথাস্থানে ইহাঁর কীর্ত্তি-কথা উল্লিখিত হইয়াছে।

১৮। ৺ডাঃ সুরেন্দ্রনাথ মুখোপাধ্যায় এল্ এম্ এস্—১৩১০ সালে ইনি সাহিত্য-পরিষদের সদস্য হন। ইহাঁর মৃত্যুতে পরিষৎ একজন প্রাচীন সদস্য হারাইয়াছেন। সহরের উত্তরাঞ্চলে চিকিৎসা-বিদ্যায় ইহাঁর বিশেষ খ্যাতি ছিল।

১৯। ৺হরেন্দ্রনারায়ণ মিত্র এম্ এ, বি এল্—গত ১৩১৬ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন।

সাহিত্য-পরিষদের পূর্ব্বোক্ত সদস্যগণ ব্যতীত নিম্নলিখিত কয়েক জন প্রথিতনামা সাহিত্যসেবীর মৃত্যু হইয়াছে। ইহাঁদের জন্য সাহিত্য-পরিষৎ বিশেষ দুঃখ প্রকাশ করিতেছেন।

১। ৺গুরুনাথ কাব্যতীর্থ—সংস্কৃত শাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপনায় কাব্যতীর্থ মহাশয়ের বিশেষ প্রশংসা ছিল। ব্যাকরণ শাস্ত্রে তিনি বিশেষ ব্যুৎপন্ন ছিলেন। তিনি কলাপ ব্যাকরণ প্রকাশ করিয়া যশস্বী হইয়া গিয়াছেন। তিনি আরও অনেক সংস্কৃত গ্রন্থ প্রকাশ করিয়া গিয়াছেন। পরিষদের প্রতি তাঁহার শ্রদ্ধা ছিল এবং ইহার অধিবেশনাদিতে আনন্দ সহকারে যোগ দিতেন।

২। ৺চন্দ্রশেখর বসু—ইনি একজন প্রাচীন দার্শনিক ছিলেন। ইহাঁর রচিত প্রলয়-তত্ত্ব, পরলোক-তত্ত্ব, বেদান্তদর্শন, হিন্দু ধর্ম্মের উপদেশ, সৃষ্টি, বক্তৃতা-কুসুমাঞ্জলি, অধিকার-তত্ত্ব প্রভৃতি গ্রন্থ বঙ্গ-সাহিত্যে প্রতিষ্ঠা লাভ করিয়াছে। বহু পূর্ব্বে তিনি পরিষদের সদস্য ছিলেন।

৩। ৺নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—রাজা রামমোহন রায়ের জীবন-চরিত্র-প্রণেতা ৺নগেন্দ্রনাথ যেমন সুলেখক, তেমনি সুবক্তা ছিলেন। তিনি একনিষ্ঠ ব্রাহ্ম ছিলেন। সকল অবস্থাতেই সকল স্থানে সকল উৎপীড়নের মধ্যে তিনি ব্রাহ্মধর্ম্মের ব্যাখা করিতেন। শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী মহাশয়ের "সমদর্শী" নামক কাগজে তাঁহার বাঙ্গালা লেখার আরম্ভ হয়, তাঁহার স্বাধীনচিত্ততা আমরণ বজায় ছিল। তিনি নিজের মতের বিরুদ্ধে কোথাও মাথা নোয়াইতেন না। তিনি সুতার্কিক ছিলেন। তাঁহার ভাষা অতি সহজ এবং সরল ছিল। তাঁহার "রামমোহন রায়ের জীবন-চরিত্র" এই শ্রেণীর সাহিত্যের আদর্শ। এতদ্ভিন্ন তাঁহার 'ধর্ম্মজিজ্ঞাসা' প্রভৃতি আরও অনেক সদ্‌গ্রন্থ আছে। তিনি ছলা বা কল-কৌশল জানিতেন না—সোজাসুজি যাহা বুঝিতেন, সোজাসুজি তাহাই বলিতেন; সত্যকথা বলিতে হইবে বলিয়া তিনি লাঠিমারা কথা কহিতেন না। তিনি

সর্ব্বপ্রকারে সুরসিক ছিলেন, তাঁহার কথায় হাসিতে হইত, তাঁহার ভাবে হাসিতে হইত। গত ১৩২০ সালের ৩১শে জ্যৈষ্ঠ তারিখে তাঁহার মৃত্যু হইয়াছে।

৪। ৺রজনীকান্ত বিদ্যারত্ন—৺রজনীকান্ত সংস্কৃত শাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপনায় পটু ছিলেন। বহু এণ্ট্রান্স স্কুলের প্রধান পণ্ডিতের কার্য্য করিয়াছিলেন। সংক্ষিপ্ত সহজ সরল বাঙ্গালা ভাষায় সংস্কৃত গ্রন্থের অনুবাদ করিতে তাঁহার যথেষ্ট নিপুণতা ছিল। সামবেদের বঙ্গানুবাদ তাঁহার এই ক্ষমতার সুপরিচায়ক। শান্তি-স্বস্ত্যয়ন, মঙ্গলাচরণাদি কর্ম্মে তাঁহার প্রসিদ্ধি ছিল। পরিষদের সকল প্রকার কার্য্যে তাঁহার সাহায্য পাওয়া যাইত। পঞ্চাশৎ বর্ষ পূর্ণ না হইতেই তাঁহার মৃত্যু হইয়াছে।

৫। ৺শশিভূষণ মুখোপাধ্যায়—কি বাঙ্গালা, কি ইংরাজীতে, ইহাঁর ন্যায় সুপটু লেখক ও সুবক্তা খুব কমই এ দেশে জন্ম গ্রহণ করিয়াছেন। সংবাদপত্র-পরিচালনে ও সম্পাদকতায় ইহাঁর ন্যায় নিপুণ ব্যক্তি অতিমাত্র বিরল। ইণ্ডিয়ান একো, বীভার, ন্যাশনাল গার্জ্জেন, পাউয়ার এবং পাউয়ার এণ্ড গার্জ্জেন প্রভৃতি ইংরাজী কাগজের সৃষ্টিকর্ত্তাই ইনি। বিদ্রূপাত্মক-চিত্র (Caricature) উদ্ভাবনে এবং বিদ্রূপ-রচনায় ইহাঁর কৃতিত্ব অসাধারণ ছিল। বঙ্গবাসী, হিতবাদী ও বসুমতী প্রতিষ্ঠার সময় ইহাঁর রচনায় ও পরামর্শে বিশেষ উপকার হইয়াছিল। প্রথম যৌবনে ইনি ৺অর্দ্ধেন্দুশেখর মুস্তফী মহাশয়ের শিষ্যত্বে তাঁহারই সহিত লক্ষ্ণৌএ অভিনয়-কার্য্যেও বিশেষ সুখ্যাতি অর্জ্জন করিয়াছিলেন। তাঁহার ন্যায় সদালাপী, স্পষ্টবক্তা, গুণগ্রাহী এবং তেজস্বী পুরুষ এখনকার কালে বিরল।

৬। ৺শিবচন্দ্র বিদ্যার্ণব—বিদ্যার্ণব মহাশয়ের বাস কুমারখালী—নদীয়া। তন্ত্রশাস্ত্রের আলোচনায় তিনি প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। তাঁহার ন্যায় সুবক্তা অতি দুর্ল্লভ। তিনি নবদ্বীপে কাব্য-ব্যাকরণাদি অধ্যয়ন করেন, তৎপরে তন্ত্রশাস্ত্রের অনুশীলনে প্রবৃত্ত হইয়া বিশেষ পারদর্শী হন। তিনি কাশীতে বহুদিন বাস করিয়া সেখানে তাঁহার ধর্ম্মময় জীবন অতিবাহিত করেন। কাশীতে তাঁহার প্রতিষ্ঠিত দেবমন্দির বহু লোক দর্শন করিতে যান। তন্ত্রবিষয়ে ও ভক্তিসঙ্গীতবিষয়ে ইহাঁর কয়েকখানি পুস্তক আছে।

৭। ৺হরিশ্চন্দ্র তর্করত্ন—তর্করত্ন মহাশয়ের পাণ্ডিত্যের কথা পণ্ডিত-সমাজে বিশেষ-রূপে পরিজ্ঞাত ছিল। ইনি স্মৃতিশাস্ত্রে বিশেষ অভিজ্ঞ ছিলেন। মূলাজোড় কলেজে তাঁহার অবস্থানসময়ে ছাত্রগণের স্মৃতিশাস্ত্রের শিক্ষা বিষয়ে বিশেষ সুবিধা ছিল। তিনি নবদ্বীপে গিয়া শেষ জীবন অতিবাহিত করেন। ইহাঁর বহু ছাত্র নানা স্থানে টোল করিয়াছেন।

৮। ৺হৃষীকেশ শাস্ত্রী—শাস্ত্রী মহাশয় "বিদ্যোদয়" নামক সংস্কৃত মাসিক পত্রের সম্পাদক ছিলেন। তাঁহার পিতা ৺মধুসূদন স্মৃতিরত্ন ও পিতামহ ৺আনন্দচন্দ্র শিরোমণি। ইহাঁরা ভাটপাড়ার বশিষ্ঠ গোত্রের অলঙ্কার ছিলেন। শাস্ত্রী মহাশয় টোলে শিক্ষা লাভ করিয়া লাহোরে ওরিএণ্টাল কলেজের দ্বিতীয় অধ্যাপক নিযুক্ত হন। তিনি পিতার একমাত্র পুত্র ছিলেন বলিয়া পিতা তাঁহাকে দূরে রাখিয়া থাকিতে পারিতেন না। পিতার

আদেশে তিনি ভবিষ্যৎ উন্নতির পথ নষ্ট করিয়া ৩০৲ বেতনে সংস্কৃত কলেজে আসেন। এখানে তাঁহার বিশেষ পদোন্নতি হইয়াছিল। তাঁহার পাঠনা-প্রণালী সুন্দর ছিল। সাধুতা, নম্রতা, চরিত্র-বল তাঁহার অসাধারণ ছিল। স্মৃতিশাস্ত্রে তাঁহার গভীর পাণ্ডিত্য ছিল। বঙ্গবাসীর প্রকাশিত স্মৃতিগুলির তিনিই অনুবাদ করেন। তিনি এসিয়াটিক সোসাইটির ৪৫০০ পুথির তালিকা প্রস্তুত করিয়া গিয়াছিলেন। মৃত্যুকালে পরিষদের সদস্য না থাকিলেও বহু দিন তিনি ইহার সদস্য-তালিকা অলঙ্কৃত করিয়াছিলেন এবং সাহিত্য-পরিষদের অধিবেশনাদিতে সময়ে সময়ে যোগদান করিতেন।

বার্ষিক অধিবেশন

আলোচ্য বর্ষে ১১ই জ্যৈষ্ঠ উনবিংশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন। এই অধিবেশনে পূর্ব্ববৎসরের কার্য্যবিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয়, কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হয়। সহায়ক-সদস্যগণ নির্ব্বাচিত হন এবং নূতন বৎসরের জন্য কার্য্যাধ্যক্ষগণ নির্ব্বাচিত হন। আট বৎসরকাল অক্লান্ত পরিশ্রম ও অসাধারণ দক্ষতার সহিত পরিষদের নেতৃত্ব করিয়া শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় পরিষদের সভাপতিত্ব হইতে এই অধিবেশনের পর অবসর গ্রহণ করেন এবং স্বনামধন্য মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম এ, সি আই ই মহোদয় সভাপতির পদে বৃত হন। মহামহোপাধ্যায় শাস্ত্রী মহোদয়ের বিদ্যাবত্তা ও খ্যাতি ভারতবর্ষের মধ্যেই নিবদ্ধ নহে, তাঁহার গভীর পাণ্ডিত্যের জন্য ইওরোপীয় পণ্ডিতগণও তাঁহাকে বিশেষ শ্রদ্ধার সহিত দেখিয়া থাকেন। বাঙ্গালা ভাষার পুষ্টিসাধন তাঁহার একপ্রকার জীবন-ব্রত। প্রাচীন বঙ্গভাষার অনুশীলন এবং তাহার ইতিবৃত্ত-সংগ্রহাদি ব্যাপারে তাঁহার কৃতিত্ব ও পরিশ্রম সর্ব্বজনবিদিত। তিনি ইতিপূর্ব্বে একাধিক বার এই পরিষদের সহকারী সভাপতি ছিলেন এবং বিশেষভাবে তাঁহারই চেষ্টায় ও উৎসাহে ইতিপূর্ব্বে পরিষৎ হইতে অনেক অপ্রকাশিত পূর্ব্ব বাঙ্গালা-পুথি প্রকাশিত হইয়াছে। আলোচ্য বর্ষে অর্থাৎ ১৩২০ বঙ্গাব্দে অন্যান্য নানা কার্য্যে ব্যাপৃত থাকিয়াও শাস্ত্রীমহাশয় যেরূপ ভাবে পরিষদের সভাপতির কার্য্য করিয়াছেন, তাহা আমাদের পক্ষে অত্যন্ত শ্লাঘার বিষয়। তাঁহার নেতৃত্বে আমরা ক্রমশঃ উন্নতির পথে অগ্রসর হইতে পারিব, সন্দেহ নাই। সংস্কৃত ভাষা হইতে দুরূহ গ্রন্থাদি বিশেষতঃ দার্শনিক গ্রন্থাদি ভাষান্তর করা অতি কঠিন। কি উপায়ে ইহা সুন্দররূপে সম্পাদিত করা যায় এবং অল্প আয়াসে প্রত্নতত্ত্বের ও প্রাচীন বাঙ্গালা সাহিত্যের জটিল অংশগুলি সাধারণের বোধগম্য করা যায়, তাহা কথোপকথনচ্ছলে আলোচনা করিবার জন্য আলোচ্য বর্ষে প্রতি মাসে অন্ততঃ এক দিন একটি করিয়া আলোচনা-সভার অনুষ্ঠান করিতে সভাপতি মহাশয় আদেশ করেন। তদনুসারে কয়েকটি মাত্র আলোচনা-সভার অধিবেশন হইয়াছিল; কিন্তু দুঃখের সহিত বলিতে হইতেছে, নানা কারণে উহার কার্য্য ঠিকমত পরিচালন করিতে পারা যায় নাই।

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় পরিষদের সভাপতির পদ হইতে অবকাশ গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু সুখের বিষয় যে, তিনি অন্যতম সহকারী সভাপতির পদ গ্রহণ করিয়া সভার কার্য্যে সর্ব্বদাই মনোযোগ দিয়া থাকেন।

মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির তালিকা।

১ম মাসিক অধিবেশন, ৮ই আষাঢ় (১) নূতন ও পুরাতন বিজ্ঞান—শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ।
(২) ভাওয়ালের গাজীবংশ—শ্রীযুক্ত কালীভূষণ মুখোপাধ্যায়।
(৩) বৃন্দাবন দাস ঠাকুর ও তাঁহার রচিত চৈতন্যভাগবত—শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী।

২য়—২৯শে আষাঢ় (৪) প্রাচীন পদাবলী ও পদকর্ত্তৃগণ—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ।

৩য়—১লা ভাদ্র (৫) তর্কের পরিভাষা—শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্ এ।
(৬) চ-বর্গীয় বর্ণসমূহের উচ্চারণ—শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ।
(৭) ময়মনসিংহের গীতিরামায়ণ—শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক।

৪র্থ—১২ই আশ্বিন (৮) বাঁকুড়া দর্শন—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী।
(৯) বঙ্গের চন্দ্ররাজগণের পূর্ব্বতন রাজপাট—শ্রীযুক্ত শিবচন্দ্র শীল।
(১০) শঙ্কর-কৃত পাষণ্ড-মর্দ্দন— ,,

৫ম—১৪ই অগ্রহায়ণ (১১) বঙ্গাধিপ রাজভট— শ্রীনগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব।
(১২) প্রাচীন কামরূপের রাজমালা—শ্রীযুক্ত পদ্মনাথ বিদ্যাবিনোদ এম্ এ
(১৩) তাড়িত বিজ্ঞানের পরিভাষা—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ।
(১৪) বাণীকণ্ঠের মোহমোচন নামক ভক্তিগ্রন্থ—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী।

৬ষ্ঠ—৬ই পৌষ (১৫) গৌতমের ন্যায়দর্শন—ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এচ ডি।

৭ম—৫ই মাঘ (১৬) সারদা লিপি ও ডোগরা বর্ণমালা—কবিরাজ শ্রীযুক্ত দুর্গা নারায়ণ সেন শাস্ত্রী।
(১৭) অতীতে 'ল' এবং ভবিষ্যতে 'ব' প্রত্যয়—শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ।
(১৮) প্রাচীন পুথির বিবরণ—মুনশী শ্রীযুক্ত আবদুল করিম।

৮ম— ১০ই ফাল্গুন (১৯) দেশভেদে বাঙ্গালা ভাষার আকার-ভেদ—শ্রীযুক্ত কুঞ্জকিশোর চৌধুরী।

৯ম—২৪শে ফাল্গুন (২০) কৃত্তিবাসের জন্মশক—রায় সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ,

১০ম মাসিক অধিবেশন, ১৫ই চৈত্র (২১) কৃষ্ণ-জন্মলীলা নামক পুথির বিবরণ—শ্রীযুক্ত
(২২) মানভূমের গ্রাম্য সঙ্গীত—শ্রীযুক্ত হরিনাথ ঘোষ বি এল্।

এই সমস্ত অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদির তালিকা।

১। ঊনবিংশ বার্ষিক অধিবেশন, ১১ই জ্যৈষ্ঠ,—

প্রদাতা	প্রদর্শিত দ্রব্য
শ্রীযুক্ত মহেশচন্দ্র বিশ্বাস তর্কবাগীশ—	কাশ্মীর রাজ্যের দুইটি রৌপ্যমুদ্রা
শ্রীযুক্ত বিজনবিহারী মুখোপাধ্যায়—	নানাদেশীয় নয়টি তাম্রমুদ্রা

২। বিংশ বার্ষিক, প্রথম মাসিক অধিবেশন, ৮ই আষাঢ়,—

রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর— তেরটি সুবর্ণমুদ্রা যথা,—ইষ্ট ইণ্ডিয়া কোং, ষ্টার প্যাগোডা, জয়পুর মহারাজ সওয়াই রাম সিং, মুর্শিদাবাদী ইষ্ট ইণ্ডিয়া কোং মোহর, পাতিয়ালা ষ্টেট, নেপাল ষ্টেট, শাহ্‌জাহান, শাহ্‌জাহান (আগ্রা), আকবর (সুরাট), আকবর (আহম্মদাবাদ) ৪টি ও সের শাহ।

৩। দ্বিতীয় মাসিক অধিবেশন, ২৯শে আষাঢ়,—

শ্রীযুক্ত সতীন্দ্রনারায়ণ রায়— (১) প্রস্তর-মূর্ত্তি এবং বিষ্ণুমূর্ত্তি, (২) তারা বা ভৈরবী-মূর্ত্তি।

৪। তৃতীয় মাসিক অধিবেশন, ১লা ভাদ্র,—

শ্রীযুক্ত অমৃতলাল দাস গুপ্ত— পাঁচটি প্রস্তর-মূর্ত্তি;—(১) ভগ্ন বিষ্ণুমূর্ত্তি। (২) কোন দেবী-মূর্ত্তির ভগ্নাংশ। এক দিকের দুই হস্ত ও আর একটি বাহুমূল বর্ত্তমান, এক হস্তে ধনু, অপর হস্তে সম্ভবতঃ বজ্র-ঘণ্টা। (৩) পদ্মাসনে সমাসীন ধ্যানস্থ মূর্ত্তির নিম্নাংশ, পাদদেশে বৃষমূর্ত্তি, প্রধান মূর্ত্তির পরিধানে জানুদেশ পর্য্যন্ত ফুল-কাটা বস্ত্র বা ব্যাঘ্র-চর্ম্ম। বৃষের পশ্চাতে উপাসিকা মূর্ত্তি, বৃষের সম্মুখে নর্ত্তনশীল মূর্ত্তি। (৪) কোন দেবমূর্ত্তির উপরিস্থ কীর্ত্তিমুখ।(৫) কোন দেবমূর্ত্তির পাদপীঠের ভগ্নাংশ।

৫। চতুর্থ মাসিক অধিবেশন, ১২ই আশ্বিন—

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী	...	একটি প্রস্তর-মূর্ত্তি
শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী	...	উৎকীর্ণ শিলাখণ্ড (কৃত্রিম ছাঁচ মাত্র)
শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ	...	একটি তাম্রমুদ্রা (আধুনিক)

৬। পঞ্চম মাসিক অধিবেশন, ১৪ই অগ্রহায়ণ—

শ্রীযুক্ত অর্ণবকুমার গঙ্গোপাধ্যায়—বৌদ্ধযুগের ক্ষুদ্র প্রস্তর-মূর্ত্তি।

৭। সপ্তম মাসিক অধিবেশন, ৫ই মাঘ—

মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী— আটটি সুবর্ণমুদ্রা,—(১) মহম্মদ তোগলক, (২) ফিরোজ তোগলক এবং তাঁহার পুত্র জাফর খাঁ, (৩) গিয়াসুদ্দিন বলবন, (৪) গিয়াসুদ্দিন মহম্মদ শাহ্, (৫) জালালুদ্দিন ফিরোজ খিল্‌জি, (৬) ফিরোজ তোগলক, (৭) আলাউদ্দিন মহম্মদ খিল্‌জি ও (৮) আকবর।

জনৈক বন্ধু—একটি স্বর্ণমুদ্রা—প্রথম চন্দ্রগুপ্ত।

বিশেষ অধিবেশন

আলোচ্য বর্ষে পরিষদের দুইটি বিশেষ অধিবেশন হইয়াছিল।

প্রথম বিশেষ অধিবেশন—৪ঠা শ্রাবণ

কবি দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের পরলোক-গমনে শোক প্রকাশার্থ মহামহো-পাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের সভাপতিত্বে এই সভার অধিবেশন হয়। নির্দ্ধারিত দিনে অপরাহ্ণ পাঁচ ঘটিকার সময় সাহিত্য-পরিষৎ-মন্দিরে এই সভার অধিবেশন হইবে বলিয়া বিজ্ঞাপিত হইয়াছিল। বেলা ৩টার সময় হইতে অধি-বেশনে যোগ দিবার জন্য পরিষৎ-মন্দিরে লোকসমাগম হইতে আরম্ভ হয় এবং এক ঘণ্টার ভিতরেই উপস্থিত ভদ্রলোকদের সংখ্যা এত অধিক হইয়াছিল যে, পরিষদের কর্ত্তৃপক্ষ দ্বিতলে একটি এবং নিম্নতলে অপর একটি অধিবেশন করিতে হইবে বলিয়া স্থির করিতে বাধ্য হন। বেলা চারিটার পর জনতা আরও বৃদ্ধি হইতে থাকে এবং পাঁচটার সময় লোকসংখ্যা এত অধিক হইয়াছিল যে, পরিষৎ-মন্দিরে এই বিশেষ সভার অধিবেশন একবারে অসম্ভব হইয়া পড়ে। তখন পরিষৎ-মন্দিরের সন্নিহিত সুপ্রসিদ্ধ জৈন মন্দিরের অন্তর্গত বৃহৎ অঙ্গনে এই বিশেষ অধিবেশনের ব্যবস্থা করা হয়। এই অধিবেশনের সুবিস্তৃত কার্য্যবিবরণী পরিষদের মাসিক কার্য্যবিবরণীতে প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত রায় বদরি দাস বাহাদুর জৈন মন্দিরে এই অধিবেশনের স্থান দান করিয়া পরিষদের মহদুপকার করিয়াছেন। এই জন্য তিনি পরিষদের বিশেষ ধন্যবাদের পাত্র।

দ্বিতীয় অধিবেশন—১২ই আশ্বিন

সুপ্রসিদ্ধ সাহিত্যিক নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ের পরলোকগমনে শোক-প্রকাশার্থ এই বিশেষ অধিবেশন হয়। মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এই অধিবেশনের সভাপতি ছিলেন এবং ইহার বিস্তৃত কার্য্যবিবরণ মাসিক কার্য্যবিবরণের সহিত প্রকাশিত হইয়াছে।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন,—

পরিষদের নির্ব্বাচিত সভ্যগণ

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় এম্ এ, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ, পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ, শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, ৺ শৈলেশচন্দ্র মজুমদার, শ্রীযুক্ত হেমচন্দ্র সেন গুপ্ত এম্ এ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ, শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ, শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মজুমদার এম এ, বি এল্, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত শচীন্দ্রপ্রসাদ বসু, শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী।

শাখা-পরিষদের প্রতিনিধি-সভ্যগণ

শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী, বরিশাল। শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী, রঙ্গপুর। শ্রীযুক্ত বোধিসত্ব সেন এম্ এ, বি এল, বহরমপুর। শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ, গৌহাটী।

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির বাইশটি অধিবেশন হইয়াছিল। প্রতি বৎসরের ন্যায় এ বৎসরেও কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে নানারূপ কার্য্য আলোচনার্থ উপস্থিত হইয়াছিল। এই সমস্ত কার্য্যমধ্যে ক্যাম্প্‌বেল মেডিক্যাল স্কুলে বাঙ্গালা ভাষাতে কি ভাবে শিক্ষার পুনঃ প্রবর্ত্তন হইতে পারে, তৎসম্বন্ধে আলোচনা, পরিষদের পুরাতন পত্রাদি রক্ষা সম্বন্ধে নিয়মাদি প্রবর্ত্তন, গ্রন্থপ্রকাশ-কার্য্যের সুশৃঙ্খলা ও সৌকর্য্য সম্পাদনের নিমিত্ত প্রাচীন গ্রন্থ-প্রকাশ-সমিতির বিলোপ সাধন এবং তৎপরিবর্ত্তে সাহিত্য, দর্শন, বিজ্ঞান, ইতিহাস—এই চারি শ্রেণীর চারিটি পরামর্শ-সমিতি গঠন, বৈজ্ঞানিক ও দার্শনিক পরিভাষা-প্রণয়নের জন্য কতকগুলি সমিতি গঠন, মুদ্রিত সমস্ত বাঙ্গালা পুস্তক যাহাতে পরিষদে এক এক খণ্ড পাওয়া যাইতে পারে, তৎসম্বন্ধে রাজ-সরকারের নিকট এবং পুস্তক-প্রকাশকগণের নিকট আবেদন, শাখা-পরিষদের নিয়মাবলী সংস্কার, বৈকুণ্ঠচরণ শেঠের ১নং ও ২নং লেনের নাম পরিবর্ত্তন করিয়া এই দুই লেনকে প্রসিদ্ধ কবি বিহারীলাল চক্রবর্ত্তী মহাশয়ের নামানুসারে অভিহিত করার জন্য কলিকাতা মিউনিসিপালিটির নিকট আবেদন, পুস্তকালয়-সমিতি গঠন এবং পুস্তকালয়ের নিয়ম সংস্কার প্রভৃতি কার্য্য বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের নানাবিধ কার্য্য পরিচালন জন্য গত বর্ষে যে সকল শাখা-সমিতি গঠিত হইয়াছিল এবং পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ ব্যতীত শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়, শ্রীযুক্ত ডাঃ অঘোরনাথ চট্টোপাধ্যায়, ডাক্তার শ্রীযুক্ত রাধাগোবিন্দ কর, ডাঃ শ্রীযুক্ত হরিনাথ ঘোষ রায় বাহাদুর, ডাক্তার শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ রায়, ডাক্তার শ্রীযুক্ত চন্দ্রশেখর কালী, কবিরাজ শ্রীযুক্ত গণনাথ সেন, ডাক্তার শ্রীযুক্ত গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত চারুচন্দ্র বসু, শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল, শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ ঘোষ, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় প্রভৃতি সদাশয় ও পরিষদের প্রতি স্নেহ ও শ্রদ্ধাবান্ ব্যক্তি এই সমস্ত শাখা-সমিতির কার্য্যে সহায়তা করাতে কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের নিকট অত্যন্ত কৃতজ্ঞ। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কি ভাবে বাঙ্গালা ভাষায় শিক্ষাদান ও পরীক্ষা গ্রহণের প্রসার বৃদ্ধি পাইতে পারে, তাহা নির্ণয় করিবার জন্য বর্ষশেষে এক সমিতি গঠিত হইয়াছে। পূর্ব্বোক্ত বাইশটি অধিবেশন ব্যতীত আলোচ্য বর্ষে ৫ই অগ্রহায়ণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির এক বিশেষ অধিবেশন হইয়াছিল এবং এই অধিবেশনে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নোবেল পুরস্কার প্রাপ্তিতে পরিষদের কর্ত্তব্য অবধারিত হয়। এই সমস্ত অধিবেশন ব্যতীত সময়াভাবে কেবলমাত্র কলিকাতাবাসী কার্য্য-নির্ব্বাহক-

সমিতির সভ্যদিগকে পত্রদ্বারা জানাইয়া চারিবার কার্য্য-নির্ব্বাহক-সমিতির কতকগুলি কার্য্য সম্পন্ন করাইতে হইয়াছিল। এতদ্ভিন্ন আগামী বর্ষে আর একটি আনন্দকর কার্য্যের প্রস্তাব গৃহীত হইয়াছে। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের প্রস্তাবে কার্য্য-নির্ব্বাহক-সমিতি আগামী ১৩২১ বঙ্গাব্দে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের বয়ঃক্রম পঞ্চাশদ্বর্ষ পূর্ণ হওয়া উপলক্ষে তাঁহাকে অভিনন্দন করিবেন, স্থির হইয়াছে।

কার্য্যালয়

আলোচ্য বর্ষের প্রারম্ভে শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়দ্বয় পরিষদের সহকারী সম্পাদকের পদ হইতে অবসর গ্রহণ করেন এবং শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এবং শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়দ্বয় তাঁহাদের স্থানে সহকারী সম্পাদক নিযুক্ত হন। শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় পাঁচ বৎসর পরিষদের সহকারী সম্পাদকরূপে কার্য্য করিয়াছেন। সহকারী সম্পাদকরূপে অন্যান্য কার্য্যের মধ্যে পরিষদের পুথিশালা ও চিত্রশালার শ্রীসম্পাদনে রাখাল বাবু অতিশয় যত্ন ও পরিশ্রম করিয়াছেন, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট চিরকৃতজ্ঞ থাকিবেন। রাজসরকারের প্রদত্ত দানের নিয়মানুসারে পরিষৎকে গ্রন্থপ্রকাশের জন্য প্রতি বৎসর ৩৬০০৲ টাকা ব্যয় করিতে হইবে, স্থির হয়; খগেন্দ্র বাবুর তত্ত্বাবধানেই প্রথম বৎসর অর্থাৎ উনবিংশ বর্ষে সেই ৩৬০০৲ টাকা যথোপযুক্ত ব্যয়িত হইয়াছিল। তিনি সেই সময়ে যেরূপ পরিশ্রম ও উৎসাহ সহকারে স্বীয় কার্য্য সম্পাদন করিয়াছিলেন, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের উপর মুখ্যতঃ গ্রন্থ ও পত্রিকা প্রকাশের ভার ন্যস্ত ছিল। পরিষদের প্রতি শ্রীযুক্ত ব্যোমকেশ বাবুর অনুরাগ ও শ্রদ্ধা স্বভাবসিদ্ধ। বলা বাহুল্য যে, তাঁহার প্রতি যে সকল কার্য্যের ভার আছে, তাহা সুশৃঙ্খলার সহিত সম্পাদন করিয়াও তিনি নানা প্রকারে পরিষদের কার্য্যে সম্পাদককে সাহায্য করিতে সর্ব্বদাই প্রস্তুত। শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয়ের উপর চিঠি-পত্রের আদান-প্রদান, সভা-সমিতি আহ্বান ও কার্য্যালয় সংক্রান্ত সমস্ত কার্য্যের ভার অর্পিত ছিল। হেম বাবু যে ভাবে পরিশ্রম করিয়া পরিষদের কার্য্যালয়ের সুশৃঙ্খলা বিধান এবং সাধারণতঃ সকল কার্য্যের পরিদর্শন করিয়াছেন, তাহা অল্প কথায় ব্যক্ত করা যায় না। পরিষৎ গত সাত বৎসর কাল হেম বাবুকে সহকারী সম্পাদকরূপে পাইয়া বিশেষ উপকৃত হইয়াছেন। তাঁহার ন্যায় সহকারী পাইয়া রামেন্দ্র বাবুর ন্যায় সম্পাদকও আপনাকে অনেকটা নিশ্চিন্ত মনে করিতেন এবং বর্ত্তমান সম্পাদকের পক্ষেও সে কথা সর্ব্বতোভাবে প্রযোজ্য। কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়ের উপর পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বৎসরেও পরিষদের আয়-ব্যয় ও হিসাবাদি কার্য্যের ভার অর্পিত ছিল এবং পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও দুর্গানারায়ণ বাবু অত্যন্ত সতর্কতা ও তীক্ষ্ণ দৃষ্টির সহিত তাঁহার প্রতি ন্যস্ত কার্য্য সম্পাদন করিয়াছেন। ব্যয়ের অনুপাতে পরিষদের যেরূপ অল্প আয়, তাহাতে শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন মহাশয়ের মত একজন তীক্ষ্ণদৃষ্টিসম্পন্ন আয়-

ব্যয়ের ভারপ্রাপ্ত সহকারী সম্পাদকের বিশেষ প্রয়োজন; সুতরাং শাস্ত্রী মহাশয় নিজের অন্যান্য নানা কার্য্যে ব্যাপৃত থাকিয়াও যে ভাবে সাহিত্য-পরিষদের জন্য পরিশ্রম করিতেছেন, তজ্জন্য সাহিত্য-পরিষৎ তাঁহার নিকট বিশেষভাবে ঋণী। অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয়ের উপর পরিষদের পুথিশালা পর্য্যবেক্ষণের ও চিত্রশালার কার্য্য-সম্পাদনে চিত্রশালাধ্যক্ষ মহাশয়কে সাহায্য করিবার ভার ন্যস্ত ছিল এবং শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়ের উপর প্রধানতঃ পরিষদের সাধারণ সভাগুলির অধিবেশনের তত্ত্বাবধানের ভার ও নূতন সদস্য সংগ্রহের ভার ন্যস্ত ছিল। ইঁহারা উভয়েই দক্ষতার সহিত নিজ নিজ কার্য্য সম্পাদন করিয়াছেন। এই জন্য ইঁহাদের সকলেরই নিকট পরিষৎ কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে পরিষদের প্রধান কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহ ও হিসাবরক্ষক শ্রীযুক্ত সূর্য্যকুমার পালের যত্ন ও পরিশ্রমের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। সহকারী সম্পাদকগণের সহিত এই দুই বিশ্বস্ত কর্ম্মচারী প্রায় দিবারাত্র পরিশ্রম করিয়া পরিষদের সকল কার্য্য সুশৃঙ্খলায় সম্পন্ন করিয়াছেন। পরিষদের কার্য্যালয়ে কার্য্যকাল বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত; কিন্তু এই দুই কর্ম্মচারীর কি সকালে, কি দুপ্রহরে, কি রাত্রিতে—কখনই কাজের বিরাম ছিল না। শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্ত, শ্রীযুক্ত ভোলানাথ কোঁচ ও শ্রীযুক্ত নলিনীকান্ত চট্টোপাধ্যায় প্রভৃতি কর্ম্মচারীরাও সাধ্যাতিরিক্ত পরিশ্রম করিয়া পরিষদের কার্য্য নির্ব্বাহ করিয়াছেন।

আলোচ্য বর্ষে পরিষদের অন্যতম লেখক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র ঘোষ পরিষদের কার্য্য পরিত্যাগ করাতে তাঁহার স্থলে অন্য কোন লেখক এ পর্য্যন্ত নিযুক্ত হন নাই। পরিষদের প্রুফ দেখার কার্য্যের জন্য একজন অনন্যকর্ম্মা কর্ম্মচারীর প্রয়োজনের কথা গত বার কার্য্য-বিবরণীতে বলা হইয়াছিল এবং সেই হেতু আলোচ্য বৎসরে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের পরিবর্ত্তে শ্রীযুক্ত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয়কে এই পদে নিযুক্ত করা হইয়াছে। আলোচ্য বর্ষে পরিষদের পুথি-বিভাগের কর্ম্মচারী শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় প্রায় দেড় মাস কাল পুথি সংগ্রহের জন্য বাঁকুড়া, মানভূম প্রভৃতি স্থানে গিয়াছিলেন। এই সময়ের জন্য অস্থায়িভাবে শ্রীযুক্ত অঘোরনাথ বিদ্যাবিনোদ মহাশয়কে পুথিশালার সংগৃহীত পুথির তালিকা প্রস্তুত কার্য্যে নিযুক্ত করা হয়। এই দেড় মাস ব্যতীত প্রয়োজন হওয়ায় আরও দেড় মাস পণ্ডিত অঘোরনাথকে রাখা হয়। মোট তিন মাসে তিনি পরিষদের সংগৃহীত অনেক সংস্কৃত পুথির তালিকা প্রস্তুত করেন। আলোচ্য বর্ষে কর্ম্মচারিগণ মনোযোগ ও উৎসাহের সহিত নির্দ্দিষ্ট সময়ের অতিরিক্ত বহু সময়ে সাহিত্য-পরিষদের কার্য্যে পরিশ্রম করিয়া স্বীয় স্বীয় কার্য্য সম্পাদন করিয়াছেন।

পরিষৎ মন্দির

আলোচ্য বর্ষে পরিষৎ মন্দিরের শোভা ও গৌরব বর্দ্ধনার্থ শ্রীযুক্ত মণিমোহন সেন ও তাঁহার ভ্রাতৃগণ তাঁহাদের স্বর্গীয় পিতা ডাক্তার রামদাস সেনের ব্রোমাইড চিত্রের পরিবর্ত্তে সুরঞ্জিত

তৈলচিত্র, লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর স্বর্গীয় কবিরাজ গঙ্গাধর সেনের তৈলচিত্র এবং শ্রীযুক্ত সচ্চিদানন্দ দত্ত মহাশয় স্বীয় পিতা প্রাচীন কবি স্বর্গীয় কেদারনাথ দত্ত মহাশয়ের তৈলচিত্র উপহার দিয়াছেন। পরিষদের অতি প্রাচীন সদস্য শ্রীযুক্ত পরেশচন্দ্র সোম মহাশয় একটি মেহগনি কাষ্ঠের শেল্‌ফ্ (পুস্তকাধার) উপহার দিয়াছেন। পরিষৎ ইহাঁদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। অর্থাভাবে পরিষৎ মন্দিরের যে সমস্ত অভাবের কথা গত দুই বৎসর সাধারণের সম্মুখে উপস্থিত করা হইয়াছে, সেই সমস্ত অভাবের কোনও বিশেষ প্রতিবিধান এ পর্য্যন্ত হয় নাই। কেবল মাত্র পরিষৎ নিজের ব্যয়ে কর্ম্মচারীদিগের বসিবার ঘরে একটি পাখার বন্দোবস্ত করিতে পারিয়াছেন এবং গ্রন্থাগারের ব্যবহারের জন্য দুইটি বৃহৎ আলমারী প্রস্তুত করাইয়াছেন। যাহাতে পরিষদের এই সকল অভাব দূরীভূত হইতে পারে, সেই জন্য পরিষদের সদস্যগণের নিকট আমাদের কাতর প্রার্থনা জানাইতেছি। আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অধিবেশন কলিকাতাতে হইয়াছিল এবং পরিষৎ মন্দিরে এই সম্মিলনের কার্য্যালয় স্থাপিত ছিল। এতদ্ব্যতীত আলোচ্য বর্ষে অন্যান্য বৎসরের ন্যায় নানা সাধারণ কার্য্যে পরিষৎ মন্দির ব্যবহৃত হইয়াছিল।

গ্রন্থাগার ও পাঠাগার

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয়েরই উপর গ্রন্থাগারের সমস্ত ভার ন্যস্ত হইয়াছিল। তাঁহার সাহায্য করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি ১৩২০ বঙ্গাব্দের ২৯শে বৈশাখ হইতে একটি পুস্তকালয়-সমিতি গঠন করিয়া দিয়াছেন। ইহাতে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, এটর্ণী, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী, অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, শ্রীযুক্ত চারুচন্দ্র বসু, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী ও শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায়কে সদস্য লওয়া হয়। গ্রন্থাধ্যক্ষ অসিত বাবুই এই সমিতির সম্পাদক হন। পুস্তকালয়ের জন্য পুস্তক ক্রয়, পুস্তক-রক্ষার ব্যবস্থা, তালিকা প্রণয়ন, পুস্তকালয়ের কর্ম্মচারি-নিয়োগ প্রভৃতি পুস্তকালয়-সংক্রান্ত যাবতীয় কার্য্য-নির্ব্বাহের ভার এই সমিতির প্রতি অর্পিত হয়। গ্রন্থাধ্যক্ষ অসিত বাবুর সাহায্যে এই সমিতি আলোচ্য বর্ষে পুস্তকালয়-সম্বন্ধীয় প্রাচীন নিয়মাদির সংস্কার করা ভিন্ন আর কোন কার্য্য করিতে পারেন নাই। গত বর্ষের ১৯শে অগ্রহায়ণে কার্য্য-নির্ব্বাহক-সমিতি পুস্তকালয়-সমিতি কর্ত্তৃক সুসংস্কৃত নিয়মাবলীতে আরও কিছু কিছু পরিবর্ত্তন করিয়া অনুমোদন করিয়াছেন। নানা কারণে এই সকল নূতন নিয়মানুসারে গত বর্ষে পুস্তকালয়ের কোন কার্য্য হয় নাই। বর্ত্তমান ১৩২১ বঙ্গাব্দে যাহাতে এই সকল নিয়ম অনুসারে কার্য্য হয়, তাহার ব্যবস্থা হইতেছে। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে কলিকাতা মিউনিসিপালিটি গ্রন্থাগারের সাহায্য ৩০০৲ টাকা হইতে বাড়াইয়া ৪৫০৲ টাকা করিয়া দিয়াছেন। এই সাহায্য জন্য মিউনিসিপ্যালিটির নিকট পরিষৎ বিশেষরূপে কৃতজ্ঞ। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের হিতৈষিগণ পরিষদের গ্রন্থাগারে পুস্তক ও প্রাচীন পুথি উপহার দিয়াছেন। এই সমস্ত উপহারদাতৃগণমধ্যে শ্রীযুক্ত দিলীপকুমার রায়, শ্রীযুক্ত

বরদাপ্রসাদ বসু, শ্রীযুক্ত কেশবচন্দ্র বসু, শ্রীযুক্ত কালীপদ বসু, শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত ও শ্রীযুক্ত ব্রজেন্দ্রমোহন দত্ত মহাশয়গণের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের অন্যতম সদস্য ও পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় অযাচিতভাবে নানা গ্রন্থকার ও পুস্তক-প্রকাশকের নিকট হইতে পরিষদের জন্য বহু গ্রন্থ সংগ্রহ করিয়া দিয়া পরিষদের প্রতি বিশেষ স্নেহ ও শ্রদ্ধা প্রকাশ করিয়াছেন। এই উপকারের জন্য তিনি পরিষদের কৃতজ্ঞতা এবং ধন্যবাদের পাত্র। এ বৎসর পরিষদের প্রার্থনায় বাঙ্গালার প্রাদেশিক রাজসরকার বঙ্গদেশের সমস্ত ডিষ্ট্রিক্ট গেজেটিয়ারের এক এক খণ্ড পরিষদের পুস্তকাগারে প্রদান করিয়াছেন। বেঙ্গল লাইব্রেরীর প্রদত্ত পুস্তক-সংগ্রহে উক্ত লাইব্রেরীর গ্রন্থাধ্যক্ষ শ্রীযুক্ত মন্মথনাথ রুদ্র এম্ এ মহোদয়ের চেষ্টায় ও যত্নে পরিষৎ প্রায় ১৯,০০০ ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত, উর্দ্দু, উড়িয়া প্রভৃতি নানা ভাষায় মুদ্রিত পুস্তক ও পুস্তিকা উপহার প্রাপ্ত হইয়াছেন। এই দানের জন্য রাজসরকার ও মন্মথবাবুর নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞ। বান্ধব-পুস্তকালয়ের পুস্তকরাশি ও আসবাবাদির দান সম্বন্ধে উক্ত লাইব্রেরীর সহকারী সভাপতি ও পরিষদের অকৃত্রিম বন্ধু শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় পরিষৎকে যে পত্র লিখিয়াছিলেন, তাহা পরিশিষ্টে মুদ্রিত হইল। কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, একখানি মর্ম্মর-প্রস্তরে বান্ধব-পুস্তকালয়ের এই দানের কথা উৎকীর্ণ করাইয়া সাহিত্য-পরিষদের প্রাচীর-গাত্রে রক্ষা করিবেন। আলোচ্য বর্ষের শেষভাগে খুলনা জেলার অন্তর্গত শ্রীপুর সুশীলগাঁতি-নিবাসী ও বর্ত্তমানে কলিকাতা—ইটালি-পদ্মপুকুরবাসী স্বনামধন্য ৺যোগীন্দ্রচন্দ্র ঘোষ মহাশয়ের উপযুক্ত পুত্র শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ বি এল মহোদয় স্বতঃপ্রবৃত্ত হইয়া এক প্রস্থ টেঙ্গুর গ্রন্থাবলী পরিষদের পুস্তকালয়ে উপহার প্রদান করিয়াছেন। সমগ্র টেঙ্গুরের মূল্য তিন সহস্র মুদ্রা। ঐতিহাসিক মাত্রেই অবগত আছেন যে, এই টেঙ্গুরে অন্যান্য বিষয় ব্যতীত বাঙ্গালা দেশের ইতিহাসের অনেক উপকরণ এবং অনেক প্রাচীন বাঙ্গালা গ্রন্থের তিব্বতীয় অনুবাদ আছে। এই অমূল্য রত্ন দানের জন্য সতীশ বাবুর নিকট পরিষৎ চিরকৃতজ্ঞ রহিলেন। পরিষদে আলোচ্য বর্ষে সাময়িক পত্র মধ্যে ৬ খানি দৈনিক, ৫৬ খানি সাপ্তাহিক, ৪ খানি পাক্ষিক, ১৪১ খানি মাসিক ও ২ খানি ত্রৈমাসিক পত্র সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত হওয়া গিয়াছে। এই সমস্ত সাময়িক পত্রের সম্পাদক ও পরিচালকগণকে পরিষৎ কৃতজ্ঞতা জানাইতেছেন। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের পাঠাগার সাধারণের জন্য উন্মুক্ত ছিল।

পরিষৎ মন্দির সহরের একবারে পূর্ব্ব-সীমান্তরেখায় অবস্থিত বলিয়া সহরের সমস্ত ভদ্রবাস-কেন্দ্র হইতে দূরে থাকা সত্ত্বেও প্রতি দিন বৈকালে এখানে বহু পাঠকের সমাগম হয়। সহরের কোনও সাধারণ পুস্তকালয়ে এত সংবাদপত্র ও সাময়িক পত্রের সমাবেশ দেখা যায় না। ঈশ্বরের কৃপায় এখানে বাঙ্গালা দেশের প্রত্যেক জেলার প্রায় সকল সংবাদপত্র ও সাময়িক পত্র আসিয়া থাকে। এখানকার সাময়িক পত্রের টেবিলটিই একটি চিত্তাকর্ষক দর্শনীয় বস্তু। এত সংবাদপত্র সহরের কোনও পাঠাগারে দেখিতে পাওয়া যায় না। সাময়িক পত্রগুলিও যাহাতে সাধারণের নিত্য ব্যবহারের জন্য টেবিলের উপর সাজাইয়া রাখিতে পারা যায়, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহার উপযুক্ত ব্যবস্থা করিবার চেষ্টায় আছেন। আশা করা যায়, সহরের

অন্যান্য অংশ হইতে এই অঞ্চলে যাতায়াতের সুবিধার জন্য আপার সার্কুলার রোডে ট্রামের রাস্তা হইয়া গেলে, সহরবাসী এই পাঠাগারের আরও সদ্ব্যবহার করিতে পারিবেন।

পুথিশালা

পরিষৎ-পুস্তকালয়ের পুথিশালার ভার মুখ্যতঃ শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহোদয়ের হস্তে আছে। তিনি এ বিষয়ে বিশেষ অভিজ্ঞ ব্যক্তি। তাঁহার যত্নে ও পরিশ্রমে পরিষদের পুথির তালিকার কার্য্য সুষ্ঠুরূপে সম্পাদিত হইতেছে। আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের অনেক হিতৈষী বন্ধু অনেক প্রচীন পুথি উপহার দিয়াছেন। এই সকল বন্ধুগণের মধ্যে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী ও শ্রীযুক্ত ব্রজলাল্ মুখোপাধ্যায় মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আলোচ্য বর্ষে মোট ১১১ খানি পুথি উপহার প্রাপ্ত হওয়া গিয়াছে এবং ১৯৬ খানি পুথি ক্রীত হইয়াছে। পরিষৎ নিজ কর্ম্মচারী পাঠাইয়া ৬৪ খানি পুথি সংগ্রহ এবং বিশৃঙ্খল পত্রাদি মিলাইয়া ১৬৮ খানি পুথি উদ্ধার করিয়াছেন। পূর্ব্ব বৎসরে ১৯৯৬ খানি পুথি ছিল। আলোচ্য বর্ষের শেষে এইরূপে মোট ২৫৩৫ খানি পুথি হইয়াছে। ইহার মধ্যে বাঙ্গালা পুথির সংখ্যা ১৭৩৯, সংস্কৃত ৭৭৯, অসমীয়া ৩, ওড়িয়া ১, হিন্দী ১, পারসী ১২ খানি। ইহার মধ্যে ৪৯৯ খানি পুথি তালিকাভুক্ত হইয়াছে; ২৭খানি তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়া আছে। ৫৪৫ খানিতে পুথির নাম, রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্র-সংখ্যাদিযুক্ত বীজক দেওয়া হইয়াছে। বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণযুক্ত তালিকার কার্য্য ক্রমশঃ অগ্রসর হইতেছে। এ পর্য্যন্ত যে সকল প্রাচীন পুথির সন্ধান পাওয়া গিয়াছে, তাহার একটি বর্ণানুক্রমিক তালিকাও প্রস্তুত হইতেছে।

বিদ্যাসাগর লাইব্রেরী

বিদ্যাসাগর লাইব্রেরী বিদ্যাসাগর ষ্টেটের দেনায় লালগোলার রাজা শ্রীযুক্ত রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের নিকট বন্ধক ছিল। আলোচ্য বর্ষে রেজিষ্টারীকৃত দলিলদ্বারা রাজা বাহাদুর উক্ত বন্ধকী পত্র (Mortgage deed) পরিষৎকে দান করিয়াছেন। উক্ত দলীলের বলে এক্ষণে এই লাইব্রেরী পরিষদের নিকট বন্ধক রহিল। লালগোলার রাজা বাহাদুর পরিষদের সর্ব্ববিধ উন্নতিকল্পে সর্ব্বদাই মুক্তহস্ত। তাঁহার বদান্যতায় পরিষদের পুস্তকালয়ের যে ভাবে শ্রীবৃদ্ধি সম্পাদিত হইবার সূচনা হইল, তাহাতে পরিষৎ রাজা বাহাদুরের নিকট অপরিশোধনীয় ঋণে আবদ্ধ রহিলেন। রাজা বাহাদুর এই বন্ধকী স্বত্ব পরিষৎকে দান করিয়া বিদ্যাসাগর লাইব্রেরীকে আপাততঃ উপযুক্ত স্থানে সাধারণের দৃষ্টির মধ্যে রক্ষার ব্যবস্থা করিয়া যুগপৎ বিদ্যাসাগর লাইব্রেরী ও পরিষদের প্রভূত উপকার সাধন এবং বিদ্যাসাগর মহাশয়ের নাম ও কীর্ত্তি অতি উপযুক্ত ভাবে রক্ষার উপায় করিয়াছেন বলিয়া তিনি সাধারণের নিকটে বিশেষ ধন্যবাদের পাত্র।

চিত্রশালা

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয়ের সহায়তায় ও নগেন্দ্র বাবুর অধ্যক্ষতায় চিত্রশালার কার্য্যাদি সুপরিচালিত হইয়াছে। এই বর্ষে ৩০টি প্রাচীন মুদ্রা, ৯টি প্রস্তরমূর্ত্তি

ও ১টি শিলালিপি সংগৃহীত হইয়াছে। ৩০টি প্রচীন মুদ্রার মধ্যে ২২টি স্বুবর্ণ, ২টি রৌপ্য ও ৬টি তাম্রমুদ্রা।

পরিষদের যে সমস্ত হিতৈষী মুদ্রা, মূর্ত্তি প্রভৃতি দানদ্বারা পরিষদের সাহায্য করিয়াছেন, তাঁহাদিগের নিকট পরিষৎ বিশেষ ভাবে ঋণী। এই সমস্ত দাতার মধ্যে লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর, কাসিমবাজারের মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর এবং শ্রীযুক্ত অমৃতলাল দাসগুপ্তের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এতদ্ব্যতীত পরিষদের জনৈক বন্ধু পরিষদের চিত্রশালাতে প্রথম চন্দ্রগুপ্তের একটি স্বুবর্ণমুদ্রা দান করিয়াছেন। এই বন্ধুকর্ত্তৃক এই দুষ্প্রাপ্য মহামূল্য দান বিশেষভাবে উল্লেখযোগ্য এবং তিনি পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন। তিনি নাম প্রকাশ করিতে একান্ত অনিচ্ছুক, এ জন্য তাঁহার এই সাত্ত্বিক দান আরও মহিমমণ্ডিত।

সহায়ক সদস্য

আলোচ্য বর্ষে সহায়ক-সদস্যের সংখ্যা ১৫ জন ছিল। ইহার মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী, মুনশী আবদুল করিম, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী, শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ, শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত, শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত অমৃতগোপাল বসু মহাশয়গণ পরিষদে প্রবন্ধ প্রেরণ, মাসিক অধিবেশনে প্রবন্ধাদি পাঠ ও অন্যান্য বিবিধ উপায়ে পরিষৎকে বিশেষ সাহায্য করিয়া ইহার কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

ছাত্র-সভ্য

আলোচ্য বর্ষে অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ মহাশয়ের তত্ত্বাবধানে ছাত্র-সভার কার্য্য যথোচিত শৃঙ্খলার সহিত সম্পন্ন হইয়াছিল। এই সভার কার্য্য-বিবরণ পরিশিষ্টে মুদ্রিত হইল।

পুরস্কার

আলোচ্য বর্ষে ছয়টি পুরস্কারের বিষয় বিজ্ঞাপিত হইয়াছে। প্রবন্ধরচয়িতৃগণের মধ্যে কয়েক জনের প্রার্থনামত আগামী ৩১শে জ্যৈষ্ঠ পর্য্যন্ত এই প্রবন্ধ গ্রহণের দিন নির্দ্দিষ্ট হইয়াছে। এই জন্য আলোচ্য বর্ষে কোন পুরস্কার প্রদত্ত হইতে পারে নাই।

পরিভাষা

আলোচ্য বর্ষে অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ মহাশয়ের "তাড়িত-বিজ্ঞানের পরিভাষা" ও অধ্যাপক শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্ মহাশয়ের "গণিত-পরিভাষা" পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছে। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে পরিভাষা প্রণয়নের কার্য্য অনেক দূর অগ্রসর হইয়াছে। যাহাতে নানা বিষয় সম্বন্ধীয় পরিভাষা প্রস্তুত হইতে পারে, তজ্জন্য বিশেষজ্ঞগণকে লইয়া অনেক ছোট ছোট সমিতি গঠিত হইয়াছে।

স্মৃতি-সমিতি

(ক) নবীনচন্দ্র স্মৃতি-সমিতি—জুবিলী আর্ট একাডেমীর অধ্যক্ষ শ্রীযুক্ত রণদাপ্রসাদ

গুপ্ত মহাশয়কে কবিবরের মূর্ত্তি মর্ম্মর প্রস্তরে নির্ম্মাণ করিবার ভার দেওয়া হইয়াছে। আশা করা যায় যে, ১৩২১ সালেই মূর্ত্তি নির্ম্মাণ শেষ হইবে।

(খ) কাশীরাম স্মৃতি-সমিতি—এই স্মৃতিরক্ষার্থ পূর্ব্বে যে সকল সিদ্ধান্ত হইয়াছিল, তদনুসারে কাসিমবাজারের মহারাজ বাহাদুরের আদেশে এক লক্ষ ইষ্টক প্রস্তুত করান হইয়াছে। এ সংবাদ গত বর্ষে প্রদত্ত হইয়াছিল। এ বৎসর কাটোয়ার স্থানীয় স্মৃতিসমিতির সদস্যগণের মধ্যে স্মৃতিরক্ষার উপায় লইয়া মতভেদ ঘটিয়াছিল। এক্ষণে স্থির হইয়াছে যে, শীঘ্রই একটি সাধারণ অধিবেশন আহ্বান করিয়া স্মৃতিরক্ষার উপযুক্ত উপায় নির্দ্ধারণ করা হইবে। কাসিমবাজারের মহারাজ বাহাদুর এই সমিতির সভাপতিরূপে শীঘ্রই এই অধিবেশনের ব্যবস্থা করিবেন।

(গ) চন্দ্রকান্ত স্মৃতি-সমিতি—এই সমিতির কাজ বিশেষ কিছু অগ্রসর হয় নাই। তবে রাজসাহী জোয়াড়ীনিবাসী শ্রীযুক্ত মোহিনীনাথ বিশি মহাশয় স্বর্গীয় তর্কালঙ্কার মহাশয়ের তৈলচিত্র প্রস্তুতের ভার গ্রহণ করিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

(ঘ) কৃষ্ণচন্দ্র স্মৃতি-সমিতি—৺শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় কবি কৃষ্ণচন্দ্রের একখানি তৈলচিত্র স্বব্যয়ে প্রস্তুত করাইয়াছেন। এই ছবি পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইবে। কবির বাসস্থান সেনহাটীতে কিরূপে স্মৃতি রক্ষিত হইবে, তাহার মীমাংসা এখনও হয় নাই। সমিতি নানারূপ প্রস্তাব করিয়া শেষে একটি স্তম্ভ প্রতিষ্ঠার আয়োজন করিতেছেন।

এতদ্ব্যতীত কবিবর দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের স্মৃতিরক্ষার ভার কার্য্য-নির্ব্বাহক-সমিতির উপর অর্পিত হইয়াছে এবং স্থির হইয়াছে যে, কবিবরের একখানি তৈলচিত্র পরিষৎ মন্দিরে রক্ষিত হইবার ব্যবস্থা করা হইবে। এতদ্ব্যতীত মীর্ মশারফ্ হোসেন ও নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ের স্মৃতিরক্ষার ভারও কার্য্যনির্ব্বাহক-সমিতির উপর ন্যস্ত আছে। স্বর্গীয় কবি রজনী-কান্ত সেন মহাশয়ের তৈলচিত্র প্রায় শেষ হইয়াছে। আশা করা যায় যে, শীঘ্রই এই চিত্র পরিষদ্মন্দিরে প্রতিষ্ঠিত হইবে।

রাঢ় অনুসন্ধান-সমিতি

রাঢ় দেশে প্রাচীন ঐতিহাসিক অনুসন্ধানের জন্য পরিষৎ হইতে একটি সমিতি গঠিত হইয়াছিল, তাহা সকলেই অবগত আছেন। এই সমিতির অনুসন্ধানের রিপোর্ট অনুসারে বাঁকুড়া জেলাস্থ ছাতনা গ্রামে বাশুলী দেবীর মন্দির এবং শুশুনিয়া পাহাড়স্থিত চন্দ্রবর্ম্মার শিলালিপি যাহাতে উপযুক্তরূপে রক্ষিত হইতে পারে, তজ্জন্য রাজসরকারের নিকট আবেদন করা হইয়াছে। উত্তর আসিয়াছে যে, এই বিষয় অনুসন্ধান করিবার জন্য ইষ্টার্ণ সার্কেলের আর্কিওলজিক্যাল সার্ভের সুপারিন্টেণ্ডেণ্টকে আদেশ করা হইয়াছে।

এই সমিতির যত্নে পূর্ব্ববৎসরে উজানী, মঙ্গলকোট, সপ্তগ্রাম, ত্রিবেণী, উদ্ধারণপুর প্রভৃতি স্থানে, গত বর্ষে বাঁকুড়ার ছাতনা এবং শুশুনিয়া গ্রামে যে অনুসন্ধান-কার্য্য হইয়াছিল, তাহার সমস্ত ব্যয় প্রত্নতত্ত্বানুরাগী পরিষদ্বন্ধু শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম এ, এম, আর, এ, এস মহাশয় একাই নির্ব্বাহ করিয়া পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। সহায়কসদস্য

শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয়ের যত্নে শূরনগর সম্বন্ধে যে সকল অনুসন্ধান হইয়াছে, তাহারও কোন ব্যয় পরিষৎকে দিতে হয় নাই। এ জন্য ব্রহ্মচারী মহাশয়ও পরিষদের কৃতজ্ঞতাভাজন। আগামী বর্ষে যাহাতে এই সমিতির কার্য্য আরও নিয়মিতরূপে অগ্রসর হয়, তাহার উপায় নির্দ্ধারণের জন্য সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী প্রমুখ পরিষদ্বন্ধুগণ সচেষ্ট আছেন।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আলোচ্য বর্ষে পূর্ব্ববৎসরের ন্যায় সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় পরিষদের পত্রিকাধ্যক্ষ ছিলেন। অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয় তাঁহাকে প্রবন্ধ-নির্ব্বাচনে ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় পত্রিকা-প্রকাশে সাহায্য করেন। পত্রিকা-পরিচালন-সমিতির সদস্যগণের নিকট হইতে প্রবন্ধ-নির্ব্বাচনে আশানুরূপ সাহায্য পাওয়া গিয়াছে। এই জন্য পরিষৎ উক্ত পরিচালন-সমিতির সদস্যগণের নিকট কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে পত্রিকার ১৯শ ভাগের ৪র্থ সংখ্যা এবং ২০শ ভাগের চারি সংখ্যা—এই মোট ৫ সংখ্যা পত্রিকা বাহির হইয়াছে। এই হেতু আমরা পত্রিকাধ্যক্ষ মহাশয়ের নিকট সবিশেষ কৃতজ্ঞ রহিয়াছি। পত্রিকা-প্রকাশে বিগত কয়েক বৎসর যে একটু বিশৃঙ্খলা ঘটিয়াছিল, আশা করা যায়, ভবিষ্যতে আর তাহা হইবে না এবং কার্য্যনির্ব্বাহক-সমিতি ভরসা করেন যে, ১৩২১ বঙ্গাব্দ হইতে আষাঢ়, আশ্বিন, পৌষ ও চৈত্র—এই চারি মাসে যথাসময়ে পত্রিকা প্রকাশিত হইবে।

এই পাঁচ সংখ্যা পত্রিকাতে সভাপতি মহাশয়ের অভিভাষণ ব্যতীত বিষয়-ভেদে নিম্নলিখিত ৩৯টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। যথা,—

প্রাচীন সাহিত্য	৯
ভাষাতত্ত্ব	৫
গ্রাম্য সাহিত্য	৪
ইতিহাস ও প্রত্নতত্ত্ব	৯
বিজ্ঞান	১০
দর্শন	২
	৩৯

পরিষৎ-পত্রিকায় এই সকল প্রবন্ধে যে সকল মৌলিক গবেষণার বিষয় প্রকাশিত হয়, তাহার প্রতি সাধারণের দৃষ্টি আকর্ষণ করিবার জন্য এই স্থলে গত বর্ষে যে সকল প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল, তাহার প্রত্যেকের সার মর্ম্ম এখানে বিবৃত হইল।

প্রাচীন সাহিত্য

(ক) "সত্যপীরের পাঁচালী" নামক প্রবন্ধে শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয় বর্দ্ধমান

জেলায় প্রচলিত গুণনিধি চক্রবর্ত্তী, শ্রীকবি পণ্ডিত, রামভদ্র, দ্বিজ গিরিধর, দ্বিজ শিবচরণ, কবি কৃষ্ণকান্ত, দ্বিজ মৌজীরাম ঘোষাল ও কবি কাশীনাথ ভট্টাচার্য্য সার্ব্বভৌম—এই আট জন অপ্রকাশিতপূর্ব্ব সত্যপীরের পাঁচালী-প্রণেতার পরিচয় ও কবিতার নমুনা প্রদান করিয়াছেন।

(খ) "কবি কালিদাসের মনসামঙ্গল" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ভোলানাথ ব্রহ্মচারী মহাশয় কবি কালিদাস এবং তাঁহার রচিত মনসামঙ্গল সম্বন্ধে আলোচনা করিয়াছেন। ব্রহ্মচারী মহাশয়ের মতে এই কবির জন্মস্থান বর্দ্ধমান ও বীরভূম জেলার সন্ধিস্থান কোন গ্রামে এবং ইনি জাতিতে ব্রাহ্মণ কিংবা বৈদ্য ছিলেন। মনসামঙ্গল গ্রন্থখানি ১৬১৯ শকে রচিত হইয়াছিল এবং এই গ্রন্থে ১৩৩টি অধ্যায় আছে।

(গ) "শ্রীহট্ট ও কাছাড় জেলায় প্রাপ্ত কতিপয় প্রাচীন পুথির বিবরণ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত জগন্নাথ দেব মহাশয় শিলচর নর্ম্মাল স্কুল লাইব্রেরীতে রক্ষিত সংস্কৃত ও বাঙ্গালা কতকগুলি প্রাচীন পুথির তালিকা প্রদান করিয়াছেন ও ইহাদের কোন কোনটির সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিয়াছেন। এই সমস্ত সংগৃহীত পুথির মধ্যে একখানি সম্পূর্ণ সঞ্জয়ী মহাভারত এবং একখানি কাশীদাসী মহাভারত আছে। সম্পূর্ণ সঞ্জয়ী মহাভারত অত্যন্ত দুষ্প্রাপ্য হইলেও পরিষৎ-পুথিশালায় তাহার একখানি সম্পূর্ণ পুথি সংগৃহীত হইয়াছে। শিলচর নর্ম্মাল স্কুলের কাশীদাসী মহাভারত পুথিখানির হস্তলিপি ১৭৫ বৎসরের প্রাচীন।

(ঘ) "প্রাচীন বৈদ্যক পুথির বিবরণ" নামক প্রবন্ধে কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয় অপ্রকাশিতপূর্ব্ব ১১ খানি বৈদ্যক পুথির পরিচয় প্রদান করিয়াছেন। এই সমস্ত পুথিগুলির নাম,—রত্নাবলী, পরিভাষা, সারতৈলিক, রত্নমালাধ্যায়, ভিষগুৎসব, নাড়ীপ্রকাশ, চিরতা ও চিতাশোধন, জারণ-মারণ-প্রয়োগ, কালনির্ণয় ও রোগবিনিশ্চয়। এই সমস্ত পুথির মধ্যে রত্নাবলী রাধামাধব বিদ্যারত্ন কর্ত্তৃক, রত্নমালাধ্যায় রাজবৈদ্য শ্রীনারায়ণ অন্তরঙ্গ কর্ত্তৃক, নাড়ীপ্রকাশ শঙ্কর সেন কর্ত্তৃক, কালনির্ণয় রামলোচন শর্ম্মা কর্ত্তৃক ও রোগবিনিশ্চয় মহামহোপাধ্যায় মাধব কবিরাজ কর্ত্তৃক প্রণীত।

(ঙ) "প্রাচীন পদাবলী ও পদকর্ত্তৃগণ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় ১৬শ ও ১৮শ ভাগ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত প্রবন্ধের অনুবৃত্তি করিয়াছেন এবং এই প্রবন্ধে গৌরদাস, গৌরমোহন, গৌরসুন্দর দাস, গৌরীদাস, ঘনরাম, ঘনশ্যাম ও চণ্ডীদাসের পদাবলীর ধারাবাহিকরূপে পরিচয় দিয়াছেন।

(চ) "অন্ধেশ্বরী ব্রত-পাঞ্চালী" নামক প্রবন্ধে শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত মহাশয় চট্টগ্রাম অঞ্চলে গ্রাম্য মহিলা-সমাজে বহুকালাবধি প্রচলিত অন্ধেশ্বরী ব্রতের এক অপ্রকাশিতপূর্ব্ব পাঞ্চালীর বিবরণ প্রদান করিয়াছেন। এই পাঞ্চালীর লেখক শ্রীউমাচরণ গুরুঠাকুর।

(ছ) "বাণীকণ্ঠের মোহমোচন" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় বাঁকুড়া জেলাস্থিত ভূতেশ্বর গ্রামে প্রাপ্ত একখানি প্রাচীন পুথির পরিচয় প্রদান করিয়াছেন; এই পুথি কবি বাণীকণ্ঠ-রচিত।

(জ) "দেবজিত" নামক প্রবন্ধে শ্রীযুত কালীকান্ত স্মৃতি-বেদান্ততীর্থ মহাশয় অসমীয়া

সাহিত্যের একখানি পুথির পরিচয় প্রদান করিয়াছেন। এই পুথিখানি মাধব কন্দলি-প্রণীত এবং ইহাতে দেবতাগণের সঙ্গে অর্জ্জুনের যুদ্ধের বিবরণ আছে।

(ঝ) "শঙ্করকৃত পাষণ্ডমর্দ্দন" নামক প্রবন্ধে শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় বল্কলে লিখিত একখানি প্রাচীন পুথির পরিচয় প্রদান করিয়াছেন। এই গ্রন্থকার বেদ-নিন্দককে পাষণ্ড বলিয়াছেন। এই গ্রন্থকার শঙ্কর ও অসম দেশে বৈষ্ণব-ধর্ম্ম-প্রচারক শঙ্করদেব একই ব্যক্তি কি না, সেই সম্বন্ধে অনুসন্ধান আবশ্যক।

ভাষাতত্ত্ব

(ক) "অ" নামক প্রবন্ধে কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয় নিম্নলিখিত বিষয়-গুলি প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন ;—

(১) ব্যাকরণের এবং স্বভাবের নিয়মানুসারে বঙ্গদেশের 'অ'কারের উচ্চারণ ভ্রষ্ট নহে।

(২) ভারতের অন্যান্য প্রান্তের উচ্চারণ অপেক্ষা বাঙ্গালার উচ্চারণ বিশুদ্ধ।

(৩) বর্ণ ও অক্ষর সংস্কার আবশ্যক হইলে, অ-কারের পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন আবশ্যক হইবে না। কয়েকটি শিক্ষার সূত্র এবং দুই একটি চিহ্ন সৃষ্টি করিলে অক্ষর ও উচ্চারণে পার্থক্য থাকিবে না।

(৪) হ-স্থানে অ, অ-স্থানে হ, ও-স্থানে অ এবং অ-স্থানে ও যে সকল প্রান্তে প্রচলিত আছে, সে সকল স্থানে শিক্ষা-দ্বারা উচ্চারণ সংযত করা ব্যতীত আর উপায় নাই।

(খ) "বাঙ্গালা ভাষায় দ্রাবিড়ী উপাদান" নামক প্রবন্ধে শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয় অনেক উদাহরণদ্বারা বাঙ্গালা শব্দের সহিত ওরাঁও, তামিল, তেলেগু ও মুণ্ডা ভাষাতে প্রচলিত শব্দের সাদৃশ্য প্রদর্শন করিয়াছেন এবং চণ্ডীদাসের গ্রন্থ হইতে ও ধর্ম্মমঙ্গল হইতে উদ্ধৃত দৃষ্টান্তদ্বারা অনেক আর্য্যেতর শব্দের বাঙ্গালায় এবং উড়িয়্যায় তুল্যরূপ প্রয়োগ প্রমাণিত করিয়া বলিয়াছেন যে, বঙ্গভাষায় প্রচলিত দেশী শব্দগুলির কাল্পনিক সংস্কৃত ব্যুৎপত্তি গড়িয়া না লইয়া যদি সযত্নে দেশী শব্দকোষ সংগ্রহ করা হয় এবং প্রতিবেশী জাতির ভাষা শিক্ষা করিয়া যথার্থ ব্যুৎপত্তি নির্ণয় করা যায়, তাহা হইলে অনেক উপকার সাধিত হইতে পারে।

(গ) "চ-বর্গীয় বর্ণসমূহের উচ্চারণ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় চ ও জ-বর্ণের উৎপত্তি সম্বন্ধে রয়াল এসিয়াটিক সোসাইটির জর্নালে প্রকাশিত শ্রীযুত গ্রিয়ারসন সাহেবের মতের আলোচনা করিয়াছেন এবং বলিয়াছেন যে, মহারাষ্ট্র ও শূরসেন প্রদেশে প্রচলিত প্রাকৃত ভাষায় চ-বর্গীয় বর্ণসমূহের অস্পষ্ট অর্থাৎ দন্ত্য উচ্চারণ হইত বলিয়া গ্রিয়ারসন সাহেব যে অনুমান করিয়াছেন, তাহা যুক্তিযুক্ত নহে। তালব্য বর্ণের অস্পষ্ট উচ্চারণ দন্ত্য নহে। এখানে অস্পষ্ট অর্থে ক্ষীণ। অতি প্রাচীন কাল হইতেই পারস্য দেশের ভাষায় চ ও জ-বর্ণের উচ্চারণ সমুদ্ভূত হইয়াছে এবং এই পারস্য ভাষায় জ উচ্চারণ লক্ষিত করিবার জন্য চারিটি এবং চ উচ্চারণ লক্ষিত করিবার জন্য তিনটি বর্ণের উদ্ভাবন হইয়াছে। বসন্ত বাবুর মতে এই উচ্চারণ ভারতীয় ভাষাসমূহে সংক্রামিত হইয়াছে।

(ঘ) "দেশভেদে বাঙ্গালা ভাষার আকার-ভেদ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত কুঞ্জকিশোর চৌধুরী মহাশয় বলেন যে, শ্রীহট্টের কথার ভিতরে হিন্দি, পারসী প্রভৃতি অনেক শব্দ প্রবেশ

করিয়াছে। এই প্রবন্ধে তিনি অনেক দৃষ্টান্ত দ্বারা শ্রীহট্টে চলিত বাঙ্গালা ভাষার ক্রিয়াপদ, সর্ব্বনাম-পদ, কর্তৃপদ, সম্বোধন-পদ, লিঙ্গ, বিভক্তি, বচন, ক্রিয়া-বিশেষণ ও বিশেষ্য-বিশেষণ সম্বন্ধে বিশেষত্ব ও পার্থক্য প্রদর্শন করিয়াছেন। লেখক মহাশয় বলেন যে, শ্রীহট্টের ভাষামধ্যে অধিকাংশই বাঙ্গালা কথা এবং অনেক পরে হিন্দি কথাগুলি এই ভাষাতে প্রবেশ করিয়াছিল ও উন্নতির ন্যায় অনুসারে সেইগুলি ক্রমে লোপ পাইতেছে। শ্রীহট্টের ভাষা যে বাঙ্গালা ভাষারই রূপবিশেষ, তাহাতে কোনও সন্দেহ নাই। ভাষার একই অঙ্গের বিকৃতি সকল দেশে সমান ভাবে দেখা যায় না। কোন দেশে বা বিশেষ্য অঙ্গে অধিক, কোন দেশে বিশেষণ অঙ্গে অধিক, আবার কোন দেশে ক্রিয়ার অঙ্গে অধিক এবং কোন দেশে বা সর্ব্বনাম অঙ্গে অধিক দেখিতে পাওয়া যায়। শ্রীহট্টের বাঙ্গালায় ক্রিয়া অঙ্গেরই বেশী বিকৃতি দৃষ্ট হয়।

(ঙ) "অতীতে ল ও ভবিষ্যতে ব-প্রত্যয়" নামক প্রবন্ধে শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় বলেন যে, সংস্কৃত ক্ত, সৌরসেনী দ, মাগধী ড় বা ল প্রত্যয় হইতে বঙ্গভাষায় অতীতচিহ্ন ল-কারের উদ্ভব হইয়াছে। সংস্কৃত ভাষায় ভবিষ্যতে তব্য প্রত্যয় প্রয়োগ হইত, প্রাকৃত ভাষার নিয়মানুসারে পদমধ্যবর্ত্তী ত-কারের লোপে এই তব্য অব্য বা এব্য-তে পরিণত হয়। এই অব্য প্রত্যয় ধ্বন্যপচয়বশতঃ অব বা য়ব রূপে পরিবর্ত্তিত হইয়াছে এবং এই য়-কার স্থানে ই-কার প্রয়োগে বাঙ্গালা ভাষাতে ভবিষ্যতের প্রত্যয়ের সৃষ্টি হইয়াছে।

গ্রাম্য সাহিত্য

(ক) "মুরশিদাবাদের কতিপয় হেঁয়ালি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত দেবেন্দ্রনারায়ণ রায় মহাশয় উক্ত জেলায় প্রচলিত ১০২টি হেঁয়ালি ও তাহার উত্তর সংগ্রহ করিয়াছেন।

(খ) "বাঘাইর বয়াত" নামক প্রবন্ধে শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক মহাশয় পৌষ-সংক্রান্তি উপলক্ষে ময়মনসিংহ জেলার নানা স্থানে প্রচলিত একটি উৎসবের বিবরণ প্রদান করিয়াছেন। সম্ভবতঃ ব্যাঘ্রভীতি হইতে এই উৎসবের সৃষ্টি হইয়াছে। এই উৎসব উপলক্ষে বালকগণ যে কবিতা আবৃত্তি করিয়া ভিক্ষা করে, সেই কবিতার নাম "বাঘাইর বয়াত"।

(গ) "শ্রীহট্টের পঁই" নামক প্রবন্ধে শ্রীযুক্ত দ্বারকানাথ চৌধুরী বি এ মহাশয় শ্রীহট্ট জেলাতে প্রচলিত ৪১টি হেঁয়ালি ও তাহাদের উত্তর সঙ্কলন করিয়াছেন।

(ঘ) "ময়মনসিংহের গীতি-রামায়ণ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র ভৌমিক মহাশয় উক্ত জেলাতে প্রচলিত রামায়ণ-গানের পদ্ধতির একটি সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করিয়াছেন এবং বলিয়াছেন যে, ময়মনসিংহের গীতি-রামায়ণের ভাব ও ভাষা উভয়ই কৃত্তিবাসের রামায়ণ হইতে বিভিন্ন। এই গীতি-রামায়ণের লেখক কে, তাহা স্থির করিবার উপায় নাই। গীতি-রামায়ণলেখক কবি কৃত্তিবাসের দোহাই দিয়াছেন বটে; কিন্তু কবি কৃত্তিবাস নিজেই যে দুইটি রামায়ণের ন্যায় মহাকাব্য রচনা করিয়াছিলেন, তাহা সম্ভবপর হয় না এবং গীতি-রামায়ণের ভাব ও ভাষাও ইহার অনুকূলে সাক্ষ্য প্রদান করে না। গীতি-রামায়ণের সমস্ত পালা একজনের রচিত কি না, তাহাতেও সন্দেহ আছে।

ইতিহাস ও প্রত্নতত্ত্ব

(ক) "তৃতীয় গোপাল দেবের শিলালিপি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পণ্ডিত বিনোদবিহারী কাব্যতীর্থ মহাশয় রাজসাহী জেলার মান্দা নামক স্থানে আবিষ্কৃত একটি বুদ্ধ-জ্ঞাপিকা প্রশস্তি-লিপির বিবরণ প্রদান করিয়াছেন। এই শিলাতে যে অক্ষর আছে, তাহা খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীর বঙ্গাক্ষর। রাম-চরিতে উল্লিখিত আছে যে, রামপাল-পুত্র কুমারপালের দেহত্যাগের পর তদীয় পুত্র (তৃতীয়) গোপাল কোন দলবিশেষের শত্রু বলিয়া গণ্য হইয়াছিলেন এবং তাহারা কৌশল বিস্তার করিয়া গোপালকে মারিয়া ফেলে। কিন্তু এই শিলালিপি (তৃতীয়) গোপালের স্বামিত্বসূচক নিদর্শন। বোধ হয় যে, এই শিলালিপি যাহাদের দ্বারা প্রস্তুত হইয়াছিল, তাহারা গোপালকে রাজা বলিয়া মানিত।

(খ) "উৎকলদেশীয় স্বয়ম্ভূ শিব লিঙ্গের বর্ণনা এবং দুইটি শক্তিমূর্ত্তির আবিষ্কার" নামক প্রবন্ধে স্বর্গীয় বরদাপ্রসন্ন সোম রায় বাহাদুর উৎকলদেশীয় কতকগুলি শিবলিঙ্গের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিয়াছেন এবং বলিয়াছেন যে, ভুবনেশ্বর-মন্দিরে কাপালিনী এবং কৃশোদরী নামে পরিচিত দুই শক্তি-মূর্ত্তি তারা-মূর্ত্তি।

(গ) "আসামভ্রমণ (তৃতীয়)" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ মহাশয় জোড়হাট ও শিবসাগরের কতকগুলি প্রাচীন মন্দির, দীর্ঘিকা, কামান প্রভৃতির পরিচয় প্রদান করিয়াছেন। কামানগুলি সংখ্যায় ৫টি এবং এইগুলি আহোম-রাজগণের। এই পাঁচটি কামানের মধ্যে যেটি সর্ব্বাপেক্ষা বৃহৎ, তাহাতে কোন লিপি নাই, অপর চারিটির গাত্রে লিপি আছে।

(ঘ) "একটি বুদ্ধমূর্ত্তি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় পরিষৎ মন্দিরে রক্ষিত একটি পিত্তল-নির্ম্মিত মূর্ত্তি সম্বন্ধে আলোচনা করিয়াছেন। এই মূর্ত্তিটি ভূমিস্পর্শ-মুদ্রাস্থিত গৌতম-বুদ্ধের মূর্ত্তি এবং ইহার নিম্নে এক খণ্ড পিত্তলফলকে তিন পংক্তিতে ভৈক্ষুকী লিপিতে উৎকীর্ণ লিপি আছে। ডাঃ বেণ্ডল অনেক দিন পূর্ব্বে একবার এই লিপির পাঠোদ্ধারও করিয়াছিলেন। রাখাল বাবুর পাঠোদ্ধার এই পূর্ব্বোক্ত পাঠোদ্ধর হইতে ভিন্ন। তাঁহার মতে ইহা শ্রীবুদ্ধপৌত্র সত্ত্বশালাপ্রদাতা রাণক যক্ষ পালিতের পুত্র আহবমল্লের ধর্ম্মার্থ দান। রাণক যক্ষ পালিত, তাহার পুত্র আহব মল্ল ও বুদ্ধপৌত্র সত্ত্ব সম্বন্ধে এই খোদিত লিপি ব্যতীত অপর কোনও কথাই ইহার পূর্ব্বে আবিষ্কৃত হয় নাই।

(ঙ) "বৃন্দাবনদাস ঠাকুর ও তদ্রচিত শ্রীচৈতন্য ভাবগত সম্বন্ধে দুই একটি কথা" নামক প্রবন্ধে শ্রীযুত অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন মহাশয় বলেন যে, বৃন্দাবন দাস ঠাকুর নন্তিগ্রামে জন্ম গ্রহণ করিয়াছিলেন, নব[illegible]মগাছীতে জন্ম গ্রহণ করেন নাই। তাঁহার মহাগ্রন্থ শ্রীচৈতন্য-ভাগবত কোন্ সম[illegible]হইয়াছিল, তাহা আলোচনা করিয়া ব্রহ্মচারী মহাশয় বলেন যে, একখানি প্রাচী[illegible] পুঁথির শেষ পৃষ্ঠায় লিখিত আছে যে, ১৪৯৭ শকে এই গ্রন্থ রচনা শেষ হইয়াছে।

(চ) "উত্তর-রাঢ়-ভ্রমণ" নামক প্রবন্ধ শ্রীযুক্ত মণীন্দ্রমোহন বসু বি এ, শ্রীযুক্ত হরিদাস পালিত ও শ্রীযুত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ কর্ত্তৃক লিখিত। এই প্রবন্ধে উজানী ও মঙ্গলকোটের একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইয়াছে। মঙ্গলকোটের প্রান্তস্থিত বড়বাজার বা নূতনহাটের মসজিদের মধ্যে চন্দ্রসেন নামক জনৈক রাজার নামাঙ্কিত খোদিত লিপিযুক্ত কয়েক খণ্ড প্রস্তরফলক পাওয়া গিয়াছে। বাঙ্গালার ইতিহাসে চন্দ্রসেন রাজার নাম নূতন। খোদিত লিপিগুলির অক্ষর খৃষ্টীয় ১২শ বা ১৩শ শতাব্দীর বাঙ্গালা অক্ষরের অনুরূপ। এতদ্ব্যতীত এই প্রবন্ধে এই স্থানে প্রাপ্ত আরবী অক্ষরে খোদিত তিনটি লিপির উল্লেখ আছে। এই তিনটি খোদিত লিপি যথাক্রমে সাহজাহান, হুসেন সাহ ও নসরৎ সাহের রাজত্বকালের।

(ছ) "প্রাচীন কামরূপের রাজমালা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ মহাশয় এ পর্য্যন্ত আসাম প্রদেশে যতগুলি তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে, তাহাদের সাহায্যে প্রাচীন কামরূপের একটি রাজমালা গ্রথিত করিবার চেষ্টা করিয়াছেন।

(জ) "কৃত্তিবাসের জন্মশক" নামক প্রবন্ধে শ্রীযুত রায় সাহেব যোগেশচন্দ্র রায় এম্ এ বিদ্যানিধি মহাশয় বলেন যে, কৃত্তিবাস ১৩৫৪ শকে ২৯শে মাঘ (১৪৩২ খৃঃ, ১১ই ফেব্রুয়ারী) রবিবারের রাত্রিতে জন্মগ্রহণ করিয়াছিলেন।

(ঝ) "বঙ্গের চন্দ্র-রাজগণের পূর্ব্বতন রাজপাট ও বংশ সম্বন্ধে মন্তব্য" নামক প্রবন্ধে শ্রীযুত শিবচন্দ্র শীল মহাশয় বলেন যে, শ্রীচন্দ্রদেবের তাম্রশাসনের প্রশস্তি-পাঠে মনে হয় যে, সুবর্ণচন্দ্রকে চন্দ্রের কুলে জাত, এরূপ কথা বলা আপত্তিজনক। কারণ, তিনি যদি চন্দ্রবংশীয় হইতেন,তাহা হইলে তাঁহার পিতা পূর্ণচন্দ্রের চন্দ্রবংশে উৎপত্তিও বর্ণিত হইত।

বিজ্ঞান

(ক) "কালমেঘের উপাদান" নামক প্রবন্ধে শ্রীযুত ক্ষিতিভূষণ ভাদুড়ী মহাশয় কালমেঘের রাসায়নিক বিশ্লেষণের ফল লিপিবদ্ধ করিয়াছেন। এই বিশ্লেষণে কালমেঘে একটি তিক্ত পদার্থ পাওয়া গিয়াছে ও এই পদার্থের নাম "কালমেঘিন" দেওয়া হইয়াছে। এই তিক্ত পদার্থে কোন প্রকার অম্ল দিলে একটি গুঁড়া পদার্থ তলায় জমে। এই গুঁড়া পদার্থ একটি নূতন এসিড ও এই এসিডের 'কাল মেঘিক' নাম দেওয়া হইয়াছে। কাল মেঘে হলদে তেলের মত একটি জিনিষ পাওয়া গিয়াছে ও ইহার নাম দেওয়া হইয়াছে "প্যানিকিউলি"।

(খ) "গণিত-পরিভাষা" নামক প্রবন্ধে শ্রীযুত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্ মহাশয় ভাস্করাচার্য্য-প্রণীত লীলাবতী, বীজগণিত ও গোলাধ্যায়, ব্রহ্মগুপ্ত-প্রণীত বীজস্ফুটসিদ্ধান্ত এবং চতুর্ব্বেদ পৃথূদক স্বামি-বিরচিত ব্রহ্মসিদ্ধান্ত-ভাষ্য হইতে সঙ্কলিত গণিত শাস্ত্রের পরিভাষা প্রকাশ করিয়াছেন।

(গ) "চান্দর" নামক প্রবন্ধে কবিরাজ শ্রীযুত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়

ছোট চান্দর নামক উদ্ভিদের মূলচূর্ণের ভৈষজ্য-তত্ত্ব আলোচনা করিয়াছেন। এই মূল চূর্ণ তিক্তরস, বিকাশী, শীতবীর্য্য, বাতপিত্তানুলোমক, অবসাদক, নিদ্রাকারক, শারীর ও মানস উত্তেজনানাশক।

(ঘ) "ছোট চান্দরের উপক্ষার" নামক প্রবন্ধে শ্রীযুত সূর্য্যনারায়ণ সেন এম্ এ মহাশয় এই বৃক্ষের রাসায়নিক বিশ্লেষণের ফল প্রদর্শন করিয়াছেন। সূর্য্যবাবুর মতে চান্দরের অরিষ্টে রঞ্জনজাতীয় পদার্থ, স্থায়ী বর্ণ, উপক্ষার ও উপক্ষারসংযুক্ত অম্ল—এই চারিটি উপাদান আছে। সাধারণতঃ উপক্ষার এবং তাহার লবণ শ্বেতবর্ণ হয়, কিন্তু চান্দরের যে উপক্ষার, তাহার লবণের যে উদক এ পর্য্যন্ত পাওয়া গিয়াছে, তাহা ঈষৎ পীতবর্ণ। এই বর্ণ যে উপক্ষার বা তাহার লবণের নহে, তাহারও কতকগুলি প্রমাণ পাওয়া গিয়াছে। চান্দরের উপক্ষার বিশেষরূপে পরীক্ষা করিলে মনে হয় যে, ইহা Qunolineএর প্রতিরোপিত পদার্থ। তবে ইহা ঠিক কি না, তাহা এখনও বলা যায় না।

(ঙ) "পারদশোধন-প্রণালী" নামক প্রবন্ধে অধ্যাপক শ্রীযুত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় আয়ুর্ব্বেদে রশুন দিয়া পারদ শোধনের যে ব্যবস্থা আছে, তাহার রাসায়নিক প্রক্রিয়াগুলি আলোচনা করিয়াছেন এবং বলেন যে, রশুন দিয়া পারদ শোধন অনায়াসসাধ্য। এই কারণে ইহাই সর্ব্বস্থানে প্রয়োজ্য এবং ইহাতে বস্তুতই পারদ নির্ম্মল হইয়া একবারে দোষ-বিমুক্ত হয়।

(চ) "গন্ধ-তৈল-পরীক্ষাপ্রণালী" নামক প্রবন্ধে শ্রীযুত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় তাঁহার নিজের আবিষ্কৃত তৈল-মিটার বা তৈল-মাপক যন্ত্রের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিয়াছেন। এই যন্ত্র দ্বারা অতি সহজে ও সরল ভাবে গন্ধ দ্রব্য ও তাহাদের উপাদানসমূহের বিশ্লেষণ সম্ভবপর।

(ছ) "সরিপপুরের লৌহমল" নামক প্রবন্ধে শ্রীযুত সুরেশচন্দ্র দত্ত মহাশয় ডায়মণ্ড-হারবারের অন্তর্গত সরিপপুরের নিকটে প্রাপ্ত লৌহমলের বর্ণনা করিয়াছেন। এই স্থানে তিন প্রকারের লৌহমল পাওয়া গিয়াছে এবং এই লৌহমলে জাত স্ফটিক প্রভৃতির পরীক্ষা দ্বারা স্পষ্ট দেখা যাইতেছে যে, এতদ্দেশবাসিগণ পূর্ব্বে খনিজ হইতে লৌহ প্রস্তুত করিতে ১৩৭৫° ডিগ্রি সেন্টিগ্রেড উত্তাপ উৎপন্ন করিতে পারিতেন।

(জ) "তাড়িত-বিজ্ঞানের পরিভাষা" নামক প্রবন্ধে অধ্যাপক শ্রীযুত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় তাড়িত-বিজ্ঞানে প্রচলিত ১৫২টি ইংরাজি পারিভাষিক শব্দের বাঙ্গালা প্রতিশব্দ প্রকাশ করিয়াছেন।

(ঝ) "চিনির স্ফুটন হইতে সুরার উৎপত্তি সম্বন্ধে প্রাচীন ভারতের বৈজ্ঞানিক জ্ঞান" নামক প্রবন্ধে শ্রীযুত জিতেন্দ্রনাথ রক্ষিত মহাশয় বলেন যে, কংস্যপাত্রে ডাবের জল পান করা উচিত নয়, এই কথা আমাদের দেশে প্রচলিত আছে। অনেকের বিশ্বাস যে, কাংস্য-পাত্রে ডাবের জল পান মদ্য পানের সমান। এই সম্বন্ধে রাসায়নিক পরীক্ষা দ্বারা দেখা গিয়াছে যে, যদি কাচের পাত্রে ও কাংস্যপাত্রে ডাবের জল রাখা হয়, তাহা হইলে দেখা

যায় যে, প্রথম অবস্থায় কাংস্যপাত্রে অতি শীঘ্রই স্ফুটন আরম্ভ হয় এবং স্ফুটন অধিকতর বেগে চলিতে থাকে। কিন্তু মোটের উপর কাচের পাত্রে বেশী মদ্য প্রস্তুত হয়। জিতেন্দ্র বাবু মৃতসঞ্জীবনী সুধার রাসায়নিক পরীক্ষা করিয়া বলেন যে, শাস্ত্রকারগণ মৃতসঞ্জীবনী সুধা বা সুরার স্ফুটন সম্বন্ধে চিনির ও জলের যে ভাগ উল্লেখ করিয়া গিয়াছেন, তাহাই আধুনিক উন্নত বিজ্ঞানসম্মত। মৃতসঞ্জীবনীর অম্লত্ব অনেকটা ব্রাণ্ডির মত।

(ঞ) "গঙ্গোত্রীপথে" নামক প্রবন্ধে শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ মহাশয় এই পথে প্রাপ্ত কয়েকটি প্রস্তরের বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। ইহাদের একটিতে লিথিয়নিট নামক অভ্রের অবস্থিতি, অপরটিতে গারনেট নামক খনিজের কৃষ্ণাভ্রে পরিণতি এবং তৃতীয়টির চাপ তাপ প্রভৃতি হেতু কৃষ্ণাভ্রের শ্বেতাভ্রে পরিণতি হইয়াছে।

দর্শন

(ক) "তর্কের পরিভাষা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত অধ্যাপক বনমালী বেদান্ততীর্থ এম্ এ মহাশয় ইংরাজি লজিকে প্রচলিত পারিভাষিক শব্দের বাঙ্গালা প্রতিশব্দের বিষয়ে আলোচনা করিয়াছেন।

(খ) "বেদের সংহিতাভাগে অদ্বৈতবাদ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত কৈলাসচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, বি এল্ মহাশয় বলেন যে, ভারতে যাহা অদ্বৈতবাদ নামে প্রসিদ্ধ, তাহা কাহারও কাহারও মতে শঙ্করাচার্য্যপ্রণীত, কিন্তু বস্তুতঃ তাহা সত্য নহে; অদ্বৈতবাদ-জাতীয় চিন্তাপ্রণালী বেদসংহিতার কালেও যথেষ্ট প্রচলিত ছিল। পরবর্ত্তী কালে শঙ্করাচার্য্য উহাকে যুক্তিতর্ক সহকারে দার্শনিক আকার দিয়াছিলেন মাত্র; প্রতিপাদ্য বিষয় পূর্ব্ব হইতেই বর্ত্তমান ছিল। কৈলাস বাবু ঋক্‌সংহিতার নাসদীয় সূক্তের মন্ত্রাবলী এবং বৈদিক সংহিতা-ভাগের অন্যান্য মন্ত্রাবলী আলোচনা করিয়া বলেন যে, অদ্বৈতবাদ বেদের সংহিতাভাগে প্রস্ফুট রহিয়াছে। কৈলাসবাবু দেখাইয়াছেন যে, প্রচলিত অদ্বৈতবাদের সিদ্ধান্তগুলি যথা,—ব্রহ্মৈকতত্ত্ব, মায়াবাদ বা জগৎমিথ্যাত্ব, সৃষ্টিতত্ত্ব, হিরণ্যগর্ভসৃষ্টি, দেবতাসৃষ্টি এবং কর্ম্মবাদ; এমন কি, অদ্বৈত বেদান্তের পারিভাবিক শব্দগুলি পর্য্যন্ত বেদসংহিতা হইতে গৃহীত হইয়াছে। পরিশেষে কৈলাস বাবু বলিয়াছেন যে, বেদসংহিতায় যদি কোন দর্শনবাদ থাকে, তবে তাহা অদ্বৈতবাদ ব্যতীত অন্য কিছুই নহে। অদ্বৈতবাদ ভারতের সনাতন তত্ত্বসিদ্ধান্ত। শ্রীযুক্ত কৈলাস বাবুর প্রবন্ধ বহু গবেষণাপূর্ণ ও সুচিন্তিত।

গ্রন্থ-প্রকাশ

আলোচ্য বর্ষে গ্রন্থ প্রকাশের জন্য গবর্ণমেণ্টের নিকট হইতে ১২০০৲, পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহের নিকট হইতে ১৫০৲ টাকা পাওয়া গিয়াছে এবং এই বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য শেষ হইয়াছে।

১। **শব্দকোষ**—দ্বিতীয় ও তৃতীয় খণ্ড। শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম এ মহাশয় সঙ্কলিত। এই দুই ভাগে চ হইতে প-বর্গ পর্য্যন্ত শেষ হইয়াছে।

২। **চণ্ডীদাসের পদাবলী**—শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায়-সম্পাদিত। এই

গ্রন্থে চণ্ডীদাসের ৮৩০টি পদ সঙ্কলিত হইয়াছে। চণ্ডীদাসের এত পদসংগ্রহ ইতিপূর্ব্বে আর প্রকাশিত হয় নাই।

৩। চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন—চণ্ডীদাসের এই নূতন গ্রন্থের মূল অংশ শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ কর্ত্তৃক সম্পাদিত হইয়া মুদ্রিত হইয়াছে। এই গ্রন্থ বাঙ্গালা সাহিত্যে সম্পূর্ণ নূতন এবং ইতিপূর্ব্বে কোথাও প্রকাশিত হয় নাই।

৪। দুর্গামঙ্গল—অন্ধকবি ভবানীপ্রসাদের এই দুর্গামঙ্গল শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় কর্ত্তৃক সম্পাদিত হইয়া প্রকাশিত হইয়াছে।

৫। বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ—শ্রীযুক্ত মুন্সী আবদুল করিম মহাশয়ের সম্পাদিত। এই পুস্তকে অপ্রকাশিতপূর্ব্ব ১৬৭ খানি পুথির বিবরণ মুদ্রিত হইয়াছে। মুন্সী সাহেবের পূর্ব্বপ্রকাশিত ৪৩৩ খানি পুথির বিবরণ সহ এই বার ৬০০ শত বাঙ্গালা পুথির বিবরণ স্বতন্ত্র পুস্তকাকারে প্রকাশিত হইল।

৬। শ্রীভাষ্য—লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের অর্থানুকূল্যে পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ মহাশয় কর্ত্তৃক ভাষান্তরিত ও সম্পাদিত হইয়া আলোচ্য বর্ষে শ্রীভাষ্যের তৃতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। এই খণ্ডে তৃতীয় অধ্যায়ের অনুবাদ সম্পূর্ণ হইয়াছে।

৭। জ্যোতিষদর্পণ—এই পুস্তকখানি শ্রীহট্ট, মুরারীচাঁদ কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত অপূর্ব্বচন্দ্র দত্ত মহাশয় কর্ত্তৃক লিখিত। এই পুস্তকে সাধারণের বোধ্য সহজ ও সরল ভাষাতে জ্যোতিষের স্থূল বক্তব্য বিষয়গুলি বর্ণিত হইয়াছে। কুমার অরুণচন্দ্র সিংহের প্রদত্ত বৈজ্ঞানিক গ্রন্থ প্রকাশার্থ সাহায্য হইতে প্রধানতঃ এই গ্রন্থ প্রচারিত হইল।

৮। বোধিসত্ত্বাবদান-কল্পলতা—রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি, আই, ই, কর্ত্তৃক সম্পাদিত হইয়া এই গ্রন্থের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে।

এই সমস্ত গ্রন্থ ব্যতীত আলোচ্য বর্ষে নিম্নোক্ত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য আরম্ভ হইয়াছে ;—

১। মুদ্রিত বাঙ্গালা পুস্তকের তালিকা—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয় সম্পাদিত এই গ্রন্থের দুই ফর্ম্মা বর্ত্তমান বর্ষে ছাপা হইয়াছে।

২। অনিল পুরাণ——রমাইপণ্ডিতপ্রণীত একখানি ধর্ম্মমঙ্গল গ্রন্থ। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় সম্পাদিত এই গ্রন্থের মূল ও টীকা সমেত ৭ ফর্ম্মা মুদ্রিত হইয়াছে। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্ মহাশয়ের যত্নে এই অভিনব ধর্ম্মমঙ্গল গ্রন্থখানি আবিষ্কৃত এবং তাঁহারই সম্পূর্ণ ব্যয়ে ইহা মুদ্রিত হইতেছে। এখানি ঘনরাম দাসের ধর্ম্মমঙ্গলের ন্যায় সুবৃহৎ গ্রন্থ। ইহাতে ধর্ম্মপুরাণের অনেক রহস্য-কথা নিহিত আছে।

গ্রন্থ-প্রকাশ-বিভাগের কার্য্যবিবরণে দেখা যায় যে, আলোচ্য বর্ষে এই বিভাগের কার্য্য অতি সুন্দররূপে পরিচালিত হইয়াছে। পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের উপর এই বিভাগের কার্য্যভার অর্পিত ছিল। যেরূপ ক্ষিপ্রকারিতার

সহিত এই বিভাগের কার্য্য পরিচালিত হইয়াছে এবং এই কার্য্য যেরূপ সর্ব্বাঙ্গীন সুন্দর হইয়াছে, ব্যোমকেশ বাবুর ন্যায় পরিষদের প্রতি অকৃত্রিম শ্রদ্ধাসম্পন্ন ব্যক্তির নিকট হইতে পরিষৎ এইরূপই আশা করেন।

গ্রন্থপ্রকাশ সম্বন্ধে আর একটি কথা বলিবার আছে। পরিষদের বিশেষ হিতৈষী সদস্য শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয় পাশ্চাত্য-দর্শনের ইতিহাস প্রণয়ন এবং ফরাসী পণ্ডিত Guizotএর "ইউরোপীয় সভ্যতার ইতিহাস" নামক গ্রন্থের সরল বঙ্গানুবাদের জন্য পরিষদের হস্তে স্বীয় প্রতিশ্রুত ৫০০০৲ টাকা মধ্যে ২০০০৲ টাকা প্রদান করিয়াছেন। সে সংবাদ গত বৎসর দেওয়া হইয়াছিল। আলোচ্য বর্ষে ইউরোপীয় সভ্যতার ইতিহাস নামক গ্রন্থের বঙ্গানুবাদ জন্য একজন লেখক মনোনীত হইয়াছেন এবং অনুবাদকার্য্যও কিছু দূর অগ্রসর হইয়াছে।

রবীন্দ্রসম্বর্দ্ধনার উদ্বৃত্ত অর্থে কি কি গ্রন্থ প্রকাশিত হইবে, তাহার মীমাংসা এখনও শেষ হয় নাই। বর্ত্তমান ১৩২১ বঙ্গাব্দে উহার ব্যবস্থা হইবে বলিয়া আশা করা যায়।

আয়-ব্যয়

আলোচ্য বৎসরে সর্ব্ব রকমে সাহিত্য-পরিষদের ১৬০৪০৶৵১১ (পাই) টাকা আয় হইয়াছে এবং পূর্ব্ব বৎসরের উদ্বৃত্ত ১২০১৯।৴১১॥ (পাই) টাকা ছিল। অতএব আলোচ্য বর্ষে পরিষদের মোট জমা ২৮০৬০।৵১০॥ (পাই) টাকা। আলোচ্য বর্ষে মোট ব্যয় হইয়াছে ১৫৯৩০॥৴৭॥ (পাই)। ব্যয় বাদে উদ্বৃত্ত ১২১২৯॥৴৫। ইহার বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য। এতদ্ব্যতীত পরিষদের বিভিন্ন তহবিল ও বাজারদেনা ৭৬২৮॥৴৫ টাকা। আর ১৩২০ বঙ্গাব্দ পর্য্যন্ত পরিষদের সদস্যগণের নিকট ১৩২০০৲ টাকা চাঁদা বাকী পড়িয়াছে। যে ১২১২৯॥৴৫ উদ্বৃত্ত দেখান হইয়াছে, তাহার অধিকাংশই বিশেষ বিশেষ কার্য্যের নিমিত্ত প্রদত্ত বিভিন্ন তহবিলের টাকা এবং পরিষদের স্থায়ী তহবিলের টাকা। উদ্বৃত্ত ১২১২৯॥৴৫ টাকার মধ্যে পরিষদের সাধারণ তহবিলের টাকা নগদ ৬১৩৲১০ এবং বাকী ৭১৫৬৶৵১৫ বিভিন্ন তহবিলে মজুদ আছে, ৮৵৫ ডাকটিকিট আছে আর বাকী ৪১৫১॥/১৫ বিভিন্ন তহবিল হইতে পরিষৎ হাওলাত লইয়া নানা কার্য্যে খরচ করিয়াছেন। পরিষদের যে ৭৬২৮॥৴৫ দেনা দেখান হইয়াছে, তাহার মধ্যে এই ৪১৫১॥/১৫ ধরা আছে। পরিশেষে দেনা শোধ করিলে উদ্বৃত্ত ১২১২৯॥৴৫ হইতে এই টাকাটা অন্যান্য তহবিলের টাকায় জমা হইয়া যাইবে। কাজেই ঐ টাকা হইতে কার্য্যনির্ব্বাহকসমিতি এই দেনার ৭৬২৮॥৴৫ শোধ দিতে পারেন না। এই জন্য কার্য্যনির্ব্বাহকসমিতি স্থির করিয়াছেন যে, বাকী চাঁদার উক্ত টাকা উশুল করিয়া দেনা পরিশোধের ব্যবস্থা করা হইবে।

শাখা-পরিষৎ

আলোচ্য বর্ষে বাঁকুড়া, বর্দ্ধমান, কালনা ও দিল্লী—এই চারি স্থানে পরিষদের শাখা স্থাপিত হইয়াছে। এ পর্য্যন্ত একমাত্র রঙ্গপুর-শাখার সহিত মূল-পরিষদের অর্থসম্পর্ক আছে।

রঙ্গপুর-শাখার সহিত অতঃপর এই আর্থিক সম্বন্ধের ব্যবস্থা কিরূপ হইবে, তাহা লইয়া মূলের সহিত এই শাখার কিছু দিন হইল, আলোচনা হইতেছিল এবং আলোচ্য বর্ষে মূল ও শাখার কার্য্যনির্ব্বাহকসমিতি পরামর্শ করিয়া স্থির করিয়াছেন যে, অতঃপর রঙ্গপুরশাখা রঙ্গপুর জেলার বাহিরে অন্য কোথাও প্রথম শ্রেণীর সদস্য সংগ্রহ করিবেন না এবং ১৩২০ পর্য্যন্ত প্রথম শ্রেণীর সদস্য যাঁহারা আছেন, তাঁহারাই থাকিবেন। তাঁহাদের ও ভবিষ্যতে রঙ্গপুর জেলায় যাঁহারা ঐরূপ সদস্য হইবেন, তাঁহাদের বার্ষিক চাঁদা ৬৲ টাকার মধ্যে রঙ্গপুরশাখা ৩৲ টাকা ও মূলপরিষৎ ৩৲ নিজে নিজে পৃথক্ ভাবে উসুল করিবেন। শাখাপরিষদের পরিচালনার জন্য যে সমস্ত নিয়ম আছে, সেগুলির কিঞ্চিৎ পরিবর্ত্তন আবশ্যক হওয়ায়, তাহার সংস্কার হইতেছে।

রমেশ-ভবন

কাসিমবাজারের মহারাজ বাহাদুর রমেশ-ভবনের জন্য যে ভূমি দান করিবেন, তাহার দলিলাদি লিখিত হইয়াছে, কিন্তু দলিল রেজেষ্টারী হয় নাই। আশা আছে যে, দলিল রেজেষ্টারী হইলে আগামী বৎসরে ভবনের ভিত্তি প্রতিষ্ঠিত হইবে।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে গুড্ ফ্রাইডের ছুটীতে [struck through] ২৭শে, [struck through] ২৮শে চৈত্র কলিকাতা টাউন হলে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের সপ্তম অধিবেশন হইয়াছিল। শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতিত্ব করিয়াছিলেন এবং শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, মাননীয় ডাঃ শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এবং পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্ এ মহাশয়গণের সম্পাদকতায় সম্মিলনের কার্য্য সুচারুভাবে নির্ব্বাহিত হইয়াছিল। সম্মিলনের পক্ষে অত্যন্ত আহ্লাদ ও গৌরবের বিষয় যে, প্রাদেশিক শাসনকর্ত্তা, বঙ্গভাষা ও সাহিত্যের বিশেষ অনুরাগী লর্ড কারমাইকেল মহোদয় দ্বারা এই সম্মিলনের উদ্বোধনকার্য্য সম্পন্ন হইয়াছিল। সকলেই অবগত আছেন যে, চুঁচুড়াতে সাহিত্য-সম্মিলনের যে অধিবেশন হয়, তাহাতে এক পৃথক্ বৈজ্ঞানিক বৈঠকের সৃষ্টি হইয়াছিল। কিন্তু এই কয়েক বৎসরের অভিজ্ঞতায় দেখা গিয়াছে যে, সম্মিলনে পঠনার্থ যে সমস্ত প্রবন্ধ প্রেরিত হয়, সময়াভাবে তাহাদের অনেকগুলি পঠিত হইতে পারে না এবং যেগুলি পঠিত হয়, তাহাদের কোনটির আলোচনা সম্ভবপর হয় না। সুধীগণের মধ্যে ভাবের আদান-প্রদান সম্মিলনের এক প্রধান উদ্দেশ্য। কিন্তু যে ভাবে এত দিন সম্মিলনের কার্য্য পরিচালিত হইতেছিল, তাহাতে যে এই আদান-প্রদান ব্যাপার আশানুরূপ হইয়াছিল, তাহা নিঃসন্দেহ ভাবে বলা যায় না। উল্লেখযোগ্য আলোচনা যাহা হইয়াছিল, তাহা চুঁচুড়া ও চট্টগ্রামের বৈজ্ঞানিক বৈঠকে। এই সমস্ত অবস্থা বিবেচনায় এবং অধিকাংশ সভ্যের মতানুসারে বর্ত্তমান বৎসরে একই সময় বিভিন্ন স্থানে সাহিত্য, ইতিহাস, দর্শন ও বিজ্ঞান—সম্মিলনের এই চারিটি শাখার অধিবেশন হইয়াছিল। মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন কবিসম্রাট্ মহাশয় সাহিত্য-

শাখার, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ইতিহাস-শাখার, ডাঃ শ্রীযুক্ত প্রসন্নকুমার রায় দর্শন-শাখার ও অধ্যাপক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় বৈজ্ঞানিক শাখার অধ্যক্ষতা গ্রহণ করিয়াছিলেন। অনেকে চারিটি শাখার বিভিন্ন স্থানে একই সময়ে অধিবেশনের ফল সম্বন্ধে অত্যন্ত সন্দিহান ছিলেন, কিন্তু বিভিন্ন বৈঠকের কার্য্যাবলী অবলোকন করিয়া এই ভাবে সম্মিলনের কার্য্য পরিচালন করা সম্বন্ধে যাঁহারা বিরুদ্ধ মতাবলম্বী ছিলেন, তাঁহাদের মধ্যে অনেকেই পূর্ব্বমত পরিত্যাগ করিয়াছেন। সম্মিলনের কার্য্য সুচারুভাবে নিষ্পন্ন করিতে হইলে, পঠিত প্রবন্ধগুলির সম্যক্ আলোচনা আবশ্যক হইলে এবং এই সম্মিলনকে দেশীয় মনীষিবৃন্দের একটি মহা সম্মিলনে পরিণত করিতে হইলে, কলিকাতাতে অবলম্বিত কার্য্য-প্রণালী অনুসারে কার্য্য করিতে হইবে; নতুবা এই সমস্ত মহান্ উদ্দেশ্য কখনই সফল হইবে না। এ পর্য্যন্ত সম্মিলনের যত অধিবেশন হইয়াছে, তাহাতে দেখা গিয়াছে যে, সময়াভাবে অনেক প্রবন্ধ পঠিত বলিয়া গৃহীত হইয়াছে। ইহাতে প্রবন্ধ-লেখকগণ যে অত্যন্ত ক্ষুণ্ণ হইতেন, তাহা স্বাভাবিক; কিন্তু বর্ত্তমান বৎসরে যে প্রণালীতে সম্মিলনের কার্য্য করা হইয়াছে, তাহাতে সমস্ত প্রবন্ধ-লেখকই অত্যন্ত সন্তুষ্ট হইয়াছেন; কারণ, উপস্থিত কোন লেখকের প্রবন্ধই পঠিত বলিয়া গৃহীত হয় নাই, অনুপস্থিত অনেক লেখকের প্রবন্ধ পঠিত হইয়াছে এবং কোন কোন পঠিত প্রবন্ধের যথেষ্ট সমালোচনাও হইয়াছে।

এ কথা অবশ্য স্বীকার্য্য যে, সম্মিলন কেবল বিশেষজ্ঞদের মিলন-ক্ষেত্র হইলেই চলিবে না। সাধারণের মধ্যে শিক্ষার বিস্তার সম্মিলনের এক প্রধান কার্য্য এবং এই উদ্দেশ্য কার্য্যে পরিণত করিতে হইলে বিশেষজ্ঞ মহোদয়গণ দ্বারা লিখিত সাধারণের উপযোগী প্রবন্ধ, ম্যাজিক লণ্ঠনের সহায্যে নানা বিষয় সম্বন্ধীয় বক্তৃতা প্রভৃতির আবশ্যক। এই হেতু কলিকাতাতে অধ্যাপক শ্রীযুক্ত সুবোধচন্দ্র মহলানবীশ মহাশয় ম্যাজিক লণ্ঠনের সাহায্যে খাদ্য সম্বন্ধে একটি অতি সুন্দর ও হৃদয়গ্রাহী বক্তৃতা করিয়াছিলেন। স্থির হইয়াছে যে, আগামী বর্ষে বর্দ্ধমানে সম্মিলনের অধিবেশন হইবে।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে দিনাজপুর ও পাবনাতে উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের ষষ্ঠ ও সপ্তম অধিবেশন হইয়াছে। দিনাজপুরে মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী মহাশয় ও পাবনাতে নাটোরের মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

সম্বর্দ্ধনা

সাহিত্য-সম্মিলন উপলক্ষ্যে কলিকাতাতে সমাগত সাহিত্যিকগণের সম্বর্দ্ধনার জন্য পরিষৎ মন্দিরে গত ২৬শে চৈত্র একটি সান্ধ্যসম্মিলন হইয়াছিল।

পরিষদের কর্ম্মচারিবৃন্দের কথা যথাস্থানে বিবৃত করা হইয়াছে। কিন্তু সর্ব্বাপেক্ষা যাঁহার অকাতর পরিশ্রমে এবং অসামান্য অধ্যবসায় ও কৃতিত্বে পরিষদের কার্য্যগুলি সুন্দররূপে সম্পাদিত হইয়াছে, পরিষদের সেই সুযোগ্য সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ মহাশয়ের কথা বিশেষভাবে উল্লেখ না করিলে আমাদের কর্ত্তব্য-হানি হইবে। বলিতে কি, তাঁহার ন্যায় কার্য্যক্ষম এবং পরিষদের সর্ব্ববিধ কার্য্যে অকৃত্রিম অনুরাগী ব্যক্তি না থাকিলে আমাদ্বারা পরিষদের কার্য্য সমাধা হওয়া এককালেই অসম্ভব হইত। সত্যানুরোধে আমাকে

স্বীকার করিতে হইতেছে, যে প্রকার সময়ক্ষেপ ও পরিশ্রম করা সম্পাদকের কর্ত্তব্য, তাহা আমি নানা কারণে বর্ত্তমানে করিতে পারিতেছি না। আমি পরিষদের সভ্যবৃন্দের নিকট তজ্জন্য সানুনয়ে ক্ষমা ভিক্ষা করিতেছি। শ্রীযুক্ত হেমবাবু কলিকাতার সর্ব্বশ্রেষ্ঠ কলেজে অধ্যাপনাকার্য্যে নিযুক্ত আছেন। তাহাতে তাঁহাকে বিস্তর পরিশ্রম করিতে হয়; কিন্তু তাহা সত্ত্বেও পরিষদের কাজে তিনি অক্লান্তভাবে পরিশ্রম করিতে সর্ব্বদা প্রস্তুত। এই সকল কারণে তিনি পরিষদের সভ্য-সকলের এবং বিশেষভাবে আমার ধন্যবাদভাজন।

উপসংহার

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্যভার দিন দিন যেরূপ বর্দ্ধিত হইতেছে. তদনুরূপ কার্য্যকারী এবং যত্নশীল সদস্যের সংখ্যা আশানুরূপ বৃদ্ধি প্রাপ্ত হইতেছে না, প্রতি বৎসরই সম্পাদককে এই দুঃখ-কাহিনী সর্ব্বসাধারণ্যে জ্ঞাপন করিতে হয়। পরিষৎ সকলেরই, ইহা মাতৃভাষার সেবক মাত্রেরই মন্দির এবং মিলন-স্থান। এখানে সকলেরই সমান অধিকার—আসুন, আমরা সকলে যাঁহার যাহা আছে, তাহা দিয়া সকলেই আমরা মাতৃপূজার আয়োজন করি। যাঁহার বিদ্যা-বুদ্ধি আছে, তিনি তাঁহার বিদ্যা দেশের লোকের জন্য মাতৃভাষায় বিতরণ করুন। যাঁহার ধন আছে, তিনি অর্থের দ্বারা মাতৃভাষার পুষ্টির আনুকূল্য করুন; যাঁহার অবকাশ আছে, তিনি পরিষদের উদ্দেশ্য সাধনকল্পে জীবন উৎসর্গ করুন এবং সকলেই উপদেশাদির দ্বারা পরিষদের কাজ সুসিদ্ধ করার সহায়ক হউন ও পরিষদের কর্ম্মচারীদিগকে কর্ত্তব্য-পথে আরও অগ্রসর করুন। বাঙ্গালা দেশে কৃতী পুরুষের এবং বিদ্বন্মণ্ডলীর অভাব নাই। কিন্তু দুঃখের সহিত সত্যের অনুরোধে বলিতে হইতেছে যে, তাঁহাদের মধ্যে অনেকেই মাতৃভাষার সেবা তাঁহাদের অবশ্য-কর্ত্তব্যের মধ্যে পরিগণিত করেন না। যাঁহারা আমাদিগকে এই ভাবে বঞ্চিত করেন, তাঁহাদের নিকট আমার একটি নিবেদন আছে, অগ্রে তাহা জ্ঞাপন করিতেছি। মনে করুন, আমাদের দেশের কোন একজন কৃতী লোক রাজকার্য্যে নিযুক্ত হইয়াই হউক বা কোন ব্যবসায় উপলক্ষ্যেই হউক, বিদেশে গিয়া প্রচুর ধন-সম্পত্তি অর্জ্জন করিয়া, তাঁহার অর্জ্জিত সেই ধনাদি যদি কেবল সেই দেশেই ব্যয় করেন, তাঁহার দেশের লোকেরা তাঁহার অর্থাদি হইতে এবং তাঁহার পদগৌরব হইতে কেহই কিছু উপকার প্রাপ্ত না হয়েন, তাহা হইলে তাঁহার কৃতিত্ব ও বিদ্যাবত্তায় এবং অর্জ্জিত ধন ও পদগৌরবে তাঁহার স্বদেশবাসীদের কোন উপকারই হয় না। এ অবস্থায় তাঁহার অর্জ্জিত ধন ও পদগৌরব তাঁহার স্বদেশবাসীর পক্ষে একপ্রকার প্রয়োজনহীন হইয়া পড়ে। সেই প্রকার যাঁহারা বর্ত্তমানে আমাদের মধ্যে কৃতবিদ্য, তাঁহারা যদি তাঁহাদের বিদ্যাবুদ্ধির দ্বারা তাঁহার মাতৃভাষার সেবা ও পুষ্টিসাধন না করেন, তাহা হইলে তাঁহার উপার্জ্জিত ধনসম্পত্তি এবং পদগৌরবাদি ব্যর্থ এবং তাঁহার স্বদেশবাসীর পক্ষে উদ্দেশ্যহীন বলিলে বোধ হয়, অসঙ্গত হয় না। কিন্তু সৌভাগ্যের বিষয়, এখন দেখা যাইতেছে যে, দেশের লোকের প্রবৃত্তি এবং মতিগতি পরিবর্ত্তিত হইতেছে, সকলেই এখন অল্পবিস্তর মাতৃভাষার সেবায় নিযুক্ত হইতেছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যদি এই পরিবর্ত্তনের কিছু সহায়তা করিয়া থাকে, তাহা হইলে পরিষদের প্রতিষ্ঠাতৃগণ ধন্য ও কৃতার্থ হইবেন। আমি স্বদেশবাসিগণের প্রত্যেকের নিকট বঙ্গীয়-সাহিত্য-পরিষদের জন্য সাহায্য ভিক্ষা করিতেছি। আসুন, সকলে মাতৃভাষার পূজায় অর্ঘ্য প্রদান করিয়া জীবন সার্থক করি।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির
বঙ্গাব্দ ১৩২১, ৩১শে জ্যৈষ্ঠ

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী
সম্পাদক।

তৃতীয় খণ্ড

পরিশিষ্ট

শাখা-পরিষৎ-সমূহের বার্ষিক কার্য্যবিবরণ

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

রঙ্গপুর-শাখা

[স্থাপিত ১৩১২ বঙ্গাব্দ, ১১ই বৈশাখ]

১৩২১ বঙ্গাব্দে এই সভা ১০ম বর্ষে উপনীত হইয়াছে। ১৩২০ বঙ্গাব্দে রঙ্গপুর শাখা-সভার সদস্য-সংখ্যা নিম্নলিখিতরূপ ছিল ;—

আজীবন-সদস্য	বিশিষ্ট-সদস্য	অধ্যাপক-সদস্য	সহায়ক-সদস্য
১	৫	৪	১২

ছাত্র-সদস্য	প্রথম শ্রেণীর সদস্য	দ্বিতীয় শ্রেণীর সদস্য
৩৬	১২৯	২৫৯

আজীবন-সদস্য

চৈপার অন্যতম দানশীল ভূম্যধিকারী শ্রীযুক্ত অন্নদামোহন রায় চৌধুরী মহাশয় সভার স্থায়ী ধন-ভাণ্ডারে এককালে ২০০০৲ দুই হাজার টাকা প্রদান পূর্ব্বক আজীবন-সদস্যের পদ গ্রহণ করিয়া সভার গৌরব বৃদ্ধি করিয়াছেন।

বিশিষ্ট-সদস্য

"দেবীযুদ্ধ"-প্রণেতা প্রবীণ একনিষ্ঠ সাহিত্যিক শ্রীহট্টের শ্রীযুক্ত শরচ্চন্দ্র চৌধুরী বি এ মহাশয় এই সভার বিশিষ্ট-সদস্য-পদ গ্রহণ করিয়াছেন।

অধ্যাপক ও সহায়ক-সদস্য

আলোচ্য বর্ষে এই সভায় চারি জন অধ্যাপক-সদস্য এবং ১২ জন সহায়ক-সদস্য গ্রহণ করা হইয়াছে।

আলোচ্য বর্ষে ৫০ জন ছাত্র-সদস্য গৃহীত হইয়াছেন। বর্ত্তমান বর্ষে উক্ত সভার ৮টি মাসিক অধিবেশনে ৬টি প্রবন্ধ পঠিত হইয়াছে। ছাত্র-সদস্যগণের মধ্যে উৎসাহ বর্দ্ধনার্থ চারিটি পুরস্কার ঘোষণা করা হইয়াছে। প্রবন্ধ-রচনায় যাঁহারা শ্রেষ্ঠ স্থান অধিকার করিবেন, তাঁহাদের ৪ জনের মধ্যে উহা বিতরিত হইবে। আলোচ্য বর্ষে নিম্নোক্ত তিনটি ছাত্র-সদস্য পুরস্কার পাইয়া-

ছেন। (১) শ্রীযুক্ত কালীপদ বাগচী, (২) শ্রীযুক্ত শ্যামাপদ বাগচী, (৩) শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

সদস্যের মৃত্যু

"ছন্দোবোধ শব্দসাগর"-প্রণেতা হরিদেবপুর, রঙ্গপুরনিবাসী প্রবীণ সাহিত্যিক কালীমোহন রায় চৌধুরী মহাশয় এবং রঙ্গপুরের প্রবীণ ও বহুদর্শী উকীল গোপালচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ, বি এল্ পরলোক-গমন করায় সভার অত্যন্ত ক্ষতি হইয়াছে।

সভার তহবিল

আলোচ্য বর্ষে সর্ব্বপ্রকারে সভার মোট আয় ৫৭২৯৷৶০ আনা এবং গত বর্ষের উদ্বৃত্ত তহবিল ৭১৬৸০ আনা মোট ৬৪৪৬৷৶০ ছিল। তন্মধ্যে সভার যাবতীয় প্রকারের ব্যয় ১৮৭৫৷৶০ বাদে অবশিষ্ট ৪৫৭০৸০ মাত্র রহিয়াছে। ইহার মধ্যে স্থায়ী ধন-ভাণ্ডারে রক্ষিত ৩০০০৲ এবং গৃহ-নির্ম্মাণ-তহবিলের ১৪০০৲ বাদে সভার বিবিধ তহবিলে ১৭০৸০ মাত্র উদ্বৃত্ত হইয়াছে।

সভার অষ্টম সাম্বৎসরিক অধিবেশনের সভাপতি মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দীকে তিনখানি অভিনন্দন-পত্র প্রদান

বঙ্গ-সাহিত্যের প্রাণস্বরূপ বিদ্যোৎসাহী স্বনামখ্যাত শ্রীল শ্রীযুক্ত কাশিমবাজারের মাননীয় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর এই সভার অষ্টম সাম্বৎসরিক অধিবেশনে সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। তাঁহার সাহায্যে সভার কার্য্য বিশেষ উৎসবের সহিত অনুষ্ঠিত হইয়াছিল। মাননীয় মহারাজ বাহাদুরকে এই উপলক্ষে রঙ্গপুর-পরিষৎ, তৎসংসৃষ্ট ছাত্রসভা ও বেলপুকুর পল্লী-পরিষৎ হইতে তিনখানি অভিনন্দন-পত্র প্রদান করা হয়।

অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদি ও অন্যান্য আলোচিত বিষয়

প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক	অন্যান্য আলোচনা
১ম মাসিক— মহম্মদপুরের রাজা সীতারাম রায়ের বাড়ীর কারুকার্য্যবিশিষ্ট ইষ্টক। সংগ্রাহক— শ্রীকালীপদ বাগচি (ছাত্র-সদস্য)।	সুপ্রসিদ্ধ নাট্যকার কবি দ্বিজেন্দ্রলাল রায়ের অকাল-মৃত্যুতে শোকপ্রকাশ। উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের দিনাজপুরে আহূত ষষ্ঠ অধিবেশনে উপস্থিত হওয়ার জন্য এ সভার পক্ষ হইতে প্রতিনিধি নির্ব্বাচন।
দ্বিতীয় মাসিক অধিবেশন	
(খ) দিনাজপুরে বাণগড়ে প্রাপ্ত মীনা-করা বিবিধ প্রকারের মৃৎ-ভাণ্ডের অংশ ও প্রস্তরনির্ম্মিত মকরাকৃতি পয়ঃপ্রণালী। প্রদর্শক— শ্রীযুক্ত কুঞ্জনাথ সেন।	মহামান্য বঙ্গীয় গভর্ণর বাহাদুরের রঙ্গপুর পরিদর্শন উপলক্ষে এ সভার পক্ষ হইতে তৎপ্রতি সম্মান প্রদর্শনের ব্যবস্থা।

প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক	অন্যান্য আলোচনা
(খ) শ্রীযুক্ত কালিদাস চক্রবর্ত্তী কর্ত্তৃক সংগৃহীত ধুবইল রাজবাটীতে প্রাপ্ত কারুকার্য্যবিশিষ্ট কয়েকখানি ইষ্টক। (গ) শ্রীমান্ কালীপদ বাগচী (ছাত্র-সদস্য) কর্ত্তৃক সংগৃহীত একখানি প্রাচীন পুথি এবং একটি চীনদেশীয় রৌপ্যমুদ্রা।	
তৃতীয় মাসিক অধিবেশন	
একটি প্রাচীন রৌপ্যমুদ্রা— প্রদর্শক—রঙ্গপুর ধাপ মহিলা-সমিতির সম্পাদিকা শ্রীযুক্তা হেমদাসুন্দরী দেবী।	(ক) গবর্ণর বাহাদুরের অভ্যর্থনার ব্যবস্থা। (খ) "ছন্দবোধ শব্দসাগর"-প্রণেতা কালীমোহন রায় চৌধুরী মহাশয়ের মৃত্যুতে শোকপ্রকাশ। (গ) মন্থনার ভূম্যধিকারিণী শ্রীযুতা ভবসুন্দরী দেবী চৌধুরাণী কর্ত্তৃক এ সভার গৃহনির্ম্মাণ-তহবিলে এককালীন ১২০০৲ দানের ঘোষণা ও ধন্যবাদ জ্ঞাপন। (ঘ) টেপার ভূম্যধিকারী শ্রীযুক্ত অন্নদামোহন রায় চৌধুরীর এ সভার স্থায়ী ধনভাণ্ডারে এককালীন ২০০০৲ টাকা দান করায় আজীবন-সদস্যরূপে গ্রহণ।
চতুর্থ মাসিক অধিবেশন	
(ক) মৃত্তিকানিম্ন হইতে উদ্ধৃত গণেশমূর্ত্তি— শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী (খ) সভা কর্ত্তৃক ক্রীত দুইটি প্রাচীন রৌপ্য-মুদ্রা।	এ সভার অন্যতম সদস্য কোচবিহারের মহারাজ রাজা রাজেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুরের অকাল-মৃত্যুতে এবং গুরুনাথ কাব্যতীর্থ বিদ্যানিধি মহাশয়ের অকালমৃত্যুতে শোকপ্রকাশ।
পঞ্চম মাসিক অধিবেশন	
দুইখানি প্রাচীন পুথি— শ্রীযাদবচন্দ্র দাস।	কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নোবেল পুরস্কার প্রাপ্তিতে আনন্দ প্রকাশ।
ষষ্ঠ মাসিক অধিবেশন	
* * * *	পাবনায় আহূত—উত্তরবঙ্গ-সাহিত্যসম্মিলনের সপ্তম অধিবেশনের দিন নির্দ্ধারণ

প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক	অন্যান্য আলোচনা
	ও নাটোরের মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুরকে ঐ সম্মিলনের সভাপতি নির্ব্বাচন। মহামান্য বঙ্গীয় গভর্ণর বাহাদুর এ সভার চিত্রশালা পরিদর্শন পূর্ব্বক কলিকাতা হইতে তাঁহার সহকারী মহাশয়ের মধ্যবর্ত্তিতায় যে মন্তব্য প্রেরণ করেন, তাহা পঠিত হয়। "বিদ্যোদয়" পত্রিকা-সম্পাদক পণ্ডিত হৃষীকেশ শাস্ত্রী মহাশয়ের পরলোকগমনে শোকপ্রকাশ।
সপ্তম মাসিক অধিবেশন * * *	পাবনা-সম্মিলনে উপস্থিত হইবার জন্য প্রতিনিধি নির্ব্বাচন।
অষ্টম মাসিক অধিবেশন শ্রীযুক্ত বসন্তকুমার লাহিড়ী কর্ত্তৃক উপহৃত কৃষ্ণপ্রেম-তরঙ্গিণী। শ্রীমান্ নগেন্দ্রনাথ সরকার (ছাত্র-সদস্য) ও শ্রীমান্ পুলিনবিহারী সেন (ছাত্র-সদস্য) কর্ত্তৃক সংগৃহীত কান্তজীর মন্দিরের স্খলিত কারুকার্য্যবিশিষ্ট ইষ্টক।	এই সভার অন্যতম বিশিষ্ট-সদস্য ও ভূতপূর্ব্ব সভাপতি মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহাশয়ের "কবিসম্রাট্" উপাধি-প্রাপ্তিতে আনন্দপ্রকাশ। নবম সাম্বৎসরিক অধিবেশনের দিন নির্দ্ধারণ।

আলোচ্য বর্ষে নিম্নলিখিত দিবসে অধিবেশনাদি হইয়াছে

অধিবেশনের নাম ও তারিখ	পঠিত প্রবন্ধ ও লেখক
প্রথম মাসিক অধিবেশন— ১১ই জ্যৈষ্ঠ, ১৩২০	গৌড়পাণ্ডুয়া প্রদর্শক— শ্রীহরিদাস পালিত।
দ্বিতীয় মাসিক অধিবেশন— ১৫ আষাঢ়, ১৩২০।	ঐ দ্বিতীয়াংশ।
তৃতীয় মাসিক অধিবেশন— ১লা ভাদ্র, ১৩২০।	সদ্‌গ্রন্থের তালিকা — শ্রীশরচ্চন্দ্র চৌধুরী বি এ। ঢাকার মসলিন এ, এফ, এম আব্দুল আলি এম্ এ।

অধিবেশনের নাম ও তারিখ	পঠিত প্রবন্ধ ও লেখক
চতুর্থ মাসিক অধিবেশন— ২২শে ভাদ্র, ১৩২০।	কুন্তীর ইতিহাস— শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী।
পঞ্চম মাসিক অধিবেশন— ২১শে অগ্রহায়ণ, ১৩২০।	ইংরাজ-রাজত্ব— শ্রীঅবনীচন্দ্র চট্টোপাধ্যায় বি এ।
ষষ্ঠ মাসিক অধিবেশন— ২৭শে পৌষ, ১৩২০।	অদ্ভুত আচার্য্যের রামায়ণ, শ্রীরজনীকান্ত চক্রবর্ত্তী।
সপ্তম মাসিক অধিবেশন— ৩রা ফাল্গুন, ১৩২০।	আর্য্যভট্টের সময় নিরূপণ— শ্রীযুক্ত পণ্ডিত যোগেন্দ্রচন্দ্র বিদ্যাভূষণ।
অষ্টম মাসিক অধিবেশন— ১৫ই চৈত্র, ১৩২০।	(ক) অবগুণ্ঠনের ইতিহাস— শ্রীরাজেন্দ্রচন্দ্র সেন গুপ্ত। (খ) প্রাচীন ভারতে স্থাপত্য বা মণিভূমিকা-কর্ম্ম— শ্রীযুক্ত পণ্ডিত বিপিনচন্দ্র কাব্যরত্ন বিদ্যানিধি। (গ) পদ্মাপুরাণের কবি নারায়ণদেবের বংশতত্ত্ব— শ্রীযুক্ত বিরজাকান্ত ঘোষ বি এ।

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির পাঁচটি অধিবেশন হইয়াছে। বিগত গুড্‌ফ্রাইডের ছুটীতে কলিকাতা মহানগরীতে যে সাহিত্য-সম্মিলনের অধিবেশন সুসম্পাদিত হইয়াছে, তাহাতে প্রতিনিধিরূপে নিম্নলিখিত ব্যক্তিগণ উপস্থিত ছিলেন ;—

কবি-সম্রাট্ মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন
পণ্ডিত শ্রীযুক্ত ভবানীপ্রসন্ন লাহিড়ী কাব্য-ব্যাকরণ-তীর্থ—পত্রিকাধ্যক্ষ
„ „ অন্নদাচরণ বিদ্যালঙ্কার—সহকারী সম্পাদক

শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ	শ্রীযুক্ত গণেন্দ্রনাথ পণ্ডিত
„ ভুজেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি এ, (ডেপুটী ম্যাজিষ্ট্রেট্)	„ অবনীচন্দ্র চট্টোপাধ্যায় বি এ, (ডেপুটী ম্যাজিষ্ট্রেট্)
„ সতীশচন্দ্র দাসগুপ্ত (মোক্তার)	„ হৃদয়নাথ তর্করত্ন তর্ককণ্ঠ
„ অনন্তকুমার দাসগুপ্ত	„ পরেশচন্দ্র চক্রবর্ত্তী বি এ
„ কালীপদ বাগচী (ছাত্র-সভ্য)	„ বৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য (ছাত্রসভ্য)

আলোচ্য বর্ষে সভা নূতন মন্দিরে প্রবেশ করিয়াছে।

চিত্রশালা-পরিদর্শন

বিগত ২৯শে কার্ত্তিক (১৩২০) বঙ্গের সদাশয় গভর্ণর বাহাদুর, তদীয় পত্নী, চিফ্ সেক্রেটারী, রাজসাহী-বিভাগের কমিশনার, রঙ্গপুরের কালেক্টার সাহেব প্রভৃতি উক্ত রাজপুরুষগণ সহ এই সভার চিত্রশালা পরিদর্শন করেন। পরিদর্শনের প্রারম্ভে রঙ্গপুর-সাহিত্য-পরিষদের প্রতিভূরূপে সভাপতি শ্রীযুক্ত কিরণচন্দ্র দে ও সম্পাদকের স্বাক্ষরিত প্রাচীন পুথির আকারে রৌপ্য-পত্রে খোদিত ও চন্দন-কাষ্ঠের আবরণীযুক্ত অভিনন্দন-পত্র সম্পাদক কর্ত্তৃক প্রদত্ত হয়। তদীয় পত্নীকে চিত্রশালায় সংগৃহীত ঐতিহাসিক নিদর্শন এবং সভার পৃষ্ঠপোষকগণের চিত্র-সম্বলিত একখানি চিত্রাধার উপহার প্রদান করা হয়। সভা হইতে মুদ্রিত যাবতীয় গ্রন্থ ও পত্রিকাদি সুন্দররূপে বাঁধাইয়া গভর্ণর বাহাদুরকে উপহার দেওয়া হয়। এই উপলক্ষে সভার বর্ষাষ্টকের সচিত্র কার্য্যবিবরণ ইংরাজী এবং বাঙ্গালা ভাষায় মুদ্রিত হইয়া বিতরিত হইয়াছিল। অভিনন্দন-পত্র নির্ম্মাণের ব্যয় বাবদে কাশিমবাজারের মাননীয় মহারাজ বাহাদুর দেড় শত টাকা প্রদান করিয়া সভার ধন্যবাদের পাত্র হইয়াছেন।

গ্রন্থপ্রকাশ

(১) কোচবিহার-রাজমন্ত্রী শিবপ্রসাদ বক্সী মহাশয়ের সঙ্কলিত "আহ্নিকাচারতত্ত্বাবশিষ্ট" গ্রন্থের মুদ্রণকার্য্য শেষ হইয়াছিল। (২) অদ্ভুতাচার্য্যের রামায়ণ আদিকাণ্ডের মুদ্রণ শেষ হইয়া সদস্যগণের মধ্যে বিতরিত হইয়াছে। (৩) শ্রীযুক্ত প্রভাসচন্দ্র সেন বি এল্ মহাশয়ের বগুড়ার ইতিহাস দ্বিতীয় খণ্ড সভার গ্রন্থাবলীভুক্ত হইয়া মুদ্রিত হইয়াছে। (৪) কামাখ্যা উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের কার্য্যবিবরণ প্রকাশের ব্যয় মোট ১৪১৸৩ পাই টাকা মধ্যে সম্মিলন-অভ্যর্থনা-সমিতির নিকট প্রাপ্ত ৫৫৲ টাকা বাদে ৮৬৸৩ টাকা প্রদান করা হইয়াছে। ঐ গ্রন্থ মুদ্রিত হইয়া বিতরিত হইয়াছে। (৫) শ্রীযুক্ত পণ্ডিত রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয়-রচিত "নামকোষ" নামক গ্রন্থ রঙ্গপুর ডিষ্ট্রীক্ট বোর্ডের ব্যয়ে সভা হইতে প্রকাশিত হইবার জন্য আবেদন করা হইয়াছিল। তদনুসারে ডিষ্ট্রীক্ট বোর্ড ঐ গ্রন্থের পাণ্ডুলিপি পরীক্ষার ভার শ্রীযুক্ত পণ্ডিত ভবানীপ্রসন্ন লাহিড়ী কাব্য-ব্যাকরণতীর্থ মহাশয়ের উপরে অর্পণ করেন। গ্রন্থখানি কিছু পরিবর্ত্তন করিলে প্রকাশযোগ্য হইবে বলিয়া তিনি মন্তব্য প্রকাশ করিয়াছেন। (৬) শ্রীযুক্ত গোবিন্দকেশী মুন্সী মহাশয় রচিত নিমাই-চরিত্র গ্রন্থের পাণ্ডুলিপি সভার হস্তগত হইয়াছে। মুন্সী মহাশয় গ্রন্থমুদ্রণ বাবদে ১৩৯৲ টাকা সভার হস্তে প্রদান করিয়াছেন। সত্বরেই ঐ গ্রন্থের মুদ্রণ আরম্ভ হইবে।

মূল-সভার সহিত আর্থিক সম্বন্ধ

মূল-সভার সহিত এ সভার আর্থিক সম্বন্ধ রক্ষা বিষয়ে কার্য্য-নির্ব্বাহক-সমিতির ১লা ভাদ্র (১৩২০) তারিখের অধিবেশনে আলোচনা হইয়া স্থির হয় যে, সম্পাদক মহাশয়ের সহিত ঐ সভার গত ২৩শে আষাঢ় (১৩২০) তারিখে পরামর্শ হওয়ার পরে যে দুইটি মন্তব্য গৃহীত হইয়াছিল, তাহার প্রথমটি নিম্নলিখিত সামান্য পরিবর্ত্তন সহ অনুমোদন করা গেল। রঙ্গপুর-শাখা ১৩২০ বঙ্গাব্দ হইতে আর রঙ্গপুর জেলার বাহিরে প্রথম শ্রেণীর সদস্য গ্রহণ করিতে

পারিবেন না। ১৩১৯ বঙ্গাব্দের চৈত্র পর্য্যন্ত রঙ্গপুর জেলা ও রঙ্গপুর জেলার বাহির হইতে যে সমস্ত প্রথম শ্রেণীর সদস্য গৃহীত হইয়াছেন, নিয়মিত ভাবে মূল-সভায় ৩৲ টাকা এবং শাখা-সভার প্রাপ্য ৩৲ টাকা চাঁদা প্রদান করিলে ভবিষ্যতেও তাঁহারা সাধারণ সদস্যের যাবতীয় অধিকার সহ উভয় সভায় সাধারণ-সদস্য বলিয়া পরিগণিত হইতে পারিবেন।

দ্বিতীয় প্রস্তাব সম্বন্ধে সভার মত এই,—প্রথম শ্রেণীর সদস্যগণের নিকটে মূল-সভার প্রাপ্য ৩৲ টাকা ১৩২০ বঙ্গাব্দের প্রথম হইতে মূল-সভা আদায় করিবেন ও মূল-সভার পত্রিকাদি তথা হইতে বিতরিত হইবে।

শাখা-সভা মূল-সভার গ্রন্থাদি ও উনবিংশ ভাগ পত্রিকা ৩য় ৪র্থ সংখ্যা হইতে বিতরণভার গ্রহণ করিবেন না। বাকী ৩৲ টাকা, যাহা শাখা-সভার প্রাপ্য, তাহা শাখা-সভা নিজেই আদায় করিবেন, মূল-সভা তাহা আদায় করিতে পারিবেন না। ১৩১৯ বঙ্গাব্দ পর্য্যন্ত প্রথম শ্রেণীর সদস্যগণের নিকটে বাকী চাঁদার অর্দ্ধাংশ পূর্ব্বোক্ত নিয়মে অর্দ্ধেক মূল-সভা এবং অর্দ্ধেক শাখা-সভা আদায় করিবেন।

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য পরিষৎ

বহরমপুর-শাখা

গত ১৩১৫ সালের ৫ই আশ্বিন বহরমপুর শাখা-পরিষদের প্রতিষ্ঠা হইয়াছিল। শাখা-পরিষদের প্রথম সভাপতি মাননীয় মহারাজ শ্রীল শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বিদ্যারঞ্জন মহোদয় পুনর্ব্বার উক্ত পদে নির্ব্বাচিত হইয়াছেন। প্রথম সম্পাদক শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন এম্ এ, বি এল্ মহাশয়ের কার্য্যকাল শেষ হওয়ায় শ্রীযুক্ত যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায় সর্ব্বসম্মতিক্রমে সম্পাদকরূপে নির্ব্বাচিত হইয়াছেন এবং নির্ব্বাচন-প্রথার অনুসারে শ্রীযুক্ত রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ ও শ্রীযুক্ত অম্বিকাচরণ রায় এম্ এ, বি এল্ সহকারী সম্পাদকরূপে আসন গ্রহণ করিয়াছেন। যথানিয়মে কার্য্যকরী সমিতি ও সাধারণ-সমিতি সংগঠিত হইয়াছে। প্রথম ও দ্বিতীয় বৎসরে শাখা-পরিষদে সদস্যগণের সমাগম এবং সভার কার্য্যাদি যথানিয়মে সুশৃঙ্খলরূপে সাধিত হইয়াছিল। কিন্তু তৃতীয় বৎসর হইতে সাধারণের অনুরাগ প্রভূত পরিমাণে হ্রাসপ্রাপ্ত হওয়ায় সভার সকল কার্য্যে নানা বিশৃঙ্খলা ঘটিয়াছিল। শেষে উপযুক্ত লোক-সমাগমের অভাবে অনেক সময় সভার অধিবেশন অসম্ভব হইয়া দাঁড়াইয়াছিল। এইরূপ সাধারণের ঔদাসীন্য ও বিরাগে পঞ্চম বর্ষে সভার মুমূর্ষু অবস্থা ঘটিবার সম্ভাবনা হইলে, অনেকে পরিষদের অস্তিত্ব লোপের আশঙ্কা করিয়াছিলেন। সৌভাগ্যবশতঃ সে আশঙ্কা সফল হয় নাই।

প্রথম পাঁচ বৎসর মাননীয় মহারাজ শ্রীল শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী মহোদয়ের পৃষ্ঠপোষকতায় পরিচালিত "উপাসনা" পত্রিকা বহরমপুর শাখা-পরিষদের মুখপত্ররূপে সদস্য মাত্রকেই বিনামূল্যে প্রদত্ত হইত। সভার নিয়মিত চাঁদা দিয়াই সকলে "উপাসনা" গ্রহণ করিতেন; কেহ কেহ পাঁচ বৎসরের মধ্যে চাঁদার হিসাবে কপর্দ্দক মাত্র না দিলেও বিনা ব্যয়ে "উপাসনা" প্রাপ্ত হইতেছিলেন। কিন্তু গত ১৩২০ সালের ভাদ্র মাসে "উপাসনা"র প্রকাশ রহিত হওয়ায় সভার কোন মুখপত্র বিদ্যমান নাই।

নূতন সভা

গত ২৪শে শ্রাবণ শনি বার নূতন সভা গঠিত হয়। পূর্ব্বে সাধারণ জনগণের সহানুভূতি সংগ্রহের অভিপ্রায়ে তাঁহাদের সুযোগ ও সৌকর্য্যের প্রতি দৃষ্টি রাখিয়া বহরমপুরের কেন্দ্রস্থলে প্রতিষ্ঠিত মহাকালী পাঠশালায় পরিষদের অধিবেশন হইত। কিন্তু ক্রমে ক্রমে সাধারণের ঔদাসীন্য পূর্ণমাত্রায় প্রকটিত হইলে কৃষ্ণনাথ কলেজ ও স্কুলের অধ্যাপক ও শিক্ষকগণের এবং কলেজের ছাত্রবৃন্দের সুবিধার নিমিত্ত কৃষ্ণনাথ কলেজ স্কুলে সভার অধিবেশন হইতেছে। ইহাতে অধ্যাপক ও শিক্ষকগণ ব্যতীত স্থানীয় শিক্ষিত সম্ভ্রান্ত ব্যক্তিবর্গের মধ্যে সময়ে সময়ে দুই চারি জনের শুভাগমন হইতে দেখা যায়। সর্ব্বাপেক্ষা কলেজের ছাত্রসংখ্যা প্রত্যেক অধিবেশনে প্রভূত পরিমাণে পরিদৃশ্যমান হইয়া থাকে।

২৪শে শ্রাবণ প্রথম অধিবেশনে কলেজের অধ্যাপক, স্কুলের শিক্ষক ও স্থানীয় জজ-আদালতের উকীল লইয়া সর্ব্বসমেত ত্রিশ জন সভ্য উপস্থিত ছিলেন। ছাত্র-সংখ্যা প্রায় দেড় শত দেখা গিয়াছিল। কলেজের ইংরাজী সাহিত্যের প্রবীণ অধ্যাপক শ্রীযুক্ত ভূষণচন্দ্র দাস এম্ এ মহাশয় "অদ্বৈত-মঙ্গল" নামে প্রবন্ধ পাঠ করেন।

৫ই আশ্বিন রবিবার দ্বিতীয় অধিবেশনে স্থানীয় ডেপুটী ম্যাজিষ্ট্রেট, প্রসিদ্ধ সাহিত্যিক শ্রীযুক্ত যতীন্দ্রমোহন সিংহ বি এ মহাশয় "জাতীয় জীবন ও জাতীয় মৃত্যু" শীর্ষক প্রবন্ধ পাঠ করেন।

১৪ই অগ্রহায়ণ রবিবার তৃতীয় অধিবেশনে কৃষ্ণনাথ কলেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত গিরীন্দ্রনারায়ণ মল্লিক এম্ এ, বি এল্ মহাশয় "সাংখ্য-দর্শন" নামে একটি মনোজ্ঞ প্রবন্ধ পাঠ করেন। এই অধিবেশনে সভাপতি মহাশয়ের প্রস্তাবে, সম্পাদকের সমর্থনে এবং উপস্থিত সভ্যগণের অনুমোদনে "নোবেল" পুরস্কার লাভের জন্য কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নিকট সহানুভূতিসূচক আনন্দ-সংবাদ প্রেরিত হইয়াছিল। অধ্যাপক ও শিক্ষক-গণের সমাগম অপেক্ষাকৃত কম হইয়াছিল।

চতুর্থ অধিবেশন ৩রা ফাল্গুন, রবিবার। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী মহোদয় অনুপস্থিত থাকায় বঙ্গের সাহিত্যাচার্য্য শ্রীযুক্ত চন্দ্রশেখর মুখোপাধ্যায় সভাপতির আসন গ্রহণ করেন। কৃষ্ণনাথ কলেজের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ মহাশয় "জননায়ক বা লোকশিক্ষা" নামে প্রবন্ধ পাঠ করেন।

শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়

সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

রাজসাহী-শাখা

গত বৎসর পরিষদের ৭টি মাসিক অধিবেশন হইয়াছিল। ইহার মধ্যে চারিটি অধিবেশন রাজসাহী কলেজের কমন রুমে ও তিনটি রাজসাহী পাবলিক লাইব্রেরীতে হইয়াছিল। তদ্ভিন্ন গত ৭ই আগষ্ট তারিখে পরিষদের অষ্টম বাৎসরিক অধিবেশন হইয়া গিয়াছে। পরিষদের অধিবেশনে স্থান দান করার জন্য পরিষৎ কলেজের মাননীয় অধ্যক্ষ ও পাবলিক লাইব্রেরীর সুযোগ্য সম্পাদক মহাশয়ের নিকট কৃতজ্ঞ। প্রায় প্রতি অধিবেশনে সহরের বহু ভদ্রলোক এবং কলেজের ছাত্র উপস্থিত থাকাতে বেশ বুঝা যাইতেছে যে, পরিষদের প্রতি রাজসাহীর জনসাধারণের আস্থা বৃদ্ধি পাইতেছে। নিম্নে প্রত্যেক অধিবেশনের আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল।

অধিবেশন	সভাপতি	প্রবন্ধলেখক বা বক্তা	বিষয়
প্রথম মাসিক অধিবেশন—	রায় শ্রীযুক্ত কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায় বাহাদুর, এম্ এ	শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি (সাহিত্য-সম্পাদক)	সাহিত্যসেবা
দ্বিতীয়—	ঐ	(১) শ্রীযুক্ত বিনোদবিহারী রায়	(১) ভারত-যুদ্ধের কাল ও অশোকের সময়।
		(২) শ্রীমান্ তারানাথ রায়	(২) নৌসাধনোদ্ভূত বঙ্গ।
তৃতীয়—	শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি এল্	শ্রীযুক্ত রাধাগোবিন্দ বসাক এম্ এ	কবি ভাস ও তৎপ্রণীত "প্রতিজ্ঞা" নাটক।
চতুর্থ—	ঐ	কবিবর শ্রীযুক্ত রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার প্রাপ্তি উপলক্ষে আনন্দ প্রকাশ।	
পঞ্চম—	ডাক্তার শ্রীযুক্ত অক্ষয়কুমার ভাদুড়ী, এল, এম, এস	উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের জন্য প্রতিনিধি নির্ব্বাচন ও সম্মিলনের কার্য্যপ্রণালী সম্বন্ধে আলোচনা।	
		বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের জন্য প্রতিনিধি নির্ব্বাচন।	
সপ্তম—	পণ্ডিত শ্রীযুক্ত বামনদাস বিদ্যারত্ন	(১) শ্রীযুক্ত বিনোদবিহারী রায়	(১) বঙ্গে ব্রাহ্মণাগমন।
		(২) শ্রীযুক্ত বিমলাচরণ বি এল্	(২) জাহানারা।

অধিবেশন	সভাপতি	প্রবন্ধলেখক বা বক্তা	বিষয়
অষ্টম বার্ষিক—	কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ	(১) মৌলভী শ্রীযুক্ত ফজল হক এম্ এ (২) শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি এল (৩) কুমার শ্রীযুক্ত শরৎ-কুমার রায় এম্ এ	সুলতানগঞ্জের দরগা ও চারিখানি নবাবিষ্কৃত আরবী ও ফার্সী শিলালিপি।

রাজসাহী কলেজ গ্রীষ্মের সময় তিন মাস ও পূজার সময় কলেজ এবং কাছারী এক মাস বন্ধ থাকায় প্রতি মাসে পরিষদের অধিবেশন সম্ভবপর হয় নাই। যাহাতে প্রতি মাসে একটি করিয়া সভা হয়, তাহার আয়োজনের চেষ্টা হইতেছে। বরেন্দ্র-অনুসন্ধান-সমিতির অনুসন্ধানের ফল পরিষদে যাহাতে পঠিত হয়, তাহার ব্যবস্থাও করা যাইতেছে। গত বার্ষিক অধিবেশনে সমিতির নবাবিষ্কৃত চারিখানি শিলালিপি পরিষদে প্রদর্শিত হইয়াছিল এবং উহাদের ঐতিহাসিকতা সভাস্থ সকলকে বুঝাইয়া দেওয়া হইয়াছিল।

পরিষদের একখানি ত্রৈমাসিক পত্রিকা না হইলে রাজসাহী জিলার মধ্যে ও অন্যত্র পরিষদের কার্য্য বিস্তৃত হইতে পারে না। এ বিষয়ে আলোচনা হইতেছে। তবে মূল-পরিষৎ হইতে অর্থ-সাহায্য না পাইলে, ইহাতে হস্তক্ষেপ করিতে শাখা-পরিষৎ সাহস করিতে পারিতেছেন না। সে প্রস্তাব এখন মূল-পরিষদে করা হয় নাই। এত দিন শাখা-পরিষদের কোনও কার্য্য-নির্ব্বাহক-সমিতি ছিল না, গত বার্ষিক অধিবেশনে একটি কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইয়াছে।

শ্রীপঞ্চানন নিয়োগী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

ভাগলপুর-শাখা

এই বর্ষের আরম্ভেই স্থানীয় ইন্‌ষ্টিটিউটের কর্ত্তৃপক্ষের সনির্ব্বন্ধ অনুরোধে পরিষৎ তথায় স্থানান্তরিত হয়। পরিষৎ-পুস্তকাগারের জন্য একটি ঘর তাঁহারা অনুগ্রহ করিয়া ছাড়িয়া দিয়াছেন এবং ইন্‌ষ্টিটিউটের সুপ্রশস্ত হলটিতে মাসিক অধিবেশনাদি হয়। ইহার একাংশ পাঠাগাররূপে ব্যবহৃত হয়। এই সহৃদয়তা ও সাহায্যের জন্য ভাগলপুর শাখাপরিষৎ ইন্‌ষ্টিটিউটের কর্ত্তৃপক্ষগণের নিকট বিশেষ কৃতজ্ঞ।

এই বৎসর ভাগলপুরের পক্ষে বড়ই দুর্ব্বৎসর গিয়াছে। শীতের প্রারম্ভ হইতে বর্ষের শেষ পর্য্যন্ত প্লেগের ভীষণ প্রকোপের জন্য অনেকেই সহর ছাড়িয়া পলাইতে বাধ্য হইয়াছিলেন।

এই কারণে পৌষ হইতে চৈত্র পর্য্যন্ত এই চারি মাস স্থানীয় শাখাপরিষদে কোন কার্য্যই হয় নাই। প্রথম কয় মাসে তিনটিমাত্র সাধারণ অধিবেশন ও একটি বিশেষ অধিবেশন হইয়াছিল। নিম্নে তাহার বিবরণ প্রদত্ত হইল।

সাধারণ অধিবেশন

বিষয়	লেখক	সভাপতি
১। বিহারে সাহিত্য-চর্চ্চা	শ্রীযুক্ত গিরীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এম্ এ, বি এল্	শ্রীযুক্ত প্রভাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্
২। ফুলের ফসল	শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি এ	শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ
৩। চন্দ্রের উৎপত্তি	শ্রীযুক্ত শিশিরকুমার মিত্র এম্ এস্ সি	শ্রীযুক্ত বীরচন্দ্র সিংহ এম্ এ

এতদ্ব্যতীত কবিবর দ্বিজেন্দ্রলালের মৃত্যুতে শোকপ্রকাশের জন্য এই শাখা-পরিষদের এক বিশেষ অধিবেশন হয়। শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি এ ও শ্রীযুক্ত সুধাংশুভূষণ রায় বি এল্ মহাশয় পরলোকগত কবিবরের জীবনী ও কাব্য আলোচনা করিয়া দুইটি প্রবন্ধ পাঠ করেন। শ্রীযুক্ত প্রভাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

সাহিত্য-সম্মিলনের কলিকাতা-অধিবেশনে শ্রীযুক্ত উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি এল্ ও শ্রীযুক্ত যতিনাথ ঘোষ এম্ এ, বি এল্ ভাগলপুর শাখাপরিষদের প্রতিনিধিস্বরূপ উপস্থিত ছিলেন।

শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বারাণসী-শাখা

বারাণসী-সাহিত্য-পরিষৎ প্রতিষ্ঠার পর আলোচ্য বর্ষান্তে পাঁচ বৎসর অতিক্রান্ত হইল। ইহাতে ইহার আশানুরূপ উন্নতি সাধিত হইয়াছে, এ কথা সাহস করিয়া বলা যায় না। তবে বঙ্গ-জননীর ক্রোড় হইতে এত দূরদেশে অবস্থিত থাকিয়াও মুষ্টিমেয় কয়েকজন মাত্র সাহিত্যসেবকের উদ্যোগে ও অধ্যবসায়ে মাতৃভাষার সেবাকল্পে যতটুকু কাজ চলিতেছে, তাহার প্রতি স্বদেশী সহানুভূতি আশা করা অন্যায় হইবে না।

আলোচ্য বৎসরে ছয়টি সাধারণ ও একটি মাত্র বিশেষ অধিবেশন হইয়াছে। প্রবন্ধ-লেখকাদির অভাবই এই সংখ্যাল্পতার প্রধান কারণ হইলেও আশার কথা এই যে, বারাণসী-পরিষৎ মাতৃভাষার প্রতি স্থানীয় পণ্ডিত-সম্প্রদায়ের দৃষ্টি পূর্ব্বাপেক্ষা অধিক আকর্ষণ করিতে সমর্থ

হইয়াছে। প্রথম অধিবেশনে মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত রাখালদাস ন্যায়রত্ন মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়া প্রসিদ্ধ প্রবন্ধকর্ত্তার সহিত শাখা-পরিষৎকেও বিশেষরূপে সম্মানিত ও উৎসাহিত করিয়াছেন। অধিবেশনসমূহে পার্শ্বাঙ্কিত সাহিত্যসেবিগণ-লিখিত প্রবন্ধগুলি পঠিত ও আলোচিত হয় ;—

১। সে কাল ও এ কাল	মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন।
২। পণ্ডিতরাজ জগন্নাথ	শ্রীযুক্ত হরিহর শাস্ত্রী।
৩। আয়ুর্ব্বেদের অপৌরুষেয়ত্ব	„ কবিরাজ মোহিনীমোহন কাব্যতীর্থ আয়ুর্ব্বেদরত্ন।
৪। মহারাজ কৃষ্ণচন্দ্র	„ ডাক্তার মোক্ষদাচরণ ভট্টাচার্য্য।
৫। মৃগয়া	„ শ্রীজীব কাব্যব্যাকরণতীর্থ।
৬। বঙ্কিমচন্দ্রের মৃণালিনী	„ বিজয়কৃষ্ণ দাস গুপ্ত সাহিত্যশাস্ত্রী।
৭। ধ্যানলোক	„ „ „
৮। গুরু সত্যসঙ্গীত	„ ডাক্তার মোক্ষদাচরণ ভট্টাচার্য্য।
৯। জৈন কবি শুভচন্দ্র	„ হরিহর শাস্ত্রী।
১০। ভারতেতিহাসের পুরাণত্ব	„ বৃন্দাবন ভট্টাচার্য্য।

বিশেষ অধিবেশনে শ্রীযুক্ত কুলদাপ্রসাদ ভাগবতরত্ন বি এ মহাশয় 'রবীন্দ্রনাথ' বিষয়ে বক্তৃতা করেন।

পুস্তকালয়

আলোচ্য বর্ষে বঙ্গ-সাহিত্য-সমাজ নামক পুস্তকালয়ে ৮০ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে ; তন্মধ্যে ৩০খানি ১৮।১০ মূল্যে ক্রীত এবং অবশিষ্ট ৫০ খানি বিদ্যোৎসাহী মহানুভবগণের দানরূপে প্রাপ্ত। এই বর্ষে স্থানীয় অন্নপূর্ণাভাণ্ডারের স্বত্বাধিকারী শ্রীযুক্ত রজনীকান্ত চট্টোপাধ্যায় মহাশয়ের গ্রন্থোপহারও বিশেষরূপে উল্লেখযোগ্য।

পাঠাগার

পঞ্চাশখানির অধিক ত্রৈমাসিক, মাসিক ও সাপ্তাহিক পত্র সম্পাদক মহানুভবগণকর্ত্তৃক বর্ষশেষ পর্য্যন্ত পাঠাগারে নিয়মিতভাবে বিনা মূল্যেই প্রদত্ত হইয়া আসিতেছে।

ছাত্রপরিষৎ

ছাত্রগণের সাপ্তাহিক সম্মিলনকে পাক্ষিক অধিবেশনে পরিণত করিয়া, স্থানীয় ছাত্র-পরিষৎটিকে অধিকতর কার্য্যোপযোগী ও চিত্তাকর্ষক করিবার চেষ্টা হইয়া আসিতেছে। এ জন্ম উহার সম্পাদক শ্রীযুক্ত অভয়তারণ ভট্টাচার্য্য সি, টি মহাশয় ও সভ্যবৃন্দ অশেষ প্রশংসার্হ।

শ্রীললিতমোহন মুখোপাধ্যায়

সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

চট্টগ্রাম-শাখা

গত আষাঢ় মাসেই পরিষদের তৃতীয় বর্ষ অতীত হইয়াছে। এক্ষণে ইহা চতুর্থ বর্ষে পদার্পণ করিল।

রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার প্রাপ্তিতে আনন্দপ্রকাশার্থ পরিষদের এক বিশেষ অধিবেশন হইয়াছিল। সেই অধিবেশনে আমাদের কবিবর ৺নবীনচন্দ্র সেনের চিত্রের দক্ষিণ পার্শ্বে কবীন্দ্র রবীন্দ্রনাথের চিত্রের প্রতিষ্ঠা করিয়া আমরা ধন্য হইয়াছি। তদুপলক্ষে পরিষদের যে বিশেষ অধিবেশন হইয়াছিল, তাহাতে স্থানীয় বিশিষ্ট ব্যক্তি সকলেই যোগদান করিয়াছিলেন। পরিষদের অপর একটি বিশেষ অধিবেশনে চট্টগ্রামের আধুনিক সাহিত্য-সেবিগণের প্রায় ১৫০ এক শত পঞ্চাশখানি মুদ্রিত গ্রন্থ সংগৃহীত হইয়া পরিষৎ-পুস্তকাগারের প্রতিষ্ঠা হইয়াছে। সেই বিরাট সভায় শ্রীযুক্ত রায় শরচ্চন্দ্র দাস সি আই ই বাহাদুর "সাহিত্য-সেবা" এবং তাঁহার তিব্বত-ভ্রমণ সম্বন্ধে বক্তৃতা করেন। তাঁহার বক্তৃতা অতীব হৃদয়গ্রাহিণী হইয়াছিল।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন কলিকাতা মহানগরীতে মহাসমারোহে সুসম্পন্ন হইয়া গিয়াছে। আমাদের এই শাখা-পরিষদের পক্ষ হইতে শ্রীযুক্ত হরিশচন্দ্র দত্ত, শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন, শ্রীযুক্ত মৌলবী আবদুল করিম, শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত প্রমুখ আমরা দশ জন প্রতিনিধি-সদস্য উক্ত সম্মিলনে যোগদান করিয়াছিলাম। যদিও সম্মিলন চারিটি বিভিন্ন শাখায় বিভক্ত হওয়াতে সাধারণ কার্য্যের কিঞ্চিৎ ত্রুটি পরিলক্ষিত হইয়াছিল, তথাপি অনেকগুলি প্রবন্ধ পঠিত হওয়ার সুযোগ ঘটিয়াছিল। আমাদের চট্টগ্রামের শ্রীযুক্ত গুণালঙ্কার ভিক্ষু ইতিহাস-বিভাগে, শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন, শ্রীযুক্ত মৌলবী আবদুল করিম ও শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত সাহিত্য-বিভাগে এবং শ্রীযুক্ত বেণীমাধব বড়ুয়া ও শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ দাসগুপ্ত সাহিত্য-শাস্ত্রী দর্শন-বিভাগে প্রবন্ধ পাঠ করিয়াছিলেন। জাপানের মিঃ কিমুরা— যিনি চট্টল বৌদ্ধ-বিহারে বহু দিন বাস করিয়া বঙ্গভাষায় ব্যুৎপন্ন হইয়াছেন, দর্শন-বিভাগে তাঁহারও একটি সুদীর্ঘ প্রবন্ধ পঠিত হয়। দুঃখের বিষয়, বিজ্ঞান-বিভাগে আমাদের চট্টগ্রামের কোন প্রবন্ধ ছিল না।

পরিষদের অধিবেশন

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এ বৎসরেও পরিষদের তত্ত্বাবধানে মহাকবি ৺নবীনচন্দ্রের স্মৃতিসভার অধিবেশন হইয়া গিয়াছে। সেই সভায় "নবীনচন্দ্র" শীর্ষক দুইটি কবিতা পঠিত হয়।

সদস্য-সংখ্যা ও আয়-ব্যয়

গত বর্ষে সদস্য-সংখ্যা ১২১ জন ছিল। আলোচ্য বর্ষে ৩৪ জন নূতন সদস্য হইয়াছেন, অতএব বর্ত্তমানে মোট সভ্যসংখ্যা ১৫৫ জন। সদস্যগণের মাসিক চাঁদা ব্যতীত পরিষদের অন্য কোন আয় নাই। অতএব সভ্যসংখ্যা বৃদ্ধির উপরেই ইহার সম্পূর্ণ ভিত্তি নির্ভর

করিতেছে। আলোচ্য বর্ষের মোট আয় ১৫৮৫, ব্যয় ১৩২৶ আনা। এক্ষণে ২৬॥৴৹ গচ্ছিত আছে।

আলোচ্য বর্ষে এই শাখার নিম্নলিখিত অধিবেশন হইয়াছে ও এই অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছে ;—

অধিবেশন	বিষয়
৬ই শ্রাবণ, ১৩২০, বিশেষ অধিবেশন—	স্বর্গীয় দ্বিজেন্দ্রলাল রায়ের পরলোক-গমনে শোকপ্রকাশ এবং তদীয় স্মৃতি-রক্ষার্থ কলিকাতা টাউনহলে প্রস্তাবিত সভার সহানুভূতি জ্ঞাপন, প্রতিনিধি প্রেরণ ও অর্থসাহায্য।
২৭শে শ্রাবণ, ১ম মাসিক অধিবেশন—	চট্টগ্রামের আধুনিক সাহিত্য-সেবী (প্রবন্ধ)।
৪ঠা ভাদ্র, কার্য্যনির্ব্বাহক-সমিতি—	বিগত সাহিত্য-সম্মিলনে গৃহীত চারিটি প্রস্তাব কার্য্যে পরিণত করিবার বন্দোবস্ত।
১৩ই ভাদ্র, বিশেষ অধিবেশন—	উক্ত চারিটি প্রস্তাব কার্য্যে পরিণত করিবার জন্য বিশিষ্ট-সদস্যগণের উপর ভার অর্পণ।
২৫শে ভাদ্র, ২য় মাসিক অধিবেশন—	পার্ব্বতী ও করুণা প্রার্থনা (কবিতা), আধ্যাত্ম-জীবন (প্রবন্ধ)। প্রাচীন পুথি সংগ্রহের প্রস্তাব এবং স্থানীয় সাহিত্য-সেবিগণের মুদ্রিত পুস্তক সংগ্রহের প্রস্তাব গৃহীত হয়।
৮ই আশ্বিন, কার্য্যনির্ব্বাহক-সমিতি—	বিগত সাহিত্য-সম্মিলনের কার্য্য-বিবরণ মুদ্রণের ব্যবস্থা।
১০ই আশ্বিন, ৩য় মাসিক অধিবেশন—	আহ্বান (কবিতা), ভারতীয় স্বাস্থ্য-সম্পৎ (প্রবন্ধ)।
১৮ই কার্ত্তিক, বিশেষ অধিবেশন—	মহাকবি নবীনচন্দ্রের চিত্রপ্রতিষ্ঠা।
১লা অগ্রহায়ণ, ৪র্থ মাসিক অধিবেশন—	মানবের একত্ব ও একোৎপত্তি (প্রবন্ধ)।
৪ঠা অগ্রহায়ণ, বিশেষ অধিবেশন—	কবীন্দ্র শ্রীযুক্ত রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার প্রাপ্তিতে আনন্দ-প্রকাশ এবং কবীন্দ্রের চিত্রপ্রতিষ্ঠা।

অধিবেশন	বিষয়
১০ই অগ্রহায়ণ, বিশেষ অধিবেশন—	স্থানীয় পরিষদের সুযোগ্য সদস্য ৺নগেন্দ্রকুমার রায়ের পরলোক-গমনে শোকপ্রকাশ।
২৯শে অগ্রহায়ণ, ৫ম মাসিক অধিবেশন—	ব্রহ্মার বিষ্ণুদর্শন (কবিতা)। নলোদয় একটি সর্গ (প্রবন্ধ)।
৩রা মাঘ, ৬ষ্ঠ মাসিক অধিবেশন—	সমাজ (প্রবন্ধ)।
১০ই মাঘ, বিশেষ অধিবেশন—	মহাকবি নবীনচন্দ্রের স্মৃতি-সভা।
২৪শে মাঘ, ৭ম মাসিক অধিবেশন—	ময়নামতীর পুথি (প্রবন্ধ)।
৮ই ফাল্গুন, বিশেষ অধিবেশন—	শ্রীযুক্ত রায় শরচ্চন্দ্র দাস সি আই ই বাহাদুরের সাহিত্য-সেবা সম্বন্ধে বক্তৃতা। সম্পাদক কর্তৃক স্থানীয় সাহিত্য-সেবিগণের প্রায় ১৫০ মুদ্রিত পুস্তক প্রদর্শিত হয়।
৭ই চৈত্র, কার্য্যনির্ব্বাহক-সমিতি—	শাখা-পরিষদের প্রতিনিধি নির্ব্বাচন
১৩ই চৈত্র, ৯ম মাসিক অধিবেশন— (অষ্টম মাসিক অধিবেশন হইতে পারে নাই)	ভারতবর্ষ-স্তোত্রম্ এবং চট্টলা-স্তোত্রম্ (সংস্কৃত কবিতা)। মরণ (প্রবন্ধ)

বিশেষ দান

আমাদের কোন সদাশয় সদস্য পরিষৎকে এককালীন ২৫৲ পঁচিশ টাকা দান করিয়াছেন। অপর একজন সহৃদয় সদস্য তদীয় পরলোকগতা সহধর্ম্মিণীর স্মৃতিরক্ষার্থ ১০০৲ এক শত টাকা মূল্যের গ্রন্থ পরিষৎ-পুস্তকালয়ে প্রদান করিয়াছেন। ইহাঁরা উভয়েই নিজ নাম প্রকাশ না করিবার জন্য বিশেষ অনুরোধ করিয়াছেন। এইরূপ নিঃস্বার্থ নীরব দানের জন্য আমরা পরিষদের এই দুই জন সদস্যের নিকট বিশেষ কৃতজ্ঞ।

পত্রিকা

আমাদের সুযোগ্য সভাপতি শ্রীযুক্ত কবিগুণাকর নবীনচন্দ্র দাস মহোদয় নিজ ব্যয়ে যথেষ্ট ক্ষতিগ্রস্ত হইয়া "প্রভাত" নামক ত্রৈমাসিক পত্রিকা প্রকাশ করিয়া আসিতেছেন। এ জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ ও শ্রীযুক্ত মৌলবী আবদুল করিম "চট্টলচিত্র" নামে একখানি মাসিক পত্রিকা প্রচারের সংকল্প করিয়াছিলেন, কিন্তু তাহা আর প্রকাশিত হয় নাই। দুঃখের বিষয়, আলোচ্য বর্ষে চট্টগ্রামের সাপ্তাহিক পত্রিকা "হিতবার্ত্তা" বন্ধ হইয়া গিয়াছে।

পরিষৎ মন্দির

আমাদের পরিষদের একটি স্থায়ী মন্দির হওয়া একান্ত বাঞ্ছনীয়। গত তিন বৎসর ধরিয়া আমরা বিনা ভাড়ায় স্থানীয় পাব্লিক লাইব্রেরী-গৃহে অবস্থান করিতেছি। সম্প্রতি লাইব্রেরীর সদস্যগণের নির্দ্দেশ অনুসারে মাসিক ১৷৹ দেড় টাকা ভাড়া দিতে স্বীকার করিয়াছি। পাব্লিক লাইব্রেরীর সদস্যগণ আমাদের পরিষৎকে স্থান প্রদান করিয়া যথেষ্ট সহৃদয়তার পরিচয় দিয়াছেন। এ বিষয়ে আমরা লাইব্রেরীর সম্পাদক শ্রীযুক্ত বিপিনচন্দ্র গুহ মহাশয়ের নিকট বিশেষ কৃতজ্ঞ।

ছাত্র-পরিষৎ

ছাত্রসভ্য-পরিদর্শক শ্রীযুক্ত বিপিনচন্দ্র চৌধুরী মহাশয়ের তত্ত্বাবধানে ছাত্র-পরিষৎ যথারীতি পরিচালিত হইতেছে। আলোচ্য বর্ষে নয়টি সভার অধিবেশন হইয়া গিয়াছে। ছাত্র-পরিষদের সম্পাদক শ্রীযুক্ত কালীশঙ্কর সেনগুপ্ত এবং কয়েক জন উৎসাহী ছাত্রসভ্যের চেষ্টায় নিম্নলিখিত কয়েকখানি প্রাচীন পুথি সংগৃহীত হইয়াছে;—প্রায় ১০০ বৎসর পূর্ব্বে রচিত "প্রহেলিকা", "ষট্কবির পুথি", "মঙ্গলচণ্ডীর পাচালী," দুই খানি "লক্ষ্মীচরিত্র", "সুবচনীর ব্রত-পাঁচালী", "কোজাগরী পৌর্ণমাসী ব্রত পাঁচলী", "জাগরণ পুথি," "মনসার ভাসান গান"।

স্থানীয় অন্যান্য সাহিত্য-সমিতি

চট্টগ্রাম বন্দরের জেঠী আফিসের কয়েক জন উৎসাহী কর্ম্মচারী "চট্টগ্রাম জেঠী সাহিত্য-সমিতি" নামে একটি সাহিত্য-সভার প্রতিষ্ঠা করিয়া গত দুই বৎসর যাবৎ বঙ্গ-সাহিত্যের অনুশীলন করিতেছেন। শ্রীযুক্ত ক্ষীরোদচন্দ্র পাল এই সমিতির সম্পাদক। জেঠী সাহিত্য-সমিতির সদস্যবর্গকে এই অনুষ্ঠানের জন্য আমাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

কয়েক জন উৎসাহী স্কুল-কলেজের ছাত্রদ্বারা "কোর্ব্বানীগঞ্জ খাতুনগঞ্জ" ছাত্রসমিতি নামে একটি ছাত্রসমিতি পরিচালিত হইতেছে। শ্রীযুক্ত পণ্ডিত জয়ন্তকুমার পাল এই সমিতির অভিভাবক এবং আমাদের পরিষদের সম্পাদককে এই সমিতির স্থায়ী সভাপতি করা হইয়াছে। এই সমিতির প্রতি পাক্ষিক অধিবেশনে আমাদের ছাত্র-পরিষদের ন্যায় প্রবন্ধাদি পাঠ এবং সাহিত্যবিষয়ক সমালোচনা হইয়া থাকে।

গত ৪ঠা শ্রাবণ সোম বার সন্ধ্যা ৬ ঘটিকার সময় চট্টগ্রাম সাহিত্য-পরিষদের তৃতীয় বার্ষিক উৎসব-সভার অধিবেশন হইয়াছিল। শ্রীযুক্ত রাজেশ্বর গুপ্ত মহাশয় সভাপতি হইয়াছিলেন। গান, প্রবন্ধ, বক্তৃতা, আবৃত্তি প্রভৃতি নানাবিধ অনুষ্ঠানে সকলের চিত্ত বিনোদন করা হয়।

আগামী বর্ষের কার্য্যনির্ব্বাহক-সমিতি

গত ১০ই শ্রাবণ রবি বার সন্ধ্যা ৬ ঘটিকার সময় পরিষদের এক সাধারণ অধিবেশন হয়। শ্রীযুক্ত রায় নবীনচন্দ্র দত্ত বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন। গত বৎসরের কর্ম্মপরিচালকগণ অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলে আগামী বৎসরের জন্য নিম্নলিখিত সদস্যগণ কর্ম্মপরিচালক নিযুক্ত হইলেন;—

শ্রীযুক্ত কবিগুণাকর নবীনচন্দ্র দাস, এম্ এ, বি এল্— সভাপতি।

শ্রীযুক্ত রায় নবীনচন্দ্র দত্ত বাহাদুর „ যাত্রামোহন সেন বি এল্	সহকারী সভাপতি।
„ ত্রিপুরাচরণ চৌধুরী	সম্পাদক।
„ বিপিনচন্দ্র চৌধুরী বিএ „ মৌলবি আবদুল করিম „ জীবেন্দ্রকুমার দত্ত „ মোক্ষদারঞ্জন কাননগো এম্ এ, বি এল্ „ দীনেশচন্দ্র রায়	সহকারী সম্পাদক।
„ মহিমারঞ্জন বড়ুয়া এম্ এ	ছাত্রসভ্য-পরিদর্শক।

উপরোক্ত কর্ম্মাপরিচালকগণ এবং নিম্নলিখিত সদস্যগণ দ্বারা পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হয়।

শ্রীযুক্ত বিপিনচন্দ্র গুহ
„ সুখেন্দুবিকাশ রায়
„ সুরেন্দ্রনাথ দাসগুপ্ত এম্ এ
„ হরিশ্চন্দ্র দত্ত
„ বিনয়কুমার সেন এম্ এ

শ্রীযুক্ত কালীশঙ্কর চক্রবর্ত্তী
„ অম্বিকাচরণ দত্ত (এসিঃ সার্জ্জন)
„ আত্মনাথ রায় বি এ
„ শরচ্চন্দ্র কাব্যতীর্থ
„ মোঃ মাহাং কাজিম আলি।

শ্রীত্রিপুরাচরণ চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

গৌহাটী-শাখা

গৌহাটী শাখা-পরিষদের পঞ্চম বর্ষ শেষ হইল। বিগত সাম্বৎসরিক অধিবেশনে শ্রীযুক্ত প্রসন্নচন্দ্র দাস গুপ্ত বি এ মহাশয় পুনরায় সভাপতি মনোনীত হন এবং অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় সম্পাদকের কার্য্য ত্যাগ করায় তাঁহার স্থানে অধ্যাপক শ্রীযুক্ত ভুবনমোহন সেন এম্ এ মহাশয় সম্পাদক মনোনীত হন। শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মহিন্তা ও শ্রীযুক্ত নিশিকান্ত বিশ্বাস মহাশয়গণ পুনরায় সহকারী সম্পাদকরূপে মনোনীত হন।

আলোচ্য বর্ষে মোট ১০টি অধিবেশন হয়। তন্মধ্যে ৯টি সাধারণ ও একটি বিশেষ।

মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধের তালিকা

মাস	বিষয়	লেখক
শ্রাবণ	১। দানতত্ত্ব	অধ্যাপক শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্ এ
	২। ইথার	অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ

মাস	বিষয় — লেখক
ভাদ্র	১। তিব্বতে বিবাহ ও বিবাহিত জীবন—শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মহিন্তা
	২। বাঙ্গালা ভাষার গতি ও পরিণতি—শ্রীযুক্ত নিশিকান্ত বিশ্বাস
আশ্বিন	১। নামঘোষা ও কথা-ঘোষা (দুইখানি অসমীয়া গ্রন্থের পরিচয়)—শ্রীযুক্ত গোপালকৃষ্ণ দে
	২। বিলাতে উপনিবেশ শাসনপ্রণালী—অধ্যাপক শ্রীযুক্ত ভুবনমোহন সেন এম্ এ
	৩। বাখরগঞ্জের শব্দ-সংগ্রহ—অধ্যাপক শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্ এ
কার্ত্তিক	১। তরণীরমণের পদাবলী নামক প্রাচীন পুথির পরিচয়—অধ্যাপক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য এম্ এ
	২। কামরূপ হইতে কাশ্মীর—অধ্যাপক শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্ এ
	৩। সার্ব্বভৌম পর্য্যবেক্ষণ-যন্ত্র—অধ্যাপক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য এম্ এ (The Universal Observer)
অগ্রহায়ণ	১। মানবদেহে রক্তসঞ্চালন-প্রণালী—অধ্যাপক শ্রীযুক্ত শরচ্চন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এস সি
	২। ঘূর্ণন-গতি—অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ
	৩। রবীন্দ্র-প্রসঙ্গ—অধ্যাপক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় এম্ এ
পৌষ	১। চাষী (কবিতা)—শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মহিন্তা
	২। জাগ্রৎনিদ্রা—শ্রীযুক্ত সারদাচরণ গঙ্গোপাধ্যায় বি এ
	৩। শ্রীনগরে এক বৎসর—অধ্যাপক শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্ এ
মাঘ	১। বঙ্গ-ভাষা, সাহিত্য ও চিত্রশিল্প—শ্রীযুক্ত সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
	২। দার্শনিক আলোচনা—শ্রীযুক্ত কপিলেশ্বর ভট্টাচার্য্য বি ই
	৩। সংস্কৃত নাটকের উৎপত্তি ও পরিণতি—শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায় এম্ এ
ফাল্গুন	১। শ্রমজীবি-সম্প্রদায়ের ভবিষ্যৎ—অধ্যাপক শ্রীযুক্ত বিজয়চন্দ্র সেনগুপ্ত এম্ এ
	২। ছন্দঃকুসুম—অধ্যাপক শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ
চৈত্র	১। ব্যক্তি ও সমাজ—অধ্যাপক শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত এম্ এ
	২। জর্ম্মাণ-সাম্রাজ্যের উত্থান—শ্রীযুক্ত মনোমোহন নন্দী বি এ
	৩। উপনিষদের প্রতিধ্বনি—শ্রীযুক্ত প্রমদাচরণ বন্দ্যোপাধ্যায় এম্ এ

এতদ্ব্যতীত শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নোবেল পুরস্কার-প্রাপ্তি উপলক্ষে একটি বিশেষ অধিবেশন হইয়াছিল।

উল্লিখিত প্রবন্ধ কয়েকটির মধ্যে সভার চতুর্থ অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য এম্ এ মহাশয় কর্ত্তৃক পঠিত "সার্ব্বভৌম পর্য্যবেক্ষণ-যন্ত্র" শীর্ষক প্রবন্ধটির কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই যন্ত্রটি তারকেশ্বর বাবুর উদ্ভাবিত। ইহার ইংরাজী নাম

"The Universal Observer"। এই একটি যন্ত্র দ্বারা মান-মন্দিরে ব্যবহৃত যাম্যোত্তর-ভিত্তি-যন্ত্র (transit circle), দিগংশ যন্ত্র (alt-azimuth), নাড়ীবলয় যন্ত্র (Equatorial) প্রভৃতির কার্য্য অনায়াসে সাধিত হইবে। ইহা আমাদের নিতান্ত গৌরবের বিষয় যে, আমাদেরই সভায় প্রথম প্রদর্শিত এবং এই সভার একজন সভ্যকর্ত্তৃক উদ্ভাবিত একটি যন্ত্র দ্বারা জ্যোতিষ শাস্ত্র শিখিবার পথ এত সুগম হইবে। এই যন্ত্রটি ও তাহার বিবরণ বিগত কলিকাতার সাহিত্য-সম্মিলনে প্রদর্শিত ও পঠিত হইয়াছিল।

এ বৎসর পরিষৎ-শাখার অধিবেশনগুলিতে লোকসংখ্যা সন্তোষজনক হইয়াছিল। বিগত বৎসর তহবিলে ৪৫৲ ছিল, তন্মধ্যে ১২৲ খরচ হইয়াছে। আমাদের সভ্যগণ কর্ত্তৃক রচিত বহুতর প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় ও অন্যান্য বিখ্যাত মাসিক পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

শ্রীভুবনমোহন সেন

সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বরিশাল-শাখা

পরিষৎ-শাখার তিন বৎসর অতীত হইয়া গেল। এই শৈশবেই ইহার পুষ্টির জন্য যতটা স্নেহ ও যত্ন দেশের লোকের কাছে পাওয়া উচিত ছিল, তাহা উপযুক্ত পরিমাণে ইহা পায় নাই। ইহা একান্ত সত্য কথা হইলেও বলিতে হইতেছে যে, জন্মাবধি বহুবিধ প্রতিকূল অবস্থার সহিত সর্ব্বদা যুঝিয়া, বিবিধ ও বিচিত্র বাধাবিঘ্ন সত্ত্বেও আজ যে এই পরিষৎ-শাখাটি কতকটা কর্ম্মক্ষম হইয়া উঠিতে পারিয়াছে, ইহাই আমাদের পক্ষে পরম আশা ও আনন্দের কারণ, সন্দেহ নাই।

শাখা-পরিষদের অভীপ্সিত উদ্দেশ্য সম্পাদনে আমরা কত দূর কৃতকার্য্য হইয়াছি, তাহা চিন্তা করিলে ইহার কোন কোন হিতাকাঙ্ক্ষী সদস্যকে সময়ে সময়ে হতাশার দীর্ঘশ্বাস ফেলিতে বাধ্য হইতে হয়; কিন্তু শাখা-পরিষৎ যে দৃঢ়তার সহিত কার্য্যক্ষেত্রে অগ্রসর হইয়াছে, একটু বিবেচনা করিয়া দেখিলে সেই দৃঢ়তা এবং ইহার কর্ম্মচারিবর্গের অনুরাগ বজায় রাখিয়া যাইতে পারিলে, ইহার উন্নতি যে অবশ্যম্ভাবী, তাহাও তাঁহাদের প্রতীত হইয়া আনন্দ প্রদান করিবে, সন্দেহ নাই।

এবার বসন্ত-ঋতুর সমাগমে বরিশাল সহরে দুরন্ত বসন্ত রোগের দারুণ প্রাদুর্ভাব হওয়ায় সহর হইতে প্রায় অধিকাংশ অধিবাসীই স্থানান্তরিত হইয়াছিলেন; দুই মাস কাল বরিশাল এই ভাবে প্রায় জনশূন্য হইয়া গিয়াছিল। এরূপ ভীষণ আতঙ্ক ও মারীভয় বরিশালে আর কেহ কখনও অনুভব করিয়াছেন কি না, সন্দেহ। প্রধানতঃ এই অনিবার্য্য দৈব কারণেই এ

বৎসর শাখা-পরিষদে মাত্র দশটি মাসিক অধিবেশন হইয়াছিল। মাসিক অধিবেশন-সমূহের একটা সংক্ষিপ্ত পরিচয় নিম্নে বিবৃত করা গেল।—

৩য় বর্ষের অধিবেশনের তালিকা

অধিবেশন	তারিখ	প্রবন্ধ	লেখক	মন্তব্য
প্রথম	২৮শে ভাদ্র	স্মৃতি	শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাশ গুপ্ত এম্ এ, বি এল্	
দ্বিতীয়	১১ই আশ্বিন	গীতার কর্ম্মযোগ ও আধুনিক বিজ্ঞান	শ্রীযুক্ত রসিকলাল সেন বি এল্	
তৃতীয়	২৯শে কার্ত্তিক	অবাধ বাণিজ্য-নীতির মূলসূত্র	শ্রীযুক্ত পরেশনাথ সেন বি এ	রবীন্দ্রনাথের অভিনন্দন। ৺শশিমোহন বসাক মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ।
চতুর্থ	২৬শে পৌষ	সৌন্দর্য্যের স্বরূপ	শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাশ গুপ্ত এম্ এ, বি এল্	গৃহ নির্ম্মাণ সম্বন্ধে সম্পাদকের আবেদন।
পঞ্চম	৪ঠা মাঘ	(ক) সাহিত্যের স্বরূপ (খ) নীলপূজার ছড়া ও পদ্ধতি	(ক) শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী (খ) শ্রীযুক্ত অনাথবন্ধু সেন গুপ্ত	
ষষ্ঠ	২৫শে মাঘ	কর্ম্মযোগ আদর্শ	শ্রীযুক্ত অশ্বিনীকুমার দত্ত এম্ এ, বি এল্	গৃহ-নির্ম্মাণ তহবিলে দান বিজ্ঞাপন। চাঁদসীর শ্রীযুক্ত কেশবচন্দ্র দাশ মহাশয় কর্ত্তৃক সংগৃহীত ও উপহৃত কতিপয় পুথি-পত্র ও দুইটি প্রাচীন রৌপ্য-মুদ্রা প্রদান।
সপ্তম	১৫ই ফাল্গুন	(ক) ম্যাজিক (খ) সূতালড়ি	(ক) শ্রীযুক্ত দীনবন্ধু সাহা বি এল্ (খ) মৌলভি সৈয়দ আব্দুল লতিফ বি এল্	
অষ্টম	৩১শে জ্যৈষ্ঠ	স্বর্গ ও নরক	শ্রীযুক্ত হেমচন্দ্র মুখোপাধ্যায়	

অধিবেশন	তারিখ	প্রবন্ধ	লেখক
নবম	১৩ই আষাঢ়	আমি ও মুই	শ্রীযুক্ত পরেশনাথ সেন বি এ
দশম	২১শে আষাঢ়	কর্ম্মযোগ আদর্শ	শ্রীযুক্ত অশ্বিনীকুমার দত্ত এম্ এ, বি এল্

গৃহ-নির্ম্মাণ

স্থানীয় পরিষৎ-শাখার পরিচালকবর্গ ইহার জন্য একটি স্থায়ী বাস-ভবন নির্ম্মাণ করিতে অভিলাষী হইয়াছেন। গত বৎসরেই এ বাসনা পরিষদের হিতার্থিগণের অন্তরে উদ্ভূত হইয়াছিল; কিন্তু নানা কারণে কার্য্যতঃ সে ইচ্ছা বিশেষ পরিণতি লাভ করিতে পারে নাই। গত বৎসর কাসিমবাজারের দানবীর মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর এই সমীচীন বাসনার সমাচারটি কোন অজ্ঞাত সূত্রে অবগত হইয়া, আমাদের উৎসাহ বর্দ্ধনের নিমিত্ত স্বতঃ-প্রবৃত্ত হইয়াই গৃহ-নির্ম্মাণকল্পে দুই শত টাকা সাহায্য প্রেরণ করেন। তৎপরে গত ২৬শে পৌষ শাখা-পরিষদের চতুর্থ মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক উপস্থাপিত হইলে এই মর্ম্মের একটি প্রস্তাব সমাগত সভ্যগণ কর্ত্তৃক সাগ্রহে ও সোৎসাহে পরিগৃহীত হয়। এই সভাস্থলে বরিশালের জজ মিষ্টার পি, ই, ক্যামিয়েড্, সহকারী জজ মিষ্টার এস্, কে, ঘোষ এবং ম্যাজিষ্ট্রেট্ ও কালেক্টর মিষ্টার এফ্ ডাবল্যু ষ্ট্রং মহাশয়েরা উপস্থিত ছিলেন। গৃহনির্ম্মাণ-ভাণ্ডারে অর্থ-সংগ্রহের জন্য অদ্যাপি তেমন বিশেষ কোনই চেষ্টা হয় নাই। তথাপি বিনা প্রয়াসেই এ জন্য যে সকল সহৃদয় ব্যক্তি অর্থ-সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন, তাঁহাদের নাম ও প্রতিশ্রুত সাহায্যের পরিমাণ সসম্মানে নিম্নে প্রকাশিত হইল।

শ্রীযুক্ত বিনোদকুমার রায় চৌধুরী (কীর্ত্তিপাশা)	৫০০৲
„ হিরণকুমার রায় চৌধুরী (বাসণ্ডা)	৫০০৲
„ নিবারণচন্দ্র দাসগুপ্ত এম্ এ, বি এল্ (প্রাথমিক)	২০০৲
„ অবিনাশচন্দ্র গুহ চৌধুরী এম এ, বি এল্ (রামচন্দ্রপুর)	২০০৲
„ ক্ষেত্রমোহন সাহা চৌধুরী (প্রাথমিক)	১৫০৲
„ গণেশচন্দ্র দাশগুপ্ত এম্ এ, বি এল্ (প্রাথমিক)	১০০৲
„ বিপিনবিহারী দাশগুপ্ত (চন্দ্রহার)	১২৫৲
„ অশ্বিনীকুমার দত্ত (প্রাথমিক)	১০০৲
„ শ্যামাচরণ দত্ত বি এল্ (কুশঙ্গল)	১০০৲
শ্রীযুক্তা আনন্দময়ী সেনগুপ্তা	৫০৲
শ্রীযুক্ত নীরদরঞ্জন গুহ বি এল্ (মুন্সেফ)	২০৲
„ কুমুদকান্ত বসু বি এল্ (মুন্সেফ)	২০৲
জনৈক শুভার্থী	৫০৲
মহারাজা শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর	২০০৲
	২৩১৫৲

সাহায্য দান

স্থানীয় শাখা-পরিষদের কর্ম্মক্ষেত্রের প্রসারতা সম্পাদনের জন্য ইহার সভ্যগণের দেয় চাঁদার হার মাত্র তিন টাকা নির্দ্ধারিত হইয়াছে। কিন্তু যে সকল বিদ্যোৎসাহী, সহৃদয় সদস্যগণ এই সদনুষ্ঠানের পরিপোষণ ও সঞ্জীবনের মহদুদ্দেশ্য-প্রণোদিত হইয়া এই নির্দ্দিষ্ট বার্ষিক তিন টাকা চাঁদার স্থলে স্বেচ্ছায় দ্বাদশ ও ততোধিক অর্থপ্রদানে সাগ্রহে প্রতিশ্রুত হইয়াছেন, নিম্নে তাঁহাদের নাম প্রকাশিত হইল।

১।	নবাবজাদা সৈয়দ মহম্মদ হোসেন (সায়েস্তাবাদ)	৫০৲
২।	মাননীয় হাজী চৌধুরী মহম্মদ ইস্‌মাইল খাঁ (চরামদ্দী)	৫০৲
৩।	শ্রীযুক্ত বিনোদকুমার রায় চৌধুরী (কীর্ত্তিপাশা)	২৪৲
৪।	„ হিরণকুমার রায় চৌধুরী (বাসণ্ডা)	২৪৲
৫।	„ নলিনীভূষণ গুপ্ত সি আই ই (বারিষ্টার)	১২৲
৬।	„ অবিনাশচন্দ্র গুহ চৌধুরী এম্ এ, বি এল্	১২৲
৭।	„ কিরণকুমার রায় চৌধুরী (বাসণ্ডা)	১২৲
৮।	„ ক্ষেত্রমোহন সাহা চৌধুরী	১২৲
৯।	„ সারদাচরণ চক্রবর্ত্তী (রহমতপুর)	১২৲
১০।	„ শরৎকুমার ঘোষ আই সি এস্	১২৲
১১।	„ পরেশচরণ চট্টোপাধ্যায় বি ই	১২৲
১২।	মিষ্টার টি, সি, ট্যুতি	১২৲
১৩।	শ্রীযুক্ত অবনীমোহন বন্দ্যোপাধ্যায় বি এ	১২৲
১৪।	„ ক্ষীরোদবিহারী সেন	১২৲
১৫।	„ নলিনীমোহন রায় চৌধুরী	১২৲
১৬।	„ গিরিজাপ্রসন্ন রায় চৌধুরী	১২৲
১৭।	„ মনোরঞ্জন গুহ ঠাকুরতা	১২৲
১৮।	„ দেবকুমার রায় চৌধুরী	৩০০৲

সংগ্রহ

চাঁদসীর ডাক্তার শ্রীযুক্ত কেশবচন্দ্র দাস মহাশয়ের সাহায্যে শতাধিক বর্ষ পূর্ব্বের কতকগুলি দলিল ও অতি প্রাচীন কতিপয় পুঁথি-পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। কেশব বাবুর নিকট এ জন্য শাখা-পরিষৎ কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

সুবর্ণ-পদক

গত বৎসরে এই শাখা-পরিষৎ হইতে "পূর্ব্ববঙ্গে নারীজীবন" সম্পর্কে একটি প্রবন্ধের জন্য শাখা-পরিষৎ হইতে একটি সুবর্ণ-পদক পুরস্কার দেওয়া হইবে, এ'সংবাদ ঘোষণা করা হয়; কিন্তু পুরস্কার-যোগ্য প্রবন্ধ হস্তগত না হওয়ায় অদ্যাপি এই পুরস্কার প্রদত্ত হইতে

পারে নাই। এ জন্য আরও এক বৎসর সময় দেওয়া যাইতেছে। আমরা আশা করি, এই সুদীর্ঘ কাল মধ্যে উপযুক্ত প্রবন্ধ আমাদের হস্তগত হইবে।

গ্রন্থ-প্রকাশ

এই শাখা-পরিষদের দ্বিতীয় বার্ষিক অধিবেশনসমূহে পঠিত কতিপয় প্রবন্ধ "সেবা" নামক পুস্তকের ২য় খণ্ডে প্রকাশিত হইতেছে। এই গ্রন্থ প্রতি সভ্যই বিনামূল্যে এক এক খণ্ড প্রাপ্ত হইবেন।

অবস্থা

পরিষৎ-শাখার আভ্যন্তরীণ অবস্থা আশাপ্রদ বলিয়াই মনে হইতেছে। মারীভয় ও অপরাপর কারণে এবার উপযুক্তরূপ চেষ্টা করা সম্ভব হয় নাই, তথাপি শাখা-পরিষদের ভাণ্ডারে অর্থাগম নিতান্ত অল্প হয় নাই। এবারেও ইহার সভ্য-সংখ্যা বর্দ্ধিত হইয়াছে। গত বৎসরে ১১৬৸৶০ আনামত জমা বাদে চাঁদা বাবদে ইহার তহবিলে ৭০৯৲ আয় হইয়াছিল। এবার তৎস্থলে কেবল চাঁদাই ৬৭৭৷০ টাকা জমা হইয়াছে। এইরূপে সাধারণ তহবিলে আলোচ্য বৎসরে মোট আয় ৮১৩৲ টাকা হয়, তন্মধ্যে মোট ব্যয় ৪৫২৸/০ বাদে ৩৬০৷৶ টাকা উদ্‌বৃত্ত আছে। গৃহ-নির্ম্মাণ তহবিলে মোট ৩১০৲ টাকা জমিয়াছে।

শ্রীদেবকুমার রায় চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বর্দ্ধমান-শাখা

বৈশাখ মাসে ঝঞ্ঝাবাতের মধ্যে প্রথমে "বর্দ্ধমান বঙ্গসাহিত্য-সভা" প্রতিষ্ঠিত হয়। ১৪ই আষাঢ় মূল-পরিষদের অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের পরামর্শে ইহাকে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখারূপে পরিবর্ত্তিত করিবার প্রস্তাব গৃহীত হয় এবং মাননীয় বর্দ্ধমানাধিপতি মহারাজাধিরাজ বাহাদুর ইহার পৃষ্ঠপোষকের পদ গ্রহণ করিতে স্বীকৃত হন। এ পর্য্যন্ত ইহার কার্য্যালয় স্থিরীকৃত হয় নাই। বংশগোপাল টাউনহলে পরিষদের মাসিক অধিবেশন হইয়া থাকে।

২৩শে শ্রাবণ তারিখের বন্যায় অধিকাংশ স্থান ভাঙ্গিয়া যাওয়ায় শ্রাবণ ও ভাদ্র মাসে কোন সাধারণ অধিবেশন হয় নাই। শ্রাবণের প্রারম্ভে ইহার সংশ্রবে একটি ছাত্রসভা প্রতিষ্ঠিত হয়; কিন্তু নানা কারণে ইহার দুইটির অধিক অধিবেশন হয় নাই।

বর্ষশেষে সভ্যসংখ্যা ৭৭। ইহার মধ্যে মফস্বলে মাত্র ৩ জন। মফস্বলে সভ্যসংখ্যা বৃদ্ধি করিবার জন্য কোন চেষ্টা করিতে পারা যায় নাই। আর করিলেও কালনায় পরিষৎ-শাখা থাকিতে সে চেষ্টা ফলবতী হইবে কি না, সন্দেহস্থল। বর্ষশেষে আয় ২০৲, আর ব্যয়

২৪৮/১০। আয়ের ন্যূনতার কারণ—সভ্যগণের নিকট চাঁদা আদায় করিবার জন্য কোন সুব্যবস্থা করিতে পারা যায় নাই।

১৩২০ সালের ১ম সভাপতি ৺ তারাপ্রসন্ন মুখোপাধ্যায় বি এল্
২য় সভাপতি শ্রীযুক্ত দেবেন্দ্রবিজয় বসু এম্ এ, বি এল্
সহকারী সভাপতি রায় শ্রীযুক্ত নলিনাক্ষ বসু বাহাদুর
ঐ ঐ „ দেবেন্দ্রনাথ মিত্র
১ম সম্পাদক শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ
২য় সম্পাদক „ দেবেন্দ্রনাথ সরকার
সহঃ ঐ „ রাখালরাজ রায় বি এ
„ হেমেন্দ্রমোহন বসু বি এ
„ আবুল হোসেন
ছাত্রাধ্যক্ষ শ্রীযুক্ত গিরীন্দ্রকুমার চট্টোপাধ্যায় এম্ এ, বি এল্
কোষাধ্যক্ষ শ্রীযুক্ত সন্তোষকুমার বসু

অধিবেশন	মাস	প্রবন্ধ বা বিষয়	লেখক বা সংগ্রাহক
১ম	২৮শে বৈশাখ	উদ্বোধন	শ্রীহেমন্তকুমার সরকার
২য়	১৪ই আষাঢ়	বঙ্গ-সাহিত্য-সভাকে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখারূপে পরিবর্ত্তন	
বিশেষ	১৫ই আষাঢ়	৺দ্বিজেন্দ্রলাল রায়	শ্রীক্ষীরোদবিহারী চট্টোপাধ্যায় এম্ এ, বি এ
৩য়	৫ই আশ্বিন	একটি বিষ্ণুমূর্ত্তি প্রদর্শন	সংগ্রাহক, শ্রীশিবদাস তেওয়ারী পরিচয়প্রদাতা— শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ
(বন্যার জন্য স্থগিত)		বিবিধ মুদ্রা প্রদর্শন	সংগ্রাহক ডাক্তার শ্রীযুক্ত সুরেন্দ্রকুমার সেন
		ভারতীয় দার্শনিক সমাজ	মহামহোপাধ্যায় পণ্ডিত ৺বিশ্বেশ্বর তর্করত্ন
৪র্থ	১৪ই অগ্রহায়ণ	কবিবর রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার প্রাপ্তি উপলক্ষে আনন্দ-প্রকাশ।	
		দুই জন পুস্তকোপহারদাতৃকে কৃতজ্ঞতা জ্ঞাপন।	
		কামার কিতাগড়।	হাজরা
		হেমচন্দ্র ও মাইকেল	শ্রীসত্যকিঙ্কর সাহানা বি এ

অধিবেশন	মাস	প্রবন্ধ বা বিষয়	লেখক বা সংগ্রাহক
৫ম অধিবেশন	১০ই মাঘ	১ম সভাপতি ৺তারাপ্রসন্ন মুখোপাধ্যায় বি এল্ মহাশয়ের পরলোকগমনে শোক প্রকাশ।	
		মহাভারতে অনুশীলন-তত্ত্ব (স্থগিত)—	শ্রীসত্যকিঙ্কর সাহানা বি এ
৬ষ্ঠ অধিবেশন	২৪শে ফাল্গুন	মহামহোপাধ্যায় পণ্ডিত ৺বিশ্বেশ্বর তর্করত্ন মহাশয়ের পরলোকগমনে শোকপ্রকাশ।	
		রামরসায়নের কবি ৺রঘুনন্দন গোস্বামীর জীবনী—	শ্রীজানকীবল্লভ গোস্বামী
		মহাভারতে অনুশীলনতত্ত্ব—	শ্রীসত্যকিঙ্কর সাহানা বি এ
৭ম অধিবেশন	১৫ই চৈত্র	খাজা আনোয়ারের সমাধি—	শ্রীরাখালরাজ রায় বি এ
		কবিকঙ্কণ চণ্ডী—	শ্রীকমলকৃষ্ণ বসু এম্ এ, বি এল্

শ্রীরাখালরাজ রায়
শ্রীদেবেন্দ্রনাথ সরকার
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

কাল্না-শাখা

প্রতিষ্ঠা

বর্দ্ধমান জেলার প্রাচীন গৌরবকেন্দ্র কাল্না নগরে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একটি শাখা প্রতিষ্ঠার জন্য শ্রীমান্ গোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায় বহু দিন হইতে চেষ্টা করিতেছিলেন। জেলার সাপ্তাহিক মুখপত্র "পল্লীবাসী"র স্তম্ভেও এ বিষয়ে আলোচনা হয়। শেষে ১৩১৮ সালে চুঁচুড়া নগরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের পঞ্চম অধিবেশনক্ষেত্রে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম প্রাণস্বরূপ সহকারী সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের সহিত সাক্ষাতের পর দ্বিগুণ উৎসাহে শাখা-প্রতিষ্ঠার চেষ্টা চলিতে থাকে। ফলে ১৩২০ সালের ১০ই বৈশাখ সাহিত্যানুরাগী কতিপয় যুবককে লইয়া বৈষ্ণব-সাহিত্যের কেন্দ্রস্বরূপ কাল্না নগরে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে সর্ব্বতোভাবে আদর্শ করিয়া একটি "সাহিত্য-সমিতি" গঠিত

হয়। উক্ত সমিতি অনতিবিলম্বে মূল-পরিষদের শাখা বলিয়া পরিগণিত হইবার অভিপ্রায় প্রকাশ করিলে, শ্রাবণের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—কাল্‌না-শাখা" বলিয়া স্বীকার করেন এবং পরবর্ত্তী মাসিক সাধারণ-অধিবেশনেও কাল্‌না-শাখা প্রতিষ্ঠার কথা ঘোষণা করেন।

সভ্যসংখ্যা

আলোচ্য বর্ষে ১১৭ জন সাহিত্যানুরাগী ব্যক্তি সভ্য নির্ব্বাচিত হইয়াছিলেন। তন্মধ্যে ৪ জন সভ্যপদ পরিত্যাগ করায়, বর্ষশেষে সভ্যসংখ্যা ১১৩ জন দাঁড়াইয়াছে।

সাধারণ সদস্য	১০৩
অধ্যাপক সদস্য	৫
সহায়ক সদস্য	৫
	১১৩

অধিবেশন

আলোচ্য বর্ষে শাখা-পরিষদের ১২টি মাসিক ও ৩টি বিশেষ অধিবেশন হইয়াছিল। শাখা-পরিষদের অধিবেশনের জন্য কোন দিনই স্থানাভাব ঘটে নাই। স্থানীয় সুসজ্জিত ভিক্টোরিয়া টাউনহল শাখা-পরিষদের অধিবেশনের জন্য যখনই প্রয়োজন হইয়াছে, তখনই পাওয়া গিয়াছে; তদ্ব্যতীত "পল্লীবাসি"-কার্য্যালয়, শ্রীশ্রীমহাপ্রভুবাটী, দেবেন্দ্র চতুষ্পাঠী, ব্রাহ্মসমাজ-মন্দির এবং রিক্রিয়েসন ক্লাব প্রভৃতি স্থানেও শাখা-পরিষদের কয়েকটি অধিবেশন হইয়াছিল। ঐ সকল স্থানে অধিবেশনের অনুমতি দিয়া কর্ত্তৃপক্ষগণ শাখা-পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির তালিকা

অধিবেশন	পঠিত প্রবন্ধাদি	লেখক
১ম—৩০শে বৈশাখ	বঙ্গভাষাবিষয়ক প্রস্তাব—	শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ।
২য়—২২শে আষাঢ়	আয়ুর্ব্বেদের অবনতি—	শ্রীবীরেন্দ্রকুমার কবিরত্ন কবিরাজ।
৩য়—১৫ই ভাদ্র	মহাপুরুষের আবির্ভাব (১)—	শ্রীবিভূতিভূষণ দত্ত।
	শূরনগর সন্ধানের প্রস্তাব—	শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ।
৪র্থ—১২ই আশ্বিন	মহাপুরুষের আবির্ভাব (২)—	শ্রীবিভূতিভূষণ দত্ত।
৫ম—৩০শে কার্ত্তিক	শিক্ষার প্রকৃত অর্থ—	শ্রীবিভূতিভূষণ দত্ত।
৬ষ্ঠ—৭ই অগ্রহায়ণ	বেদান্তসার—১ম প্রস্তাব—	শ্রীআনন্দগোপাল সেন এম্ এ।
৭ম—১৩ই পৌষ	সর্পাঘাত-চিকিৎসা—	৺ সীতানাথ ঘোষ।
	বেদান্তসার—২য় প্রস্তাব—	শ্রীআনন্দগোপাল সেন এম্ এ।
৮ম—১৮ই মাঘ	বেদান্তসার—৩য় প্রস্তাব—	শ্রীআনন্দগোপাল সেন এম্ এ।
৯ম—১৭ই ফাল্গুন	প্রাচীন ও আধুনিক সাহিত্যচর্চ্চা—	শ্রীবসন্তকুমার ওঝা।

অধিবেশন	পঠিত প্রবন্ধাদি	লেখক
১০ম—১লা চৈত্র	বাঙ্গালা স্বরবর্ণ—শ্রীউপেন্দ্রনাথ নাগ এল্ এম্ এস্।	
	রসিকতা—শ্রীবসন্তকুমার ওঝা।	
১১শ—১৫ই চৈত্র	স্ত্রীশিক্ষা—শ্রীবসন্তকুমার বসু মল্লিক এম্ এ, বি এল্।	
	শ্রীকৃষ্ণ, বুদ্ধ ও খ্রীষ্টের বর্ণশিক্ষা—শ্রীআনন্দগোপাল সেন বি এ।	
১২শ—৬ই বৈশাখ	কলিকাতায় সাহিত্য-সম্মিলন-দর্শন—শ্রীবসন্তকুমার ওঝা।	
	বর্ষশেষে নিবেদন*—শ্রীগোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায়।	

ঐ সকল প্রবন্ধ-পাঠ ব্যতীত অনেকে অনেক কবিতা, গল্প, ছড়া প্রভৃতি পাঠ করিয়াছিলেন। তদ্ব্যতীত ৯ম মাসিক অধিবেশনে বৰ্দ্ধমান-শাখার সভাপতি তারাপ্রসন্ন মুখোপাধ্যায় মহাশয়ের মৃত্যুতে ও ১১শ মাসিক অধিবেশনে মহামহোপাধ্যায় বিশ্বেশ্বর তর্করত্ন মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়।

বিশেষ অধিবেশন

অধিবেশন	আলোচ্য বিষয়
১ম বিশেষ—২০শে জ্যৈষ্ঠ	সম্রাটের জন্মতিথি উপলক্ষে আনন্দ জ্ঞাপন ও রাজভক্তি প্রদর্শন।
২য় বিশেষ—২৬শে অগ্রহায়ণ	কাল্না-মহকুমার গৌরবস্থানীয় মহামহোপাধ্যায় কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন মহাশয়ের স্মৃতিসভা।
৩য় বিশেষ—২৮শে মাঘ	শ্রীশ্রীমন্নিত্যানন্দ প্রভুর আবির্ভাব-তিথি উপলক্ষে বৈষ্ণব-সাহিত্যের বিশেষ আলোচনা-সভা।

প্রবন্ধ—শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু ও একচক্রা গ্রাম। লেখক—শ্রীআশুতোষ বসু ভক্তিরত্ন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন ;—

কর্ম্মাধ্যক্ষগণ

সভাপতি—	শ্রীযুক্ত যোগেন্দ্রলাল নন্দী বি এ
সহকারী সভাপতি	„ শশিভূষণ বন্দ্যোপাধ্যায় "পল্লীবাসি"-সম্পাদক
	„ অঘোরনাথ চট্টোপাধ্যায়, উকীল
ছাত্রাধ্যক্ষ—	„ বসন্তকুমার ওঝা
সম্পাদক—	„ উপেন্দ্রনাথ নাগ এল্, এম্, এস্

* "বর্ষশেষে নিবেদন" শীর্ষক প্রবন্ধটি বহু জ্ঞাতব্য তথ্যে পূর্ণ হওয়ায় শাখা-পরিষৎ স্বতন্ত্র পুস্তিকাকারে মুদ্রিত করিবেন।

কার্য্যাধ্যক্ষগণ

শ্রীযুক্ত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

সহকারী সম্পাদক { „ শচীন্দ্রকুমার চক্রবর্ত্তী বি এ

„ গোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায় বিদ্যাবিনোদ

নির্ব্বাচিত সদস্যগণ

শ্রীযুক্ত বিধুভূষণ চট্টোপাধ্যায় বি এল্

„ বসন্তকুমার বসু মল্লিক এম্ এ, বি এল্

„ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়

„ পূর্ণচন্দ্র দত্ত বি এল্

„ আনন্দলাল গোস্বামী

„ শিবনাথ চট্টোপাধ্যায় বি এল্

„ বিনোদবিহারী মুখোপাধ্যায় এল্, এম্, এস্

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির ৮টি মাত্র অধিবেশন হয়। অধিবেশনে সভ্যগণের উপস্থিতি-সংখ্যা গড়ে ৭৷৮ জন। প্রত্যেক অধিবেশনেই শাখা-পরিষদের উন্নতি ও অর্থাগম-বিষয়ে বিশেষ আলোচনা হয়। আমাদিগের সুযোগ্য সভাপতি শ্রীযুক্ত যোগেন্দ্রলাল নন্দী মহাশয় এ বিষয়ে বিশেষ চেষ্টা ও যত্ন করিতেছেন।

ছাত্র-সভা

মূল-পরিষদের আদর্শে একটি ছাত্র-সভা গঠিত হইয়াছে। অতি অল্প দিন পূর্ব্বে গঠিত হইলেও ইতিমধ্যেই ছাত্র-সভার চারিটি অধিবেশন হইয়া গিয়াছে। ছাত্রাধ্যক্ষ শ্রীযুক্ত বসন্তকুমার ওঝা মহাশয়ের সযত্ন তত্ত্বাবধানে ছাত্রগণ উৎসাহের সহিত কার্য্য আরম্ভ করিয়াছেন।

প্রতিনিধি

২৭শে চৈত্র হইতে দিবসত্রয় কলিকাতার টাউন হলে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের যে অধিবেশন হইয়াছিল, তাহাতে যোগদান করিবার জন্য শাখা-পরিষদের পক্ষে নিম্নলিখিত সভ্যগণ সম্মিলনে যোগদান করিয়াছিলেন ;—

১। শ্রীযুক্ত উপেন্দ্রনাথ নাগ এল্, এম্, এস্ (সম্পাদক)
২। „ বসন্তকুমার ওঝা (ছাত্রাধ্যক্ষ)
৩। „ গোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ (সহকারী সম্পাদক)
৪। „ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (সহকারী সম্পাদক)
৫। „ নীললোহিত ভট্টাচার্য্য
৬। „ জ্যোতিঃপ্রসাদ সিংহ (সহায়ক সদস্য) "প্রসূন"-সম্পাদক, কাটোয়া
৭। „ শশিভূষণ বন্দ্যোপাধ্যায় (মাত্র শেষ দিন) "পল্লীবাসি"-সম্পাদক, কালনা

উপসংহার

শাখা-পরিষদের নব-জীবনের প্রথম বর্ষ এই ভাবে কাটিয়াছে। কালনার পরম সৌভাগ্য এই যে, ইহার চতুষ্পার্শ্বেই বহু বিখ্যাত প্রাচীন নগর গ্রাম অতীত গৌরবের বহু ইতিহাস বক্ষে ধারণ করিয়া রহিয়াছে। বহু প্রাচীন কবি, অধ্যাপক, সাধক এই অঞ্চলে জন্মগ্রহণ করিয়া সাহিত্য-জগতে অতুল কীর্ত্তি রাখিয়া গিয়াছেন। এই সমস্ত স্থানীয় প্রাচীন কীর্ত্তি-কলাপ কাব্য-সাহিত্য প্রভৃতি অতীত গৌরবের নিদর্শন বিস্মৃতির অন্ধকার হইতে উদ্ধার করিয়া জগৎকে দেখাইতে পারিলেই কালনা-শাখা-পরিষৎ যথেষ্ট সার্থকতা লাভে সমর্থ হইবেন, সন্দেহ নাই এবং সেই দিকে লক্ষ্য রাখিয়াই ধীরে ধীরে কার্য্যক্ষেত্রে অগ্রসর হইতেছেন।

শ্রীউপেন্দ্রনাথ নাগ
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

দিল্লী-শাখা

নব রাজধানী প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কয়েক জন প্রবাসী সদস্যের উদ্‌যোগে দিল্লীতে একটি শাখা-পরিষৎ প্রতিষ্ঠিত হইয়াছে। ভরসা করা যায় যে, ভারতে ইতিহাস, পুরাণ ও প্রত্নতত্ত্বের কেন্দ্রভূমি দিল্লীতে এই নবপ্রতিষ্ঠিত পরিষদের জন্ম নিরর্থক হইবে না। অচিরেই এই শিশু পরিষৎ পশ্চিমপ্রবাসী বঙ্গবাসী ও সাহিত্যানুরাগীর একটি সুগঠিত কার্য্যক্ষেত্র হইয়া দাঁড়াইবে বলিয়া আশা করা যায়। ইতিমধ্যে নানা স্থান হইতে তাহার নিদর্শন পাওয়া যাইতেছে। বৃন্দাবন, মথুরা, জয়পুর, মিরাট, লাহোর প্রভৃতি স্থান হইতে স্বেচ্ছায় অনেকে সদস্য হইবার জন্য আবেদন করিয়া নির্ব্বাচিত হইতেছেন এবং নানা স্থান হইতে উৎসাহ ও সহানুভূতিসূচক পত্রাদি, পঠিতব্য প্রবন্ধ ও পুস্তকাদি প্রাপ্ত হওয়া যাইতেছে।

বিগত ১৮ই মাঘ ১৩২০ সাল, ৺শ্রীশ্রীপঞ্চমী দিবসে সর্ব্ববাদি-সম্মতিক্রমে পরিষৎ-শাখা প্রতিষ্ঠার সঙ্কল্প গৃহীত ও অনুমোদিত হয়। সমগ্র প্রবাসী বঙ্গসন্তান ও স্থানীয় গণ্য-মান্য বিদ্যোৎসাহী মহোদয়গণ এই সভায় যোগদান করিয়াছিলেন।

পরবর্ত্তী একটি সাধারণ সভায় রায় সাহেব শ্রীযুক্ত কালীচরণ দত্ত মহাশয়ের সভাপতিত্বে নিতান্ত অভাব অনুভূত হওয়ায় পরিষদের সংশ্লিষ্ট একটি গ্রন্থাগার প্রতিষ্ঠার সঙ্কল্প আলোচিত ও গৃহীত হয় এবং সভাস্থলেই পুস্তকালয়ের নিমিত্ত ১১৭৲ টাকা সাহায্য স্বাক্ষরিত হয়।

আলোচ্য বর্ষে দিল্লী-পরিষদের সদস্যসংখ্যা ২২৫। তন্মধ্যে দিল্লীর অতি পুরাতন অধিবাসী পণ্ডিত শ্রীযুক্ত বাঁকে রায় বিশিষ্ট সভ্য ও শ্রীযুক্ত অমরপ্রসাদ দত্ত কলিকাতা হইতে পরিষৎকে নানা প্রকারে সাহায্য করায় সহায়ক-সদস্য নিয়োজিত হইয়াছেন।

আলোচ্য বর্ষে নিম্নলিখিত সদস্যগণ এক বৎসরের নিমিত্ত কর্ম্মচারী নির্ব্বাচিত হইয়াছেন,—

১। সভাপতি—শ্রীযুক্ত প্রমথনাথ মুখোপাধ্যায় এম্ এ
২। সহঃ সভাপতি—ডাক্তার শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মজুমদার
৩। „ „ প্রকাশচন্দ্র সেন
৪। শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়
৫। „ রাজকুমার বন্দ্যোপাধ্যায়
৬। „ যতীন্দ্রনাথ সরকার
৭। সম্পাদক— „ ললিতমোহন চট্টোপাধ্যায়
৮। সহযোগী সম্পাদক—„ বসন্তকুমার ভট্টাচার্য্য
৯। চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়
১০। সরোজনাথ বাক্চী
১১। লালগোপাল ঘোষ
১২। কোষাধ্যক্ষ— সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
১৩। সহঃ কোষাধ্যক্ষ— ভোলানাথ দাস
১৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির সাধারণ সদস্যগণ—শ্রীযুক্ত কুমুদনাথ বসু
„ গোষ্ঠবিহারী দাস
„ নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য
„ খগেন্দ্রনাথ দত্ত

এ পর্য্যন্ত সাধারণ পাক্ষিক অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছে ;—

১। ১৮ই মাঘ ১৩২০, শ্রীশ্রী৺সরস্বতী পূজার দিন, আনুষ্ঠানিক সভায় পরিষৎ-শাখা প্রতিষ্ঠা হয়।

২। ৩রা ফাল্গুন ১৩২০, প্রথম অধিবেশনে শ্রীযুক্ত ললিতমোহন রায় "নিজামুদ্দীন ও কুক্ষব সাহেব" প্রবন্ধ এবং শ্রীযুক্ত রাজকুমার বন্দ্যোপাধ্যায় "যোগবাশিষ্ঠ-রামায়ণের একাংশ" পাঠ করেন।

৩। ১৭ই ফাল্গুন ২য় অধিবেশনে শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় "সাহিত্যে দুঃখবাদ" এবং শ্রীযুক্ত শম্ভুচন্দ্র দত্ত "চণ্ডীদাস" প্রবন্ধ পাঠ করেন।

৪। ১লা চৈত্র ৩য় অধিবেশনে শ্রীযুক্ত সরোজনাথ বাক্চী "ইন্দ্রপ্রস্থের পাষাণ-প্রাচীর" ও শ্রীযুক্ত নলিনীরঞ্জন চট্টোপাধ্যায় "কৃষ্ণকান্তের উইল" প্রবন্ধ পাঠ করেন।

৫। ১৪ই চৈত্র ৪র্থ অধিবেশনে শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র সান্ন্যাল "প্রাচীন ভারতেতিহাসের একটি অজ্ঞাত-পূর্ব্ব অধ্যায়" প্রবন্ধ পাঠ করেন।

৬। ৬ই বৈশাখ ১৩২১, ৫ম অধিবেশনে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় "দিল্লীর পথে" ও শ্রীযুক্ত সরোজনাথ বাক্চী "ইন্দ্রপ্রস্থ সম্বন্ধে নানা কথা" প্রবন্ধ পাঠ করেন।

৭। ৩রা জ্যৈষ্ঠ, ৬ষ্ঠ অধিবেশনে শ্রীযুক্ত ভোলানাথ দাস "ঈশ্বর" ও শ্রীযুক্ত যতীন্দ্রনাথ রায় এম্ এ "বাঙ্গালার কবি" প্রবন্ধ পাঠ করেন।

৮। ১৭ই জ্যৈষ্ঠ, ৭ম অধিবেশনে শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র সান্ন্যাল "রাজস্থান-ভ্রমণ" প্রবন্ধ পাঠ করেন।

প্রত্নতত্ত্ব-বিভাগের কার্য্য তিনটি বিভাগে বিভক্ত হইয়া আরম্ভ হইয়াছে,—১ম ঐতিহাসিক শাখা-সমিতি, ২য় পুরাতত্ত্ব অনুসন্ধান-সমিতি, ৩য় মন্দির, দেবালয়, মসজিদ, গোরস্থানসমূহের বিবরণ-সংগ্রহ সমিতি। প্রত্যেক বিভাগের এক জন করিয়া সম্পাদক নিয়োজিত হইয়াছেন ও অন্যূন ৪ জন কার্য্য-কারক সদস্য নিয়োজিত হইয়াছেন। ইহাঁরা মধ্যে মধ্যে দিল্লী ও তৎ-পার্শ্ববর্ত্তী স্থানসমূহে পরিভ্রমণ করিয়া আবশ্যকীয় তথ্য সংগ্রহ করিতেছেন এবং বিষয়বিশেষের অনুসন্ধান সমাপ্ত করিয়া প্রবন্ধাকারে তাহা পাঠ করিতেছেন। সর্ব্বসাধারণের বিচারে তাহা মৌলিক বলিয়া পরিগৃহীত হইলে, উহা হয় মূল-পরিষদে প্রেরিত হইবে, না হয় শাখা-পরিষদের সংকল্পিত নূতন পত্রিকায় প্রকাশিত হইবে। এই কয়েক বিভাগ ইতিমধ্যে নিম্নলিখিত কয়েকটি অজ্ঞাতপূর্ব্ব তথ্য সংগ্রহ করিতে সমর্থ হইয়াছেন।

১। দিল্লীর এক প্রাচীন মঠে—এক বংশতালিকায় যুধিষ্ঠির হইতে সাহ আলম পর্য্যন্ত রাজনামাবলীতে দেখিতে পাওয়া গিয়াছে যে, ১০ জন বাঙ্গালী রাজা দিল্লীতে ১৪৬ বৎসর রাজত্ব করিয়াছেন। শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র সান্যাল এই তথ্যটি আবিষ্কার করিয়াছেন।

২। দিল্লীর "হিষ্টরিক রিজ" বাস্তবিক পাহাড় নহে—মনুষ্য-হস্ত-নির্ম্মিত অতি প্রাচীন কোনও নগরের ধ্বংসাবশিষ্ট প্রাচীর। ইহার উপরে ভীমের পদচিহ্ন ও তৎসন্নিহিত "ভীমতাল তীর্থ"। শ্রীযুক্ত সরোজনাথ বাকৃচী আবিষ্কার করিয়াছেন।

৩। দিল্লীর চতুষ্পার্শ্বস্থ ধ্বংসাবলীর মধ্যে প্রাচীন যুগের হিন্দুদিগের অনেক কীর্ত্তি দেখিতে পাওয়া গিয়াছে। তাহাদের সম্বন্ধে যথোপযুক্ত প্রমাণ সংগ্রহ চলিতেছে।

আলোচ্য বর্ষে শাখা-পরিষদের আয় ৩৫৫।০,—ব্যয় ২৯৬ এবং সাধারণ তহবিলে মজুত আছে ৫৯।০।

বিগত কলিকাতার ৮ম সাহিত্য-সম্মিলনে শাখা-পরিষৎ তাঁহাদের অন্যতম সহযোগী সম্পাদক শ্রীযুক্ত বসন্তকুমার ভট্টাচার্য্য মহাশয়কে প্রতিনিধি নিয়োগ করিয়া কলিকাতায় প্রেরণ করিয়াছিলেন। তিনি বাঙ্গালা দেশের বাহিরে "বাঙ্গালা সাহিত্য পাঠ্যরূপে নির্দ্দিষ্ট হউক" এই মর্ম্মে এক প্রস্তাব সম্মিলনে উপস্থাপিত করিয়াছিলেন এবং "ভারতমিত্রের" সুযোগ্য সম্পাদক মহাশয় তাহা অনুমোদন করায় সভাকর্ত্তৃক এই সঙ্কল্প পরিগৃহীত হইয়াছিল।

আলোচ্য বর্ষে একটি সান্ধ্যসম্মিলনে সাহিত্য-পরিষদের পরম উৎসাহদাতা পৃষ্ঠপোষক মাননীয় মহারাজা শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরকে অভ্যর্থনা করা হইয়াছিল। নানাবিধ গীতবাদ্য, অভিনয় ও আবৃত্তির আয়োজন করা হইয়াছিল এবং সমবেত ভদ্র মহোদয়গণকে মিষ্টান্নাদির দ্বারা আপ্যায়িত করা হইয়াছিল।

শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়
সহযোগী সম্পাদক।

শ্রীললিতমোহন চট্টোপাধ্যায়
সম্পাদক।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন

দিনাজপুর

৬ষ্ঠ অধিবেশন

১ম দিবস।—গত ১৩২০ বঙ্গাব্দে ৩০শে জ্যৈষ্ঠ তারিখে দিনাজপুর থিয়েটার হলে এই সম্মিলনের অধিবেশন হয়। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী মহাশয় এই সভার সভাপতি-পদ গ্রহণ করেন। সভায় বঙ্গদেশস্থ যাবতীয় সাহিত্যিকগণ উপস্থিত ছিলেন। সভাপতির পাণ্ডিত্যপূর্ণ অভিভাষণ পাঠের পর উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের স্থায়ী সম্পাদক মহাশয় তাঁহার বার্ষিক কার্য্যবিরণ পাঠ করেন। এই ভাবে প্রথম দিনের কার্য্য শেষ হয়।

২য় দিবস।—দ্বিতীয় দিবস কামরূপ অনুসন্ধান-সমিতির সম্পাদকের কার্য্যবিবরণ পাঠের পর নিম্নলিখিত ৭টি প্রস্তাব যথাক্রমে উপস্থাপিত, সমর্থিত ও সর্ব্বসম্মতিক্রমে পরিগৃহীত হয়।

(১) চিত্রশালা স্থাপনে গভর্মেণ্ট যে অনুকূল মন্তব্য প্রকাশ করিয়াছেন, তজ্জন্য ধন্যবাদ জ্ঞাপন।

(২) সম্মিলনের অন্ততঃ এক মাস পূর্ব্বে আপনাদের কার্য্যবিবরণ সম্মিলন-পরিচালন-সমিতির সম্পাদকের নিকট পাঠাইবার নিমিত্ত উত্তর-বঙ্গের যাবতীয় সাহিত্য-সমিতিগুলিকে অনুরোধ করা হয়।

(৩) রিয়াজউস্ সালাতিন্ প্রণেতার সমাধির উপরে স্মৃতিফলক স্থাপনের ব্যয় ও কর্ম্মভার গ্রহণ করায় শ্রীযুক্ত বিপিনবিহারী ঘোষ মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন ও নানা মুসলমান ধর্ম্মগ্রন্থ-প্রণেত কাজি হেয়াৎ মামুদ, রঙ্গপুরের রামায়ণ-প্রণেতা রাজসাহীর কবি অদ্ভুতাচার্য্য ও রসকদম্ব-প্রণেতা বগুড়ার কবি কবিবল্লভের স্মৃতিরক্ষার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়।

(৪) উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের নিয়মাবলী প্রণয়ন করিয়া সভ্যদিগের মধ্যে বিতরণ ও মতামত গ্রহণের জন্য সম্মিলন-পরিচালন-সমিতিকে অনুরোধ করা হয়।

(৫) রাজেন্দ্রলাল আচার্য্য-প্রণীত শিশুসাহিত্য 'বাঙ্গালার প্রতাপ' গ্রন্থের পরীক্ষার ভার শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী, হীরেন্দ্রনাথ দত্ত, বিনয়কুমার সরকারের উপর অর্পিত হয়।

(৬) মুদ্রাযন্ত্রের পূর্ব্বে কাষ্ঠফলকে খোদিত বগুড়ার কোনও কবির গ্রন্থ সাহিত্য-পরিষদে আছে, তাহার প্রতিকৃতি মুদ্রণের জন্য উক্ত পরিষৎকে অনুরোধ করা হয়।

(৭) দিনাজপুরে একটি চিত্রশালা স্থাপনের জন্য তত্রত্য অধিবাসীদিগকে অনুরোধ করা হয়।

ইহার পর অনেকগুলি সুলিখিত প্রবন্ধাদি পাঠ ও সারগর্ভ বক্তৃতাদি হইবার পর সভার কার্য্য শেষ হয়।

পাবনা সপ্তম অধিবেশন

গত ১৩২০ বঙ্গাব্দে ১০, ১১ই ফাল্গুন রবি ও সোমবারে নাটোরের মহারাজ শ্রীল শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুরের সভাপতিত্বে এই অধিবেশন সংঘটিত হয়। পাবনা ইন্‌ষ্টিটিউসনের

সুবিস্তৃত প্রাঙ্গণে প্রথম দিবস ১০ই ফাল্গুন বেলা ২ঘটিকার সময় প্রথম অধিবেশন হয়। সভায় গণ্যমান্য এবং বহু লব্ধপ্রতিষ্ঠ সাহিত্যিক উপস্থিত ছিলেন। গত বৎসরের সভাপতির অভিভাষণ, অভ্যর্থনা-সমিতির সভাপতির অভিভাষণ এবং সভাপতির অভিভাষণ পাঠ শেষ হইলে প্রথম দিনের অধিবেশন শেষ হইয়াছিল।

দ্বিতীয় দিবস প্রাতে ৮ ঘটিকার সময় সভার দ্বিতীয় অধিবেশন হয়। এই অধিবেশনে নিম্নলিখিত প্রস্তাব তিনটি যথাক্রমে উপস্থাপিত, সমর্থিত এবং পরিগৃহীত হয়।

১ম—উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের নিয়মাবলী যাহা রঙ্গপুর সাহিত্য-পরিষৎ প্রণয়ন করিয়াছেন, তাহা এই অল্পকাল মধ্যে সম্যক্ আলোচিত না হওয়ায় আগামী অধিবেশনে পরিগ্রহণের জন্য স্থগিত রাখা হয়।

২য়—পাবনা জেলার ঐতিহাসিক তথ্যানুসন্ধানের ভার কয়েক জন লোকের উপর অর্পিত হয় এবং ঐ অনুসন্ধানের ফল আগামী অধিবেশনে উপস্থিত করিবার জন্য অনুরোধ করা হয়। এই সঙ্গে যাহাতে ভাষাতত্ত্ব ও প্রবাদ-বচনাদি সংগৃহীত হয়, তাহার জন্য বিশিষ্ট কয়েক ব্যক্তিকে অনুরোধ করা হয়। বাঙ্গালার মানব-তত্ত্বালোচনার উদ্দেশ্যে পাবনা জেলার ধর্ম্ম, বর্ণ, জাতি ও ব্যবসায়ভুক্ত জনগণের ইতিহাস সংগ্রহের ভারও কয় জন লোকের উপর অর্পিত হয়।

৩য়—কবিবর স্বর্গীয় রজনীকান্ত সেন মহাশয়ের জন্মস্থান পাবনায় তাঁহার কোন স্থায়ী স্মৃতিচিহ্ন রক্ষার ব্যবস্থা করার নিমিত্ত কতিপয় ব্যক্তিকে লইয়া একটি সমিতি গঠিত করা হয় এবং সে চেষ্টার ফল আগামী অধিবেশনে উপস্থিত করার জন্য অনুরোধ করা হয়।

প্রাতঃকালেও সভার কার্য্য শেষ না হওয়ায় অপরাহ্নে আর একটি অধিবেশন হয়। এ বৎসরের অধিবেশনে অনেকগুলি সুলিখিত প্রবন্ধ পঠিত হয়। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় এই সম্মিলনে যোগদান করিয়া এবং নানাবিধ উপদেশ দিয়া সভার গৌরব বৃদ্ধি করিয়াছিলেন।

সমাগত সাহিত্যিকবর্গের বক্তৃতা শেষ হইলে সভার কার্য্য শেষ হয়।

পরিষদ্গ্রন্থাগার

আলোচ্য বর্ষের প্রারম্ভে পরিষদ্গ্রন্থাগারে ২৬৫৭ খানি পুস্তক ছিল। তৎপরে ৩৮৩ খানি বাঙ্গালা পুস্তক উপহারস্বরূপ পাওয়া গিয়াছে এবং ইংরাজী ও বাঙ্গালা পুস্তক ৫৮ খানি ক্রীত হইয়াছে। এতদ্ভিন্ন মাননীয় বঙ্গীয় গবর্ণমেণ্ট বেঙ্গল লাইব্রেরীর যে পুস্তকরাশি উপহার প্রদান করিয়াছেন, তাহা [illegible] বিশেষভাবে উল্লেখযোগ্য। বেঙ্গল লাইব্রেরীর নানা তাথার

১৮৯৭৫ খানি পুস্তকের মধ্যে ১০৩৪৯ খানি বাঙ্গালা, অবশিষ্ট ইংরাজী, সংস্কৃত, হিন্দী উড়িয়া ইত্যাদি।

অতঃপর আনন্দের সহিত জানাইতেছি যে, পরিষদের হিতৈষী সদস্য এবং "সিকদার-বাগান বান্ধব পুস্তকালয়ে"র অন্যতম প্রতিষ্ঠাতা ও সহকারী সভাপতি শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় পরিষদ্‌গ্রন্থাগারের সহিত বান্ধব-পুস্তকালয়টির একযোগ করিয়া দিয়া পরিষদ্‌গ্রন্থাগারের যথেষ্ট শ্রীবৃদ্ধি করিয়াছেন। তন্নিমিত্ত পরিষৎ তাঁহাকে আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছেন। উক্ত পুস্তকালয়ের ৩২১৩ খানি পুস্তকের মধ্যে ২৮৫৮ খানি বাঙ্গালা এবং ৩৫৫ খানি ইংরাজী পুস্তক। বর্ত্তমান বর্ষের প্রারম্ভে সম্পূর্ণ খণ্ড মাসিক পত্র ৮২৯ খানি ছিল, পরে অসম্পূর্ণ খণ্ডগুলি সম্পূর্ণ করিয়া এবং বিনিময়ে প্রাপ্ত মাসিকগুলি লইয়া বর্ষশেষে ৮৬৩ খানি হইয়াছে।

এক্ষণে দেখা যাইতেছে, গ্রন্থাগারে এ যাবৎ সংগৃহীত সর্ব্বশুদ্ধ সকল ভাষার ৩১৬৫৬ খানি পুস্তকের মধ্যে ১৬২৪৭ খানি বাঙ্গালা পুস্তক, অবশিষ্ট ইংরাজী, সংস্কৃত ইত্যাদি। এই সকল বাঙ্গালা পুস্তকের রচয়িতার নামের তালিকা বিষয়-ভেদে প্রস্তুত হইতেছে।

শ্রীপ্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়

গ্রন্থাধ্যক্ষ।

চিত্রশালা

(আলোচ্য বর্ষে সাহিত্য-পরিষদের চিত্রশালায় ৩৪টি মুদ্রা ও ১২টি প্রাচীন মুদ্রা সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে সাহিত্য-পরিষদের চিরহিতৈষী স্বনামধন্য রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর ১৩টি সুবর্ণমুদ্রা এবং মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর ১৮টি মুদ্রা দান করিয়া স্বভাবসিদ্ধ উদারতা ও পরিষদের প্রতি তাঁহাদের চিরপ্রসিদ্ধ আকর্ষণের পরিচয় দিয়াছেন। এ ছাড়া পরিষদের জনৈক বন্ধু গুপ্ত সম্রাট্ চন্দ্রগুপ্তের একটি সুবর্ণমুদ্রা প্রদান করিয়া পরিষদের চিত্রশালার গৌরব বৃদ্ধি করিয়াছেন।

বর্ত্তমান বর্ষমধ্যে ১২টি প্রস্তরমূর্ত্তি আসিয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত সতীন্দ্রনারায়ণ রায় চৌধুরী মহাশয়ের প্রদত্ত তারা-মূর্ত্তি এবং শ্রীযুক্ত প্রিয়কুমার চট্টোপাধ্যায়-প্রদত্ত ক্ষুদ্র বোধিসত্ত্ব-মূর্ত্তি বিশেষ ভাবে উল্লেখযোগ্য।

যাঁহারা অনুগ্রহ করিয়া পরিষদের চিত্রশালায় উক্ত মুদ্রা ও প্রস্তর-মূর্ত্তি প্রভৃতি প্রদান করিয়াছেন, তাঁহাদের সকলের নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।)

নিম্নে মুদ্রা ও মূর্ত্তি প্রভৃতির তালিকা প্রদত্ত হইল ;—

দাতা	নং	বিবরণ
রাজা বাহাদুর শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায়	১।	সেরসাহ
সুবর্ণ—১৩টি	২।	ইষ্ট ইণ্ডিয়া কোং
	৩।	ঐ জাল (মুর্শিদাবাদী)
	৪।	সওয়াইরাম সিংহ (জয়পুর)
	৫।	পাতিয়ালার মুদ্রা
	৬।	নেপালের „
	৭।	জাল সাহ জাহান ১ম
	৮।	
	৯।	জাল আকবরী
	১০।	আকবর প্রথম
	১১।	জাল আকবরী
	১২।	„ „
	১৩।	আকবর প্রথম
জনৈক বন্ধু— সুবর্ণ	১৪।	চন্দ্রগুপ্ত প্রথম
শ্রীযুক্ত মহেশচন্দ্র বিশ্বাস তর্কবাগীশ— রৌপ্য—২	১৫।	কাশ্মীরদেশীয় মুদ্রা (৩০ বৎসর পূর্ব্বে প্রচলিত)
	১৬।	„ „ „
শ্রীযুক্ত বিজনবিহারী মুখোপাধ্যায়— তাম্র—৯টি	১৭।	বৈদেশিক কেস্মুর্নবিন্ তুরকী ইমাম্ মস্কট গুমান্ (মস্কটী পয়সা)
	১৮।	Nederlandsch Indie 1 cent 1901
	১৯।	„ „ „ 1902
	২০।	ইউনাইটেড ষ্টেটের পয়সা
	২১।	British North Borneo
	২২।	(দেশীয়) কোম্পানীর প্রথম আমলের ডবল পয়সা
	২৩।	সয়াজীরাব গায়কবাড় সেনা খাস খেল বাহাদুর
	২৪।	কাবুলের আমীরের অর্দ্ধ পয়সা
	২৫।	Minimum weight of gold Ruppee
শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবিশ—	২৬।	One cent British North Borneo.
মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী—	২৭।	মহম্মদ তোগলক
	২৮।	ফিরোজ „

নীর মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী—২৯। গিয়াসুদ্দিন বল্‌বন্‌
৩০। „ মহম্মদ সাহ
৩১। জালালুদ্দিন ফিরোজ তোগলক
৩২। ফিরোজ তোগলক
৩৩। আলাউদ্দিন মহম্মদ খিল্‌জি
৩৪। আকবর (৯৮৫ হিজরী)

প্রস্তর-মূর্ত্তি

শ্রীযুক্ত সতীন্দ্রনারায়ণ রায় চৌধুরী— ১।
২। তারা বা ভৈরবী-মূর্ত্তি

শ্রীযুক্ত অমৃতলাল দাস গুপ্ত— ৩। ভগ্ন বিষ্ণুমূর্ত্তি
৪। কোন দেবী-মূর্ত্তির ভগ্নাংশ
(দিনাজপুর রায়গঞ্জ হইতে সংগৃহীত) ৫। ধ্যানস্থ মূর্ত্তির নিম্নাংশ
৬। কোন দেবমূর্ত্তির উপরিস্থ কীর্ত্তিমুখ
৭। „ „ পাদপীঠের ভগ্নাংশ
৮। কতকগুলি গোলাকার বস্তু ও মিনা-করা মৃণ্ময় পাত্রের খণ্ড

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী— ৯। একটি তান্ত্রিক মূর্ত্তির নিম্নভাগ। স্থূলকায় গণের স্কন্ধে এক কঙ্কালাবশিষ্ট মূর্ত্তি নৃত্য করিতেছে। গণের দুই পার্শ্বে দুই জন কঙ্কালসার মূর্ত্তি দণ্ডায়মান। পাদপীঠে একটি কবন্ধ রহিয়াছে, শৃগাল ও গৃধিনীগণ তাহার মাংস খাইতেছে।

শ্রীযুক্ত অম্বিকাচরণ ব্রহ্মচারী— ১০। নক্‌সাযুক্ত শিলাখণ্ড
„ অর্ণবকুমার গঙ্গোপাধ্যায়— ১১। একটি ক্ষুদ্র বুদ্ধমূর্ত্তি
„ প্রিয়কুমার চট্টোপাধ্যায়— ১২। ক্ষুদ্র বোধিসত্ত্ব-মূর্ত্তি (ছাপরায় প্রাপ্ত)

বিবিধ

ডাঃ শ্রীযুক্ত কামাখ্যাচরণ বন্দ্যোপাধ্যায়—রামপালের প্রসিদ্ধ গজারী (শাল) বৃক্ষের বল্কল। (কথিত আছে যে, এই গাছ কনোজাগত পঞ্চ ব্রাহ্মণের আশীর্ব্বাদে পুনর্জ্জীবিত হইয়াছিল)।

শ্রীনগেন্দ্রনাথ বসু
চিত্রশালাধ্যক্ষ।

সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি

দৈনিক ;—

(১) The Amrita Bazar Patrika
(২) The Bengalee
(৩) The Herald
(৪) The Indian Mirror

সাপ্তাহিক ;—

(১) The Calcutta Spectator
(২) The Hindoo Patriot
(৩) The Indian Empire
(৪) The Express
(৫) The Indian Trade Journal
(৬) The Mussalman
(৭) The Reis and Rayyet
(৮) The Telegraph
(৯) Unity and Minister
(১০) The World and the New Dispensation.
(১১) আনন্দ-বাজার পত্রিকা
(১২) এডুকেশন গেজেট
(১৩) কাশীপুর-নিবাসী
(১৪) খুলনাবাসী
(১৫) গৌড়দূত
(১৬) ২৪পরগণা-বার্ত্তাবহ
(১৭) চারুমিহির
(১৮) চুঁচুড়া-বার্ত্তাবহ
(১৯) জাগরণ
(২০) ঢাকাপ্রকাশ
(২১) ত্রিপুরা-হিতৈষী
(২২) দর্শক
(২৩) নীহার
(২৪) নোয়াখালি-সম্মিলনী
(২৫) পল্লীবার্ত্তা
(২৬) পল্লীবাসী
(২৭) পুরুলিয়া-দর্পণ
(২৮) প্রসূন
(২৯) বঙ্গবাসী
(৩০) বঙ্গরত্ন
(৩১) বরিশাল-হিতৈষী
(৩২) বৰ্দ্ধমান-সঞ্জীবনী
(৩৩) বসুমতী
(৩৪) বাঁকুড়া-দর্পণ
(৩৫) বার্ত্তাবহ
(৩৬) বিশ্ববার্ত্তা
(৩৭) বীরভূমবার্ত্তা
(৩৮) বীরভূমবাসী
(৩৯) মালদহ-সমাচার
(৪০) মুরশিদাবাদ-হিতৈষী
(৪১) মেদিনীপুর-হিতৈষী
(৪২) মোসলেম-হিতৈষী
(৪৩) মোহাম্মদী
(৪৪) যশোহর
(৪৫) রঙ্গপুরদিক্প্রকাশ
(৪৬) রত্নাকর
(৪৭) শিক্ষা-সমাচার
(৪৮) সঞ্জীবনী
(৪৯) সদ্ধর্ম্ম-প্রচারক (হিন্দী)
(৫০) সময়
(৫১) সুরমা

সাপ্তাহিক ;—

(৫২) স্বরাজ
(৫৩) হিতবাদী
(৫৪) হিন্দু-রঞ্জিকা

পাক্ষিক ;—

(১) The Collegian
(২) ধর্ম্মতত্ত্ব
(৩) প্রান্তবাসী
(৪) শ্রীরামপুর
(৫) সম্মিলনী

মাসিক পত্রিকা ;—

(১) Calcutta University Magazine
(২) The Dawn
(৩) Health and Happiness
(৪) The Hindu Review
(৫) Industry
(৬) Journal and Proceedings of the Asiatic Society of Bengal
(৭) The Review.
(৮) Rajshahi College Magazine
(৯) Vedanta Kesari
(১০) অর্ঘ্য
(১১) অর্চ্চনা
(১২) অবসর
(১৩) অলৌকিক রহস্য
(১৪) আয়ুর্ব্বেদ-হিতৈষিণী
(১৫) আর্য্য-গৌরব
(১৬) আর্য্য-প্রভা (সংস্কৃত)
(১৭) আর্য্যাবর্ত্ত
(১৮) আলোচনা
(১৯) ইন্দু (হিন্দী)
(২০) উচ্ছ্বাস
(২১) উৎসব
(২২) উদ্বোধন
(২৩) উপাসনা
(২৪) কর্ম্মকার-বন্ধু
(২৫) কাজের লোক
(২৬) কাদম্বরী (সংস্কৃত)
(২৭) কায়স্থ-পত্রিকা
(২৮) কুশদহ
(২৯) কৃষক
(৩০) কৃষিসম্পদ্
(৩১) কোহিনূর
(৩২) গল্প-লহরী
(৩৩) গৃহস্থ
(৩৪) চিকিৎসা-তত্ত্ব-বিজ্ঞান
(৩৫) চিকিৎসা-প্রকাশ
(৩৬) ছাত্র-সুহৃদ্
(৩৭) জগজ্জ্যোতিঃ
(৩৮) জন্মভূমি
(৩৯) জাহ্নবী
(৪০) ঢাকারিভিউ ও সম্মিলনী
(৪১) তত্ত্ববোধিনী পত্রিকা
(৪২) তত্ত্ব-মঞ্জরী
(৪৩) তাম্বূলী-সমাজ
(৪৪) তিলি-বান্ধব
(৪৫) তোষিণী
(৪৬) দেবালয়
(৪৭) ধর্ম্ম-প্রচারক
(৪৮) নন্দিনী
(৪৯) নব্য-ভারত

মাসিক পত্রিকা ;—

(৫০) নাগরীপ্রচারিণী পত্রিকা (হিন্দী)
(৫১) নাট্যমন্দির
(৫২) পন্থা
(৫৩) প্রজাপতি
(৫৪) প্রতিভা
(৫৫) প্রবাসী
(৫৬) প্রীতি
(৫৭) বঙ্গদর্শন
(৫৮) বসুধা
(৫৯) বামাবোধিনী পত্রিকা
(৬০) বাঁহী (আসামী)
(৬১) বিজয়া
(৬২) বিদ্যোদয় (সংস্কৃত)
(৬৩) বীরভূমি
(৬৪) ব্যবসা ও বাণিজ্য
(৬৫) ব্যবসায়ী
(৬৬) ব্রহ্মবাদী
(৬৭) ব্রহ্মবিদ্যা
(৬৮) ব্রাহ্মণ-সমাজ
(৬৯) বালক
(৭০) ভারতবর্ষ
(৭১) ভারত-মহিলা
(৭২) ভারতী
(৭৩) ভিষক্-দর্পণ
(৭৪) মহাজন-বন্ধু
(৭৫) মহিলা
(৭৬) মানসী
(৭৭) মাহিষ্য-বান্ধব
(৭৮) মাহিষ্য-মহিলা
(৭৯) মাহিষ্য-সমাজ
(৮০) যুবক
(৮১) যোগিসখা
(৮২) যোগিসম্মিলনী পত্রিকা
(৮৩) লক্ষ্মী (হিন্দী)
(৮৪) শাশ্বতী
(৮৫) শিক্ষা ও স্বাস্থ্য
(৮৬) শিল্প ও সাহিত্য
(৮৭) শিশু
(৮৮) সমাজ
(৮৯) সংসার-সুহৃদ্
(৯০) সম্মিলনী
(৯১) সরস্বতী (হিন্দী)
(৯২) সংস্কৃত-রত্নাকর (সংস্কৃত)
(৯৩) সাধক
(৯৪) সাহিত্য
(৯৫) সাহিত্য-সংবাদ
(৯৬) সাহিত্য-সংহিতা
(৯৭) সুধী
(৯৮) সুপ্রভাত
(৯৯) সুরভী
(১০০) সুহৃদ্
(১০১) সেবক
(১০২) সোপান
(১০৩) সৌরভ
(১০৪) স্বাস্থ্য-সমাচার
(১০৫) হাকিম
(১০৬) হিন্দু-পত্রিকা
(১০৭) হিন্দু-সখা
(১০৮) বৈশ্য-পত্রিকা

দ্বৈমাসিক ;—(১) গম্ভীরা

ত্রৈমাসিক ;—

(১) প্রভাত
(২) রঙ্গপুর-সাহিত্য-পরিষৎ-পত্রিকা

১৩২০ বঙ্গাব্দের বার্ষিক আয়-ব্যয় বিবরণ

আয়—

চাঁদা—		৯৩৫০॥৵০
প্রবেশিকা		১৬৯৲
পুস্তক ও পত্রিকাবিক্রয়		১১৫০৬৷৴১৫
বিজ্ঞাপনের আয়		৩৬৮৲
বিভিন্ন তহবিলের গচ্ছিত টাকার সুদ আদায়		১৯৯॥১৫-২পাই
এককালীন দান		২১৫৭৲
গভর্ণমেণ্ট	১২০০৲	
সাধারণ	১৫০৲	
মিউনিসিপ্যালিটী	৪৫০৲	
পুরস্কার জন্য	৩৫২৲	
স্মৃতিরক্ষার জন্য	৫৲	
	২১৫৭৲	
স্থায়ী ও গৃহ-নির্ম্মাণ		১২৭৫৲
স্থায়ী	১১২৫৲	
গৃহ-নির্ম্মাণ	১৫০৲	
	১২৭৫৲	
আমানত		১১৫৫॥৫
অগ্রিম দেওয়া বাবদ হাওলাত আদায়		২২৫৲
বিবিধ আয়		।০
		১৬০৪০৬৷৵১৫-২পাই

ব্যয়—

গ্রন্থাবলী মুদ্রণ		২৪৫২॥/০
পুথিসংগ্রহ	১৪৪৬৶৫	
কাগজ	৩৩৪॥/১৫	
মুদ্রণ	১৪০২৵০	
বাঁধাই	৪২॥০	
ডাক	৬।৶১৫	
বেতন	৪৭৪।৶৫	
পাথেয়	২৮।৫	
বিবিধ	১৯৵১৫	
	২৪৫২॥/০	
পত্রিকা, পত্রিকা ও কার্য্যবিবরণী মুদ্রণ—		৩৫১১।/০
কাগজ	১২১৮৵০	
মুদ্রণ	১১৮৬।৶১৫	
চিত্র	৩০৬।৶৫	
বাঁধাই	২১৫॥৵৫	
ডাক	৫৪৪৸৵১০	
বিবিধ	৩৯॥৶৫	
	৩৫১১।/০	
কমিশনে বিক্রয় জন্য গ্রন্থাবলী ক্রয়		৭৩॥৵০
পুস্তকালয়		১৭৭০॥/১৫
পুস্তক ক্রয়	৪৩৭৲	
পুস্তক বাঁধাই	১২২॥/১৫	
পুস্তক নকল	৩৫৲	
আসবাব	৫৬।/১০	
বেতন	৯৩৫।৵/১০	
বিবিধ	১৮৪৲	
	১৭৭০॥/১৫	
বিবিধ মুদ্রণ		৪৬১৵১০
কাগজ	৬৸৶০	
মুদ্রণ	৪৫৪৶১০	
	৪৬১৵১০	
চিত্রশালা		৪২৵০
ডাকমাশুল		৭৩৮।৶০
অধিবেশন	৫৭৯॥৶৫	
সাধারণ	১৫৮॥৶১৫	
	৭৩৮।৶০	
		৯০৪৯৸৶৫

আয়—

জের—		১৬০৪০৸৵১৫-২পাই
কৈঃ—		
গত বর্ষের উদ্বৃত্ত		১২০১৯।৶১৫-২½পাই
বর্ত্তমান বর্ষের আয়		১৬০৪০৸৵১৫-২পাই
		২৮০৬০।৵১৫-১½পাই
বর্ত্তমান বর্ষের ব্যয়		১৫৯৩০॥৶১০-১½পাই
উদ্বৃত্ত জায়—		১২১২৯॥৶৫
নগদ	৭৯৭৮/১০	
হাওলাত	৪১৫১॥/১৫	
	১২১২৯॥৶৫	

বার হাজার এক শত উনত্রিশ টাকা সওয়া এগার আনা মাত্র।

শ্রীসূর্য্যকুমার পাল।
হিসাব-রক্ষক।
২৮শে জ্যৈষ্ঠ, ১৩২১।

স্বাক্ষর—শ্রীব্যোমকেশ মুস্তফী
" শ্রীদুর্গানারায়ণ সেন ২৮।২।২১
সহকারী সম্পাদক
" শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী—সম্পাদক
" শ্রীহরপ্রসাদ শাস্ত্রী – সভাপতি
৩১।২।২১
" শ্রীহীরেন্দ্রনাথ দত্ত—ধনরক্ষক
৩১।২।২১

পরীক্ষায় দেখা গেল হিসাব নির্ভুল
স্বাক্ষর—শ্রীউপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়
৩০।২।২১
শ্রীচিত্তসুখ সান্যাল ৩১।২।২১
আয়-ব্যয়-পরীক্ষক।

ব্যয়—

জের—		৯০৪৯৸/৫
মেরামত		১৩৬॥/০
গৃহ	৭০॥৶০	
আসবাব	২৲	
আলোক ও পাখা	৬৩৸৵০	
	১৩৬॥/০	
কমিশন		৯৭॥০
বিজ্ঞাপন সংগ্রহ জন্য	৮৩৲	
পুস্তকবিক্রয় "	১৪॥০	
	৯৭॥০	
ট্যাক্স		২৫১৵০
আলোক ও পাখা		২৬৭।৶০
বাড়ীভাড়া		৯৩৲
দপ্তর-সরঞ্জামী		১৯৩॥/১৫
আসবাব		৪৯৸/১০
এলাউন্স ও গ্রেন এলাউন্স		৪৩০৲
বেতন		২৫০৭।১৫
পাথেয়		৩৯২৵০
শাখা-সভার সাহায্য		৩৭৭৸/০
অধিবেশন ব্যয়		২৫/৫
ভৃত্যদিগের পোষাক		২৯৸৶০
সম্মিলনের ব্যয়		৬৭॥১৫
ডাক	৪৬৸/৫	
বিবিধ	২০॥৶১০	
	৬৭॥১৫	
পুরস্কার		২৬৯৲
স্মৃতিরক্ষার জন্য ব্যয়		২১৫৲
আমানত শোধ		৭২৪৸০
হাওলাত দাদন		২০০৲
বিবিধ ব্যয়		৫৬১।৭॥
		১৫৯৩০॥৶১২॥
		([illegible]০-১½পাই)

পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্কে বিভিন্ন তহবিলের গচ্ছিত টাকার হিসাব

(পাবলিক একাউণ্ট নম্বর ১৯৯৭৫২)

১৩১৯ ৩১শে চৈত্র পর্য্যন্ত

১।	গৃহনির্ম্মাণ তহবিল	১৮৭৶১০
২।	স্থায়ী তহবিল	২৬৬৪৸/০
৩।	হেমচন্দ্র স্মৃতিরক্ষা তহবিল	২৫৪।/৫
৪।	রবীন্দ্র সম্বর্দ্ধনা	১৮২৬।০
৫।	রজনীকান্ত স্মৃতিরক্ষা তহবিল	২৮।৵৫
৬।	কাশীরাম স্মৃতিরক্ষা তহবিল	৪১৷৹
৭।	গ্রন্থপ্রকাশ তহবিল	৭৲
৮।	গ্রন্থপ্রকাশার্থ বিনয় বাবুর দান	২০০০৲
৯।	বিদ্যাপতি বিক্রয়	১৫।০
	পোষ্টাফিস সেভিংস ব্যাঙ্কের সুদ	৩৩২৵১৫
		৭৩৫৬৸৵১৩

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

১৩২০ সালের চৈত্র পর্য্যন্ত পাওনার তালিকা

চাঁদা-সহর	৫০৯০॥০
চাঁদা-মফঃস্বল	৮২০৭।৶০
	১৩২৯৭৸৶০
অগ্রিম বাবৃদি হাওলাত পাওনা পুথি সংগ্রহ জন্য	
* শ্রীরামকুমার দত্ত	১৬২৸৫
* শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী	
এলাউন্স বাবদে	১৫০৲
* রামেন্দ্রসুন্দর ত্রিবেদী	
গ্রন্থাবলী বাবদ	১০৯৲
* হেমচন্দ্র দাশ গুপ্ত	
রজনীকান্ত সেনের	
তৈলচিত্র প্রস্তুত বাবদ	২০৲
* রামকমল সিংহ	৩৫৲
সম্পাদক নবীনচন্দ্র-স্মৃতি	১০৲
রমেশ-ভবন	৩২৲
* ৭ম সাহিত্য-সম্মিলন	৫০৲
ম্যানেজার উইলকিন্স্ প্রেস	২৭৶০
মণিলাল গঙ্গোপাধ্যায়	
রবীন্দ্র-সম্বর্দ্ধনা চাঁদা আদায় বাবদ	১৪৶১০
এস, কে, লাহিড়ী	
পুরস্কার পুস্তক বাবদ	৫৲
	৫৬৫৴১৫
	১৩৮৬২৸৶১৫

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

---

* চিহ্নিত টাকার মধ্যে ১৩২১ সালে কিছু কিছু আদায় হইয়াছে।

রজনীকান্ত স্মৃতিরক্ষা তহবিল

আয়		ব্যয়	
গত বর্ষের উদ্বৃত্ত	১২১।৵০	১৩১৯ সালে চাঁদা আদায় কমিশন সাধারণ তহবিলে হাওলাত দেওয়া যায়	৩১৷/১৫
		১৩২০ সাল—	
		চিত্র প্রস্তুত জন্য শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয়কে হাওলাত দেওয়া যায়	৫০৲
			৯২৸৶১৫

কৈঃ—

আয় ১২১।৵০

ব্যয় ৯২৸৶১৫

২৮।৵৫

এই টাকা পোষ্টাফিসে সম্পাদক মহাশয়ের নামে জমা আছে।

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

———

১৩২০ চৈত্র-শেষে পরিষদের দেনার তালিকা

১।	বিশ্বকোষ প্রেস	৭৩৭৵৹
২।	হেয়ার প্রেস	৭৭৲
৩।	চেরী প্রেস	৪৩৷৹
৪।	প্যারাগণ প্রেস	১৯৲
৫।	সান্যাল প্রেস	৯৮৵৹
৬।	ইউনিভার্সিটী প্রিন্টিং	৫০৲
৭।	উইল্‌কিন্স প্রেস	১৩৷৹
৮।	কটন প্রেস	২৮১৷৹
৯।	বিরাজুদ্দিন খান ব্রাদার্স	৭০⁄৹
১০।	কে, বি, সেন	৪০৲
১১।	এফ ডব্লিউ হিলজার কোং	২২৬৷/১৫
১২।	শ্রীরাজবল্লভ মিত্র	২৫৲
১৩।	বেঙ্গল কেমিকেল এণ্ড ফার্ম্মা-সিউটীকেল ওয়ার্কস	৩৫৩৷৷৹
১৪।	শ্রীরাজমোহন দাস	২৪৷৷⁄৹
১৫।	প্রভু সিং	২১৬৷৹
১৬।	কে, এম্ বসু	১২৷৷⁄৹
১৭।	ইলেক্‌ট্রিক সাপ্লাই কর্পোরেশন কোং	১২৷৹
১৮।	শ্রীজহরলাল কর	৬০৸৹
১৯।	ন্যাশান্যাল হোটেল	২৮৲
২০।	শ্রীশশিভূষণ দত্ত	১৪৸৹
২১।	শ্রীবসন্তরঞ্জন রায়	২০০৲
২২।	শ্রীব্যোমকেশ মুস্তফী	১২৪৲
২৩।	মুন্সী আব্দুল করিম	৬৪৲
		২৭৮১৷৵১৫

জের—	২৭৮১।৶১৫
বিভিন্ন তহবিল হইতে হাওলাত গ্রহণ	
স্থায়ী তহবিলের	৪৪৪৯৲ ১২॥
গৃহনির্ম্মাণ	১৫০৲
হেমচন্দ্র	১৯৬।৶০
রজনীকান্ত	৩১।/১৫
রবীন্দ্র-সম্বর্দ্ধনা	৩৫৫৲
আমানত	৩৮৩৸০
পদক ও পুরস্কার	২১৬৲
বিজ্ঞাপনের কমিশন	৩৲
	৮৫৬৫৸৶২॥

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

হেমচন্দ্র স্মৃতিরক্ষা তহবিল

আয়—		ব্যয়—	
গত বর্ষের উদ্বৃত্ত	৪৪১৸৴৫	হাওলাৎ দাদন	
১৩২০ সাল—		১৩১৯ সাল পর্য্যন্ত	
কবি হেমচন্দ্র পুস্তক বিক্রয়	৮৸০	সাধারণ তহবিলে হাওলাত	
	৪৫০৷৵৫	দেওয়া যায়	১৮৭৷৶০
		১৩২০ সাল	
		ঐ ঐ	৮৸০
			১৯৬।৶০

কৈঃ—

আয়	৪৫০৷৵৫
ব্যয়	১৯৬।৶০
	২৫৪।/৫ পোষ্ট আফিসে জমা আছে

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

রবীন্দ্র-সম্বর্দ্ধনা তহবিল

আয়—		ব্যয়—	
১৩২০ সালের চৈত্র পর্য্যন্ত উদ্বৃত্ত	২১৯৫।৵১০	হাওলাত দাদন ১৩২০ সাল সাধারণ তহবিল হাওলাৎ দেওয়া যায়	৩৫৫৲
		শ্রীযুক্ত মণিলাল গঙ্গোপাধ্যায়	১৪৵১০
			৩৬৯৵১০

কৈঃ—

আয়	২১৯৫।৵১০
ব্যয়	৩৬৯৵১০
	১৮২৬।০ পোষ্ট আফিসে জমা আছে।

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

কাশীরাম-স্মৃতিরক্ষা তহবিল

আয়—		ব্যয়—	
১৩২০ সালের চৈত্র পর্য্যন্ত উদ্বৃত্ত	২০৬॥০	১৩২০ সাল ইষ্টক নির্ম্মাণ জন্য কাটোয়ায় শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহ মহাশয়কে পাঠান হয়	১৬৫৲

কৈঃ—

আয়	২০৬॥০
ব্যয়	১৬৫৲
	৪১॥০ পোষ্ট অফিসে জমা আছে।

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

স্থায়ী তহবিল

আয়—		ব্যয়—	
গত বর্ষের উদ্বৃত্ত	৫৯৮৮৵/১২॥	হাওলাত দাদন	
১৩২০ সাল		পরিষৎ-গৃহনির্ম্মাণের	
রাজা শ্রীযুক্ত গোপাললাল রায়		ব্যয় নির্ব্বাহ জন্য গৃহ-	
বাহাদুর তাজহাট	১০০০৲	নির্ম্মাণ-তহবিলে হাওলাত	
শ্রীযুক্ত মন্মথমোহন বসু		দেওয়া হয়	২০০০৲
কলিকাতা	১০০৲	১৩২০ চৈত্র পর্য্যন্ত	
শশিপদ বন্দ্যোপাধ্যায়		সাধারণ তহবিলে হাওলাত	
কলিকাতা	২৫৲	দেওয়া যায়	২৪৪৯৻১২॥
	১১২৫৲		৪৪৪৯৻১২॥
	৭১১৩৵৻১২॥		

কৈঃ—

আয়	৭১১৩৵৻১২॥
ব্যয়	৪৪৪৯ ৻১২॥
	২৬৬৪৵৹

এই টাকা পোষ্টাফিসে সম্পাদক মহাশয়ের নামে জমা আছে।

শ্রীদুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

গৃহনির্ম্মাণ তহবিল

আয়—

গত বর্ষের উদ্বৃত্ত ২৮৭।৶১০

১৩২০ সাল ১৫০৲

দুবলহাটীর কুমারগণের নিকট হইতে প্রাপ্ত দান ৫০৲

স্বর্গীয় নগেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী মহাশয়ের প্রতিশ্রুত দান আদায় মাঃ শ্রীযুক্ত অমরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী ১০০৲

১৫০

৪৩৭।৶১০

ব্যয়—

হাওলাত দাদন

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়কে হাওলাৎ দেওয়া ১০০৲

১৩২০ সাল

সাধারণ তহবিল হাওলাত দেওয়া ১৫০৲

২৫০৲

কৈঃ—

আয়	৪৩৭।৶১০
ব্যয়	২৫০৲
	১৮৭।৶১০

পোষ্টাফিসে সম্পাদক মহাশয়ের নামে জমা আছে।

দুর্গানারায়ণ সেন
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

পুথিশালার কার্য্যবিবরণ

১৩২০ সালের প্রারম্ভে হস্তলিখিত প্রাচীন পুথির সংখ্যা ১৯৯৬ ছিল। তৎপরে পরিষদের হিতৈষী বন্ধুগণের নিকট হইতে ১১১ খানি পুথি উপহারস্বরূপ পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৯০ খানি শ্রীযুক্ত ব্রজলাল মুখোপাধ্যায় মহাশয়ের প্রদত্ত এবং শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় কর্ত্তৃক সংগৃহীত। ক্রীত পুথি ১৯৬। পরিষদের পক্ষ হইতে আহৃত পুথি ৬৪। পূর্ব্বসঞ্চিত পুথির রাশি হইতে বিচ্ছিন্ন পত্র মিলাইয়া সার্দ্ধশতাধিক পুথির উদ্ধার করা হইয়াছে।

বাঙ্গালা পুথি	১৭৩৯
সংস্কৃত "	৭৭৯
অসমীয়া "	৩
ওড়িয়া "	১
হিন্দী "	১
পার্শী "	১২

অর্থাৎ বর্ষশেষে সংগৃহীত পুথির সংখ্যা ২৫৩৫ হইয়াছে। চারি শত নিরানব্বইখানি পুথি তালিকাভুক্ত হইয়াছে; ২৭ খানি তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়া আছে। পাঁচ শত পয়তাল্লিশখানিতে পুথির নাম, রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্রসংখ্যাদি-যুক্ত বীজক দেওয়া হইয়াছে। বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণযুক্ত তালিকা ক্রমশঃ অগ্রসর হইতেছে। এ পর্য্যন্ত যে সকল প্রাচীন বাঙ্গালা গ্রন্থের সন্ধান পাওয়া গিয়াছে, তাহার একটি বর্ণানুক্রমিক তালিকাও প্রস্তুত হইতেছে। আলোচ্য বর্ষে সংগৃহীত পুথির মধ্য হইতে উল্লেখ-যোগ্য অল্প কয়েকখানি বাঙ্গালা পুথির নাম নিম্নে দেওয়া হইল।

১ পরেশলতিকা—কৃষ্ণদাসকৃত। নূতন গ্রন্থ।

২ নারদ উপাসনাতত্ত্ব—বৃন্দাবন দাস-বিরচিত। নূতন গ্রন্থ।

৩ আনন্দলহরী— " "

৪ তত্ত্বমঞ্জরী— " "

৫ শ্রীকৃষ্ণের জন্মলীলা—চণ্ডীদাস-বিরচিত। ইতিপূর্ব্বে সাধারণ্যে গ্রন্থখানির প্রচার ছিল না।

৬ ধর্ম্মমঙ্গল—দ্বিজ রামচন্দ্রবিরচিত। গ্রন্থকার নূতন।

৭ জাগরণ (মনসামঙ্গল)—দ্বিজ বাণেশ্বরবিরচিত। গ্রন্থকার নূতন।

৮ রসালস—বলরাম দাসকৃত। নূতন গ্রন্থ।

৯ বিরহমাথুর—ধনঞ্জয় দাসকৃত। "

১০ শ্রীকৃষ্ণবিজয়—দ্বিজ রমানাথকৃত। গ্রন্থকার নূতন।

১১ ভক্তিরসালিকা—দীনকৃষ্ণ দাসবিরচিত। নূতন গ্রন্থ।

১২ গুরুতত্ত্বসার—বলরাম দাসবিরচিত। নূতন গ্রন্থ।

১৩ নিমাই অদ্বৈততত্ত্ব—কৃষ্ণদাসকৃত। গ্রন্থের কথা পূর্ব্বে শুনা যায় নাই।

১৪ বটুরমঙ্গল (বটুকমঙ্গল)—দ্বিজ রামচরণকৃত। বিষয়—ভৈরবমাহাত্ম্য প্রতিপাদন। গ্রন্থ নবাবিষ্কৃত।

১৫ নারদযোগ পুস্তক—গন্ধর্ব্বদাস-বিরচিত। নূতন গ্রন্থ।

১৬ কালিকাপুরাণ—নারায়ণ দেবকৃত। নারায়ণ দেব-রচিত কালিকা-পুরাণের কথা পূর্ব্বে শুনা যায় নাই।

১৭ বাবা হরপাঁচালী—দ্বিজ বৈষ্ণবদাস বিরচিত। গ্রন্থকার নূতন।

১৮ সুদামার দারিদ্র্যভঞ্জন—গদাধর দাসকৃত। গ্রন্থকার নূতন।
১৯ শ্রীকৃষ্ণের জন্মকথা—দীননাথ-প্রণীত। ”
২০ দাতাকর্ণের পালা—দ্বিজ পঞ্চাননকৃত। ”
২১ শ্রীকৃষ্ণের জন্মলীলা—রামেশ্বর দাসবিরচিত। ”

কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক আদিষ্ট হইয়া কৃত্তিবাসী রামায়ণ ও কাশীদাসী মহাভারতের হস্তলিখিত প্রাচীন পুথি সংগ্রহ জন্য আমায় এক মাস কাল মফঃস্বলে থাকিতে হয়। অনুসন্ধান-বিবরণ ১৩২০ সালের মাসিক কার্য্যবিবরণীতে প্রকাশিত হইয়াছে (পৃষ্ঠা ১১৬)।

শ্রীরবীন্দ্রনারায়ণ ঘোষ
সহকারী সম্পাদক।

শ্রীবসন্তরঞ্জন রায়।

শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয়ের পত্র

শিকদারবাগান বান্ধব পুস্তকালয় ও সাধারণ পাঠাগার,
৪৭।১ শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।
তারিখ ১৩ই মাঘ, সন ১৩২০ সাল।

মান্যবর
শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-সম্পাদক
মহাশয় সমীপেষু—

সবিনয় নিবেদন—

বিগত সন ১২৯৩ সাল ইংরাজী সন ১৮৮৬ সালে শিকদারবাগান পল্লীতে "শিকদারবাগান বান্ধব পুস্তকালয় ও সাধারণ পাঠাগার" নামে একটি পুস্তকালয় স্থাপিত হয়। কিঞ্চিন্ন্যূন গত ৩০ বৎসর কাল স্থানীয় নানা ব্যক্তি ইহার কার্য্য পরিচালনা করিয়া আসিতেছেন। ইহার প্রতিষ্ঠা-কাল হইতে এ পর্য্যন্ত কেবলমাত্র আমিই ইহার সংস্রব ত্যাগ করিতে সমর্থ হই নাই; অন্য সমস্ত পুরাতন ব্যক্তিই ইহার সম্পর্ক ত্যাগ করিয়াছেন। যদিও এক্ষণে আমার সময় ও সামর্থ্যাভাবে আমি পূর্ব্বের ন্যায় ইহার কার্য্য পরিচালনা করিতে পারগ নহি, তথাপি ইহার প্রতি আমার একপ্রকার আন্তরিক স্নেহ ও মায়া জন্মিয়াছে। অধুনা যে সকল সভ্য মহোদয় ইহার পরিচালনা-ভার গ্রহণ করিয়া আছেন, তাঁহারা ইহার প্রতি এক প্রকার উদাসীন, ইহার কোন কার্য্যে মনোযোগী নহেন। বিশেষতঃ এক বৎসরেরও অধিক কাল হইল, শ্রীযুক্ত যোগেন্দ্র-মোহন ঠাকুর মহাশয়ের প্রতি ইহার সম্পাদকীয় ভার প্রদত্ত হইয়াছিল, তিনিও ইহার প্রতি এক্ষণে সম্পূর্ণ উদাসীন, এমন কি, এক্ষণে তাঁহার কোনরূপ সন্ধান পর্য্যন্ত আমরা পাইতেছি

না। তাঁহার নিযুক্ত, তাঁহার পরিচিত যাঁহারা ইহার পুস্তকাধ্যক্ষের ভার গ্রহণ করিয়াছিলেন, তাঁহারাও কার্য্যের বহু বিশৃঙ্খলা সাধন করিয়া হঠাৎ কার্য্য হইতে অবসর গ্রহণ করিয়াছেন। সম্প্রতি অপর কেহ ইহার কার্য্যে মনোযোগী হইতে চাহেন না। এই সকল কারণে আমাদের বহু যত্ন, পরিশ্রম, সময়-সঞ্চিত পুস্তকালয়টি অতীব শোচনীয় অবস্থায় উপস্থিত হইয়াছে। ইহার অনেক পুস্তকাদি অযত্নে নষ্ট হইতে চলিয়াছে এবং অনেকগুলি একেবারে নষ্টও হইয়াছে। উপস্থিত কার্য্যনির্ব্বাহক সভ্যগণকে এই সকল কথা জানান হইলেও তাঁহারা ইহার প্রতীকারের কোনও সদুপায় করিতেছেন না। সুতরাং পরিশেষে অনেক পত্র লিখিয়া ও অনুরোধ করিয়া সে দিন আমরা চারি জন সভ্য পুস্তকালয়-গৃহে উপস্থিত হইয়া স্থির করিয়াছি যে, এরূপ অবস্থায় এই পুস্তকালয়ের সঞ্চিত বহুমূল্য পুস্তকাদি রক্ষার ইচ্ছা থাকিলে এক্ষণে ইহাকে "বঙ্গীয়-সাহিত্য-পরিষদে"র পুস্তকালয়ের সহিত সংযুক্ত করাই একমাত্র উপায়। সেই জন্য আপনাকে জানাইতে বাধ্য হইলাম, এক্ষণে ইহার প্রায় ৫০৲ পঞ্চাশ টাকা দেনা আছে, এই পঞ্চাশ টাকা ব্যয়ের ব্যবস্থা করিয়া ইহাকে আপনাদের পুস্তকালয়ের সহিত সংযুক্ত করিয়া দিবেন এবং বর্ত্তমান জানুয়ারী মাস শেষ হইতে না হইতে ইহার বর্ত্তমান গৃহ হইতে ইহাকে স্থানান্তরিত করিবেন। নতুবা দেনা আরও বর্দ্ধিত হইবে। বিশেষতঃ উক্ত গৃহের অধিবাসী গৃহ পরিত্যাগ করিবার জন্য আমাদিগের প্রতি কঠিন আদেশ দিয়াছেন। সেই জন্য বলিতেছি যে, যদি কার্য্য-প্রণালীক্রমে আপনাদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির মত জানিতে বিলম্ব হয়, তবে তাহার পূর্ব্বে আগামী ৩১শে জানুয়ারী তারিখের মধ্যে অন্ততঃ পুস্তকালয়টি সম্পূর্ণরূপে স্থানান্তরিত করিবেন, নতুবা এত দিনের পুস্তকালয়, এত দিনের মূল্যবান্ সঞ্চয় শীঘ্রই একেবারে ধ্বংস প্রাপ্ত হইবে।

আর এই সঙ্গে আপনাদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের জ্ঞাতার্থ ইহাও নিবেদন করিতেছি যে, এত দিন আমরা "বান্ধব পুস্তকালয়ে"র সংশ্রবে থাকিয়া এই স্বহস্ত-স্থাপিত, সযত্নবর্দ্ধিত, অধুনা অবনতিপ্রাপ্ত পুস্তকালয়ের প্রতি আমাদের একটা আত্যন্তিক মমতা জন্মিয়াছে, সুতরাং একেবারে ইহার লোপ দর্শন করিতে মনে বড়ই আঘাত লাগে। এক্ষণে যখন আমরা আপনাদের অনুগ্রহাশ্রয়ে ইহাকে প্রদান করিতে যাইতেছি, তখন আমাদের ইহা ধ্রুব ধারণা আছে যে, আপনারা ইহাকে নিশ্চয়ই স্নেহ-নয়নে নিরীক্ষণ করিয়া ইহার অস্তিত্ব রক্ষা করিবেন এবং কেবলমাত্র পুস্তকগুলিকে ধ্বংসের হস্ত হইতে রক্ষা করিয়া অস্তিত্ব রক্ষা নহে, একান্তচিত্তে আশা করি, ইহার নামেরও কিঞ্চিৎ অস্তিত্ব রক্ষা করিবেন অর্থাৎ অন্ততঃ আমাদের আলমারিগুলির উপর "বান্ধব পুস্তকালয় হইতে প্রাপ্ত," এই কথাগুলি স্থায়িভাবে লিখিবার ব্যবস্থা করিবেন। অবশ্য ইহা আপনাদের মতামতের উপর সম্পূর্ণ নির্ভর করে, তথাপি আমরা প্রাণের আবেগে এইরূপ প্রস্তাব করিতে সাহসী হইলাম। কারণ, আমরা জানি যে, আপনাদের ন্যায় উদার সহৃদয় ব্যক্তি এরূপ কষ্ট-সঞ্চিত মূল্যবান্ বস্তুর নাম পর্য্যন্ত লোপ করিয়া আমাদের মনে চিরজীবন ক্লেশকালিমা অর্পণ করিবেন না।

আরও একটি প্রস্তাবের মীমাংসার ভার আপনাদের বিবেচনার উপর প্রদান করিয়া

এই সঙ্গে জানাইতেছি যে, এতদঞ্চলে সাধারণের মধ্যে একটু পাঠলালসার সঞ্চার হইয়াছে। সুতরাং একটি সাধারণ পাঠাগারের অভাব এক্ষণে অনুভূত হইবে। বান্ধব পুস্তকালয়ের যে সকল পুস্তক আপনাদের পুস্তকালয়েও আছে, সেই সমস্ত একত্র করিয়া যদি আপনারা আপনাদের কর্তৃত্বাধীনে স্বতন্ত্র ভাবে একটি Cerculating Library অর্থাৎ সাধারণের মধ্যে আপনাদের পরিষদের সভ্য ব্যতীত অন্য লোকের জন্য একটি সাধারণ পাঠাগার ব্যবস্থাপিত করিতে পারেন, তাহা হইলে আমরা কেহ কেহ আপনাদের আদেশ-মত পরিষদের ছাত্রসভ্য কতিপয় (যাঁহারা সংপ্রতি এতদঞ্চলে সাপ্তাহিক সাহিত্য আলোচনা করিতে প্রবৃত্ত হইয়াছেন এবং পরিষদের ছাত্র-সভার সম্পাদক শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ মহাশয়ের তত্ত্বাবধানে কার্য্য করিতেছেন) সাহায্যে ঐরূপ একটি পাঠাগারের কার্য্য-পরিচালনায় যথাসাধ্য সাহায্য করিতে প্রস্তুত আছি। সেরূপ হইলে আমরা উক্ত ছাত্রসভ্যগণদ্বারা আপনাদের উদ্দেশ্যানুযায়ী অন্য কার্য্য করাইতেও চেষ্টা করিব এবং সে বিষয়ে উক্ত ছাত্র-সভ্যগণও আমাদিগকে তাঁহাদের সহানুভূতি ও আগ্রহ জানাইয়াছেন। এক্ষণে তদ্বিষয়ে আপনাদের মীমাংসা জানিতে পারিলে তদনুযায়ী কার্য্য করিতে অগ্রসর হইব। ইতি।

বিনয়াবনত

শ্রীবাণীনাথ নন্দী

সহকারী সভাপতি।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের পত্র

২৬ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা,

২১শে কার্ত্তিক, ১৩১৮।

মান্যবর শ্রীযুক্ত বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-সম্পাদক

মহাশয় সমীপেষু—

সবিনয় নিবেদন,--

বিশ্ববিদ্যালয়ের উচ্চতম শ্রেণীতে ইতিহাস, দর্শন, সমালোচনা ও বিজ্ঞান, এই চারি শ্রেণীর সাহিত্য সম্বন্ধীয় শিক্ষণীয় বিষয়ের আলোচনায় ব্যবহারের জন্য বাঙ্গালা সাহিত্যকে উপযোগী করিয়া তুলা যে অবশ্য কর্ত্তব্য, তাহা বোধ হয়, প্রত্যেক সাহিত্যানুরাগীই অনুমোদন করিবেন। এতদুদ্দেশ্যে পাশ্চাত্য সাহিত্য হইতে বঙ্গভাষায় গ্রন্থাদি সঙ্কলন ও অনুবাদ করা আবশ্যক এবং বর্ত্তমান অবস্থায় সংরক্ষণ-নীতি অবলম্বন পূর্ব্বক উপযুক্ত বৃত্তিদ্বারা যোগ্য ব্যক্তিকে নিযুক্ত করিতে হইবে। এই ধারণায় বিগত মাঘ মাসে উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের মালদহ অধিবেশনে "সাহিত্য-সেবী" নামক একটি প্রবন্ধ পাঠ করিয়াছিলাম। তাহার ফলে, বহু সাহিত্য-সেবী ও সাহিত্য-পরিপোষক এ বিষয়ে ঔৎসুক্য প্রকাশ করেন। এতদ্দ্বারা বিশেষভাবে উৎসাহিত

হইয়া, গত বৈশাখ মাসে ময়মনসিংহ-সাহিত্য-সম্মিলনে একটি প্রস্তাব উপস্থাপিত করি এবং বহুলপ্রচারোদ্দেশে উহা স্বতন্ত্রভাবে মুদ্রিত হইয়া বিতরিত হয়। ঐ প্রস্তাব পরিশিষ্টে প্রদত্ত হইল।* উক্ত সম্মিলনে কাসিমবাজারের বিদ্যোৎসাহী ও সাহিত্যানুরাগী মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কর্ত্তৃক উহা সমর্থিত হইয়া উপস্থিত সভ্যমণ্ডলী কর্ত্তৃক পরিগৃহীত হইয়াছিল।

বর্ত্তমান উদ্দেশ্য-সাধনকল্পে কিছু পূর্ব্ব হইতেই আমি অর্থসংগ্রহে প্রবৃত্ত আছি। সম্প্রতি প্রধানতঃ আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী ও শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় মহাশয়গণের সাহায্যে ও অনুকম্পায় সংগৃহীত ৫০০০৲ পাঁচ সহস্র টাকা আমি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের হস্তে সমর্পণ করিতে ইচ্ছা করি। নিম্নলিখিত সর্ত্তে আপনারা এই অর্থ গ্রহণ করিলে কৃতার্থ হইব ;—

১। এই অর্থদ্বারা "সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলী" নামে এক শ্রেণীর গ্রন্থপ্রকাশের ব্যবস্থা করা হইবে।

২। এই বৃত্তি দ্বারা দুইটি কার্য্য সাধিত হইবে ;—

(ক) পাশ্চাত্য-দর্শনের ইতিহাস প্রণয়ন। যথা ;—Schwegler, Weber প্রভৃতি পণ্ডিত-গণের লিখিত গ্রন্থাবলম্বনে বাঙ্গালা ভাষায় পাশ্চাত্য-দর্শনের ইতিহাস রচনা করিতে হইবে।

(খ) ফরাসী পণ্ডিত Guizot-প্রণীত "ইউরোপীয় সভ্যতার ইতিহাস" নামক গ্রন্থের (বাঙ্গালী পাঠকের উপযোগী করিয়া) সরল বঙ্গানুবাদ।

৩। কার্য্যপ্রণালী ;—

(ক) পুস্তকের কিয়দংশ লিখিত হইলে, লেখককে উহা বঙ্গীয়-সাহিত্য-পরিষদে বক্তৃতাকারে পাঠ করিতে হইবে। তাহার পরে প্রবন্ধগুলি বিভিন্ন মাসিক পত্রিকায় প্রকাশিত করিবার ব্যবস্থা করিতে হইবে। সমগ্র গ্রন্থ অথবা গ্রন্থের যে অংশটুকু স্বতন্ত্র খণ্ডে প্রকাশিত হইবার উপযুক্ত, তাহা ঐরূপে সাময়িক পত্রে প্রকাশিত হইলে, পরীক্ষকের নিকট ঐ রচনা প্রেরিত হইবে। পরীক্ষকের মন্তব্য অনুসারে লেখককে উক্ত রচনার যথোচিত পরিবর্ত্তন করিতে হইবে।

(খ) এই দুই পুস্তকেরই আলোচ্য বিষয় সম্বন্ধে শ্রীযুক্ত ডাঃ ব্রজেন্দ্রনাথ শীল এম্ এ, পি এইচ্ ডি মহাশয় এবং ভাষা সম্বন্ধে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়গণ পরীক্ষক থাকিবেন।

(গ) প্রথম পুস্তক অন্ততঃ এক হাজার পৃষ্ঠায় সম্পূর্ণ হইয়া দুই বা তিন খণ্ডে প্রকাশিত হইবে।

* ময়মনসিংহ-সাহিত্য-সম্মিলনে গৃহীত প্রস্তাব,—"বঙ্গভাষার বিশেষ পুষ্টি ও শ্রীবৃদ্ধির উদ্দেশ্যে এবং অন্যান্য সমুন্নত ভাষার ন্যায় তাহাকে উন্নত করিবার জন্য দেশের কৃতবিদ্য শক্তিশালী বিশেষজ্ঞ পণ্ডিতগণ দ্বারা উপযুক্ত উপায়ে বিবিধ শাস্ত্রের গ্রন্থরচনা সঙ্কলন ও অনুবাদ করাইবার ব্যবস্থার নিমিত্ত একটি ধনভাণ্ডার স্থাপিত হওয়া ।"

৪। ব্যয়ের হিসাব ;—

প্রথম গ্রন্থ।—	মুদ্রণ—	১৫০০৲
	লেখকের পারিশ্রমিক—	১২০০৲
	পরীক্ষকগণের পারিশ্রমিক—	৩০০৲
দ্বিতীয় গ্রন্থ।—	মুদ্রণ—	১০০০৲
	লেখকের পারিশ্রমিক—	৭৫০৲
	পরীক্ষকগণের পারিশ্রমিক—	২৫০৲
		৫০০০৲

৫। গ্রন্থের স্বত্ব ;—

(ক) প্রত্যেক গ্রন্থ হাজার কাপি করিয়া মুদ্রিত হইবে এবং পরিষৎ কর্ত্তৃক উহার মূল্য নির্দ্ধারিত হইবে।

(খ) পরিষৎ কর্ত্তৃক প্রত্যেক গ্রন্থের দুই শত কাপি বিশিষ্ট সাহিত্যিকগণকে উপহারস্বরূপ প্রদত্ত হইবে। আর লেখকের ইচ্ছানুসারে ২৫ কাপি পুস্তক বিতরিত হইতে পারিবে।

(গ) অবশিষ্ট কাপিগুলি পরিষদের সম্পত্তিরূপে পরিগণিত হইবে।

(ঘ) অন্যান্য সংস্করণ সম্বন্ধে পরিষদের সম্পূর্ণ স্বত্বাধিকার থাকিবে।

৬। গ্রন্থের যে পরিমাণ অংশ এক খণ্ডে প্রকাশিত হইবার উপযুক্ত, তাহা পরীক্ষকগণের মনোনীত হইবার পূর্ব্বে কোন লেখক ন্যায্য পারিশ্রমিকের কোন অংশ পাইবেন না।

৭। লেখক-নির্ব্বাচন ;—

(ক) সাধারণতঃ বাঙ্গালা-সাহিত্যে লব্ধপ্রতিষ্ঠ এবং দেশীয় বা বিদেশীয় বিশ্ববিদ্যালয়ের উপাধিপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অপর কেহ এই রচনা-ভার গ্রহণ করিতে পারিবেন না।

(খ) শ্রীযুক্ত ডাক্তার ব্রজেন্দ্রনাথ শীল এম্ এ, পি এইচ ডি, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ মহাশয়গণকে লইয়া নির্ব্বাচনাদি ও কার্য্যভার-সমিতি গঠিত হইবে। উক্ত সমিতি যাঁহাকে গ্রন্থরচনা-বিষয়ে উপযুক্ত বিবেচনা করিবেন, তাঁহারা তাঁহাকেই আহ্বান করিয়া গ্রন্থ-রচনা-ভার অর্পণ করিবেন।

(গ) রচনা-কার্য্যের ভার পাইবার জন্য কেহ আবেদন করিলে, তাহা গৃহীত হইবে না।

৮। প্রকাশিত গ্রন্থদ্বয়ের ভূমিকায় এই সংরক্ষণ-নীতি-প্রতিষ্ঠাবিষয়ক পত্র সংযুক্ত থাকিবে। পরিষদের পত্রিকা, পঞ্জিকা প্রভৃতিতে এই পত্র ও পরিশিষ্ট প্রকাশিত হইবে।

৯। সম্প্রতি বরেণ্য কবি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সম্বর্দ্ধনার জন্য যে সমিতি গঠিত হইয়াছে, তাঁহাদের উদ্দেশ্যের সহিত আমার সম্পূর্ণ ও আন্তরিক সহানুভূতি আছে। যদি তাঁহারা রবীন্দ্র বাবুর সম্বর্দ্ধনা উদ্দেশ্যে সংগৃহীত সমুদায় অর্থ এই সাহিত্য-সংরক্ষণ-ভাণ্ডারে (পূর্ব্ববিবৃত সংরক্ষণ-প্রস্তাব অনুসারে) প্রদান করেন, তবে এই ভাণ্ডারের ৫০০০৲ পাঁচ সহস্র টাকা উক্ত সংগৃহীত অর্থের সহিত একযোগে "রবীন্দ্র-বৃত্তি" প্রতিষ্ঠার জন্য নিয়োজিত হইবে এবং এই যুক্ত ভাণ্ডার হইতে প্রকাশিত গ্রন্থনিচয় "সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলী—রবীন্দ্র-বৃত্তি-প্রাপ্ত" এই নামে অভিহিত হইবে।

বিনয়াবনত

শ্রীবিনয়কুমার সরকার।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-সম্পাদক সমীপেষু—

সবিনয় নিবেদন—

মহাশয়,

পরলোকগত শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ বি এল্ মহাশয় জীবিতকালে মালদহ জেলার সর্ব্ববিধ উন্নতিকল্পে যথাসাধ্য চেষ্টা করিয়াছিলেন। আধুনিক মালদহ-সমাজের হিত-সাধনে তিনিই সর্ব্বপ্রথমে উদ্যোগী হইয়া আজীবন তাঁহার নানাবিষয়িণী প্রতিভার সদ্ব্যবহার করিতেন।

শিক্ষাবিস্তারে তাঁহার অধ্যবসায় অনেক মালদহবাসীর পথপ্রদর্শক হইয়াছে। শেষ জীবনে তিনি মালদহ জাতীয়-শিক্ষা-সমিতির কার্য্যে অক্লান্ত পরিশ্রম স্বীকার করিয়াছিলেন।

তাঁহার সাহিত্য-সেবা সমগ্র বঙ্গদেশে সুপরিচিত। ঐতিহাসিক প্রবন্ধরাজির দ্বারা তিনি মালদহের প্রাচীন কীর্ত্তিসমূহের প্রতি সাহিত্যিকগণের দৃষ্টি আকর্ষণ করিতে সমর্থ হইয়া লব্ধপ্রতিষ্ঠ হইয়াছিলেন।

এই সকল কারণে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত ইহাঁর স্মৃতি সংযুক্ত করিয়া রাখিতে বাঙ্গালী মাত্রেরই ইচ্ছা স্বাভাবিক। এতদুদ্দেশ্যে আমি আপনাদের হস্তে ৬০০৲ ছয় শত টাকা সমর্পণ করিতে ইচ্ছা করিয়াছি। আপনারা নিম্নলিখিত সর্ত্তে এই সামান্য দান গ্রহণ করিলে কৃতার্থ হই।

১। কোম্পানীর কাগজে অথবা অন্য কোন স্থায়ী লগ্নী কার্য্যে আপনারা এই টাকা লাগাইবেন।

২। ইহার বার্ষিক সুদ হইতে আপনারা একটি বার্ষিক বৃত্তি প্রদান করিবেন।

৩। এই বৃত্তির নাম—"রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি" থাকিবে।

৪। বঙ্গভাষায় পাশ্চাত্য সাহিত্য-সমালোচনাবিষয়ক উৎকৃষ্ট প্রবন্ধের জন্য এই বৃত্তি প্রদত্ত হইবে।

৫। পাশ্চাত্য সাহিত্য হইতে প্রবন্ধের বিষয় নির্ব্বাচন, প্রাপ্ত প্রবন্ধ পরীক্ষা, বৃত্তি প্রদান প্রভৃতি কার্য্যের জন্য আপনারা উপযুক্ত পাশ্চাত্য সাহিত্যাভিজ্ঞ ব্যক্তিগণের সমিতি গঠন করিবেন।

৬। বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধ প্রকাশযোগ্য বলিয়া বিবেচিত হইলে প্রকাশের ব্যবস্থা করিবেন।

৭। এই দানপত্র আপনাদের প্রত্যেক পত্রিকা, কার্য্যবিবরণী প্রভৃতি মুদ্রিত পত্রিকায় উপযুক্ত স্থানে প্রতি বৎসর প্রকাশিত হইবে এবং তাহার নীচে বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধের নাম এবং প্রবন্ধলেখকের নাম-ধাম প্রতি বৎসর যথাক্রমে সন্নিবেশিত থাকিবে।

বিনয়াবনত

৭-৭-১১ শ্রীবিনয়কুমার সরকার

২৬ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা। সহঃ সম্পাদক, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, কলিকাতা।

প্রবন্ধ ও বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধ-লেখকের নাম

বঙ্গাব্দ	প্রবন্ধ	বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধ-লেখক
১৩১৯	"ওয়ার্ডস্‌ওয়ার্থের কবিতা"	শ্রীযুক্ত অক্ষয়কুমার ঘোষ বিএ
১৩২০	"টেনিসনের কবিতায় কি শিক্ষা করা যায়।"	এই প্রবন্ধ এখনও পরীক্ষিত হয় নাই।

প্রতিমূর্ত্তির তালিকা

মূর্ত্তি

১। রামমোহন রায়—পণ্ডিত শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৩। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৪। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—হেমচন্দ্র-স্মৃতি-রক্ষা-সমিতি কর্ত্তৃক প্রদত্ত।

চিত্র

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—শ্রীযুক্ত দিব্যেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত পুরেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

২। দীনবন্ধু মিত্র—শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র প্রভৃতি দীনবন্ধু বাবুর পুত্রগণ কর্ত্তৃক প্রদত্ত।

৩। অক্ষয়কুমার দত্ত—শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৪। ভূদেব মুখোপাধ্যায়—শ্রীযুক্ত মুকুন্দদেব মুখোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৫। কালীপ্রসন্ন সিংহ—শ্রীযুক্ত বিজয়চন্দ্র সিংহ মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৬। প্যারীচাঁদ মিত্র (টেকচাঁদ ঠাকুর)—শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র ও ভ্রাতৃগণ কর্ত্তৃক প্রদত্ত।

৭। চন্দ্রনাথ বসু—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

৮। শ্রীশচন্দ্র মজুমদার—শ্রীযুক্ত শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৯। যোগেন্দ্রচন্দ্র বসু—শ্রীযুক্ত বরদাপ্রসাদ বসু মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১০। রামতনু লাহিড়ী—শ্রীযুক্ত শরৎকুমার লাহিড়ী মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১১। কবিরাজ গঙ্গাধর কবিরত্ন—শ্রীযুক্ত ত্র্যম্বকেশ্বর রায়-প্রদত্ত ফটো হইতে পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১২। আনন্দরাম বড়ুয়া— } শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়-দত্ত ফটো হইতে

১৩। মাইকেল মধুসূদন দত্ত— } পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১৪। রামগোপাল সেন—৺কালীপ্রসন্ন সেন কর্ত্তৃক প্রদত্ত।

১৫। মাননীয় মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

১৬। রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর—পরিষদের ব্যয়ে প্রস্তুত

১৭। কালীকৃষ্ণ ঠাকুর—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১৮। রাজনারায়ণ বসু—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

১৯। ক্ষেত্রপাল চক্রবর্ত্তী—তাঁহার স্বর্গীয় পুত্র কর্ত্তৃক প্রদত্ত।

২০। উমেশচন্দ্র বটব্যাল—শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বটব্যাল মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২১। ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়—কতিপয় বন্ধুর দত্ত অর্থে পরিষদের যত্নে প্রস্তুত।

২২। স্বামী বিবেকানন্দ—বেলুড় মঠাধিপতি মহারাজ ব্রহ্মানন্দ স্বামী কর্ত্তৃক প্রদত্ত।

২৩। মাইকেল মধুসূদন দত্ত—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২৪। রামমোহন রায়—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বিদ্যারত্ন কর্ত্তৃক প্রদত্ত।

২৬। দুর্গাদাস কর—শ্রীযুক্ত রাধাগোবিন্দ কর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২৭। রজনীকান্ত গুপ্ত—পরিষদের ব্যয়ে প্রস্তুত।

২৮। রামদাস সেন—শ্রীযুক্ত মণিমোহন সেন ও শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

২৯। শিশিরকুমার ঘোষ—শিশিরকুমার-স্মৃতি-সমিতির অর্থে প্রস্তুত।

৩০। যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ—তাঁহার পুত্র শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৩১। আচার্য্য সত্যব্রত সামশ্রমী—তাঁহার পুত্র শ্রীযুক্ত হিতব্রত সামরত্ন মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩২। প্রিয়নাথ চক্রবর্ত্তী—তাঁহার ভক্তগণ কর্ত্তৃক প্রদত্ত।

৩৩। বীরেশ্বর পাঁড়ে—তাঁহার পুত্র শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৪। মিঃ ই, বি, হাভেল—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৩৫। হরধ্যানভঙ্গ—শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৬। মদন-ভস্ম—শ্রীযুক্ত গোপেন্দ্রমোহন ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৭। কতিপয় পুরাতন চিত্র—শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৩৮। মেরী কার্পেণ্টারের অঙ্কিত ক্লিফটন নগরে রামমোহন রায়ের সমাধি—শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৩৯। সীতারামের কীর্ত্তির ধ্বংসাবশেষের ফটো—শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার কর্ত্তৃক প্রদত্ত।

৪০। কবিরাজ গঙ্গাধর সেন কবিরত্ন—লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর প্রদত্ত।

৪১। কেদারনাথ দত্ত—শ্রীযুক্ত সচ্চিদানন্দ দত্ত-প্রদত্ত।

নগেন্দ্র-সম্বর্দ্ধনা

আয়—		ব্যয়—	
উদ্বৃত্ত	৩৫৫।০	সম্বর্দ্ধনার যাবতীয় ব্যয় বাবদ	
শ্রীযুক্ত জলধর সেন	৩৲	খরচ	৩২২৸/৫
" সুধাকৃষ্ণ বাগচী	২৲	মুসলমান সাহিত্যিক সম্বর্দ্ধনার	
	৩৬০।০	ব্যয় সঙ্কুলান জন্য দান	১৩৸৵৫
			৩৩৬৷৷১০

কৈঃ—

আয়	৩৬০।০
ব্যয়	৩৩৬৷৷১০
উদ্বৃত্ত	২৩৷৷৵১০

রমেশ-ভবন

আয়—

গত বর্ষের উদ্বৃত্ত ৬৪৪৩।৵০

ব্যয়-

শ্রীরামকমল সিংহ
হিসাব রক্ষক।

ভ্রমসংশোধন

অশুদ্ধ	শুদ্ধ
৪০ পৃষ্ঠা প্রবেশিকা ১৬৯৲	১৫৯৲

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী-প্রণীত গ্রন্থাবলী

১। জিজ্ঞাসা

দ্বিতীয় সংস্করণ সংশোধিত ও পরিবর্দ্ধিত বৃহৎ গ্রন্থ। সূচী—সুখ না দুঃখ, সত্য, জগতের অস্তিত্ব, সৌন্দর্য্যতত্ত্ব, সৃষ্টি, অতিপ্রাকৃত, আত্মার অবিনাশিতা, কে বড়, মাধ্যাকর্ষণ, এক না দুই, অমঙ্গলের উৎপত্তি, বর্ণতত্ত্ব, প্রতীত্য সমুৎপাদ, পঞ্চভূত, উত্তাপের অপচয়, ফলিত জ্যোতিষ, নিয়মের রাজত্ব, সৌন্দর্য্য-বৃদ্ধি, মুক্তি, মায়াপুরী, বিজ্ঞান পুতুল-পূজা।

মূল্য ২৲ দুই টাকা মাত্র।

২। কর্ম্ম-কথা

সূচী—মুক্তির পথ—বৈরাগ্য—জীবন ও ধর্ম্ম—স্বার্থ ও পরার্থ—ধর্ম্ম-প্রবৃত্তি—আচার—ধর্ম্মের প্রমাণ—ধর্ম্মের অনুষ্ঠান—প্রকৃতি-পূজা—ধর্ম্মের জয়—যজ্ঞ। মূল্য ১।৹ পাঁচ সিকা মাত্র।

৩। চরিত-কথা

সূচী—ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর—অধ্যাপক হেল্‌ম্‌হোল্‌ৎজ—আচার্য্য মক্ষমূলর—উমেশচন্দ্র বটব্যাল—রজনীকান্ত গুপ্ত (প্রথম ও দ্বিতীয় প্রস্তাব) বলেন্দ্রনাথ ঠাকুর। মূল্য ।৶৹ দশ আনা মাত্র।

উল্লিখিত তিনখানি গ্রন্থের প্রকাশক—**শ্রীঅনুকুলচন্দ্র ঘোষ**

সংস্কৃত প্রেস ডিপজিটারী, ৩০ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

৪। প্রকৃতি (দ্বিতীয় সংস্করণ)

সূচী—সৌর জগতের উৎপত্তি—আকাশ-তরঙ্গ—পৃথিবীর বয়স—জ্ঞানের সীমানা—প্রাকৃত সৃষ্টি—প্রকৃতির মূর্ত্তি—পরমাণু—মৃত্যু—প্রাচীন জ্যোতিষ (প্রথম ও দ্বিতীয় প্রস্তাব)—আর্য্যজাতি, প্রলয়। মূল্য ১৲ এক টাকা মাত্র।

প্রকাশক—**এস্ কে লাহড়ী এণ্ড কোং**, ৫৬ কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

৫। ঐতরেয় ব্রাহ্মণ (বঙ্গানুবাদ)

টীকা ও পরিশিষ্ট সমেত চৈত্র মাস পর্য্যন্ত সাধারণের পক্ষে—৩৲, সদস্য পক্ষে—২।৹, মূল্যের বিশেষ বিবরণ অন্যত্র দ্রষ্টব্য।

প্রকাশক—**বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ**।

৬। বিচিত্র-প্রসঙ্গ

ব্রাহ্মণ্যধর্ম্ম ও হিন্দুসমাজের বিশিষ্ট ভাব ও তাহা সহিত বৌদ্ধ ও খ্রীষ্টীয় ধর্ম্মের সম্পর্ক সম্বন্ধে রামেন্দ্র বাবুর মতামত এই গ্রন্থে অধ্যাপক শ্রীযুক্ত বিপিনবিহারী গুপ্ত এম্ এ কর্ত্তৃক সঙ্কলিত হইয়াছে। মূল্য ১।৹ দেড় টাকা মাত্র।

প্রকাশক—**গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্‌স্** ২০১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

দেশীয় শিল্পের চরমোৎকর্ষ !

ফ্যাক্টরার সাবান

ORIENTAL SOAP FACTORY
GOABAGAN, CALCUTTA.

THE EMBLEM OF PURITY.

মূল্যে সুলভ
গুণে, সৌরভে
ও
স্থায়িত্বে
অতুলনীয়

—•—

অটো কহিনুর ১ বাক্স (৩ খানা)			...	১৷৹
বকুল	"	"	...	৷৵
জেসমিন (যূঁই)	"	"	...	৷৵
খস	"	"	...	৷৵
গোলাপ	"	"	...	৷৴

ওরিয়েণ্টাল সোপ ফ্যাক্টরী

গোয়াবাগান, কলিকাতা।
টেলিগ্রাম :—"কৌস্তুভ", কলিকাতা।

যকৃৎ, প্লীহা, ম্যালেরিয়া জ্বরে ও প্লেগে

Batliwall's Genuine Quinine Tableens gr. 1 each bottle of 100. Price 12 As. each.

Batliwalla's Genuine Quinine Tableens gr. 2 each bottle of 100. Price Re. 1 each.

Batliwalla's Ague Mixture for Fevers, Malaria, Influenza etc. Price Re. 1 each.

Batliwalla's Ague Pills for Malaria, Fever, Influenza etc. Price Re. 1 each.

Batliwalla's Tonic Pills for pale people & nervous breakdown Price Rs 1-8 as. each.

Batliwalla's Tooth Powder for Preserving Teeth. Price 4 as. each.

Batliwalla's Ringworm ointment for ringworm, Dhobi itch etc. Price 4 as. each.

May be had from all dealers in medicines or from

Dr. H. L. Batliwalla Sons & Co., Ltd.
No. Worli, 18 Bombay.

TELEGRAPHIC ADDRESS :—"**Doctor Batliwalla Dadar.**"

১। স্বর্ণলতা ২। হরিষে বিষাদ ৩। অদৃষ্ট

৺তারকনাথ গঙ্গোপাধ্যায়-প্রণীত; অভিনব সংস্করণ। এ সকল পুস্তকের পরিচয় অনাবশ্যক। এরূপ হৃদয়গ্রাহী, মর্ম্মস্পর্শী ও শিক্ষাপ্রদ সামাজিক উপন্যাস আর দ্বিতীয় নাই বলিলে অত্যুক্তি হয় না। "স্বর্ণলতা" সরলা নামে রঙ্গালয়ে অভিনীত হইয়া যুগান্তর উপস্থিত করিয়াছে। বাঙ্গালার অতিশয় মনোরম গার্হস্থ্য চিত্র। প্রিয় জনকে উপহার দিবার বিশেষ উপযোগী। উত্তম ছাপা, উত্তম বাঁধাই। প্রত্যেক খানির মূল্য ১।০ এক টাকা চারি আনা মাত্র। একত্রে লইলে তিন টাকা মূল্যে দেওয়া যাইবে।

ভাস্করানন্দচরিত

কাশীধামের সুবিখ্যাত পরমযোগী ভাস্করানন্দের চরিত পাঠে আনন্দের সহিত জ্ঞান ও ভক্তি লাভ হইবে। ভারতের প্রধান সেনাপতি ও তাঁহার পত্নীর মধ্যস্থলে উলঙ্গ সন্ন্যাসী ভাস্করানন্দের ফটো দেখিয়া পুলকিত ও বিস্মিত হইবেন। সুন্দর ছাপা ও বহু চিত্রে শোভিত। শ্রীযুক্ত স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, চন্দ্রনাথ বসু, শিবনাথ শাস্ত্রী, রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, সারদাচরণ মিত্র প্রভৃতি স্বনামধন্য ব্যক্তিগণ কর্তৃক প্রশংসিত। মূল্য ১৲ এক টাকা মাত্র।

জ্ঞান ও কর্ম্ম

শ্রীযুক্ত স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়-প্রণীত। সুচিন্তিত এবং সারগর্ভ; নূতন রকমে লিখিত পুস্তক। প্রত্যেক বাঙ্গালীর অবশ্য পাঠ্য; পূজার উপহারের নিমিত্ত বিশেষরূপে যোগ্য। পাঁচ শত পৃষ্ঠা, সুন্দর ছাপা, বাঁধাই, মূল্য ২৲ দুই টাকা মাত্র।

রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ

পণ্ডিত শিবনাথ শাস্ত্রী প্রণীত। রামতনু বাবুর জীবনের কাহিনী পাঠ করিলে, দুঃখ দুর্দ্দশার ভিতর তাঁহার ধৈর্য্য ও ভগবৎপ্রেমের কথা শ্রবণ করিলে, মনে বল পাওয়া যায়। এতদ্ভিন্ন তৎকালীন বঙ্গসমাজের নিখুঁৎ ছবি দেখিয়া আনন্দিত হইবেন। ইংরাজী শিক্ষার প্রারম্ভে হেয়ার সাহেব ও তাঁহার সমসাময়িক ব্যক্তিগণের জীবনী এবং তদানীন্তন বহু ইতিহাস ও কার্য্যাবলী দেখিয়া প্রীতি লাভ করিবেন। বহু চিত্রে সুশোভিত, সুন্দর ছাপা, দ্বিতীয় সংস্করণ, মূল্য ২৷৷০ দুই টাকা আট আনা মাত্র।

এস্, কে, লাহিড়ী এণ্ড কোং, ৫৬ নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

বহু পরীক্ষিত ঔষধ

নিমের এসেন্স

চুলকানী, খোষ এবং সর্ব্বপ্রকার চর্ম্মরোগে নিমের ন্যায় প্রত্যক্ষ ফলপ্রদ ঔষধ আর নাই। অল্প দিন ব্যবহারেই দূষিত রক্ত শোধিত এবং রক্তদুষ্টির লক্ষণ সকল দূর হয়।

প্রতি শিশি—১৲ টাকা

কুর্চ্চির তরলসার

পুরাতন আমাশয় ও রক্ত আমাশয় রোগের অমোঘ ঔষধ। সমগ্র চিকিৎসকমণ্ডলী কর্ত্তৃক একবাক্যে প্রশংসিত।

প্রতি শিশি ১৷৹ আনা।

অশোকের তরলসার

যাবতীয় স্ত্রীরোগে ব্যবহার্য্য। প্রদর, অতিরিক্ত রজঃস্রাব, উদরের বেদনা প্রভৃতি প্রশমিত করিয়া শরীর সুস্থ ও পুষ্ট করে।

প্রতি শিশি ১৲ টাকা।

বাসকের সিরাপ

বাসক বা বাসকের আশ্চর্য্য গুণ কাহারও অবিদিত নহে। কাশী, ব্রঙ্কাইটিশ প্রভৃতি রোগে আশু ফলপ্রদ।

প্রতি শিশি ॥৵৹ আনা।

বেঙ্গল কেমিক্যাল এণ্ড ফার্ম্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেড, কলিকাতা।

সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

ও

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

একবিংশ সাংবৎসরিক

কার্য্য-বিবরণী

২৪৩।১ আপার সার্কুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে

শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক

প্রকাশিত

—

কলিকাতা

১৩২২

তুমি বিদ্যা তুমি ধর্ম্ম
তুমি হৃদি তুমি মর্ম্ম
ত্বং হি প্রাণাঃ শরীরে।
বাহুতে তুমি মা শক্তি
হৃদয়ে তুমি মা ভক্তি
তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে॥

প্রথম খণ্ড—মেট্‌কাফ্ প্রিন্টিং ওয়ার্কস্,
দ্বিতীয় খণ্ড—চেম্রী-প্রেস এবং
টাইটেল, সূচী ও মলাট বিশ্বকোষ-প্রেসে মুদ্রিত।

সূচী

প্রথম খণ্ড

বিষয়	পৃষ্ঠা
দিন-পঞ্জিকা	১
প্রসিদ্ধ সাহিত্য-সেবিগণের জন্ম-মৃত্যু তারিখ ...	৩
ঐতিহাসিক ঘটনাপঞ্জী	৪
বঙ্গীয়-সাহিত্য-পরিষদের নিয়মাবলী ...	৮
বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা-গঠনের নিয়মাবলী ...	২০
বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠাতৃগণ ...	২২
পরিষদের কর্ম্মচারিগণের আশুস্থ তালিকা ...	২৩
বর্ষশেষে সদস্য-সংখ্যা ও আয়	২৬
স্থায়ী ভাণ্ডারে দান	২৭
সদস্য-তালিকা—	
বান্ধব	২৮
বিশিষ্ট	„
আজীবন	„
অধ্যাপক	২৯
মৌলবী	„
সহায়ক	১০৭
ছাত্র-সভ্য	১০৮
সাধারণ (কলিকাতা)	২৯
„ (মফস্বল)	৫৫
পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ	৯৪
১৩২২ সালের কার্য্য-নির্ব্বাহক-সমিতি ...	১১১
১৩২২ „ পত্রিকা-পরিচালন-সমিতি ...	১১৩
১৩২২ „ পুস্তকালয়-সমিতি	„
১৩২০।২১।২২ বঙ্গাব্দের জন্য গ্রন্থপ্রকাশার্থ পরামর্শ-সমিতি ...	১১৪

দ্বিতীয় খণ্ড

একবিংশ বার্ষিক কার্য্য-বিবরণ	১

পরিশিষ্ট

বিষয়			পৃষ্ঠা
শাখা পরিষদের কার্য্য-বিবরণ—			
রঙ্গপুর-শাখা	...	...	৪০
মুরশিদাবাদ-শাখা	...	...	৪৪
ভাগলপুর "	...	...	৪৫
চট্টগ্রাম "	...	...	৪৬
গৌহাটী "	...	...	৪৭
বরিশাল "	...	...	৪৯
বর্দ্ধমান "	...	...	৫০
কালনা "	...	...	৫১
দিল্লী "	...	...	৫৩
চিত্রশালার কার্য্য-বিবরণ	...	...	৫৬
পুথিশালার " "	...	...	৫৮
গ্রন্থাগারের " "	...	...	৫৯
বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি	...	...	৬০
লালগোলার রাজা বাহাদুরের প্রদত্ত অর্থে গ্রন্থপ্রকাশের নিয়মাবলী			৬৩
শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের পত্র		...	৬৪
প্রতিমূর্ত্তির তালিকা	...	...	৬৮
উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন	...	...	৭০
বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন (৭ম ও ৮ম)		...	৭৪
বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের নিয়মাবলী		...	১০৪
পরিষৎ ও চিত্রশালা সম্বন্ধে কতিপয় অভিমত		...	১০৭
৺পিয়ারীচাঁদ মিত্রের শততম জন্মোৎসব		...	১১১
শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের পঞ্চাশত্তম জন্মোৎসব			১১৪
বঙ্গেশ্বরের পরিষদে আগমনের বিবরণ		...	১২১
বাৎসরিক আয়-ব্যয়-বিবরণ	...	...	১২৯
বিবিধ হিসাব	...	...	১৩০-১৩৬
লালগোলার রাজা বাহাদুরের প্রদত্ত অর্থে প্রকাশিত গ্রন্থের হিসাব			১৩৭
১৩২২ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ		...	১৩৮
রমেশ ভবনের ভূমিদান-পত্র	...	...	১৪০
রমেশ ভবনের হিসাব	...	...	১৪৪

সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা

দ্বাবিংশ বর্ষ

১৩২২ বঙ্গাব্দ, ১৮৩৭ শকাব্দ, ১৯১৫-১৯১৬ খৃষ্টাব্দ

পর্ব্বদিন

প্রতি সপ্তাহে বৃহস্পতি বার এবং নিম্নোক্ত পর্ব্বদিন ব্যতীত প্রত্যহ সম্পাদক কর্ত্তৃক নির্দ্ধারিত সময়ে (বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত) সাহিত্য-পরিষদের কার্য্যালয় খোলা থাকিবে।

নববর্ষ	১	বৈশাখ, বুধবার	কার্ত্তিকপূজা	৩০	কার্ত্তিক, মঙ্গলবার
দশহরা	৭	আষাঢ়, মঙ্গলবার	সরস্বতীপূজা	২৫	মাঘ, মঙ্গলবার
সম্রাটের জন্মদিন	২০	জ্যৈষ্ঠ, বৃহস্পতিবার	শিবরাত্রি	১৯	ফাল্গুন, বৃহস্পতিবার
রথযাত্রা	২৯	আষাঢ়, বুধবার	দোলযাত্রা	৬	চৈত্র, রবিবার
জন্মাষ্টমী	১৫	ভাদ্র, বুধবার	মহাবিষুব-সংক্রান্তি	৩১	চৈত্র, বৃহস্পতিবার
মহালয়া	২১	আশ্বিন, শুক্রবার	ইদলফিৎর	২৮	শ্রাবণ, শুক্রবার
দুর্গোৎসব	২৮	আশ্বিন—১২ কার্ত্তিক	মহরম	২	অগ্রহায়ণ, বৃহস্পতিবার
শ্যামাপূজা	২০-২১	কার্ত্তিক, শনি ও রবিবার	বড়দিন	৯	পৌষ, শনিবার
ভ্রাতৃদ্বিতীয়া	২২	কার্ত্তিক, সোমবার	নিউ ইয়ার্স ডে	১৬	পৌষ, শনিবার
জগদ্ধাত্রীপূজা	২৯	কার্ত্তিক, সোমবার	গুডফ্রাইডে		(পর বৎসর) শুক্রবার

[পরপৃষ্ঠায় দিন-পঞ্জিকা মুদ্রিত হইল।]

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	বুধ	শনি	বু	শ	বু	শ	সো	বু	শু	শ	র	ম
২	বৃহ	রবি	বৃ	র	বৃ	র	ম	বৃ	শ	র	সো	বু
৩	শুক্র	সোম	শু	সো	শু	সো	বু	শু	র	সো	ম	বৃ
৪	শনি	মঙ্গল	শ	ম	শ	ম	বৃ	শ	সো	ম	বু	শু
৫	রবি	বুধ	র	বু	র	বু	শু	র	ম	বু	বৃ	শ
৬	সোম	বৃহ	সো	বৃ	সো	বৃ	শ	সো	বু	বৃ	শু	র
৭	মঙ্গল	শুক্র	ম	শু	ম	শু	র	ম	বৃ	শু	শ	সো
৮	বুধ	শনি	বু	শ	বু	শ	সো	বু	শু	শ	র	ম
৯	বৃহ	রবি	বৃ	র	বৃ	র	ম	বৃ	শ	র	সো	বু
১০	শুক্র	সোম	শু	সো	শু	সো	বু	শু	র	সো	ম	বৃ
১১	শনি	মঙ্গল	শ	ম	শ	ম	বৃ	শ	সো	ম	বু	শু
১২	রবি	বুধ	র	বু	র	বু	শু	র	ম	বু	বৃ	শ
১৩	সোম	বৃহ	সো	বৃ	সো	বৃ	শ	সো	বু	বৃ	শু	র
১৪	মঙ্গল	শুক্র	ম	শু	ম	শু	র	ম	বৃ	শু	শ	সো
১৫	বুধ	শনি	বু	শ	বু	শ	সো	বু	শু	শ	র	ম
১৬	বৃহ	রবি	বৃ	র	বৃ	র	ম	বৃ	শ	র	সো	বু
১৭	শুক্র	সোম	শু	সো	শু	সো	বু	শু	র	সো	ম	বৃ
১৮	শনি	মঙ্গল	শ	ম	শ	ম	বৃ	শ	সো	ম	বু	শু
১৯	রবি	বুধ	র	বু	র	বু	শু	র	ম	বু	বৃ	শ
২০	সোম	বৃহ	সো	বৃ	সো	বৃ	শ	সো	বু	বৃ	শু	র
২১	মঙ্গল	শুক্র	ম	শু	ম	শু	র	ম	বৃ	শু	শ	সো
২২	বুধ	শনি	বু	শ	বু	শ	সো	বু	শু	শ	র	ম
২৩	বৃহ	রবি	বৃ	র	বৃ	র	ম	বৃ	শ	র	সো	বু
২৪	শুক্র	সোম	শু	সো	শু	সো	বু	শু	র	সো	ম	বৃ
২৫	শনি	মঙ্গল	শ	ম	শ	ম	বৃ	শ	সো	ম	বু	শু
২৬	রবি	বুধ	র	বু	র	বু	শু	র	ম	বু	বৃ	শ
২৭	সোম	বৃহ	সো	বৃ	সো	বৃ	শ	সো	বু	বৃ	শু	র
২৮	মঙ্গল	শুক্র	ম	শু	ম	শু	র	ম	বৃ	শু	শ	সো
২৯	বুধ	শনি	বু	শ	বু	শ	সো	বু	শু	শ	র	ম
৩০	বৃহ	[illegible]	বৃ	র	বৃ	র	ম	বৃ	—	—	সো	বু
৩১	শুক্র	[illegible]	শু	সো	শু	—	—	—	—	—	—	বৃ

প্রসিদ্ধ সাহিত্য-সেবিগণের জন্ম-মৃত্যু তারিখ।

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১লা বৈশাখ	বঙ্গাব্দ ১২৯৪
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্ম, ৬ই বৈশাখ	১২৪৫
ভূদেব মুখোপাধ্যায়ের মৃত্যু, ১লা জ্যৈষ্ঠ	১৩০১
বিহারীলাল চক্রবর্ত্তীর জন্ম, ৮ই জ্যৈষ্ঠ	১২৪২
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু, ১০ই জ্যৈষ্ঠ	১৩১০
বিহারীলাল চক্রবর্ত্তীর মৃত্যু, ১১ই জ্যৈষ্ঠ	১৩০১
অক্ষয়কুমার দত্তের মৃত্যু, ১৪ই জ্যৈষ্ঠ	১২৯৩
রজনীকান্ত গুপ্তের মৃত্যু, ৩০শে জ্যৈষ্ঠ	১৩০৭
চন্দ্রনাথ বসুর মৃত্যু, ৬ই আষাঢ়	১৩১৭
মধুসূদন দত্তের মৃত্যু, ১৭ই আষাঢ়	১২৮০
উমেশচন্দ্র বটব্যালের মৃত্যু, ১লা শ্রাবণ	১৩০৫
অক্ষয়কুমার দত্তের জন্ম, ১লা শ্রাবণ	১২২৭
রাজেন্দ্রলাল মিত্রের মৃত্যু, ১১ই শ্রাবণ	১২৯৮
কালীপ্রসন্ন ঘোষের মৃত্যু, ১৩ই শ্রাবণ	১৩১৪
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৃত্যু, ১৩ই শ্রাবণ	১২৯৮
যোগেন্দ্রচন্দ্র বসুর মৃত্যু, ২রা ভাদ্র	১৩১২
রামদাস সেনের মৃত্যু, ৩রা ভাদ্র	১২৯৪
দ্বারকানাথ বিদ্যাভূষণের মৃত্যু, ৮ই ভাদ্র	১২৯৩
উমেশচন্দ্র বটব্যালের জন্ম. ১৬ই ভাদ্র	১২৫৯
চন্দ্রনাথ বসুর জন্ম ১৭ই ভাদ্র	১২৫১
রজনীকান্ত গুপ্তের জন্ম, ২৯শে ভাদ্র	১২৫৬
কালীবর বেদান্তবাগীশের জন্ম	১২৪৯
... ... মৃত্যু, ১০ই আশ্বিন	১৩১৮
দীনবন্ধু মিত্রের মৃত্যু, ১৬ই কার্ত্তিক	১২৮০
দাশরথি রায়ের মৃত্যু, কার্ত্তিক	১২৬৪
রাজা বিনয়কৃষ্ণ দেবের মৃত্যু, ১৬ই অগ্রহায়ণ	১৩১৯
প্যারীচাঁদ মিত্রের মৃত্যু, ২১ অগ্রহায়ণ	১২৮৭
রামদাস সেনের জন্ম, ২৬শে অগ্রহায়ণ	১২৫২
যোগেন্দ্রচন্দ্র বসুর জন্ম, ১৬ই পৌষ	১২৬১
কেশবচন্দ্র সেনের মৃত্যু, ২৫শে পৌষ	১২৯০
দাশরথি রায়ের জন্ম, মাঘ	১২১২
দেবেন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু, ৬ই মাঘ	১৩১১
মনোমোহন বসুর মৃত্যু, ২১শে মাঘ	১৩১৮
ঈশ্বরচন্দ্র গুপ্তের মৃত্যু, ১০ই মাঘ	১২৬৫

গিরিশচন্দ্র ঘোষের মৃত্যু, ২৫শে মাঘ	বঙ্গাব্দ ১৩১৮
নবীনচন্দ্র সেনের জন্ম, ২৯শে মাঘ	১২৫৩
... ... মৃত্যু, ১০ই মাঘ	১৩১৫
মধুসূদন দত্তের জন্ম, ১২ই মাঘ	১২৩০
গৌরীশঙ্কর ভট্টাচার্য্যের মৃত্যু, ২৫শে মাঘ	১২৬৫
ভূদেব মুখোপাধ্যায়ের জন্ম, ২রা ফাল্গুন	১২৩২
রাজেন্দ্রলাল মিত্রের জন্ম, ৫ই ফাল্গুন	১২২৮
ঈশ্বরচন্দ্র গুপ্তের জন্ম, ২৫শে ফাল্গুন	১২১৮
গিরিশচন্দ্র ঘোষের জন্ম, ১৫ই ফাল্গুন	১২৫০
রামনিধি গুপ্তের মৃত্যু, ২১শে চৈত্র	১২৪৫
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মৃত্যু, ২৬শে চৈত্র	১৩০০

ঐতিহাসিক ঘটনাপঞ্জী

Bengal Academy of Literature প্রতিষ্ঠা, ৮ই শ্রাবণ	বঙ্গাব্দ ১৩০০
বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠা, ১৭ই বৈশাখ	১৩০১
জাতীয়-শিক্ষা-পরিষৎ প্রতিষ্ঠা, ২৭শে ফাল্গুন	১৩১২
নবাব সিরাজ-উদ্দৌলার হত্যা	খৃষ্টাব্দ ১৭৫৭
ভারতচন্দ্র রায়ের মৃত্যু	১৭৬০
রামপ্রসাদ সেনের মৃত্যু (জন্ম—১৭১৮ মৃত্যু—১৭৮২)	১৭৬২
কোম্পানির দেওয়ানি প্রাপ্তি	১৭৬৫
রামমোহন রায়ের জন্ম	১৭৭৪
হুগলিতে প্রথম মুদ্রাযন্ত্রপ্রতিষ্ঠা	১৭৭৮
প্রথম বাঙ্গালা মুদ্রিত পুস্তক—হালহেড সাহেবের ব্যাকরণ	১৭৭৮
কলিকাতায় প্রথম মুদ্রাযন্ত্র প্রতিষ্ঠা	১৭৮০
কলিকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা	১৭৮১
মহারাজ কৃষ্ণচন্দ্রের মৃত্যু	১৭৮২
এসিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠা	১৭৮৪
শ্রীরামপুরে মুদ্রাযন্ত্র (মিশন প্রেস) প্রতিষ্ঠা	১৭৯৩
বাইবেলের ও আইনের বাঙ্গালা অনুবাদ	১৭৯৩
প্রথম বাঙ্গালা ইংরাজি অভিধান ফরষ্টার কৃত	১৭৯৪
ফোর্ট উইলিয়ম কালেজ প্রতিষ্ঠা	১৮০০
প্রথম বাঙ্গালা গদ্যগ্রন্থ—রামরাম বসুর প্রতাপাদিত্য	১৮০১
বাঙ্গালায় প্রথম নীতিপুস্তক—গোলোকনাথ-কৃত হিতোপদেশের অনুবাদ	১৮০১
শ্রীরামপুরের যন্ত্রে কাশীদাসী মহাভারত প্রকাশ	১৮০১
মালদহে এলারটন কর্ত্তৃক প্রথম বাঙ্গালা বিদ্যালয় প্রতিষ্ঠা	১৮০২

শ্রীরামপুরের যন্ত্রে কৃত্তিবাসী রামায়ণ প্রকাশ	খৃষ্টাব্দ ১৮০২
বাঙ্গালায় প্রথম ইতিহাসগ্রন্থ—মৃত্যুঞ্জয়কৃত রাজাবলী	১৮০৮
প্রথম বাঙ্গালা অভিধান —পীতাম্বর মুখোপাধ্যায়ের শব্দসিন্ধু (অমরকোষের অনুবাদ)	১৮০৯
পুরুষপরীক্ষার অনুবাদ	১৮১৪
রামমোহন রায়-কৃত বেদান্তের অনুবাদ	১৮১৫
বাঙ্গালী কর্ত্তৃক প্রথম বাঙ্গালা বিদ্যালয় প্রতিষ্ঠা	১৮১৫
বাঙ্গালা প্রথম সংবাদপত্র গঙ্গাধর ভট্টাচার্য্যের বেঙ্গল গেজেট	১৮১৬
বাঙ্গালা প্রথম জ্যোতিষ গ্রন্থ	১৮১৬
স্কুলবুক সোসাইটি প্রতিষ্ঠা	১৮১৭
দেবেন্দ্রনাথ ঠাকুরের জন্ম	১৮১৭
প্রথম বাঙ্গালা অঙ্ক পুস্তক—জমিদারী হিসাব	১৮১৭
” সঙ্গীত পুস্তক	১৮১৭
প্রথম বাঙ্গালা স্ত্রীশিক্ষাবিষয়ক পুস্তক—গৌরমোহন কৃত	১৮১৮
শ্রীরামপুরে রামহরি প্রকাশিত প্রথম বাঙ্গালা পঞ্জিকা	১৮১৮
কেরী সাহেবের ‘সমাচার-দর্পণ’ প্রকাশ	১৮১৮
রামমোহন রায়-সম্পাদিত ‘সংবাদ-কৌমুদী’ প্রকাশ	১৮১৮
কেরী সাহেবের ‘অস্থিবিদ্যা’বিষয়ক গ্রন্থ	১৮১৮
ভবানীচরণ বন্দোপাধ্যায়-সম্পাদিত ‘সমাচারচন্দ্রিকা’ প্রকাশ	১৮১৯
প্রথম বাঙ্গালা ভূগোল-গ্রন্থ	১৮১৯
মথুরামোহন দত্ত-কৃত মুগ্ধবোধের বঙ্গানুবাদ	১৮১৯
কেরী সাহেবকৃত গোল্ড্ স্মিথের ইংলণ্ডের ইতিহাসের বঙ্গানুবাদ	১৭১৯
গঙ্গাকিশোর ভট্টাচার্য্য-কৃত বাঙ্গালায় ইংরাজি-ব্যাকরণ	১৮২০
গীতগোবিন্দের প্রথম মুদ্রণ	১৮২০
কবিকঙ্কণ চণ্ডীর ঐ	১৮২০
অন্নদামঙ্গলের ঐ	১৮২০
চৈতন্যচরিতামৃতের ঐ	১৮২০
গঙ্গাভক্তিতরঙ্গিনীর ঐ	১৮২০
কালীনাথ কর্ত্তৃক বাঙ্গালা অক্ষরে খোদিত ভূমণ্ডলের মানচিত্র	১৮২১
চর্চ্চ মিশন সোসাইটির কুক সাহেবের স্থাপিত প্রথম বালিকা-বিদ্যালয়	১৮২১
বাঙ্গালা নাটকের প্রথম অভিনয়—“কলিরাজার যাত্রা”	১৮২১
রাজা রাধাকান্ত দেবের শব্দকল্পদ্রুম (প্রথম খণ্ড)	১৮২২
বাঙ্গালায় জাতিতত্ত্ববিষয়ক প্রথম গ্রন্থ (হেমচন্দ্রকৃত)	১৮২৩
বাঙ্গালীকর্ত্তৃক স্থাপিত প্রথম মুদ্রাযন্ত্র (অগ্রদ্বীপ-কাল্না)	১৮২৫
বিদ্যাসুন্দরের প্রথম মুদ্রণ	১৮২১ ১৮২৬
সংস্কৃত কালেজ প্রতিষ্ঠা	১৮২৪

প্রথম বাঙ্গালা পদার্থবিদ্যা গ্রন্থ—“পদার্থবিদ্যাসার”	খৃষ্টাব্দ ১৮২৫
,, ,, নীতিবিষয়ক কবিতা পুস্তক—“কবিতামৃত-কূপ”	১৮২৬
রামমোহন রায়ের উপাসনা-সভা প্রতিষ্ঠা	১৮২৮
রামমোহন রায়ের ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা	১৮২৯
ঈশ্বরচন্দ্র গুপ্তের ‘সংবাদ প্রভাকর’	১৮৩০
মর্টন সাহেব কর্ত্তৃক বাঙ্গালা-প্রবাদ-সঙ্কলন	১৮৩২
কালীকৃষ্ণ-কৃত ‘শিল্পবিজ্ঞানবিষয়ক পুস্তক’	১৮৩৩
রামমোহন রায়ের মৃত্যু	১৮৩৩
গৌরীশঙ্কর ভট্টাচার্য্য কর্ত্তৃক “ভাস্কর” প্রকাশ	১৮৩৪
বাঙ্গালায় প্রথম রসায়ন গ্রন্থ	১৮৩৪
ঈশ্বরচন্দ্র ভট্টাচার্য্য কৃত দ্রব্যগুণতত্ত্ববিষয়ক গ্রন্থ	১৮৩৫
মুদ্রাযন্ত্রের স্বাধীনতা লাভ	১৮৩৫
বাঙ্গালায় প্রথম চিকিৎসা পুস্তক—মধুসূদন গুপ্তের ‘ভেষজবিধান’	১৮৩৬
বৰ্দ্ধমানরাজবাটীর মহাভারত— আদিপর্ব্ব	১৮৩৮
কেশবচন্দ্র সেনের জন্ম	১৮৩৮
তত্ত্ববোধিনী সভার প্রতিষ্ঠা	১৮৩৯
সংবাদ-প্রভাকর (দৈনিক)	১৮৩৯
বিবিধার্থ-সংগ্রহ	১৮৪০
মফস্বলের প্রথম সংবাদপত্র —‘মুর্শিদাবাদ-পত্রিকা’	১৮৪০
বাঙ্গালায় প্রথম বাঙ্গালার ইতিহাস—গোবিন্দ সেনকৃত	১৮৪০
প্রথম ধর্ম্মতত্ত্ববিষয়ক গ্রন্থ,—‘ধর্ম্মের উৎপত্তি’	১৮৪০
ব্রাহ্মধর্ম্ম প্রতিষ্ঠা (দেবেন্দ্রনাথ ঠাকুর কর্ত্তৃক)	১৮৪৩
তত্ত্ববোধিনী পত্রিকা	১৮৪৩
প্রথম সচিত্র পত্রিকা, পাক্ষিক ‘অরুণোদয়’	১৮৪৬
মফস্বলে (বারাশতে) প্রথম বালিকাবিদ্যালয়	১৮৪৭
কালীকৈবল্যদায়িনী প্রকাশ	১৮৪৮
বেথুন কালেজ প্রতিষ্ঠা	১৮৪৯
বঙ্গভাষায় প্রথম পরিমিতি —“ভূমিপরিমাণ বিদ্যা”	১৮৫০
ভার্ণাকিউলার লিটারেচার সোসাইটি প্রতিষ্ঠা	১৮৫১
দাশু রায়ের পাঁচালী (১ম, ২য় ও ৩য় খণ্ড)	১৮৫১
বাঙ্গালার প্রথম উপন্যাস,—শ্রীমতী মুলেন্স কৃত “ফুলমণি ও করুণা”	১৮৫২
প্রথম ধারাপাত, ক্ষেত্রমোহনকৃত	১৮৫৩
চৈতন্যচন্দ্রোদয় প্রথম মুদ্রণ	১৮৫৩
এস্ সি কর্ম্মকারের ঔষধ-প্রস্তুত বি	১৮৫৪
“কুলীনকুলসর্ব্বস্ব” প্রকাশ	১৮৫৪
রাজেন্দ্রলাল মিত্রের প্রাকৃত ভূগোল	১৮৫৫

প্রথম পূর্ত্তকার্য্যবিষয়ক গ্রন্থ—"উপায়-দর্শক" (এইচ্ বেলী সাহেবের কৃত)	খৃষ্টাব্দ ১৮৫৫
চৈতন্য-ভাগবতের প্রথম মুদ্রণ	১৮৫৫
কালীপ্রসন্ন সিংহের মহাভারত—আদিকাণ্ড	১৮৫৫
এডুকেশন গেজেট	১৮৫৬
কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা	১৮৫৭
দাশরথি রায়ের মৃত্যু	১৮৫৭
মহারাণীর ঘোষণা পত্র	১৮৫৮
দ্বারকানাথ বিদ্যাভূষণের "সোমপ্রকাশ"	১৮৫৮
ঈশ্বর গুপ্তের মৃত্যু	১৮৫৯
তিলোত্তমা-সম্ভব কাব্য	১৮৬০
"নীলদর্পণ" (ঢাকায় ছাপা ও বাঙ্গালী কর্ত্তৃক অভিনয়)	১৮৬১
লং সাহেবের কারাবাস	১৮৬১
ঢাকায় পূর্ব্ববঙ্গ-রঙ্গভূমি (প্রথম বাঙ্গালা সাধারণ নাট্যশালা স্থাপন)	১৮৬২
ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ	১৮৬৬
রাজা রাধাকান্ত দেবের মৃত্যু	১৮৬৮
সুলভ-সমাচার প্রকাশ	১৮৭০
বঙ্গদর্শন প্রকাশ	১৮৭২
কলিকাতায় প্রথম সাধারণ বাঙ্গালা নাট্যশালা স্থাপন—ন্যাশন্যাল থিয়েটার	১৮৭২

[এই তালিকায় ভ্রম থাকিলে পাঠকগণ তাহা সংশোধন করিয়া দিলে সম্পাদক বাধিত হইবেন এবং তালিকা সম্পূর্ণ করিবার জন্য অন্যান্য স্মরণীয় ঘটনার তারিখ পরিষৎ-সম্পাদককে লিখিয়া পাঠাইলে আগামী বৎসর তাহা প্রকাশিত হইবে।]

[illegible]

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের

নিয়মাবলী

উদ্দেশ্য ও নাম

১। বিবিধ উপায়ে বাঙ্গালা-ভাষা ও বাঙ্গালা-সাহিত্যের অনুশীলন এবং উন্নতি-সাধনই পরিষদের উদ্দেশ্য।

সভার নাম **বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ**

উদ্দেশ্য-সাধনের উপায়

২। এই সভার উদ্দেশ্য-সাধনার্থ নিম্ন-লিখিত ও আবশ্যক হইলে তদতিরিক্ত উপায়সমূহ অবলম্বিত হইবে, যথা ;—

(ক) বাঙ্গালা-ভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন।

(খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা সঙ্কলন।

(গ) প্রাচীন বাঙ্গালা-কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।

(ঘ) ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ ও প্রকাশ।

(ঙ) দর্শন, বিজ্ঞান, ইতিহাস, কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ।

(চ) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে বাঙ্গালা ভাষায় একখানি সাময়িক পত্রিকা প্রচার।

সভার মুখপত্র

৩। সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী প্রবন্ধ সাহিত্য পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে। কোন প্রবন্ধে কোনরূপ মৌলিক অনুসন্ধানের বা আলোচনার পরিচয় না থাকিলে, সে প্রবন্ধ এই পত্রিকায় প্রকাশিত হইবে না।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সম্মতি ভিন্ন ইহাতে কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা হইবে না।

ভাষা

৪। পরিষদের পঠিতব্য-প্রবন্ধ বাঙ্গালা-ভাষা ব্যতীত অন্য ভাষায় লিখিত হইবে না। সভাপতি মহাশয়ের বিশেষ অনুমতি ব্যতীত পরিষদের কোন অধিবেশনে অন্য ভাষাতে কোনরূপ আলোচনা হইতে পারিবে না।

পরিষদের গঠন

৫। নিম্নোক্ত কয়েক শ্রেণীর সদস্য লইয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গঠিত হইবে। যথা—

১। বিশিষ্ট-সদস্য

আজীবন-সদস্য

৩ অধ্যাপক-সদস্য

মৌলবী-সদস্য

সাধারণ-সদস্য

৬ সহায়ক-সদস্য

বিশিষ্ট-সদস্য

৬। দেশ-বিদেশে সাহিত্য-ক্ষেত্রে বিশেষ ভাবে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিগণ পরিষদের বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—অন্যূন পাচ জন সদস্য পত্রদ্বারা ঐরূপ কোন একজনের নাম বিশিষ্ট-সদস্যরূপে প্রস্তাব করিয়া সম্পাদককে জানাইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশ লইয়া প্রস্তাবিত ব্যক্তির নাম পরিষদের সকল সদস্যের নিকট নির্ব্বাচনার্থ পাঠাইয়া দিবেন এবং মতামত পাঠাইবার সময় নির্দ্দেশ করিয়া দিবেন। নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষদের সমস্ত সদস্যের অন্যূন এক চতুর্থাংশের মতামত না আসিলে নির্ব্বাচন স্থগিত থাকিবে। নতুবা যতগুলি মতামত পাওয়া যাইবে, তন্মধ্যে যদি অন্যূন ত্রিচতুর্থাংশের সম্মতি থাকে, তাহা হইলে, প্রস্তাবিত ব্যক্তি বিশিষ্ট-সদস্যরূপে গৃহীত হইবেন এবং সম্পাদক তাঁহার নির্ব্বাচন-সংবাদ পরবর্ত্তী বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(খ) বার্ষিক অধিবেশন ভিন্ন অন্য সময়ে কোন বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইবেন না।

(গ) বিশিষ্ট-সদস্য নির্ব্বাচনের প্রস্তাব ১লা ফাল্গুনের পূর্ব্বে সম্পাদকের নিকট পাঠাইতে হইবে।

(ঘ) এক পত্রে একাধিক ব্যক্তির নাম প্রস্তাবিত হইতে পারিবে না।

৭। বিশিষ্ট-সদস্যের সংখ্যা ১৫ জনের অধিক হইবে না।

আজীবন-সদস্য

৮। যাঁহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারের জন্য এককালে অন্যূন ৫০০৲ টাকা কার্য্য-নির্ব্বাহক-সমিতির হস্তে দান করিবেন, তাঁহারা পরিষদের আজীবন-সদস্য গণ্য হইবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি কাহারও নিকট ঐরূপ দান গ্রহণ করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে সম্পাদক পরবর্ত্তী মাসিক অধিবেশনে সেই দান ঘোষণা করিয়া দাতাকে আজীবন-সদস্য-শ্রেণীভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যাঁহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারে এককালে অন্যূন ৫০০৲ পাঁচ শত টাকা দান করিয়াছেন, তাঁহারাও অতঃপর আজীবন-সদস্য শ্রেণীভুক্ত হইবেন।

অধ্যাপক-সদস্য

৯। চতুষ্পাঠীর লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকগণ পরিষদের অধ্যাপক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোন অধ্যাপকের নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদনক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি অধ্যাপক-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১০। অধ্যাপক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

মৌলবী-সদস্য

১১। মোক্তব ও মাদ্রাসার লব্ধপ্রতিষ্ঠ মৌলবীগণ পরিষদের মৌলবী-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোন মৌলবীর নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদনক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে প্রস্তাবিত ব্যক্তি মৌলবী-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১২। মৌলবী-সদস্যের সংখ্যা ৫ জনের অধিক হইবে না।

সাধারণ-সদস্য

১৩। বাঙ্গালা-সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রই পরিষদের সাধারণ-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোনও মাসিক অধিবেশনে যে কোন সদস্য পূর্ব্বোক্তরূপ কোন ব্যক্তির নাম সদস্যরূপে নির্ব্বাচনার্থ প্রস্তাব করিবেন; অন্য কোন উপস্থিত সদস্য তাহার সমর্থন ও সভা তাহা অনুমোদন করিলে, প্রস্তাবিত ব্যক্তি এই পরিষদের সাধারণ-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

(খ) ব্যক্তি-বিশেষের নির্ব্বাচনে সভায় উপস্থিত কোন সদস্য আপত্তি করিলে, সে সভায় তাঁহার নির্ব্বাচন বন্ধ থাকিবে। পরে কার্য্য-নির্ব্বাহক-সমিতি সে সম্বন্ধে বিবেচনা করিয়া পরবর্ত্তী কোন মাসিক অধিবেশনে তাঁহার নির্ব্বাচনের প্রস্তাব পুনরায় উপস্থিত করিবেন ও সভাপতি আবশ্যক বোধ করিলে ব্যালট্‌দ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা করিবেন।

১৪। প্রত্যেক সাধারণ-সদস্যকে প্রবেশিকা ১৲ টাকা এবং অন্যূন ॥০ হিসাবে মাসিক চাঁদা দিতে হইবে।

(ক) রঙ্গপুর শাখা-পরিষদের বর্ত্তমান প্রথম শ্রেণীর সদস্যগণ এবং ভবিষ্যতে কেবল রঙ্গপুর জেলার যে সকল ব্যক্তি উক্ত শাখার প্রথম শ্রেণীর সদস্য হইবেন, তাঁহারা মূল-পরিষদে প্রবেশিকা ॥০ আট আনা ও বার্ষিক ৩৲ তিন টাকা চাঁদা দিলে মূল-পরিষদের সাধারণ-সদস্যের সমস্ত অধিকার পাইবেন।

১৫। নির্ব্বাচন-সংবাদ-প্রাপ্তির পর দুই মাস মধ্যে নির্ব্বাচিত ব্যক্তিকে প্রবেশিকা ১৲ এক টাকা পাঠাইয়া দিতে হইবে। উহা প্রাপ্তির পর তিনি সাধারণ-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন এবং সদস্যের সকল অধিকার প্রাপ্ত হইবেন।

১৬। কোন ব্যক্তি সাধারণ-সদস্যপদ পরিত্যাগের পর যদি পুনরায় সাধারণ-সদস্য নির্ব্বাচিত হন, তাহা হইলে তাঁহাকে প্রবেশিকা দিতে হইবে না; কিন্তু পূর্ব্বের চাঁদা বাকি থাকিলে, তাহা সমস্ত শোধ করিতে হইবে। কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থলবিশেষে বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিক ভাবে ত্যাগ করিতে পারিবেন।

সহায়ক-সদস্য

১৭। যাঁহারা এই পরিষদের উদ্দেশ্যের অনুকূল কার্য্য করিয়া এই পরিষদের উপকার করিয়া থাকেন, তাঁহারা সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে ঐরূপ ব্যক্তির নাম সহায়ক-সদস্যরূপে বার্ষিক অধিবেশনে প্রস্তাব করিবেন এবং তাহা যথারীতি সমর্থিত এবং অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি সহায়ক-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন।

১৮। সহায়ক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

১৯। সহায়ক-সদস্যগণ পাঁচ বৎসরের জন্য নির্ব্বাচিত হইবেন। তৎপরে তাঁহারা পুনর্নির্ব্বাচিত হইতে পারিবেন।

সদস্যগণের অধিকার

২০। সাধারণ-সদস্য ব্যতীত অপর কোন শ্রেণীর সদস্য মাসিক চাঁদা দিতে বাধ্য থাকিবেন না।

২১। সাহিত্য-পরিষৎ-পত্রিকা সকল সদস্যই বিনামূল্যে প্রাপ্ত হইবেন।

২২। নূতন সদস্যগণ স্ব স্ব সদস্যপদ গ্রহণের পর হইতে পরিষৎ-পত্রিকার প্রকাশিত সংখ্যা পাইবেন এবং সদস্য-শ্রেণীভুক্ত হইবার পূর্ব্ববর্ত্তী কালের পত্রিকা অর্দ্ধমূল্যে পাইবেন।

২৩। পরিষৎ-প্রকাশিত অন্যান্য গ্রন্থ সদস্যগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত মূল্যে পাইবেন।

২৪। সম্পাদকের নিকট পত্র লিখিয়া বা কার্য্যালয়ে উপস্থিত হইয়া পরিষদের অবস্থা, বিধিব্যবস্থা এবং অন্যান্য সংবাদ জ্ঞাত হইবার এবং কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও অন্যান্য খাতাপত্র দেখিবার অধিকার সকল সদস্যেরই থাকিবে।

২৫। যে সকল সদস্যের কার্ত্তিক মাসের পূর্ব্ব হইতে চাঁদা বাকি পড়িবে, চাঁদা শোধ না হওয়া পর্য্যন্ত তাঁহারা কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যপদপ্রার্থী হইতে পারিবেন না।

বান্ধব

২৬। যাঁহারা পরিষদের উপকারার্থ এককালে অন্যূন পাঁচ হাজার টাকা বা তত্তুল্য কোন দান করিবেন, তাঁহারা এই পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন ও তাঁহারা সদস্যগণের যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

(ক) কাহারও নিকট হইতে ঐরূপ কোন দান এককালে প্রাপ্ত হইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে দাতার নাম পরিষদের কোন মাসিক অধিবেশনে ঘোষণা করিয়া দাতাকে বান্ধবশ্রেণী-ভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যে সমস্ত উপকারী ব্যক্তির নিকট এইরূপ দান এককালে পাওয়া গিয়াছে, তাঁহারাও পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি

২৭। পরিষদের সমস্ত কার্য্যনির্ব্বাহার্থ একটি কার্য্য-নির্ব্বাহক-সমিতি থাকিবে।

২৮। কতিপয় কর্ম্মাধ্যক্ষ ও কতিপয় নির্ব্বাচিত সদস্য লইয়া এই কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে এই কার্য্য-নির্ব্বাহক-সমিতির গঠন হইবে।

২৯। পরিষদের বিভিন্ন কার্য্য-নির্ব্বাহের জন্য নিম্নলিখিত ২০ * জন কর্ম্মাধ্যক্ষ সদস্যগণ-মধ্য হইতে নির্ব্বাচিত হইবেন। ইঁহারা সকলেই কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন। যথা—

---

* সন ১৩২২ সালে শ্রাবণ মাসে এইরূপ পরিবর্ত্তিত হইয়াছে।

সভাপতি	১ জন
সহকারী সভাপতি	৮ জন *
সম্পাদক	১ জন
সহকারী সম্পাদক	৫ জন
কোষাধ্যক্ষ	১ জন
গ্রন্থাধ্যক্ষ	১ জন
চিত্রশালাধ্যক্ষ	১ জন
ছাত্রাধ্যক্ষ	১ জন
পত্রিকাধ্যক্ষ	১ জন
	২০ জন

৩০। কর্ম্মাধ্যক্ষগণের নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রতি বৎসর আগামী বৎসরের জন্য ২০ * জন কর্ম্মাধ্যক্ষের নাম বার্ষিক অধিবেশনে উপস্থিত করিবেন এবং যথারীতি সমর্থনের এবং উপস্থিত সদস্যগণ কর্ত্তৃক অনুমোদনের পর তাঁহারা নির্ব্বাচিত হইবেন।

(ক) যদি কোন সদস্য কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন নাম প্রস্তাবের ইচ্ছা করেন, তবে তাঁহার নাম এবং যে পদে তাঁহাকে নিযুক্ত করিতে চাহেন, তাহা পত্রদ্বারা ১লা চৈত্রের পূর্ব্বে সম্পাদককে জানাইবেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাবিত নামগ্রহণে অসমর্থ হইলে, প্রস্তাবককে সেই সংবাদ দেওয়া হইবে। তথাপি যদি তিনি বার্ষিক অধিবেশনে তাঁহার প্রস্তাবিত নাম উপস্থাপিত করিতে ইচ্ছা করেন, তাহা হইলে, ১লা বৈশাখের পূর্ব্বে পত্রদ্বারা সম্পাদককে জানাইবেন। সম্পাদক বার্ষিক অধিবেশনের বিজ্ঞাপনপত্রে তৎকর্ত্তৃক এই প্রস্তাবের উল্লেখ করিবেন। বার্ষিক অধিবেশনে প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্ব্বাচিত কর্ম্মাধ্যক্ষগণের নাম যথারীতি প্রস্তাবিত ও সমর্থিত হইলে পর, অন্য নামের প্রস্তাবকর্ত্তা স্বয়ং উপস্থিত হইয়া বা প্রতিনিধি দ্বারা তাঁহার প্রস্তাবিত নাম উপস্থিত করিতে পারিবেন এবং তাহা উপস্থিত কোন সদস্য কর্ত্তৃক সমর্থিত হইলে, ব্যালট্‌দ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা হইবে। এইরূপে প্রত্যেকের নির্ব্বাচনকালে ব্যালট্‌দ্বারা যতগুলি মত পাওয়া যাইবে, তাহার অর্দ্ধাধিক মত যিনি পাইবেন, তিনি নির্ব্বাচিত হইবেন এবং কাহারও পক্ষে অর্দ্ধাধিক মত না পাওয়া পর্য্যন্ত যিনি ব্যালটে সর্ব্বাপেক্ষা অল্পসংখ্যক মত পাইয়াছেন, তাঁহার নাম বর্জ্জন করিয়া পুনরায় ব্যালট্‌ লওয়া হইবে।

৩১। এই নিয়মাবলী প্রণয়নের পর সম্পাদক ব্যতীত অপর কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন ব্যক্তি উপর্য্যুপরি পাঁচ বৎসরের অধিক কালের জন্য নির্ব্বাচিত হইতে পারিবেন না।

৩২। বৎসরের মধ্যে কোন কারণে কোন কর্ম্মাধ্যক্ষের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহার পদে নূতন ব্যক্তিকে নির্ব্বাচন করিয়া পরবর্ত্তী মাসিক অধিবেশনে তাহা বিজ্ঞাপিত করিবেন।

৩৩। পরিষদের ২০ জন সদস্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির 'সভ্য'-রূপে নির্ব্বাচিত হইবেন। তন্মধ্যে ১৬ জন সমুদয় সদস্যের মতানুসারে নির্ব্বাচিত হইবেন এবং অপর ৪ জন পরিষৎ-শাখা-সমূহের প্রতিনিধিস্বরূপ শাখাসমূহের কার্য্য-নির্ব্বাহক-সমিতি দ্বারা নির্ব্বাচিত হইবেন।

* সন ১৩২২ সালে শ্রাবণ মাসে এইরূপ পরিবর্ত্তিত হইয়াছে।

(ক) পূর্ব্বোক্ত ১৬ জন সদস্যের নির্ব্বাচন নিম্নোক্ত প্রণালীতে হইবে ;—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক পরিষদের প্রত্যেক সদস্যকে পত্র দ্বারা জিজ্ঞাসা করিবেন যে, তিনি কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য হইতে সম্মত আছেন কি না। যাঁহারা সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পত্র দ্বারা সম্মতি জ্ঞাপন করিবেন, সম্পাদক ২৫ নিয়মের প্রতি দৃষ্টি রাখিয়া তাঁহাদের নামের তালিকা প্রস্তুত করিবেন এবং চৈত্রের প্রথম সপ্তাহের মধ্যে প্রতি সদস্যের নিকট উক্ত তালিকা এই প্রার্থনা সহ প্রেরণ করিবেন যে, প্রত্যেক সদস্য ঐ তালিকার মধ্যে অনধিক ১৬ জনের নির্ব্বাচন করিয়া তাঁহাদের নামের পার্শ্বে নিজ নাম স্বাক্ষর করিয়া সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদককে পাঠাইয়া দিবেন। ঐ সকল পত্র হইতে প্রত্যেকের ভোটের সমষ্টি গণনা করিয়া ভোটের সংখ্যার ক্রম অনুসারে সম্পাদক ষোল জনের নাম বাছিয়া লইয়া বার্ষিক অধিবেশনে তাঁহাদিগকেই নির্ব্বাচিত বলিয়া বিজ্ঞাপিত করিবেন। যদি একাধিক ব্যক্তির সমান ভোট পাইয়া ষোড়শ স্থান গ্রহণের সম্ভাবনা ঘটে, তাহা হইলে, উপস্থিত সদস্যগণ সেই কয় ব্যক্তির মধ্যে পুনর্নির্ব্বাচন দ্বারা ষোড়শ স্থান পূরণ করিবেন।

(খ) পরিষৎ-শাখাসমূহের প্রতিনিধি-নির্ব্বাচন-প্রণালী ;—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদককে এই অনুরোধ-সহ সম্পাদক পত্র লিখিবেন, যেন ঐ শাখার কার্য্য-নির্ব্বাহক সমিতি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে স্বকীয় প্রতিনিধি-স্বরূপ একজন সদস্যের নাম পাঠাইয়া দেন। এইরূপে যতগুলি নাম পাওয়া যাইবে, সম্পাদক সেই সকল নামের তালিকা প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। প্রত্যেক পরিষৎ-শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই তালিকাভুক্ত অনধিক চারি জনকে নির্ব্বাচিত করিবেন। শাখা-সম্পাদক উক্তরূপে নির্ব্বাচিত ব্যক্তিগণের নামের পার্শ্বে নাম স্বাক্ষর করিয়া, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষৎ-সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। পরিষৎ-সম্পাদক ভোটের সংখ্যাক্রম অনুসারে চারি জনের নাম বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিলে, তাঁহারা শাখাসমূহের প্রতিনিধিস্বরূপে মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন। মূল-পরিষদের সদস্য না হইলে, অপর কেহ পরিষৎ-শাখার প্রতিনিধিরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন না।

(গ) বৎসরের মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন সভ্যের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথাসময়ে স্বয়ং তাহা পূর্ণ করিয়া লইবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিকার

৩৪। পরিষদের সমস্ত কার্য্যই সাধারণতঃ কার্য্য-নির্ব্বাহক-সমিতির কর্ত্তৃত্বে ও নির্দ্দেশে নির্ব্বাহিত হইবে।

৩৫। পরিষদের আয়-ব্যয়-সম্বন্ধে সমস্ত কর্ত্তৃত্ব কার্য্য-নির্ব্বাহক-সমিতির উপর ন্যস্ত থাকিবে।

(ক) ভিন্ন ভিন্ন উদ্দেশ্য-সাধনের জন্য পরিষদের যে সকল বিভিন্ন তহবিল থাকিবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি সেই সকল তহবিলের রক্ষা ও হিসাবাদি সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা করিবেন এবং আবশ্যক বোধ করিলে বিভিন্ন তহবিলের নিমিত্ত বিভিন্ন কোষাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

(খ) বার্ষিক অধিবেশনের পূর্ব্বে আগামী বৎসরের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আয়-ব্যয়ের আনুমানিক তালিকা (বজেট) প্রস্তুত করিবেন এবং তাহা অনুমোদনার্থ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন।

(গ) প্রতি বৎসর আশ্বিন মাসের পর কার্য্য-নির্ব্বাহক-সমিতি উক্ত আনুমানিক তালিকার (বজেটের) সংস্কারসাধন করিবেন এবং এই সংস্কার পরবর্ত্তী মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(ঘ) উক্ত আনুমানিক হিসাবের তালিকার অতিরিক্ত কোন ব্যয় আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে তাহা সম্পাদিত হইবে।

(ঙ) আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি কোন বিশেষ স্থলে কোন সদস্যের বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিকভাবে ত্যাগ করিতে পারিবেন।

৩৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের সমস্ত সম্পত্তি ও দলিলাদি রক্ষার সমুচিত ব্যবস্থা করিবেন।

৩৭। কর্ম্মাধ্যক্ষদিগের কার্য্যপ্রণালী ও বিশেষ বিশেষ অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দেশ করিয়া দিবেন।

৩৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের বেতনভোগী কর্ম্মচারিগণের এবং কার্য্যালয়-সংক্রান্ত যাবতীয় নিয়ম নির্দ্দেশ করিয়া দিবেন।

(ক) পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যক-মত উপযুক্ত বেতনে কর্ম্মচারী নিযুক্ত করিতে ও তাঁহাদিগকে কর্ম্মচ্যুত করিতে পারিবেন। এরূপ স্থলে কার্য্য-নির্ব্বাহক-সমিতির মীমাংসাই চূড়ান্ত গণ্য হইবে।

৩৯। নিম্নলিখিত ব্যাপারে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিম্নলিখিতমত অধিকার থাকিবে,—

(ক) যে কেহ যে কোন প্রস্তাব পরিষদের বিবেচনার্থ প্রেরণ করিবেন, সাধারণতঃ সে প্রস্তাব সর্ব্বাগ্রে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে আলোচিত হইবে। কাহারও কোনও প্রস্তাব প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে আলোচিত না হইয়া, পরিষদের মাসিক অধিবেশনের আলোচ্য বিষয়ের মধ্যে সন্নিবিষ্ট হইতে পারিবে না।

(খ) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যের অথবা পরিষদের কোন সদস্যের কোন প্রস্তাবের আলোচনায় কার্য্য-নির্ব্বাহক-সমিতি যে মীমাংসা করিবেন, তাহা যদি প্রস্তাবকের মনঃপূত না হয়, তাহা হইলে, তাঁহার অনুরোধক্রমে সেই প্রস্তাব কার্য্য-নির্ব্বাহক-সমিতি উপযুক্ত সময়ের মধ্যে মাসিক অধিবেশনের আলোচ্য-বিষয়ভুক্ত করিয়া দিবেন।

(গ) যে সকল সাধারণ-সদস্যের চাঁদা এক বৎসর বাকি পড়িবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের পত্রিকা ও পুস্তকাদির প্রেরণ বন্ধ রাখিতে পারিবেন।

(ঘ) যে সকল সদস্যের চাঁদা দুই বৎসর কাল বাকি পড়িবে, সম্পাদক তাঁহাদের তালিকা উপস্থিত করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের নাম সদস্য-তালিকা হইতে উঠাইয়া দিতে পারিবেন।

৪০। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের শাখা-স্থাপনের অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতির থাকিবে।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষৎ-শাখা-সংক্রান্ত আবশ্যকমত নিয়ম রচনা করিয়া

পরিষদের কোন মাসিক অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন। অনুমোদিত নিয়মাবলী সমস্ত পরিষৎ-শাখায় প্রচার করিবেন।

(খ) কোন নূতন শাখা স্থাপিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা যথাসময়ে মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৪১। বিশেষ বিশেষ কার্য্য-সাধনোদ্দেশে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থায়ী বা অস্থায়ী সমিতি স্থাপন, তাহার কার্য্যসম্পাদনের ব্যবস্থা এবং তজ্জন্য কর্ম্মাধ্যক্ষ নিয়োগ করিতে পারিবেন।

(ক) এই সকল সমিতিতে আবশ্যকমত সদস্যেতর বিশেষজ্ঞ ব্যক্তিকেও কার্য্য-নির্ব্বাহক-সমিতি সদস্যরূপে গ্রহণ করিতে পারিবেন।

(খ) স্থায়িরূপে কোন সমিতি স্থাপন করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা কোন মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৪২। প্রত্যেক বার্ষিক অধিবেশনের পূর্ব্বে কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই সকল স্থায়ী ও অস্থায়ী সমিতির সম্পাদকগণের নিকট এবং পরিষদের অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণের নিকট তাঁহাদের আপন আপন অধিকার-সংক্রান্ত কার্য্যের বিবরণ গ্রহণ করিবেন এবং আবশ্যকমত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণীতে সন্নিবিষ্ট করিয়া দিবেন। পরিষৎ-শাখাগুলির বার্ষিক কার্য্য-বিবরণও এইরূপে আনাইয়া উক্ত বার্ষিক কার্য্য-বিবরণভুক্ত করিবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন

৪৩। প্রতি মাসে অন্ততঃ একবার কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইবে। তদ্ভিন্ন প্রয়োজন হইলে, কিংবা কার্য্য-নির্ব্বাহক-সমিতির চারি জন সভ্য হেতু-নির্দ্দেশপূর্ব্বক পত্রদ্বারা প্রার্থনা করিলে, এই সমিতির অধিবেশন হইবে।

৪৪। আলোচ্য বিষয়াদি নির্দ্দেশপূর্ব্বক অন্ততঃ চারি দিন পূর্ব্বে সভাধিবেশনের সময় বিজ্ঞাপন করিয়া সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন আহ্বান করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনে চারি দিন অপেক্ষা অল্প সময় পূর্ব্বেও বিজ্ঞাপন দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইতে পারিবে। অত্যাবশ্যক স্থলে এবং অধিবেশন আহ্বানের সময় না থাকিলে বা বিশেষ কার্য্য দ্রুত সম্পাদন করিতে হইলে, অধিবেশন আহ্বানের পরিবর্ত্তে কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের নিকট পত্রদ্বারা কার্য্য বিজ্ঞাপনপূর্ব্বক সম্পাদক তৎসম্বন্ধে লিখিত মতামত সংগ্রহ করিয়া অধিকাংশের মতানুসারে কার্য্য করিতে পারিবেন। এরূপ স্থলে মফস্বলবাসী সভ্যগণকে আহ্বান বা তাঁহাদের মত গ্রহণ আবশ্যক হইবে না, কিন্তু কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে উক্ত কার্য্য অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

৪৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে অন্যূন ৮ জন সভ্য উপস্থিত হইলে, উহার কার্য্য আরম্ভ হইবে।

(ক) যদি কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন অধিবেশনে ৮ জন অপেক্ষা অল্পসংখ্যক সভ্য উপস্থিত হন, তবে সে দিন সভার কার্য্য স্থগিত থাকিবে এবং পরবর্ত্তী অধিবেশনে যদি কোন নূতন আলোচ্য বিষয় উপস্থাপিত না হয়, তবে অন্যূন ৫ জন সভ্য উপস্থিত হইলেই সভার কার্য্য হইতে পারিবে। পুনরধিবেশনের সময়াদি বিজ্ঞাপিত করিতে হইবে।

৪৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিখিত হইবে এবং সেই কার্য্য-বিবরণ তাহার পরবর্ত্তী অধিবেশনে অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

(ক) কোন কারণে কোন দিন কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন স্থগিত হইলে, সম্পাদক তাহার কারণ কার্য্য-বিবরণ-পুস্তকে লিপিবদ্ধ করিয়া রাখিবেন এবং তাহা পরবর্ত্তী অধিবেশনে উপস্থাপিত করিবেন।

৪৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ মুদ্রিত হইবে না।

৪৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের প্রত্যেক মাসিক অধিবেশনের বা বিশেষ অধিবেশনের আলোচ্য বিষয়, পাঠার্থ প্রবন্ধ এবং প্রদর্শনাদির বিষয় ও অন্যান্য কার্য্য নির্দ্দিষ্ট করিয়া দিবেন।

পরিষদের অধিবেশন

৪৯। সাহিত্য-পরিষৎ-মন্দিরে (কলিকাতা, হাল সীবাগান, অপার সার্কুলার রোড ২৪৩।১ সংখ্যক ভবনে) প্রতি বাঙ্গালা মাসের শেষ রবিবারে অথবা প্রয়োজন হইলে অন্যত্র বা অন্য বারে বঙ্গীয় সাহিত্য-পরিষদের অধিবেশন হইবে।

(ক) কোনও বিশেষ উদ্দেশ্যসাধনের নিমিত্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে বিশেষ দিনে পরিষদের বিশেষ অধিবেশন হইতে পারিবে।

(খ) কোনও বিশেষ প্রয়োজনে অন্যূন ১০ জন সদস্য হেতু নির্দ্দেশ-পূর্ব্বক পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করাইবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে অনুরোধ করিয়া পত্র লিখিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথোপযুক্ত দিনে পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করিবেন।

৫০। সভাপতি অথবা সহকারী সভাপতি, সম্পাদক অথবা সহকারী সম্পাদকগণের মধ্যে কেহ অধিবেশনে উপস্থিত না থাকিলে, উপস্থিত সদস্যগণ উপযুক্ত ব্যক্তির নিয়োগদ্বারা সেই দিনকার কার্য্য পরিচালন করিবেন।

৫১। সমস্ত অধিবেশনের বিজ্ঞাপন-পত্রে অধিবেশনের সকল প্রকার আলোচ্য বিষয় ও কার্য্য-তালিকা মুদ্রিত হইবে এবং সাত দিন পূর্ব্বে উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হইবে।

৫২। অন্যূন ১৫ জন সদস্য উপস্থিত হইলে পরিষদের সাধারণ মাসিক অধিবেশন বা কোন বিশেষ অধিবেশনের কার্য্য চলিতে পারিবে। নির্দ্দিষ্ট সংখ্যক সদস্য উপস্থিত না হইলে বা অন্য কোন কারণে অধিবেশনের কার্য্য বন্ধ হইলে, তাহা লিপিবদ্ধ করা হইবে।

৫৩। মাসিক ও বিশেষ অধিবেশনের কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিপিবদ্ধ থাকিবে এবং সম্পাদক তাহা পরবর্ত্তী মাসিক অধিবেশনে অনুমোদনের জন্য উপস্থাপিত করিবেন।

৫৪। এই সকল অধিবেশনের কার্য্যবিবরণ পরিষৎ-পত্রিকার সহিত অথবা স্বতন্ত্র পুস্তিকাকারে ক্রমশঃ প্রকাশিত হইবে এবং ইহা প্রত্যেক সদস্য বিনামূল্যে পাইবেন।

৫৫। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময় কোন সদস্য সেই বিষয় সম্বন্ধে একবার, প্রস্তাবক প্রস্তাবের সময় একবার ও অন্যান্য সদস্যের সমালোচনার পরে উত্তরস্বরূপ আর একবারমাত্র স্বীয় বক্তব্য জ্ঞাপন করিতে পারিবেন। সভাপতির বিশেষ অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

সভাপতি

৫৬। কোন অধিবেশনের কার্য্য-প্রণালী অথবা কোন নিয়মের তাৎপর্য্য সম্বন্ধে সভাস্থলে কোন বিষয়ের মীমাংসায় সভাপতির মত অথবা আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৭। কোনও বিষয়ের মত গ্রহণকালে, দুই পক্ষের মতামতের সংখ্যা সমান হইলে, সভাপতির একটি অতিরিক্ত মত দিবার অধিকার থাকিবে।

৫৮। কোনও বিশেষ কার্য্য দ্রুত সম্পাদনের প্রয়োজন হইলে এবং কোন মাসিক সভার আলোচ্য বিষয় তালিকাভুক্ত করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির আহ্বানের সময় না থাকিলে, সভাপতি তাহা কোনও মাসিক অধিবেশনে আলোচনার্থ অনুমতি দিতে পারিবেন।

সহকারী সভাপতি

৫৯। * আট জন সহকারী সভাপতির মধ্যে অন্যূন চারি জন মফস্বলের অধিবাসী হইবেন।

৬০। সভাপতির অনুপস্থিতিতে অন্যতম সহকারী সভাপতি সভাপতির কর্ত্তব্য সম্পাদন করিবেন ও তাঁহার যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

সম্পাদক

৬১। পরিষৎ-সংক্রান্ত যাবতীয় কার্য্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে সম্পাদকের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে।

৬২। কার্য্য-নির্ব্বাহক সমিতির এবং পরিষদের সাধারণ ও বিশেষ অধিবেশনের নির্দ্দিষ্ট কার্য্য ও সঙ্কল্প প্রভৃতি সমাধান করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬৩। অধিবেশনের বিবরণাদি, আয়-ব্যয়ের বিবরণাদি ও আনুমানিক হিসাব প্রভৃতি প্রস্তুত করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬৪। সম্পাদক পরিষদের যাবতীয় অধিবেশন আহ্বান করিবেন।

৬৫। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে প্রেরিত সদস্যগণের পত্রাদি আবশ্যক মত কার্য্য-নির্ব্বাহক-সমিতির সমীপে উপস্থাপিত করিবেন।

৬৬। সম্পাদক প্রতি মাসে আয়-ব্যয়বিবরণ প্রস্তুত করাইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে উপস্থাপিত করিবেন।

৬৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত ব্যয় ব্যতীত কোনও নূতন কার্য্যের জন্য কিছু ব্যয় করিতে হইলে, সম্পাদক তাহা কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইয়া করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনীয় স্থলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইবার পূর্ব্বে ৫০৲ টাকা পর্য্যন্ত সম্পাদক নিজে ব্যয় করিতে পারিবেন, কিন্তু উক্ত সভার পরবর্ত্তী অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন।

৬৮ আয়-ব্যয়-সংক্রান্ত কার্য্যাদি ব্যতীত যদি কোন অনিবার্য্য কারণে কোনও বিশেষ কার্য্য সম্পাদককে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতির অপেক্ষা না করিয়াই করিতে হয়, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে কারণ প্রদর্শন করিয়া উক্ত কার্য্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন।

৬৯। সম্পাদক ৩৯ (ঘ) নিয়মানুসারে তালিকা প্রস্তুত করিয়া আবশ্যকমত মধ্যে মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির গোচর করিবেন।

৭০। বার্ষিক অধিবেশনের পূর্ব্বে, পরিষদের আয়-ব্যয়-পরীক্ষক দ্বারা পরীক্ষিত বার্ষিক হিসাব, শাখাসভা ও অন্যান্য সমিতির প্রদত্ত কার্য্য-বিবরণ এবং অন্যান্য আনুষঙ্গিক জ্ঞাতব্য বিষয়-সংবলিত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া সম্পাদক প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন এবং কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্তৃক অনুমোদিত কার্য্য-বিবরণ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন এবং বার্ষিক অধিবেশনে তাহা পঠিত ও অনুমোদিত হইলে, উহা প্রকাশ করিবেন।

৭১। সম্পাদক প্রয়োজনমত সহকারী সম্পাদকগণকে নিজ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

সহকারী সম্পাদক

৭২। সম্পাদকের নির্দ্দেশমত সহকারী সম্পাদকগণ নিরূপিত কার্য্য পরিচালন করিবেন।

কোষাধ্যক্ষ

৭৩। সাধারণ তহবিল কোষাধ্যক্ষের নিকট থাকিবে।

৭৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দিষ্ট ব্যবস্থানুসারে কোষাধ্যক্ষ সম্পাদকের সহিত সাধারণ তহবিলের টাকার আদান প্রদান করিবেন।

৭৫। সাধারণ তহবিল ব্যতীত অন্যান্য তহবিলের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি যেরূপ ব্যবস্থা করিবেন, তদনুসারে তাহাদের কার্য্য চলিবে।

গ্রন্থাধ্যক্ষ

৭৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়মানুসারে ও সম্পাদকের নির্দ্দেশানুযায়ী গ্রন্থাধ্যক্ষ গ্রন্থাগারের যাবতীয় ব্যবস্থা করিবেন।

চিত্রশালাধ্যক্ষ

৭৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশানুসারে চিত্রশালাধ্যক্ষ চিত্রশালার যাবতীয় কার্য্য সম্পাদন করিবেন।

ছাত্রাধ্যক্ষ

৭৮। ছাত্রাধ্যক্ষ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশ অনুসারে পরিষদের ছাত্র-সভ্যগণের শিক্ষা, উপদেশ, কার্য্য-ব্যবস্থা, পরীক্ষা ও পারিতোষিক প্রভৃতি সম্বন্ধে যাবতীয় কার্য্য পরিচালন করিবেন।

পত্রিকাধ্যক্ষ

৭৯। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মানুসারে পত্রিকাধ্যক্ষ পত্রিকা-সম্পাদনের ব্যবস্থা করিবেন।

আয়-ব্যয়-পরীক্ষক

৮০। পরিষদের যাবতীয় হিসাব পরিদর্শনের জন্য প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে সদস্যগণের মধ্য হইতে দুই জন আয়-ব্যয়-পরীক্ষক নির্ব্বাচিত হইবেন।

৮১। বৎসরান্তে পরিষদের সাধারণ তহবিলের আয়-ব্যয়-বিবরণ সম্পাদক প্রস্তুত করিয়া দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশাদি মিলাইয়া আয়-ব্যয়-পরীক্ষকগণ সেই হিসাব পরীক্ষা করিবেন।

৮২। পরীক্ষান্তে আয়-ব্যয়-পরীক্ষকগণ হিসাব পরিশুদ্ধ বলিয়া অনুমোদন করিলে, সেই হিসাব কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে গ্রহণীয় হইবে।

৮৩। সাধারণ-তহবিল ব্যতীত পরিষদের অন্যান্য তহবিলের আয়-ব্যয়-পরীক্ষার ভারও ইহাঁদের উপর ন্যস্ত থাকিবে।

৮৪। হিসাব পরীক্ষায় কোনরূপ ভ্রমপ্রমাদ বা নিয়মভঙ্গের পরিচয় পাইলে, ইহাঁরা কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে লিখিয়া জানাইবেন।

৮৫। আয়-ব্যয়-পরীক্ষকগণ আবশ্যক মত মাসিক বা ত্রৈমাসিক হিসাব পরীক্ষা করিবেন।

পরিষৎ-শাখা

৮৬। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের উদ্দেশ্যানুকূল কার্য্য-সম্পাদন জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ 'পরিষৎ-শাখা' প্রতিষ্ঠা করিতে পারিবেন।

৮৭। যে স্থানে পরিষৎ-শাখা স্থাপিত হইবে, "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ" এই নামের পর সেই স্থানের অর্থাৎ সেই নগরের বা প্রদেশের নামের সহিত শাখা-শব্দযোগে পরিষৎ-শাখাগুলির নামকরণ হইবে। (দৃষ্টান্ত --বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, রঙ্গপুর-শাখা।)

৮৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত এবং পরিষদের অনুমোদিত নিয়মাবলী অনুসারে শাখাসমূহ পরিচালিত হইবে।

৮৯। মূল-পরিষদের সদস্য ব্যতীত অপর ব্যক্তি কোন পরিষৎ-শাখার সম্পাদক হইতে পারিবেন না।

৯০। কার্য্য-নির্ব্বাহক-সমিতির বিশেষ কোন নিয়ম ব্যতীত কোনও পরিষৎ-শাখার সহিত মূল-পরিষদের কোনরূপ অর্থ-সম্বন্ধ থাকিবে না।

ছাত্র-সভা

৯১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্যসাধনের জন্য সাহিত্য-পরিষদের অধীনে একটি ছাত্র-সভা গঠিত হইবে। বিদ্যালয়ের ছাত্রগণ এই সভার সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন এবং তাঁহারা ছাত্র-সভ্য নামে অভিহিত হইবেন।

৯২। ছাত্রাধ্যক্ষের প্রস্তাবক্রমে কার্য্য-নির্ব্বাহক-সমিতি বিদ্যালয়ের ছাত্রগণকে এই সভার সভ্যরূপে নির্ব্বাচন করিবেন।

৯৩। ছাত্র-সভ্যগণের কর্ত্তব্য ও অধিকার নির্দ্দেশের জন্য ছাত্রাধ্যক্ষের পরামর্শ মত কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নিয়মাবলী প্রণীত হইবে।

বিশেষ বিধি

৯৪। পরিষদের বিশেষ বা সাধারণ মাসিক অধিবেশনে মীমাংসিত কোন নিয়ম ছয় মাস-মধ্যে আলোচিত বা পরিবর্ত্তিত হইতে পারিবে না।

৯৫। কোন নূতন নিয়ম প্রণয়ন অথবা কোন পুরাতন নিয়মের সংস্কার-সম্বন্ধে প্রস্তাব উপস্থিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা বিচারপূর্ব্বক পরিষদের মাসিক বা বিশেষ অধিবেশনে মীমাংসার্থ উপস্থিত করিবেন।

৯৬। আবশ্যক হইলে, পরিষদের অধিবেশনে কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রস্তাবমত এই

নিয়মাবলীর অন্তর্গত কোন নিয়মের সংস্কার বা কোন নূতন নিয়মের সংযোজন হইতে পারিবে। আবশ্যক হইলে, তৎপূর্ব্বে পত্রদ্বারা সমুদয় সদস্যের মত গ্রহণ করা হইবে।

৯৭। পরিষদের উদ্দেশ্যানুকূল নির্দ্দিষ্ট ও প্রচলিত কার্য্য ব্যতীত অন্য কোন নূতন কার্য্য করিতে হইলে, কার্য্য নির্ব্বাহক-সমিতিকে বিশেষ বা মাসিক অধিবেশনে সমবেত সদস্যগণের মত গ্রহণ করিতে হইবে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখাগঠনের

নিয়মাবলী

১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য-সিদ্ধি ও বলবৃদ্ধির জন্য ভিন্ন ভিন্ন স্থানে শাখা-পরিষৎ স্থাপিত হইতে পারিবে। এক জেলার মধ্যে একাধিক শাখা স্থাপিত হইবে না। যদি কোনও জেলাতে সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী একাধিক সভা স্থাপনের আবশ্যক হয়, তবে তাহাদের মধ্যে একটিই সাহিত্য-পরিষদের শাখা বলিয়া গণ্য হইবে ও অন্যান্য সভাগুলি সেই শাখার শাখারূপে পরিগণিত হইবে। এই সমস্ত সভার মধ্যে কোন্‌টি পরিষদের শাখা হইবে, তাহা সেই সকল সভার কর্ত্তৃপক্ষগণ পরামর্শ করিয়া স্থির করিবেন; যদি তাঁহারা তাহা স্থির করিতে না পারেন, তাহা হইলে মূল পরিষৎ স্থির করিয়া দিবেন।

২। স্থানের নামানুসারে ঐ শাখা "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ,— শাখা" এই নামে পরিচিত হইবে।

৩। শাখার উদ্দেশ্য ও কার্য্যপ্রণালী সর্ব্বাংশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যাদির অনুকূল হইবে। রাজনীতি, সমাজ-সংস্কার বা ধর্ম্ম-সংস্কার বিষয়ে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কোন শাখা কোনরূপে লিপ্ত হইবেন না।

৪। বিবিধ উপায়ে বাঙ্গালা-ভাষা ও বাঙ্গালা-সাহিত্যের অনুশীলন এবং উন্নতিসাধনই পরিষদের উদ্দেশ্য। এই উদ্দেশ্য-সাধনের জন্য প্রধানতঃ সাহিত্য, দর্শন, ইতিহাস ও বিজ্ঞানাদি শাস্ত্রের আলোচনার সহিত শাখা-পরিষৎসমূহ বিশেষভাবে নিম্নলিখিত উপায়গুলিও অবলম্বন করিবেন;—

(ক) স্থানীয় প্রাচীন পুথির অনুসন্ধান, সংগ্রহ ও প্রকাশ এবং ইহার বিবরণ-প্রকাশ।

(খ) স্থানীয় প্রাচীন গ্রন্থকারদিগের জীবন-চরিত, প্রতিকৃতি ও অন্যান্য স্মৃতি-নিদর্শন সংগ্রহ।

(গ) গ্রাম্য সাহিত্য, ছড়া, প্রবাদ, ব্রতকথা, উপকথা, গীত, কবিতা ইত্যাদি সংগ্রহ।

(ঘ) স্থানীয় ভাষায় চলিত প্রাদেশিক শব্দ-সংগ্রহ এবং তৎসহ কৃষি, শিল্প, ব্যবসায়, গৃহসজ্জা, উদ্ভিদ্, জীব প্রভৃতি সংক্রান্ত পারিভাষিক শব্দের সংগ্রহ।

(ঙ) সর্ব্বনাম, ক্রিয়াপদ প্রভৃতির উত্তর বিভক্তি-যোগে প্রাদেশিক রূপভেদ সঙ্কলন।

(চ) স্থানীয় ভৌগোলিক বিবরণ সংগ্রহ।

ছ) স্থানীয় ইতিহাস ও প্রত্নতত্ত্ব সংগ্রহ এবং তৎসহিত তীর্থস্থান, মন্দির, দুর্গ প্রভৃতির ছায়াচিত্রাদি সহ বিবরণ সংগ্রহ এবং দেবমূর্ত্তি, খোদিত-লিপি, তাম্রশাসন, মুদ্রা প্রভৃতির সংগ্রহ।

(জ) স্থানীয় ধর্ম্মসম্প্রদায়ের ও ভিন্ন ভিন্ন জাতির বা সম্প্রদায়ের সামাজিক আচার-ব্যবহার ও উৎসবাদির বিবরণ সংগ্রহ।

(ঝ) প্রাচীন ও আধুনিক শিল্প ও বিবিধ কলাবিদ্যার বিবরণ ও নিদর্শন সংগ্রহ।

(ঞ) স্থানীয় জীব ও উদ্ভিদাদির বিবরণ সংগ্রহ।

দ্রষ্টব্য।—উপরোক্ত সংগৃহীত দ্রব্যাদি রক্ষার জন্য শাখা-পরিষৎ চিত্রশালা স্থাপন করিতে পারিবেন। যদি চিত্রশালা স্থাপিত না হয়, তবে সংগৃহীত দ্রব্যাদি মূল-পরিষদের চিত্রশালাতে পাঠাইয়া দিতে হইবে।

৫। শাখার সমুদয় কার্য্য, বিশেষ আবশ্যক না হইলে, বাঙ্গালাভাষার সাহায্যে নির্ব্বাহিত হইবে।

৬। মূল বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য না হইলে কোনও ব্যক্তি শাখা-পরিষদের সম্পাদক হইতে পারিবেন না।

৭। শাখা-পরিষদের কর্ম্মচারী ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়োগ বিষয়ে মূল-পরিষদের নিয়ম যথাসম্ভব অনুসৃত হইবে।

৮। শাখা-পরিষদের নিয়মাবলী মূল-পরিষদের অনুমোদিত হওয়া আবশ্যক। এইরূপ অনুমোদিত নিয়মাবলীতে যখন কোন সংশোধন বা পরিবর্ত্তন আবশ্যক হইবে, তখন তাহা মূল-পরিষদের অনুমোদিত করাইয়া লইতে হইবে।

৯। পরিষদের উদ্দেশ্যের প্রতিকূল না হইলে অথবা বিশেষ কারণ না থাকিলে, শাখার কার্য্য-প্রণালীর স্বাধীনতায় মূল-পরিষৎ কোন ব্যাঘাত দিবেন না।

১০। প্রত্যেক শাখা-পরিষৎ মূল-পরিষদের নিয়মাবলীর ৩৩ ধারানুযায়ী মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে একজন প্রতিনিধি মনোনয়ন ও নির্ব্বাচন করিবেন। এই প্রতিনিধি শাখা-পরিষদের কার্য্য নির্ব্বাহক-সমিতির অন্যতম সদস্য হওয়া আবশ্যক।

১১। প্রতি বৎসর বৈশাখের প্রথমার্দ্ধ মধ্যে শাখা-পরিষদের সম্পাদক গত বৎসরের কৃত কর্ম্মের সংক্ষিপ্ত পরিচয়, সদস্যগণের ও কর্ম্মচারিগণের নাম এবং আয়-ব্যয়ের হিসাব সহ সংক্ষিপ্ত কার্য্যবিবরণ মূল-পরিষদের সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। মূল-পরিষদের সম্পাদক ঐ কার্য্য-বিবরণী সম্পূর্ণ বা সংক্ষিপ্ত ভাবে মূল-সাহিত্য-পরিষদের কার্য্যবিবরণীর পরিশিষ্ট-রূপে পরিষৎ পঞ্জিকায় প্রকাশ করিবেন।

১২। মূল-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুসারে সাহিত্য-পরিষৎ-পত্রিকা, সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা ও পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থাবলীর দুই খণ্ড প্রত্যেক শাখা-সভা বিনামূল্যে প্রাপ্ত হইবেন এবং শাখা-সভার প্রকাশিত পত্রিকা ও গ্রন্থাদিও মূল-পরিষৎকে এই নিয়মে দিতে হইবে।

১৩। মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত বিশেষ ব্যবস্থা না থাকিলে মূল ও শাখা-পরিষদের মধ্যে কোনও আর্থিক সম্বন্ধ থাকিবে না।

১৪। মূল-পরিষদের সদস্যগণ মূল-পরিষদের প্রকাশিত গ্রন্থাবলী যে নির্দ্দিষ্ট কম মূল্যে

পাইয়া থাকেন, শাখা-পরিষদের সদস্যগণও সেই মূল্যের উপর টাকায় চারি আনা মাত্র অধিক মূল্য দিলে সেই সকল গ্রন্থ পাইবেন।

১৫। প্রতি বৎসরের আরম্ভে মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুযায়ী পরিষদের উদ্দেশ্যানুকূল কোনও কার্য্যের ভার শাখা-পরিষৎকে গ্রহণ করিতে হইবে।

১৬। প্রতি বৎসরে অন্ততঃ একবার মূল-পরিষদের নির্দ্দিষ্ট কোন ব্যক্তি শাখা-পরিষৎ পরিদর্শন করিবেন।

১৭। উক্ত পরিদর্শনের ফলে যদি দেখা যায় যে, কোন শাখা-সভা উপর্য্যুপরি তিন বৎসর নিয়ম অনুসারে কার্য্য করিতেছেন না, তাহা হইলে, মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি সে শাখাকে শাখা-সভার অধিকার হইতে বঞ্চিত করিতে পারিবেন।

১৮। কোনও সভা এই সকল নিয়মে স্বীকৃত হইয়া মূল-পরিষদের শাখারূপে গণ্য হইবার জন্য আবেদন করিলে, মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতি সমস্ত অবস্থা বিবেচনা করিয়া উপযুক্ত মনে করিলে, সেই সভাকে প্রথমতঃ ৫ বৎসরের জন্য অস্থায়িভাবে শাখারূপে গণ্য করিবেন; তৎপরে এই ৫ বৎসরের কার্য্যকারিতা দেখিয়া উপযুক্ত বোধ করিলে, উহাকে স্থায়ি-শাখা-রূপে গণ্য করা হইবে এবং যদি ঐ ৫ বৎসরে কার্য্য-কারিতার অভাব দেখা যায়, তাহা হইলে কার্য্য-নির্ব্বাহক-সমিতি উহাকে শাখার অধিকার হইতে বঞ্চিত করিতে পারিবেন।

৬ বর্ষ	বাঙ্গালা পুঁথির সংক্ষিপ্ত বিবরণ (২১৪—৩৫৭)	নগেন্দ্রনাথ বসু

৬ বর্ষ	বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ	(১—৩৬)	মৃণালকান্তি ঘোষ
	ঐ	(১—১৩)	মৃণালকান্তি ঘোষ
৭ বর্ষ	বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ	(১—১২)	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	প্রাচীন পুথির বিবরণ	(১—১৯)	আবদুল করিম
	ঐ	(২০—৩৩)	আবদুল করিম
৮ বর্ষ	প্রাচীন পুথির বিবরণ	(১—৪৪)	তারকেশ্বর ভট্টাচার্য্য
	ঐ	(১—৯)	রাজীবলোচন দাস
	ঐ	(১—৮)	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	ঐ	(১—১৮)	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	ঐ	(১—১৪)	শিবচন্দ্র শীল
৯ বর্ষ	ঐ	(১--৫)	অতুলচন্দ্র চৌধুরী
	ঐ	(১ –৮৭) (অতিরিক্ত সংখ্যা)	আবদুল করিম
১০ বর্ষ	ঐ	(১—৩০)	চিত্তসুখ সান্যাল
	ঐ	(১—১০)	ব্রজসুন্দর সান্যাল
	ঐ	(৮৮—৩০৭)	আবদুল করিম
১১ বর্ষ	ঐ	(৩০ —৪৩৩) (অতিরিক্ত)	আবদুল করিম
১২ বর্ষ	বাঙ্গালা পুথির বিবরণ	(১—৮৪)	হরগোপাল দাস কুণ্ডু
১৮ বর্ষ	প্রাচীন পুথির বিবরণ	(৫০০—৫১৫)	আবদুল করিম
১৮ বর্ষ	দুইখানি অসমীয়া পুথি (কথাভাগবত ও সুকনান্নি)		গোপালকৃষ্ণ দে

ভাষাতত্ত্ব

২ বর্ষ	বিদ্যাপতি (শব্দসংগ্রহ), প্রথম প্রবন্ধ	অনাথকৃষ্ণ দেব
৩ বর্ষ	ঐ ঐ দ্বিতীয় প্রবন্ধ	অনাথকৃষ্ণ দেব
	ঐ ঐ তৃতীয় প্রবন্ধ	অনাথকৃষ্ণ দেব
	উড়িয়া ভাষা	মধুসূদন রাও
	মহারাষ্ট্র ভাষা	দীননাথ গঙ্গোপাধ্যায়
	শব্দ-রহস্য (শব্দে কবিত্ব)	বিশ্বেশ্বর চক্রবর্ত্তী
	ভৌগোলিক ও ঐতিহাসিক নামের উচ্চারণ-গত প্রস্তাব	সখারাম গণেশ দেউস্কর
৪ বর্ষ	উপসর্গের অর্থবিচার *	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
	হরিনামের শব্দতত্ত্ব *	উমেশচন্দ্র বটব্যাল
৫ বর্ষ	উপসর্গের অর্থবিচার (দ্বিতীয় প্রবন্ধ) *	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
	উপসর্গের অর্থবিচার নামক প্রবন্ধের সমালোচনা*	রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
	হরি ও সোম	রসিকলাল ঘোষ
৬ বর্ষ	অলঙ্কার শাস্ত্র *	শরচ্চন্দ্র শাস্ত্রী
	অলঙ্কার শাস্ত্র প্রবন্ধ	নগেন্দ্রনাথ বসু

৭ বর্ষ	বাঙ্গালা শব্দদ্বৈত	রবীন্দ্রনাথ ঠাকুর
	ভাষাতত্ত্ব	ললিতকুমার বন্দ্যোপাধ্যায়
	বাঙ্গালা ধ্বন্যাত্মক শব্দ	রবীন্দ্রনাথ ঠাকুর
৮ বর্ষ	বাঙ্গালা ব্যাকরণ *	হরপ্রসাদ শাস্ত্রী
	ভাষাতত্ত্ব-সম্বন্ধে আরও কয়েকটী কথা	ললিতকুমার বন্দ্যোপাধ্যায়
	বাঙ্গালা শব্দতত্ত্ব	জ্ঞানেন্দ্রমোহন দাস
	শব্দ-সংগ্রহ (প্রায় ৭০০)	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
	বাঙ্গালা কৃৎ ও তদ্ধিত *	রবীন্দ্রনাথ ঠাকুর
	বঙ্গভাষায় ব্যবহৃত উর্দ্দু, পারসী ও আরবীশব্দের তালিকা	হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়
	বাঙ্গালা ব্যাকরণ	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	বাঙ্গালা কৃৎ ও তদ্ধিত*	ব্যোমকেশ মুস্তফী
	ঐ সম্বন্ধে সম্পাদকীয় বক্তব্য	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	বাঙ্গালার সহিত প্রাকৃতের সাদৃশ্য *	কালিদাস নাথ
৯ বর্ষ	শব্দ-সমালোচনা (১)	মেঘনাথ ভট্টাচার্য্য
	বাঙ্গালা কর্ম্মকারক	ললিতকুমার বন্দ্যোপাধ্যায়
	গ্রাম্য শব্দ-সংগ্রহ	সতীশচন্দ্র ঘোষ
১০ বর্ষ	বাঙ্গালা কর্ম্মকারক	শ্রীনিবাস বন্দ্যোপাধ্যায়
	শব্দ-সমালোচনা (২) (আলোক)	মেঘনাথ ভট্টাচার্য্য
১১ বর্ষ	দেশী শব্দ	বিজয়চন্দ্র মজুমদার
	পয়ার ছন্দের উৎপত্তি *	রমেশচন্দ্র বসু
১২ বর্ষ	বাঙ্গালা কারক-প্রকরণ	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	না	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	ময়মনসিংহের গ্রাম্য-ভাষা	রাজেন্দ্রকুমার মজুমদার
	রঙ্গপুরের দেশী ভাষা	সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী
	বঙ্গভাষায় প্রচলিত আরবী, পারসী ও ইয়ুরোপীয় শব্দ	নরেশচন্দ্র সিংহ
১৩ বর্ষ	চাক্‌মাদিগের ভাষাতথ্য	সতীশচন্দ্র ঘোষ
	বাঙ্গালা নামরহস্য (১)*	ব্যোমকেশ মুস্তফী
১৪ বর্ষ	মালদহের গ্রাম্য শব্দ	রজনীকান্ত চক্রবর্ত্তী
	সন্ধি	শ্রীনাথ সেন
	ধ্বনি-বিচার	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	গ্রাম্য শব্দকোষ ও পাবনার গ্রাম্য-শব্দাদি সংগ্রহ	রাজকুমার কাব্যভূষণ
১৫ বর্ষ	রাঢ়ের ভাষা (অতিরিক্ত সংখ্যা)	যোগেশচন্দ্র রায়
	পালি ও বাঙ্গালা	বিজয়চন্দ্র মজুমদার
	বাঙ্গালা নামরহস্য (২)*	ব্যোমকেশ মুস্তফী
	যশোহরের গ্রাম্যশব্দ-সংগ্রহ	মোক্ষদাচরণ ভট্টাচার্য্য
	বাঙ্গালার উপসর্গ*	ব্যোমকেশ মুস্তফী

বর্ষ	বিষয়	লেখক
১৫ বর্ষ	সিলেট নাগরী*	পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ
	কোচ ও রাজবংশী-শব্দ-সংগ্রহ	এস্, বসু
	মোসলমান নামতত্ত্ব*	পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ
১৬ বর্ষ	ঢাকার গ্রাম্য শব্দ-সংগ্রহ	পরমেশপ্রসন্ন রায়
	নদীয়া ও চব্বিশ পরগণা জেলার কতকগুলি গ্রাম্যশব্দ	দেবেন্দ্রনাথ বসু
	প্রাকৃত ব্যাকরণ ও অভিধান*	শ্রীনাথ সেন
১৭ বর্ষ	বাঙ্গালা বিশেষণ-রহস্য*	ব্যোমকেশ মুস্তফী
	বঙ্গভাষার ক্রিয়াপদ*	খগেন্দ্রনাথ মিত্র
	বঙ্গীয় গ্রাম্য ভাষাতত্ত্ব	রাজকুমার বেদতীর্থ
	বাঙ্গালা ভাষা (২) (অতিরিক্ত সংখ্যা)	যোগেশচন্দ্র রায়
১৮ বর্ষ	বঙ্গে পর্ত্তুগীজ প্রভাব ও বঙ্গভাষায় পর্ত্তুগীজ পদাঙ্ক*	অবিনাশচন্দ্র ঘোষ
	ব্যাকরণে সন্ধি *	বিজয়চন্দ্র মজুমদার
	মালদহের পল্লীভাষা	হরিদাস পালিত
	কামতাবিহারী ভাষা সম্বন্ধে যৎকিঞ্চিৎ	পূর্ণেন্দুমোহন সেহানবীশ
	কোচবিহারের ভাষা ও সাহিত্য	অম্বিকাচরণ গুপ্ত
	বঙ্গভাষার বর্ণযোজনা ও উচ্চারণ	প্রকাশচন্দ্র মুখোপাধ্যায়
১৯ বর্ষ	ভারতবর্ষের বর্ণমালা	বিজয়চন্দ্র মজুমদার
	বাঙ্গালা শব্দ, তথা বানান ও লিখন-সমস্যা	সতীশচন্দ্র ঘোষ
	প্রাচীন বাঙ্গালা ভাষার দুইটি বিশেষত্ব	বসন্তকুমার চট্টোপাধ্যায়
	নদীয়া জেলার গ্রাম্য শব্দ	চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
	ব্রহ্মপুত্রোপত্যকার কথ্য ও লেখ্য শব্দ	দেবনারায়ণ ঘোষ
	ময়মনসিংহের অন্তর্গত টাঙ্গাইল অঞ্চলের গ্রাম্য ভাষার অভিধান	কৃষ্ণনাথ সেন
	বগুড়া জেলার গ্রাম্যশব্দ	সুরেশচন্দ্র দাস গুপ্ত
	ঐ	দুর্গানারায়ণ সেন
২০ বর্ষ	বাঙ্গালা ভাষায় দ্রাবিড়ী উপাদান	বিজয়চন্দ্র মজুমদার
	চ-বর্গীয় বর্ণসমূহের উচ্চারণ	বসন্তকুমার চট্টোপাধ্যায়
	দেশভেদে বাঙ্গালা ভাষার আকার-ভেদ	কুঞ্জকিশোর চৌধুরী
	অতীতে ল ও ভবিষ্যতে ব প্রত্যয়	বসন্তকুমার চট্টোপাধ্যায়

বৈজ্ঞানিক পরিভাষা

বর্ষ	বিষয়	লেখক
১ বর্ষ	বৈজ্ঞানিক পরিভাষা	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	ঐ	অপূর্ব্বচন্দ্র দত্ত
	ঐ উপস্থিত বিষয়ে বৈজ্ঞানিক পরিভাষা-লেখকের বক্তব্য	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
২ বর্ষ	ঐ	মাধবচন্দ্র চট্টোপাধ্যায়
	ঐ	অপূর্ব্বচন্দ্র দত্ত

বর্ষ	বিষয়	লেখক
২ বর্ষ	বৈজ্ঞানিক পরিভাষা (জ্যোতিষ)	যোগেশচন্দ্র রায়
	রাসায়নিক পরিভাষা	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	বৈজ্ঞানিক পরিভাষা (জ্যোতিষ)	মাধবচন্দ্র চট্টোপাধ্যায়
	জ্যোতিষিক পরিভাষা	যোগেশচন্দ্র রায়
৩ বর্ষ	বৈজ্ঞানিক পরিভাষা (জ্যোতিষ)	অপূর্ব্বচন্দ্র দত্ত
	ভৌগোলিক পরিভাষা	রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
	পরিভাষা (রসায়ন শাস্ত্র বিষয়ক)	কালিদাস মল্লিক
	রাসায়নিক পরিভাষা	যোগেশচন্দ্র রায়
	ভৌগোলিক পরিভাষা	বলীন্দ্রসিংহ দেব
৪ বর্ষ	ঐ	যোগেশচন্দ্র রায়
৬ বর্ষ	জ্যোতিষিক পরিভাষা	হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়
	বৈজ্ঞানিক পরিভাষা (ব্রেটন সাহেব কৃত Vocabulary of Medical Terms)	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	ভৌগোলিক পরিভাষা (দ্বিতীয় সংস্করণ)	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
৭ বর্ষ	ঐ	যোগেশচন্দ্র রায়
১০ বর্ষ	জীববিজ্ঞান-বিষয়ক পরিভাষা	যোগেশচন্দ্র রায়
	উদ্ভিদ্‌বিদ্যা-বিষয়ক পরিভাষা	যোগেশচন্দ্র রায়
১১ বর্ষ	জীববিজ্ঞান-পরিভাষা	বিরজাচরণ গুপ্ত কবিভূষণ
১৩ বর্ষ	বৈজ্ঞানিক পরিভাষা *	হেমচন্দ্র দাশগুপ্ত
১৪ বর্ষ	জীববিজ্ঞানের পরিভাষা	শশধর রায়
১৫ বর্ষ	খনিজবিদ্যার পরিভাষা	হেমচন্দ্র দাশগুপ্ত
১৭ বর্ষ	উদ্ভিদ্‌বিদ্যাবিষয়ক পরিভাষা	একেন্দ্রনাথ দাস ঘোষ
	চিকিৎসা-বিদ্যার পরিভাষা	হেমচন্দ্র দাশগুপ্ত
	জীববিজ্ঞানের পরিভাষা	শশধর রায়
	শরীরবিজ্ঞানপরিভাষা	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	বর্ণতত্ত্বের পরিভাষা	শশধর রায়
১৮ বর্ষ	নিম্নোক্ত কতকগুলি আয়ুর্ব্বেদীয় শব্দের পরিভাষা	ডাঃ একেন্দ্রনাথ ঘোষ
২০ বর্ষ	গণিত-পরিভাষা	হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়
	তাড়িত-বিজ্ঞানের পরিভাষা	সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়

ইতিহাস ও প্রত্নতত্ত্ব

বর্ষ	বিষয়	লেখক
২ বর্ষ	নাগরাক্ষরের উৎপত্তি	নগেন্দ্রনাথ বসু
৩ বর্ষ	মহারাজ চন্দ্রবর্ম্মা	নগেন্দ্রনাথ বসু
৪ বর্ষ	কাটোয়ার নিকট প্রাপ্ত জৈন পিত্তল-ফলক *	হরপ্রসাদ শাস্ত্রী
	ছাতনার ইষ্টকলিপি *	নগেন্দ্রনাথ বসু
	বাঙ্গালার প্রত্নতত্ত্ব	প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়
৫ বর্ষ	গৌড়াধিপ মদনপালের তাম্রশাসন	নগেন্দ্রনাথ বসু

বর্ষ	প্রবন্ধ	লেখক
৫ বর্ষ	গৌড়াধিপ মহীপাল দেবের তাম্রশাসন *	নগেন্দ্রনাথ বসু
৬ বর্ষ	একখানি প্রাচীন দলিল	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	গোপীনাথপুরের প্রাচীন শিলালিপি	নগেন্দ্রনাথ বসু
৭ বর্ষ	জৈন পুরাকাহিনী	নগেন্দ্রনাথ বসু
	বুদ্ধদেবের জীবনচরিত *	সতীশচন্দ্র বিদ্যাভূষণ
	শঙ্কর ও শাক্যমুনি *	কালীবর বেদান্তবাগীশ
	বৌদ্ধধর্ম্ম *	সত্যেন্দ্রনাথ ঠাকুর
	বুদ্ধদেবের মহাপরিনির্ব্বাণ *	সতীশচন্দ্র বিদ্যাভূষণ
	কমলাকর ভট্ট	ত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য
	রাঙ্গামাটি বা কর্ণসুবর্ণ *	নিখিলনাথ রায়
	রাঙ্গামাটি সম্বন্ধে মতামত	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
৮ বর্ষ	চরক ও সুশ্রুতের সময় নিরূপণ *	প্রফুল্লচন্দ্র রায়,নবকান্ত কবিভূষণ
	আর একখানি প্রাচীন দলিল	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
	লালা উদয়নারায়ণ রায়	দুর্গাদাস রায়
৯ বর্ষ	তমলুক *	শ্রীশচন্দ্র ঘোষ
১০ বর্ষ	ত্রপুষ ও ভল্লিক *	শিবচন্দ্র শীল
	আয়ুর্ব্বেদের প্রাচীনত্ব	প্রফুল্লচন্দ্র রায় নবকান্ত গুহ কবিভূষণ
	মহারাজ নন্দকুমারের পত্র	নিখিলনাথ রায়
	রাজপুতানার গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়	মেঘনাথ ভট্টাচার্য্য
১১ বর্ষ	রঘুনাথ শিরোমণি	অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি
	রঘুনাথ শিরোমণি বা কাণভট্ট শিরোমণি	পূর্ণচন্দ্র দে উদ্ভটসাগর
	ঐতিহাসিক সমস্যা—কনোজের আয়ুধরাজবংশ	নগেন্দ্রনাথ বসু
	ভারতে লিপির উৎপত্তি *	অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
	বিদ্যাধর	মেঘনাথ ভট্টাচার্য্য
১২ বর্ষ	বৌদ্ধ বারাণসী *	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	বোপদেব	অম্বিকাচরণ শাস্ত্রী
	বৈদিক তত্ত্ব *	ব্রজলাল মুখোপাধ্যায়:
১৩ বর্ষ	পিপ্‌রাবার প্রাচীন লিপি	বিনোদবিহারী কাব্যতীর্থ
	মুণ্ডেশ্বরীর খোদিত লিপি	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	কায়স্থ চাকাদাস, টঙ্গদাস ও ভুবনাকর শর্ম্মা	সতীশচন্দ্র বিদ্যাভূষণ
১৪ বর্ষ	বঙ্গীয় পুরাবৃত্তের উপকরণ *	নগেন্দ্রনাথ বসু
	প্রাচীন চম্পা	নরেশচন্দ্র সিংহ
	সিংহনাথ লোকেশ্বর	বিনোদবিহারী কাব্যতীর্থ
	যশোহরের ফৌজদার নূরউল্লা খাঁ ও মীর্জানগর *	অশ্বিনীকুমার সেন
	মহারাজ শিবরাজের তাম্রশাসন	রাখালদাস বন্দ্যোপাধ্যায়

বর্ষ	প্রবন্ধ	লেখক
১৪ বর্ষ	শকাধিকার-কাল ও কণিষ্ক (অতিরিক্ত সংখ্যা)	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	গ্রামদেবতা	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
১৫ বর্ষ	কতিপয় পালরাজের শিলালিপি	বিনোদবিহারী বিদ্যাবিনোদ
	সপ্তগ্রাম	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	রাঢ়দেশের দুই প্রাচীন রাজবংশ *	শিবচন্দ্র শীল
	দন্তেশ্বরী	ধর্ম্মানন্দ মহাভারতী
	নাদির-উন্-নিকাত্	ধর্ম্মানন্দ মহাভারতী
১৫ বর্ষ	শ্রীশঙ্করাচার্য্য (আবির্ভাব-কাল নিরূপণ) *	অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ
১৬ বর্ষ	রাজা অনঙ্গভীমদেবের সময়ে উৎকীর্ণ চাটেশ্বর লিপি	নগেন্দ্রনাথ বসু
	উদ্ধারণ দত্ত ঠাকুর	শিবচন্দ্র শীল
	প্রথম কুমার গুপ্তের দুখানি খোদিত লিপি *	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	মধ্যমরাজের তাম্রশাসন *	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	বিক্রমপুরের একটি পুরাতন দুর্গ *	সুখবিন্দু সেন গুপ্ত
	সূর্য্যপদে উপানৎ	বিনোদবিহারী বিদ্যাবিনোদ
১৭ বর্ষ	ইব্রাহিম আবুবেকর মালিক বৈজুর দরগা	প্রফুল্লকুমার সরকার ও দেবীপ্রসাদ মুখোপাধ্যায়
	কোটালিপাড়ার কূটশাসন	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	জ্ঞানদাসের জন্মভূমি	রাখালদাস কাব্যতীর্থ
	তর্পণদীঘির তাম্রশাসন	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	নবাবিষ্কৃত বল্লাল সেনের তাম্রশাসন	তারকচন্দ্র রায়
	বলবর্ম্মার তাম্রশাসন *	পদ্মনাথ ভট্টাচার্য্য
	বুদ্ধগয়ার তিনখানি শিলালিপি *	বিনোদবিহারী বিদ্যাবিনোদ
	বৌদ্ধঘণ্টা ও তাম্রমুকুট *	হরপ্রসাদ শাস্ত্রী
	মধুসূদন কিন্নর বা মধুকানের জীবনচরিত *	লক্ষ্মীনারায়ণ আঢ্য
	শ্রীচৈতন্য-পারিষদজন্মস্থান নিরূপণ *	শিবচন্দ্র শীল
১৮ বর্ষ	কৃত্তিবাসের জন্মশক	যোগেশচন্দ্র রায়
	রাণক কুলস্তম্ভের তাম্রশাসন	নগেন্দ্রনাথ বসু
	হরিদাস ঠাকুরের জন্মস্থান	চারুচন্দ্র মুখোপাধ্যায়
	চুঁচুড়ায় সূর্য্যমূর্ত্তি	ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
	চুঁচুড়ায় সূর্য্যমূর্ত্তি সম্বন্ধে সম্পাদকীয় মন্তব্য	নগেন্দ্রনাথ বসু
	রাজা দত্তখাস কে ? *	নগেন্দ্রনাথ বসু
	বঙ্গের আদিম সপ্তশতী ও শাকদ্বীপী ব্রাহ্মণ *	শরচ্চন্দ্র শাস্ত্রী
১৯ বর্ষ	ছিলমাবাদের মেলার কাহিনী *	সুরেন্দ্রমোহন ঘোষচৌধুরী
	সদাশিব *	দ্বারকানাথ চৌধুরী
	গৌহাটীর নূতন তাম্রশাসন	কৈলাসচন্দ্র সিংহ
	ধর্ম্মপালের গড়	কৃষ্ণবিহারী গুপ্ত

বর্ষ	প্রবন্ধ	লেখক
১৯ বর্ষ	শূরনগর	অম্বিকাচরণ ব্রহ্মচারী
	প্রাচ্য ও উদীচ্য	হারাণচন্দ্র চক্রবর্ত্তী
	কাশীরামের জন্মস্থান *	নগেন্দ্রনাথ বসু
	তৃতীয় গোপালদেবের শিলালিপি	বিনোদবিহারী বিদ্যাবিনোদ
	উৎকলদেশীয় স্বয়ম্ভু শিবলিঙ্গের বর্ণনা এবং দুইটি শক্তিমূর্ত্তির আবিষ্কার	বরদাপ্রসন্ন সোম
২০ বর্ষ	আসাম ভ্রমণ (তৃতীয়)	পদ্মনাথ ভট্টাচার্য্য
	একটি বুদ্ধমূর্ত্তি	রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	বৃন্দাবনদাস ঠাকুর ও তদ্রচিত শ্রীচৈতন্যভাগবত সম্বন্ধে দুই একটি কথা	অম্বিকাচরণ ব্রহ্মচারী
		মণীন্দ্রমোহন বসু
	উত্তর-রাঢ়-ভ্রমণ	হরিদাস পালিত
		রাখালদাস বন্দ্যোপাধ্যায়
	প্রাচীন কামরূপের রাজমালা	পদ্মনাথ ভট্টাচার্য্য
	কৃত্তিবাসের জন্মশক	রায়সাহেব যোগেশচন্দ্র রায়
	বঙ্গের চন্দ্র-রাজগণের পূর্ব্বতন রাজপাট ও বংশ সম্বন্ধে মন্তব্য	শিবচন্দ্র শীল

সংস্কৃত সাহিত্য

বর্ষ	প্রবন্ধ	লেখক
৫ বর্ষ	ধোয়ী কবির পবন-দূত *	হরপ্রসাদ শাস্ত্রী
	ভবভূতি *	সতীশচন্দ্র বিদ্যাভূষণ
৭ বর্ষ	ক্ষণিক বিজ্ঞানবাদ *	রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর
	বৈদিক সমালোচনা	হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায়
৯ বর্ষ	কৌষীতকি ব্রাহ্মণোপনিষৎ *	ব্রজলাল মুখোপাধ্যায়
	রামায়ণতত্ত্ব প্রথম ভাগ (স্বতন্ত্র খণ্ড)	অনাথকৃষ্ণ দেব
১১ বর্ষ	রামায়ণতত্ত্ব দ্বিতীয় ভাগ	অনাথকৃষ্ণ দেব
	গোতমের প্রতিভা (স্বতন্ত্র খণ্ড)	গঙ্গাচরণ বেদান্তবিদ্যাসাগর
	গোতমের প্রতিভা সম্বন্ধে মন্তব্য	নগেন্দ্রনাথ বসু
১৭ বর্ষ	কাতন্ত্র ব্যাকরণ	বনমালী বেদান্ততীর্থ
১৯ বর্ষ	মহাভারতের বঙ্গানুবাদ	বনমালী বেদান্ততীর্থ

বিজ্ঞান

বর্ষ	প্রবন্ধ	লেখক
৩ বর্ষ	জোয়ার ভাঁটা	মাধবচন্দ্র চট্টোপাধ্যায়
৪ বর্ষ	বাঙ্গালার প্রাচীন ভূতত্ত্ব	প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়
১১ বর্ষ	উদ্ভিদ্‌বিদ্যার উপক্রমণিকা	দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
১২ বর্ষ	জয়পুরের জ্যোতিষিক যন্ত্রালয় *	মেঘনাথ ভট্টাচার্য্য

১৩ বর্ষ	জয়পুরের জ্যোতির্ষিক যন্ত্রালয় *	মেঘনাথ ভট্টাচার্য্য
১৪ বর্ষ	আয়ুর্ব্বেদের অস্থিবিদ্যা (১) *	দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
১৪ বর্ষ	বঙ্গদেশের ভূমিকম্প ১ম ভাগ *	হেমচন্দ্র দাশগুপ্ত
১৫ বর্ষ	আয়ুর্ব্বেদের অস্থিবিদ্যা (২) *	দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
	আয়ুর্ব্বেদের অস্থিবিদ্যা প্রবন্ধের মীমাংসা	হরমোহন মজুমদার
	স্বাভাবিক অবস্থায় উদ্ভিদের চরিত্র	নিবারণচন্দ্র ভট্টাচার্য্য
১৬ বর্ষ	আয়ুর্ব্বেদের অস্থিবিদ্যা (৩) *	দুর্গানারায়ণ সেন শাস্ত্রী
	বঙ্গে ম্যালেরিয়া জ্বরে লোকক্ষয় ও তাহার প্রতীকার *	চিত্তসুখ সান্যাল ও গোপালচন্দ্র চট্টোপাধ্যায়
	ঘরপূরণ	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
১৭ বর্ষ	আয়ুর্ব্বেদের উৎপত্তি *	পঞ্চানন নিয়োগী
	আর্য্যবিজ্ঞানে বর্ত্তমান জীবাণু	শরচ্চন্দ্র শাস্ত্রী
	দলবদ্ধ উদ্ভিদের সাহায্য-বিনিময় *	নিবারণচন্দ্র ভট্টাচার্য্য
	হিমনদ-ঘৃষ্ট উপলখণ্ড	হেমচন্দ্র দাশগুপ্ত
১৮ বর্ষ	জীবগণের রোম ও কেশের একটি নূতন ব্যবহার*	নিবারণচন্দ্র ভট্টাচার্য্য
১৯ বর্ষ	গঙ্গা ব্রহ্মপুত্র পলিভূমির কর্দ্দম	সুরেশচন্দ্র দত্ত
	যশোহরে প্রাপ্ত তিনটি গোলা	হেমচন্দ্র দাশগুপ্ত
	কালমেঘের উপাদান	ক্ষিতিভূষণ ভাদুড়ী
২০ বর্ষ	চান্দর	দুর্গানারায়ণ সেন
	ছোট চান্দরের উপক্ষার	সূর্য্যনারায়ণ সেন
	পারদ-শোধন-প্রণালী	মণীন্দ্রনাথ বন্দোপাধ্যায়
	গন্ধ-তৈল-পরীক্ষা প্রণালী	প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
	সরিফপুরের লৌহমল	সুরেশচন্দ্র দত্ত
	চিনির স্ফুটন হইতে সুরার উৎপত্তি সম্বন্ধে প্রাচীন ভারতের বৈজ্ঞানিক জ্ঞান	জিতেন্দ্রনাথ রক্ষিত
	গঙ্গোত্রীপথে	হেমচন্দ্র দাশগুপ্ত

দর্শন

২০ বর্ষ	তর্কের পরিভাষা	বনমালী বেদান্ততীর্থ
	বেদের সংহিতাভাগে অদ্বৈতবাদ	কৈলাসচন্দ্র চক্রবর্ত্তী

বিবিধ

১ বর্ষ	আমাদের বিশ্ববিদ্যালয়	রজনীকান্ত গুপ্ত
	জাতীয় সাহিত্যের আবশ্যকতা কি ?	দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়
১-২ বর্ষ	সাময়িক প্রসঙ্গ	রজনীকান্ত গুপ্ত
৩ বর্ষ	সাময়িক প্রসঙ্গ	রজনীকান্ত গুপ্ত
৪ বর্ষ	বিবিধ-প্রসঙ্গ	ব্যোমকেশ মুস্তফী

৫ বর্ষ	ইতিহাস-রচনার প্রণালী *	রজনীকান্ত গুপ্ত
৬ বর্ষ	সভাপতির অভিভাষণ *	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
	গ্রন্থরচনা-সম্বন্ধে প্রস্তাব	রজনীকান্ত গুপ্ত
৭ বর্ষ	মহারাণী ভিক্টোরিয়ার মৃত্যু উপলক্ষে সভাপতির অভিভাষণ (অতিরিক্ত) *	সত্যেন্দ্রনাথ ঠাকুর
৮ বর্ষ	দক্ষিণাপথে প্রচলিত পূজা ও ব্রত *	দীননাথ গঙ্গোপাধ্যায়
১২ বর্ষ	পল্লীকথা *	যতীন্দ্রমোহন বাগচী
১৩ বর্ষ	পুঁড়োজাতির বিবরণ	মোক্ষদাচরণ ভট্টাচার্য্য
১৪ বর্ষ	দীপালী ও ভ্রাতৃদ্বিতীয়া পর্ব্ব	শিবচন্দ্র শীল
	হস্তালিঙ্গন *	শিবচন্দ্র শীল
	রাঢ়ভ্রমণ *	পঞ্চানন বন্দ্যোপাধ্যায়
	বিক্রমপুর অঞ্চলের খেলার বিবরণ *	বিনোদেশ্বর দাস গুপ্ত
১৫ বর্ষ	কোচ ও রাজবংশীয় জাতি-তত্ত্ব	এস্. বসু
১৬ বর্ষ	সাঁওতালী গান	ডাঃ সরসীলাল সরকার
	সভাপতির অভিভাষণ *	সারদাচরণ মিত্র
১৭ বর্ষ	আসাম-পর্য্যটন	পদ্মনাথ ভট্টাচার্য্য
	সভাপতির অভিভাষণ *	সারদাচরণ মিত্র
১৮ বর্ষ	সভাপতির অভিভাষণ *	সারদাচরণ মিত্র
	আসাম-ভ্রমণ (২য় প্রবন্ধ)	পদ্মনাথ ভট্টাচার্য্য
১৯ বর্ষ	সভাপতির অভিভাষণ *	সারদাচরণ মিত্র
২০ বর্ষ	সভাপতির অভিভাষণ *	সারদাচরণ মিত্র

সহায়ক-সদস্য

পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, ৪০ মহেন্দ্র গোস্বামীর লেন, সিমলা, কলিকাতা।

মৌলবি „ আবদুল করিম সাহিত্য-বিশারদ, চট্টগ্রাম স্কুল ইন্‌স্পেক্টারের অফিস, চট্টগ্রাম।

„ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, ২৪৩।১ অপার সার্কুলার রোড, কলিকাতা।

পণ্ডিত „ বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ, ইণ্ডিয়ান মিউজিয়ম, কলিকাতা।

„ বাণীনাথ নন্দী, ১৭ সিক্‌দারবাগান ষ্ট্রীট, কলিকাতা।

„ জ্যোতিঃপ্রসাদ সিংহ, "প্রসূন"-সম্পাদক, কাটোয়া, বর্দ্ধমান।

„ যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, গোয়াড়ী, কৃষ্ণনগর।

পণ্ডিত „ রজনীকান্ত চক্রবর্ত্তী, মালদহ।

„ সতীশচন্দ্র ঘোষ, এম্ ই আর এস্, রাঙ্গামাটী, চট্টগ্রাম।

„ হেমচন্দ্র ঘোষ, ১১৬ মস্‌জিদবাড়ী ষ্ট্রীট, কলিকাতা।

„ অমৃতগোপাল বসু, ৫৮ সিক্‌দারবাগান ষ্ট্রীট, কলিকাতা।

„ জীবেন্দ্রকুমার দত্ত, "সাধনাকুঞ্জ," ঘাটফরহাদবেগ, চট্টগ্রাম।

মৌলবী „ রওশন আলি চৌধুরী, "কোহিনুর"-সম্পাদক, পাংশা, ফরিদপুর।

„ আনন্দনাথ রায়, উপাসী, নগর, ফরিদপুর।

„ ডাঃ রসিকমোহন বিদ্যাভূষণ, ২৫ বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রসভ্য

কবিরাজ শ্রীযুক্ত রাখালদাস সেন গুপ্ত কাব্যতীর্থ, সঞ্জীবন ঔষধালয়,
১০৪ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীযুক্ত হৃষীকেশ মিত্র, ১২২।২ অপার সার্কুলার রোড, কলিকাতা।
" ভূপেন্দ্রনাথ বসু, ৭১ পাথুরেঘাটা ষ্ট্রীট, কলিকাতা।
" সুশীলচন্দ্র মুখোপাধ্যায়, ১৫ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা, কলিকাতা।
৫ " সীতেশচন্দ্র সেন বি এ, কালিয়া।
" তারাপ্রসন্ন বাক্চী, মেড়তলা, বর্দ্ধমান।
" ইন্দুভূষণ নাথ, আড়বালিয়া, ২৪ পরগণা।
" বিনোদেশ্বর দাস গুপ্ত বি এ, কলমা, ঢাকা।
" নিকুঞ্জবিহারী পাল, শালিমপুর, দৌলতপুর, শ্রীযুক্ত ইমানালী পণ্ডিতের বাটী।
১০ " সুরেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়, সাটুই শক্তিপুর, মুরশিদাবাদ।
" অক্ষয়কুমার বসু, ২৪ মহেন্দ্র বসুর লেন, কলিকাতা।
" রবীন্দ্রকুমার মিত্র, ৫০ গ্রে ষ্ট্রীট, কলিকাতা।
" হরিদাস মজুমদার, ১৪৪ অপার সার্কুলার রোড, কলিকাতা।
" ধীরেন্দ্রলাল সেন, শ্রীযুক্ত কামিনীকমল সেন উকীলের বাসা, ময়মনসিংহ।
১৫ " প্রফুল্লকুমার বন্দ্যোপাধ্যায় বি এ, প্রেসিডেন্সী কলেজ, কলিকাতা।
" শশিকান্ত সেন গুপ্ত, ন্যাসনাল কলেজ, মুরারিপুকুর, কলিকাতা।
" হরলাল দাস গুপ্ত, ৫৬।১।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
" কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ, টি এন্ জুবিলি কলেজের অধ্যাপক, ভাগলপুর।
" সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য এম্ এ, ঢাকা।
২০ " সীতানাথ কর্ম্মকার বি এ, ২৯ রামকান্ত মিস্ত্রীর লেন, কলিকাতা।
" ভববিভূতি ভট্টাচার্য্য, ভাটপাড়া, ২৪ পরগণা।
" রাজেন্দ্রকিশোর ধর, গগন চৌধুরী লেন, ময়মনসিংহ।
" ফণীভূষণ বসু, ৯।১ রামচন্দ্র মৈত্রের লেন, কলিকাতা।
" প্রফুল্লকুমার চট্টোপাধ্যায়, ৪১ গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।
২৫ " প্রশান্তচন্দ্র মহলানবিশ, ২১০ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
" কেদারনাথ চট্টোপাধ্যায়, ২১০।৩ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
" রেবতীমোহন চক্রবর্ত্তী, ৫ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা।
" ইন্দ্রনারায়ণ দে বি এল্, ৪ রামতনু বসুর লেন, কলিকাতা।
" মহেন্দ্রচন্দ্র দাস, সুজাতপুর, শ্রীহট্ট।
৩০ " প্রশান্তভূষণ গুপ্ত, আউট্সাহী, ঢাকা।
" জিতেন্দ্রনাথ সেন, কবিরাজ-বাড়ী, ৩১ প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট, কলিকাতা।
" যতীন্দ্রকৃষ্ণ নিয়োগী, ১৪ রতন নিয়োগীর লেন, গৌরীবেড়ে কলিকাতা।
" ব্রজেন্দ্রকিশোর রায় বি এ, আউট্সাহী, ঢাকা।

শ্রীযুক্ত নরেন্দ্রচন্দ্র পাল বি এ, যশোদল পোঃ, ময়মনসিংহ।
৩৫ „ সুশীলচন্দ্র দে বি এ, দমদম রোড, কাশীপুর পোঃ।
„ গিরিজাশঙ্কর রায় চৌধুরী বি এ, পঞ্চম বার্ষিক শ্রেণী, প্রেসিডেন্সী কলেজ।
„ জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ৪ ঠাকুর-কাসল রোড, কলিকাতা।
„ সুরেশচন্দ্র চক্রবর্ত্তী বি এ, ৩ রমানাথ মজুমদারের লেন, কলিকাতা।
„ রাখালমোহন সোম, ১ বল্‌দেপাড়া রোড, মাণিকতলা।
৪০ „ সত্যেন্দ্রমোহন চৌধুরী, ৬৩ হ্যারিসন রোড, কলিকাতা।
„ বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, ১১৬ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।
„ পুলিনচন্দ্র মুখোপাধ্যায়, ১৭ প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায়ের লেন, টালা।
„ গোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ, পল্লীবাসি-কার্য্যালয়, কালনা, বর্দ্ধমান।
„ মুন্সী মোহাম্মদ মোজাম্মেল হক্, শান্তিপুর, নদীয়া।
৪৫ „ রাজেন্দ্রলাল রায় চৌধুরী, ৫৬।১ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।
„ অতুলচন্দ্র দাস গুপ্ত, সংস্কৃত কলেজ, কলেজ স্কোয়ার, কলিকাতা।
„ নির্ম্মলচন্দ্র পাকড়াশী, ২৭ বলদিয়াপাড়া রোড, কলিকাতা।
„ রমেশচন্দ্র দাস দাস, ৩।১ ওয়ার্ড ইনষ্টিটিউশন, মাণিকতলা, কলিকাতা।
„ রাজেন্দ্রলাল নাথ, ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
৫০ „ নরেন্দ্রনাথ দালাল, ১১ উল্টাডিঙ্গি মেন রোড, কলিকাতা।
„ দেবেন্দ্রচন্দ্র নাথ, ৬ গৌরীবেড়ে লেন, কলিকাতা।
„ রাধিকাপ্রসাদ নাথ, ৬৮।৪ বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, কলিকাতা।
„ শশিভূষণ পাল, গিরিশচন্দ্র হাই স্কুল, শ্রীহট্ট এবং ৭১।৬ রামকান্ত মিস্ত্রির লেন।
„ হরেকৃষ্ণ ভট্টাচার্য্য ঐ ঐ ঐ
৫৫ „ গোপেশচন্দ্র ভট্টাচার্য্য ঐ ঐ ঐ
„ মথুরাচন্দ্র দে ঐ ঐ ঐ
„ সজলকান্ত দাস ঐ ঐ ঐ
„ গোপালচন্দ্র ভট্টাচার্য্য, ১২ কাশীঘোষের লেন, কলিকাতা।
„ অমরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ৩০ ঠাকুর মহাশয়ের লেন, উত্তরপাড়া।
„ সুধীরচন্দ্র সেন গুপ্ত, বাবুর বাড়ী, আউট্‌সাহি, ঢাকা।
„ চন্দ্রশেখর রায়, বি এ, বেলিয়াতোড়, বাঁকুড়া।
„ ধীরেন্দ্রনাথ চক্রবর্ত্তী, ৫০।১ ওয়েলিংটন ষ্ট্রীট, কলিকাতা।
„ কালীদয়াল ভট্টাচার্য্য, স্থলবসন্তপুর, পাবনা।
„ রাসবিহারী চট্টোপাধ্যায়, ৮৭।৮৮ মস্‌জিদ্‌বাড়ী ষ্ট্রীট, কলিকাতা।
৬৫ „ মহম্মদ শহীদুল্লাহ্ এম্ এ, ৮ সৈয়দসালী লেন, কলিকাতা।
„ হীরালাল দাস গুপ্ত বি এ, ১৩।২ বেণেটোলা লেন, কলিকাতা।
„ অগ্রপ্রকাশচন্দ্র মাহাতা, ১৫ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা।
„ কুমুদবন্ধু রায় গুপ্ত, আড়কান্দী, বেতাংশা, ফরিদপুর।
„ দীননাথ মজুমদার, ১৯ বাদুড়বাগান লেন, কলিকাতা।

৭০ শ্রীযুক্ত রমেশচন্দ্র বসু, ১৭।৩ বদরীদাস টেম্পল্ ষ্ট্রীট, কলিকাতা।
" যোগেশচন্দ্র বসু, কাঁথি, মেদিনীপুর।
" শরচ্চন্দ্র দে, জগন্নাথ কলেজ বোর্ডিং, ঢাকা।
" হরিদাস সরকার, পুরুলিয়া, মানভূম।
" যামিনীমোহন রায়, বীরকুৎসা, মাবিনগর, রাজসাহী।
৭৫ " মণীন্দ্রলাল রায়, শ্রীযুত সুরেন্দ্রলাল রায়ের বাটী, কৃষ্ণনগর।
" শিবেশচন্দ্র পাকড়াশী, স্থলবসন্তপুর। (১৯ সরকার লেন, কলিকাতা)।
" অশ্বিনীকুমার রক্ষিত, এড্‌ওয়ার্ড হোষ্টেল, ভাগলপুর।
" যোগেন্দ্রচন্দ্র ভৌমিক, জামালপুর, ময়মনসিংহ।
" যতীন্দ্রকুমার সেন, ২৮।১৬ অখিল মিস্ত্রীর লেন, কলিকাতা।
৮০ " সারদাচরণ ঘোষ, এবংগ্রাম, ফতোয়াবাদ, চট্টগ্রাম।
" শ্যামাচরণ ঘোষ " " "
" রেবতীরমণ সেন গুপ্ত, শিকারপুর, চট্টগ্রাম।
" হরিপদ সেন গুপ্ত " "
" হেমেন্দ্রলাল চৌধুরী " "
৮৫ " শরচ্চন্দ্র দেব বি এ, জোড়াপুকুর লেন, সিমলা, কলিকাতা।
" সুরেন্দ্রলাল দাস, ৯ ইডেন হিন্দু হোষ্টেল, কলিকাতা।
" জ্যোতিরিন্দ্রনাথ দাস, ৩৬।৬ বেণিয়াটোলা লেন, কলিকাতা।
" যামিনীমোহন চট্টোপাধ্যায়, আন্দুল, আন্দুলমৌরী, হাওড়া।
" বিনয়কৃষ্ণ সেন, দামোদর, খুলনা।
৯০ " সতীশচন্দ্র দাস, সৈদেরবালী, মাদারীপুর, ফরিদপুর।
" যতীন্দ্রনাথ সর্ব্বাধিকারী, গুণারবাড়ী, ময়মনসিংহ।
" নরেন্দ্রনাথ রক্ষিত, খাঁটুরা ২৪ পরগণা।
" মোহিনীকান্ত গুপ্ত, "রজনীকুটীর", ২৮।১৬ অখিল মিস্ত্রীর লেন।
" মোহিনীমোহন রায়, টানাদীঘি, গেলিয়া, বাঁকুড়া।
৯৫ " সন্তোষকুমার মুখোপাধ্যায়, ৬।২ কাঁটাপুকুর লেন, বাগবাজার, কলিকাতা।
" নুরুর রহ্‌মান্ খান্ ইউসফজী বি এ, চারাস, বালা, রতনগঞ্জ, ময়মনসিংহ।
" পরাণেন্দ্রনাথ ঘোষাল, ১১।১।১ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা।
" মনোরঞ্জন চট্টোপাধ্যায়, গোঁসাইদুর্গাপুর, নদীয়া।
" সুখরঞ্জন সেন গুপ্ত, সাহসপুর, বরিশাল।
১০০ " সত্যেন্দ্রকুমার সরকার, ৬৮এ দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীট, কলিকাতা।
" উপেন্দ্রনাথ দে, মালীপুর, শ্রীহট্ট।
" প্রফুল্লকুমার সরকার, ১১০ কলেজ ষ্ট্রীট, কলিকাতা। (গোয়াড়ী, কৃষ্ণনগর)
" ভুবনেশ্বর ভট্টাচার্য্য, ৫ কুমারটুলী ষ্ট্রীট, কলিকাতা।
" বিজনবিহারী সিংহ, ৩৬।৪ বেণেটোলা লেন, কলিকাতা।
১০৫ " চারুচন্দ্র ঘোষ, ৩৬।৪ বেণেটোলা লেন, কলিকাতা।

শ্রীযুক্ত প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়, ৬ গুরুপ্রসাদ চৌধুরীর লেন।
,, জ্ঞানাঙ্কুর আতর্থী, ২০৮।২ কর্ণওয়ালিস ষ্ট্রীট।
,, যতীন্দ্রলোচন মিত্র, নিউব্যারাক্, শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজ।
,, রঘুনাথ চট্টোপাধ্যায়, ১।৫ প্রেমচাঁদ বড়ালের ষ্ট্রীট।
১০ ,, যামিনীকান্ত ভট্টাচার্য্য, পঞ্জিপুরী, চরখাই, শ্রীহট্ট।
,, দ্বিজপদ বন্দ্যোপাধ্যায় বেলডাঙ্গা, মুরশিদাবাদ।
,, হলধর ভট্টাচার্য্য, মাধুলী বাগ্‌দেবী টোল, ভাঙ্গাবাজার, শ্রীহট্ট।
,, রামচন্দ্র চক্রবর্ত্তী, ১১৮।১ মস্‌জিদ বাড়ী ষ্ট্রীট।
,, ক্ষীরোদচন্দ্র মাইতি, ৫৯ মেছুয়াবাজার ষ্ট্রীট।
১১৫ ,, হরপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, ৩১ মণ্ডল ষ্ট্রীট, উত্তরপাড়া।
,, পূর্ণচন্দ্র রায়, পঞ্চবটী কানন, মাণিকতলা।
,, নির্ম্মলচন্দ্র দত্ত রায়, কিশোরগঞ্জ হাই স্কুল, ময়মনসিংহ।
,, নবকৃষ্ণ রায় চৌধুরী, ১৪৩ শ্যামবাজার ষ্ট্রীট।
,, অভিলাষচন্দ্র ভট্টাচার্য্য, সাতরা, চাটমোহর।
১২০ ,, তারানাথ রায়, রাজসাহী।
,, দুর্গামোহন ভট্টাচার্য্য, ৬ সরকারবাগান, কাশীপুর।
,, রমণীকান্ত নাগ, ৩২।৩ বিডন ষ্ট্রীট।
,, পবিত্রকুমার গঙ্গোপাধ্যায়, শান্তিনিকেতন, সিংপাড়া, কোলা, ঢাকা।
,, চামেলিকুমার চট্টোপাধ্যায়, ৯এ হোগলকুড়িয়া লেন।
১২৫ ,, ফণীন্দ্রনাথ বসু, ৩৬ চক্রবেড়িয়া রোড।
,, কুমার অরুণচন্দ্র সিংহ, ১২০।২ অপার সার্কুলার রোড।
,, শ্যামাকান্ত দাস, পরাণপুর, মালদহ।
,, প্রফুল্লচন্দ্র মিত্র, ৫৯ বেণিয়াটোলা ষ্ট্রীট, হাটখোলা।
,, নীরোদবিহারী মল্লিক, ২ কারবালা ট্যাঙ্ক লেন।
১৩০ ,, যোগেন্দ্রনাথ দে সরকার বি এস্ সি, ১৩ শম্ভুচন্দ্র চট্টোপাধ্যায়ের লেন।
,, গোপালচন্দ্র নন্দী, জারাগ্রাম, হুগলী।
,, হৃদয়ভূষণ মজুমদার, ৮২ বলরাম দের ষ্ট্রীট।
,, বিভূতিভূষণ ঘোষ মৌলিক বি এ, পাঁচথুপী, মুরশিদাবাদ।
,, শচীন্দ্রভূষণ দাসগুপ্ত, সংস্কৃত কলেজ, কাব্য, দ্বিতীয় বার্ষিক শ্রেণী।

১৩২২ সালের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

সভাপতি—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, এম্ এ, সি আই ই

সহকারী সভাপতি—শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

রাজারাও ,, যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর

মাননীয় ডাক্তার ,, দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এম্ এ, বি এল্, এল্ এল্ ডি, সি আই ই

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ

„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ

মহারাজা „ জগদীন্দ্রনাথ রায় বাহাদুর

মাননীয় „ কিরণচন্দ্র দে আই, সি, এস্

„ মহারাজাধিরাজ সার শ্রীযুক্ত বিজয়চাঁদ্ মহাতাব্ বাহাদুর কে সি এস্ আই, কে সি আই ই, আই ও এম্

সম্পাদক—শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ. এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী (অসুস্থ হওয়ার বৎসরের শেষভাগে ছুটী লইয়াছেন)।

„ কিরণচন্দ্র দত্ত

„ মৃণালকান্তি ঘোষ

„ বাণীনাথ নন্দী

„ সুরেন্দ্রনাথ কুমার

„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়. বিএ, এটর্ণি

ধনাধ্যক্ষ— „ হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল্

গ্রন্থাধ্যক্ষ— „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ

চিত্রশালাধ্যক্ষ „ রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ

ছাত্রাধ্যক্ষ— „ মন্মথমোহন বসু এম্ এ

পত্রিকাধ্যক্ষ—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ ডি

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্যগণ—

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি

„ খগেন্দ্রনাথ মিত্র এম্ এ

„ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ

„ রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

„ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ

„ যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ

„ চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ

„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ

„ অবিনাশচন্দ্র মজুমদার এম্ এ

ডাঃ „ বনওয়ারীলাল চৌধুরী বি এ

„ হেমচন্দ্র সরকার এম্ এ

„ যোগেন্দ্রনাথ দাস গুপ্ত বি এ

„ দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ

ডাঃ „ সৌরীন্দ্রকুমার গুপ্ত এম্ এ, বি এল, পি এচ্ ডি, এম্ আরএ এস্

মৌলবী „ রওসন আলী চৌধুরী

„ শশিভূষণ মুখোপাধ্যায়

„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

„ নরেশচন্দ্র সিংহ এম্ এ, বি এল্

„ দেবকুমার রায় চৌধুরী

„ সিদ্ধেশ্বর সিংহ

১৩২২ বঙ্গাব্দের পত্রিকা-পরিচালন-সমিতি

১। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই

২। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ

৩। „ যোগেন্দ্রনাথ দাশগুপ্ত বি এ (অক্ষন)

৪। „ হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্ এ, বি এল্

৫। „ রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

৬। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ্ ডি

৭। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্

৮। „ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ

১৩২২ বঙ্গাব্দের পুস্তকালয়-সমিতি

১। শ্রীযুক্ত মন্মথনাথ রুদ্র এম্ এ

২। „ সুরেন্দ্রনাথ কুমার

৩। „ নলিনীরঞ্জন পণ্ডিত

৪। „ বাণীনাথ নন্দী

৫। মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ্ ডি

৬। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

৭। „ চারুচন্দ্র বসু

৮। „ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, (এটর্ণি)

৯। „ ব্যোমকেশ মুস্তফী

১০। „ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ

১১। „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ, (গ্রন্থাধ্যক্ষ)

১৩২০ । ১৩২১ । ১৩২২ বঙ্গাব্দের জন্য গ্রন্থ-প্রকাশার্থ পরামর্শ-সমিতি

(ক) প্রাচীন ও আধুনিক সাহিত্য-সমিতি—

(১) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
(২) " ললিতকুমার বন্দ্যোপাধ্যায়
(৩) " নগেন্দ্রনাথ বসু
(৪) " পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়
(৫) " মৃণালকান্তি ঘোষ

(খ) দর্শন-সমিতি—

(১) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
(২) " ডাঃ " সতীশচন্দ্র বিদ্যাভূষণ
(৩) " ব্রজেন্দ্রনাথ শীল
(৪) " হীরেন্দ্রনাথ দত্ত
(৫) " রায় যতীন্দ্রনাথ চৌধুরী

(গ) গণিত ও বিজ্ঞান-সমিতি—

(১) শ্রীযুক্ত ডাঃ জগদীশচন্দ্র বসু
(২) " " প্রফুল্লচন্দ্র রায়
(৩) " রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
(৪) " সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়
(৫) " হেমচন্দ্র দাশ গুপ্ত

(ঘ) ইতিহাস ও প্রত্নতত্ত্ব-সমিতি—

(১) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
(২) " অক্ষয়কুমার মৈত্রেয়
(৩) " নগেন্দ্রনাথ বসু
(৪) " যদুনাথ সরকার
(৫) " রাখালদাস বন্দ্যোপাধ্যায়

দ্বিতীয় খণ্ড

একবিংশ বার্ষিক কার্য্য-বিবরণ

বর্ত্তমান ১৩২২ বঙ্গাব্দে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ একবিংশ বর্ষ অতিক্রম করিয়া দ্বাবিংশ বর্ষে পদার্পণ করিয়াছেন। এই একবিংশ বর্ষের কার্য্যবিবরণ নিম্নে প্রদত্ত হইল।

লর্ড কারমাইকেলের পরিষদে আগমন

আলোচ্য বৎসরে বঙ্গদেশের শাসনকর্ত্তা লোকপ্রিয় লর্ড কারমাইকেলের পরিষৎ মন্দির পরিদর্শনার্থ আগমন এক বিশেষভাবে উল্লেখযোগ্য ঘটনা। সকলেই অবগত আছেন যে, গত তিন বৎসর হইল, বাঙ্গালার রাজসরকার সাহিত্য-পরিষৎ কর্ত্তৃক গ্রন্থ প্রকাশের জন্য সাহায্য-কল্পে বাৎসরিক ১২০০৲ টাকা দান করিতেছেন ও দুই শত খণ্ড সাহিত্য-পরিষৎ-পত্রিকা ক্রয় করিতেছেন। বলা বাহুল্য যে, এই সাহায্যের জন্য বাঙ্গালা সাহিত্যানুরাগী ও বাঙ্গালা সাহিত্যের হিতাকাঙ্ক্ষী ব্যক্তিমাত্রই রাজসরকারের নিকট কৃতজ্ঞ। এই সাহায্য প্রদান লর্ড কারমাইকেলের সময়েই হইয়াছে। লর্ড কারমাইকেল নিজেও বাঙ্গালা ভাষা ও সাহিত্যের অনুশীলনে মনোযোগী এবং বোধ হয়, প্রধানতঃ বাঙ্গালা ভাষা ও সাহিত্যের প্রতি এই অনুরাগবশতই নানাপ্রকার কার্য্যের মধ্যে ব্যাপৃত থাকিয়াও গত ১৯শে মাঘ, শুক্রবার (অপরাহ্ণ ৪৷৷০ ঘটিকার সময়) তিনি পরিষৎ মন্দিরে শুভাগমন করিয়াছিলেন। পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ ও কতিপয় হিতৈষী সদস্য এই উপলক্ষ্যে পরিষদে একত্রিত হইয়াছিলেন। এতদ্ব্যতীত প্রাদেশিক শিক্ষাসচিব মাননীয় মিঃ লায়ন, প্রেসিডেন্সী বিভাগের কমিশনার মিঃ মোনাহান, আলিপুরের ম্যাজিষ্ট্রেট মিঃ সোয়ান প্রভৃতি নিমন্ত্রিত হইয়া পরিষৎ দেখিতে আসিয়াছিলেন। এই সময়ে পরিষৎ মন্দির যথোচিত ভাবে সজ্জিত হইয়াছিল ও পরিষদের চিত্রশালার দ্রব্য-সম্ভার, প্রাচীন পুথি, পুস্তক প্রভৃতি সমাগত ব্যক্তিগণকে দেখান হইয়াছিল। এই সমস্ত দেখা শেষ হইলে পর দ্বিতল হলের মধ্যে এক ক্ষুদ্র বৈঠকের অধিবেশন হয়। সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই মহাশয় পরিষদ্-গ্রন্থাবলী ও পরিষৎ-পত্রিকার এক প্রস্থ লর্ড কারমাইকেল মহোদয়কে উপহার প্রদান করেন ও সমাগত সজ্জনবর্গকে সম্বোধন করিয়া এক বক্তৃতা করেন।

অতঃপর লর্ড কারমাইকেল বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সকল বিভাগের কার্য্যেই সম্পূর্ণ সন্তোষ প্রকাশ করিয়া সাহিত্য-পরিষৎ হইতে বিদায় গ্রহণ করেন। লর্ড কারমাইকেল ও প্রাদেশিক শিক্ষা-সচিব মাননীয় মিঃ লায়ন সাহিত্য-পরিষদের পরিদর্শন পুস্তকে পরিষদের কার্য্য সম্বন্ধে যে অভিমত লিপিবদ্ধ করিয়াছেন, তাহার অনুলিপি নিম্নে প্রদত্ত হইল।

গবর্ণর বাহাদুরের অভিমত

I was delighted at being asked to visit the building of the Bangiya Sahitya-Parisad of which I had heard much praise. What I saw proved to me that praise I heard was very well deserved. The Library is good and the Museum very interesting. I think the society is to be congratulated on the work it is doing. I am grateful for the books which the members have presented to me, and am looking forward to again visiting the Museum and seeing the collections at sometime, when I can stay longer in the building. If I can anytime help the society, I shall be glad to do my best, for I think the society is helping Bengal.

(Sd.) CARMICHAEL,
Governor of Bengal.
2nd. February, 1915.

মাননীয় মিঃ পি, সি, লায়ন মহোদয়ের অভিমত

I am glad to have had an opportunity of visiting the home of the Bangiya-Sahitya-Parisad. I am informed on high authority that its literary work is of the best quality and has earned for the society a notable reputation in European countries. At the present time such work is of very special value to the Bengalee language and to Bengal.

(Sd.) P. C. Lyon.
5-2-15

(এই উৎসবের বিস্তৃত বিবরণ পরিশিষ্টে মুদ্রিত হইল)

লালগোলার রাজা

পরিষদের সদস্যগণের নিকটে লালগোলার স্বনামধন্য বদান্যপ্রবর রাজা বাহাদুরের সম্বন্ধে নূতন করিয়া পরিচয় দেওয়া অনাবশ্যক। বাঙ্গালা ভাষা ও সাহিত্যের ইতিহাসে লাল-গোলার রাজা বাহাদুরের নাম স্বর্ণাক্ষরে মুদ্রিত হইবার উপযুক্ত। সাহিত্য-পরিষদের প্রতি রাজা বাহাদুরের স্নেহের অবধি নাই। রাজা বাহাদুরের কৃপা না হইলে পরিষদের এই দ্বিতল গৃহ নির্ম্মাণ সম্ভবপর হইত না, তাঁহার অনুগ্রহ ব্যতীত পরিষৎ এত গ্রন্থ প্রকাশ করিতে সমর্থ হইতেন না, সাহিত্য ও সাহিত্যিকদিগের প্রতি তাঁহার শ্রদ্ধা ও অনুরাগ না থাকিলে, এত দিনে প্রাতঃস্মরণীয় বিদ্যাসাগর মহাশয়ের পুস্তক-সংগ্রহ এক স্থানে রাখা সম্ভবপর হইত না। পরিষদের চিত্রশালা এবং গ্রন্থশালাও রাজা বাহাদুরের স্নেহ-দৃষ্টি হইতে বঞ্চিত হয় নাই। আলোচ্য বৎসরে রাজা বাহাদুরের পরিষদের প্রতি স্নেহের এবং বঙ্গভাষা ও সাহিত্যের প্রতি প্রগাঢ় অনুরাগের অনেকগুলি নূতন নিদর্শন পাওয়া গিয়াছে। রাজা বাহাদুরের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশে কার্য্যনির্ব্বাহক-সমিতি এখানে প্রধানতঃ তিনটি বিষয়ের পরিচয় সাধারণ্যে বিজ্ঞাপিত করিতেছেন। সকলেই অবগত

আছেন যে, রাজা বাহাদুর পরিষদের স্থায়ী ভাণ্ডারে ১২৫০০৲ টাকা দিতে প্রতিশ্রুত ছিলেন। গত ১৯ই শ্রাবণ, ১৩২১, ইং ১৮।১৪ তারিখে রাজা বাহাদুর পত্রদ্বারা পরিষৎকে জানান যে, তাঁহার প্রস্তাবিত কতিপয় সর্ত্ত (যাহার বিবরণ পরিশিষ্টে দেওয়া হইল) অনুসারে তিনি পরিষদের স্থায়ী ভাণ্ডারে ১২৫০০৲ টাকা দিতে প্রস্তুত আছেন। কার্য্যনির্ব্বাহক-সমিতি ২২শে শ্রাবণ ১৩২১ তারিখের অধিবেশনে রাজা বাহাদুরের প্রস্তাবিত সমস্ত সর্ত্তই গ্রহণ করেন ও পরিষদের পক্ষ হইতে রাজা বাহাদুরকে ধন্যবাদ দিবার জন্য পরিষদের সভাপতি, সম্পাদক ও অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত মহাশয় লালগোলাতে প্রেরিত হন। ইহাঁরা যথাসময়ে লালগোলাতে উপস্থিত হইলে রাজা বাহাদুর ইহাঁদের হস্তে পূর্ব্ব-প্রতিশ্রুত ১২৫০০৲ টাকা ও আরও ৫০০৲ টাকা, মোট ১৩০০০৲ তের হাজার টাকার কোম্পানীর কাগজ সমর্পণ করেন।

লালগোলার রাজা বাহাদুরের সহিত পরিষদের সভাপতি, সম্পাদক এবং অন্যতম সহকারী সম্পাদক যখন দেখা করেন, তখন সম্পাদক রাজা বাহাদুরের নিকট বেদান্ত-দর্শন সংক্রান্ত প্রধান প্রধান ভাষ্য এবং প্রধান প্রধান গ্রন্থগুলির মধ্যে যেগুলি বঙ্গানুবাদ সহ অদ্যাপি প্রকাশিত হয় নাই, সেইগুলি উপযুক্ত ব্যক্তি কর্ত্তৃক অনূদিত করাইয়া প্রকাশ করিবার জন্য ব্যয়-ভার গ্রহণ করিতে বিশেষ ভাবে অনুরোধ করেন। রাজা বাহাদুরের বদান্যতা এবং মাতৃভাষার প্রতি অনুরাগ এত অধিক যে, সম্পাদকের ঐ অনুরোধ শুনিবামাত্র তিনি বিশেষ আগ্রহান্বিত হইয়া ঐ সকল গ্রন্থপ্রকাশের সম্পূর্ণ ব্যয়ভার বহন করিতে তৎক্ষণাৎ স্বীকার করেন। তদবধি পরিষৎ ঐ সকল গ্রন্থ প্রকাশ করার ব্যবস্থার জন্য চেষ্টা করিতেছেন। কার্য্যটি অতীব দুরূহ; সুতরাং পরিষৎ এখনও ঐ কাজে বিশেষ ভাবে অগ্রসর হইয়াছেন, বলা যায় না। ভরসা আছে যে, শীঘ্রই উহার একটি সুবন্দোবস্ত করিতে পারা যাইবে। রাজা বাহাদুরের এই বদান্যতার কথা বঙ্গ-সাহিত্যের ইতিহাসে চিরকালই উজ্জ্বল অক্ষরে লিখিত থাকিবে এবং উহা চিরদিনই বঙ্গবাসীর হৃদয়ে মুদ্রিত থাকিয়া তাঁহার প্রতি কৃতজ্ঞতা উদ্দীপিত করিবে। আমরা আশা করি যে, রাজা বাহাদুরের এই মহৎ দৃষ্টান্ত দেশীয় মাতৃভাষানুরাগী ধনি-সম্প্রদায়ের চিত্তাকর্ষণ করিবে এবং আমাদের মাতৃভাষা যাহাতে অদূরে নানা উপচারে ভূষিত হইতে পারে, তাহার ব্যবস্থা হইবে। রাজা বাহাদুরের উদারতা এবং বঙ্গ-সাহিত্যের উন্নতিকল্পে এই প্রকার মুক্তহস্ততার জন্য পরিষৎ যে কি ভাবে তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিবেন, তাহার নিমিত্ত যথোচিত ভাষা সংযোজিত করা সম্ভবপর নহে। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ রাজা বাহাদুরের নিকট নানা প্রকারে এবং অসংখ্য ভাবে ঋণী। তিনি প্রতি বৎসরই নূতন নূতন বদান্যতার দ্বারা এবং নানা কার্য্যে উৎসাহিত করিয়া পরিষৎকে যে ভাবে ঋণজালে আবদ্ধ করিতেছেন, তাহা ভাষায় ব্যক্ত করা অসম্ভব। তবে তাঁহার আদিষ্ট কার্য্যগুলি সুচারুভাবে সম্পন্ন করিতে পারিলে, রাজা বাহাদুর অবশ্যই তৃপ্তি লাভ করিবেন এবং দিন দিন আরও নূতন নূতন কাজে আমাদিগকে উৎসাহিত করিবেন, সন্দেহ নাই। অতএব আমাদের কর্ত্তব্য যে, আমরা তাঁহার নির্দ্দিষ্ট কাজগুলি যাহাতে

সুসম্পন্ন করিতে পারি, তাহা সর্ব্বতোভাবে করা। পরিষদের হিতাকাঙ্ক্ষী মাত্রেরই নিকট এই বিষয়ে সাহায্য এবং সৎপরামর্শ প্রার্থনা করিতেছি।

সঙ্গীতাভিজ্ঞ ব্যক্তিগণের নিকট কৃষ্ণানন্দ ব্যাসদেবের নাম অবিদিত নাই। ইহাঁর প্রণীত সঙ্গীত-রাগ-কল্পদ্রুম এক অমূল্য গ্রন্থ। এই গ্রন্থ দুই ভাগে বিভক্ত। রাজা বাহাদুর নিজ ব্যয়ে এই গ্রন্থ মুদ্রিত করিতেছেন ও প্রথম ভাগ প্রকাশিত হইয়াছে। মুদ্রিত প্রথম ভাগের মূল্য ১৫৲ টাকা। রাজা বাহাদুর এই প্রথম ভাগের ৯০০ শত খণ্ড পুস্তক পরিষৎকে দান করিয়াছেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতি (গত ২৩শে ভাদ্র তারিখে) আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদের সহিত রাজা বাহাদুরের এই দান গ্রহণ করিয়াছেন। (রাজা বাহাদুরের দান সংক্রান্ত নিয়মাবলী পরিশিষ্টে মুদ্রিত হইল)।

বান্ধব

অত্যন্ত দুঃখের বিষয় যে, আলোচ্য বর্ষে কেহ পরিষদের বান্ধব-পদ গ্রহণ করেন নাই। যে দিন পরিষৎ নিজ মন্দিরে প্রবেশ করেন, সেই দিন মহিষাদলের রাজা শ্রীযুক্ত সতীপ্রসাদ গর্গ বাহাদুর ও নাড়াজোলের রাজা শ্রীযুক্ত নরেন্দ্রলাল খান বাহাদুর প্রত্যেকে পরিষদের স্থায়ী তহবিলে পাঁচ সহস্র টাকা দান করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। কিন্তু এই দান অদ্যাপি পাওয়া যায় নাই। পরিষৎ আশা করেন যে, ইহাঁরা অচিরে স্বীয় প্রতিশ্রুতি রক্ষা করিবেন ও বান্ধবশ্রেণীভুক্ত হইয়া পরিষৎকে গৌরবান্বিত ও মাতৃভাষার অনুশীলনে প্রোৎসাহিত করিবেন। বঙ্গদেশে ধনশালী সহৃদয় ব্যক্তির অভাব নাই এবং এই সমস্ত ধনশালী মহানুভব ব্যক্তিদিগকে বান্ধবপদ গ্রহণ করিবার জন্য পরিষৎ সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছেন।

সদস্য

গত বৎসরের আরম্ভে শ্রেণীভেদে পরিষদের সদস্য-সংখ্যা এইরূপ ছিল ;—

বিশিষ্ট	...		১২
আজীবন	...		৫
অধ্যাপক	...		৪
সহায়ক	...		১৫
সাধারণ	...		১৯৯২
	কলিকাতা ...	৮২৮	
	মফস্বল ...	১১৬৪	
		১৯৯২	২০২৮

আলোচ্য বর্ষে কলিকাতাবাসী ৮২৮ জন সাধারণ সদস্যমধ্যে ৯ জনের মৃত্যু হইয়াছে, ৩ জন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন ও এক জন বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন এবং ৫৩ জন কলিকাতাবাসী পরিষদের সাধারণ-সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। আলোচ্য বর্ষের প্রারম্ভে মফস্বলের সাধারণ-সদস্য-সংখ্যা ১১৬৪ ছিল, তন্মধ্যে ১৪ জনের মৃত্যু হইয়াছে, ৫ জন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন ও ৯৮ জন মফস্বলবাসী পরিষদের সাধারণ-সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। কলিকাতাবাসী সদস্যমধ্যে ১৬ জন মফস্বলে চলিয়া গিয়াছেন এবং মফস্বলবাসী ২৬ জন

কলিকাতায় আসিয়াছেন। এই সকল পরিবর্ত্তনাদির পর বর্ষশেষে কলিকাতার সাধারণ-সদস্য-সংখ্যা ৮৭৮ এবং মফস্বলবাসী সাধারণ-সদস্যের সংখ্যা ১২৩৩ দাঁড়াইয়াছিল এবং কলিকাতা ও মফস্বলবাসী সাধারণ-সদস্যের সংখ্যা ২১১১ হইয়াছিল।

আজীবন-সদস্য

অত্যন্ত দুঃখের বিষয় যে, আলোচ্য বর্ষে পরিষদের কোনও নূতন আজীবন-সদস্য নির্ব্বাচিত হন নাই।

বিশিষ্ট-সদস্য

আলোচ্য বর্ষে বিজ্ঞানাচার্য্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়কে পরিষদের অন্যতম বিশিষ্ট-সদস্যরূপে নির্ব্বাচিত করিতে পারিয়া পরিষৎ নিজকে গৌরবান্বিত বোধ করিতেছেন। প্রচলিত নিয়মানুসারে সাহিত্য-সংসারে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিদিগকে পরিষৎ নানা উপায়ে সম্মানিত করিতে পারেন এবং এই সমস্ত উপায়ের মধ্যে বিশিষ্ট-সদস্য নির্ব্বাচন সর্ব্বপ্রধান। রামেন্দ্র-সুন্দর ত্রিবেদী মহাশয়ের বিদ্যা ও মনীষা সম্বন্ধে কিছু বলা নিতান্ত অনাবশ্যক। তাঁহার হৃদয়ের মহত্ব ও বিদ্যার খ্যাতি সর্ব্বজনপরিজ্ঞাত। এই মাতৃপূজার মন্দির প্রতিষ্ঠার জন্য এবং ইহার উন্নতিকল্পে তিনি যাহা করিয়াছেন ও করিতেছেন, সে জন্য তিনি দেশীয় সর্ব্ব-সাধারণের বিশেষ কৃতজ্ঞতাভাজন। বিশেষতঃ তিনি অদ্যাপি অসুস্থ শরীরে পরিষদের জন্য যেরূপ যত্ন ও পরিশ্রম করিয়া থাকেন, তাহাতে তাঁহার নিকট যথোপযুক্ত ভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করা অসম্ভব। আলোচ্য বর্ষের শেষে বিশিষ্ট-সদস্যের সংখ্যা ১৩ জন ছিল।

অধ্যাপক-সদস্য

আলোচ্য বৎসরে নূতন কেহই অধ্যাপক-সদস্য নির্ব্বাচিত হন নাই। অধ্যাপক-সদস্য-গণের মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী মহাশয় মাধ্বভাষ্যের বঙ্গানুবাদ প্রকাশের জন্য মাধ্বভাষ্য এবং মাধ্বসম্প্রদায়ের প্রকরণ-গ্রন্থসমূহ আলোচনায় নিযুক্ত আছেন এবং শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ মহাশয় শ্রীভাষ্য সম্পাদনে নিযুক্ত আছেন। পরিষৎ আশা করেন যে, অন্যান্য অধ্যাপক-সদস্যগণও এই ভাবে সংস্কৃত-সাহিত্যের অনন্ত ভাণ্ডার হইতে উপযুক্ত রত্নরাশি উদ্ধার করিয়া তাহা মাতৃভাষার আবরণে বঙ্গবাসীর সমক্ষে উপস্থিত করিবেন।

মৌলবী-সদস্য

যেরূপ সংস্কৃত-সাহিত্যের মধ্যে অনন্ত জ্ঞানের ভাণ্ডার লুক্কায়িত রহিয়াছে, আরবী, পার্শী ও উর্দ্দু-সাহিত্যের মধ্যেও সেইরূপ অনেক রত্নরাজি নিবদ্ধ আছে, তাহা কেহই অস্বীকার করিতে পারিবেন না। বিশেষতঃ ১২শ শতাব্দী হইতে আরম্ভ করিয়া ১৮শ শতাব্দী পর্য্যন্ত এই ৭ শত বৎসরের বাঙ্গালার, এমন কি, সমগ্র ভারতবর্ষের ইতিহাস আরবী, পার্শী সাহিত্যিক-গণের সাহায্য ভিন্ন সম্পূর্ণরূপে লিখিত হইতেই পারে না। এই সমস্ত কারণে আলোচ্য বৎসরে মৌলবী-সদস্য নামক নূতন এক সদস্য-শ্রেণী গঠনের প্রস্তাব গৃহীত হইয়াছে। আশা করা যায় যে, দেশের লব্ধপ্রতিষ্ঠ মৌলবীগণ পরিষদের কার্য্যে যোগদান করিয়া নিজ দেশের

ভাষা, সাহিত্য, দর্শন, ইতিহাস, বিজ্ঞান প্রভৃতির সবিশেষ উন্নতিকল্পে যথাসাধ্য সাহায্য করিবেন। মৌলবী-সদস্যের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হইল। আলোচ্য বৎসরে কেহই মৌলবী-সদস্য নির্ব্বাচিত হন নাই।

মৌলবী-সদস্যের নিয়মাবলী

১১। মোক্তাব ও মাদ্রাসার লব্ধপ্রতিষ্ঠ মৌলবীগণ পরিষদের মৌলবী-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী,—কোন মৌলবীর নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদনক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি মৌলবী-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১২। মৌলবী-সদস্যের সংখ্যা ৫ জনের অধিক হইবে না।

গত বৎসরেও কার্য্যবিবরণীতে মুসলমান সদস্যের ন্যূনতা বিষয়ে উল্লেখ করিয়া দুঃখ প্রকাশ করিতে হইয়াছিল। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, তাহাতে বিশেষ কোন ফল হয় নাই। পরিষদের সদস্য-সংখ্যার মধ্যে মুসলমান-সদস্যের সংখ্যা নিতান্তই অল্প। ইহা যে অত্যন্ত দুঃখের ও আক্ষেপের বিষয়, তাহাতে কোনও সন্দেহ নাই। এই বিষয়ে আমরা আমাদের সহৃদয় মাতৃভাষানুরাগী মুসলমান ভ্রাতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ করিতেছি। ঈশ্বরেচ্ছায় মুসলমান ভ্রাতৃবৃন্দের মধ্যে কৃতী লেখকের অভাব নাই। বঙ্গভাষার উন্নতিতে বাঙ্গালী হিন্দু ও মুসলমান উভয়েরই সমান স্বার্থ ও অধিকার। শিক্ষিত মুসলমানগণ কেন যে পরিষৎকে তাঁহাদের কৃপা হইতে বঞ্চিত করিতেছেন, তাহা আমরা বুঝিতে পারিতেছি না। আমাদের সনির্ব্বন্ধ অনুরোধ যে, তাঁহারা এই মাতৃভাষার মন্দিরে সম্মিলিত হইয়া মাতৃপূজায় যথাযথ সহায়তা করুন। ভরসা করি, আগামী বৎসর এই আক্ষেপোক্তি আর করিতে হইবে না। পরিষদে যাহাতে মুসলমান সদস্যের সংখ্যা বৃদ্ধি হয়, তাহার প্রতি প্রত্যেক সদস্যেরই দৃষ্টি আকর্ষণ করিতেছি।

সহায়ক-সদস্য

এই বর্ষের প্রারম্ভে সহায়ক-সদস্যের সংখ্যা ১৫ জন ছিল। আলোচ্য বর্ষে পণ্ডিত শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয় পরিষদের অন্যতম সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। বিদ্যাভূষণ মহাশয় সাহিত্য-ক্ষেত্রে সুপরিচিত। তিনি অনেক দিন হইল, বিশেষ দক্ষতার সহিত আনন্দবাজার ও বিষ্ণুপ্রিয়া পত্রিকার সম্পাদকের কার্য্য করিয়া আসিতেছেন এবং বৈষ্ণব-সাহিত্যে তাঁহার অসাধারণ পাণ্ডিত্য আছে। শ্রীজীব গোস্বামি-রচিত সুপ্রসিদ্ধ সর্ব্ব-সংবাদিনী নামক গ্রন্থের মূল ও অনুবাদ প্রকাশ করিবার ভার তাঁহার উপর ন্যস্ত হইয়াছে। অন্যান্য সহায়ক-সদস্যগণ নানা উপায়ে পরিষদের হিতজনক কার্য্যে নিযুক্ত আছেন। অত্যন্ত দুঃখের বিষয় যে, আলোচ্য বর্ষে অন্যতম সহায়ক-সদস্য অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয়ের মৃত্যু হইয়াছে। তাঁহার মৃত্যুতে সাহিত্য-পরিষৎ বিশেষ ক্ষতি অনুভব করিতেছেন। আলোচ্য বর্ষের শেষে সহায়ক সদস্য-সংখ্যা ১৫ জন ছিল। আশা করা যায়, সহায়ক-সদস্যগণ যথাসাধ্য পরিষৎকে সহায়তা করিয়া ইহার মুখোজ্জ্বল করিবেন।

এইরূপে বর্ষশেষে পরিষদের সদস্য-সংখ্যা এইরূপ হয়,—

বিশিষ্ট সদস্য	...	...	১৩
আজীবন	...	...	৫
অধ্যাপক	...	...	৪
সহায়ক	...	...	১৫
সাধারণ	...	...	২১১১
কলিকাতা	...	৮৭৮	
মফস্বল	...	১২৩৩	
		২১১১	২১৪৮

উপরে যে তালিকা প্রদত্ত হইল, তাহাতে দেখা যায় যে, পরিষদের সদস্য-সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। ইহা যে পরিষদের পক্ষে অত্যন্ত গৌরব ও শ্লাঘার বিষয়, তাহাতে কোনও সন্দেহ নাই। পরিষদের সদস্য-সংখ্যা দিন দিন বাড়িতেছে বটে, কিন্তু পরিষদের কার্য্যক্ষেত্রের বিস্তৃতি বিশেষভাবে আলোচনা করিলে দেখা যাইবে যে, সদস্য-সংখ্যা আরও বৃদ্ধি হওয়া আবশ্যক। পৃথিবীতে শিক্ষিতগণের যতগুলি সঙ্ঘ আছে, তাহাদের কোনটির বার্ষিক চাঁদা পরিষদের চাঁদার মত অল্প নহে। দিনান্তে একটি মাত্র পয়সা মাতৃপূজার মন্দিরের জন্য পরিষদের ভিক্ষা। পক্ষান্তরে এই ভিক্ষার ফলস্বরূপ সদস্যগণ যাহা পাইবেন, তাহাও নিতান্ত অল্প নহে। বৎসর বৎসর প্রকাশিত চারি সংখ্যা সাহিত্য-পরিষৎ-পত্রিকা বিনা মূল্যে প্রাপ্তি ব্যতীত পরিষদের প্রকাশিত কোন কোন গ্রন্থ বিনামূল্যে ও কোন কোন গ্রন্থ অপেক্ষাকৃত অনেক অল্প মূল্যে পাওয়ার অধিকার প্রত্যেক সদস্যেরই আছে। এই প্রকার অর্দ্ধমূল্যে গ্রন্থ পাওয়ার অধিকার সম্বন্ধে প্রকৃত অবস্থা, সকল সদস্যের গোচরে আনয়ন করা এখানে বোধ হয়, অপ্রাসঙ্গিক হইবে না। আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, গ্রন্থ মুদ্রণের যে ব্যয় হইবে, সেই ব্যয় অপেক্ষা কিঞ্চিদধিক মূল্য দিলেই, প্রত্যেক সদস্য পরিষৎ হইতে প্রকাশিত গ্রন্থ ক্রয় করিতে পারিবেন। দৃষ্টান্তস্বরূপ আলোচ্য বৎসরে প্রকাশিত চণ্ডীদাসের পদাবলীর উল্লেখ করা যাইতে পারে। এই গ্রন্থখানি ৫০ ফর্ম্মায় সম্পূর্ণ হইয়াছে, ইহাতে চারিখানি হাফটোন চিত্র আছে। সদস্যগণের পক্ষে এই গ্রন্থের মূল্য ২৲ দুই টাকা মাত্র স্থির করা হইয়াছে। সুতরাং দেখা যাইতেছে যে, বঙ্গভাষার সেবার বিমল আনন্দ উপভোগ ব্যতীত আরও নানা উপায়ে পরিষদের সদস্যগণ লাভবান্ হইতে পারেন। এই সমস্ত কারণে বঙ্গ, বিহার, উড়িষ্যা ও আসামে যাঁহারা বাঙ্গালা সাহিত্যের চর্চ্চা করেন, যাঁহারা বাঙ্গালা ভাষায় কথাবার্ত্তা কহেন, লেখাপড়া করেন, তাঁহাদের সকলকেই সদস্যরূপে পাইবার আশা করা পরিষদের পক্ষে কিছুই দুরাশা নহে। আমরা আশা করি, পরিষদের সদস্য-সংখ্যা উত্তরোত্তর বর্দ্ধিত হইবে ও ক্রমশঃ উপযুক্ত কর্ম্মীর অভাব দূরীভূত হইবে। দেশবাসী সকলকেই মাতৃপূজার মহাযজ্ঞে সম্মিলিত হইবার জন্য আমরা সসম্মানে এবং সাদরে সকলকে আহ্বান করিতেছি।

মৃত সদস্য ও সাহিত্যসেবিগণ

আলোচ্য বৎসর বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ২২ জন সদস্য পরলোকগমন করিয়াছেন। ইঁহাদের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত হইয়াছেন ও বিশেষ ক্ষতি বোধ করিতেছেন এবং ইঁহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাইতেছেন।

(১) ৺ ডাঃ অঘোরনাথ চট্টোপাধ্যায়,—আমাদের দেশস্থ যে সকল কৃতবিদ্য ব্যক্তি পাশ্চাত্য বিশ্ববিদ্যালয়ে উপদেশ লাভ করিয়াছেন, ডাঃ অঘোরনাথ তাঁহাদের মধ্যে একজন অগ্রণী। ইনি অনেক দিন সুনিপুণতার সহিত হায়দ্রাবাদে শিক্ষা-বিভাগে কার্য্য করিয়াছিলেন। ইনি ১৩২০ সালে পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন ও সাহিত্য-পরিষদের কার্য্যের সহিত ইঁহার বিশেষ সহানুভূতি ছিল। যাহাতে দেশীয় ভাষাতে উচ্চ শিক্ষার প্রচলন হইতে পারে, তজ্জন্য বিশেষভাবে চেষ্টা করা তিনি তাঁহার জীবনের শেষ বয়সের মুখ্য কার্য্য বলিয়া নির্দ্ধারণ করিয়াছিলেন। কিন্তু হঠাৎ তাঁহার মৃত্যু হওয়াতে তিনি এ সম্বন্ধে বিশেষ কিছুই করিয়া যাইতে পারেন নাই। পরিষদের প্রায় প্রত্যেক অধিবেশনেই তিনি উপস্থিত থাকিতেন। সাহিত্য-পরিষৎ তাঁহার মৃত্যুতে বিশেষ ক্ষতিগ্রস্ত।

(২) ৺ অনন্তকুমার দাসগুপ্ত এম্ এ, বি এল্,—ইনি গত ১৩২০ সালে পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। এই অল্প সময় মধ্যে তিনি পরিষদের প্রতি বিশেষ শ্রদ্ধাবান্ হইয়াছিলেন। পরিষৎ এই বন্ধুর মৃত্যুতে বিশেষ ক্ষতি বোধ করিতেছেন।

(৩) ৺ অধ্যাপক অনাথনাথ পালিত এম্ এ,— অনাথ বাবু পরিষদের একজন প্রাচীন বন্ধু। গত ১৩০৫ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। ইনি কলিকাতা মেট্রপলিটন কলেজে পদার্থ-বিজ্ঞানের অধ্যাপনা করিতেন ও পরিষদের বৈজ্ঞানিক পরিভাষা-সমিতির অন্যতম উৎসাহী সদস্য ছিলেন ও তিনি অনেকগুলি পরিভাষা নিজে প্রস্তুত করিয়াছিলেন। পরিষৎ এই সদস্যের অকাল-মৃত্যুতে বিশেষরূপে ক্ষতিগ্রস্ত।

(৪) ৺ অম্বিকাচরণ ব্রহ্মচারী ভক্তিরঞ্জন,—বর্দ্ধমান দেমুড়নিবাসী ব্রহ্মচারী মহাশয়ের নাম সাহিত্যক্ষেত্রে অপরিচিত নহে। তিনি গত ১৩১৬ সালে পরিষদের বিশেষ সদস্য, তৎপরে ইহার সহায়ক-সদস্য হইয়াছিলেন। তিনি প্রাচীন পুথি ও মূর্ত্তি সংগ্রহ দ্বারা পরিষদের অনেক সাহায্য করিয়াছেন। তদ্ব্যতীত তিনি পরিষদের মাসিক অধিবেশনে পাঠের জন্য ও পরিষৎ-পত্রিকায় প্রকাশের জন্য বহু প্রবন্ধ লিখিয়াছিলেন। রাজসাহীর "হিন্দুরঞ্জিকা" ও "রাজসাহী-সংবাদ" পত্রে তাঁহার পদ্য ও গদ্য অনেক রচনা বাহির হইয়াছিল। তাঁহার রচিত পত্রাষ্টক কাব্য, সুভদ্রাহরণ কাব্য, বঙ্গরত্ন, শ্রীনিত্যানন্দ নাটক প্রভৃতি বহু গ্রন্থ, অনেক গান ও কবিতা আছে। তাঁহারই পরিশ্রম ও গবেষণার ফলে বৃন্দাবন দাসের চৈতন্যভাগবতের শেষের তিনটি অধ্যায় আবিষ্কৃত হইয়া কালনায় "পল্লীবাসী" পত্রে প্রকাশিত হইয়াছে। পরিষৎ এই প্রাচীন সাহিত্যিকের মৃত্যুতে একজন প্রকৃত কর্ম্মী বন্ধু হারাইয়াছেন।

(৫) ৺ অধ্যাপক কালীপদ বসু এম্ এ,—ইনি পরিষদের একজন বহু পুরাতন সদস্য ছিলেন। গত ১৩০৩ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। ইনি ঢাকা কলেজের গণিতাধ্যাপক ছিলেন। ইংরাজী ও বাঙ্গালা উভয় ভাষাতেই তিনি গণিতের অনেক পুস্তক

লিখিয়াছেন। তাঁহার মৃত্যুতে বঙ্গদেশের একজন খ্যাতনামা শাস্ত্রজ্ঞ পণ্ডিতের অভাব হইল। পরিষৎ তাঁহার মৃত্যুতে বিশেষ দুঃখিত।

(৬) ৺ তারাপ্রসন্ন মিত্র—বেঙ্গলী পত্রের কর্ম্মাধ্যক্ষ তারাপ্রসন্ন মিত্র মহাশয়ের নাম সকলেরই পরিচিত। তিনি গত ১৩১৭ সালে পরিষদের সদস্য হইয়াছিলেন। ইনি পরিষদের হিতসাধনে বিশেষ বিশেষ কার্য্যে সাহায্য করিতেন। ইহার অকাল-মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

(৭) ৺ ধন্নূলাল আগরওয়ালা বি এ, এটর্ণি,—ইনি সাহিত্য-পরিষদের অতি প্রাচীন সদস্য এবং বিশেষ হিতৈষী বন্ধু ছিলেন। বিদেশী হইলেও বাঙ্গালা ভাষায় ইহাঁর বিশেষ দক্ষতা ছিল ও নিজে বাঙ্গালায় নাটকাদি লিখিতেন। ধন্নূবাবু জৈন ছিলেন, স্বধর্ম্মে তাঁহার নিষ্ঠা ছিল ও জৈন শাস্ত্রগ্রন্থ বাঙ্গালায় ভাষান্তর করাইতে আরম্ভ করিয়াছিলেন। ধন্নূবাবুর অকাল-মৃত্যুতে পরিষদের একজন বিশেষ বন্ধুর অভাব হইয়াছে। ১৩০৮ সালে ইনি সদস্য হইয়াছিলেন।

৮। ৺ নবীনচন্দ্র দাস কবিগুণাকর এম্ এ, বি এল্,—চট্টগ্রামের এই প্রাচীন সাহিত্যিক ও সুকবি রাজকার্য্যে ব্যাপৃত থাকিলেও সাহিত্য-সেবা হইতে বিরত ছিলেন না। তিনি মহাভারতের পদ্যানুবাদ করিয়া গিয়াছেন। তাঁহার রঘুবংশের পদ্যানুবাদ সর্ব্বজনবিদিত। তিনি ভারবির কিরাতার্জ্জুনীয়ের অনুবাদ করিয়া, মাঘের শিশুপালবধ অনুবাদ করিতে আরম্ভ করিয়াছিলেন। দুর্ভাগ্যবশতঃ তাহা শেষ করিয়া যাইতে পারেন নাই। তিনি মেঘদূতেরও কতক অংশ অনুবাদ করিয়াছিলেন। তিনি প্রত্নতত্ত্ব সম্বন্ধেও আলোচনা করিতেন ও তৎপ্রণীত Geography of Ancient India প্রসিদ্ধ পুস্তক। তিনি পরিষদের চট্টগ্রাম-শাখার সভাপতি ছিলেন। তাঁহার মৃত্যুতে শোকপ্রকাশার্থ পরিষদে এক বিশেষ অধিবেশন হইয়াছিল। ১৩১৪ সালে ইনি সদস্য-পদ গ্রহণ করেন।

৯। ৺ নারায়ণচন্দ্র চট্টোপাধ্যায়,—ইনি পরিষদের একজন হিতৈষী সদস্য ছিলেন। গত ১৩১৮ সালে ইনি সদস্য-পদ গ্রহণ করেন।

১০। ৺ প্রবোধচন্দ্র মুখোপাধ্যায় বি এল—ইনি ১৩১৫ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করিয়াছিলেন। ইনি হাইকোর্টে ওকালতি করিতেন। ইহাঁর অকাল-মৃত্যুতে আমরা অত্যন্ত দুঃখিত।

১১। ৺ প্রিয়নাথ ঘোষ এম্ এ,—প্রিয়নাথ ঘোষ মহাশয় কুচবিহার-রাজ্যের দেওয়ান ছিলেন। ইনি পরিষদের একজন প্রাচীন বন্ধু ও সদস্য ছিলেন। ইহাঁরই চেষ্টায় স্বর্গীয় মহারাজ নৃপেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর পরিষদের আজীবন-সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন। ইহাঁর অকাল-মৃত্যুতে পরিষৎ অত্যন্ত ক্ষতি বোধ করিতেছেন। ১৩০১ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন।

১২। ৺ বিনয়গোপাল বন্দ্যোপাধ্যায়,—এই সদস্য পরিষদের কার্য্যে বিশেষ শ্রদ্ধাবান্ ছিলেন। তাঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত। ইনি গত ১৩১৮ সালে পরিষদের সদস্যপদ গ্রহণ করেন।

১৩। ৺ বিষ্ণুপদ চট্টোপাধ্যায় এম্ এ, বি এল,—ইনি হুগলীর উকীল ছিলেন। বহু মাসিক পত্রে প্রবন্ধাদি লিখিতেন বলিয়া বিষ্ণু বাবু বঙ্গীয় সাহিত্যিকগণের নিকট বিশেষ পরিচিত ছিলেন। অধুনালুপ্ত "পূর্ণিমা" নামক অতি উচ্চশ্রেণীর মাসিক পত্রিকার সহিত ইনি বিশিষ্টভাবে সংশ্লিষ্ট ছিলেন ও তাঁহার অনেক প্রবন্ধ ইহাতে প্রকাশিত হইয়াছে। প্রাচীন "নবজীবনে" ইঁহার রচনা বাহির হইত। সেই সময় হইতেই ইনি সাহিত্য-সমাজে প্রতিষ্ঠা লাভ করেন। চুঁচুড়ার সাহিত্য-সম্মিলনে বিষ্ণু বাবু একজন প্রধান কর্ম্মী ছিলেন। ইঁহারও অকালমৃত্যু হইয়াছে। ১৩১৬ সালে ইনি পরিষদের সদস্যপদ গ্রহণ করেন।

১৪। ৺ মণীন্দ্রনাথ চৌধুরী—গত ১৩১৭ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন। পরিষদের মাসিক অধিবেশন ও অন্যান্য কার্য্যে ইনি উৎসাহ সহকারে যোগদান করিতেন।

১৫। ৺ মধুসূদন রায় বি এল্—ইনি দিনাজপুরের একজন উৎসাহী উকীল ছিলেন ও দেশের প্রায় সকল সদনুষ্ঠানের সহিত সংস্পৃষ্ট থাকিতেন। ১৩১৭ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন।

১৬। ৺ মহেন্দ্রলাল দাস বি এল্—চট্টগ্রামের এই সদস্যের মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত। চট্টগ্রামের বিগত সাহিত্য-সম্মিলনে ইনি বিশেষ উৎসাহের সহিত কার্য্য করিয়াছিলেন। স্থানীয় শাখা-পরিষদের অধিবেশনে ইনি প্রবন্ধাদি পাঠ করিতেন। গত ১৩১৯ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন।

১৭। ৺ যামিনীকান্ত বসু বি এল্ ১৩১। সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন। ইনি পরিষদের একজন উৎসাহী সদস্য ছিলেন।

১৮। ৺ শম্ভুচন্দ্র রায়—গত ১৩২০ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন।

১৯। ৺ শৈলেশচন্দ্র মজুমদার—ইনি সাহিত্য-পরিষদের একজন অতি পুরাতন সদস্য। ১৩০৬ সালে ইনি ইহার সদস্য হন। তাহার পর ১৩০৯ সাল হইতে তিনি প্রতি বৎসর ইহার কার্য্যনির্ব্বাহক-সমিতির সদস্য হইয়া আসিতেছিলেন। এ বৎসরেও তিনি নির্ব্বাচিত হইয়াছিলেন। সাহিত্য-পরিষদের কার্য্য-পরিচালনে তাঁহার উৎসাহ এবং আগ্রহ বিশেষ প্রসিদ্ধ ছিল। কার্য্যনির্ব্বাহক-সমিতির অধিবেশনগুলিতে তিনি প্রায়ই উপস্থিত থাকিতেন ও উপযুক্ত পরামর্শ দিতেন। দেশ-বিদেশের সাহিত্য-সম্মিলনগুলিতেও তিনি বিশেষ উৎসাহ সহকারে সাহিত্য-পরিষদের প্রতিনিধিরূপে যোগ দিতেন। নানা কারণে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ তাঁহার নিকট কৃতজ্ঞ এবং তাঁহার স্মৃতি কখনও বিস্মৃত হইতে পারিবেন না। শৈলেশ বাবু সুলেখক ছিলেন; তাঁহার লিখিত ছোট ছোট উপন্যাস গ্রন্থ বাঙ্গালীর বিশেষ আদরের পাঠ্য। গল্প রচনায় তাঁহার প্রতিপত্তি ছিল। ৺বঙ্কিমচন্দ্রের "বঙ্গদর্শন" যখন পূর্ব্বে একবার ৺সঞ্জীবচন্দ্রের হাত হইতে ডুবিয়া যায়, তখন ইঁহারই জ্যেষ্ঠ ভ্রাতা ৺শ্রীশচন্দ্র মজুমদার মহাশয় তাহার সম্পাদন-ভার লইয়া কিছু দিন তাহাকে বাঁচাইয়া রাখিয়াছিলেন। কিছু দিন পরে যখন বঙ্গদর্শন সত্য সত্যই লুপ্ত হইয়া গেল, তখন হইতে কিছু দিন পর্য্যন্ত সাহিত্য-সংসারে তাহার অভাব অনুভূত হইতেছিল। ১৩১৪ বৎসর পূর্ব্ব হইতে

এ দেশে মাসিক পত্র প্রচারের কিছু আতিশয্য ঘটিয়াছে। এই সময়ে ৺ শৈলেশ বাবুর মনে "বঙ্গদর্শনে"র পুনঃ প্রকাশের কথা উঠে। তিনি কবীন্দ্র রবীন্দ্রনাথের সাহায্যে ১৩০৮ সাল হইতে "বঙ্গদর্শনে"র নব পর্য্যায় প্রকাশ আরম্ভ করেন। তদবধি বেশ দক্ষতার সহিত বঙ্গদর্শন সম্পাদন করিয়া আসিতেছিলেন। ৺ শৈলেশচন্দ্র এই সুদীর্ঘ সাহিত্য-সেবার মধ্যে দেশহিতকর আর একটি বিপুল ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছিলেন। সেটি তাঁহার জমীদারী কলেজ। শৈলেশচন্দ্র স্বয়ং জমীদারী কার্য্যের সকল বিভাগে কার্য্য করিয়া বিশেষ নিপুণতা লাভ করিয়াছিলেন। ৺দ্বারকানাথ ঠাকুরের এষ্টেটে তিনি জমীদারীর সকল বিভাগে সুখ্যাতির সহিত কর্ম্ম করিয়া শেষে ৺কালীকৃষ্ণ ঠাকুরের এষ্টেটে এসিষ্টাণ্ট ম্যানেজার হইয়াছিলেন। বঙ্গদেশের দুইটি সুবৃহৎ জমীদারের সেরেস্তায় কাজ করিয়া তিনি বুঝিয়াছিলেন যে, বর্ত্তমান কালের কেবল কলেজের উচ্চশিক্ষায় শিক্ষিত ব্যক্তিগণ দ্বারা অথবা পল্লীগ্রামের মাইনার, ছাত্রবৃত্তি বা ইউ পি স্কুলের ছাত্রগণ দ্বারা জমীদারীর কোন কার্য্যই চলিতে পারে না। সে কালের কিতাবতী বিদ্যা শিক্ষা দিবার উপযোগী যে সকল পাঠশালা ছিল, তাহা এখন দেশ হইতে লুপ্ত হইয়া গিয়াছে। কাজেই নায়েব, গোমস্তা, তহশীলদার, খাটোয়ার, সুমারনবীশ, আমিন, মুহুরী, কারকুন প্রভৃতির কার্য্য শিখাইবার জন্য স্বতন্ত্র বিদ্যালয়ের একান্ত প্রয়োজন হইয়া পড়িয়াছে। এই বিবেচনায় ৺শৈলেশচন্দ্র বহু জমিদারীর ম্যানেজারদিগের সহিত পরামর্শ করিয়া আজ কয়েক বৎসর হইল, কলিকাতায় একটি জমিদারী কলেজ প্রতিষ্ঠা করেন। সুখের বিষয়, এই অল্প দিনের শিক্ষায় এখানকার শিক্ষিত কয়েকজন ছাত্র কয়েকজন প্রসিদ্ধ জমিদারের সেরেস্তায় চাকুরী লাভ করিয়াছেন। ৺শৈলেশচন্দ্র ৺কালীকৃষ্ণ ঠাকুরের এষ্টেটের সম্মানকর পদ ত্যাগ করিয়া নিজে এই কলেজের শিক্ষকতা করিতেন। এতদ্ভিন্ন তিনি দুঃস্থ সাহিত্য-সেবিগণকে মধ্যে মধ্যে যথাসাধ্য অর্থ-সাহায্য করিতেন। এইরূপে শৈলেশচন্দ্র সাহিত্যের ও সমাজের কল্যাণে নানাবিধ কার্য্য করিয়া দেশের কৃতজ্ঞতাভাজন হইয়া গিয়াছেন। ৪৮ বৎসর বয়সে গত ২২শে জ্যৈষ্ঠ তারিখে তাঁহার মৃত্যু হইয়াছে।

২০। ৺ শ্যামলকৃষ্ণ বসাক এল, এম, এস,—১৩১৩ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন।

২১। ৺ সতীশচন্দ্র চক্রবর্ত্তী—১৩১৮ সালে ইনি সাহিত্য-পরিষদের সদস্য-পদ গ্রহণ করিয়াছিলেন। পরিষদের জন্য প্রাচীন মুদ্রা ও পুস্তক উপহার দিয়া পরিষদের কার্য্যে ইনি সাহায্য করিতেন ও সাহিত্য-সম্মিলনগুলিতে প্রায় যোগদান করিতেন। ইনি ময়মনসিংহের নবগ্রাম সাহিত্য-সমিতির সম্পাদক ছিলেন।

২২। ৺ সুরেন্দ্রনারায়ণ রায়—দিনাজপুরের এই প্রাচীন সদস্যের মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত। ১৩০৭ সালে ইনি পরিষদের সদস্য হন ও তদবধি পরিষদের প্রতি ইঁহার বিশেষ শ্রদ্ধা ছিল। ইনি দিনাজপুর রাজবংশের ইতিহাস প্রণয়ন করিয়াছেন।

২৩। ৺ ডাঃ হরিতারণ বন্দ্যোপাধ্যায় এল্‌, এম্‌, এস্‌,—১৩১৬ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। পরিষদের, বাঙ্গালা ভাষা ও সাহিত্যের প্রতি ইঁহার যথেষ্ট অনুরাগ ছিল। বঙ্গভাষায় ইনি চিকিৎসা-শাস্ত্রসম্বন্ধীয় গ্রন্থ লিখিয়াছেন।

২৪। ৺ রায় হরিমোহন সিংহ বাহাদুর বি এ— গত ১৩১৪ সালে ইনি পরিষদের সদস্য-পদ গ্রহণ করেন। প্রথমতঃ তিনি কান্দী স্কুলে শিক্ষকতা করিতেন। তৎপরে তিনি দিনাজপুরের মহারাজের এষ্টেটের কর্তৃত্ব-ভার লইয়াছিলেন। তিনি নানা দেশহিতকর কার্য্যে অগ্রণী থাকিতেন।

সাহিত্য-পরিষদের পূর্ব্বোক্ত সদস্যগণ ব্যতীত নিম্নলিখিত কয়েক জন প্রথিতনামা সাহিত্যসেবীর মৃত্যু হইয়াছে। ইঁহাদের জন্য সাহিত্য-পরিষৎ বিশেষ দুঃখ প্রকাশ করিতেছেন।

১। ৺ কিশোরীমোহন রায় পাবনায় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা হইবার জন্য যে সাহিত্য-সমিতি গঠিত হইয়াছে, কিশোরী বাবু তাহার সভাপতি ছিলেন। তিনি পাবনার "স্বরাজ" নামক সাপ্তাহিক সংবাদপত্রের সম্পাদক ছিলেন। তাঁহার বাঙ্গালা ভাষায় রচিত কয়েকখানি পুস্তক রহিয়াছে।

২। ৺ কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ—ইনি একজন ডেপুটী ম্যাজিষ্ট্রেট ছিলেন। বাঙ্গালা ও সংস্কৃত ভাষায় ভক্তিশাস্ত্র-সম্পর্কীয় প্রায় ৭৫ খানি গ্রন্থ ইনি লিখিয়া গিয়াছেন এবং বৈষ্ণব ধর্ম্মসংক্রান্ত নানা সভা-সমিতি প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন।

৩। ৺ কৈলাশচন্দ্র সিংহ—ইনি একজন প্রসিদ্ধ ঐতিহাসিক ছিলেন এবং ইংরাজি ও বাঙ্গালায় তাঁহার অনেক সারগর্ভ প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। বাঙ্গালা ভাষায় তিনি কতকগুলি পুস্তকও প্রণয়ন করিয়াছেন। তিনি মৃত্যুর কিছু পূর্ব্বে তাঁহার লাইব্রেরীর ইতিহাস সংক্রান্ত সমস্ত পুস্তক সাহিত্য-পরিষৎকে দান করিয়াছেন। এই জন্য পরিষৎ তাঁহার দ্বারা বিশেষ ভাবে উপকৃত হইয়াছেন। পরিষৎ তাঁহার মৃত্যুতে একজন বন্ধু হারাইয়াছেন।

৪। ৺ সার তারকনাথ পালিত—সার তারকনাথ পালিতের নাম ভারতবর্ষে সকলেই চিরদিন শ্রদ্ধার সহিত স্মরণ করিবেন। তিনি বিজ্ঞান-চর্চ্চার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হস্তে যে অর্থ ও সম্পত্তি দান করিয়া গিয়াছেন, তজ্জন্য তাঁহার স্মৃতি কথনও বিলুপ্ত হইবে না।

৫। ৺ দেবীদাস করণ—ইনি মেদিনীপুরের "মেদিনী-বান্ধব" পত্রিকার সম্পাদকরূপে বহু কাল বঙ্গভাষার সেবা করিয়াছেন।

৬। ৺ নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় এম এ, বি এল—ইনি সংস্কৃত-সাহিত্যে সুপণ্ডিত ছিলেন। যাবজ্জীবন কোন না কোনরূপে সাহিত্য-চর্চ্চা করিয়াছেন। পাঠশালার পাঠ্য-পুস্তক প্রণয়নে ইঁহার বিশেষ দক্ষতা ছিল। নৃসিংহ বাবুর পরিমিতি, জমীদারী, মহাজনী, বাজার হিসাব প্রভৃতি নানা বাঙ্গালা গ্রন্থ পাঠ্য গ্রন্থরূপে নির্দ্দিষ্ট ছিল। সাহিত্য-সভা স্থাপিত হইবার পর হইতে ইনি সাহিত্য-সংহিতা পত্রিকার সম্পাদক হইয়াছিলেন এবং বহু বৎসর ঐ পত্রিকা পরিচালন করেন। সংস্কৃত-সাহিত্যে পাণ্ডিত্যের জন্য তাঁহার প্রচুর প্রতিষ্ঠা ছিল। বিশ্ববিদ্যালয়ের সদস্য-পদে ইনি বহু বৎসর প্রতিষ্ঠিত ছিলেম।

৭। ৺ মহামহোপাধ্যায় প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন—ঢাকা সারস্বত-সমাজের অগ্রণী মহামহোপাধ্যায়

প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন মহাশয়ের বিয়োগে বঙ্গের পণ্ডিত-সমাজের বিশেষ ক্ষতি হইয়াছে। তিনি যেমন সংস্কৃত ভাষা ও সাহিত্যের জন্য সারস্বত সমাজের উন্নতি-চেষ্টা করিতেন, তেমনি বাঙ্গালায় বক্তৃতা করিয়া, প্রবন্ধ পাঠ করিয়া ও স্কুলপাঠ্য পুস্তক রচনা করিয়া মাতৃভাষার সেবা করিতেন। বার্দ্ধক্য সত্বেও তিনি বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে কয়েক বার উপস্থিত হইয়া সারগর্ভ উপদেশ ও বক্তৃতা দ্বারা বাঙ্গালা সাহিত্যের প্রতি তাঁহার অনুরাগের পরিচয় দিয়াছিলেন।

৮। ৺রায় রাজর্ষি বনমালী রায় বাহাদুর—তাড়াসের রায় বনমালী রায় বাহাদুরের মৃত্যুতে বঙ্গ-সাহিত্য একজন বিশেষ হিতৈষী বন্ধু হারাইয়াছেন। তিনি শেষ জীবনে বৃন্দাবনে বাস করিতেন ও বৃন্দাবনে ছাপাখানা করিয়া স্বব্যয়ে বহু বাঙ্গালা ও সংস্কৃত বৈষ্ণব গ্রন্থ প্রচার করিয়া গিয়াছেন। পরিষৎ ইঁহার মৃত্যুতে বিশেষ দুঃখিত।

৯। ৺মহামহোপাধ্যায় রাখালদাস ন্যায়রত্ন—স্বর্গীয় ন্যায়রত্ন মহাশয়ের নাম বঙ্গদেশের সংস্কৃতজ্ঞ পণ্ডিত-সমাজ চিরদিন ভক্তিসহকারে স্মরণ রাখিবেন। শেষ জীবন তিনি কাশীতে অতিবাহিত করেন এবং বাঙ্গালা ও সংস্কৃত ভাষায় নানা গ্রন্থ লিখিয়াছেন। তন্মধ্যে শঙ্করের অদ্বৈতবাদ-খণ্ডন গ্রন্থখানি বিশেষ উল্লেখযোগ্য।

১০। ৺রামাক্ষয় চট্টোপাধ্যায়—ইনি স্বর্গীয় প্রেমচন্দ্র তর্কবাগীশ মহাশয়ের কনিষ্ঠ ভ্রাতা ছিলেন। ইনি ডেপুটী ম্যাজিষ্ট্রেট ছিলেন এবং কর্ম্মজীবনের অধিকাংশ ভাগ উড়িষ্যা দেশে থাকিতেন। বঙ্গভাষার প্রতি তাঁহার প্রগাঢ় অনুরাগ ছিল। তাঁহার লিখিত "পুলিশ ও লোকরক্ষা" এবং "৺প্রেমচাঁদ তর্কবাগীশ মহাশয়ের জীবনী" অনেকেই পাঠ করিয়াছেন।

১১। ৺রাজা সার সৌরীন্দ্রমোহন ঠাকুর—সঙ্গীত-শাস্ত্রের আলোচনায় রাজা সার সৌরীন্দ্রমোহন ঠাকুরের নাম কেবল বাঙ্গালায় বা ভারতবর্ষে নহে, পৃথিবীর সকল সভ্য দেশেই প্রসিদ্ধ এবং সম্মানিত। পৃথিবীর সকল সভ্য দেশ হইতেই তিনি ঐ জন্য সম্মানকর উপাধি লাভ করিয়াছিলেন। হিন্দু সঙ্গীত-শাস্ত্রের পুথি সংগ্রহে ও আলোচনায়, বাদসাহী আমলের সঙ্গীতের আলোচনায়, শাস্ত্রোক্ত বাদ্যযন্ত্রসমূহের সংগ্রহে ও নির্ম্মাণে, সঙ্গীতের শিক্ষাদানে রাজা বাহাদুর যেরূপ যত্ন ও অর্থব্যয় করিয়া গিয়াছেন, তাহা না করিলে বোধ হয়, এ দেশ হইতে সঙ্গীত-বিদ্যার লোপ হইত। রাজা বাহাদুর তাঁহার সঙ্গীত-শিক্ষার গুরু ৺ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয়ের সাহায্যে ইংরাজীর অনুকরণে স্বরলিপি রচনার উপায় উদ্ভাবন করেন। শাস্ত্রোক্ত অনেক কথার পরিভাষিক শব্দ রচনা করেন এবং একতানবাদনের প্রতিষ্ঠা করেন। ইনি সঙ্গীত-বিদ্যালয় প্রতিষ্ঠিত করিয়া বহু দিন পর্য্যন্ত নিজ ব্যয়ে তাহা প্রতিপালন করিয়াছিলেন। নানাবিধ তন্ত্রযন্ত্র বাজাইবার তাঁহার অসাধারণ নৈপুণ্য ছিল। নাট্যশাস্ত্রেও ইঁহার অধিকার ছিল। প্রাচীন নাট্যশাস্ত্র আলোচনায় এবং সঙ্গীত-শাস্ত্রের আলোচনায় ইনি বহু গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। শেষ বয়সে তিনি কলাপ ব্যাকরণের অনুকরণে সঙ্গীত-শাস্ত্রের সূত্র-সকল রচনা করিয়া "গান্ধর্ব্ব-কলাপব্যাকরণং" নামে একখানি সঙ্গীত-বিদ্যার অভিনব ব্যাকরণ রচনা করিয়া অসাধারণ পাণ্ডিত্য ও প্রতিভার পরিচয় দিয়া গিয়াছেন। রাজা বাহাদুরের প্রণীত "মণিমালা" পাঠে

দেখা যায় যে, তিনি দেশের প্রাচীন ইতিহাস ও সংস্কৃত সাহিত্যের সহিতও সুপরিচিত ছিলেন রাজা বাহাদুর বহু বিদ্যায় পণ্ডিত, সদালাপী, অমায়িক ও আচারবান্ ধার্ম্মিক পুরুষ ছিলেন। গত ২৩শে জ্যৈষ্ঠ ৭৪ বৎসর বয়সে তাঁহার দেহান্ত হইয়াছে। ইনি কিছু দিন পূর্ব্বে সাহিত্য-পরিষদের সদস্য ছিলেন। ইহাঁর মৃত্যুতে কেবল সাহিত্য-পরিষদের নহে, সমগ্র ভারতবর্ষের ক্ষতি হইল, বলিতে হইবে।

বার্ষিক অধিবেশন

আলোচ্য বর্ষে ৩১শে জ্যৈষ্ঠ বিংশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। এই অধিবেশনে পূর্ব্ব বৎসরের কার্য্য-বিবরণ ও ১৩২১ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয়। অতঃপর বর্দ্ধমানের মহারাজাধিরাজ শ্রীযুক্ত সার বিজয়চাঁদ মহাতাব বাহাদুরের পরিষদের বান্ধব-পদ গ্রহণ, রঙ্গপুর তাজহাটের রাজা শ্রীযুক্ত গোপাললাল রায় বাহাদুরের আজীবন-সদস্যপদ গ্রহণ ও বিজ্ঞানাচার্য্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের বিশিষ্ট-সদস্যপদে নির্ব্বাচন-সংবাদ সভাপতি মহাশয় কর্ত্তৃক বিজ্ঞাপিত হইলে পর সহায়ক-সদস্য নির্ব্বাচন-কার্য্য শেষ হয়।

অতঃপর সর্ব্বসম্মতিক্রমে পরিষদের ১২শ নিয়মের কিঞ্চিৎ পরিবর্ত্তন হইলে পর সভাপতি মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন (এই অভিভাষণ সাহিত্য-পরিষৎ-পত্রিকার একবিংশ ভাগ প্রথম সংখ্যায় প্রকাশিত হইয়াছে)। অতঃপর কর্ম্মাধ্যক্ষগণ নির্ব্বাচিত হন ও কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্ব্বাচনের ফল বিজ্ঞাপিত হয়। তৎপরে বিজ্ঞাপিত অন্যান্য কার্য্য শেষ হয়। অত্যন্ত সুখের বিষয় এই যে, আলোচ্য বর্ষেও সভাপতি মহাশয় অন্যান্য নানা কার্য্যে ব্যাপৃত থাকিয়াও যেরূপভাবে পরিষদের সভাপতির কার্য্য করিয়াছেন, তাহা আমাদের পক্ষে অত্যন্ত শ্লাঘার বিষয়। তাঁহার স্নেহবারিসিঞ্চনে যে এই পরিষৎ-বৃক্ষ অচিরে এক মহামহীরুহে পরিণত হইতে পারিবে, তাহাতে কোনও সন্দেহ নাই। গত বর্ষের ন্যায় এই বর্ষেও সভাপতি মহাশয়ের নেতৃত্বে আলোচনা-সভার কয়েকটি অধিবেশন হইয়াছিল।

মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির তালিকা

প্রথম মাসিক অধিবেশন—৩রা শ্রাবণ

১। বাঙ্গালা প্রত্যয়—শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম এ, বি এল।

২। বাঙ্গালায় নেতিবাচকের প্রয়োগ—শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম এ, এম আর এ এস্।

দ্বিতীয় মাসিক অধিবেশন—৩১শে শ্রাবণ

৩। ১৩২০ বঙ্গাব্দের বাঙ্গালা সাহিত্যের বিবরণ—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

৪। দয়ারাম দাস ও লক্ষ্মীচরিত্র—শ্রীযুক্ত প্রকাশচন্দ্র সরকার বি এল্।

তৃতীয় মাসিক অধিবেশন—২৫শে ভাদ্র

৫। দেওপানি গোসানী—শ্রীযুক্ত কৃষ্ণবিহারী রায় চৌধুরী।

চতুর্থ মাসিক অধিবেশন—২৯শে কার্ত্তিক

৬। রঙ্গপুরের ভাষার ব্যাকরণ—শ্রীযুক্ত যতীন্দ্রমোহন চৌধুরী।

পঞ্চম মাসিক অধিবেশন—২০ অগ্রহায়ণ

৭। ধর্ম্মপূজাবিধি—শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায়।

৮। সুবর্ণবিহার স্তূপ—শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার।

ষষ্ঠ মাসিক অধিবেশন—৫ই পৌষ

৯। দশাবতার মূর্ত্তিযুক্ত তাম্রফলক—শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ।

সপ্তম মাসিক অধিবেশন—৯ই ফাল্গুন

এই দিন মাননীয় গোখলে মহোদয় পরলোক গমন করায় তাঁহার স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনার্থ এই অধিবেশনের কার্য্য বন্ধ রাখা হয়।

স্থগিত সপ্তম মাসিক অধিবেশন—১৪ই চৈত্র

১০। ভাষার উৎপত্তি—শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম এ, এম আর এ এস্।

অষ্টম মাসিক অধিবেশন—১৪ই চৈত্র

১১। লক্ষ্ণৌ সহরের নামের উৎপত্তি—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব।

১২। উদ্ভিদে গৌণ-কোষ বিদারণ সম্বন্ধে কয়েকটি কথা—শ্রীযুক্ত ডাঃ একেন্দ্রনাথ ঘোষ এম এসসি, এল এম এস্।

১৩। একখানি সত্যপীরের পাঁচালী—শ্রীযুক্ত রঞ্জনবিলাস রায় চৌধুরী।

নবম মাসিক অধিবেশন—২৮শে বৈশাখ, ১৩২২

১৪। শঙ্করাচার্য্য ও বৌদ্ধধর্ম্ম—শ্রীযুক্ত কৃষ্ণানন্দ ব্রহ্মচারী।

দশম মাসিক অধিবেশন—২৩শে জ্যৈষ্ঠ, ১৩২২

১৫। গুপ্ত-বলভী-সংবৎ—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ।

এই সমস্ত অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদির তালিকা

বিংশ বার্ষিক অধিবেশন

১। একটি পদ্মপাণি বৌদ্ধমূর্ত্তি—শ্রীযুক্ত প্রিয়কুমার চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত অঘোরনাথ বসু মহাশয়দ্বয় প্রদত্ত।

২। ব্রহ্মদেশীয় অক্ষরে গালার রংয়ে সোনার অক্ষরে লেখা একখানি পুথির পাতা—শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ মহাশয় প্রদত্ত।

৩। শিকদারবাগান বান্ধব পুস্তকালয়—শিকদারবাগান বান্ধব পুস্তকালয়ের কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক প্রদত্ত।

৪। তেজুর গ্রন্থমালা—শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ বি এ প্রদত্ত।

প্রথম মাসিক অধিবেশন

৫। বাঁশে লেখা ঠিকুজী—শ্রীযুক্ত রঞ্জনবিলাস রায় চৌধুরী মহাশয় প্রদত্ত।

দ্বিতীয় মাসিক অধিবেশন

৬। ভবনগর রাজ্যে প্রাপ্ত একখণ্ড প্রস্তর—শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত এম এ মহাশয় কর্ত্তৃক প্রদর্শিত।

চতুর্থ মাসিক অধিবেশন

৭। মহারাজ-লীলায় অবস্থিত গুহামন্দিরস্থ বুদ্ধমূর্ত্তি রায় সাহেব শ্রীযুক্ত অপূর্ব্বকৃষ্ণ চৌধুরী মহাশয় প্রদত্ত।

পঞ্চম মাসিক অধিবেশন

৮। "লঘুকালচক্রটীকা বিমলপ্রভা" (হরিবর্ম্মা দেবের রাজত্বকালে বাঙ্গালা অক্ষরে লিখিত)—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক প্রদর্শিত।

৯। নিম্নলিখিত প্রাচীন তাম্রমুদ্রা ১১টি—শ্রীযুক্ত ডাঃ গোপালচন্দ্র চট্টোপাধ্যায় এম্ বি ও শ্রীযুক্ত ডাঃ সরসীলাল সরকার এম্ এ, এল্ এম্ এস্ মহাশয়দ্বয় প্রদত্ত।

(ক) কার্ষাপণ

(খ) ঐ ১ পৃষ্ঠে হস্তী, অপর পৃষ্ঠে বোধিবৃক্ষ, সুমেরু ও মিশরদেশীয় ক্রস্।

(গ) ঐ প্রথম পৃষ্ঠ পূর্ব্বোক্তরূপ, অপর পৃষ্ঠ অস্পষ্ট।

(ঘ) ঐ সুমেরু ও হস্তী উভয় পৃষ্ঠে।

(ঙ) ঐ সুমেরু, বোধিবৃক্ষ ও কুশময় ব্রাহ্মণ, অপর পৃষ্ঠে হস্তী ও স্বস্তিক।

(চ) ঐ হস্তী, মিশরদেশীয় ক্রস্ (Crux Asanta), Symbol of Life ব্রাহ্মী "ম" Tourine Lyon type.

(ছ) জৌনপুরের শার্কীবংশীয় সুলতান ইব্রাহিম সাহের তাম্রমুদ্রা, ৮৪৩ হিঃ।

(জ) ঐ ঐ মহমুদসাহের তাম্রমুদ্রা তিনটি (রাজ্যকাল ১৪৪০-১৪৫৮।

(ঝ) খিলজীবংশীয় আলাউদ্দিন মহম্মদ সাহের তাম্রমুদ্রা, সুরিত্রাণ শ্রীঅলাবদীন।

(ঞ) বাদসাহ দ্বিতীয় সাহ আলমের নামাঙ্কিত লক্ষ্ণৌয়ের নবাব উজীরবংশের তাম্রমুদ্রা, রাজ্যাঙ্ক ২৬। ১২৩৩ হিজরী।

১০। হরিদাস ঠাকুরের পাটের চিত্র—শ্রীযুক্ত মনীগোপাল মজুমদার মহাশয় প্রদত্ত।

ষষ্ঠ মাসিক অধিবেশন

১১। বৈদিক যজ্ঞীয় উপকরণ—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক প্রদর্শিত এবং শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় এইগুলির ব্যবহার সম্বন্ধে ব্যাখ্যা করেন।

১২। রাজা রাজেন্দ্রলাল মিত্রের প্রাকৃতিক ভূগোল সংক্রান্ত মানচিত্র—শ্রীযুক্ত পঞ্চানন মিত্র এম্ এ মহাশয় প্রদত্ত।

অষ্টম মাসিক অধিবেশন

১৩। অষ্টভুজ গণেশমূর্ত্তি—শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয় প্রদত্ত।

১৪। বিষ্ণুমূর্ত্তি—শ্রীযুক্ত কিশোরীলাল চট্টোপাধ্যায় মহাশয় প্রদত্ত

কেন্দুর পুথি (১ খানি)—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় প্রদত্ত

নবম মাসিক অধিবেশন

১৬। বিষ্ণুপুরের তাস—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী।

১৭। বরাহমূর্ত্তি—শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ ও শ্রীযুক্ত শিবদাস তেওয়ারী।

১৮। হর-গৌরীমূর্ত্তি শ্রীযুক্ত ডাঃ সত্যেন্দ্রনাথ গোস্বামী এম্ ডি।

১৯। অট্টহাসের চামুণ্ডামূর্ত্তি—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব।

২০। কূর্ম্মমূর্ত্তি—শ্রীযুক্ত পঞ্চানন ভট্টাচার্য্য।

২১। বিষ্ণুমূর্ত্তি— ঐ ঐ

২২। ঐ শ্রীযুক্ত ডাঃ উমাদাস বন্দ্যোপাধ্যায় এম্ ডি।

২৩। ঐ শ্রীযুক্ত অহিভূষণ মুখোপাধ্যায়।

২৪। ঐ শ্রীযুক্ত কামিনীনাথ রায়।

২৫। নরসিংহ গুপ্ত বালাদিত্যের সুবর্ণমুদ্রা—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রায় বি এল্।

দশম মাসিক অধিবেশন

২৬। বরাহমূর্ত্তি—শ্রীযুক্ত কন্দর্পনারায়ণ মজুমদার।

২৭। ঐ শ্রীযুক্ত শশিভূষণ ঘটক প্রভৃতি।

২৮। হস্তিমূর্ত্তি—শ্রীযুক্ত ভবেশচন্দ্র দাস বিশ্বাস ও শ্রীযুক্ত প্রাণগোবিন্দ দাস বিশ্বাস।

বিশেষ অধিবেশন

আলোচ্য বর্ষে পরিষদের তিনটি বিশেষ অধিবেশন হইয়াছিল।

প্রথম বিশেষ অধিবেশন—৬ই শ্রাবণ

এক শত বৎসর পূর্ব্বে ঠিক এই দিনে প্যারীচাঁদ মিত্র মহাশয় (টেকচাঁদ ঠাকুর) জন্মগ্রহণ করেন। তাঁহার স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনার্থ আলোচ্য বৎসরে পরিষদের এক বিশেষ অধিবেশন হইয়াছিল। শ্রীযুক্ত অমৃতলাল বসু মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। এই অধিবেশনে শ্রীযুক্ত বিজয়লাল দত্ত মহাশয় "বঙ্গসাহিত্যে প্যারীচাঁদ" নামক এক প্রবন্ধ পাঠ করেন ও শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, মাননীয় ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী, মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত রাজকৃষ্ণ দত্ত, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল প্রভৃতি দেশের গণ্যমান্য অনেক মহাশয়গণ সভায় উপস্থিত হইয়া মৃত মহাত্মার জীবনী সম্বন্ধে এবং তাঁহার রচিত গ্রন্থাদি সম্বন্ধে অনেক কথা বলেন এবং তাঁহার

স্মৃতির উদ্দেশ্যে বহু সম্মান প্রদর্শন করেন। সাহিত্যিকের শতবার্ষিক জন্মোৎসবের অনুষ্ঠান বোধ হয়, এই প্রথম।

দ্বিতীয় বিশেষ অধিবেশন—৯ই ফাল্গুন

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের চট্টগ্রাম-শাখার সভাপতি নবীনচন্দ্র দাস কবিগুণাকর মহোদয়ের পরলোকগমনে এই অধিবেশন হইয়াছিল। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায়, মহাস্থবির গুণালঙ্কার ভিক্ষু, শ্রীযুক্ত রজনীকান্ত সাহিত্যাচার্য্য প্রভৃতি মহাশয়গণ এই অধিবেশনের কার্য্যে যোগদান করেন। অতঃপর এই অধিবেশনে অন্যান্য কয়েকটি কার্য্য সম্পাদনের পর সভাপতি মহাশয়ের অনুরোধক্রমে জাপানী শ্রীযুক্ত রিখাও কিমুরা মহাশয় বাঙ্গালা ভাষাতে একটি বক্তৃতা করেন এবং মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় নিজে তাঁহাকে একটি সুবর্ণপদক উপহার প্রদান করেন।

তৃতীয় বিশেষ অধিবেশন—২৩শে জ্যৈষ্ঠ, ১৩২২

এই অধিবেশনে স্বর্গীয় শৈলেশচন্দ্র মজুমদার মহাশয়ের ব্যয়ে অঙ্কিত ৺কৃষ্ণচন্দ্র মজুমদারের তৈলচিত্র পরিষদে প্রতিষ্ঠিত হয় এবং সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়, কৃষ্ণচন্দ্র মজুমদার স্মৃতি-সমিতির সম্পাদক শ্রীযুক্ত আশুতোষ দাশগুপ্ত মহলানবীশ, শ্রীযুক্ত কালীপ্রসন্ন দাশগুপ্ত, শ্রীযুক্ত ভুবনমোহন রায়, শ্রীযুক্ত কুমুদবন্ধু দাশগুপ্ত, শ্রীযুক্ত কুঞ্জবিহারী মণ্ডল, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত যামিনীরঞ্জন সেন, পণ্ডিত শ্রীযুক্ত শশধর বিদ্যাভূষণ, শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত ও শ্রীযুক্ত নবকৃষ্ণ রায় প্রভৃতি এই অধিবেশনে স্বর্গীয় কবির গুণগান করেন।

কার্য্যনির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন,—

পরিষদের নির্ব্বাচিত

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মজুমদার, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত শচীন্দ্রপ্রসাদ বসু, শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বাণীনাথ নন্দী, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত রওশন আলী চৌধুরী, শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।

শাখা-পরিষদের প্রতিনিধি-সভ্যগণ

শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী, শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী, শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন, শ্রীযুক্ত ললিতমোহন মুখোপাধ্যায়।

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৯টি সাধারণ ও ২টি বিশেষ অধিবেশন হইয়াছিল।

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, সাধারণতঃ প্রতি মাসের দ্বিতীয় ও চতুর্থ শুক্রবার কার্য্যনির্ব্বাহক-সমিতির অধিবেশন হইবে।

প্রতি বর্ষের ন্যায় এ বৎসরেও কার্য্যনির্ব্বাহক-সমিতিতে নানারূপ কার্য্য আলোচনার্থ উপস্থিত হইয়াছিল। এই সমস্ত কার্য্যমধ্যে মৌলবী-সদস্য সম্বন্ধে নিয়মাবলী গঠন, শাখা-পরিষৎ সম্বন্ধে নিয়মাবলী গঠন, কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কি ভাবে বাঙ্গালা ভাষায় শিক্ষা দান ও পরীক্ষা গ্রহণের প্রসার বৃদ্ধি পাইতে পারে, সে সম্বন্ধে আলোচনা, পরিষদের যে সমস্ত গ্রন্থাদি মুদ্রিত হয়, তাহাদের মুদ্রণের ব্যয় প্রভৃতি নির্দ্ধারণ জন্য শাখা-সমিতি গঠন, হালসিবাগান রোড ও হোগলকুড়িয়া গলিকে "সাহিত্য-পরিষৎ-রোড" নামে নামান্তরিত করার জন্য চেষ্টা করা, স্থায়ী ভাণ্ডারের জন্য ন্যাসরক্ষক নিয়োগ, ক্যাম্বেল স্কুলে যাহাতে বাঙ্গালা ভাষাতে শিক্ষাদান পুনরায় প্রবর্ত্তিত হয়, তজ্জন্য রাজ-সরকারের নিকট আবেদন প্রেরণ প্রভৃতি কার্য্য বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের নানাবিধ কার্য্য পরিচালন জন্য গত বর্ষে যে সকল শাখা-সমিতি গঠিত হইয়াছিল, পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যগণ ব্যতীত শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার, শ্রীযুক্ত চারুচন্দ্র বসু, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, শ্রীযুক্ত বিপিনবিহারী গুপ্ত, শ্রীযুক্ত রামকমল সিংহ, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ ঘোষ প্রভৃতি সদাশয় ও পরিষদের প্রতি স্নেহশীল ও শ্রদ্ধাবান্ ব্যক্তি সেই সমস্ত শাখা-সমিতির কার্য্যে সহায়তা করাতে কার্য্যনির্ব্বাহক-সমিতি তাঁহাদের নিকট অত্যন্ত কৃতজ্ঞ।

কার্য্যালয়

আলোচ্য বর্ষের প্রারম্ভে শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় সহকারী সম্পাদকের পদ হইতে অবসর গ্রহণ করেন ও তাঁহার স্থানে শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয় নির্ব্বাচিত হন। প্রবোধ বাবু দুই বৎসর বিশেষ উৎসাহ ও অত্যন্ত দক্ষতা সহকারে স্বীয় কার্য্য সম্পাদন করিয়াছিলেন, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের উপর মুখ্যতঃ গ্রন্থ ও পত্রিকা-প্রকাশের ভার ছিল। এতদ্ব্যতীত আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অষ্টম অধিবেশন উপলক্ষ্যে তাঁহাকে অনেক পরিশ্রম করিতে হইয়াছিল। পরিষদের প্রতি ব্যোমকেশ বাবুর যে অনুরাগ আছে, সে সম্বন্ধে নূতন করিয়া বলিবার কিছুই নাই। শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয়ের উপর চিঠি-পত্রের আদান-প্রদান, সভা-সমিতি আহ্বান ও কার্য্যালয় সংক্রান্ত সমস্ত কার্য্যের ভার অর্পিত ছিল। তিনি পরিষদের কার্য্য যে ভাবে আন্তরিক যত্ন সহকারে এবং দক্ষতার সহিত করেন, তাহা পূর্ব্ব পূর্ব্বকার কার্য্যবিবরণীতে সবিশেষ ব্যক্ত হইয়াছে। যাঁহারা পরিষদের আভ্যন্তরীন অবস্থা পরিজ্ঞাত আছেন, তাঁহারা সকলেই জানেন যে, পরিষদের কাজে তিনি কি প্রকার অবিচ্ছিন্ন সম্বন্ধে সম্বদ্ধ। তিনি পরিষদের কাজে যে প্রকার উৎসাহ ও মনোযোগ করেন, তাহা আদর্শ-

স্থানীয়। সংক্ষেপে বলিতে হইলে বলা যায় যে, তিনি পরিষদের একজন প্রধানতম সহায়ক ও পরিচালক। তাঁহার নিকট পরিষদের কৃতজ্ঞতার ঋণ কিছুতেই পরিশোধ হইবার নহে। পরিষদের বর্ত্তমান কার্য্য-সৌষ্ঠব অনেকটা শ্রীযুক্ত হেম বাবুরই ঐকান্তিক পরিশ্রমের ফল।

কবিরাজ শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয়ের উপর পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বৎসরেও পরিষদের আয়-ব্যয় ও হিসাবাদি কার্য্যের ভার অর্পিত ছিল এবং পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বৎসরেও দুর্গানারায়ণ বাবু অত্যন্ত সতর্কতা ও তীক্ষ্ণ দৃষ্টির সহিত তাঁহার প্রতি ন্যস্ত কার্য্য সম্পাদন করিয়াছেন। পূর্ব্ব বৎসরের ন্যায় বর্ত্তমান বৎসরেও অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয়ের উপর পরিষদের পুথিশালার কার্য্য পর্য্যবেক্ষণের ও চিত্রশালার কার্য্য-সম্পাদনে চিত্রশালাধ্যক্ষ মহাশয়কে সাহায্য করিবার ভার ন্যস্ত ছিল এবং শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের উপর প্রধানতঃ পরিষদের সাধারণ সভাগুলির অধিবেশনের তত্ত্বাবধানের ভার ও নূতন সদস্য সংগ্রহের ভার ন্যস্ত ছিল। অত্যন্ত দুঃখের বিষয় যে, আলোচ্য বর্ষের শেষভাগে শারীরিক অসুস্থতা হেতু শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয় সহকারী সম্পাদকত্ব পরিত্যাগ করিতে বাধ্য হন ও তাঁহার স্থলে শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় নিযুক্ত হন। বিগত তিন বৎসর শ্রীযুক্ত দুর্গানারায়ণ সেন শাস্ত্রী মহাশয় পরিষদের অন্যতম সহকারী সম্পাদক ছিলেন এবং এই তিন বৎসর তিনি যেরূপ সতর্কতার সহিত পরিষদের আয় ও ব্যয়ের কার্য্য সম্পাদন করিয়াছেন, তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ ভাবে কৃতজ্ঞ। আশা করি, তিনি অচিরে সুস্থ হইয়া পরিষদের কার্য্যে যোগদান করুন। দুর্গানারায়ণ বাবুর পদত্যাগের পরে সহকারী সম্পাদকগণের মধ্যে কার্য্য-বিভাগের কিঞ্চিৎ পরিবর্ত্তন হয় ও মৃণাল বাবুর উপর আয়-ব্যয়-পরিদর্শনের ভার ন্যস্ত করা হইয়াছে। শ্রীযুক্ত মৃণাল বাবু আয়-ব্যয়-বিভাগের কাজ অতি সুন্দরভাবে পরিদর্শন করিতেছেন এবং হিসাবাদির কাজ অনেক যাহা জটিল ছিল, তাহা সুন্দররূপে সমাধা করিতেছেন। শ্রীযুক্ত মৃণাল বাবু যে প্রকার অকাতরে পরিশ্রম করিয়া পরিষদের কাজ তত্ত্বাবধান করিতেছেন, তাহাতে তাঁহার নিকট হইতে পরিষদের অনেক উন্নতি-লাভের আশা আছে। পরিষৎ ঐ সকল কারণে তাঁহার নিকট আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছেন। বর্ষশেষে পত্রিকা ও গ্রন্থাদি মুদ্রণের ভার শ্রীযুক্ত বাণী বাবুর উপর ন্যস্ত হয়। বাণী বাবু অভিজ্ঞ ব্যক্তি এবং তিনি বয়সে প্রাচীন হইলেও যেরূপ নবীনের উৎসাহের সহিত স্বীয় কার্য্য আরম্ভ করিয়াছেন, তাহা অত্যন্ত আশাপ্রদ।

আলোচ্য বর্ষে পরিষদের অন্যতম লেখকের পদ উঠাইয়া দেওয়াতে শ্রীযুক্ত বিনোদবিহারী গুপ্ত কার্য্য পরিত্যাগ করেন। প্রধান কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহ ও অন্যান্য কর্ম্মচারিগণ মনোযোগ ও উৎসাহের সহিত নির্দ্দিষ্ট সময় ব্যতীত অনেক সময়ও পরিশ্রম করিয়া স্বীয় স্বীয় কার্য্য সম্পাদন করিয়াছেন। ইহা ছাড়া আলোচ্য বর্ষে পরিষদের প্রকাশিত পুস্তকগুলির তালিকা প্রস্তুত করার জন্য,

পুস্তকালয়ের তালিকা প্রস্তুত করার জন্য, পুস্তকালয়ের লেখককে সাহায্য করিবার জন্য ও অন্যান্য কার্য্যের জন্য অস্থায়িভাবে লোক নিযুক্ত করিতে হইয়াছিল।

পরিষৎ মন্দির

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির ১৩১৫ সালে নির্ম্মিত হইয়াছিল। তৎপরে এই মন্দিরের কোন প্রকার সংস্কার হইয়াছিল না। আলোচ্য বর্ষে মহামান্য গবর্ণর বাহাদুরের এই মন্দিরে শুভাগমনের সময় ১০৩৭৷৵০ টাকা ব্যয়ে মন্দিরের সংস্কার সাধিত হইয়াছে। এই বর্ষে পরিষৎ মন্দিরের শোভা ও গৌরব বর্দ্ধনার্থ স্বর্গীয় হরিনাথ বিদ্যারত্ন ও স্বর্গীয় কবিবর কৃষ্ণচন্দ্র মজুমদারের তৈলচিত্র প্রতিষ্ঠিত হইয়াছে। স্বর্গীয় হরিনাথ বিদ্যারত্ন মহাশয়ের তৈলচিত্র তদীয় পুত্র রায় বাহাদুর শ্রীযুক্ত গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এল মহাশয়ের নিকট হইতে ও স্বর্গীয় কৃষ্ণচন্দ্র মজুমদারের তৈলচিত্র কবিবরের স্মৃতিরক্ষা-সমিতির নিকট হইতে পাওয়া গিয়াছে। এই শেষোক্ত চিত্র প্রস্তুতের ব্যয় স্বর্গীয় শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় বহন করিয়াছিলেন। পরিষদের সংগৃহীত মূর্ত্তি প্রভৃতি ভাল করিয়া রক্ষার জন্য মন্দিরের দ্বিতলে কয়েকখানি কাঠের র‍্যাক ও ইষ্টকের বেদী প্রস্তুত করা হইয়াছে। অর্থাভাবে পরিষৎ মন্দিরের যে সমস্ত অভাবের কথা গত তিন বৎসর সাধারণের সম্মুখে উপস্থিত করা হইয়াছে, সেই সমস্ত অভাবের কোনও বিশেষ প্রতিবিধান এ পর্য্যন্ত হয় নাই। যাহাতে পরিষদের এই সমস্ত অভাব দূরীভূত হইতে পারে, সেই জন্য পরিষদের সদস্যগণের নিকট আমাদের কাতর প্রার্থনা জানাইতেছি।

গ্রন্থাগার ও পাঠাগার

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয় গ্রন্থাধ্যক্ষের পদ হইতে অবসর গ্রহণ করেন ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় গ্রন্থাধ্যক্ষ নিযুক্ত হন। গত পাঁচ বৎসর শ্রীযুক্ত অসিতকুমার মুখোপাধ্যায় মহাশয় পরিষদের গ্রন্থাধ্যক্ষের কার্য্য করিয়াছিলেন। তিনি এই অধ্যক্ষতা গ্রহণ করার পূর্ব্বে পরিষদের গ্রন্থাগারে শৃঙ্খলার একান্ত অভাব ছিল এবং তিনি ৫ বৎসর অক্লান্ত পরিশ্রম করিয়া গ্রন্থাগার সুসজ্জিত, গ্রন্থাগারের পুস্তকের তালিকার পাণ্ডুলিপি প্রস্তুত, গ্রন্থাগার সম্বন্ধে নিয়মাবলী প্রণয়ন প্রভৃতি কার্য্য করিয়াছিলেন। এই সমস্ত কার্য্যের জন্য পরিষৎ অসিত বাবুর নিকট সবিশেষ কৃতজ্ঞ। আলোচ্য বর্ষে পুস্তকালয়-সমিতির পরামর্শানুসারে প্রবোধ বাবু অতিশয় দক্ষতার সহিত গ্রন্থাধ্যক্ষের কার্য্য সম্পাদন করিয়াছেন। পুস্তকালয়ের তালিকা-প্রস্তুত কার্য্য অনেক দূর অগ্রসর হইয়াছে। উপন্যাস, উপাখ্যান ও উপকথা এবং নাটক ও প্রহসন—এই সমস্ত বিষয়ান্তর্গত পুস্তকগুলির তালিকা প্রস্তুত শেষ হইয়াছে ও ইহার মুদ্রণ অতি সত্বরেই আরম্ভ হইবে। অত্যন্ত সুখের বিষয় যে, আলোচ্য বর্ষে কলিকাতা মিউনিসিপালিটি গ্রন্থাগারের সাহায্য ৪৫০৲ হইতে বাড়াইয়া ৫২৫৲ করিয়া দিয়াছেন। এই সাহায্য জন্য মিউনিসিপালিটির নিকট পরিষৎ বিশেষরূপে

কৃতজ্ঞ। কিন্তু পরিষদের গ্রন্থাগারের অভাবের তুলনায় এই সাহায্যের পরিমাণ অত্যন্ত অল্প। কার্য্য-নির্ব্বাহক-সমিতি আশা করেন যে, অচিরে এই সাহায্যের পরিমাণ বিশেষ ভাবে বর্দ্ধিত হইবে। পরিষদের গ্রন্থাগারের গ্রন্থের সংখ্যা ৩২৪৭৮ হইয়াছে। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের হিতৈষিগণ পরিষদের গ্রন্থাগারে পুস্তক ও প্রাচীন পুথি উপহার দিয়াছেন। এই সমস্ত উপহারদাতৃগণের মধ্যে মহারাজাধিরাজ শ্রীযুক্ত সার বিজয়চাঁদ মহতাব বাহাদুর, ৺ কৈলাসচন্দ্র সিংহ, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়গণের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদে আলোচ্য বর্ষে সাময়িক পত্র মধ্যে ৬ খানি দৈনিক, ৫৫ খানি সাপ্তাহিক, ৫খানি পাক্ষিক, ১০৯ খানি মাসিক ও ২ খানি ত্রৈমাসিক পত্র সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে পাওয়া গিয়াছে। এই সমস্ত সাময়িক পত্রের সম্পাদক ও পরিচালকগণকে পরিষৎ কৃতজ্ঞতা জানাইতেছেন। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের পাঠাগার সাধারণের জন্য উন্মুক্ত ছিল।

পুথিশালা

আলোচ্য বর্ষে পরিষৎ-পুস্তকালয়ের পুথিশালার ভার অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয়ের উপর ন্যস্ত ছিল ও তাঁহার পরামর্শ-মত শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় পরিষদের এই বিভাগের কার্য্য সুচারুরূপে সম্পাদন করিয়াছেন। আলোচ্য বর্ষেও পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের অনেক হিতৈষী বন্ধু অনেক প্রাচীন পুথি উপহার দিয়াছেন। তন্মধ্যে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ ও শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য। রাখাল বাবু ১২ খানি কেঙ্গুর গ্রন্থ পরিষদের পুথিশালাতে উপহার দিয়াছেন। এই বারখানি গ্রন্থের মূল্য ৬০০৲ টাকা। এই দানের জন্য রাখাল বাবুর নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞ। পরিষদের সদস্যগণ অবগত আছেন যে, ১৩২০ বঙ্গাব্দের শেষভাগে শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ বি এ মহাশয় স্বতঃপ্রবৃত্ত হইয়া পরিষদের পুথিশালাতে এক প্রস্থ টেঙ্গুর গ্রন্থাবলী উপহার দিয়াছিলেন। সমস্ত কেঙ্গুর গ্রন্থ ১০৮ খণ্ডে সম্পূর্ণ। পরিষৎ আশা করেন যে, অনতিবিলম্বে সদস্যগণের বদান্যতায় কেঙ্গুরের অপর খণ্ডগুলি পরিষদের পুথিশালাতে উপহারস্বরূপ পাওয়া যাইবে। এই টেঙ্গুর ও কেঙ্গুরে যে সমস্ত ঐতিহাসিক ও অন্যান্য তত্ত্ব নিহিত আছে, সেগুলি উদ্ধার করার জন্য পরিষৎ প্রধানতঃ ইতিহাস ও প্রত্নতত্ত্বাভিজ্ঞগণের সাহায্য প্রার্থনা করিতেছেন। আলোচ্য বর্ষে মোট ২৭১ খানি পুথি উপহার পাওয়া গিয়াছে এবং ২৮৪ খানি পুথি ক্রীত হইয়াছে ও বিশৃঙ্খল পত্রাদি মিলাইয়া ৩০০ খানি পুথি উদ্ধার করা হইয়াছে। পূর্ব্ববৎসরে ২৫৩৫ খানি পুথি ছিল। আলোচ্য বৎসরের শেষে এইরূপে মোট ৩০৯০ খানি পুথি হইয়াছে। ইহার মধ্যে বাঙ্গালা পুথির সংখ্যা ২০৩৫, সংস্কৃত ৮০০, অসমীয়া ৫, ওড়িয়া ১, হিন্দী ১, পারসী ১২ খানি ও তিব্বতীয় ২৩৭ খানি। আলোচ্য বৎসরে নূতন কোনও পুথি তালিকাভুক্ত হয় নাই, তবে ৩৫০ খানি পুথি তালিকাভুক্ত

হইবার উপযুক্ত হইয়া আছে। ৩৬৯ খানিতে পুথির নাম, রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্র-সংখ্যাদিযুক্ত বীজক দেওয়া হইয়াছে।

বিদ্যাসাগর লাইব্রেরী

গত বর্ষের কার্য্যবিবরণীতে জানান হইয়াছিল যে, রেজেষ্টারীকৃত দলিল দ্বারা লালগোলার রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর বিদ্যাসাগর লাইব্রেরীর বন্ধকী পত্র (Mortgage Deed) পরিষৎকে দান করিয়াছেন। উক্ত দলিলের বলে এই লাইব্রেরী পরিষদের নিকট বন্ধক আছে। আশা করা যায় যে, অচিরে বিদ্যাসাগর মহাশয়ের পুস্তকগুলিতে পরিষদের সম্পূর্ণ স্বত্বাধিকার জন্মিবে, ঐ সমস্ত পুস্তক পরিষৎ মন্দিরে চির দিনের জন্য রক্ষিত হইবে এবং তাঁহার পুস্তকগুলি পরিষৎ পাইয়া এবং রক্ষা করিয়া চির-গৌরবান্বিত হইবে।

চিত্রশালা

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয়ের সহায়তায় ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের অধ্যক্ষতায় চিত্রশালার কার্য্যাদি সুপারিচালিত হইয়াছে। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের হিতৈষী অনেক সদস্য ও বন্ধুর নিকট হইতে চিত্রশালার জন্য উপহার পাওয়া গিয়াছে ও তদ্ব্যতীত লালগোলার রাজা বাহাদুরের আনুকূল্যে শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয় দিনাজপুর ও মালদহ জেলার নানা স্থান হইতে পরিষদের জন্য মূর্ত্তি সংগ্রহ করিয়াছেন এবং পরিষদের প্রধান কর্ম্মচারী শ্রীযুক্ত রামকমল সিংহ মহাশয় বীরভূম ও মুরশিদাবাদ জেলা হইতে মূর্ত্তি সংগ্রহের জন্য প্রেরিত হইয়াছিলেন ও তিনি কয়েকটি মূর্ত্তি সংগ্রহ করিয়া আনিয়াছেন। পরিষদের যে সমস্ত হিতৈষী মুদ্রা, মূর্ত্তি প্রভৃতি দান দ্বারা পরিষদের সাহায্য করিয়াছেন, তাঁহাদিগের নিকট পরিষৎ বিশেষ ভাবে ঋণী। এই সমস্ত দাতার মধ্যে লালগোলার রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রায় বি এল, শ্রীযুক্ত ডাঃ গোপালচন্দ্র চট্টোপাধ্যায়, ডাক্তার শ্রীযুক্ত সরসীলাল সরকার, শ্রীযুক্ত চিত্তসুখ সান্যাল, শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ, শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায়, শ্রীযুক্ত কন্দর্পনারায়ণ মজুমদার, শ্রীযুক্ত শশিভূষণ ঘটক মহাশয়গণের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য। (পরিশিষ্টে চিত্রশালার কার্য্যবিবরণ দ্রষ্টব্য)

ছাত্র-সভা

আলোচ্য বর্ষে অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ ছাত্রাধ্যক্ষ মহাশয়ের হস্তে ছাত্র-সভার কার্য্য-ভার ন্যস্ত ছিল। এই সভার কার্য্যবিবরণ পরিশিষ্টে মুদ্রিত হইল।

পুরস্কার

আলোচ্য বর্ষে ছয়টি পুরস্কারের বিষয় বিজ্ঞাপিত হইয়াছিল। মোট ২৮ টি প্রবন্ধ হস্তগত হইয়াছিল। তন্মধ্যে দুইটি প্রবন্ধ পুরস্কার-যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে।

৺বরদাচরণ মিত্র এম্ এ, সি এস, শ্রীযুক্ত অমৃতলাল বসু, শ্রীযুক্ত ললিতকুমার বন্দ্যোপাধ্যায় এম্ এ, শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই ও শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ মহাশয়গণ প্রবন্ধপরীক্ষক নিযুক্ত হইয়াছিলেন এবং তাঁহারা প্রবন্ধগুলি পরীক্ষা করিয়াছিলেন; তজ্জন্য তাঁহারা পরিষদের বিশেষ কৃতজ্ঞতাভাজন। আগামী বর্ষের জন্য শ্রীযুক্ত অমরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী মহাশয় পরিষদের হস্তে দুইটি স্বর্ণপদক পুরস্কার অর্পণ করিয়াছেন এবং ৮টি পুরস্কারের বিষয় নির্দ্ধারিত হইয়াছে।

পরিভাষা

আলোচ্য বর্ষে ৺ আনন্দকৃষ্ণ বসু মহাশয়ের সঙ্কলিত গণিত ও জ্যোতিষ-বিষয়ক পরিভাষা অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত হইয়া পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইয়াছে। যাহাতে নানা বিষয় সম্বন্ধীয় পরিভাষা প্রস্তুত হইতে পারে, তজ্জন্য বিশেষজ্ঞগণকে লইয়া অনেক ছোট ছোট সমিতি গত বর্ষে গঠিত হইয়াছে। কিন্তু দুঃখের বিষয় যে, আলোচ্য বর্ষে এই সমস্ত শাখা-সমিতির আশানুযায়ী কার্য্য হয় নাই।

নবীনচন্দ্র স্মৃতি-সমিতি

বোম্বাইয়ের সুপ্রসিদ্ধ শিল্পী শ্রীযুক্ত জি, কে, মাত্রে মহাশয়কে কবিবরের মর্ম্মর-মূর্ত্তি প্রস্তুতের ভার দেওয়া হইয়াছে।

কাশীরাম দাস স্মৃতি-সমিতি

স্থির হইয়াছে যে, কেশে পুকুর সংস্কার করিতে হইবে ও কাশীরাম যেখানে বসিয়া পুথি লিখিতেন, সেইখানে একটি দালান নির্ম্মাণ করিতে হইবে। এই জন্য ৩০০৲ টাকা ব্যয় হইবে। এই টাকা সংগ্রহের চেষ্টা হইতেছে।

চন্দ্রকান্ত স্মৃতি-সমিতি

রাজসাহী গোয়াড়ীনিবাসী শ্রীযুক্ত মোহিনীনাথ বিশি মহাশয়ের ব্যয়ে প্রস্তুত স্বর্গীয় তর্কালঙ্কার মহাশয়ের তৈলচিত্র পরিষদের হস্তগত হইয়াছে। শীঘ্রই এই তৈলচিত্র প্রতিষ্ঠিত হইবে।

কৃষ্ণচন্দ্র স্মৃতি-সমিতি

স্বর্গীয় শৈলেশচন্দ্র মজুমদার মহাশয়ের ব্যয়ে প্রস্তুত কবিবরের তৈলচিত্র পরিষদে প্রতিষ্ঠিত হইয়াছে। কবিবরের বাসস্থান সেনহাটীতে স্তম্ভ প্রতিষ্ঠার জন্য আয়োজন চলিতেছে।

এতদ্ব্যতীত স্বর্গীয় সখারাম গণেশ দেউস্করের একখানি ব্রোমাইড প্রস্তুত করিতে দেওয়া হইয়াছে এবং কবি রজনীকান্ত সেন মহাশয়ের তৈলচিত্র অতি সত্বরেই পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইবে।

আলোচ্য বর্ষে স্থির হইয়াছে যে, রাজা সার সৌরীন্দ্রমোহন ঠাকুর, শৈলেশচন্দ্র

মজুমদার, কৈলাসচন্দ্র সিংহ, নবীনচন্দ্র দাস কবিগুণাকর, অম্বিকাচরণ ব্রহ্মচারী ও বিপ্রদাস মুখোপাধ্যায় মহাশয়গণের স্মৃতিচিহ্ন পরিষৎ মন্দিরে স্থাপিত হইবে।

সাহিত্য পরিষৎ-পত্রিকা

আলোচ্য বর্ষে পূর্ব্ববৎসরের ন্যায় সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় পরিষদের পত্রিকাধ্যক্ষ ছিলেন। অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত হেমচন্দ্র দাস গুপ্ত মহাশয় তাঁহাকে প্রবন্ধ-নির্ব্বাচনে ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় পত্রিকা-প্রকাশে সাহায্য করেন। পত্রিকা-পরিচালন-সমিতির সদস্যগণের নিকট হইতে প্রবন্ধ-নির্ব্বাচনে আশানুরূপ সাহায্য পাওয়া গিয়াছে। এই জন্য পরিষৎ উক্ত পরিচালন-সমিতির সদস্যগণের নিকট কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে পত্রিকার ২১শ ভাগের তিন সংখ্যা ও ১৩২২ সনের প্রথম সপ্তাহেই উক্ত ভাগের চতুর্থ সংখ্যা বাহির হইয়াছে। নানা কারণে চতুর্থ সংখ্যা বাহির হইতে কিছু বিলম্ব হইয়াছিল। পরিষৎ তজ্জন্য অত্যন্ত দুঃখিত। ১৩২২ বঙ্গাব্দ হইতে জ্যৈষ্ঠ, ভাদ্র, অগ্রহায়ণ ও ফাল্গুন—এই চারি মাসে যাহাতে যথাসময়ে পত্রিকা প্রকাশিত হয়, তদনুযায়ী ব্যবস্থা করা হইতেছে।

এই চারি সংখ্যা পত্রিকাতে সভাপতি মহাশয়ের তিনটি অভিভাষণ ও ২৬টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। সভাপতি মহাশয়ের তিনটি অভিভাষণের মধ্যে একটি বিংশ বার্ষিক অধিবেশনে পঠিত হইয়াছিল ও অপর দুইটি বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অষ্টম অধিবেশনের সভাপতি ও সাহিত্য-শাখার সভাপতিরূপে যথাক্রমে পঠিত হইয়াছিল। এই ২৯টি প্রবন্ধ বিষয়ভেদে নিম্নলিখিতরূপে বিভক্ত হইতে পারে ;—

প্রাচীন সাহিত্য	...	৪
সাধারণ-সাহিত্য	...	১
ভাষাতত্ত্ব	...	৩
গ্রাম্য সাহিত্য	...	১
ইতিহাস ও প্রত্নতত্ত্ব	...	৫
বিজ্ঞান ...	...	১৩
দর্শন ...	...	১
		২৯

পরিষৎ-পত্রিকায় এইরূপ যে সকল মৌলিক গবেষণার বিষয় প্রকাশ হয়, তাহার প্রতি সাধারণের দৃষ্টি আকর্ষণ করিবার জন্য এই স্থলে ২১শ ভাগ পত্রিকাতে যে সকল প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল, তাহার প্রত্যেকটির সার মর্ম্ম নিম্নে বিবৃত হইল।

প্রাচীন সাহিত্য

(ক) "নিমানন্দ দাসের পদরসসার" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় পাবনা জেলার অন্তর্গত পাতিয়াবেড়া—অধুনা ডোমরানিবাসী শ্রীযুক্ত মাধবীলাল গোস্বামী মহাশয়ের নিকট প্রাপ্ত ২৭ শত পদপূর্ণ নিমানন্দ দাসের সঙ্কলিত পদরসসারের বর্ণনা প্রদান করিয়াছেন। আদর্শ পুথিখানি শ্রীবৃন্দাবনে প্রাপ্ত হওয়া গিয়াছিল, কিন্তু গৃহদাহে উহা নষ্ট হইয়া গিয়াছে। ১২৭১ সালে এই পুথি নকল করান হইয়াছিল। পদরসসার যে পদকল্পতরুরই একখানি পরিবর্ত্তিত সংস্করণ, তাহাতে কোন সন্দেহ নাই। তবে ইহার শ্রেণীবিভাগ পদকল্পতরু হইতে বিভিন্ন। নিমানন্দ দাস ১৫০ বৎসরের অধিক প্রাচীন হইতে পারেন না এবং এই সঙ্কলিত গ্রন্থে ২০ জন অজ্ঞাতপূর্ব্ব কবির ভণিতাযুক্ত পদাবলী প্রাপ্ত হওয়া গিয়াছে এবং তন্মধ্যে নিমানন্দ দাস নিজেই একজন। বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস প্রভৃতি সুপ্রসিদ্ধ বৈষ্ণব কবিগণের অনেক উৎকৃষ্ট পদাবলীও এই পদরসসারে পাওয়া গিয়াছে। এই বিরাট সংগ্রহে নিমানন্দ দাসের যে ১৪৬টি পদ পাওয়া গিয়াছে, তাহা পর্য্যালোচনা করিলে কবিকে "পদকল্পতরু"-গ্রন্থকার বৈষ্ণবদাস অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া মনে হয়। নিমানন্দ খাঁটি বাঙ্গালাতেই অধিকাংশ পদ রচনা করিয়াছেন। এই পদ-রস-সারে তুক, ছুট ও গদ্য পদ— এই ত্রিবিধ নূতন শ্রেণীর পদ পাওয়া গিয়াছে।

(খ) "চণ্ডীদাসের শ্রীকৃষ্ণজন্মলীলা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় একখানি অজ্ঞাতপূর্ব্ব খণ্ডিত পুথির বিবরণ প্রদান করিয়াছেন। এই পুথিখানির বয়স ১৫০ বৎসরের অধিক হইবে। আলোচ্য গ্রন্থখানিতে প্রসিদ্ধ চণ্ডীদাসের কবিতার কোন লক্ষণই দেখা যায় না এবং এই জন্মলীলার কবিকে সুপ্রসিদ্ধ চণ্ডীদাস কবি হইতে স্বতন্ত্র বলিয়া মনে করাই সঙ্গত।

(গ) সভাপতি মহাশয় তাঁহার অভিভাষণে পুথি খোঁজা সম্বন্ধে অনেক কথা বলিয়াছেন। পূর্ব্বে কি ভাবে পুথি রক্ষিত হইত ও কি ভাবে অনেক পুথি নষ্ট হইয়া গিয়াছে, সেই সমস্ত প্রসঙ্গ উল্লেখ করিয়া সভাপতি মহাশয় বলেন যে, ১৮৬৮খৃষ্টাব্দে রণজিৎ সিংহের পুরোহিত মধুসূদনের পুত্র রাধাকৃষ্ণ ভারতবর্ষে সর্ব্বত্র পুথি রক্ষার জন্য লর্ড লরেন্সকে এক পত্র দেন। লর্ড লরেন্স সেই পত্র ভিন্ন ভিন্ন গভর্মেণ্টের নিকট পাঠাইয়া দেন এবং সেই সকল গভর্মেণ্টের সহিত পরামর্শ করিয়া পুথি রক্ষার বন্দোবস্ত করেন। বাঙ্গালায় প্রায় ১১০০০ হাজার পুথি, যুক্ত প্রদেশে ৮০০০, বোম্বায়ে ৮০০০ এবং মান্দ্রাজে ১৪০০০ হাজার পুথি সংগৃহীত হইয়াছে। এতদ্ব্যতীত কাশ্মীর, মালবার, নেপাল, মহীশূর, ত্রিবাঙ্কুর প্রভৃতি স্থানে অনেক পুথি বাহির হইয়াছে এবং তাহার বিবরণ ও তালিকা ছাপা হইতেছে। সভাপতি মহাশয় বলেন যে, রাজা রাজেন্দ্রলাল মিত্রের দেহান্তর হইলে বাঙ্গালা, বেহার, আসাম, উড়িষ্যার পুথি খোঁজার ভার তাঁহার উপর পড়িয়াছিল এবং তিনি সেই সঙ্গে বাঙ্গালা পুথি খোঁজার বন্দোবস্ত করিতে আরম্ভ করেন। মাণিক গাঙ্গুলীর

ধর্ম্মমঙ্গল এই ভাবে সর্ব্বপ্রথমে সংগৃহীত হয় ও ২৫ বৎসরে বাঙ্গালা দেশে অনেক বাঙ্গালা পুথি সংগৃহীত হইয়াছে এবং এই সমস্ত পুথি হইতে আমরা জানিতে পারিয়াছি যে, (১) বাঙ্গালা দেশে আজিও বৌদ্ধ ধর্ম্ম জীয়ন্ত আছে এবং (২) মুসলমান-আক্রমণের বহু পূর্ব্বে বাঙ্গালা ভাষার একটি প্রকাণ্ড সাহিত্য ছিল ও সেই সাহিত্যে বৌদ্ধ ও হিন্দু, দুই ধর্ম্মেরই উন্নতি হইয়াছিল। আপনাকে জানিতে হইলে দেশের পুথি খোঁজার দরকার। তাহাতে পরিশ্রমকে পরিশ্রম মনে করিলে চলিবে না, অর্থকে অর্থ মনে করিলে চলিবে না। কায়, মন ও চিত্ত লাগাইয়া পুথি খুঁজিতে হইবে ও পুথি পড়িতে হইবে।

(ঘ) "ধর্ম্ম-পূজাবিধি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয় শ্রীরঘুনন্দন-প্রণীত ধর্ম্ম-পূজাবিধি নামক পুথির বিবরণ দিয়াছেন। লেখক মহাশয় বলেন যে, রঘুনন্দন যে কখনও ধর্ম্মের পূজাপদ্ধতি লিখিবেন, এ কথা কেহই বিশ্বাস করিবেন না। বোধ হয় যে, ধর্ম্মপূজাকে হিন্দুধর্ম্মের ভিতর লইয়া যাইবার জন্যই রঘুনন্দনের নাম দেওয়া হইয়াছে এবং বোধ হয় যে, রঘুনন্দনের অনেক পরে যখন লোকে তাঁহাকে শাস্ত্রকার বলিয়া মানিয়া লইয়াছে, তখনই এই পুথি প্রণীত হইয়াছে। লেখক মহাশয় বলেন যে, কেহ কেহ ধর্ম্মপূজাকে বৌদ্ধধর্ম্মের শেষ বলিয়া মানিতে চাহেন না। তাঁহাদের মতে ধর্ম্মপূজা শিবেরই পূজা। কিন্তু এই পুথি পাঠ করিলে দেখা যাইবে যে, তাঁহাদের ধারণা ভুল। কারণ, ধর্ম্মপূজাতে অনেক আবরণ-দেবতার পূজা করিতে হয় ও শিব সেই আবরণ-দেবতার একজন মাত্র। সুতরাং ধর্ম্মঠাকুর কখনই শিব হইতে পারেন না।

ভাষাতত্ত্ব

(ক) "বঙ্গভাষায় নেতিবাচকের প্রয়োগ" নামক প্রবন্ধে শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় বলেন যে, অস্তিত্ববান্ বস্তুর উপলব্ধির পর মনুষ্য বৈপরীত্য দ্বারা অস্তিত্ববিহীন বস্তুর উপলব্ধি করিয়াছে এবং এই অস্তিত্ববিহীন বস্তুর জ্ঞাপনের জন্য ভাষা নেতিবাচকের সৃষ্টি করিয়াছে। সুতরাং নেতিবাচক শব্দটিকে সময়বিশেষে বিপরীতার্থ-বোধক বলা যাইতে পারে। আর্য্যভাষাসমূহে বিশেষ্য বা বিশেষণের বৈপরীত্য বা অভাব-প্রকাশসূচক নঞর্থ উপসর্গসমূহ এই সমস্ত বিশেষ্য বা বিশেষণের পূর্ব্বে প্রযুক্ত হইয়া থাকে অর্থাৎ এই সমস্ত উপসর্গ আর্য্যভাষাসমূহে গুণবাচক শব্দের ন্যায় ব্যবহৃত হয়। সাধারণতঃ আর্য্যভাষাসমূহে দেখিতে পাওয়া যায় যে, ক্রিয়াপদের পূর্ব্বে নেতিবাচক অব্যয়ের প্রয়োগ হইয়া থাকে। ইংরাজি ও পারস্য ভাষায়ও নেতিবাচকের প্রাগবস্থান হইয়া থাকে। প্রাচীন বঙ্গভাষায়ও নেতিবাচকের প্রাগবস্থান হইত। ভারতীয় অনেক ভাষার বর্ত্তমান কালেও নেতিবাচকের প্রাগবস্থান হইয়া থাকে। কেবল বঙ্গভাষা, মরাঠী ভাষা ও কাশ্মীরী ভাষায় এই নিয়মের ব্যতিক্রম পরিদৃষ্ট হয় অর্থাৎ এই তিন ভাষায় নেতিবাচকের অনুবস্থান হইয়া থাকে এবং উড়িয়া, আসামী ও গুজরাটী ভাষায় নেতিবাচক অব্যয় কখনও ক্রিয়া-পদের পূর্ব্বে ও কখনও ক্রিয়াপদের পরে প্রযুক্ত হইয়া থাকে। দেখা গিয়াছে যে, সংস্কৃত দর্শনশাস্ত্রের ভাষায় স্থানে স্থানে পরবর্ত্তী নকারের সহিত পূর্ব্ববর্ত্তী বাক্যাংশ বা পদের

অন্বয় হইয়া থাকে এবং লেখক অনুমান করেন যে, সংস্কৃত দর্শনের ভাষার প্রভাবে বঙ্গভাষার ক্রিয়াপদ ও নেতিবাচক অব্যয়ের পরস্পর স্থান-বিনিময় ঘটিয়াছে। মরাঠী, বাঙ্গালা ও কাশ্মীরী ভাষা সংস্কৃত-সম্পদে বিশেষরূপে সম্পন্ন এবং বাঙ্গালা ভাষায় ন্যায়দর্শন ও নবদ্বীপের প্রভাব এক কালে অত্যন্ত অধিক হইয়াছিল। নবদ্বীপের ভাষা বহু কাল বঙ্গদেশের ভাষার আদর্শরূপে পরিগণিত ছিল এবং নবদ্বীপ-প্রভাব যখন সমগ্র বঙ্গদেশ ও বঙ্গভাষাকে আচ্ছন্ন করে, সেই সময় হইতে বাঙ্গালা গদ্যে নেতিবাচকের অন্বংস্থান হয়।

(খ) "বাঙ্গালা শব্দ-বিভক্তি সম্বন্ধে দুই একটি কথা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত প্রকাশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় বাঙ্গালার শব্দ-বিভক্তির নানা রূপে প্রাকৃত ভাষার যে সমস্ত চিহ্ন বর্ত্তমান রহিয়াছে, তাহার আলোচনা করেন। তিনি বলেন যে, প্রাকৃতে দ্বিবচনের প্রয়োগ নাই এবং দ্বিবচন স্থলে বহুবচনের প্রয়োগ আছে। সুতরাং বাঙ্গালায় দ্বিবচনের পরিবর্ত্তে যে বহুবচনের প্রয়োগ দৃষ্ট হয়, তাহা প্রাকৃতেরই অনুসরণে। প্রাকৃতে চতুর্থী বিভক্তিও নাই বলিলেই চলে। কেবল একবচনে তাদর্থে বিকল্পে চতুর্থীর প্রয়োগ হয় এবং বাঙ্গালাতেও তাদর্থে কখন কখনও চতুর্থীর প্রয়োগ হয় বটে, কিন্তু প্রাকৃতের ন্যায় সাধারণতঃ চতুর্থী বিভক্তির স্থলে অন্য বিভক্তির ব্যবহার দৃষ্ট হয়। প্রাকৃতে পুংলিঙ্গের, ক্লীবলিঙ্গের ও কর্ত্তৃকারকের প্রথমার একবচন স্থলে এ-কার প্রযুক্ত হয় এবং প্রাকৃতের উক্তরূপ এ-কার ও বাঙ্গালা প্রথমার একবচনের বিভক্তি এ-কার পরস্পর বিভিন্ন। কর্ত্তৃকারকে এ-কার ব্যতীত ই-কার ও উ-কারের প্রয়োগ দেখিতে পাওয়া যায় এবং ইহাও প্রাকৃতের অনুকরণে হইয়াছে। সম্বোধনের একবচনে আকারান্ত শব্দসমূহের রূপ প্রাকৃত ও বাঙ্গালায় প্রায়ই সংস্কৃতের মত অকারান্ত হইয়া থাকে। কিন্তু কখন কখনও মাগধী প্রভৃতি প্রাকৃতে ও বাঙ্গালায় উ-কারান্ত রূপও দেখা যায় এবং অবজ্ঞা বুঝাইলে এইরূপ প্রয়োগ অধিক হইয়া থাকে।

(গ) "ভাষার উৎপত্তি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় ভাষার ক্রম-বিকাশের কতিপয় স্তরের উল্লেখ করেন। তিনি বলেন যে, ভাষার ক্রম-বিকাশের প্রথম স্তরে অব্যয় পদ বা বাক্য ছিল। দ্বিতীয় স্তরে ধ্বন্যাত্মক শব্দের উদ্ভব লক্ষ্য করিতে পারা যায়। তৃতীয় স্তরে স্বেচ্ছাকৃত শব্দ সৃষ্ট হইয়া থাকে। চতুর্থ স্তরে সমাসের উদ্ভব হইয়াছে এবং অতঃপর একবচন, দ্বিবচন বা বহুবচন; স্ত্রীলিঙ্গ, পুংলিঙ্গ, গুণবাচক ও ভাববাচক শব্দের উদ্ভব লক্ষ্য করা যায়।

গ্রাম্য সাহিত্য

(ক) "মানভূম জেলার গ্রাম্য ভাষা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত হরিনাথ ঘোষ বি এল্ মহাশয় মানভূমে প্রচলিত বাক্যাবলী, তাহার অর্থ ও ব্যাকরণের নিয়মাবলী সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করেন। তিনি বলেন যে, বিবিধ ভাষায় ও বিভিন্ন রীতির চাপে পড়িয়া বাঙ্গালা ভাষা মানভূম জেলায় কিম্ভূত-কিমাকার হইয়া পড়িয়াছে। মানভূমে ভাষার কোমলতার দিকে লোকের আদৌ দৃষ্টি নাই। মানভূমে প্রচলিত বাঙ্গালা

ভাষায় অনেক বিশেষত্ব আছে। দৃষ্টান্তস্বরূপ subjunctive mood এর অতীত কাল ও প্রথম পুরুষে ক্রিয়াপদে এক প্রকার নূতন রূপ গ্রহণের উল্লেখ করা যাইতে পারে।

(খ) "ঠাকুর-মা'র ইতিহাস" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পবিত্রকুমার গঙ্গোপাধ্যায় মহাশয় পূর্ব্ববঙ্গে প্রচলিত ক্ষেত্রপাল ঠাকুরের পূজার কথা অবিকল ঠাকুর-মা'র ভাষায় লিপিবদ্ধ করিয়াছেন। রমণীদিগের মধ্যে এই পূজার প্রচলন আছে এবং অগ্রহায়ণ ও পৌষ মাসে যে কোন বৃহস্পতি ও রবিবারে এই পূজা করিতে হয়। লেখক মহাশয় বলেন যে, কুলীনদের বহুবিবাহে বাধা দিবার জন্য এই পূজার প্রচলন হইয়াছিল।

ইতিহাস

(ক) "কৌশাম্বীর আর্য্যপট্ট" নামক প্রবন্ধে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় ডাক্তার শ্রীযুক্ত বামনদাস বসু মহাশয়ের গৃহে প্রাপ্ত একটি খোদিত লিপিযুক্ত চতুষ্কোণ শিলাখণ্ডের বিবরণ প্রকাশ করিয়াছেন। এই শিলাখণ্ড এলাহাবাদ জেলার অন্তর্গত কোশাম গ্রামে একটি কুটীরের মৃণ্ময় প্রাচীরে আবিষ্কৃত হইয়াছিল। এই কোশাম গ্রাম প্রাচীন কৌশাম্বী। এই আর্য্যপট্টের খোদিত লিপি পাঠ করিলে দেখা যায় যে, অতীত যুগে, খৃষ্টপূর্ব্ব প্রথম শতাব্দীতে কৌশাম্বী-রাজ শিবমিত্রের দ্বাদশ রাজ্যাঙ্কে বলদাস স্থবিরের অনুরোধে শিবনন্দীর শিষ্য দেবপাল নামক জনৈক জৈন অর্হদ্‌গণের পূজার জন্য এই আর্য্যপট্ট স্থাপিত করিয়াছিলেন। কৌশাম্বী-রাজ শিবমিত্র ভারতের ইতিহাসে নূতন নাম এবং এতাবৎকাল পর্য্যন্ত মথুরা ব্যতীত ভারতের অপর কোনও স্থানে এইরূপ আর্য্যপট্ট আবিষ্কৃত হইয়াছে বলিয়া বোধ হয় না।

(খ) "একখানি খোদিত তাম্রফলক" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ রঙ্গপুর নাওডাঙ্গানিবাসী স্বর্গীয় শরচ্চন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের গৃহে প্রাপ্ত প্রায় সমচতুষ্কোণ এক তাম্রফলকের বিবরণ প্রদান করিয়াছেন। এই তাম্রফলকখানি যে প্রথমে কোথা হইতে সংগৃহীত হইয়াছিল, তাহা জানিবার কোন উপায় নাই। তবে ইহা ঠিক যে, ফলকখানি বহু দিন অযত্নে ভূগর্ভে প্রোথিত ছিল। তাম্রফলকখানির এক পৃষ্ঠে একটি দশদল পদ্ম খোদিত আছে এবং প্রতিদলে যথাক্রমে মৎস্যাদি দশাবতার-মূর্ত্তি অঙ্কিত। ফলকখানির অপর পৃষ্ঠে নয়টি প্রকোষ্ঠ। ইহার মধ্যপ্রকোষ্ঠে বাসুদেব-মূর্ত্তি, তাহার পার্শ্বে দুই প্রকোষ্ঠে লক্ষ্মী ও সরস্বতী-মূর্ত্তি। উপরের প্রকোষ্ঠে কমলাত্মিকা-মূর্ত্তি ও নিম্নের প্রকোষ্ঠে গরুড়ের মূর্ত্তি খোদিত আছে এবং চারি কোণের চারিটি প্রকোষ্ঠ এক একটি পঞ্চদল পদ্মে পরিশোভিত। অর্চ্চনাকালে জলধারা-বর্ষণে এবং ভূগর্ভে প্রোথিত থাকার জন্য মূর্ত্তিটি অত্যন্ত ক্ষয় হইয়া গিয়াছে এবং সেই জন্য বিশেষ অভিনিবেশ সহকারে পরীক্ষা না করিলে শিল্পীর কলা-নৈপুণ্য বুঝিতে পারা যায় না। বাস্তবিক পক্ষে এমন সুন্দর ধাতুমূর্ত্তি অতি অল্পই আবিষ্কৃত হইয়াছে। এই তাম্রপট্টখানি খৃষ্টীয় দশম বা একাদশ

শতাব্দীতে নির্ম্মিত হইয়াছিল বলিয়া বোধ হয়। রাখাল বাবু বলেন যে, শ্রীযুক্ত অক্ষয়-কুমার মৈত্রেয় মহাশয় এই জাতীয় মূর্ত্তিকে শ্রীমন্নারায়ণ-মূর্ত্তি নাম প্রদান করিয়াছেন। কিন্তু এই নামকরণের বিশেষ কোন কারণ দেখা যায় না। শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী মহাশয় এই জাতীয় প্রস্তর-মূর্ত্তিকে 'দশাবতার-প্রস্তরমূর্ত্তি নাম দিয়াছেন। কিন্তু এই নামকরণেও আপত্তি আছে। কি উদ্দেশ্যে যে এইরূপ ফলক নির্ম্মিত হইত, তাহা নিশ্চিতভাবে বলা যায় না। রাখাল বাবু বলেন যে, অল্প পরিসরের মধ্যে সানুচর চতুর্ভুজ নারায়ণমূর্ত্তি এবং দশাবতারের মূর্ত্তি প্রদর্শন করিবার জন্য এই নূতন জাতীয় মূর্ত্তির সৃষ্টি হইলেও হইতে পারে।

(গ) "সুবর্ণবিহারের স্তূপ" নামক প্রবন্ধে ছাত্রসভ্য শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার মহাশয় কৃষ্ণনগরের নিকট অবস্থিত সুবর্ণবিহার পল্লীস্থ একটি স্তূপের বিবরণ প্রকাশ করেন। এই স্তূপ "মে(ই)দের বনের ঢিপি" নামে পরিচিত। এই ঢিপির বেষ্টনী প্রায় ৪৮০ হাত, দৈর্ঘ্য প্রায় ১৩৫ হাত, প্রস্থ প্রায় ১২৫ হাত ও খাড়াই প্রায় ১০ হাত। সুবর্ণ রাজার সম্বন্ধে যে কিম্বদন্তী আছে, তাহার উল্লেখ করিয়া লেখক মহাশয় বলেন যে, খনন ব্যতীত এই স্তূপের ঐতিহাসিক সত্য নির্ণয় করা দুরূহ।

(ঘ) বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অষ্টম অধিবেশনের সভাপতির সম্বোধনে সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বাঙ্গালার প্রাচীন গৌরবের কতকগুলি কথা লইয়া আলোচনা করিয়াছেন এবং যেগুলিকে অতি প্রাচীন কাল হইতে এ পর্য্যন্ত বাঙ্গালার গৌরবের কথা বলিয়া তাঁহার মনে হইয়াছে, সেইগুলি এই প্রবন্ধে সংগৃহীত হইয়াছে। সভাপতি মহাশয়ের মতে নিম্নলিখিত বিষয়গুলি বাঙ্গালার গৌরব;— (১) হস্তি-চিকিৎসা, (২) নানা ধর্ম্মমত, (৩) রেসম, (৪) বাকলের কাপড়, (৫) থিয়েটার, (৬) নৌকা ও জাহাজ, (৭) বৌদ্ধ শীলভদ্র, (৮) বৌদ্ধ লেখক শান্তিদেব, (৯) নাথপন্থ, (১০) দীপঙ্কর শ্রীজ্ঞান, (১১) জগদ্দল মহাবিহার ও বিভূতিচন্দ্র, (১২) লুইপাদ ও তাঁহার সিদ্ধাচার্য্যগণ, (১৩) ভাস্করের কাজ, (১৪) বাঙ্গালায় সংস্কৃত, (১৫) বৃহস্পতি, শ্রীকর, শ্রীনাথ ও রঘুনন্দন, (১৬) ন্যায়শাস্ত্র, (১৭) চৈতন্য ও তাঁহার পরিকর, (১৮) তান্ত্রিকগণ, (১৯) বাঙ্গালী ব্রাহ্মণ, (২০) কায়স্থ ও রাজা।

(ঙ) "হিন্দুর মুখে আরঙ্গজেবের কথা" নামক প্রবন্ধে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বলেন যে, আরঙ্গজেবের রাজত্ব সম্বন্ধে মুসলমানদের দিক্ হইতে যত সংবাদ পাওয়া যায়, সে সমস্তই সংগৃহীত হইয়াছে। কিন্তু চেষ্টা করিলে হিন্দুর দিক্ হইতে মাল-মসলা সংগ্রহ করিয়াও আরঙ্গজেবের একটা ইতিহাস লেখা যাইতে পারে। তিনি বলেন যে, ত্রিপুরা, কুচবিহার, কুমায়ুন-গাড়োয়াল, রাজপুতানা, পঞ্জাব, মহারাষ্ট্র দেশ, কাথিবার, গুজরাট প্রভৃতি স্থানে বিশেষভাবে অনুসন্ধান করিলে এই সমস্ত ঐতিহাসিক উপকরণ সংগৃহীত হইতে পারে এবং যত দিন হিন্দুদের তরফ হইতে মুসলমানদিগের ইতিহাস লেখা না হয়, তত দিন ঐ ইতিহাস পুরাও হইবে না, ঠিকও হইবে না।

সাধারণ সাহিত্য

(ক) বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন অষ্টম অধিবেশনের সাহিত্য-শাখার সভাপতির সম্বোধনে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বাঙ্গালা সাহিত্যের ও বাঙ্গালা ভাষার গতি সম্বন্ধে আলোচনা করেন। বাঙ্গালা সাহিত্যের কোথায় কি গুণ আছে, কোথায় কি অভাব আছে, সেগুলির উল্লেখ করিয়া কোন্ মন্দ জিনিষ ত্যাগ করিতে হইবে, কোন্ ভাল জিনিষ আরও ভাল করিতে হইবে, সেই সম্বন্ধে শাস্ত্রী মহাশয় স্বীয় মত ব্যক্ত করেন। তিনি বলেন যে, বাঙ্গালা যখন একটা ভাষার মধ্যে দাঁড়াইতেছে, তখন উহা কিছু পরিমাণে শিক্ষা করা আবশ্যক। উহার একটা স্বতন্ত্র ব্যাকরণ আছে, স্বতন্ত্র পদ-যোজনার প্রণালী আছে, পদ বাছিয়া লইবার প্রণালী আছে। সেগুলি নিপুণ হইয়া দেখা দরকার। বাঙ্গালা আমার মাতৃভাষা, আমি যাহা লিখিব, তাহাই বাঙ্গালা, ইহা বলিলে চলিবে না। ভাষাকে সোজা পথে চালাইতে হইবে। বাঙ্গালাকে সংস্কৃত ও ইংরাজীর হাত হইতে মুক্ত করিয়া সহজ, মিষ্ট ও সরল করিতে হইবে। যখন নূতন কথা গড়িতে হইবে, তখন সোজা বাঙ্গালায়, সোজা কথায় নূতন ভাব প্রকাশ করিবার চেষ্টা করা উচিত, নহিলে কতকগুলা দাঁত-ভাঙ্গা কট্‌কটে শব্দ তৈয়ারী করিয়া লইলে ভাষার সঙ্গে তাহা খাপ খাইবে না।

বিজ্ঞান

(ক) "বৈজ্ঞানিক পরিভাষা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ মহাশয় ৺আনন্দকৃষ্ণ বসু মহাশয়ের লিখিত গণিত ও জ্যোতিষবিষয়ক পরিভাষা সম্পাদন করিয়া প্রকাশ করিয়াছেন।

(খ) "পবন-চক্র" নামক প্রবন্ধে রায় সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ মহাশয় বহমান পবনে যে শক্তি থাকে, তাহা সংগ্রহের জন্য যে কয়েক প্রকার পবন-চক্র নির্ম্মাণ করাইয়াছিলেন, তাহাদের পরিচয় প্রদান করিয়াছেন। লেখক মহাশয় বলেন যে, পবন আয়ত্ত করিবার জন্য তিনি আরাতা, মর্কটচক্র, বড়্‌বাহুযুক্ত কুলালীয় চক্র, শকুন্তচক্র ও রূপান্তরিত নাগরচক্র প্রস্তুত করাইয়াছিলেন। কিন্তু নানা কারণে কোনটির দ্বারাই কার্য্যসিদ্ধি হয় নাই। কিন্তু এই সমস্ত চক্র প্রস্তুত করিতে গিয়া তিনি পবনচক্র নির্ম্মাণ সম্বন্ধে যে অভিজ্ঞতা লাভ করিয়াছেন, তাহা এই প্রবন্ধে লিপিবদ্ধ হইয়াছে।

(গ) "ক্রমাঙ্কণ সম্বন্ধে কয়েকটি কথা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত দুর্গাশঙ্কর ভট্টাচার্য্য মহাশয় ক্রমাঙ্কণ সম্বন্ধে তাঁহার নিজের কতিপয় পর্য্যবেক্ষণের উল্লেখ করিয়াছেন। তাঁহার মতে ক্রমাঙ্কণের উৎপত্তির প্রণালীগুলিকে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা,—

(১) স্ফাটিকগুচ্ছ দ্বারা সংগঠিত ক্রমাঙ্কণ।

(২) অপরিণত অপূর্ণাঙ্গ স্ফাটিকের পূর্ণত্বের চেষ্টায় উদ্ভূত ক্রমাঙ্কণ।

(ঘ) "আলোক-বিজ্ঞানের ইতিহাস" নামক প্রবন্ধে ডাক্তার শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মল্লিক বি এ, এস সি ডি, এফ আর এস্ ই মহাশয় বলেন যে, যত দূর জানা গিয়াছে, তাহাতে মনে হয়, হিন্দুরাই প্রথমে আলোক সম্বন্ধে চিন্তা ও গবেষণা করিয়াছিলেন। আমাদের দেশে ন্যায়সূত্রের অনেক দিন পূর্ব্বে আলোকতত্ত্ব বুঝিবার চেষ্টা আরম্ভ হইয়াছিল এবং বোধ হয়, খৃষ্টপূর্ব্ব ষষ্ঠ, কি পঞ্চম অব্দে আলোক সম্বন্ধে গ্রীস্ ও ভারতবর্ষে একই প্রকারের মত প্রবর্ত্তিত ছিল। তবে কোন্ জাতি অপর জাতির নিকট ঋণী, তাহা আলোচ্য বিষয়।

(ঙ) "আলোকের পরাবর্ত্তন ও তির্য্যগ্‌বর্ত্তন আলোচনায় ব্যাবর্ত্তন-তত্ত্বের প্রয়োগ" নামক প্রবন্ধে অধ্যাপক শ্রীযুক্ত জগদিন্দু রায় মহাশয় প্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন যে, আমরা সাধারণতঃ আলোকের যে পরাবর্ত্তন ও তির্য্যগ্‌বর্ত্তন দেখিতে পাই, তাহা ব্যাবর্ত্তনের একটি বিশেষ উদাহরণস্বরূপ বিবেচিত হইতে পারে।

(চ) "পিণ্ডারীর পথে তাম্রমল" নামক প্রবন্ধে শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত এম্ এস সি মহাশয় কয়েকটি তাম্রমলের পরীক্ষার ফল প্রদান করিয়াছেন ও তিনি বলেন যে, এই তাম্রমলগুলি পরীক্ষা করিলে দেখা যায় যে, এইগুলি লৌহ ও গন্ধকময়। তাম্রের আকর হইতে তাম্র প্রস্তুতের বর্ত্তমান ইউরোপীয় প্রণালীর পর পর অবস্থা এইগুলিতে বর্ত্তমান আছে। লৌহ, গন্ধক, তাম্র ও অম্লজান—এই কয়টির বিশেষ রাসায়নিক গুণের উপর এই প্রণালী চলিতেছে। হিমালয়পর্ব্বতবাসীরা যে মোটামুটি এই রাসায়নিক গুণের বিষয় অবগত ছিল, তাহাতে সন্দেহ নাই।

(ছ) "নূতন উপায়ে যুক্ত লবণ গঠন" নামক প্রবন্ধে শ্রীযুক্ত রসিকলাল দত্ত এম্ এসসি মহাশয় তাঁহার নিজের প্রস্তুত কতিপয় যুক্ত লবণের উল্লেখ করিয়াছেন।

(জ) "চিকিৎসা-শাস্ত্রোপযোগী অম্লজন প্রস্তুত করিবার একটি সহজ যন্ত্র" নামক প্রবন্ধে শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম এ, এফ সি এস্ মহাশয় স্বীয় উদ্ভাবিত সাধারণ গৃহস্থোপযোগী অম্লজন প্রস্তুত করিবার একটি সুলভ যন্ত্রের পরিচয় প্রদান করিয়াছেন।

(ঝ) "খনিজ টাইটেনিয়াম, তাহার পরিমাণ নিরূপণ ও ব্যবহার" নামক প্রবন্ধে অধ্যাপক শ্রীযুক্ত নগেন্দ্রচন্দ্র নাগ এম্ এ মহাশয় টাইটেনিয়াম ক্ষার পরিমাণ নিরূপণের এক সহজ প্রণালীর উল্লেখ করিয়াছেন এবং তিনি বলেন যে, এই উপায় অবলম্বন করিলে ইলমেনাইট বিশ্লেষণকার্য্য তিন ঘণ্টায় সম্পূর্ণ হইতে পারে। ইলমেনাইট ব্যবহার করিবার জন্য বিভিন্ন দেশে বিভিন্ন প্রণালী আছে। লেখক মহাশয় যে দুই প্রণালীতে ভাল ফল পাইয়াছেন, তাহার উল্লেখ করিয়াছেন এবং তিনি বলেন যে, আগ্রাতে বাঙ্গালীদের দ্বারা পরিচালিত শ্রীযুক্ত বি, এ, তাহের মহাশয়ের তত্ত্বাবধানে যে চামড়ার কারখানা আছে, সেখানে তাঁহার নির্দ্দিষ্ট প্রণালীতে প্রস্তুত পদার্থগুলি পরীক্ষিত হইয়াছে।

(ঞ) "ক্যালসিয়াম ক্লোরাইড উপস্থিতিতে এসিটোনের উপর নৈত্রিক অম্লের ক্রিয়া" নামক প্রবন্ধে শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ রক্ষিত বি এস্‌সি, এফ্ সি এস্ মহাশয় এই প্রক্রিয়াতে প্রাপ্ত পদার্থের প্রাথমিক পরিচয় প্রদান করিয়াছেন। এই পদার্থটি তৈলবৎ

যন্ত্র। ইহাতে এক প্রকার অতিশয় তীব্র গন্ধ আছে। ইহার বাষ্প চক্ষে লাগিলে চক্ষু দিয়া জল নির্গত হয়। ইহা জলে মিশে না, কিন্তু সুরাসার, ইথর, ক্লোরোফরম, বেনজিন ও কারবন দ্বিসলফিদে অতি সত্বর গলিয়া যায়। ইহার সাঙ্কেতিক নাম CCL_3 $No._3$.

(ট) "রামতুলসীর তৈল" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ক্ষিতিভূষণ ভাদুড়ী এম্ এস্ সি মহাশয় বলেন যে, রাসায়নিক পরীক্ষা দ্বারা রামতুলসীর গাছ হইতে অল্প আয়াসেই তৈল পাওয়া গিয়াছে। গাছের সর্ব্বত্রই তৈল পাওয়া যায়, তবে বীজে তৈলের পরিমাণ অধিক। এই প্রবন্ধে উক্ত তৈলে প্রাকৃতিক ও রাসায়নিক গুণাবলীর উল্লেখ করা হইয়াছে।

(ঠ) "জ্যোতিষিক মানযন্ত্র" নামক প্রবন্ধে অধ্যাপক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য এম্ এ মহাশয় তাঁহার উদ্ভাবিত জ্যোতিষিক যন্ত্রের পরিচয় প্রদান করিয়াছেন। লেখক আশা করেন যে, এই যন্ত্র দ্বারা নিম্নলিখিত পরিমাণগুলি সাধিত হইতে পারিবে ;—

১। ভৌগোলিক যাম্যোত্তর-রেখা বা ভূমধ্য-রেখা (Geographical meridian)

২। অক্ষাংশ (Terrestrial latitude)

৩। অপবৃত্তাংশ বা দেশান্তর (Terrestrial longitude)

৪। দিগংশ (Azimuth)

৫। উন্নতি বা উন্নতাংশ (Altitude)

৬। বিষুবাংশ (Right ascention)

৭। ক্রান্তি বা ক্রান্ত্যংশ (Declination)

৮। শর (Celestial latitude)

৯। রাশ্যংশ বা ভুক্ত (Celestial longitude)

১০। চৌম্বক ক্ষেপ (Magnetic declination)

১১। চৌম্বক নতি (Magnetic inclination)

(ড) "উদ্ভিদে গৌণকোষ বিদারণ (karyokineses) শিক্ষাপ্রণালী সম্বন্ধে কয়েকটি কথা" নামক প্রবন্ধে ডাক্তার শ্রীযুক্ত একেন্দ্রনাথ ঘোষ এল্ এম্ এস্ মহাশয় উদ্ভিদ্‌জগতে গৌণকোষ বিদারণে নাভির গঠনে যে ধারাবাহিক পরিবর্ত্তন ঘটিয়া থাকে, সেগুলি পরীক্ষা করিবার একটি খুব সহজসাধ্য ও সুসিদ্ধ নূতন প্রণালীর পরিচয় প্রদান করিয়াছেন ও এই প্রবন্ধে তিনি বলিয়াছেন যে, কোষ-বিদারণ সকল সময়ে হয় না। বিলাতে কোষ-বিদারণ প্রাতঃকালে ঘটিয়া থাকে। লেখক মহাশয় বলেন যে, তিনি পরীক্ষাদ্বারা দেখিয়াছেন যে, অন্ততঃ কলিকাতায় রাত্রি ৩টার সময় অধিকাংশ কোষেই নাভির নানারূপ পরিবর্ত্তন দৃষ্ট হয়। রাত্রি ৩টার পূর্ব্বে কোন কোষই এই অবস্থায় দৃষ্ট হয় না এবং চারিটার সময় কোষগুলির নাভি স্থিরাবস্থাতেই থাকে।

দর্শন

(ক) "বৌদ্ধ ন্যায়" নামক ক্রমশঃ-প্রকাশ্য প্রবন্ধে মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত

সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় বৌদ্ধদিগের ন্যায়শাস্ত্রের একটি ধারাবাহিক ইতিহাস প্রদান করিয়াছেন। বিদ্যাভূষণ মহাশয় বলেন যে, বৌদ্ধ পালি-সাহিত্যের আদিম গ্রন্থ তেপিটক বা ত্রিপিটকে ন্যায় সম্বন্ধে যৎকিঞ্চিৎ বিবরণ পাওয়া যায়। খৃষ্টপূর্ব্ব ২৫৫ অব্দে মহারাজ অশোকের রাজত্বকালে ন্যায়শাস্ত্রের পারিভাষিক শব্দসমূহ বিদ্বৎ-সমাজে প্রচলিত ছিল এবং প্রায় একই সময়ে রচিত মিলিন্দপঞ্‌হ নামক গ্রন্থে ও এই সময়ে রচিত মহাযান-গ্রন্থেও ন্যায়ের উল্লেখ আছে। যদিও প্রাচীন বৌদ্ধ পালি ও সংস্কৃত গ্রন্থে ন্যায়শাস্ত্রের পারিভাষিক শব্দের উল্লেখ আছে, কিন্তু খৃষ্টীয় ৪র্থ শতাব্দীর পূর্ব্ববর্ত্তী কোনও নৈয়ায়িকের নাম কোনও গ্রন্থে পাওয়া যায় না। খৃষ্টীয় ৪র্থ শতাব্দী হইতে আরম্ভ করিয়া সার্দ্ধ ষষ্ঠ শতাব্দী পর্য্যন্ত নিম্নলিখিত বৌদ্ধ নৈয়ায়িকগণের বিবরণ এই প্রবন্ধে লিখিত হইয়াছে ;—

১। মৈত্রেয়
২। আর্য্য অসঙ্গ
৩। বসুবন্ধু
৪। আচার্য্য দিঙ্‌নাগ
৫। শঙ্কর স্বামী
৬। ধর্ম্মপাল
৭। আচার্য্য শীলভদ্র
৮। আচার্য্য ধর্ম্মকীর্ত্তি

গ্রন্থ-প্রকাশ

আলোচ্য বর্ষে পূর্ব্ব পূর্ব্ব বর্ষের ন্যায় গভর্মেণ্টের নিকট হইতে ১২০০৲, লালগোলার রাজা বাহাদুরের নিকট হইতে ৮০০৲ ও কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ মহাশয়ের নিকট হইতে ১৫০৲ টাকা পাওয়া গিয়াছে এবং এই বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণ-কার্য্য শেষ হইয়াছে।

১। চণ্ডীদাসের পদাবলী—শ্রীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় বি এ সম্পাদিত। গত বৎসর এই গ্রন্থের মূল-ভাগ মুদ্রিত হইয়াছিল। আলোচ্য বর্ষে ইহার ভূমিকা এবং দুরূহ শব্দের অর্থাদি মুদ্রিত হইয়াছে ও পুস্তক প্রকাশিত হইয়াছে।

২। শ্রীভাষ্য—(৪র্থ খণ্ড)। লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের অর্থানুকূল্যে শ্রীযুক্ত পণ্ডিত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ মহাশয় কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত।

৩। বোধিসত্ত্বাবদানকল্পলতা (৩য় খণ্ড)—রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি আই ই কর্ত্তৃক সম্পাদিত।

এতদ্ব্যতীত নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য প্রায় শেষ হইয়াছে ;—

১। শব্দকোষ (৪র্থ খণ্ড)—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ মহাশয়

সঙ্কলিত। এই খণ্ডে 'ষ' হইতে আরম্ভ করিয়া 'হ' পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে। এক্ষণে ইহার পরিশিষ্ট, উপসংহার ও ভূমিকাদি লেখা হইতেছে।

২। তীর্থভ্রমণ—খানাকুল কৃষ্ণনগরের ৺ যদুনাথ সর্ব্বাধিকারী মহাশয়-লিখিত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। ইহার মূলাংশ ছাপা হইয়াছে এবং পরিশিষ্ট ও ভূমিকা ছাপা হইতেছে।

৩। তীর্থমঙ্গল—কবিরাজ বিজয়চন্দ্র বিশারদ কর্ত্তৃক রচিত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। ইহারও মূলাংশ ছাপা হইয়াছে, পরিশিষ্ট প্রভৃতি ছাপা হইতেছে।

এতদ্ব্যতীত নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণ-কার্য্য চলিতেছে ;—

১। চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। গত বৎসর ইহার মূলাংশ ছাপা হইয়াছিল। এ বৎসর টীকা, টিপ্পনী ও পরিশিষ্টাংশের ছাপা চলিতেছে।

২। শ্রীশ্রীপদকল্পতরু—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। বটতলার ছাপা পদকল্পতরু ব্যতীত পদকল্পতরুর যে সকল সংস্করণ ছিল, সেগুলি সবই এখন দুষ্প্রাপ্য হইয়া গিয়াছে। সাহিত্য-পরিষদের পুথিশালায় পদকল্পতরুর ন্যায় আরও কয়েকখানি নূতন পদাবলী-সংগ্রহ-গ্রন্থ সংগৃহীত হইয়াছে এবং সাহিত্য-পরিষৎ-পত্রিকায় সতীশ বাবু তাঁহার সংগৃহীত পদাবলীর নূতন গ্রন্থ নিমানন্দ দাসের পদরস-সারের পরিচয় প্রদান করিয়াছেন। এই নব-সংগৃহীত পদাবলী-গ্রন্থে পদকল্পতরু-ধৃত পদাবলী ভিন্ন প্রাচীন পদকর্ত্তাদের বহু নূতন পদ পাওয়া গিয়াছে এবং অনেক অজ্ঞাতনামা পদকর্ত্তার বহু নূতন পদও ইহাতে আছে। এই সমস্ত নূতন পদ-সংযোগে সতীশ বাবু সাহিত্য-পরিষৎ হইতে পদকল্পতরুর সম্পাদনের ভার পাইয়াছেন। ইহার ১ম ও ২য় পল্লবের অধিকাংশ ছাপা হইয়া গিয়াছে।

৩। লেখমালানুক্রমণী—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ কর্ত্তৃক সম্পাদিত। ধাতুফলকে, মূর্ত্তির পাদপীঠে, শরীর-নিধানের গাত্রে এবং প্রস্তরগাত্রে যে সকল প্রাচীন লেখ আবিষ্কৃত হইয়াছে, তাহার মধ্যে অশোকের লিপি ভিন্ন গুপ্ত-সম্রাট্‌দের সময় পর্য্যন্ত যত লিপি পাওয়া গিয়াছে, সেইগুলির পুঙ্খানুপুঙ্খ বিবরণ অর্থাৎ প্রত্যেক লিপি কবে আবিষ্কৃত হইয়াছে, কোথায় আছে এবং এ পর্য্যন্ত তাহার সম্বন্ধে কে কোথায় আলোচনা করিয়াছেন এবং লিপি হইতে কোন্ বিষয়ে কি জানা গিয়াছে, তাহার যথাযথ বিবরণ দেওয়া হইতেছে। আলোচ্য বর্ষে ইহার ১০ ফর্ম্মা ছাপা হইয়াছে।

এতদ্ব্যতীত আগামী বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণের ব্যবস্থা হইতেছে ;—

১। উদ্ভিদবিদ্যা—বঙ্গবাসী কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু এম্ এ, এফ সি এস্ মহাশয়-বিরচিত।

২। জীব-বিদ্যা—ডাক্তার শ্রীযুক্ত বনওয়ারিলাল চৌধুরী ডি এস্ সি মহাশয়-প্রণীত।

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয়-সম্পাদিত "মুদ্রিত বাঙ্গালা

পুস্তকের তালিকা” ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়-সম্পাদিত “অনিলপুরাণে”র মুদ্রণ-কার্য্য নানা কারণে অগ্রসর হয় নাই।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের প্রদত্ত অর্থে পাশ্চাত্য-দর্শনের ইতিহাস প্রণয়ন ও ফরাসী পণ্ডিত গিজোর “ইউরোপীয় সভ্যতার ইতিহাস” নামক গ্রন্থের সরল বঙ্গানুবাদের জন্য যে ব্যবস্থা হইয়াছিল, তদনুসারে কার্য্য অগ্রসর হইতেছে।

গ্রন্থপ্রকাশ-বিভাগের কার্য্যভার আলোচ্য বর্ষে কিছু দিন পর্য্যন্ত শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের হস্তে ছিল। পরে শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয়ের হস্তে অর্পিত হইয়াছে। বাণী বাবুর অভিজ্ঞতা এবং কার্য্যপটুতা গুণে এই বিভাগের কার্য্য সুন্দররূপে চলিতেছে।

আয়-ব্যয়

আলোচ্য বৎসরে সর্ব্ব রকমে সাহিত্য-পরিষদের ৩৯৫৬৪৶১১ (পাই) টাকা আয় হইয়াছে এবং পূর্ব্ব বৎসরের উদ্বৃত্ত ১২১২৯৷৶৩ টাকা ছিল। অতএব আলোচ্য বর্ষে পরিষদের মোট জমা ৫১৬৯৩৸৶২ (পাই) টাকা। আলোচ্য বর্ষে মোট ব্যয় হইয়াছে ২৭৭৮৩৷৷১ (পাই)। ব্যয় বাদে উদ্বৃত্ত ২৩৯১০।৶৩ পাই। ইহার বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য। আর ১৩২১ বঙ্গাব্দ পর্য্যন্ত পরিষদের সদস্যগণের নিকট ১৭৫২৮৷৷০ টাকা চাঁদা বাকী পড়িয়াছে। যে ২৩৯১০।৶৩ পাই উদ্বৃত্ত দেখান হইয়াছে, তাহার অধিকাংশই বিশেষ বিশেষ কার্য্যের নিমিত্ত প্রদত্ত বিভিন্ন তহবিলের টাকা এবং পরিষদের স্থায়ী তহবিলের টাকা।

শাখা-পরিষৎ

গত বর্ষের কার্য্যবিবরণীতে জানান হইয়াছিল যে, শাখা-পরিষদের নিয়মাবলী সংস্কার হইতেছে। আলোচ্য বর্ষে শাখা-পরিষদের নিয়মাবলীর সংস্কার শেষ হইয়াছে ও নূতন নিয়মাবলী বিধিবদ্ধ হইয়াছে। আশা করা যায় যে, এই সমস্ত নূতন নিয়মানুসারে কার্য্য করিলে মূলের সহিত শাখার সম্বন্ধ আরও অধিকতর ঘনিষ্ঠ হইবে। আলোচ্য বর্ষে মেদিনীপুর, মানভূম ও মীরাটে নূতন তিনটি শাখা স্থাপিত হইয়াছে। শাখা-পরিষদের বিশেষ বিবরণ পরিশিষ্টে দেওয়া হইল।

রমেশ-ভবন

কাশিমবাজারের মাননীয় মহারাজ শ্রীযুক্ত সার মণীন্দ্রচন্দ্র নন্দী কে সি আই ই বাহাদুর রমেশ-ভবনের জন্য যে ভূমি দান করিয়াছেন, তাহার দলিল লিখিত হইয়াছে ও এই দলিল মাননীয় মহারাজ শ্রীযুক্ত সার মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের পক্ষ হইতেই রেজিষ্টারী হইয়া গিয়াছে এবং এই দলিলের যাঁহারা ন্যাসরক্ষক নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের মধ্যে রাজা শ্রীযুক্ত জগৎকিশোর আচার্য্য চৌধুরী বাহাদুর ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়দ্বয়ের পক্ষে রেজিষ্টারী হইয়াছে। আশা আছে যে, আগামী সপ্তাহেই বাকী অপর তিন জন ন্যাস-রক্ষকের পক্ষ হইতে দলিল রেজিষ্টারী হইয়া যাইবে। আশা আছে যে, অতি সত্বরেই এই রমেশ-ভবনের ভিত্তি প্রতিষ্ঠিত হইবে।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে ইষ্টারের ছুটীতে ২০শে চৈত্র তারিখে বর্দ্ধমানে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অষ্টম অধিবেশন সুসম্পন্ন হইয়াছে। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সাধারণ সভাপতির ও সাহিত্য-শাখার সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন এবং অধ্যাপক রায় সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন ও অধ্যাপক শ্রীযুক্ত যদুনাথ সরকার মহাশয়গণ যথাক্রমে বৈজ্ঞানিক, দার্শনিক ও ঐতিহাসিক শাখার সভাপতিত্ব করিয়াছিলেন। বর্দ্ধমানের মহারাজাধিরাজ শ্রীযুক্ত সার বিজয়চাঁদ মহাতাব্ বাহাদুর অভ্যর্থনা-সমিতির সভাপতি ও শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ সরকার ও শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মিত্র মহাশয়দ্বয় সম্পাদক নির্ব্বাচিত হইয়াছিলেন। এবার সম্মিলনে যত প্রতিনিধি সম্মিলিত হইয়াছিলেন, ইতিপূর্ব্বে সম্মিলনের কোনও অধিবেশনে তত প্রতিনিধি উপস্থিত হন নাই। বলা বাহুল্য যে, অভ্যর্থনার বন্দোবস্ত বর্দ্ধমানের রাজ-সংসারের উপযোগীই হইয়াছিল। সম্মিলনের সপ্তম অধিবেশনের ন্যায় অষ্টম অধিবেশনেও একই সময়ে চারি বিভিন্ন শাখার অধিবেশন হইয়াছিল ও ইহাতে প্রবন্ধ পাঠ ও আলোচনার বিশেষ সুবিধা হইয়াছিল। এবার সম্মিলনে যে সমস্ত প্রবন্ধ পাঠযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছিল, তন্মধ্যে যে সমস্ত প্রবন্ধের লেখকগণ সম্মিলনে উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই নিজ নিজ প্রবন্ধ সম্পূর্ণ বা আংশিক ভাবে পড়িবার সুযোগ পাইয়াছিলেন। অনুপস্থিত অনেক লেখকের প্রবন্ধও পঠিত হইয়াছিল। সম্মিলনের কার্য্যের উপর দেশের শ্রদ্ধা যে ভাবে বাড়িতেছে, তাহাতে মনে হয় যে, যদি ইষ্টারের ছুটীতেই সম্মিলনের অধিবেশন হয়, তাহা হইলে একই সময়ে একাধিক শাখার অধিবেশন ভিন্ন সম্মিলনের কার্য্য সুপরিচালিত করিবার আর কোনও উপায় নাই। এবার সম্মিলনে আলোকচিত্রের সাহায্যে সাধারণোপযোগী বক্তৃতারও বিশেষ বন্দোবস্ত করা হইয়াছিল। স্থির হইয়াছে যে, আগামী বৎসর যশোহরে ও তৎপরবর্ত্তী বৎসর বাঁকীপুরে সম্মিলনের অধিবেশন হইবে। আলোচ্য বর্ষে সম্মিলনের নিয়মাবলীতে নিম্নলিখিত নূতন কয়েকটি নিয়ম সংযোজিত হইয়াছে। সম্মিলনের বিস্তৃত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

সম্মিলনে গৃহীত নূতন নিয়ম

১। সাহিত্য-সম্মিলনের প্রত্যেক অধিবেশনে সাহিত্যসেবী ও সাহিত্যানুরাগী ব্যক্তি-মাত্রই যোগ দিতে পারিবেন। এই সাহিত্য-সম্মিলনে যাঁহারা আসিবেন, তাঁহারা সাধারণতঃ নিম্নলিখিত চারি শ্রেণীর লোক হইবেন,—

(ক) প্রতিনিধিবর্গ—বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত প্রতিনিধিবর্গ।

(খ) নিমন্ত্রিত—অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত ব্যক্তিবর্গ।

(গ) সাহিত্যানুরাগী—সাহিত্যানুরাগী যে সকল ব্যক্তি স্বয়ং উপস্থিত হইবেন।

(ঘ) সাধারণ দর্শকবৃন্দ।

২। বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত যে সমস্ত প্রতিনিধি সম্মিলনে উপস্থিত হইবেন, তাঁহাদের প্রত্যেককে ২৲ টাকা হিসাবে অভ্যর্থনা-সমিতিতে চাঁদা দিতে হইবে। যাঁহারা এই চাঁদা দিবেন, তাঁহারা নিম্নলিখিত বিশেষ অধিকারগুলি পাইবেন,—

(ক) সম্মিলনে উপস্থাপিত প্রস্তাবাদি বিচারকালে মতামত প্রদান।

(খ) সম্মিলনের কার্য্যবিবরণ এক খণ্ড বিনা-মূল্যে প্রাপ্তি।

৩। সাধারণ দর্শকদিগের নিকট কোনরূপ টিকিট বেচিয়া প্রবেশিকা লওয়া হইবে কি না এবং লইতে হইলে কি হারে লইতে হইবে, তাহা যে বৎসর যে স্থানে সম্মিলনের অধিবেশন হইবে, সে বৎসর সেই স্থানের অভ্যর্থনা-সমিতি স্থির করিয়া দিবেন।

৪। যে সমস্ত সাহিত্যিক ও সাহিত্যানুরাগী ব্যক্তি কোন সভাসমিতির প্রতিনিধি-রূপে সম্মিলনে আসিবেন না অথবা যাঁহারা অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া আসিবেন, তাঁহারা প্রতিনিধিগণের পূর্ব্বোক্ত দুই অধিকার পাইবেন না, কিন্তু সম্মিলনে বা তাহার কোন শাখায় যে সমস্ত প্রবন্ধ পড়া হইবে, তাহার আলোচনায় যোগদান পক্ষে তাঁহাদের কোন বাধা থাকিবে না।

উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে রাজসাহীতে উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের অধিবেশন হইয়াছে। এই অধিবেশনে শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী এম্ এ ব্যারিষ্টার মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

সম্বর্দ্ধনা

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের বয়ঃক্রম পঞ্চাশদ্বর্ষ পূর্ণ হওয়ায় পরিষৎ আলোচ্য বর্ষে তাঁহাকে অভিনন্দন করিবেন, এই সংবাদ গত পঞ্জিকায় সদস্যগণকে জানান হইয়াছিল। তদনুসারে আলোচ্য বৎসরের ৫ই ভাদ্র শনিবার শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়কে অভিনন্দন ও সম্বর্দ্ধনা করিবার জন্য এক সান্ধ্য-সম্মিলনের আয়োজন হইয়াছিল। এই সান্ধ্য-সম্মিলনের বিস্তৃত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

উপসংহার

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্যক্ষেত্র যে প্রকার বিস্তৃত এবং দিন দিন ক্রমশঃই উহার পরিসর যে প্রকার বৃদ্ধি পাইতেছে, তদনুরূপ কার্য্যকারী লোকের সংখ্যা আশানুরূপ বৃদ্ধি না হওয়াতে, পরিষদের সম্পাদককে প্রতি বৎসরই আক্ষেপোক্তি করিতে হয়; এই বৎসরেও ঐ প্রকার আক্ষেপোক্তি করিয়া এই কার্য্য-বিবরণের উপসংহার করিতে হইতেছে। সংস্কৃত ভাষা এবং পাশ্চাত্ত্য-দেশীয় ভাষা, বিশেষতঃ ইংরাজি ভাষা প্রভৃতিতে যে সকল রত্নরাজি রহিয়াছে, তাহার কিছু কিছু ভাষান্তরিত হইয়া আমাদের মাতৃভাষায় প্রকাশিত হইতেছে বটে, কিন্তু তাহাতেও অধিকতর চেষ্টা এবং অধিকতর অধ্যবসায় প্রয়োজন। নিপুণভাবে ঐ সকল কার্য্য করার জন্য মাতৃভাষার একনিষ্ঠ সেবকের একান্ত অভাব না হইলেও কার্য্যানুরূপ সেবকের সংখ্যা যে আছে এবং কার্য্যের গুরুত্বের অনুরূপ

সেবকের যে বিধান হইয়াছে, তাহা বলা যায় না। অন্য দিকে আরবী ও পারস্যভাষা হইতে রত্নরাজি সংগ্রহের বিশেষ কোন ব্যবস্থা যে হইয়াছে, তাহা বলাই চলে না। এই জন্য আমরা মুসলমান কৃতবিদ্য এবং মাতৃভাষানুরাগী ভ্রাতাদিগের নিকট সনির্ব্বন্ধ অনুরোধ জানাইতেছি যে, তাঁহারা যেন তৎপর হইয়া মাতৃভাষার সেবার এই দিকের প্রতি বিশেষভাবে মনোযোগী হয়েন এবং বঙ্গভাষা-ভাষীদিগকে তাঁহাদের প্রাচীন সাহিত্য এবং ইতিহাসের অমূল্য রত্নরাজি হইতে বঞ্চিত না থাকিতে হয়, তাহার সুব্যবস্থা করেন। আমি আশা করি যে, আগামী বারের সম্পাদককে এই কাহিনী কাতরোক্তির সহিত প্রকাশ করিতে হইবে না। তিনি যেন এই সকল বিষয়ের কার্য্য অগ্রসর হওয়ার কথা উল্লেখ করিতে পারিয়া নিজেকে ধন্য মনে করিতে পারেন এবং পরিষদের সদস্য ও শুভাকাঙ্ক্ষীদিগকে সন্তুষ্ট করিতে পারেন, এ দেশ-বাসী সমুদায় শিক্ষিত মুসলমান-ভ্রাতাগণের তৎপ্রতি দৃষ্টি রাখা নিতান্তই কর্ত্তব্য।

গত বৎসরে সাহিত্য-সম্মিলনের অষ্টম অধিবেশনে আমাদের বিশ্ববিদ্যালয়ে যাহাতে বঙ্গভাষার প্রসার বৃদ্ধি এবং বঙ্গভাষা উচ্চ স্থান প্রাপ্ত হইতে পারে, তাহার বিধান-কল্পে যে প্রস্তাব গৃহীত হইয়াছে, তাহা যাহাতে কার্য্যে পরিণত হয়, তজ্জন্য আমরা সমুদয় শিক্ষিত বাঙ্গালীর সহানুভূতি প্রার্থনা করিতেছি। স্বীয় স্বীয় মাতৃভাষায় শিক্ষা প্রচার না হইলে এবং উচ্চশিক্ষা মাতৃভাষায় প্রচলিত হওয়ার ব্যবস্থা না থাকিলে উচ্চশিক্ষা কেন, প্রকৃত শিক্ষার বিস্তারই হইতে পারে না। এই কথা এ দেশ ভিন্ন অন্য কোন দেশে বোধ হয়, কাহাকেও বুঝাইতে হয় না। পরিষৎ এই সম্বন্ধে যে গুরুতর কাজের ভার গ্রহণ করিয়াছেন, তাহা সকলের সাহায্য এবং আন্তরিক যত্ন ভিন্ন সফল হইবার নহে। আসুন, আমরা সকলে দৃঢ়ভাবে গবর্ণমেণ্টকে জানাই যে, প্রকৃত শিক্ষা বিস্তারের এই পথ ভিন্ন অন্য দ্বিতীয় পথ নাই। আমরা যদি প্রকৃতই নিজেরা এই পথই প্রকৃত পথ বলিয়া বুঝিয়া থাকি, তাহা হইলে আসুন, সকলে একত্র হইয়া যাহাতে এই পথ দেশবাসী সকলের পক্ষে সুগম হয়, তাহার ব্যবস্থা করি এবং সেই কথা মহামান্য গবর্মেণ্টকে জানাই। তাহা হইলে আমাদের বিশ্বাস যে, আমাদের প্রজাবৎসল রাজা এবং তাঁহার প্রতিনিধিবর্গেরা আমাদের এই পথে সহায়তা করিবেন ভিন্ন বাধা উপস্থিত করিবেন না। ইহা একান্তই আমাদের নিজেদের অধ্যবসায় এবং যত্নসাধ্য, সন্দেহ নাই। সুতরাং আমরা কেহই যেন ইহার জন্য উপযুক্ত যত্ন ও চেষ্টা করিতে ত্রুটি না করি। পরিষৎ মাতৃভাষাভক্ত এবং মাতৃভাষা-সেবানুরাগী-মাত্রেরই মিলন-স্থান। এখানে সকলেরই সমান অধিকার; আমরা সকলে তাহা বুঝিয়া যেন মাতৃভাষা-সেবাপরায়ণ হইয়া নিজেদের সেবানিষ্ঠতার সার্থকতা সম্পাদন করি এবং দেশের শিক্ষাবিস্তার-সম্বন্ধে যাহার যেটুকু সাধ্য, তদনুরূপ সহায়তা করি।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির,
বঙ্গাব্দ ১৩২২, ৯ই শ্রাবণ।

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী
সম্পাদক।

পরিশিষ্ট

শাখা-পরিষৎসমূহের বার্ষিক কার্য্যবিবরণ

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

রঙ্গপুর-শাখা

১৩২১ বর্ষের সংক্ষিপ্ত কার্য্য-বিবরণ

রঙ্গপুর-শাখা ১৩২১ বঙ্গাব্দে নবম বর্ষ বয়ঃক্রম অতিক্রম করিয়াছে।

আলোচ্য বর্ষে রঙ্গপুর শাখা-সভার সদস্যসংখ্যা নিম্নলিখিতরূপ ছিল;—আজীবন-সদস্য ২, বিশিষ্ট সদস্য ৬, অধ্যাপক-সদস্য ৪, সহায়ক-সদস্য ১২, ছাত্র-সদস্য ৬৫, একুন ৮৯, শাখা-সভার অধিকারপ্রাপ্ত সাধারণ-সদস্য ২২৬, উভয় সভার অধিকারপ্রাপ্ত ১২৫, একুন ৪৪৪।

আলোচ্য বর্ষে বাহারবন্দের সুপ্রসিদ্ধ ভূম্যধিকারী মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী কে সি এস আই বাহাদুর এককালীন ৫০০৲ পাঁচ শত টাকা সভার স্থায়ী ধনভাণ্ডারে দান করায় আজীবন-সদস্যরূপে গৃহীত হইয়াছেন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সুযোগ্য সভাপতি ও বঙ্গীয় এসিয়াটিক সোসাইটীর সহকারী সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই মহোদয়ের সভাপতিত্বে বিগত ২০ জ্যৈষ্ঠ ১৩২১ তারিখে বুধ বারে এই সভার নবম সাম্বৎসরিক অধিবেশন সুসম্পন্ন হইয়াছিল।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিনিধিরূপে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, সিদ্ধান্তবারিধি ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী সহকারী সম্পাদক মহাশয়দ্বয় এই অধিবেশনে যোগদান করিয়াছিলেন।

আলোচ্য বর্ষে আটটি মাত্র মাসিক সাধারণ অধিবেশন আহূত হইয়াছে। তন্মধ্যে একটি অধিবেশন নির্দ্দিষ্টসংখ্যক সদস্যের উপস্থিতির অভাবে স্থগিত রাখিতে হয়। এই সকল অধিবেশনে ৮টি মাত্র প্রবন্ধ পঠিত ও পঠিত বলিয়া গৃহীত হয়। এই প্রবন্ধগুলির মধ্যে প্রত্নতাত্ত্বিক ৩, চরিতাখ্যানবিষয়ক ২, প্রাচীন বঙ্গসাহিত্যালোচনামূলক ২ এবং স্ত্রীশিক্ষাবিষয়ক সাময়িক একটি প্রবন্ধ ছিল।

অধিবেশনের তারিখ ও প্রদর্শিত দ্রব্যাদি

অধিবেশনের নাম ও তারিখ	পঠিত প্রবন্ধ ও লেখক	প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শকের নাম
১ম অধিবেশন, ৬ই আষাঢ় ১৩২১, শনিবার।	"শঙ্কর দেব" শ্রীউমেশচন্দ্র দে।	রঙ্গপুর ধর্ম্মসভার কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক উপহৃত,— (১) কষ্টিপ্রস্তরে নির্ম্মিত বিষ্ণু। (২) ঐ মনসা। শ্রীযুক্ত রায় মৃত্যুঞ্জয় রায় চৌধুরী বাহাদুর কর্ত্তৃক উপহৃত,— (৩) গ্রীসদেশীয় রৌপ্যমুদ্রা ১টি। (৪) শত বর্ষের প্রাচীন তুলিকায় অঙ্কিত বৌদ্ধ চিত্রপট। (৫) মৎস্যাবতার-খোদিত ইষ্টক।
দ্বিতীয় মাসিক অধিবেশন, ৩১ শ্রাবণ, ১৩২১, রবিবার।	"সত্যনারায়ণ" শ্রীপ্রভাসচন্দ্র ঘোষাল, "রাঙ্গামাটী বা কর্ণসুবর্ণ" শ্রীচারুচন্দ্র সরকার।	ছাত্র-সদস্য শ্রীযুক্ত চারুচন্দ্র সরকার কর্ত্তৃক উপহৃত প্রস্তর-নির্ম্মিত বিষ্ণুমূর্ত্তি।
তৃতীয় মাসিক অধিবেশন, ১লা আশ্বিন, ১৩২১, রবিবার।	নির্দ্দিষ্ট সংখ্যক সদস্য উপস্থিত না হওয়ায় সর্ব্বসম্মতিতে এই অধিবেশন স্থগিত রাখা হয়।	

অধিবেশনের নাম ও তারিখ	পঠিত প্রবন্ধ ধক	প্রদর্শিত দ্রব ও প্রদর্শকের ন
তুর্থ মাসিক অধিবেশন, ৽শে অগ্রহায়ণ, ১৩২১, ৬ই ডিসেম্বর, ১৯১৪, রবিবার।	"সচিত্র রত্নপালে তাম্রশাসন"— অধ্যাপক শ্রীযুক্ত পদ্মন বিদ্যাবিনোদ, তত্ত্বসরস্বতী, এম্-এ।	দো মাঞ্চর বর হ- মূর্তি দিত ইষ্টক সম্পাদক
ঞ্চম মাসিক অধিবেশন ১৯শে পৌষ, ১৩২১, ৩রা জানুয়ারী, ১৯১৫, রবিবার।	স্ক রায় সাহেব ক্ত বিপিন হন সেহানবী	
৬ষ্ঠ অধিবেশন, ২৪শে মাঘ, ১৩২১, ৭ই ফেব্রুয়ারী, ১৯১৫, রবিবার।	"বঙ্গের স্মৃতিচিহ্ন"— ত্তিত শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র বিদ্য ভূ	স্বর্গীয় তারাশঙ্কর তর্করত্ন মহাশয়ের হাঁত ১৭খানি প্রাচীন সংস্কৃত পুথি।
৭ম অধিবেশন, ১৪ চৈত্র, ১৩২১, শ মার্চ্চ, রবিবার	"পীর, সত্যপীর, পীরবরহক, বড় খান্ তস্লিম উদ্দীন আহাম্মদ বা সাহুল্যাপুর থানার সব্ইন্স্পেক্টর মুন্সী মেহের-বক্স্ মহাশয়ের সংগৃহীত ১১৯০ সালের রঙ্গপুর বর্দ্ধনপুরীর ঐতিহাসিক ঘটনামূলক সমসাময়িক কবি কৃষ্ণ হরিদাস রচিত প্রাচীন কবিতা—শ্রীযুক্ত কেশবলাল বসু মহাশয় কর্তৃক পঠিত	দিনাজপুর ক্সায় প্রাপ্ত প্রাচীন শিব-মন্দিরের কারুকার্য্যবিশিষ্ট প্রস্তরখণ্ড,—শ্রীযুক্ত সু থ চট্টোপাধ্যায়। প্রাচীন ৪টি রৌপ্য মুদ্রা ও দুইটি তাম্র-মুদ্রা শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সী জমিদার। মাহিগঞ্জের সব্ইন্স্পে শ্রীযুক্ত গুরুপ্রসন্ন মিত্র মহাশয় কর্তৃক উপহৃত হস্তলিখিত প্রাচীন ১০ খানি বৈষ্ণব গ্রন্থ।

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির মোট নয়টি অধিবেশন হইয়াছে।

ধাপ মহিলা সমিতির সম্পাদিকা শ্রীযুক্তা হেমদাসুন্দরী দেবী মহোদয়ার অর্থানুকূল্যে দুর্গাপ্রসাদ ঘটক-বিরচিত "তোটক ও ভুজঙ্গপ্রয়াত ছন্দে" রচিত সত্যনারায়ণের পাঁচালী এ সভার গ্রন্থাবলীভুক্ত হইয়া মুদ্রিত হইয়াছে। এই সভার অন্যতম কর্ম্মচারী শ্রীযুক্ত প্রভাসচন্দ্র ঘোষাল মহাশয় এই গ্রন্থের এক ভূমিকা রচনা করিয়াছেন।

বঙ্গীয় গভর্ণমেণ্টের প্রধান সচিব মহোদয় সভার অনুসন্ধিৎসু সদস্যগণের পাঠার্থ বিনা মূল্যে ভারতীয় প্রত্নতাত্ত্বিক বিভাগ হইতে প্রকাশিত কার্য্যবিবরণী প্রদানের আদেশ করিয়া সভার অশেষ ধন্যবাদের পাত্র হইয়াছেন। সভার উদ্যমশীল গ্রন্থাধ্যক্ষ শ্রীযুক্ত কেশবলাল বসু মহাশয়ের চেষ্টায় আলোচ্য বর্ষে সভার গ্রন্থাগারে বিনা মূল্যে ৬২ খানি বাঙ্গালা পুস্তক সংগৃহীত হইয়াছে। আলোচ্য বর্ষে সভার গ্রন্থাগারে ৪০ খানি প্রাচীন হস্তলিখিত পুথি উপহৃত হইয়াছে।

সভার চিত্রশালায় আলোচ্য বর্ষে যে সকল ঐতিহাসিক উপকরণ সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সী মহাশয় চিত্রশালায় রক্ষার জন্য ৪টি পুরাতন রৌপ্য-মুদ্রা ও দুইটি তাম্রমুদ্রা প্রদান করিয়াছেন। শ্রীযুক্ত রায় মৃত্যুঞ্জয় রায় চৌধুরী বাহাদুর গ্রীসদেশীয় একটি রৌপ্যমুদ্রা ও দেশীয় চিত্রকরের অঙ্কিত একখানি বৌদ্ধ চিত্রপট প্রদান করিয়াছেন।

শ্রীযুক্ত মোনাহান কার্টার আই সি এস্ বাহাদুর এবং বঙ্গীয় শাসন-পরিষদের অন্যতম সদস্য মাননীয় শ্রীযুক্ত বিট্‌সন্ বেল আই সি এস্ বাহাদুর, সভার সভাপতি শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্ এ, আই সি এস্ মহোদয় সহ সভার চিত্রশালায় শুভাগমন করেন। চিত্রশালায় সংগৃহীত দ্রব্যাদি দর্শনপূর্ব্বক তাঁহারা প্রীত হইয়া অনুকূল মন্তব্য লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

আলোচ্য বর্ষে উল্লেখযোগ্য ঘটনার মধ্যে এই সভাসংসৃষ্ট চিত্রশালার দ্বারোদ্‌ঘাটন, নবম সাম্বৎসরিক অধিবেশনকালে ২০শে জ্যৈষ্ঠ ১৩২১ বুধবারে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সুযোগ্য সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই মহোদয় কর্ত্তৃক এই শুভানুষ্ঠান সম্পন্ন হয়।

আলোচ্য বর্ষে বঙ্গের সুধীসমাজের অগ্রণী, এই সভার বিশিষ্ট-সদস্য মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ কবিসম্রাট্ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহোদয়ের "কবিসম্রাট্" উপাধি-প্রাপ্তিতে সভার পক্ষ হইতে অভিনন্দন-পত্র প্রদান করা হয়।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন—রাজসাহী অধিবেশন।

আলোচ্য বর্ষে এই সভা কর্ত্তৃক প্রবর্ত্তিত উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের অষ্টম অধিবেশন "সবুজ পত্র"-সম্পাদক শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী এম্ এ, বার-এট্-ল মহোদয়ের সভাপতিত্বে রাজসাহী নগরে বিগত ১৩১৭ ফাল্গুন দোল পূজাবকাশে সম্পন্ন হইয়াছে। নাটোরাধিপতি মাননীয় মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায় বাহাদুর অভ্যর্থনা-সমিতির সভাপতিত্ব গ্রহণ করিয়াছিলেন।

আলোচ্য বর্ষে সভার মোট আয় ১১৯৭৷৶৩ পাই এবং গত বর্ষের উদ্বৃত্ত তহবিল ৪৫৭০৸০ আনা, মোট ৫৭৬৮৷৶৩ পাই ছিল। তন্মধ্যে সভার সর্ব্বপ্রকারের ব্যয় ২৫৬১৴৩ পাই বাদে অবশিষ্ট ৩২০৭৷৵০ আনা মাত্র আছে। স্থায়ী ধনভাণ্ডারে রক্ষিত ৩০০০৲ টাকা বাদে সভার বিবিধ তহবিলে ২০৭৷৶ আনা মাত্র উদ্বৃত্ত হইয়াছে।

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

মুরশিদাবাদ-শাখা

১৩২০-২১ সালের কার্য্য-বিবরণ।

এই শাখা-পরিষদের কর্ম্মক্ষেত্র বহরমপুর। বহরমপুরেই জেলা কোর্টের অবস্থিতি, একটি বড় কলেজ ও তিনটি উচ্চশ্রেণীর স্কুল, মধ্য শ্রেণীর তিনটি বিদ্যালয়, দুইটি নৈশ বিদ্যালয় প্রভৃতি প্রতিষ্ঠিত। কলেজ ও স্কুলের ছাত্রাবাস-সমুদায়ে প্রায় এক সহস্র ছাত্রের বাস। বহরমপুর এইরূপে উচ্চ শিক্ষার একটি কেন্দ্রস্বরূপ হইলেও এমন বড় সহরে সাহিত্য-পরিষদের একটি শাখা নিয়মিতরূপে চলে না, ইহা সামান্য দুঃখের বিষয় নহে। ইহার সভ্যদিগকে কোন চাঁদা দিতে হয় না। স্থায়ী সভাপতি মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী কে সি এস আই মহোদয়ের ব্যয়ে সভাধিবেশনের বিবিধ কার্য্যাদি সংসাধিত হয়। এখন সভ্যসংখ্যা ১১২ জন।

যত দিন সভ্যদিগের নিকট চাঁদা আদায় হইত, তত দিন শাখা-পরিষদের মুখপত্র "উপাসনা" বিনা মূল্যে সকলকে দেওয়া হইত। সমালোচ্য বৎসরে ছয়টি অধিবেশনে নিম্নলিখিত ছয়টি প্রবন্ধ পঠিত হইয়াছিল।

	প্রবন্ধ	লেখক
১।	অদ্বৈতমঙ্গল	শ্রীযুক্ত ভূষণচন্দ্র দাস এম্ এ।
২।	জাতীয় জীবন ও জাতীয় মৃত্যু ...	" যতীন্দ্রমোহন সিংহ বি এ।
৩।	সাঙ্খ্যদর্শন	" গিরীন্দ্রনারায়ণ মল্লিক এম এ, বি এল।
৪।	জননায়ক বা লোকশিক্ষক ...	" রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ।
৫।	অনুকরণে বিপত্তি	" রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ।
৬।	কাব্য ও ইতিহাস	" যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়।

... শ্রীযজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

ভাগলপুর-শাখা

আলোচ্য বর্ষের শেষে শাখা-পরিষদের সভ্যসংখ্যা ৫০ জন। পুস্তক-সংখ্যা ৩৭৯। এই বৎসরে পাঁচটি মাসিক অধিবেশন হইয়াছিল; তাহাতে নিম্নলিখিত প্রবন্ধগুলি নিম্নলিখিত মহোদয়গণদ্বারা পঠিত হয়।

১। কবি কালিদাস রায়ের পর্ণপুট ... শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ।
২। রামায়ণের শিক্ষা ... ... ,, চারুচন্দ্র বসু এম্ এ।
৩। রাষ্ট্রীয় সমাজ-শাসন ... ... ,, অক্ষয়চন্দ্র সরকার এম্ এ।
৪। চন্দ্রের উৎপত্তি ... ... ,, শিশিরকুমার বসু এম্ এস সি।
৫। ব্যাধি ও জীবাণু ... ... ,, শিশিরকুমার বসু এম্ এস সি।

গত বৎসর সহরে প্লেগ হওয়াতে নির্দ্দিষ্ট সময়ে বাৎসরিক অধিবেশন হইয়া উঠে নাই। পরে একটি বিশেষ অধিবেশনে পূর্ব্ব বৎসরের নির্ব্বাচিত কার্য্য-নির্ব্বাহক-সমিতির কিছু পরিবর্ত্তন করিয়া আলোচ্য বৎসরের জন্য উক্ত সমিতি গঠিত করা হয়।

শাখা-পরিষদের পুস্তকাগার সংরক্ষণ ও পুস্তক বিতরণের জন্য কার্য্য পূর্ব্বে স্থানীয় ছাত্র-সভ্যগণের দ্বারাই চলিত। কিন্তু কিছু কাল হইতে তাহার আর সুবিধা না হওয়াতে মাসিক বেতন দিয়া একজন কর্ম্মচারী নিয়োগ করা হইয়াছে।

এই বৎসর বর্দ্ধমানে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে শাখা-পরিষদের পক্ষ হইতে শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ ও শ্রীযুক্ত হরলাল গুপ্ত এম্ এ মহোদয়গণ প্রতিনিধিরূপে উপস্থিত হইয়াছিলেন।

শাখা-পরিষদের ছাত্র-বিভাগের কার্য্য আলোচ্য বর্ষে শ্রীযুক্ত প্রেমসুন্দর বসু এম্ এ মহাশয়ের তত্ত্বাবধানে চলিয়াছিল।

ভাগলপুর ইনষ্টিটিউটের কর্তৃপক্ষগণ শাখা-পরিষৎকে ইনষ্টিটিউট-গৃহে স্থান দিয়া এবং অধিবেশনের সকলরূপ ব্যবস্থা ও সুবিধা করিয়া দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

আলোচ্য বর্ষে শাখা-পরিষদের মোট আয়—৬৮৲, মোট ব্যয়—৬৴৫৴, উদ্বৃত্ত ৬১/১৫।

ভাগলপুর, অগ্রহায়ণ, ১৩২২

শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

চট্টগ্রাম-শাখা

বিগত ১৯শে বৈশাখ, রবিবার, অপরাহ্ণ ৪৷৷০ ঘটিকার সময় স্থানীয় মিউনিসিপাল উচ্চ ইংরাজী বিদ্যালয়ের সুপ্রশস্ত প্রাঙ্গণে চট্টগ্রাম সাহিত্য-পরিষদের চতুর্থ সাম্বৎসরিক অধিবেশন মহাসমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। চট্টলের প্রথিতনামা বাগ্মী ও সাহিত্যানুরাগী রায় শ্রীযুক্ত নবীনচন্দ্র দত্ত বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন।

পরিষদের অধিবেশন

আলোচ্য বর্ষে পরিষদের সাতটি মাসিক অধিবেশন হইয়াছে। নিম্নলিখিত বিষয়ের কয়েকটি প্রবন্ধ ও কবিতা মাসিক অধিবেশনে পঠিত হইয়াছে। যথা ;—'পার্থের পরার্থপরতা,' 'শরীর-যজ্ঞ,' 'সমর্পণ,' 'সত্য,' 'ধূমকেতু,' 'বঙ্গভাষার কারক-বিভক্তি,' 'বৌদ্ধ ধর্ম্ম,' 'দধিসেবনের উপকারিতা' এবং 'পাশ্চাত্যদেশে দধি'। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের তত্ত্বাবধানে মহাকবি ৺নবীনচন্দ্রের স্মৃতিসভার অধিবেশন হইয়া গিয়াছে ও কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহোদয়ের সম্বর্দ্ধনার্থ সম্প্রতি পরিষদের এক বিশেষ অধিবেশন হইয়া গিয়াছে।

আলোচ্য বর্ষে মোট সদস্য-সংখ্যা ১৬৬। আলোচ্য বর্ষের আয় ১৩০/০, ব্যয় ১২৪৵১০, এক্ষণে ৫৸৵১০ গচ্ছিত আছে।

পরিষৎ মন্দির

স্থানীয় 'পাব্লিক লাইব্রেরী'-গৃহে শাখা-পরিষদের কার্য্য সম্পাদিত হইয়া থাকে। তজ্জন্য মাসিক ১৷৷০ টাকা ভাড়া দিতে হয়।

শাখার হিতকামী সদস্য ডাঃ শ্রীযুক্ত প্রমোদাকুমার বিশ্বাস মহাশয় অনেকগুলি প্রাচীন মুদ্রা সংগ্রহ করিয়া আমাদের পরিষদে দান করিয়াছেন।

গত বৎসর কেবল চট্টগ্রামের সাহিত্যিকগণের মুদ্রিত পুস্তক সংগ্রহ করিয়া পরিষৎ-পুস্তকাগারের প্রতিষ্ঠা হইয়াছে, তাহা বোধ হয়, আপনারা সকলে অবগত আছেন। তাহাতে পুস্তকসংখ্যা ১৫০ হইয়াছিল। এ বৎসর চট্টগ্রামের বর্ত্তমান সাহিত্যসেবি-প্রণীত আরও ২০ খানি পুস্তক পাওয়া গিয়াছে। চট্টগ্রামের কলিকাতা-প্রবাসী ব্যবসায়িগণের যত্নে ও অর্থানুকূল্যে কলিকাতা মহানগরীতে যে "চট্টলপ্রসূন লাইব্রেরী" প্রতিষ্ঠিত হইয়াছিল, উক্ত লাইব্রেরীর পরিচালকগণ চারিটি সুন্দর আলমিরা এবং একখানা বৃহদাকার রিডিং টেবিল সহ তাঁহাদের সমস্ত বাঙ্গালা পুস্তক আমাদের পরিষৎকে দান করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন।

পরিষদের সভাপতি ৺নবীনচন্দ্র দাস কবিগুণাকরের অকাল-মৃত্যুতে আমরা অত্যন্ত মর্ম্মাহত ও ক্ষতিগ্রস্ত হইয়াছি। বঙ্গবাণীর একনিষ্ঠ সাধক, দেবচরিত্র কবিগুণাকরের

অকালমৃত্যুতে চট্টগ্রামের—চট্টগ্রামের কেন, সমগ্র বঙ্গদেশের যে ক্ষতি হইয়াছে, তাহা কখনও পূর্ণ হইবে কি না, জানি না। কবিগুণাকরের পরলোকগমনে শোক প্রকাশ ও মৃত মহাত্মার প্রতি সম্মান প্রদর্শনার্থ চট্টগ্রাম 'টাউন হল'প্রাঙ্গণে পরিষদের এক বিরাট অধিবেশন হইয়া গিয়াছে। চট্টলে তাঁহার পুণ্য-স্মৃতি জাগরূক রাখিবার নিমিত্ত তদীয় একখানা প্রতিকৃতি স্থানীয় পাব্লিক লাইব্রেরী-গৃহে মহাকবি ৺নবীনচন্দ্র সেনের বাম পার্শ্বে স্থাপিত হইয়াছে। রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই মহোদয় কবিগুণাকরের বিশেষ স্থায়ী স্মৃতিরক্ষাকল্পে দেবপাহাড়ের শীর্ষদেশে ধ্যানমন্দিরের ভিত্তি স্থাপন করিয়াছেন।

সাহিত্য-সম্মিলন

এ বারে বর্দ্ধমানে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন মহাসমারোহে সুসম্পন্ন হইয়া গিয়াছে। রায় শ্রীযুক্ত নবীনচন্দ্র দত্ত বাহাদুর, শ্রীযুক্ত বিপিনবিহারী নন্দী, শ্রীযুক্ত প্রসন্নকুমার সেন, মৌলবী আবদুল করিম প্রমুখ ১২ জন পরিষদের সদস্য উক্ত সম্মিলনে যোগদান করিয়াছিলেন।

চট্টগ্রামের বিশেষত্ব

চট্টগ্রাম প্রকৃতি মাতার লীলা-নিকেতন। এই স্থান সাহিত্য-সাধনের অত্যন্ত অনুকূল। কর্ণফুলী নদীতীরে প্রতিষ্ঠিত "জ্যেষ্ঠী সাহিত্য-সমিতি"র সংবাদ গত বর্ষে আপনাদিগকে দিয়াছিলাম। সেই সাহিত্য-সমিতি পূর্ব্ববৎ পরিচালিত হইতেছে। শ্রীযুক্ত বিপিনবিহারী সরকার এই সমিতির বর্ত্তমান সম্পাদক। অদ্য আপনাদের কাছে টেরীবাজার "সাধনা-সমিতি"র সংবাদ জ্ঞাপন করিতেছি। শ্রীযুক্ত কালীকুমার চক্রবর্ত্তী, শিক্ষক এবং শ্রীযুক্ত শরচ্চন্দ্র ওয়াদ্দাদার, অভিভাবক মহাশয়দ্বয়ের তত্ত্বাবধানে স্কুল ও কলেজের উৎসাহী ছাত্রগণ এই সমিতি পরিচালনা করিতেছেন। "সাধনা" নামক একখানি হস্তলিখিত পত্রিকা এই সমিতির সদস্যগণের মধ্যে বিতরিত হইয়া থাকে।

অল্প দিন হইল, আমাদের পরিষদের এক অনুসন্ধান সমিতি গঠিত হইয়াছে।

শ্রীত্রিপুরাচরণ চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

গৌহাটী-শাখা

৬ষ্ঠ বর্ষের কার্য্যবিবরণী।

আলোচ্য বর্ষে গৌহাটী শাখা-পরিষদের ৬ষ্ঠ বর্ষ শেষ হইল। বিগত বৎসরে শ্রীযুক্ত প্রসন্নচন্দ্র দাস গুপ্ত বি এ সভাপতি এবং শ্রীযুক্ত ভুবনমোহন সেন এম্ এ সম্পাদক ছিলেন।

এই বর্ষে মোট ১০টি অধিবেশন হয়; তন্মধ্যে ৮টি সাধারণ ও ২টি বিশেষ। এই ৮টি সাধারণ অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধগুলি নিম্নলিখিত সভ্যগণ কর্ত্তৃক পঠিত হইয়াছিল;—

মাস	প্রবন্ধের নাম	প্রবন্ধ-লেখকের নাম
১। শ্রাবণ	সমন্বয়রহস্য	শ্রীযুক্ত প্রসন্নচন্দ্র দাস গুপ্ত বি এ।
	সমসাময়িক পাশ্চাত্য-দর্শন	" সুরেশচন্দ্র দত্ত এম্ এ।
	নবীনচন্দ্র-রৈবতক	" আনন্দকিশোর দাস এম্ এ।
	রং-বেরং	" সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
২। ভাদ্র	কবিতা	" দেবেন্দ্রনাথ মহিন্তা।
	শক্তি-পরিচয়	" সারদাচরণ গঙ্গোপাধ্যায় বি এ।
	ধূমকেতু ও উল্কা	" হর্ষনাথ সেন এম্ এ।
	রত্নমঞ্জরী	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ধীরেশ্বর আচার্য্য কবিরত্ন।
৩। কার্ত্তিক	কবিতা	শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মহিন্তা।
	অণু ও পরমাণু	" সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ।
	রাষ্ট্রের উৎপত্তি	" ভুবনমোহন সেন এম্ এ।
৪। অগ্রহায়ণ	ধর্ম্মসংগ্রহ	" বনমালী বেদান্ততীর্থ এম্ এ।
	পৌরাণিক কামরূপের জড়তত্ত্ব-প্রসঙ্গ	" সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
	ভারতে রৌপ্যমুদ্রা	" সতীশচন্দ্র দাস বি এ।
৫। পৌষ	আসামে শ্রীচৈতন্য	" হেমচন্দ্র দেব গোস্বামী।
	আচার্য্য দণ্ডী ও তাঁহার দশকুমারচরিত	পণ্ডিত " কালীকৃষ্ণ সিদ্ধান্তশাস্ত্রী।
	মহাকবি ভাস—স্বপ্নবাসবদত্ত	" হেমচন্দ্র রায় এম্ এ।
৬। মাঘ	কবিতা	" দেবেন্দ্রনাথ মহিন্তা।
	কবিকঙ্কণের কাব্য ও কবিত্ব	" সারদাচরণ গাঙ্গুলী বি এ।
	আয়ুর্ব্বেদের ইতিহাস	" বনমালী বেদান্ততীর্থ এম্ এ।
৭। ফাল্গুন	মহাকর্ষণ	" সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ।
	অষ্টম উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের বিবরণ	" বনমালী বেদান্ততীর্থ এম্ এ।
	ফোটো টেলিগ্রাফি	" তারকেশ্বর ভট্টাচার্য্য।
৮। চৈত্র	কবিতা	" দেবেন্দ্রনাথ মহিন্তা।
	তাড়িৎ বার্ত্তা	" সিদ্ধেশ্বর ঘোষ।
	অষ্টম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের বিবরণ	" সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ।

প্রথম বিশেষ অধিবেশনে কোচবিহার হইতে আগত মৌলবি আমানতুল্লা চৌধুরী মহাশয় "কামতাপুরের সংক্ষিপ্ত বিবরণ" শীর্ষক একটি প্রবন্ধ পাঠ করেন। স্থানীয় "কামরূপ অনুসন্ধান-সমিতি" ও গৌহাটী শাখা-পরিষৎ মিলিত হইয়া এই অধিবেশনটির আয়োজন করিয়াছিলেন। দ্বিতীয় বিশেষ অধিবেশনে রাজসাহী কলেজের অধ্যাপক শ্রীযুত পঞ্চানন নিয়োগী এম্ এ মহাশয় প্রাচীন ভারতে লৌহ নির্ম্মাণ সম্বন্ধে ম্যাজিক ল্যান্টার্ণের সাহায্যে একটি বক্তৃতা করেন।

অষ্টম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় গৌহাটী শাখার প্রতিনিধিরূপে উপস্থিত ছিলেন এবং অষ্টম উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনে অধ্যাপক শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্ এ মহাশয় সভার প্রতিনিধি নির্ব্বাচিত হইয়া রাজসাহীতে গিয়াছিলেন।

আলোচ্য বর্ষের প্রারম্ভে তহবিলে মোট ৩২৶০ ছিল। তন্মধ্যে সমস্ত ব্যয় বহন করিয়া বর্ষশেষে পরিষদের তহবিলে মোট ২৪৲ আছে।

ঢাকার "প্রতিভা" পত্রিকা এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-পত্রিকা গৌহাটী শাখা-পরিষৎ নিয়মিতরূপে পাইয়াছেন।

গৌহাটী, ২রা জ্যৈষ্ঠ, ১৩২২।	শ্রীভুবনমোহন সেন সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বরিশাল-শাখা

চতুর্থ বর্ষের কার্য্য-বিবরণ।

শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাশ গুপ্ত এম্ এ, বি এল—সভাপতি।
„ দেবকুমার রায় চৌধুরী—সম্পাদক।

৪র্থ বার্ষিক অধিবেশন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের বরিশাল-শাখা চতুর্থ বর্ষ শেষ করিয়া পঞ্চম বর্ষে পদার্পণ করিয়াছে। এখনও শৈশব অতিক্রম করিতে পারে নাই।

৪র্থ বার্ষিক অধিবেশনের তালিকা।

অধিবেশন	তারিখ	প্রবন্ধ	লেখক
প্রথম	২৮শে ভাদ্র ১৩২১	"লিখন-বিদ্যা"	শ্রীযুক্ত দীনবন্ধু গুহ বি এল।
দ্বিতীয়	২১শে কার্ত্তিক	"যুগলরূপ"	„ পরেশনাথ সেন বি এ।
তৃতীয়	৪ঠা পৌষ	"বঙ্গসাহিত্যে ভূদেব"	„ নিবারণচন্দ্র দাশগুপ্ত এম্ এ, বি এল।

অধিবেশন	তারিখ	প্রবন্ধ	লেখক
চতুর্থ	২৫শে পৌষ	"নীল-পূজা" (২য় খণ্ড)	শ্রীযুক্ত অনাথবন্ধু সেন।
পঞ্চম	২৫শে বৈশাখ ১৩২২	"ষোড়শ শতাব্দীর পূর্ববঙ্গ"	" বৃন্দাবনচন্দ্র পূততুণ্ড।
		"গীতাঞ্জলি"	" জিতেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্‌এ, বিএল।
ষষ্ঠ	৪ঠা আষাঢ়	"পূর্ববঙ্গের প্রাচীন পাঠশালা"	" মনোমোহন চক্রবর্ত্তী।
সপ্তম	১১ই আষাঢ়	"বাঙ্গালা ভাষার উৎপত্তি"	শ্রীযুক্ত পরেশনাথ সেন বি এ।
অষ্টম	১৯শে আষাঢ়	"ধর্ম্মের অভিজ্ঞতা"	" যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
		"ষোড়শ শতাব্দীর পূর্ববঙ্গ" (২য় খণ্ড)	" বৃন্দাবনচন্দ্র পূততুণ্ড।
নবম	১৫ই শ্রাবণ	"বাঙ্গালা সাহিত্যের উৎপত্তি"	" ভূপালকুমার দত্ত এম এ।
বার্ষিক	১৫ই আশ্বিন	"স্বার্থ ও পরার্থপরতার উৎপত্তি ও বিকাশ"	শ্রীযুক্ত নিবারণচন্দ্র দাসগুপ্ত এম্ এ, বি এল।

গৃহনির্ম্মাণ-তহবিলে এখন পর্য্যন্ত ৩১০৲ টাকা আদায় হইয়াছে। এতদ্ভিন্ন সম্পাদক মহাশয়ের আনুমানিক ৫০০০৲ পাঁচ হাজার টাকা মূল্যের এক খণ্ড ভূমি ব্যতীত আরও দুই সহস্রাধিক টাকার প্রতিশ্রুতি আছে।

শ্রীবিপিনবিহারী দাস গুপ্ত
সহকারী সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বর্দ্ধমান-শাখা

দ্বিতীয় বার্ষিক সংক্ষিপ্ত কার্য্যবিবরণ।

বর্দ্ধমান পরিষৎ-শাখার বয়স আজ দুই বৎসর পূর্ণ হইল। আলোচ্য বর্ষে আমরা দুইটি সুবৃহৎ ব্যাপারের গুরুভার স্কন্ধে লইয়াছিলাম। একটি রাঢ় অনুসন্ধান-সমিতির প্রতিষ্ঠা, অপরটি অষ্টম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন। আমাদের সমস্ত উদ্যম এই সম্মিলনের কার্য্যে নিয়োজিত হইয়াছিল। আমাদের এই পরিষৎ-শাখাই জনসাধারণের সভা আহ্বান করিয়া অভ্যর্থনা-সমিতি গঠিত করিয়াছিলেন এবং পরিষৎ-শাখার প্রায় সমস্ত কর্ম্মাধ্যক্ষগণ অভ্যর্থনা-সমিতির প্রধান কর্ম্মাধ্যক্ষরূপে সম্মিলনের জন্য সারা বৎসর খাটিয়াছিলেন। সুতরাং প্রথম সাংবৎসরিক অধিবেশন ব্যতীত পরিষৎ-শাখার চারিটির অধিক অধিবেশন হয় নাই।

অধিবেশন	বিষয়	লেখক
১০ই জ্যৈষ্ঠ ১৩২১, ১ম সাংবৎসরিক	"সাহিত্যের অর্থ ও পরিষদের কর্ত্তব্য"	শ্রীদেবেন্দ্রবিজয় বসু এম্ এ, বি এল্।

অধিবেশন	বিষয়	লেখক
১ম মাসিক, ১০ই শ্রাবণ,	৺ রামদাস বাবুর জীবনী	—শ্রীমঙ্গলপ্রসাদ রায় চৌধুরী।
	সে কালের বাঙ্গালীর বেশভূষা	—শ্রীরাখালরাজ রায়।
	বর্দ্ধমানের পুরাতত্ত্ব	—শ্রীসিদ্ধেশ্বর সিংহ বি এ।
২য় মাসিক, ১লা আশ্বিন,	সাধক কবি কমলাকান্ত	—শ্রীকালিদাস সন্ন্যাসী।
৩য় মাসিক, ২০শে অগ্রহায়ণ,	সেনপাহাড়ী ভ্রমণ	—শ্রীসিদ্ধেশ্বর সিংহ বি এ।
	প্রাণচন্দ্রের হরিহরমঙ্গল	—শ্রীরাখালরাজ রায়।
৪র্থ মাসিক, ২৯শে বৈশাখ,	কবির খাদ্য	—শ্রীসিদ্ধেশ্বর সিংহ বি এ।
১৩২২,	শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মিত্র	—সভাপতি।
	,, দেবেন্দ্রনাথ সরকার	—সম্পাদক।

বর্ষারম্ভে সভ্যসংখ্যা ১০২ জন ছিল। বর্ষশেষে সভ্যসংখ্যা ১৩৪ জন দাঁড়াইয়াছে। ইহার মধ্যে কয়েক জন অধ্যাপক ও সহায়ক-সদস্য আছেন।

গত বৎসরের চাঁদা হইতে আয় ৯৩৲ ও শ্রীযুক্ত শরচ্চন্দ্র বসু মহাশয়ের প্রদত্ত স্থায়ী ভাণ্ডারে দান ৯০৲, একুনে জমা ১৮৩৲। ৫২৮/১০ ব্যয় বাদে ১৩০৵১০ উদ্বৃত্ত আছে।

শ্রীদেবেন্দ্রনাথ সরকার

সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

কালনা-শাখা

সন ১৩২১ সাল।

দ্বিতীয় বার্ষিক কার্য্যবিবরণী।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—কালনা-শাখা ১৩২১ বঙ্গাব্দে দ্বিতীয় বর্ষ বয়ঃক্রম অতিক্রম করিয়াছে। আলোচ্য বর্ষে ৩০ জন সাধারণ সভ্য ও ১১ জন অধ্যাপক সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। বর্ষশেষে সভ্যসংখ্যা ১৫৪ জন ছিল।

আলোচ্য বর্ষে শাখা-পরিষদের ৮টি মাসিক ও ৪টি বিশেষ অধিবেশন হইয়াছিল। কালনার সুসজ্জিত "ক্লাব" কক্ষে পরিষদের সকল অধিবেশনই নির্ব্বাহিত হইয়াছে।

অধিবেশন	মাসিক অধিবেশন পঠিত প্রবন্ধ	লেখক
১ম মাসিক, ৩১শে জ্যৈষ্ঠ	১। প্রত্নতত্ত্ব ও স্মৃতিরক্ষা	শ্রীহেমন্তকুমার সরকার
২য় ,, , ২৮শে আষাঢ়	২। গাঙ্গুর নদীর তীরে প্রাপ্ত মহেশ্বর-মূর্ত্তির বিবরণ	শ্রীস্বামী কেশবানন্দ
	৩। মেয়েলি শাস্ত্র	শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
	৪। নবদ্বীপ-সমাজের অধঃপতন	পণ্ডিত শ্রীবক্রেশ্বর স্মৃতিচূড়ামণি
৩য় ,, , ১৭ই শ্রাবণ	৫। আমাদের ভাষা	শ্রীবলাই দেবশর্ম্মা
	৬। সহজ-সাধন (ক)	শ্রীহরিলাল মোহান্ত
	৭। হিন্দু স্বাস্থ্যতত্ত্ব	কবিরাজ শ্রীবীরেন্দ্রকুমার কবিরত্ন
৪র্থ ,, , ৬ই ভাদ্র	৮। বঙ্গভাষায় শব্দ সঙ্কলনসংক্রান্ত প্রস্তাব	শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ
৫ম ,, , ২২শে কার্ত্তিক	৯। সহজ-সাধন (খ)	শ্রীহরিলাল মোহান্ত
৬ষ্ঠ ,, , ৬ই অগ্রহায়ণ	১০। পীর অজগয়রের অদ্ভুত কাহিনী	শ্রীস্বামী কেশবানন্দ
	১১। সহজ-সাধন (গ)	শ্রীহরিলাল মোহান্ত
	১২। কাল্নায় বাণীপূজা	শ্রীসত্যকিঙ্কর কুণ্ডু কাব্যকণ্ঠ
৭ম ,, , ২৭শে অগ্রহায়ণ	১৩। জীবাত্মার বিবাহ	শ্রীগোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায়
৮ম ,, , ২৮শে পৌষ	১৪। শ্রীকৃষ্ণ	শ্রীবসন্তকুমার বসু মল্লিক এম্ এ, বি এল
	১৫। কবি ও কবিত্ব	পণ্ডিত শ্রীবক্রেশ্বর কাব্য-স্মৃতি-চূড়ামণি
১ম বার্ষিক, ১৫ই ফাল্গুন	১৬। বঙ্গসাহিত্যে যাত্রার স্থান	ডাঃ শ্রীতারাপদ সাহিত্যরত্নাকর এল এম্ এস
	১৭। ম্যালেরিয়ানাশক বৃক্ষ	ঐ
	১৮। অভিনন্দনপ্রশস্তি	শ্রীগোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায় প্রভুপাদ শ্রীহরিশ্চন্দ্র গোস্বামী ভাগবতরত্ন পণ্ডিত শ্রীসুরেন্দ্রনাথ তর্কতীর্থ পণ্ডিত শ্রীদেবীপ্রসন্ন স্মৃতিভূষণ
	বক্তৃতা—	বক্তা—
৫ম মাসিক অধিবেশন —২২শে কার্ত্তিক,	উপবাস সম্বন্ধে খ্রীষ্টিয় ধর্ম্মশাস্ত্রের মত	ডাঃ রেভাঃ শ্রীআর্নেষ্ট ম্যুর এম্ এ, এম্ ডি।

প্রথম বার্ষিক অধিবেশন

১৫ই ফাল্গুন, শনিবার, শাখা-পরিষদের প্রথম বার্ষিক অধিবেশন সমারোহে সম্পন্ন হইয়াছে। সভার সৌভাগ্যবশতঃ মাননীয় মহারাজাধিরাজ শ্রীল শ্রীযুক্ত বর্দ্ধমানাধিপতি স্যার বিজয়চন্দ্‌ মহ্‌তব্‌ বাহাদুর, কে সি এস্‌ আই, কে সি আই ই, আই ও এম্‌ মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন।

ছাত্র-সভা

আলোচ্য বর্ষে ছাত্র-সভার কার্য্য খুবই সন্তোষজনক। ছাত্রসভার নিয়মিত অধিবেশনে ছাত্রসভ্যগণ ৩২টি কবিতা ও ৬২টি প্রবন্ধ পাঠ করিয়াছিলেন।

আমাদের অন্যতম বন্ধু ও সহায়ক-সদস্য শ্রীযুক্ত পণ্ডিত মন্মথনাথ কাব্যতীর্থের যত্নে কলিকাতায় প্রতিষ্ঠিত সুপ্রসিদ্ধ "কালিদাস-সমিতি"র সহিত কালনা-শাখা-পরিষৎ একযোগে কার্য্য করিবেন, স্থির হইয়াছে।

বর্দ্ধমানে অষ্টম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

শাখা-পরিষদের নিম্নলিখিত সদস্যগণ বর্দ্ধমানের সাহিত্য-সম্মিলনে যোগদান করিয়াছিলেন ;—শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দত্ত বিএল্‌, শ্রীযুক্ত শ্রীপতি ছুই বি এল্‌, শ্রীযুক্ত শিবনাথ চট্টোপাধ্যায় বি এল, শ্রীযুক্ত শ্রীশচন্দ্র মালিক, শ্রীযুক্ত হেমন্তকুমার সরকার, শ্রীযুক্ত কামিনীনাথ রায়, কাব্যবিনোদ, শ্রীযুক্ত ভোলানাথ ব্রহ্মচারী, শ্রীযুক্ত বসন্তকুমার মিত্র এম্‌ এ, শ্রীযুক্ত ভবতারণ সাংখ্যতন্ত্ররত্ন, শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহ, শ্রীযুক্ত মন্মথনাথ কাব্যতীর্থ, শ্রীযুক্ত গোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায়।

সভাপতি—শ্রীযুক্ত যোগেন্দ্রলাল নন্দী বি এ, সবডিবিজনাল ম্যাজিষ্ট্রেট, কালনা।

সম্পাদক—শ্রীযুক্ত উপেন্দ্রনাথ নাগ এল্‌ এম্‌ এস্‌।

আয়-ব্যয়

আলোচ্য বর্ষে আয় হইয়াছিল সর্ব্বসমেত ৫০৷৷৵০ টাকা, ব্যয় হইয়াছিল বিবিধ প্রকারে মোট ২৭৷৵৫, বর্ষ শেষে ২৩৷৵১৫ টাকা তহবীলে মৌজুত আছে।

কালনা,
২৮শে কার্ত্তিক,
সন ১৩২২ সাল।

শ্রীউপেন্দ্রনাথ নাগ
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

দিল্লী-শাখা

প্রথম সাম্বৎসরিক কার্য্য-বিবরণী

বর্ত্তমান রাজধানী দিল্লীস্থ শাখা বঙ্গীয় সাহিত্য-পরিষৎ ১৩২০ বঙ্গাব্দের ১৮ই মাঘ তারিখে (শ্রীশ্রী৺ সরস্বতী পূজার দিন) প্রতিষ্ঠিত হইয়া প্রথম বৎসর অতিক্রম করিয়া এক্ষণে দ্বিতীয় বর্ষে পদার্পণ করিয়াছেন। প্রথম সাম্বৎসরিক কার্য্য-বিবরণ

শাখা-পরিষদের বান্ধব, সদস্য, হিতকামী, মূল বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ও সাধারণের অবগতির জন্য উপস্থাপিত হইল।

বিশেষ উৎসাহের বার্ত্তা এই যে, পরিষৎ প্রতিষ্ঠার অব্যবহিত পরেই বঙ্গভাষা ও সাহিত্যের অকৃত্রিম অনুরাগী ও সুহৃৎ স্বনামধন্য মাননীয় শ্রীমন্মহারাজ স্যার মণীন্দ্রচন্দ্র নন্দী কে টি, সি আই ই, কে সি এস আই বাহাদুর দিল্লীতে উপস্থিত থাকিয়া শাখা-পরিষদে শুভাগমন পূর্ব্বক সভার কার্য্যে সন্তোষ প্রকাশ করেন এবং আপনার স্বভাবসিদ্ধ বদান্যতায় এই নবীন পরিষদের উন্নতিকল্পে এককালীন ১০০৲ টাকা দান করেন ও শাখা-পরিষদের নিয়ম অনুসারে মহারাজা বাহাদুর ইহার বান্ধবরূপে বৃত হইয়াছেন।

আলোচ্য বর্ষে বঙ্গীয় সাহিত্য-সমাজে সুপরিচিত লেখক শ্রীযুক্ত দেবেন্দ্রবিজয় বসু এম্ এ ও সুবিখ্যাত প্রত্নতত্ত্ববিৎ পণ্ডিত শ্রীযুক্ত গৌরীশঙ্কর ওঝা মহোদয় পরিষদের নিয়মানুসারে বিশিষ্ট সদস্যরূপে মনোনীত হইয়াছেন।

বর্ত্তমান বর্ষের শেষে শাখা-পরিষদের সদস্য-সংখ্যা ছিল ১২৫ এবং আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির ১৩টি অধিবেশন হইয়াছিল।

দিল্লীতে নব রাজধানী স্থাপনের পর সরকারী ছাপাখানা ও মহামান্য কণ্ট্রোলার জেনারেলের দপ্তরে নিযুক্ত ভদ্র মহোদয়গণ দিল্লীতে আগমন করিয়া বৎসরাধিক কাল হইতে একটি গ্রন্থাগারের অভাব বড়ই অনুভব করিতেছিলেন। স্থানীয় এই অভাব পূরণের উদ্দেশ্যে পরিষদের পরিচালকবর্গ ইহার অন্তর্গত একটি গ্রন্থাগার স্থাপন করিয়াছেন।

দিল্লী অঞ্চলে বাঙ্গালা ভাষায় লিখিত প্রাচীন গ্রন্থ বা পুঁথি পাওয়া যায় না। দিল্লীর প্রাচীন অধিবাসিগণের নিকট হিন্দি, উর্দ্দু প্রভৃতি ভাষায় লিখিত সদ্‌গ্রন্থ-সমূহ দুষ্প্রাপ্য নহে। এতদুদ্দেশ্যে পরিষৎ একটি স্থানীয় অনুসন্ধান-সমিতি গঠন করিয়া এই সমস্ত মহামূল্য গ্রন্থাদির উদ্ধার ও অনুবাদের চেষ্টা করিতেছেন। ভরসা করা যায় যে, আগামী বর্ষে পরিষৎ এইরূপ দুই একখানি নষ্ট গ্রন্থের উদ্ধার ও বঙ্গানুবাদ প্রকাশ করিতে সক্ষম হইবেন।

প্রধানতঃ অর্থাভাবে দিল্লী শাখা হইতে পত্রিকা প্রকাশের কোনরূপ অনুষ্ঠান এখনও সম্ভবপর হয় নাই।

দ্বাপর যুগ হইতে ভারতবর্ষের রাজধানী, ভারতেতিহাসের কেন্দ্রস্বরূপ দিল্লী নগরী প্রত্নতত্ত্বের লীলাস্থল। কিন্তু এই সম্বন্ধীয় উপাদানসমূহের সংগ্রহ ও সুবিধা গ্রহণের এতদঞ্চলে অন্তরায় অনেক। কিন্তু এত অভাব ও অসুবিধার মধ্যেও পরিষৎ অন্যতম সহযোগী সম্পাদক শ্রীযুক্ত সরোজনাথ বাকচী মহাশয়কে পাইয়া গর্ব্ব অনুভব করিতেছেন। সরোজ বাবু এই এক বৎসর কাল অক্লান্ত পরিশ্রম ও অধ্যবসায় সহকারে দিল্লী নগরী ও তৎপার্শ্ববর্ত্তী নানা স্থানের পুরাতন অট্টালিকা ও মসজিদ্ প্রভৃতির তথ্য সংগ্রহে ও প্রাচীন

হিন্দি গ্রন্থাদির পাণ্ডুলিপি সংগ্রহের বিশেষ চেষ্টা করিতেছেন। তাঁহার অক্লান্ত পরিশ্রমের ফলাফল তিনি ধারাবাহিক প্রবন্ধাকারে শাখা-পরিষৎকে উপহার দিতেছেন। বাকচী মহাশয়ের মৌলিক আবিষ্কারের মধ্যে "ইন্দ্রপ্রস্থের পাষাণপ্রাকার" ও "ভীম-পদচিহ্ন" প্রধান। শেষোক্ত আবিষ্কারটির রক্ষা সংবিধান করিয়া স্থানীয় মহামান্ত চীফ কমিশনার মহোদয় ও পণ্ডিত বাঁকে রায় মহোদয় হিন্দুগণের বিশেষ ধন্যবাদার্হ হইয়াছেন।

আলোচ্য বর্ষে পরিষদের আয় মোট ৪৪৮৷৵০ এবং ব্যয় হইয়াছিল মোট ৩৪৪৷১৫।

বিগতপূর্ব্ব গুডফ্রাইডের ছুটিতে কলিকাতা টাউন হলে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অধিবেশন হইয়াছিল। এতদুপলক্ষে নিমন্ত্রিত হইয়া অন্যতম সহযোগী সম্পাদক শ্রীযুক্ত বসন্তকুমার ভট্টাচার্য্য মহাশয় দিল্লী শাখার প্রতিনিধিরূপে প্রেরিত হইয়াছিলেন।

আলোচ্য বর্ষে পরিষদের কর্ম্মচারিবৃন্দ স্ব স্ব কার্য্যভার সুচারুরূপে সম্পন্ন করিয়া এই শিশু শাখা-পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

সুদূর প্রবাসে নানা অপ্রকৃষ্ট আয়োজন ও অসুবিধার মধ্যে পরিষৎ প্রতিষ্ঠিত হইয়া আজ এক বৎসরকাল যেরূপ দক্ষতার সহিত কার্য্য নির্ব্বাহ করিতে সক্ষম হইয়াছে, তাহার ফলাফল বিবেচনা করিলে মনে হয় যে, এতদ্দেশে পরিষদের জন্ম নিরর্থক হইবে না।

সন ১৩২০-২১ সালে পঠিত প্রবন্ধাদির তালিকা

নিম্নলিখিত মহোদয়গণ কর্ত্তৃক নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল ;—

বিষয়	লেখক	পাঠের তারিখ
১। দিল্লীর দুইটি মুসলমান সাধক (কুতব সাহ ও নিজামুদ্দিন আউলিয়া)	শ্রীযুক্ত ললিতমোহন রায়	৩রা ফাল্গুন ১৩২০
২। যোগবাশিষ্ঠ রামায়ণের কিয়দংশ পাঠ	রাজকুমার বন্দ্যোপাধ্যায়	ঐ
৩। সাহিত্যে দুঃখবাদ	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৭ই ফাল্গুন
	শম্ভুচন্দ্র দত্ত	ঐ
৫। কৃষ্ণকান্তের উইল (সমালোচনা)	নলিনীরঞ্জন চট্টোপাধ্যায়	১লা চৈত্র
৬। ইন্দ্রপ্রস্থের পাষাণ-প্রাচীর	সরোজনাথ বাক্চী	ঐ
৭। প্রাচীন ইতিহাসের একটি অজ্ঞাত-পূর্ব্ব অধ্যায়	নির্ম্মলচন্দ্র সান্ন্যাল	১৪ই চৈত্র
৮। দিল্লীর পথে	সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	৬ই বৈশাখ ১৩২১
৯। ইন্দ্রপ্রস্থ সম্বন্ধে নানা কথা	সরোজনাথ বাক্চি	ঐ
১০। ঈশ্বর (পদ্য)	ভোলানাথ দাস	৩রা জ্যৈষ্ঠ
১১। বাঙ্গালার 'রবি'	যতীন্দ্রনাথ রায় এম্ এ	ঐ

	বিষয়	লেখক	পাঠের তারিখ
১২।	রাজস্থানের একাংশ ভ্রমণ	শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র সান্ন্যাল	১৭ই জ্যৈষ্ঠ
১৩।	হিমালয়ের পাদৈকদেশে ভ্রমণ	,, সরোজনাথ বাকৃচি	৩১শে জ্যৈষ্ঠ
১৪।	আগরায় এক দিন	,, যতীন্দ্রনাথ রায় এম্ এ	১৪ই আষাঢ়
১৫।	ইংরাজ সাধুর উপাখ্যান	,, সরোজনাথ বাকৃচী	২৮শে আষাঢ়
১৬।	জয়পুর ও পুষ্কর-ভ্রমণ	,, ত্রৈলোক্যনাথ পাল	১৩ই শ্রাবণ
১৭।	দুইখানি পত্র	,, যতীন্দ্রনাথ রায় এম্ এ	১৫ই কার্ত্তিক
১৮।	নাটক ও নাট্যশালার উৎপত্তি	,, ললিতমোহন চট্টোপাধ্যায়	৫ই অগ্রহায়ণ
১৯।	দিল্লীর প্রাচীন তত্ত্ব (প্রথম প্রস্তাব)	,, সরোজনাথ বাকৃচী	২০শে অগ্রহায়ণ
২০।	ভক্তিতত্ত্ব	,, শম্ভুচন্দ্র দত্ত	৫ই পৌষ
২১।	গ্রন্থ ও পাঠক	,, নলিনীরঞ্জন চট্টোপাধ্যায়	২৬শে পৌষ

শ্রীললিতমোহন চট্টোপাধ্যায়
সম্পাদক।

চিত্রশালার কার্য্য-বিবরণ

আলোচ্য বর্ষে সাহিত্য-পরিষদের চিত্রশালায় ১৮টি মুদ্রা, দশাবতার মূর্ত্তিযুক্ত একখানি তাম্রফলক, ১৮টি প্রস্তরমূর্ত্তি, টইলা নামক বাদ্যযন্ত্র, বাঁশে লেখা ঠিকুজী, সামুদ্রিক ঝিনুক, বিষ্ণুপুরের তাস ও কয়েকখানি আলোকচিত্র সংগৃহীত হইয়াছে। এতন্মধ্যে বর্দ্ধমান জেলাস্থ পাণ্ডু গ্রাম হইতে আবিষ্কৃত বালাদিত্য নরসিংহ গুপ্তের স্বর্ণমুদ্রা এবং অট্টহাস নামক পীঠস্থান হইতে প্রাপ্ত চামুণ্ডা বা মহানন্দার মূর্ত্তি বিশেষভাবে উল্লেখ যোগ্য। যাঁহারা অনুগ্রহ করিয়া পরিষদের চিত্রশালায় উক্ত মুদ্রাগুলি ও প্রস্তর-মূর্ত্তি প্রভৃতি প্রদান করিয়াছেন, তাঁহাদের সকলের নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

নিম্নে মুদ্রা ও মূর্ত্তি প্রভৃতির তালিকা দেওয়া হইল ;—

শ্রীসুরেন্দ্রনাথ রায় বি এল — ১। বর্দ্ধমান পাণ্ডুগ্রাম হইতে প্রাপ্ত বালাদিত্য নরসিংহ গুপ্তের স্বর্ণ মুদ্রা।

শ্রীনারায়ণচন্দ্র নিয়োগী F.R.H.S. — ২। নেপালের পয়সা।

শ্রীপ্রফুল্লচাঁদ বসু — ৩। রামচন্দ্রী মোহর (?)

ডাক্তার শ্রীসরসীলাল সরকার ও ,, শ্রীগোপালচন্দ্র চট্টোপাধ্যায় ১২টি তাম্রমুদ্রা —
৪—১০। প্রাচীন ছাঁচে ঢালাই কার্ষাপণ।
১১—১৩। জৈনপুরের শার্কীবংশীয় সুলতান ইব্রাহিম শাহ।
১৪। খিলজীবংশীয় আলাউদ্দীন্ মহম্মদ শাহ।

	১৫। বাদশাহ ২য় শাহ আলমের নামাঙ্কিত লক্ষ্ণৌর নবাব উজীরবংশের মুদ্রা।
শ্রীচিত্তসুখ সান্যাল	১৬। কার্ষাপণ।
শ্রীপূর্ণেন্দুমোহন সেহানবীশ	১৭-১৮। প্রাচীন মুদ্রা।

প্রস্তরমূর্ত্তি

শ্রীযতীন্দ্রনারায়ণ রায় চৌধুরী	১। শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী বিষ্ণুমূর্ত্তি।
শ্রীকিশোরীলাল চট্টোপাধ্যায়	২। ঐ (দিনাজপুর হইতে প্রাপ্ত)
ডাক্তার শ্রীউমাদাস বন্দ্যোপাধ্যায়	৩। ঐ (দেবগ্রাম হইতে প্রাপ্ত)
শ্রীঅহিভূষণ মুখোপাধ্যায়	৪। ঐ
শ্রীকামিনীনাথ রায়	৫। বিষ্ণুমূর্ত্তি (বর্দ্ধমান, কুসুমগ্রাম হইতে প্রাপ্ত)
শ্রীপঞ্চানন ভট্টাচার্য্য	৬। „ (বড়বেলুন হইতে প্রাপ্ত)
	৭। কূর্ম্মমূর্ত্তি („ হইতে প্রাপ্ত)
শ্রীললিতকুমার বন্দ্যোপাধ্যায়	৮। ভগ্ন হরগৌরী (শ্বেতপ্রস্তরের, হরিদ্বার হইতে ঐ)
শ্রীরবীন্দ্রনারায়ণ ঘোষ	৯। প্রস্তরমূর্ত্তির খণ্ড (দিনাজপুর বহলা হইতে প্রাপ্ত)
	১০। বিষ্ণুমূর্ত্তির ঊর্দ্ধদেশ ঐ
	১১। নর্ত্তনশীল গণেশ ঐ
	১২। প্রস্তরমূর্ত্তির মস্তক ঐ
ডাক্তার শ্রীসত্যেন্দ্রনাথ গোস্বামী	১৩। হরগৌরীমূর্ত্তি ঐ
শ্রীরাখালরাজ রায় ও শ্রীশিবদাস তেওয়ারী	১৪। বরাহমূর্ত্তি ঐ
শ্রীনগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব	১৫। চামুণ্ডা বা মহানন্দামূর্ত্তি (অট্টহাস হইতে প্রাপ্ত)

এতদ্ভিন্ন শ্রীযুক্ত কুমার রমেন্দ্রলাল মিত্রের নিকট হইতে ৩০৲ টাকা দিয়া পরিষৎ অতি সুন্দর ও ক্ষুদ্রকায় ১টি বুদ্ধ ও ২টি বোধিসত্ত্বমূর্ত্তি ক্রয় করিয়াছেন।

বিবিধ

শ্রীযতীন্দ্রকৃষ্ণ নিয়োগী	১। Rock crystal
	২। সামুদ্রিক ঝিনুক
শ্রীরঞ্জনবিলাস রায় চৌধুরী	৩। বাঁশে লেখা ঠিকুজী
শ্রীপূর্ণেন্দুমোহন সেহানবীশ	৪। দশাবতারমূর্ত্তিযুক্ত তাম্রপট্ট
শ্রীননীগোপাল মজুমদার	৫। হরিদাস ঠাকুরের পাটের ফটো
শ্রীভূধরচন্দ্র দাস বি এল	৬। শ্রীকৈলাসচন্দ্র সিংহের ফটো
শ্রীবসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ	৭। টুইলা বাদ্যযন্ত্র (বাঁকুড়া জেলায় প্রাপ্ত)
মহামহোপাধ্যায় শ্রীহরপ্রসাদ শাস্ত্রী	৮। বিষ্ণুপুরের তাস।

শ্রীনগেন্দ্রনাথ বসু
চিত্রশালাধ্যক্ষ।

পুথিশালার কার্য্যবিবরণ

১৩২১ সালের প্রারম্ভে হস্তলিখিত প্রাচীন পুথির সংখ্যা ২৫৩৫ ছিল। তৎপরে হিতৈষী বন্ধুগণের নিকট হইতে ২৭১ খানি পুথি উপহারস্বরূপ পাওয়া গিয়াছে। টেঙ্গুর (বৌদ্ধ-শাস্ত্র) গ্রন্থমালার ২২৫ খণ্ড শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ মহাশয়ের প্রদত্ত উপহার। উহাতে সংস্কৃত, বাঙ্গালা, হিন্দী প্রভৃতি ভাষায় রচিত, অধুনা দুষ্প্রাপ্য বহু প্রাচীন গ্রন্থের তিব্বতীয় তরজমা আছে। মূল্য ৩৫০০৲ টাকা। ক্রীত পুথি ২৮৪। উহার ১২ খানি দুর্ল্লভ কেঙ্গুর (বুদ্ধ-বচন) গ্রন্থমালার অন্তর্গত পুরাতন হস্তলিখিত পুথি। শ্রীযুক্ত রাখাল-দাস বন্দ্যোপাধ্যায় মহাশয় ৬০০৲ টাকায় ঐ লাটটি খরিদ করিয়া দিয়াছেন। পরিষদের সংগ্রহ মধ্যে এই তিব্বতীয় টেঙ্গুর ও কেঙ্গুর গ্রন্থের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য। শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয় ১১ খানি পুথি উপহার দিয়াছেন। বর্ষশেষে পুথির সংখ্যা ৩০৯০ হইয়াছে।

বাঙ্গালা পুথি		২০৩৪
সংস্কৃত	,,	৮০০
অসমীয়া	,,	৫
ওড়িয়া	,,	১
হিন্দী	,,	১
পার্শী	,,	১২
তিব্বতীয়	,,	২৩৭
		৩০৯০

বিচ্ছিন্ন পাতা মিলাইয়া তিন শত পুথির উদ্ধার করা হইয়াছে। তিন শত উনসত্তর-খানিতে পুথির নাম, রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্রসংখ্যাদিযুক্ত বীজক দেওয়া হইয়াছে। সাড়ে তিন শত পুথি তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়াছে। বাঙ্গালা প্রাচীন পুথির তালিকা যথাসম্ভব দ্রুতগতি অগ্রসর হইতেছে। আলোচ্য বর্ষে সংগৃহীত পুথির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য কয়েকখানির নাম নিম্নে প্রদত্ত হইল।

১। প্রার্থনা-বিলাস—রামচন্দ্র দাস বিরচিত। রামচন্দ্রকৃত 'প্রার্থনাবিলাস'এর কোন উল্লেখ পাওয়া যায় নাই।

২। তন্তুবায়কুলপঞ্জিকা।

৩। মহাভারত—সভাপর্ব্ব—রাম সরস্বতী-বিরচিত (প্রাচীন অসমীয়া)।

৪। ভাগবত—অনন্ত কন্দলি-বিরচিত। (প্রাচীন অসমীয়া)।

৫। কালিকামঙ্গল—হরিচন্দ্র বসু-বিরচিত। গ্রন্থকার নূতন।

৬। শীতলামঙ্গল—রামেশ্বর ঘোষ-রচিত। গ্রন্থকার নূতন।

৭। সত্যনারায়ণের পুথি—কবিবল্লভ-কৃত।

৮। সারসতাকারিকা—নরোত্তম দাস-রচিত। সহজ মতের গ্রন্থ।

৯। উপাসনানির্ণয়—জীব গোস্বামীর রচিত।
১০। অষ্টোত্তরষষ্টি পদাবলী—চণ্ডীদাসের ভণিতাযুক্ত।
১১। নৌকাখণ্ড—বৃন্দেশ কবি-বিরচিত। গ্রন্থকার নূতন।
১২। ব্যবহারপ্রদীপ। (নীতিশাস্ত্র)
১৩। বৈষ্ণব রসচরিত্র—ভারত পণ্ডিত-রচিত।
১৪। মুক্তাচরিত্র—স্বরূপ ভূপতি-বিরচিত। গ্রন্থকার নূতন।

শ্রীরবীন্দ্রনারায়ণ ঘোষ। শ্রীবসন্তরঞ্জন রায়।

পরিষদ্‌গ্রন্থাগারের একবিংশ বার্ষিক কার্য্যবিবরণ

আলোচ্য বর্ষের প্রারম্ভে গ্রন্থাগারে এ যাবৎ সংগৃহীত সর্ব্বশুদ্ধ সকল ভাষার ৩১,৬৫৬ খানি পুস্তক ছিল। ১৩২১ বঙ্গাব্দে ৩৬৬ খানি বাঙ্গালা পুস্তক সংগৃহীত হইয়াছে; তন্মধ্যে ৬খানি ক্রীত এবং ৩৬০ খানি উপহারপ্রাপ্ত এবং ৩৮৭ খানি ইংরাজী পুস্তকের মধ্যে ৫৩ খানি ক্রীত ও ৩৩৪ খানি উপহারপ্রাপ্ত এবং ৫২ খানি সংস্কৃত পুস্তকের মধ্যে ৩ খানি ক্রীত এবং ৪৯ খানি উপহারপ্রাপ্ত এবং অন্যান্য ভাষায় মুদ্রিত ১২ খানি পুস্তক ও ৫ খানি পুস্তিকা উপহারস্বরূপ পাওয়া গিয়াছে। অতএব দেখা যাইতেছে, এ বৎসর চৈত্র-শেষে সর্ব্বশুদ্ধ ৩২৪৭৮ খানি পুস্তকের মধ্যে ১৬,৬১৩ খানি বাঙ্গালা পুস্তক, অবশিষ্ট ইংরাজী, সংস্কৃত, প্রাকৃত ইত্যাদি। এক্ষণে ১৩২০ সাল পর্য্যন্ত সংগৃহীত যাবতীয় বাঙ্গালা পুস্তকের রচয়িতার নামের বিষয়ানুসারিণী তালিকা প্রস্তুত হইতেছে। উপন্যাস, উপাখ্যান, উপকথা, নাটক ও প্রহসন—এই কয় বিষয়ের তালিকা প্রস্তুত হইয়াছে; অন্যান্য বিষয়ের পুস্তকগুলিরও তালিকা প্রস্তুত-কার্য্য দ্রুত অগ্রসর হইতেছে। বেঙ্গল লাইব্রেরীর প্রদত্ত বাঙ্গালা পুস্তকগুলিরও বিষয়-সূচী প্রস্তুত হইতেছে।

এক্ষণে এই পুস্তকগুলি সাজাইয়া গুছাইয়া আলমারীতে রাখিতে হইবে। স্থানাভাব-বশতঃ পুস্তকগুলি বর্ত্তমানে বাহিরে রক্ষিত আছে। আশা করি, আলমারী সংগ্রহবিষয়ে পরিষদের সদস্যগণ ও হিতৈষিবর্গ কিছু কিছু সাহায্য দানে বিরত থাকিবেন না। তজ্জন্য পরিষদের পক্ষ হইতে আমি এই ভিক্ষা প্রার্থনা করিতেছি।

এ বৎসর কলিকাতা মিউনিসিপ্যালিটী গ্রন্থাগারের সাহায্য ৪৫০৲ টাকা বাড়াইয়া ৫২৫৲ টাকা করিয়া দিয়াছেন। গ্রন্থাগার ও পাঠাগারের উন্নতিকল্পে মিউনিসিপ্যালিটীর এই দান জন্য তাঁহাদের নিকট পরিষৎ বিশেষরূপে কৃতজ্ঞ।

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এ বারেও পরিষদের হিতৈষিগণ পরিষদ্‌গ্রন্থাগারে পুস্তক ও পত্রিকা উপহার দিয়াছেন। এই সমস্ত উপহারদাতৃগণের মধ্যে বর্দ্ধমানের মহারাজাধিরাজ শ্রীল শ্রীযুক্ত বিজয়চন্দ্‌ মহ্‌তাব্‌ বাহাদুর, ৺ কৈলাসচন্দ্র সিংহ, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়গণের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

পরিষদের পাঠাগারে বসিয়া সর্ব্বসাধারণে যাহাতে পুস্তক ও সংবাদপত্রাদি পাঠ করিতে পারেন, তজ্জন্য যথোচিত ব্যবস্থা করা হইয়াছে। পরিষৎপাঠাগারের বিশেষত্ব এই যে, সকল জেলারই বাঙ্গালা সংবাদপত্র এখানে দেখিতে পাইবেন এবং সব কাগজগুলিই সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে পাওয়া যায়। যাঁহারা এই সকল পত্রিকা বিনিময়ে দিতেছেন, তাঁহারা পরিষদের ধন্যবাদার্হ। বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রগুলির মধ্যে ৬ খানি দৈনিক, ৫৫ খানি সাপ্তাহিক, ৫ খানি পাক্ষিক, ১০৮ খানি মাসিক, একখানি দ্বৈমাসিক, ২ খানি ত্রৈমাসিক। ইহাদের তালিকা পরিশেষে সন্নিবিষ্ট হইল।

এ বৎসরে পরিষদের সদস্যগণ গ্রন্থাগার হইতে প্রায় ১৩০০ পুস্তক পাঠ করিতে লইয়াছিলেন, এমন কি, তাঁহাদিগের মধ্যে দুই একজন মফঃস্বলের সদস্যও নিজে ডাক-ব্যয় বহন করিয়া পুস্তক লইয়াছিলেন।

শ্রীপ্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
গ্রন্থাধ্যক্ষ।

সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি

দৈনিক ;—

(১) The Amrita Bazar Patrika
(২) The Bengalee
(৩) The Herald
(৪) The Indian Mirror
(৫) বাঙ্গালী
(৬) দৈনিক বসুমতী

সাপ্তাহিক ;—

(১) The Calcutta Spectator
(২) The Hindoo Patriot
(৩) The Indian Empire
(৪) The Express
(৫) The Indian Trade Journal
(৬) The Mussalman
(৭) The Reis and Rayyet
(৮) The Telegraph
(৯) The Unity and Minister
(১০) The World and the New Dispensation.
(১১) আনন্দ-বাজার পত্রিকা
(১২) এডুকেশন গেজেট
(১৩) কাশীপুর-নিবাসী
(১৪) খুলনাবাসী
(১৫) গৌড়দূত
(১৬) ২৪পরগণা-বার্ত্তাবহ
(১৭) চারুমিহির
(১৮) চুঁচুড়া-বার্ত্তাবহ
(১৯) জাগরণ
(২০) ঢাকাপ্রকাশ
(২১) ত্রিপুরা-হিতৈষী

সাপ্তাহিক ;—

(২২) দর্শক
(২৩) নীহার
(২৪) নোয়াখালি-সম্মিলনী
(২৫) পল্লীবার্ত্তা
(২৬) পল্লীবাসী
(২৭) পুরুলিয়া-দর্পণ
(২৮) প্রসূন
(২৯) বঙ্গবাসী
(৩০) বঙ্গরত্ন
(৩১) বরিশাল-হিতৈষী
(৩২) বর্দ্ধমান-সঞ্জীবনী
(৩৩) বসুমতী
(৩৪) বাঁকুড়া-দর্পণ
(৩৫) বার্ত্তাবহ
(৩৬) বিশ্ববার্ত্তা
(৩৭) বীরভূমবার্ত্তা
(৩৮) বীরভূমবাসী
(৩৯) মালদহ-সমাচার
(৪০) মুরশিদাবাদ-হিতৈষী
(৪১) মেদিনীপুর-হিতৈষী
(৪২) মোসলেম-হিতৈষী
(৪৩) মোহাম্মদী
(৪৪) যশোহর
(৪৫) রঙ্গপুরদিক্‌প্রকাশ
(৪৬) রত্নাকর
(৪৭) শিক্ষা-সমাচার
(৪৮) সঞ্জীবনী
(৪৯) সদ্ধর্ম্ম-প্রচারক (হিন্দী)
(৫০) সময়
(৫১) সুরমা
(৫২) সুরাজ
(৫৩) হিতবাদী
(৫৪) হিন্দু-রঞ্জিকা
(৫৫) প্রবাহিণী

পাক্ষিক ;—

(১) The Collegian
(২) ধর্ম্মতত্ত্ব
(৩) প্রান্তবাসী
(৪) শ্রীরামপুর
(৫) সম্মিলনী

মাসিক পত্রিকা ;—

(১) Calcutta University Magazine
(২) The Dawn
(৩) Health and Happiness
(৪) The Hindu Review
(৫) Industry
(৬) Journal and Proceedings of the Asiatic Society of Bengal
(৭) The Review
(৮) Rajshahi College Magazine
(৯) Vedanta Kesari
(১০) অর্ঘ্য
(১১) অর্চ্চনা
(১২) অবসর
(১৩) অলৌকিক রহস্য
(১৪) আয়ুর্ব্বেদ-হিতৈষিণী
(১৫) আর্য্য-গৌরব
(১৬) আর্য্য-প্রভা (সংস্কৃত)
(১৭) আর্য্যাবর্ত্ত
(১৮) আলোচনা
(১৯) ইন্দু (হিন্দী)

মাসিক পত্রিকা ;—

(২০) উচ্ছ্বাস
(২১) উৎসব
(২২) উদ্বোধন
(২৩) উপাসনা
(২৪) কর্ম্মকার-বন্ধু
(২৫) কাজের লোক
(২৬) কাদম্বরী (সংস্কৃত)
(২৭) কায়স্থ-পত্রিকা
(২৮) কুশদহ
(২৯) কৃষক
(৩০) কৃষিসম্পদ্
(৩১) কোহিনূর
(৩২) গল্প-লহরী
(৩৩) গৃহস্থ
(৩৪) চিকিৎসা-তত্ত্ব-বিজ্ঞান
(৩৫) চিকিৎসা-প্রকাশ
(৩৬) ছাত্র-সুহৃদ্
(৩৭) জগজ্জ্যোতিঃ
(৩৮) জন্মভূমি
(৩৯) জাহ্নবী
(৪০) ঢাকারিভিউ ও সম্মিলনী
(৪১) তত্ত্ববোধিনী পত্রিকা
(৪২) তত্ত্ব-মঞ্জরী
(৪৩) তাম্বূলী-সমাজ
(৪৪) তিলি-বান্ধব
(৪৫) তোষিণী
(৪৬) দেবালয়
(৪৭) ধর্ম্ম-প্রচারক
(৪৮) নন্দিনী
(৪৯) নব্য-ভারত
(৫০) নাগরী প্রচারিণী পত্রিকা (হিন্দী)
(৫১) নাট্যমন্দির
(৫২) পন্থা
(৫৩) প্রজাপতি
(৫৪) প্রতিভা
(৫৫) প্রবাসী
(৫৬) প্রীতি
(৫৭) বঙ্গদর্শন
(৫৮) বসুধা
(৫৯) বামাবোধিনী পত্রিকা
(৬০) বাঁহী (আসামী)
(৬১) বিজয়া
(৬২) বিদ্যোদয় (সংস্কৃত)
(৬৩) বীরভূমি
(৬৪) ব্যবসা ও বাণিজ্য
(৬৫) ব্যবসায়ী
(৬৬) ব্রহ্মবাদী
(৬৭) ব্রহ্মবিদ্যা
(৬৮) ব্রাহ্মণ-সমাজ
(৬৯) বালক
(৭০) ভারতবর্ষ
(৭১) ভারত-মহিলা
(৭২) ভারতী
(৭৩) ভিষক্‌দর্পণ
(৭৪) মহাজন-বন্ধু
(৭৫) মহিলা
(৭৬) মানসী
(৭৭) মাহিষ্য-বান্ধব
(৭৮) মাহিষ্য-মহিলা
(৭৯) মাহিষ্য-সমাজ
(৮০) যুবক
(৮১) যোগিসখা
(৮২) যোগিসম্মিলনী পত্রিকা
(৮৩) লক্ষ্মী (হিন্দী)

মাসিক পত্রিকা ;—

(৮৪) শাশ্বতী
(৮৫) শিক্ষা ও স্বাস্থ্য
(৮৬) শিল্প ও সাহিত্য
(৮৭) শিশু
(৮৮) সমাজ
(৮৯) সংসার-সুহৃদ্
(৯০) সম্মিলনী
(৯১) সরস্বতী (হিন্দী)
(৯২) সংস্কৃত-রত্নাকর (সংস্কৃত)
(৯৩) সাধক
(৯৪) সাহিত্য
(৯৫) সাহিত্য-সংবাদ
(৯৬) সাহিত্য-সংহিতা
(৯৭) সুধী
(৯৮) সুপ্রভাত
(৯৯) সুরভী
(১০০) সুহৃদ্
(১০১) সেবক
(১০২) সোপান
(১০৩) সৌরভ
(১০৪) স্বাস্থ্য-সমাচার
(১০৫) হাকিম
(চ) পঠিত বলিয়া গৃহীত কবিতা—

৪৫। আবাহন—শ্রীকুমুদরঞ্জন মল্লিক বি এ, বর্দ্ধমান।

৪৬। বিদায়— " " "

৪৭। স্বাগত—শ্রীক্ষেত্রনাথ গঙ্গোপাধ্যায়।

৪৮। অভিনন্দন—শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায়।

৪৯। কবি-কথা—শ্রীগিরিজাকুমার বসু।

দর্শন-শাখা

মূল-সভামণ্ডপের এক পার্শ্বে দর্শন-বিভাগের সভা বসিয়াছিল। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, এম্ এ এই বিভাগের সভাপতি ছিলেন। হীরেন্দ্র বাবু নিজের অভিভাষণ পড়িয়া শুনাইলেন। এই বিভাগে ২২টি প্রবন্ধ পাওয়া গিয়াছিল; তন্মধ্যে ১৬টি পঠিত হইয়াছিল, একটি পঠিত বলিয়া গৃহীত হইয়াছিল। নিম্নে প্রবন্ধ ও প্রবন্ধ-লেখকের নামাদি দেওয়া হইল। শ্রীযুক্ত রবীন্দ্রকুমার বসু এম এ মহাশয় এই বিভাগের সম্পাদকের কাজ করিয়াছেন।

১। বর্ত্তমান দর্শন ও বাঙ্গালা-সাহিত্যে তাহার প্রভাব—শ্রীনিবারণচন্দ্র দাশগুপ্ত এম্ এ, বি এল্, বরিশাল।

২। হিন্দু ও বৌদ্ধ-দর্শনের পার্থক্য কোথায়?—শ্রীক্ষেত্রনাথ কাব্যকণ্ঠ, দেবীপুর, বর্দ্ধমান।

৩। প্রাচ্যে ও প্রতীচ্যে বৈজ্ঞানিক সত্য আবিষ্কারের তারতম্য—শ্রীনলিনীকান্ত বসু, মালদহ।

৪। বৌদ্ধধর্ম্মের দুঃখ-নিবারণের উপায় কি?—গুণালঙ্কার মহাস্থবির, কলিকাতা।

৫। দর্শনশাস্ত্রে মুসলমান—মহম্মদ কে চাঁদ, ২৪ পরগণা।

৬। গৌড়ীয় বৈষ্ণবধর্ম্মের সারতত্ত্ব—ডাঃ শ্রীপ্রিয়নাথ নন্দী, কলিকাতা।

৭। বৌদ্ধধর্ম্মে মুক্তি বা নির্ব্বাণ—শ্রীসন্তোষকুমার মুখোপাধ্যায়, কলিকাতা।

৮। দর্শনের সহিত বিজ্ঞানের সম্বন্ধ-বিচার—শ্রীভগবতীচরণ মুখোপাধ্যায়, বর্দ্ধমান।

৯। নব্য ইউরোপীয় দর্শন—শ্রীরবীন্দ্রকুমার বসু এম্ এ, কলিকাতা।

১০। পাশ্চাত্য দর্শনের অভিনব ব্যঞ্জনা—শ্রীনলিনাক্ষ ভট্টাচার্য্য, কলিকাতা।
১১। ভক্তির ক্রম-বিকাশ—রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুর, বাঁকিপুর।
১২। বিশ্ব-জাগরণ—শ্রীখগেন্দ্রনাথ মিত্র এম্ এ, যশোহর।
১৩। আধুনিক দর্শনের গতি—শ্রীশিশিরকুমার মৈত্র, কলিকাতা।
১৪। গৌতম বুদ্ধের ধর্ম্ম—শ্রীরমাপ্রসাদ চন্দ বি এ, রাজসাহী।
১৫। তন্ত্রের দার্শনিক ভিত্তি।
১৬। বেদান্ত-প্রচারে বাঙ্গালী—শ্রীপঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ, যশোহর।
১৭। আয়ুর্ব্বেদের জীব-তত্ত্ব—কবিরাজ বিজয়কৃষ্ণ দাসগুপ্ত, কলিকাতা।

এই দিন এই শাখার সমস্ত প্রবন্ধ পড়া শেষ হয় নাই। পরদিন প্রাতে ইহার আর একটি অধিবেশন হইবে স্থির করিয়া সভার কার্য্য শেষ করা হয়।

ইতিহাস-শাখা

রাসমঞ্চের সম্মুখে নির্দ্দিষ্ট তাঁবুতে ইতিহাস-শাখার অধিবেশন হইয়াছিল। পাটনা-কলেজের অধ্যাপক শ্রীযুক্ত যদুনাথ সরকার এম্ এ মহাশয় সভাপতি হইয়াছিলেন। তিনি তাঁহার অভিভাষণ পড়িয়া শুনাইলে এই বিভাগের প্রবন্ধ পঠিত হইতে থাকে। এই বিভাগে এ বার সর্ব্বশুদ্ধ ৩০টি প্রবন্ধ পাওয়া গিয়াছিল, তাহার মধ্যে ২২টি প্রবন্ধ পড়া হইয়াছিল ও ১টি পঠিত বলিয়া গৃহীত হয়। শ্রীযুক্ত বামাচরণ মজুমদার এই বিভাগের সম্পাদকের কার্য্য কতকটা করিয়াছিলেন। নিম্নে প্রবন্ধ ও প্রবন্ধ-লেখকের নাম দেওয়া হইল ;—

১। বর্দ্ধমানের পুরাবৃত্ত—শ্রী :—
২। পীর বহরাম—মৌলবী খোন্দকার গোলাম আহম্মদ।
৩। ধীমান্ ও বীতপাল—শ্রীসুরেন্দ্রনাথ কোঙার এম্ এ।
৪। গুলবদন বেগম—শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
৫। রাজার পোত ও বারাশত—শ্রীসুরেন্দ্রনাথ রায় এম্ এ, বি এল।
৬। তারকেশ্বর তীর্থ-তত্ত্ব—শ্রীরাজকুমার বেদতীর্থ।
৭। খাজা আনোয়ার—মৌঃ আবদুল লতিফ।
৮। শ্যামে হিন্দুধর্ম্ম—শ্রীগণপতি রায় বিদ্যাবিনোদ।
৯। বাজার-দর ও বর্ত্তমান সমস্যা—শ্রীকালীপ্রসন্ন দাসগুপ্ত এম্ এ।
১০। গোরাচাঁদ শাহ ও আবেদাখাস বিবি—ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী।
১১। শ্যামারূপার গড়—মহারাজ কুমার শ্রীমহিমানিরঞ্জন চক্রবর্ত্তী।
১২। অওরঙ্গাবাদ—মৌঃ আফ্‌সারউদ্দীন আহম্মদ।
১৩। সবঙ্গ ও লক্ষ্মণসেনের তাম্রশাসন—শ্রীব্রজনাথ চন্দ্র।
১৪। কৈবর্ত্ত জাতি ও ব্রহ্মবৈবর্ত্তপুরাণ—শ্রীসুদর্শনচন্দ্র বিশ্বাস।
১৫। আসামে আর্য্য-প্রভাব—শ্রীসুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

১৬। ভারতের পণ্য ও ভারতে বৈদেশিক জাতি (গ্রীক যুগ)—শ্রীসতীশচন্দ্র ভট্টাচার্য্য।

১৭। হিন্দুর মুখে আওরঙ্গজেবের কথা—মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী এম্ এ।

১৮। নগদবাকী—শ্রীক্ষীরোদচন্দ্র পুরকায়স্থ।

১৯। ভারতীয় শিল্পের বর্ত্তমান অবস্থা—শ্রীমন্মথনাথ ঘোষ।

২০। ভারতের সঙ্গে চীনের সম্বন্ধ—গুণালঙ্কার মহাস্থবির।

২১। বঙ্গীয় স্থাপত্যের ধারা—শ্রীননীগোপাল মজুমদার।

২২। ভারতীয় স্থাপত্য-বিজ্ঞান—শ্রীমন্মথনাথ চক্রবর্ত্তী।

২৩। বেদে সরমা—শ্রীশীতলচন্দ্র চক্রবর্ত্তী এম্ এ (পঠিত বলিয়া গৃহীত)।

অভ্যর্থনা-সমিতি, রাঢ়ের প্রত্নতত্ত্ব অনুসন্ধান করিবার জন্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, শ্রীযুক্ত রাখালরাজ রায় ও ৺ অম্বিকাচরণ ব্রহ্মচারী মহাশয়গণকে নিযুক্ত করিয়াছিলেন। অভ্যর্থনা-সমিতি ইঁহাদের অনুসন্ধানের ফলাফল লেখাইয়া পুস্তিকাকারে ছাপাইয়া সম্মিলনে বিতরণ করিয়াছিলেন।

এই পুস্তিকাতে নগেন্দ্রবাবু নদীয়া জেলার অন্তর্গত দেবগ্রাম বিক্রমপুর সম্বন্ধে যে অনুসন্ধানের ফলাফল জানাইয়াছেন, তৎসম্বন্ধে শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায় মহাশয় কিছু আলোচনা করেন।

তাহার পর সভাপতি মহাশয়ের অনুমতিক্রমে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় দেবগ্রাম—বিক্রমপুরে প্রাপ্ত প্রাচীন কীর্ত্তির ঐতিহাসিকতা সম্বন্ধে এবং শ্রীযুক্ত দেবেন্দ্রবিজয় বসু মহাশয় অভ্যর্থনা-সমিতি হইতে বর্দ্ধমানের প্রাচীন ইতিহাসের অনুসন্ধানের ব্যবস্থা সম্বন্ধে কিছু কিছু জানাইলে এ সম্বন্ধে আর কোন আলোচনা হয় নাই।

অতঃপর সন্ধ্যা হওয়ায় এই বিভাগের অবশিষ্ট প্রবন্ধ পরদিন পড়া হইবে স্থির হয় এবং সভা ভঙ্গ হয়।

বিজ্ঞান-শাখা

রাজবাড়ীর নাট্যশালায় বিজ্ঞান-শাখার সভা বসিয়াছিল। মহারাজাধিরাজ বাহাদুর এখানে থাকায় তিনিই এই শাখার কাজ আরম্ভ করিয়া দেন। কটকের রাভেন্‌শা কলেজের অধ্যাপক, রায়সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম এ মহাশয় এই সভার সভাপতি নির্দ্দিষ্ট ছিলেন, শ্রীযুক্ত হেমচন্দ্র দাশ গুপ্ত ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এই বিভাগের সম্পাদকের কাজ করেন। সভাপতি আসন পরিগ্রহ করিয়া নিজের অভিভাষণ পাঠ করেন। তাহার পর এই শাখার গত বর্ষের কার্য্য-বিবরণ পড়া হয়। অতঃপর প্রবন্ধ পড়া আরম্ভ হয়। এ বার এই বিভাগে সর্ব্বশুদ্ধ ১৯টি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। তন্মধ্যে ১৬টি প্রবন্ধ পড়া হয়। ইহার তালিকা নিম্নে দেওয়া হইল,—

(১) বাঙ্গালার বর্ত্তমান অবস্থায় কৃষি রসায়ন ব্যবহারের উপায়—শ্রীসূর্য্যনারায়ণ সেন।

(২) বাঙ্গালার বর্ত্তমান অবস্থায় কৃষি-রসায়ন-ব্যবহারের উপায়-নির্দ্দেশ—শ্রীঈশ্বরচন্দ্র গুহ।

(৩) সংখ্যা সম্বন্ধে কয়েকটি কথা—শ্রীহেমচন্দ্র সেনগুপ্ত।
(৪) গতি ও স্থিতি—শ্রীদেবপ্রসাদ ঘোষ।
(৫) কঠিন পরমাণুর সহিত এসিডো-গুচ্ছ—শ্রীজিতেন্দ্রনাথ রক্ষিত।
(৬) আয়ুর্ব্বেদীয় ঔষধ-প্রস্তুত-বিচার—শ্রীসতীশচন্দ্র দাশগুপ্ত।
(৭) তড়িৎ-বিপর্য্যয়—শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য্য।
(৮) মনুষ্য-রক্তের লোহিত-কণিকার আকার—শ্রীনিবারণচন্দ্র ভট্টাচার্য্য।
(৯) আয়ুর্ব্বেদে সংক্রামক রোগ—শ্রীরাখালদাস সেনগুপ্ত।
(১০) দেবতার বাহন—শ্রীব্রজবল্লভ রায়।
(১১) চৌম্বক বল-সম্বন্ধে বিপর্য্যস্ত বর্গবিধির প্রয়োগ-প্রমাণের কতিপয় নূতন প্রণালী··· শ্রীজগদিন্দু রায়।
(১২) বিদ্যুৎকণার দৌরাত্ম্য—শ্রীনগেন্দ্রনাথ দত্তগুপ্ত।
(১৩) পঞ্জিকা-সংস্কার—শ্রীমেঘনাথ সাহা।
(১৪) কাগজ—শ্রীঅনুকূলচন্দ্র সরকার।
(১৫) বঙ্গদেশের ভূতত্ত্ব—শ্রীসুরেশচন্দ্র দত্ত।
(১৬) বৈজ্ঞানিক আবিষ্কারের প্রকৃতি-সম্বন্ধে আলোচনা—শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

অতঃপর পর বৎসরে এই শাখার সভাপতি-পদে শ্রীযুক্ত প্রমথনাথ বসুকে নির্ব্বাচিত করা হয়। সোমবার প্রাতে উইলবাড়ীতে বিষয়-নির্ব্বাচন-সমিতির পুনরধিবেশন হয়।

সাহিত্য-শাখায়, পরে অপরাপর শাখায় গিয়া রায় বাহাদুর শ্রীযুক্ত যদুনাথ মজুমদার বেদান্ত-বাচস্পতি, এম্ এ, বি এল্ মহাশয় জানাইলেন যে, তিনি আগামী বর্ষের জন্য যশোহরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনকে অতি বিনীতভাবে নিমন্ত্রণ করিতেছেন। রায় বাহাদুরের অনুরোধ ও নিমন্ত্রণ সর্ব্বত্র গৃহীত হইল। এই দিন সন্ধ্যাকালে ইতিহাস-বিভাগের তাঁবুতে ম্যাজিক-লণ্ঠনের সাহায্যে ছবি দেখাইয়া চারিটি প্রয়োজনীয় এবং কৌতুহল-জনক বিষয়ের ব্যাখ্যা করা হইয়াছিল।

প্রথম—পাটনার—প্রাচীন পাটলীপুত্র নগরের প্রাচীন সহরের নিদর্শন।

দ্বিতীয়—বর্দ্ধমানের ভূতত্ত্ব সম্বন্ধে অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত কয়েকখানি ছবি দেখাইয়া অনেক আশ্চর্য্য কথা শুনাইয়াছিলেন।

তৃতীয়—এখোড়া-কয়লার খাদের সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত মন্মথনাথ রায় এম্ আই, এম্ ই মহাশয় কোন্ জমীতে কয়লা আছে, তাহার পরীক্ষা হইতে আরম্ভ করিয়া খনির উপরের, ভিতরের, নীচের সকল কাজ দেখাইয়া, কয়লা রেলে বোঝাই দেওয়া পর্য্যন্ত খনি হইতে কয়লা তোলার সমস্ত কাজটা ছবি দেখাইয়া বুঝাইয়া দেন।

চতুর্থ—বর্দ্ধমান-বিভাগের কৃষিক্ষেত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত যদুনাথ সরকার মহাশয় ছবি দেখাইয়া বৈজ্ঞানিক কৃষির প্রণালী, যন্ত্রের ব্যবস্থা বুঝাইয়া দেন।

রাত্রিতে রাজবাড়ীর নাট্যশালায় কলিকাতা মেরীগোল্ড ক্লাবের লোকেরা "চাটুয্যে-

বাঁড়ুয্যে" অভিনয় করেন এবং পরে বর্দ্ধমানের থিয়েটার সম্প্রদায় মহারাজের "শিবশক্তি", ক্ষিরোদবাবুর "বরুণা" অভিনয় করেন।

তৃতীয় দিন

প্রাতে পূর্ব্বদিনের নির্দ্দেশমত উইলবাড়ীতে বিষয়-নির্ব্বাচন-সমিতির অধিবেশন হয়। বেলা ১০টার সময় এই সভা ভঙ্গ হয়।

অতঃপর বেলা ১২টার সময় ইতিহাস ও দর্শন-বিভাগের অবশিষ্ট প্রবন্ধ পাঠের জন্য যথাস্থানে স্বতন্ত্র দুই বৈঠক বসিয়াছিল। এক ঘণ্টার মধ্যে এই দুই সভার কার্য্য শেষ হইলে চারি শাখা একত্র হইয়া বেলা একটার সময় সাহিত্য-সম্মিলনের অধিবেশন আরম্ভ হয়।

এই দিন কয়টি গান গাইবার ও কয়টি কবিতা পাঠের ব্যবস্থা ছিল, কিন্তু উত্তর-পশ্চিম-যাত্রী অভ্যাগতবর্গের ট্রেনের সুবিধার জন্য ৩টার সময় সম্মিলনের কাজ শেষ করিবার পরামর্শ স্থির হইলে, গানগুলি গীত ও কবিতাগুলি পঠিত বলিয়া গৃহীত হইল।

তৎপরে সভার কার্য্যারম্ভ হইলে, গত বৎসরের মৃত সাহিত্যক ও সাহিত্য-বন্ধুগণের নিমিত্ত শোক প্রকাশ করা হয়।

নিম্নলিখিত সাহিত্য-সেবী ও সাহিত্যানুরাগীদিগের পরলোকগমনে এই সাহিত্য-সম্মিলন শোক প্রকাশ করিতেছেন,—

১। সার তারকনাথ পালিত। ২। রাজা সার শৌরীন্দ্রমোহন ঠাকুর। ৩। মহা-মহোপাধ্যায় প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন। ৪। মহামহোপাধ্যায় রাখালদাস ন্যায়রত্ন। ৫। পণ্ডিত নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় এম্ এ, বিএল্। ৬। নবীনচন্দ্র দাস কবিগুণাকর এম্ এ, বিএল্। ৭। কৈলাশচন্দ্র সিংহ। ৮। অম্বিকাচরণ ব্রহ্মচারী। ৯। শৈলেশচন্দ্র মজুমদার। ১০। ডাঃ অঘোরনাথ চট্টোপাধ্যায়। ১১। অধ্যাপক কালীপদ বসু এম্ এ। ১২। রাজর্ষি রায় বনমালী রায় বাহাদুর। ১৩। অধ্যাপক অনাথনাথ পালিত এম্ এ। ১৪। কিশোরীমোহন রায় ("সুরাজ"-সম্পাদক।) ১৫। দুর্গাদাস রায় চৌধুরী। ১৬। তারাপ্রসন্ন মিত্র। ১৭। রামাক্ষয় চট্টোপাধ্যায় এম্ এ। ১৮। কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ। ১৯। গুরুনাথ সেন কবিরত্ন। ২০। দেবীদাস করণ। ২১। সুরেন্দ্র-নারায়ণ রায়। ২২। বিষ্ণুপদ চট্টোপাধ্যায় এম্ এ, বি এল। ২৩। রায় হরিমোহন সিংহ বাহাদুর বি এ। ২৪। প্রিয়নাথ ঘোষ বি এ। ২৫। সঙ্গীতবিশারদ অঘোরনাথ চক্রবর্ত্তী।

তৎপরে যাঁহারা সম্মিলনে উপস্থিত হইতে না পারিয়া সহানুভূতি-পত্র ও টেলিগ্রাম পাঠাইয়াছিলেন, তাঁহাদের পত্রাদি সংক্ষেপে পঠিত হইল।

অতঃপর বিষয়-নির্ব্বাচন-সমিতির নির্দ্দিষ্ট প্রস্তাবগুলির একে একে আলোচনা আরম্ভ হইল। সর্ব্বপ্রথমেই সভাপতি শাস্ত্রী মহাশয় প্রস্তাব করিলেন,—

১। আমাদের মহামান্য সম্রাটের ও তাঁহার মিত্ররাজগণের বিরুদ্ধে জর্ম্মণী যুদ্ধে প্রবৃত্ত

হইয়াছেন, বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন সেই যুদ্ধে আমাদের মহামান্য ও সর্ব্বজনপ্রিয় সম্রাটের মঙ্গল কামনা করিতেছেন এবং যাহাতে এই যুদ্ধে ইংরাজরাজের জয়লাভ হয়, তজ্জন্য ভগবানের নিকট প্রার্থনা করিতেছেন।

২। আমাদের সর্ব্বজনপ্রিয় শাসনকর্ত্তা লর্ড কারমাইকেল মহোদয় বাঙ্গালা ভাষা ও সাহিত্যের উন্নতিকল্পে যেরূপ আগ্রহ প্রকাশ করিতেছেন, তজ্জন্য বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

৩। আমাদের সর্ব্বজনপ্রিয় রাজ-প্রতিনিধি মহামান্য গবর্ণর জেনেরল লর্ড হার্ডিঞ্জ বাহাদুর বর্ত্তমান ঘোর যুদ্ধের বিপুল ব্যয়-সঙ্কুলন করিয়াও যে এ দেশে শিক্ষা-বিস্তারের চেষ্টা করিতেছেন, তজ্জন্য বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন রাজ-প্রতিনিধি মহোদয়ের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

এই তিনটি প্রস্তাব সভাপতি শাস্ত্রী মহাশয় উপস্থাপিত করিলে সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪। বঙ্গভাষা ও বঙ্গসাহিত্যের প্রসারের জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে যে সকল বিধি-ব্যবস্থা হইয়াছে, তজ্জন্য বিশ্ব-বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণকে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন ধন্যবাদ জানাইতেছেন। বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের বিশ্বাস,—বর্ত্তমান সময় বিশ্ববিদ্যালয় দ্বারা বঙ্গভাষা ও বঙ্গসাহিত্যের যথাসম্ভব আরও প্রসার বৃদ্ধি হওয়া সর্ব্বতোভাবে বাঞ্ছনীয়। এই উদ্দেশ্য সাধনের জন্য নিম্নলিখিত উপায়গুলি আপাততঃ সত্বর অবলম্বন করিবার জন্য বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন বিশ্ব-বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণকে অনুরোধ করিতেছেন।

(ক) প্রবেশিকা হইতে বিএ শ্রেণী পর্য্যন্ত ইংরাজী ও সংস্কৃতভাষার ন্যায় বাঙ্গালা ভাষা, বাঙ্গালা-সাহিত্য পঠন-পাঠনের এবং ইংরাজী ও সংস্কৃতভাষার পরীক্ষার ন্যায় বাঙ্গালা ভাষারও পরীক্ষা-গ্রহণের ব্যবস্থা করিতে হইবে।

(খ) প্রবেশিকা ও ইণ্টার-মিডিয়েট পরীক্ষায় ইংরাজী সাহিত্য ব্যতীত অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর ছাত্রগণ ইচ্ছা করিলে বাঙ্গালায় লিখিতে পারিবে।

(গ) অধ্যাপকগণ ইচ্ছা করিলে কলেজে বাঙ্গালা ভাষায় অধ্যাপনা করিতে পারিবেন।

(ঘ) বাঙ্গালা ভাষা ও তৎসংক্রান্ত ভাষা-বিজ্ঞান এম্ এ পরীক্ষায় অন্যতম বিষয়রূপে নির্দ্দিষ্ট হইবে। অন্যান্য প্রাকৃত ভাষাও এই পরীক্ষার শিক্ষার বিষয় বলিয়া গণ্য হইবে।

(ঙ) দর্শন, ইতিহাস, বিজ্ঞান প্রভৃতি বিষয়ে উপযুক্ত ব্যক্তির দ্বারা বাঙ্গালা ভাষায় বক্তৃতা করাইবার ও সেই সমস্ত বক্তৃতা গ্রন্থাকারে ছাপাইবার ব্যবস্থা করিতে হইবে।

প্রস্তাবক—রায় সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ, (কটক)।
সমর্থক—শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ, (কলিকাতা)।

অনুমোদক—শ্রীযুক্ত হেমচন্দ্র সেন এম্ এ, (ঢাকা)।

সভাপতি মহোদয় প্রস্তাব গৃহীত হইল বলিয়া প্রচার করেন।

৫। (ক) সাহিত্য-সম্মিলনের প্রত্যেক অধিবেশনে সাহিত্য-সেবী ও সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রেই যোগ দিতে পারিবেন। এই সাহিত্য-সম্মিলনে যাঁহারা আসিবেন, তাঁহারা সাধারণতঃ নিম্নলিখিত চারি শ্রেণীর লোক হইবেন,—

(ক) প্রতিনিধিবর্গ—বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত প্রতিনিধিবর্গ।

(খ) নিমন্ত্রিত—অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত ব্যক্তিবর্গ।

(গ) সাহিত্যানুরাগী—সাহিত্যানুরাগী যে সকল ব্যক্তি স্বয়ং উপস্থিত হইবেন।

(ঘ) সাধারণ দর্শকবৃন্দ।

(খ) বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত যে সমস্ত প্রতিনিধি সম্মিলনে উপস্থিত হইবেন, তাঁহাদের প্রত্যেককে ২৲ টাকা হিসাবে অভ্যর্থনা-সমিতিতে চাঁদা দিতে হইবে। যাঁহারা এই চাঁদা দিবেন, তাঁহারা নিম্নলিখিত বিশেষ অধিকারগুলি পাইবেন,—

১। সম্মিলনে উপস্থাপিত প্রস্তাবাদি বিচারকালে মতামত প্রদান।

২। সম্মিলনের কার্য্য-বিবরণ এক খণ্ড বিনামূল্যে প্রাপ্তি।

(গ) সাধারণ দর্শকদিগের নিকট কোনরূপ টিকিট বেচিয়া প্রবেশিকা লওয়া হইবে কি না এবং লইতে হইলে কি হারে লইতে হইবে, তাহা যে বৎসর যে স্থানে সম্মিলনের অধিবেশন হইবে, সে বৎসর সেই স্থানের অভ্যর্থনা-সমিতি স্থির করিয়া দিবেন।

(ঘ) যে সমস্ত সাহিত্যিক ও সাহিত্যানুরাগী ব্যক্তি কোন সভা-সমিতিরপ্রতিনিধিরূপে সম্মিলনে আসিবেন অথবা অভ্যর্থনা-সমিতির নিমন্ত্রিত হইয়া আসিবেন, তাঁহারা প্রতিনিধিগণের পূর্ব্বোক্ত দুই অধিকার পাইবেন না, কিন্তু সম্মিলনে বা তাহার কোন শাখায় যে সমস্ত প্রবন্ধ পড়া হইবে, তাহার আলোচনায় যোগদান-পক্ষে কোন বাধা থাকিবে না।

প্রস্তাবক—শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম এ, বি এল (২৪ পরগণা)।

সমর্থক—শ্রীযুক্ত দুর্গাদাস রায় (ভাগলপুর)।

সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৬। হিন্দু ও মুসলমান-লেখকগণ যাহাতে নিজ নিজ প্রাচীন সাহিত্য, ইতিহাস প্রভৃতি হইতে উৎকৃষ্ট উৎকৃষ্ট তত্ত্বপূর্ণ গ্রন্থাদি বাঙ্গালা ভাষায় প্রকাশ করেন এবং তাঁহারা এমন ভাবে গ্রন্থাদি লেখেন, যাহাতে হিন্দু ও মুসলমান-সম্প্রদায়-মধ্যে বিদ্বেষভাব না জন্মিয়া পরস্পরের মধ্যে প্রীতি বর্দ্ধিত হয়, তজ্জন্য এই বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন হিন্দু ও মুসলমান লেখকদিগকে বিশেষ অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী।

সমর্থক—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর।

সর্ব্বসম্মতিক্রমে এই প্রস্তাব গৃহীত হইল।

তাহার পর শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয় প্রস্তাব করিলেন,—

৭। বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন ও বঙ্গীয় প্রাদেশিক সমিতি যাহাতে পরস্পরের অন্তরায় না হইয়া আপন আপন অধিবেশন করিতে পারেন, তাহা বাঞ্ছনীয়। বিভিন্ন ছুটীর সময় অধিবেশন করিয়া অথবা অন্য কোন উপায়ে এই অন্তরায় দূর করিবার জন্য চেষ্টা করা হউক।

মুনসী রওশন আলী চৌধুরী এই প্রস্তাব সমর্থন করিলে এবং শ্রীযুক্ত জলধর সেন অনুমোদন করিলে, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী ও শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত মহাশয় জানাইলেন যে, এইরূপ প্রস্তাব গত বৎসর কলিকাতার সম্মিলনে হইয়াছিল এবং কুমিল্লা হইতে এই সম্পর্কে প্রভিন্শ্যাল কন্ফারেন্সের সভাপতির নিকট হইতে তার পাওয়া গিয়াছিল। কলিকাতার সম্মিলনে এই প্রস্তাবের আলোচনায় দুইটি প্রস্তাব পরিগৃহীত হয় এবং তাহা কুমিল্লার সভাপতিকে তারে জানান হয়। (৭ম সম্মিলনের কার্য্য-বিবরণীতে ২য় ও ৩য় প্রস্তাব দ্রষ্টব্য।)

এই সংবাদ শুনিয়া মহারাজাধিরাজ বাহাদুর ও সারদা বাবু প্রভৃতি কয়েক জন গণ্যমান্য ব্যক্তি অনুরোধ করিলে দেবকুমার বাবু এই প্রস্তাব প্রত্যাহার করিলেন।

৮। আসাম, উড়িষ্যা ও বিহার-যুক্ত-প্রদেশে এবং পঞ্জাবের শিক্ষা-বিভাগের ও বিশ্ব-বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণকে সেই সেই প্রদেশে বঙ্গভাষার সম্ভবতঃ সমধিক প্রচলনের ব্যবস্থা করিবার জন্য অনুরোধ করা হউক।

(ক) এই প্রস্তাব কার্য্যে পরিণত করিবার জন্য রায় সাহেব শ্রীযুক্ত জানকীনাথ বসু, রায় বাহাদুর শ্রীযুক্ত পূর্ণেন্দুনারায়ণ সিংহ, মাননীয় স্যার প্রমদাচরণ বন্দ্যোপাধ্যায় বাহাদুর, স্যার প্রতুলচন্দ্র চট্টোপাধ্যায় রায় বাহাদুর, শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যা-বিনোদ ও শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়কে লইয়া একটি শাখা-সমিতি গঠিত হউক, যতীন্দ্র বাবু ইহার সম্পাদক হউন এবং আবশ্যক হইলে, সমিতি স্বীয় সদস্য-সংখ্যা বৃদ্ধি করিতে পারিবেন।

প্রস্তাবক—মৌলবী মহম্মদ মোজাম্মেল হক (শান্তিপুর)।

সমর্থক—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম এ, বি এল, (কলিকাতা)।

সর্ব্বসম্মতিক্রমে প্রস্তাব গৃহীত হয়।

৯। সমগ্র মানভূম জেলায় আবহমান কাল বাঙ্গালা ভাষা প্রচলিত আছে। এখন উক্ত জেলার ধানবাদ মহকুমায়, বিহার ও উড়িষ্যা গভর্ণমেণ্টের শিক্ষাবিভাগ, পাঠশালাসমূহে বাঙ্গালা ভাষার পরিবর্ত্তে হিন্দী ভাষার প্রচলন করিতেছেন। বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন তদ্বিরুদ্ধে প্রতিবাদ করিতেছেন এবং আশা করেন যে, বিহার ও উড়িষ্যা গভর্ণমেণ্ট শিক্ষাবিভাগের এই ব্যবস্থা রহিত করিয়া ধানবাদ মহকুমার পাঠশালাসমূহে পূর্ব্ববৎ বাঙ্গালা-ভাষা শিক্ষা প্রদান করিবেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত ক্ষেত্রনাথ সেনগুপ্ত (মানভূম)।

সমর্থক—শ্রীযুক্ত দুর্গাদাস রায় (ময়মনসিংহ)।

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় এই প্রস্তাব সম্বন্ধে জানাইলেন যে, এ সকল ব্যাপার সভাসমিতিতে প্রস্তাব করিয়া বিশেষ ফল হয় না। আমি ভার লইতেছি,—এই প্রস্তাব লইয়া আমি বিহার ও উড়িষ্যার ছোটলাট বাহাদুর এবং তাঁহার সেক্রেটারীগণের সঙ্গে দেখা করিয়া যাহাতে এই প্রস্তাব সফল হয়, তাহার চেষ্টা করিব। সারদা বাবুর এই প্রস্তাব সভাপতি মহাশয় অনুমোদন করিলে, ক্ষেত্র বাবু এই প্রস্তাব প্রত্যাহার করিলেন।

১০। বঙ্গভাষা ও সাহিত্যের উন্নতির জন্য দেশমধ্যে বহুসংখ্যক সাধারণ গ্রন্থশালা ও পাঠাগার স্থাপন করিবার জন্য বঙ্গের সমস্ত ডিষ্ট্রীক্ট বোর্ড ও লোক্যাল বোর্ডকে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন অনুরোধ করিতেছেন।

১১। প্রতি বৎসর যে সকল বাঙ্গালা গ্রন্থ প্রকাশিত হয়, বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন দ্বারা সে সকল গ্রন্থের একটি তালিকা সংগৃহীত করিয়া সম্মিলনের বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করা বাঞ্ছনীয়।

এই উদ্দেশ্য কার্য্যে পরিণত করিবার জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে যথোচিত ব্যবস্থা করিতে অনুরোধ করা হউক।

১২। বাঙ্গালা-সাহিত্যের সেবায় নিযুক্ত যে সকল ব্যক্তিকে অর্থ-সাহায্য করা প্রয়োজন বলিয়া বিবেচিত হইবে, এরূপ ব্যক্তিগণকে সহায়তা করিবার উদ্দেশ্যে এই বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের উদ্যোগে একটি ধনভাণ্ডার স্থাপিত হউক।

এই তিনটি প্রস্তাব সভাপতি মহাশয় নিজে প্রস্তাব করিলে সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১৩। আগামী বর্ষের জন্য নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া সম্মিলন-সাধারণ-সমিতি গঠিত হউক,—

প্রস্তাবক—শ্রীযুক্ত যদুনাথ সরকার এম্ এ (পাটনা)।
সমর্থক—গুণালঙ্কার মহাস্থবির (চট্টগ্রাম)।
(নামগুলি পরে দেওয়া হইল।)

অতঃপর কাশিমবাজারের মহারাজ মাননীয় সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর উঠিয়া সভায় জানাইলেন যে, বহু কাল হইতে দৃগ্‌গণিত মিলাইয়া আমাদের হিন্দুর পঞ্জিকা-সংস্কার করা হয় নাই। তাহার প্রধান কারণ, আমাদের জ্যোতির্ব্বিদ্-মতে যন্ত্র-গৃহ নাই। যে দুইটি মানমন্দির (কাশীতে ও জয়পুরে) আছে, তাহাতে আর এখন কাজ হয় না। কাজেই একটি পূর্ণাঙ্গ মান-মন্দির প্রতিষ্ঠা করিতে না পারিলে, হিন্দুর পঞ্জিকা হিন্দু-মতে সংস্কার করিতে পারা যাইবে না। আজ প্রাতঃকালে বিষয়-নির্ব্বাচন-সমিতিতে পণ্ডিত শ্রীযুক্ত প্রাণানন্দ কবিভূষণ ও রায়সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় এম এ, বিদ্যানিধি মহাশয়েরা এ বিষয়ে আলোচনা করিয়াছিলেন। আলোচনায় স্থির হয় যে, হিন্দু-জ্যোতিষ-শাস্ত্র অনুসারে একটা মান-মন্দির প্রতিষ্ঠা করা আবশ্যক। এই একান্ত প্রয়োজনীয় বিষয়টার জন্য জমী, বাড়ী ও যন্ত্রাদির ব্যয় ব্যতীত মাসিক ২০০৲ টাকা খরচে কাজ চলিবে

বলিয়া স্থির হয়। আমি বিষয়টির সমস্ত খরচ দিতে প্রস্তুত আছি। এখন আপনারা উপযুক্ত পণ্ডিতবর্গকে লইয়া এ বিষয়ের আয়োজন অনুষ্ঠানে প্রবৃত্ত হউন।

মহারাজের এই প্রস্তাবে ও বদান্যতায় সকলেই অত্যন্ত কৃতজ্ঞতা জানাইয়া ধন্যবাদ করিতে লাগিলেন।

এই সময়ে বর্দ্ধমানের প্রসিদ্ধ উকীল শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রায় মহাশয় একটি প্রাচীন স্বর্ণমুদ্রা সভাপতি মহাশয়ের হাতে দিয়া জানাইলেন যে, এই মুদ্রাটি তিনি বঙ্গীয়-সাহিত্য-পরিষদে দান করিলেন। মুদ্রাতত্ত্ববিৎ শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় এটি দেখিয়া বলিয়াছেন যে, এটি দুষ্প্রাপ্য এবং নরসিংহ গুপ্তের মুদ্রা। সভাপতি মহাশয় সাহিত্য-পরিষদের পক্ষ হইতে সুরেন্দ্র বাবুকে ধন্যবাদ করিয়া মুদ্রাটি গ্রহণ করিলেন।

এই সময়ে বৈঁচিনিবাসী শ্রীযুক্ত মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য, আপনার প্রণীত "তিনটি পথ" নামক পুস্তকের পাঁচ শত খণ্ড সাহিত্যিকবর্গকে বিতরণের প্রস্তাব করিলে তাহা সাদরে গৃহীত হইল।

অতঃপর আসামের অনেক প্রতিনিধি শ্রীযুক্ত সর্ব্বেশ্বর কটকী মহাশয় অগুরুর ছালে লেখা একখানি রামায়ণের উত্তরকাণ্ডের পুথি দেখাইলেন। আসামের অন্য একজন প্রতিনিধি যোগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দুইটি সংস্কৃত কবিতা পাঠ করেন।

তাহার পর মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর সমস্ত অভ্যাগত, প্রতিনিধি, দর্শক এবং নিমন্ত্রিত ব্যক্তিবর্গের পক্ষ হইতে অভ্যর্থনা-সমিতির আয়োজন-সেবা এবং আদর-আপ্যায়নের জন্য উপযুক্ত ভাষায় ধন্যবাদ করিলেন। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, শ্রীযুক্ত বিজয়লাল দত্ত, গৌহাটীর শ্রীযুক্ত সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং মেদিনীপুরের শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দাস মহাশয়গণ এই প্রস্তাবের সমর্থন করেন।

তাহার পর শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় উঠিয়া জানাইলেন যে, যদিও যশোহরের মুখপাত্র রায় বাহাদুর শ্রীযুক্ত যদুনাথ মজুমদার বেদান্ত-বাচস্পতি মহাশয় কালই যশোহরের পক্ষ হইতে নিমন্ত্রণ করিয়া গিয়াছেন, তথাপি শেষ দিনে নিমন্ত্রণ করাটাই যখন প্রথাসিদ্ধ, তখন আমি সেই নিমন্ত্রণের পুনরুল্লেখ করিতেছি। ললিত বাবুর নিমন্ত্রণ সকলেই আনন্দের সহিত গ্রহণ করিলেন।

অতঃপর অভ্যর্থনা-সঙ্গীত-সমিতির অন্যতম গায়ক শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ বাগচী সুস্বরে উচ্চকণ্ঠে শ্রীযুক্ত কালিদাস রায় বি এ মহাশয়ের রচিত "বিদায়" সঙ্গীতটি গাহিলেন।

অতঃপর বর্দ্ধমানবাসীর পক্ষ হইতে, অভ্যর্থনা-সমিতির পক্ষ হইতে এবং বর্দ্ধমানের মহারাজরূপে মহারাজাধিরাজ সার বিজয়চাঁদ মহাতাপ বাহাদুর সমাগত ভদ্রলোকদিগের নিকট নানাবিধ সেবা-ত্রুটি জানাইলেন।

নবম বার্ষিক সাধারণ-সম্মিলন-সমিতি

কলিকাতা

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এম্‌এ
শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম এ, বিএল্‌
মাননীয় শ্রীযুক্ত ডাঃ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী
শ্রীযুক্ত ডাঃ প্রফুল্লচন্দ্র রায় সি আই ই
„ রায় রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর
„ প্রফুল্লনাথ ঠাকুর
„ কুমার অরুণচন্দ্র সিংহ
„ রাধাকুমুদ মুখোপাধ্যায় এম্ এ
„ ললিতচন্দ্র মিত্র এম্ এ
„ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বিএ
„ মৌঃ মণিরুজ্জমান
„ „ মহম্মদ আকরাম খাঁ
„ „ নূর আহম্মদ
„ জলধর সেন
„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বিএ

২৪ পরগণা

শ্রীযুক্ত চারুচন্দ্র মুখোপাধ্যায়
মৌঃ মহম্মদ কে চাঁদ
ডাঃ আবদুল গফুর সিদ্দিকী

হুগলী

শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার বিএ
„ অম্বিকাচরণ গুপ্ত
„ কুমার ক্ষিতীন্দ্রদেব রায়
„ দুর্গাদাস লাহিড়ী
„ আশুতোষ দাশগুপ্ত মহলানবীস

বর্দ্ধমান

মাননীয় মহারাজাধিরাজ বাহাদুর
রাজা শ্রীযুক্ত বনবিহারী কপূর সাহেব
শ্রীযুক্ত দেবেন্দ্রবিজয় বসু এম্‌এ, বিএল
„ জ্যোতিঃপ্রসাদ সিংহ
শ্রীযুক্ত উপেন্দ্রনাথ নাগ এল এম্ এস্
„ সন্তোষকুমার বসু
„ শ্রীহর্ষ মুখোপাধ্যায় বি এল
„ দেবেন্দ্রনাথ সরকার
„ দেবেন্দ্রনাথ মিত্র

বীরভূম

মহারাজ কুমার শ্রীযুক্ত মহিমানিরঞ্জন চক্রবর্ত্তী
শ্রীযুক্ত নির্ম্মলশিব বন্দ্যোপাধ্যায়
„ শিবরতন মিত্র
„ তারকচন্দ্র রায় বিএ

মেদিনীপুর

কুমার শ্রীযুক্ত দেবেন্দ্রলাল খাঁ
শ্রীযুক্ত মনীষিনাথ বসু
„ সত্যেন্দ্রনাথ বসু
„ মহেন্দ্রনাথ দাস
„ জ্ঞানেন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় কবিরত্ন

বাঁকুড়া

শ্রীযুক্ত উপেন্দ্রনাথ বি এল্
„ রামনাথ মুখোপাধ্যায়

মুর্শিদাবাদ

শ্রীযুক্ত মহারাজ সার্ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর
„ রাধাকমল মুখোপাধ্যায় এম্ এ
„ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
„ দেবেন্দ্রনারায়ণ রায়

যশোহর

রায় শ্রীযুক্ত যদুনাথ মজুমদার বাহাদুর এম্ এ, বিএল্
শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ
„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বিএ
কুমার সতীশকণ্ঠ সিংহ রায়

নদীয়া

মহারাজ শ্রীযুক্ত ক্ষৌণীশচন্দ্র রায়
শ্রীযুক্ত বীরেশ্বর সেন
" হেমচন্দ্র সরকার এম্ এ
" মৌঃ মোজাম্মেল হক্
" ভবেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
" আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ
" বিভূতিভূষণ মজুমদার

খুলনা

শ্রীযুক্ত কালীপ্রসন্ন দাশগুপ্ত এম্এ
" সতীশচন্দ্র মিত্র বিএ
" গোপালচন্দ্র মুখোপাধ্যায়

বরিশাল

শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী
" নিবারণচন্দ্র দাসগুপ্ত এম্এ, বিএল্
" প্রতাপচন্দ্র মুখোপাধ্যায়

ফরিদপুর

শ্রীযুক্ত আনন্দনাথ রায়
" মৌঃ রওশন আলি চৌধুরী

ঢাকা

শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মজুমদার এম্ এ
" উপেন্দ্রচন্দ্র গুহ
" অনুকূলচন্দ্র সরকার
" নলিনীকান্ত ভট্টশালী এম্ এ
" যোগেন্দ্রনাথ গুপ্ত
" যতীন্দ্রমোহন রায়

ময়মনসিংহ

মহারাজ কুমুদচন্দ্র সিংহ বিএ
শ্রীযুক্ত গোপালদাস চৌধুরী
" রাজা জগৎকিশোর আচার্য্য চৌধুরী
কেদারনাথ মজুমদার এম্ আর্ এ এস্
দুর্গাদাস রায় বি এল্

ত্রিপুরা

কুমার শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র দেববর্ম্মা
শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র দেববর্ম্মা
" অনুকূলচন্দ্র রায়

নোয়াখালী

সম্পাদক নোয়াখালী-সম্মিলনী

চট্টগ্রাম

রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই
" শ্রীযুক্ত নবীনচন্দ্র দত্ত বাহাদুর
শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন বি এল্
" বিপিনবিহারী নন্দী বি এল্
" ত্রিপুরাচরণ চৌধুরী

পার্ব্বত্য চট্টগ্রাম

শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ বিএ

শ্রীযুক্ত রজনীরঞ্জন দেব বিএ
" অপূর্ব্বচন্দ্র দত্ত বিএ
" অচ্যুতচরণ চৌধুরী

কাছাড়

শ্রীযুক্ত ভুবনমোহন ভট্টাচার্য্য
" জগন্নাথ দেব

গৌহাটী

শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য এম্ এ
" বনমালী বেদান্ততীর্থ
" সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
" হেমচন্দ্র দেব গোস্বামী এম্ এ
" ভুবনমোহন সেন এম্ এ
" কালীচরণ সেন

গোয়ালপাড়া

রাজা শ্রীযুক্ত প্রভাতচন্দ্র বড়ুয়া
শ্রীযুক্ত দ্বিজেশচন্দ্র চক্রবর্ত্তী এম্এ, বি এল্

কুচবিহার

কুমার শ্রীযুক্ত নিত্যেন্দ্রনারায়ণ বাহাদুর
শ্রীযুক্ত কোকিলেশ্বর ভট্টাচার্য্য এম্ এ
" চৌধুরী আমানতুল্লা আহম্মদ

রঙ্গপুর

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন, কবি-সম্রাট্
শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ
" ভবানীপ্রসন্ন লাহিড়ী কাব্য-ব্যাকরণতীর্থ
" সেখ রেয়াজুদ্দীন আহম্মদ
রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র চট্টোপাধ্যায় বাহাদুর

বগুড়া

শ্রীযুক্ত সুরেশচন্দ্র দাশগুপ্ত
" হরগোপাল দাসকুণ্ডু

পাবনা

শ্রীযুক্ত জগদীশচন্দ্র রায়
" সতীশচন্দ্র রায় এম্ এ
" সুরেশচন্দ্র সেনগুপ্ত

দিনাজপুর

মহারাজ সার শ্রীযুক্ত গিরিজানাথ রায়
শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ চক্রবর্ত্তী এম্ এ, বি এল্
" বরদাকান্ত বিদ্যারত্ন

মালদহ

শ্রীযুক্ত হরিদাস পালিত
" রজনীকান্ত চক্রবর্ত্তী
" বিপিনবিহারী ঘোষ বি এল্
" নলিনীকান্ত বসু

পূর্ণিয়া

শ্রীযুক্ত জ্যোতিষচন্দ্র ভট্টাচার্য্য এম্ এ, বিএল্
" রায় নিশিনাথ সেন বাহাদুর

রাজসাহী

মাননীয় মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায়
কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ
" অক্ষয়কুমার মৈত্রেয় বি এল্
" রমাপ্রসাদ চন্দ বিএ
" রাধাগোবিন্দ বসাক এম্ এ
" পঞ্চানন নিয়োগী এম্ এ

মানভূম

শ্রীযুক্ত জ্যোতির্ম্ময় চট্টোপাধ্যায় এম্ এ, বি এল্
" ক্ষেত্রনাথ সেনগুপ্ত বি এল্
" হরিনাথ ঘোষ

কটক

রায়সাহেব শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এমএ

ভাগলপুর

শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি এল্
" দুর্গাদাস রায়

বাঁকীপুর

রায় শ্রীযুক্ত পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুর এম এ, বি এল
শ্রীযুক্ত যদুনাথ সরকার এম্ এ
" যোগীন্দ্রনাথ সমাদ্দার বিএ
" রাখালরাজ রায় বি এ

কাশী

শ্রীযুক্ত ললিতমোহন মুখোপাধ্যায়

দিল্লী

শ্রীযুক্ত ললিতমোহন চট্টোপাধ্যায়
" পুরুষোত্তম সিংহ বি এ
" সরোজনাথ বাগচি

মিরাট

শ্রীযুক্ত কালীপদ বসু বি এল্
" নবকৃষ্ণ রায় বি এ

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের

নিয়মাবলী

১। এই সম্মিলন "বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন" নামে অভিহিত হইবে।

২। সুধীগণের মধ্যে ভাব-বিনিময়, বিবিধ শাস্ত্রের আলোচনা ও প্রচার, বাঙ্গালা দেশ ও বাঙ্গালী-জাতি সম্বন্ধে স্থানীয় অনুসন্ধান দ্বারা সর্ব্ববিধ তথ্য নির্ণয় এবং জনগণের মধ্যে সাহিত্যানুরাগ ও জ্ঞানের বিস্তার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের উদ্দেশ্য বলিয়া পরিগণিত হইবে।

৩। সাহিত্য-সম্মিলনের প্রত্যেক অধিবেশনে সাহিত্যসেবী ও সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রই যোগ দিতে পারিবেন। এই সাহিত্য-সম্মিলনে যাঁহারা আসিবেন, তাঁহারা সাধারণতঃ নিম্নলিখিত চারি শ্রেণীর লোক হইবেন,—

(ক) প্রতিনিধি—বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত প্রতিনিধিবর্গ।

(খ) নিমন্ত্রিত—অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত ব্যক্তিবর্গ।

(গ) সাহিত্যানুরাগী—যে সকল সাহিত্যানুরাগী ব্যক্তি স্বয়ং উপস্থিত হইবেন।

(ঘ) সাধারণ দর্শকবৃন্দ।

৪। বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত যে সমস্ত প্রতিনিধি সম্মিলনে উপস্থিত হইবেন, তাঁহাদের প্রত্যেককে ২৲ দুই টাকা হিসাবে অভ্যর্থনা-সমিতিতে চাঁদা দিতে হইবে। যাঁহারা এই চাঁদা দিবেন, তাঁহারা নিম্নলিখিত বিশেষ অধিকারগুলি পাইবেন,—

(ক) সম্মিলনে উপস্থাপিত প্রস্তাবাদি বিচারকালে মতামত প্রদান।

(খ) সম্মিলনের কার্য্য-বিবরণ এক খণ্ড বিনামূল্যে প্রাপ্তি।

৫। যে সমস্ত সাহিত্যিক ও সাহিত্যানুরাগী ব্যক্তি কোন সভা-সমিতির প্রতিনিধি-রূপে সম্মিলনে আসিবেন না, অথবা যাঁহারা অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া আসিবেন, তাঁহারা প্রতিনিধিগণের পূর্ব্বোক্ত দুই অধিকার পাইবেন না, কিন্তু সম্মিলনে বা তাহার শাখায় যে সমস্ত প্রবন্ধ পড়া হইবে, তাহার আলোচনায় যোগদান পক্ষে কোন বাধা থাকিবে না।

৬। এই সম্মিলনের অধিবেশন প্রতি বৎসর ভিন্ন ভিন্ন স্থানে হইবে। সাধারণতঃ কোন্ বৎসর কোন্ স্থানে সম্মিলনের অধিবেশন হইবে, তাহা পূর্ব্ববর্ত্তী অধিবেশনেই স্থির করিতে হইবে।

৭। সম্মিলনের সমস্ত কার্য্য বাঙ্গালা-ভাষায় নির্ব্বাহিত হইবে। তবে যদি কেহ বাঙ্গালা-ভাষায় স্বীয় বক্তব্য প্রকাশ করিতে অক্ষম হন, তবে সভাপতি মহাশয় ইচ্ছা করিলে, তাঁহাকে তাঁহার ইচ্ছামত ভাষায় তাঁহার মনোভাব প্রকাশ করিতে দিতে পারিবেন।

৮। এই সম্মিলনের সমস্ত কার্য্য পরিচালনের জন্য প্রতি বৎসর অন্যূন ৬০ জনকে

লইয়া "সাধারণ-সম্মিলন-সমিতি" নামে একটি সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর সম্মিলনের শেষ বৈঠকে পরবর্ত্তী বৎসরের জন্য উক্ত সাধারণ-সম্মিলন-সমিতির সদস্যগণ নির্ব্বাচিত হইবেন।

৯। এই সম্মিলনের কার্য্য নির্ব্বাহার্থ উক্ত সদস্যগণ অথবা তাঁহাদের মধ্যে যাঁহারা উপস্থিত থাকিবেন, তাঁহারা, সম্মিলনের সেই অধিবেশনেই কিংবা তাহার পর এক মাসের মধ্যে, আপনাদের মধ্য হইতে দশ জনকে নির্ব্বাচন করিবেন এবং ঐ দশ জন সদস্য বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সহিত যুক্ত হইয়া "সম্মিলন-পরিচালন-সমিতি" নামে সম্মিলনের যাবতীয় কার্য্য পরিচালন করিবেন। আবশ্যক হইলে, সম্মিলন-পরিচালন-সমিতি সাধারণ-সম্মিলন-সমিতির সহিত পরামর্শ করিয়া কার্য্য করিবেন।

(ক) সম্মিলন-পরিচালন-সমিতি, পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মানুসারে চলিবে এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সম্পাদকই 'সাধারণ-সম্মিলন-সমিতি' এবং 'সম্মিলন-পরিচালন-সমিতি' এতদুভয়ের সম্পাদকতা করিবেন।

(খ) কোন সম্মিলনের সভাপতি তাঁহার সভাপতিত্বে নির্ব্বাচনের সময় হইতে পরবর্ত্তী সম্মিলনের অধিবেশনে অন্য সভাপতির নির্ব্বাচন পর্য্যন্ত সাধারণ-সম্মিলন-সমিতির সভাপতি থাকিবেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভাপতি সম্মিলন-পরিচালন-সমিতির সভাপতিরূপে গণ্য হইবেন। তাঁহাদের অভাব হইলে, উপস্থিত সদস্যবর্গের মধ্যে যে কেহ সভাপতিরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন।

১০। যে বৎসর যে স্থানে এই সম্মিলনের অধিবেশন হইবে, সেই স্থানের অধিবাসিগণ সাধারণতঃ পূর্ব্ব-সম্মিলনের অধিবেশনের পর তিন মাস মধ্যে, সম্মিলন-সম্বন্ধীয় স্থানীয় সমস্ত কার্য্য সুচারুরূপে নির্ব্বাহার্থ, একটি অভ্যর্থনা-সমিতি গঠন করিবেন।

১১। নিম্নলিখিত কার্য্যগুলি অভ্যর্থনা-সমিতির কর্ত্তব্য মধ্যে গণ্য হইবে ;—

(ক) সম্মিলনের সময়-নির্দ্ধারণ।

(খ) সম্মিলনে যোগ দিবার জন্য সাহিত্যসেবীদিগকে ও সাহিত্য-সমিতিসমূহকে নিমন্ত্রণ।

(গ) উপস্থিত ব্যক্তিগণের অভ্যর্থনা, বাসাদির ব্যবস্থা এবং তাহার ব্যয়-নির্ব্বাহ।

(ঘ) সাধারণ দর্শকদিগের নিকট কোনরূপ টিকিট বেচিয়া প্রবেশিকা লওয়া হইবে কি না এবং লইতে হইলে কি হারে লইতে হইবে, তাহা স্থির করা।

(ঙ) সম্মিলনের সভাপতি-নির্ব্বাচন।

(চ) সম্মিলনের আলোচ্য বিষয় ও কার্য্য-প্রণালী নির্দ্ধারণ।

(ছ) সম্মিলনে সর্ব্ববিধ শৃঙ্খলা-রক্ষার ব্যবস্থা।

(জ) অধিবেশনের অন্ততঃ দুই মাস পূর্ব্বে সম্মিলন-পরিচালন-সমিতির সম্মতি লইয়া নানা স্থানে প্রচলিত সংবাদপত্রে নির্দ্ধারিত সময় ঘোষণা।

(ঝ) অধিবেশনের অন্ততঃ তিন মাস পূর্ব্বে আলোচনার জন্য বিবিধ বিষয়ে প্রবন্ধ ও প্রস্তাবাদি পাঠাইতে সাধারণকে আহ্বান।

(ঞ) যে স্থানে সম্মিলনের অধিবেশন হইবে, সেই প্রদেশ সম্বন্ধীয় স্থানীয় তত্ত্বপূর্ণ প্রবন্ধ ও বিবরণাদি সংগ্রহ।

(ট) সম্মিলনের সম্পূর্ণ কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া অনুমোদনার্থ সম্মিলন-পরিচালন-সমিতিতে অধিবেশনের পর দুই মাস মধ্যে প্রেরণ ও তাহা প্রকাশার্থ অর্থ সংগ্রহের ব্যবস্থা।

অভ্যর্থনা-সমিতি এই সমস্ত কার্য্য সম্বন্ধে ও আলোচ্য বিষয়াদি নিরূপণে সম্মিলন-পরিচালন-সমিতির সহিত আবশ্যকমত পরামর্শ করিয়া কার্য্য করিবেন।

১২। অভ্যর্থনা-সমিতি কর্তৃক যাঁহারা প্রবন্ধ রচনার জন্য আহূত হইবেন বা তথ্য-সংগ্রহে নিযুক্ত হইবেন, তাঁহাদিগকে স্ব স্ব রচনা ও সংগৃহীত বিষয়াদি সম্মিলনের অধিবেশনের অন্ততঃ এক পক্ষ পূর্ব্বে অভ্যর্থনা-সমিতির সম্পাদকের নিকট পাঠাইয়া দিতে হইবে।

১৩। অন্যূন দুই দিন এই সম্মিলনের অধিবেশন হইবে। যদি প্রয়োজন হয় এবং সময়ের সুবিধা থাকে, তবে দুই দিনের অধিক দিনও অধিবেশন হইতে পারিবে; তবে তাহা প্রথম হইতেই বিজ্ঞাপিত করিতে হইবে।

১৪। অধিবেশনের অব্যবহিত পূর্ব্বে নির্ব্বাচিত সভাপতি উপস্থিত সভ্যগণ অথবা তাঁহাদের প্রতিনিধিগণকে লইয়া বিষয়-নির্ব্বাচন-সমিতি গঠন করিবেন। এই সমিতি আলোচ্য বিষয়গুলির সময়োচিত আলোচনা ও আবশ্যক হইলে সম্ভবমত পরিবর্ত্তনাদি করিতে পারিবেন।

১৫। কার্য্যের সুবিধার্থ এই সম্মিলনের কার্য্য আলোচ্য বিষয়ানুসারে নিম্নলিখিত ৪ ভাগে বিভক্ত হইতে পারিবে। প্রয়োজন ও সুবিধা হইলে একই সময়ে একাধিক শাখার অধিবেশন হইতে পারিবে।

(ক) সাহিত্য-শাখা (কাব্য, ভাষাতত্ত্ব, প্রাচীন সাহিত্য প্রভৃতি)।

(খ) দর্শন-শাখা।

(গ) ইতিহাস-শাখা (ইতিহাস, সমাজতত্ত্ব, প্রত্ন-তত্ত্ব প্রভৃতি)।

(ঘ) গণিত ও বিজ্ঞান-শাখা (গণিত, জ্যোতিষ, পদার্থ-বিজ্ঞান, জীব-বিজ্ঞান, ভূবিদ্যা, শিল্প, চিকিৎসা-বিদ্যা প্রভৃতি)।

১৬। বিষয়-নির্ব্বাচন-সমিতি উক্ত চারি বিভাগের কার্য্য সুশৃঙ্খলের সহিত নির্ব্বাহের ভার কতকগুলি বিশেষজ্ঞের প্রতি দিতে পারিবেন। এতদ্ভিন্ন—

(ক) প্রাপ্ত প্রবন্ধ ও রচনাদি হইতে সম্মিলনে পাঠের জন্য প্রবন্ধাদি নির্ব্বাচন করিবেন।

(খ) পাঠ্য প্রবন্ধের আকার বিবেচনায় পাঠের সময় পরিমিত করিয়া দিবেন।

১৭। নিম্নলিখিত কার্য্যগুলি সম্মিলন-পরিচালন-সমিতির কর্ত্তব্যমধ্যে গণ্য হইবে,—

(ক) পূর্ব্ব-সম্মিলনে নির্দ্ধারিত প্রস্তাব এবং স্থানীয় অভ্যর্থনা-সমিতি বা অপর কোন সমিতি কিংবা কোন বিশেষ কার্য্য সম্পাদনের উদ্দেশে সম্মিলনের বৈঠকে গঠিত কোন বিশেষ সমিতির প্রতি যে সকল কার্য্যভার অর্পিত হইবে, সেই সমস্ত বিষয় কার্য্যে পরিণত করিবার চেষ্টা ও পরবর্ত্তী সম্মিলনে তাহাদের ফলাফল জ্ঞাপন।

(খ) সম্মিলনের অধিবেশনের পর ছয় মাস মধ্যে তাহার কার্য্য-বিবরণ মুদ্রণ-ব্যবস্থা।

১৮। অভ্যর্থনা-সমিতি ও কার্য্যের ভার-প্রাপ্ত অপরাপর সমিতি আপন আপন কার্য্য সম্পন্ন করিয়া, তাহার বিস্তৃত বিবরণ পরবর্ত্তী সম্মিলনে উপস্থাপিত করিবার জন্য আগামী অধিবেশনের অন্ততঃ দুই মাস পূর্ব্বে সম্মিলন-পরিচালন-সমিতির সম্পাদককে পাঠাইয়া দিবেন।

১৯। এই সম্মিলনের অধিবেশনের সঙ্গে সঙ্গে যাহাতে প্রাদেশিক সাহিত্য, পুরাতত্ত্ব, প্রাকৃতিক-বিজ্ঞান, প্রত্ন-তত্ত্ব প্রভৃতি সংক্রান্ত ও তদ্বিধ অন্যান্য দ্রব্য সংগৃহীত হইয়া প্রদর্শনীর আকারে প্রদর্শিত হয়, সে জন্য অভ্যর্থনা-সমিতি যত্ন করিবেন।

২০। এই প্রদর্শনীতে সংগৃহীত দ্রব্যাদি যাহাতে সুরক্ষিত হয়, সম্মিলন-পরিচালন-সমিতি অভ্যর্থনা-সমিতির সাহায্যে তাহার ব্যবস্থা করিবেন।

২১। আবশ্যক হইলে, সম্মিলন-পরিচালন-সমিতি ও সাধারণ-সম্মিলন-সমিতি একযোগে এই সকল নিয়মের পরিবর্ত্তন, পরিবর্দ্ধন ও পরিবর্জ্জন করিতে পারিবেন, কিন্তু সে সমস্ত অব্যবহিত পরবর্ত্তী সম্মিলনের অধিবেশনে অনুমোদিত করাইয়া লইতে হইবে।

২২। কোন ধর্ম্ম, সমাজ ও রাজনীতি সম্বন্ধে এই সম্মিলনে আলোচনা হইবে না।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ও পরিষৎ-চিত্রশালা সম্বন্ধে কতিপয় অভিমত

(১)

I have just seen 3 bronzes in this small museum which it would be impossible to match, I think, anywhere in the world. I cannot conceive anything more noble and beautiful to exist than these 3 figures, and I think the day will come when full justice will be done to the genius of the people which has produced them and so many other admirable things.

(Sd.) William Rothenstein
PRESIDENT, SOCIETY OF INDIA,
Great Britain and Ireland.

February 21-1911.

(২)

I was much interested in the collection of antiquities in the possession of the Vangiya Sahitya Parishad. Some of the bronze figures

are quite unique and do immense credit to Mr. R. S. Trivedi, the Honorary Secretary of the Association, who discovered them and presented them to the Society. The Coin collection includes a large number of rare gold coins ranging in date from the Kushana to the late Muhammadan period. * * I hope that the collection will increase. I wish it success. I am very grateful to Mr. R. D. Banerji for showing me this interesting collection of antiquities.

(Sd.) Dayaram Sahni (M.A.)
2-7-11. Asst. Supdt. Archæological Survey.

(৩)

I was much interested to see the valuable collection which the Sahitya Parishad possesses, of ancient coins and statues etc. The Parishad now possesses also a fine building and library,—thanks to the munificence of some noblemen of Bengal—and I trust the Parishad will continue its career of useful researches in the domain of Indian antiquities. I wish the institution all the success and prosperity which it richly deserves.

(Sd). Sri C. Bhanj Deo,
23-7-11. Maharaj Mayurbhanj.

(৪)

I put my signature here only to place on record my admiration for the good work done by the Parishad in its different departments and specially in that in charge of my worthy young freind, Mr. R. D. Banerjee.

23-7-11. (Sd.) Gooroo Dass Banerjee.

(৫)

I heartily wish the institution every success.

13th Sptr. 19911. (Sd.) Madan Mohan Malaviya.
(Sd.) Ganga Prosad Varma.
(Sd.) Mangla Prosad (M.A.)

(৬)

My wife and I visited the museum on Saturday the 27th January at the kind invitation of Mr. Satyendra Nath Tagore and were much pleased and interested with all we saw. The collection of architectural remains, ancient Mss. and bronzes especially interested us. The three bronzes referred to by M. Rotnenstein in his note are perfect gems and I think photogravures of them with a desc iption might be

published. The Indian Society of Oriental Art, of which I am President, would be very grateful for such a monograph.

(Sd.) H. Holmwood

March 13th, 1912. (Judge Calcutta High Court).

(৭)

Art begins where language ends—as the image upstairs, and the two bronzes have proven to me and will prove to anyone who has the eyes to see,

(Sd.) M. N. Sterne,

March 20th, 1912. (of the Indian Society of Oriental Art).

(৮)

I visited the Bangiya Sahitya Parishad to-day. Mr. Trivedi showed me the manuscripts, old statues, old books, and I am of opinion that the Institution is doing much useful work for the improvement of Bengali.

(Sd.) P. Mukerji,
Indian Educational Service.

(৯)

I have visited the building of this Parishad and seen the rich collections of antiquities and Mss. with the greatest interest. May the noble effort through which the members of the Parished contribute to the developement and life of Bengali literature, be crowned with fullest success:

(Sd.) H. Oldenberg.

Feb. 1st. 1913.

(১০)

3, Middleton Row, 18 Feb. 1912.

Dear Babu Satyendra Nath Tagore,

* * * I am certainly very interested in the Exhibition held by the Bangiya Sahitya Parishad. The society has already a remarkable collection of ancient sculptures, copper figures, Mss. and other objects of ancient literature and art, which are, I was told, being added to, day by day. In particular, some copper-gilt figures I saw appeared to me to be unique both as regards rarety and beauty. I hope the society may be in a position to erect a building suitable for the reception of its valuable collections. I trust, however, that if this be done opportunity will be availed of to secure a suitable architectural design and the aid of Indian artists for the interior decoration of a permanent character of the hall in which the exhibits are shown. For instance, as regards the latter point the hall might show copies of ancient

Indian frescoes and secure other suitable colouring and decoration of an Indian character, * * * * I see the notice speaks of the possibility of a National Museum. If by this is meant Bengali—I think the aim is an admirable one. It is the same as that which had been so well carried out in the museum at Arles founded by the great Provencal Poet, Mistrace. His aim has been to collect all that was illustrative of the past life of Provence which is his country and whose language his own poems have preserved. I wish you all success ; for the project, if carried out on lines indicated, will force to conquer the apathy which exists on these matters.

I remain, with kind regards,
Yours sincerely
(Sd) John E. Woodroff
(Judge, Calcutta High Court)

(১১)

I am very glad to have had an opportunity of seeing over the Parishad and the library, paintings and archaeological antiquities which it contains. Ma^ry of the latter are of unusual beauty as well as of considerable scientific interest and should form nucleus of provincial museum, of great value I hope the efforts of the members to bring together further collections will be successful for it is only by this means that the past is revealed, and the advancement of knowledge in the present, prospered.

J. Coygin Brown
13-5-14 Curator, Geological Survey of India.

(১২)

I came to the museum of the Bangiya Sahitya Parishad to-day to compare a Hindu coin of the middle ages in the possession of the society with one in my cabinet. I was afterwards shown round the collection of images and Mss. by the officers of the Society. I was very glad to have the opportunity of visiting the museum and seeing what is going on. I trust it will be soon possible to sort out the coins in the Society's possession and issue a prop er catalogue............ I am told that there is a scheme for extending the museum. This will be of great use, as it will enable the exhibits in the u pper storey to be arranged to the best advantage especially as regards locality of just spot.

K. Stapleton,
Inspector of Schools, Dacca Divn.
20-11-14. and Hon. Secretary, Dacca Museum.

৺ পিয়ারীচাঁদ মিত্রের শততম জন্মোৎসব

গত ৬ই শ্রাবণ, বুধবার ৺পিয়ারীচাঁদ মিত্র (টেকচাঁদ ঠাকুর) মহাশয়ের শততম জন্মদিন উপলক্ষ্যে পরিষদের এক বিশেষ অধিবেশন হইয়াছিল। সভাপতি মহাশয় উপস্থিত না থাকায় শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল মহাশয়ের সমর্থনে প্রবীণ নাট্যকার শ্রীযুক্ত অমৃতলাল বসু মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়া বলিলেন,—আজ যে মহাত্মার শততম জন্মের দিনে সভা হইতেছে, তাঁহার প্রতি আমার প্রভূত সম্মান ও শ্রদ্ধা থাকিলেও আমা অপেক্ষা বয়োজ্যেষ্ঠ, বিজ্ঞ ব্যক্তিগণের মধ্যে কেহ সভাপতি হইলে শোভন হইত,—অশোভন হইলেও সভার আদেশ আমার শিরোধার্য্য।

তৎপরে সুকবি, হুগলীর জজ শ্রীযুক্ত বরদাচরণ মিত্র এম্ এ, সি এস্ মহাশয় উপস্থিত হইতে না পারিয়া যে পত্র লিখিয়াছিলেন, তাহা পড়া হইল।

তৎপরে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় সভার উদ্দেশ্য জ্ঞাপন করিয়া বলিলেন, যাঁহারা বর্ত্তমান বাঙ্গালা সাহিত্যের গদ্যের ভাষা গড়িয়া গিয়াছেন, ৺পিয়ারীচাঁদ তাঁহাদের মধ্যে অন্যতম। টেকচাঁদ ঠাকুর নাম লইয়া তিনি যে কয়খানি বহি লিখিয়া গিয়াছেন, তাহা হইতে "পণ্ডিতী বাঙ্লা"র সংস্কার করিবার পথ পাওয়া গিয়াছিল। তিনি ১২২১ সালের এই এমন দিনে ভূমিষ্ঠ হইয়াছিলেন। যে ব্যঙ্গ-বিদ্রূপের রসে সে কালের সাহিত্যে পিয়ারীচাঁদ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন, এ কালের সাহিত্যে সেই ব্যঙ্গ-বিদ্রূপের রস-রচনায় অন্যতম শ্রেষ্ঠ রহস্য-পটু অমৃতলালকে আজ আমরা সভাপতি-রূপে পাইয়াছি। তাঁহার নেতৃত্বে সভার কার্য্য বেশ ভাল রূপেই চলিবে। ৺ পিয়ারী-চাঁদ বাঙ্গালা ১২২১ সালের ৮ই শ্রাবণ তারিখে এবং ইংরাজী ১৮১৪ খৃষ্টাব্দের ২২শে জুলাই তারিখে জন্ম গ্রহণ করেন। আর বাঙ্গালা ১২৮৭ সালের ২১শে অগ্রহায়ণ তারিখে ও ইংরাজী ১৮৮৩ সালের ২৩শে নবেম্বর তারিখে তাঁহার মৃত্যু হয়।

তাহার পর মহামহোপাধ্যায় ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এচ ডি মহাশয় বলিলেন,—৺ পিয়ারীচাঁদ মিত্র বাঙ্গালা সাহিত্যের গঠনকালে একজন অগ্রণী ছিলেন। বাঙ্গালা সাহিত্যে তাঁহার স্থান চিরদিনই অনেক উচ্চে থাকিবে। তাঁহার 'আলালের ঘরের দুলাল' প্রভৃতি গ্রন্থে নানা সমাজের সুস্পষ্ট চিত্র পাওয়া যায়। আজ পিয়ারীচাঁদের শত বর্ষের জন্মদিনে বড় একটা উৎসব না করিয়া ইঁহাদের মত লোকের জন্মোৎসব বছরে বছরে করিলে ভাল হয়।

শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি বলিলেন,—পূর্ব্বকালের স্বদেশ-ভক্তগণের মধ্যে টেকচাঁদ অন্যতম। তিনি শুধু সাহিত্যক্ষেত্রে নহে, সর্ব্ব ক্ষেত্রেই বরেণ্য ছিলেন। তাঁহার অন্য কাজের কথা ছাড়িয়া দিয়া, তিনি কেবলমাত্র সাহিত্যের জন্য যাহা করিয়া গিয়াছেন, কেবল তাহাই যথেষ্ট। বঙ্কিমচন্দ্রের এই কথা ঘোষিত হইবার সময় আসিয়াছে। আলালের ভাষায় তিনি ঘরের কথা লইয়া দেশের ছবি আঁকিয়া গিয়াছেন।

মৌলিক বাঙ্গালা উপন্যাস সৃষ্টিই তাঁহার মহৎ কার্য্য। তাঁহার সাহিত্য-সেবা-প্রণালী পরতন্ত্রমূলক নহে, তাহা স্বতন্ত্র। "আলালী" ভাষা সম্বন্ধে তখনকার কলিকাতা রিভিউ তাঁহাকে Ditcher বলিয়া উপহাস করিয়াছিলেন। সাহিত্যে মহাপুরুষ পিয়ারীচাঁদের ইঙ্গিত মানিয়া চলিলে ভাল হয়। বিদেশী ভাবে অনুপ্রাণিত সাহিত্যে কি উপকার হইবে? আসুন, সকলে মিলিয়া পিয়ারীচাঁদকে স্মরণ করিয়া বলি,—'তোমারি চরণ, করিয়া শরণ, চলিব তোমারি পথে'।

অতঃপর শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ ৺পিয়ারীচাঁদ সম্বন্ধে একটি চতুর্দ্দশপদী কবিতা পাঠ করিলেন।

তৎপরে শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন এম্‌এ, বিএল্ মহাশয় বলিলেন,—টেকচাঁদ ১০০ বৎসর পূর্ব্বে জন্মগ্রহণ করেন, তাহার পর কত পরিবর্ত্তন হইয়া গেল। সাহিত্যক্ষেত্রে, ধর্ম্মক্ষেত্রে, সমাজক্ষেত্রে তাঁহার সমকক্ষ কেহ ছিল না। সমসাময়িক হিন্দু-কলেজের অন্যান্য কৃতবিদ্য ছাত্রগণের ন্যায় তাঁহার ধর্ম্মমতে, আচার ব্যবহারে, ভাবে ভাষায় কোন পরিবর্ত্তন ঘটে নাই। ৺রাজনারায়ণ বসুর জীবনচরিত পাঠে জানা যায়, নূতন ইংরাজী শিক্ষার প্লাবনে অনেক ঐরাবত ভাসিয়া গিয়াছিল; কিন্তু পিয়ারীচাঁদ ভাসেন নাই, বিদেশী ভাব তাঁহাকে কিছুমাত্র টলায় নাই। মায়ার্স ও লজের মতে পিয়ারীচাঁদের প্রেততত্ত্বের আলোচনা আলেয়ার পশ্চাতে দৌড়ান নহে। সম্প্রতি ইউরোপের mysticismএর আলোচনায় আলোয়ার পশ্চাতে দৌড়ান পিয়ারীচাঁদের সিদ্ধান্তই সত্য বলিয়া দাঁড়াইতেছে।

এই সময় সার্ গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বলিলেন,—পিয়ারীচাঁদ নানা দিকে যথেষ্ট কাজ করিয়া যথেষ্ট কৃতকার্য্য হইয়া গিয়াছেন। তাঁহাকে ঈশ্বর বিদ্যাসাগর ও অক্ষয় দত্তের সমসাময়িক বলিলেও চলে। ঈশ্বরচন্দ্র আর অক্ষয়কুমার মনের ভাবগুলিকে সংস্কৃত পরিচ্ছদে অর্থাৎ পোষাকী পরিচ্ছদে সাজাইতেন, আর পিয়ারীচাঁদ সকল সময় পোষাক পরিয়া কাজ চলে না বুঝিয়া আটপৌরে পোষাকের ব্যবস্থা করিয়াছিলেন। ইহাঁদের ভাষার তুলনার বিবাদ চিরকালই থাকিবে। বঙ্কিমের ভাষা আলালী ভাষা ভাঙ্গিয়াই গঠিত হয়। আলালী ভাষার কাছে অদ্যকার সভাপতি মহাশয়েরও ঋণ বোধ হয়, বঙ্কিমের অপেক্ষাও বেশী।

মাননীয় ডাক্তার দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহাশয় বলিলেন,—বিদ্যাসাগর প্রভৃতি মহাত্মগণের মৃত্যাহে সভা-সমিতির অনুষ্ঠান হয়, কিন্তু শততম জন্মোৎসব এই প্রথম। এই জন্য পরিষৎকে ধন্যবাদ করিতে হয়।

পিয়ারীচাঁদ Colesworthy Grant সঙ্গে মিলিয়া কলিকাতা পশুক্লেশ-নিবারিণী সভা স্থাপন করেন। তখন অনেকের ধারণা ছিল—মদ না খাইলে শিক্ষিত, সভ্য ও বড় লোক হওয়া যায় না। এই মন্দ ধারণার উচ্ছেদের জন্য পিয়ারীচাঁদ "মাদকতা-নিবারিণী সভার" প্রতিষ্ঠা করেন। ইহার পূর্ব্বে প্যারীচাঁদ "মদ খাওয়া বড় দায়, জাত থাকার

কি উপায়" রচনা করেন। পিয়ারীচাঁদের সমাজ-সংস্কারের কশাঘাত বড় কড়াই ছিল। আলালের ঘরের দুলালের ছাপা হওয়ার পর হইতে ক্রমশঃ দুলালেরা পা ঢাকা দিয়াছেন। তাঁহার পর ৺ কালীপ্রসন্ন সিংহ 'হুতোমের' মুখে আর একবার কশাঘাত করিয়াছিলেন।

অতঃপর শ্রীযুক্ত রাজকৃষ্ণ দত্ত মহাশয় বলিলেন,—পিতামহের কাছে উপদেশ পাইয়াছিলাম, অর্থ ব্যবহারে ও স্ত্রীলোক সম্বন্ধে যে ব্যক্তি খাঁটি, সেই ত মানুষ—এই কথার জীবন্ত উদাহরণ পাইয়াছিলাম, পিয়ারীচাঁদ মিত্রে।

তৎপরে শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় বলিলেন,—যিনিই যত কথা বলিলেন, তিনি পিয়ারীচাঁদের কথাই বলিলেন, টেকচাঁদের কথা বলা ঠিক হয় নাই। বাঙ্গালা সাহিত্যে টেকচাঁদের 'আলালের ঘরের দুলাল' একটা বেদী। ফোর্ট উইলিয়ম কলেজের পণ্ডিতী বাঙ্গালার কেতাবগুলি দেখিয়া তখনকার চীফ জষ্টিস্ সার এড্ওয়ার্ড রায়ান বলিয়াছিলেন—'কথায় কথায় ভাষা না শেখালে কি ফল হবে,- কিন্তু তেমন পুথি কোথা?' আলালের ঘরের দুলালের ভাবটা Fielding থেকে লওয়া। বিদ্যাসাগরী দল বলেন—পূর্ব্বে ভাষার প্রাদেশিকতা ছিল; উদাহরণ—কবিকঙ্কণ, মনসামঙ্গল। ভারতচন্দ্রের প্রাদেশিকতা কম, তাই সেটা বেশী চলে। নানা প্রদেশের ভাষায় ঘনিষ্ঠতা হইয়াছে বঙ্কিমের প্রতিভাবলে বেশী। বঙ্কিমের মনীষা একটা সামঞ্জস্য আনিয়া দিয়াছিল। পিয়ারীচাঁদের আর সব কাজ চাপা পড়িয়া যাইলেও তিনি চিরজাগরূক থাকিবেন 'টেকচাঁদ'রূপে। টেকচাঁদের সাহিত্যের ধরণটা দেশের মুখ চাহিয়া, পরিষৎ বজায় করুন, ইহা আমারও অনুরোধ।

অতঃপর শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল মহাশয় বলিলেন,—পিয়ারীচাঁদকে শেষ-জীবনে প্রেততত্ত্বের আলোচনায় নিযুক্ত দেখিয়াছি। তাঁহাদের সিঁয়াসের বৈঠকে আসন কাঁপিত, এলাচ, সন্দেশ আসিত। আমি সে আসন ধরিয়াছিলাম। তিনি হুগলী জেলার লোক, চিরদিন কলিকাতায় বাস করিতেন বলিয়া কলিকাতার ভাষাই তাঁহার আদর্শ হইল। কলিকাতাতেই পূর্ব্ব-পশ্চিমের মিলনস্থান হইয়া পড়িয়াছিল। তাঁহার ও বঙ্কিমের চেষ্টায় কলিকাতার ভাষাই সাহিত্যে সুপ্রতিষ্ঠ হইল। কিন্তু এখন সিলেটী-চাটগেঁয়ের ন্যায় কলিকাতার প্রাদেশিকতাটুকুও বর্জ্জনের সময় আসিয়াছে।

সভাপতি মহাশয় বলিলেন,—আমাদের দেশে এক রকম শাদাসিদে সভ্যতা ছিল; আমরা দাসীকে ঝি বলি, কন্যা বলি, অমুকের মা বলিয়া ডাকি, চাকরের নাম ধরিয়া ডাকি; কিন্তু কখন বেয়ারা, খানসামা, নওকর, বান্দা প্রভৃতি বলি নাই। আহার ব্যবহারে কখন তাহাদের দাসত্ব অনুভব করাই নাই—এ রকম ছোটকে বড় করার ভাব আর কোন সভ্যতায় নাই। আলালের ঘরের দুলালের ভাষা আমাদের টেঁকের জিনিস—টেঁকেই টাকা--আর টাকাই চাঁদ—টেকচাঁদ আমাদের ভাষার যেটুকুর দাম আছে, তাহাই দিয়া গিয়াছেন।

অতঃপর সভাপতি মহাশয়কে ধন্যবাদ জানাইয়া সভাভঙ্গ হয়।

(এই সভায় ব্যয় নির্ব্বাহার্থ স্বর্গীয় পিয়ারীচাঁদ মিত্রের বংশধরগণ পরিষৎকে ২০৲ সাহায্য করিয়াছেন। এই অর্থের হিসাব আগামী বর্ষের কার্য্যবিবরণীতে প্রকাশিত হইবে।)

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের পঞ্চাশত্তম জন্মদিনোৎসব

মাতৃভাষার একনিষ্ঠ সেবক ও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের চিরসুহৃৎ শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় ১২৭১ সালের ৫ই ভাদ্র তারিখ জন্মগ্রহণ করেন। এই বৎসর (১৩২১ সালে) ৫ই ভাদ্র তারিখে তাঁহার পঞ্চাশবর্ষ পূর্ণ হইল। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ এই উপলক্ষ্যে তাঁহার জন্মদিনে সান্ধ্য সম্মিলনের আয়োজন করিয়া তাহাতে তাঁহাকে অভিনন্দন ও সম্বর্দ্ধনা করেন। গত ৫ই ভাদ্র শনিবার অপরাহ্ণ ৬ টার সময় পরিষৎ মন্দিরে ঐ উপলক্ষ্যে এক বিরাট সান্ধ্য সম্মিলনের অনুষ্ঠান হইয়াছিল। নিমন্ত্রিত ব্যক্তিবর্গের অভ্যর্থনার জন্য মন্দিরদ্বারে স্বয়ং সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, সহকারী সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, সম্পাদক শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী প্রমুখ কার্য্যনির্ব্বাহক-সমিতির অনেক সদস্য এবং সাহিত্য-পরিষদের হিতৈষী অনেক গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

রামেন্দ্র বাবু যথাসময়ে উপস্থিত হইলে কদলীতরু, পূর্ণঘট ও আম্রপল্লবাদি দ্বারা সজ্জিত দ্বারে নহবতে কল্যাণরাগিণী বাজিয়া উঠিল এবং সাহিত্য-পরিষদের ফটোগ্রাফার শ্রীযুক্ত অনন্তকুমার দাস, রামেন্দ্র বাবুর সহিত দ্বারসম্মুখে সমবেত সদস্যমণ্ডলীর ছবি তুলিয়া লইলেন। এই উপলক্ষ্যে বোলপুর হইতে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়, পাদরী এণ্ডরু সাহেবকে সঙ্গে লইয়া সভায় আসিয়াছিলেন। দিল্লী শাখা-পরিষদের প্রতিনিধি শ্রীযুক্ত বসন্তকুমার ভট্টাচার্য্য এবং বরিশাল শাখা-পরিষদের সম্পাদক শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী মহাশয়ও উপস্থিত হইয়াছিলেন। এতদ্ভিন্ন সহরের নানা সভা-সমিতির পক্ষ হইতে বহু গণ্যমান্য ব্যক্তি এবং মফস্বলের বহু স্থান হইতে বহু সদস্য আসিয়া এই সভায় যোগ দিয়াছিলেন।

সকলে আসন গ্রহণ করিলে পর সুপ্রসিদ্ধ গায়ক শ্রীযুক্ত সতীশচন্দ্র চট্টোপাধ্যায় এবং তাঁহার শিষ্য অন্ধ-গায়ক শ্রীমান্ কৃষ্ণচন্দ্র দে, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের রচিত একটি গান গাহিয়া রামেন্দ্র বাবুকে অভ্যর্থনা করেন। তাহার পর কবিকুলতিলক পণ্ডিত শ্রীযুক্ত তারাকুমার কবিরত্ন মহাশয় স্বরচিত সংস্কৃত শ্লোকাবলী পাঠ করিয়া রামেন্দ্র বাবুকে ধানদুর্ব্বা দ্বারা আশীর্ব্বাদ করিলেন। এই সংস্রবে কবিরত্ন মহাশয় রামেন্দ্র বাবুর রচনা-

নৈপুণ্যের, আদর্শ চরিত্রের এবং মধুর ব্যবহারের বর্ণনা করিয়া অল্প কথায় বেশ হৃদয়গ্রাহিণী বক্তৃতা করেন। তাহার পর মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সাহিত্য-পরিষদের পক্ষ হইতে সভাপতিরূপে নিম্নলিখিত অভিনন্দন-পত্র পাঠ করেন।

রামেন্দ্রসুন্দর!

অদ্য তোমার বয়স পঞ্চাশ বৎসর পূর্ণ হইল। অতএব আমরা বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্য সকলে একত্র মিলিত হইয়া তোমার অভিনন্দন করিতেছি এবং ভগবানের নিকট তোমার মঙ্গল ও দীর্ঘায়ু কামনা করিতেছি।

যৌবনের প্রারম্ভেই তুমি যেরূপ বিদ্যাবত্তা ও গুণবত্তা প্রকাশ করিয়াছিলে, তুমি যে পথেই যাইতে, তাহাতেই প্রভূত ধন-সম্পদ্ ও যশঃ উপার্জ্জন করিতে পারিতে, কিন্তু তুমি সে সকল পথই ত্যাগ করিয়া দারিদ্র্য-মণ্ডিত অধ্যাপনা ও মাতৃভাষার সেবাই জীবনের ব্রত করিয়াছ এবং আত্মত্যাগ ও আদর্শ চরিত্রের পরমোজ্জ্বল ও মহিমময় দৃষ্টান্ত দেখাইয়াছ। তুমি বিজ্ঞানকে স্বর্গ হইতে মর্ত্ত্যে নামাইয়া আনিয়াছ এবং যাঁহারা বিজ্ঞান-জ্যোতিঃ বিকীর্ণ করিয়া দেশের অশেষ কল্যাণ সাধন করিয়াছেন, তাঁহাদের একজন অগ্রণী হইয়াছ।

তুমি একাধারে বৈজ্ঞানিক, দার্শনিক এবং সাহিত্যসেবী। অতএব বিজ্ঞান, দর্শন ও সাহিত্যের ত্রিধারা তোমাতে সংযুক্ত হইয়া তোমার হৃদয়ক্ষেত্রকে পুণ্য প্রয়াগে পরিণত করিয়াছে।

বিশেষতঃ তুমি গত বিংশতি বর্ষাধিক কাল যেরূপ অক্লান্ত পরিশ্রম, অদম্য উৎসাহ ও ঐকান্তিক অধ্যবসায় সহকারে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকে উন্নতির পথে পরিচালিত করিয়াছ, তাহাতে পরিষৎ তোমার নিকট চিরদিন ঋণী ও কৃতজ্ঞ থাকিবে।

তুমি বঙ্গ-জননীর সুসন্তান, তুমি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অকৃত্রিম সেবক, তোমার সাধনা সিদ্ধ হউক।

অভিনন্দন-পত্রখানি ফুলস্কাপ আকারে রূপার পাতে খোদাইয়া তাহার চতুষ্পার্শ্বে স্বর্ণমণ্ডিত গোলাপের লতা-পাতায় নক্সা দিয়া সাজান হইয়াছিল। একটি মকমলের বাক্সে করিয়া ইহা রামেন্দ্র বাবুকে দেওয়া হয়। রামেন্দ্র বাবু নতশিরে ইহা গ্রহণ করেন।

তাহার পর সভাপতি মহাশয় সাহিত্য-পরিষদের অন্যতম অধ্যাপক-সদস্য পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন-প্রেরিত আশীর্ব্বাচন-শ্লোক পাঠ করিয়া নিজে রামেন্দ্র বাবুকে ধান-দূর্ব্বা দিয়া আশীর্ব্বাদ করেন এবং পরিষদের পক্ষ হইতে একটি সোনার কলম, একটি সোনার পেন্‌সিল, একটি একত্র গ্রথিত কাগজ-কাটা চেয়াড়ি ও ছুরী এবং একটি সোনার দোয়াত রামেন্দ্র বাবুকে উপহার দেন। এই উপহার-দ্রব্যগুলির বাক্সের ডালার উপর রূপার পাতে খোদাই করা ছিল—"রামেন্দ্রসুন্দর, তোমার সুন্দর, সরল, সরস, রচনাবলী দ্বারা তোমার মাতৃভাষার সৌন্দর্য্য ও গৌরব বাড়িয়াছে, তোমার সোনার দোয়াত-কলম

হউক।" তাহার পর শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর রামেন্দ্রবাবুকে চন্দন দান করিয়া নিজের লিখিত নিম্নোক্ত অভিনন্দন-পত্র পড়িয়া শুনান।

ওঁ

সুহৃত্তম শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

হে মিত্র, পঞ্চাশৎ বর্ষ পূর্ণ করিয়া তুমি তোমার জীবনের ও বঙ্গ-সাহিত্যের মধ্যগগনে আরোহণ করিয়াছ, আমি তোমাকে সাদর অভিবাদন করিতেছি।

যখন নবীন ছিলে, তখনই তোমার ললাটে জ্ঞানের শুভ্র মুকুট পরাইয়া বিধাতা তোমাকে বিদ্বৎসমাজে প্রবীণের অধিকার দান করিয়াছিলেন। আজ তুমি যশে ও বয়সে প্রৌঢ়, কিন্তু তোমার হৃদয়ের মধ্যে নবীনতার অমৃতরস চিরসঞ্চিত। অন্তরে তুমি অজর, কীর্ত্তিতে তুমি অমর, আমি তোমাকে সাদর অভিবাদন করিতেছি।

সর্ব্বজনপ্রিয় তুমি মাধুর্য্যধারায় তোমার বন্ধুগণের চিত্তলোক অভিষিক্ত করিয়াছ। তোমার হৃদয় সুন্দর, তোমার বাক্য সুন্দর, তোমার হাস্য সুন্দর, হে রামেন্দ্রসুন্দর, আমি তোমাকে সাদর অভিবাদন করিতেছি।

পূর্ব্বদিগন্তে তোমার প্রতিভার রশ্মিচ্ছটা স্বদেশের নবপ্রভাতে উদ্বোধন সঞ্চার করিতেছে। জ্ঞান, প্রেম ও কর্ম্মের শ্রেষ্ঠ অর্ঘ্যে চিরদিন তুমি দেশ-মাতার পূজা করিয়াছ। হে মাতৃভূমির প্রিয় পুত্র, আমি তোমাকে সাদর অভিবাদন করিতেছি।

সাহিত্য-পরিষদের সারথি তুমি এই রথটিকে নিরন্তর বিজয়-পথে চালনা করিয়াছ। এই দুঃসাধ্য কার্য্যে তুমি অক্রোধের দ্বারা ক্রোধকে জয় করিয়াছ, ক্ষমার দ্বারা বিরোধকে বশ করিয়াছ, বীর্য্যের দ্বারা অবসাদকে দূর করিয়াছ এবং প্রীতির দ্বারা কল্যাণকে আমন্ত্রণ করিয়াছ। আমি তোমাকে সাদর অভিবাদন করিতেছি।

প্রিয়াণাং ত্বা প্রিয়পতিং হবামহে
নিধীনাং ত্বা নিধিপতিং হবামহে

প্রিয়গণের মধ্যে শ্রেষ্ঠ প্রিয় তুমি, তোমাকে আহ্বান করি, নিধিগণের মধ্যে শ্রেষ্ঠ নিধি তুমি, তোমাকে আহ্বান করি। তোমাকে দীর্ঘজীবনে আহ্বান করি, দেশের কল্যাণে আহ্বান করি, বন্ধুজনের হৃদয়াসনে আহ্বান করি।

এ অভিনন্দন-পত্রখানি কার্ডের ন্যায় কাগজে নানা রঙ্গীন লতাপাতার ছবি দ্বারা সজ্জিত এবং রচনাটুকু রবীন্দ্রনাথের নিজের হস্তাক্ষরে লিখিত; ইহার অপর পৃষ্ঠাতেও রঙ্গীন আলিম্পনের মধ্যে বেদের একটি আশীর্ব্বাচন-মন্ত্র লেখা আছে। এই কাগজের অভিনন্দনখানি চিত্র-সৌন্দর্য্যে মনোরম ও সুদৃশ্য হইয়াছিল। তাহার পর শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় রামেন্দ্র বাবুকে সাদরে চন্দনাদি মাখাইয়া পুষ্প-মালায় বিভূষিত করিয়া দেন। তৎপরে যিনি পরিষদের কার্য্যে চিরকাল রামেন্দ্র বাবুর প্রধান সহায় ও দক্ষিণহস্তস্বরূপ, সেই ব্যোমকেশ মুস্তফী মহাশয় সভার নির্দ্দিষ্ট বরণমাল্য দ্বারা রামেন্দ্র বাবু ও সভাপতি মহাশয়কে সমাদৃত করিলেন। তাহার পর একে একে কবি করুণানিধান

বন্দ্যোপাধ্যায়, কবি সুশীলগোপাল বসু, কবি সত্যেন্দ্রনাথ দত্ত স্ব স্ব কবিতা পাঠ করিয়া রামেন্দ্র বাবুকে সম্বর্দ্ধিত করিলেন। তাহার পরে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় হুতোম প্যাঁচার গানের ধরণে স্বরচিত একটি সরস কবিতা পাঠ করিয়া রামেন্দ্রবাবুর গুণগৌরব ঘোষণা করেন এবং ভগবানের নিকট তাঁহার আরোগ্য প্রার্থনা করেন। ইহার পরে শ্রীযুক্ত রামেন্দ্র বাবু উঠিয়া বলেন যে, তিনি আজ সাহিত্য-পরিষদের কাছে যে আদর, সম্মান ও গৌরব লাভ করিলেন, তজ্জন্য এবং আজিকার সভার প্রভাবে দুর্ব্বলতাবশতঃ এতটা অভিভূত হইয়া পড়িয়াছেন যে, তিনি মুখে বেশী কিছু বলিতে পারিবেন না। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা শ্রীযুক্ত দুর্গাদাস ত্রিবেদী মহাশয় তাঁহার লিখিত নিম্নোক্ত বক্তব্য পাঠ করেন।

নিবেদন

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-প্রদত্ত সম্মানের জন্য সমুচিত কৃতজ্ঞতা প্রকাশের ক্ষমতা আজি আমার নাই। মনের মধ্যে যাহা উপস্থিত হয়, তাহার জন্য ভাষা পাই না; ভাষা যদি জুটিয়া যায়, বাক্য তাহা প্রকাশ করিতে পারে না। শুনিয়াছি, পঞ্চাশ বৎসর বয়সে কর্ম্মক্ষেত্র হইতে ছুটি লইবার প্রথা আমাদের দেশে অনুমোদিত ছিল; আমারও ছুটি লইবার সময় উপস্থিত; ছুটি লইবার সময় সময়োচিত শিষ্টাচার প্রদর্শনেরও আমার শক্তি নাই। বিশেষতঃ আজি আমার প্রতি সাহিত্য-পরিষৎ যে অনুগ্রহ প্রদর্শন করিতেছেন, তাহার ভারে আমার চিত্ত পীড়িত, আমার হৃদয় পূর্ণ; কিন্তু চিত্ত বিক্ষুব্ধ, অবসন্ন দেহ সেই অনুগ্রহের প্রতিদানে যথোচিত কৃতজ্ঞতা প্রকাশেও অসমর্থ।

আমার প্রতি পরিষদের আচরণকে সম্মান বা সংবর্দ্ধনা বলিলে উভয় পক্ষেই অনুচিত হইবে। পরিষদের সহিত আমার সেব্য-সেবক-সম্পর্ক। এত কাল ধরিয়া আমি পরিষদের পরিচর্য্যা করিয়াছি—একান্ত ভক্তের মত 'কায়েন মনসা বাচা' পরিচর্য্যা করিয়াছি। পরিষৎ আমাকে এই অধিকার দিয়াছিলেন; আজি যদি পরিষৎ তজ্জন্য আমাকে পারিতোষিকের যোগ্য মনে করিয়া থাকেন, তাহা আমি শ্লাঘা মনে করিব। পরিষদের প্রসাদ আমি শিরোধার্য্য করিয়া লইলাম। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ তাঁহার সর্ব্বজনমান্য সভাপতির হাত দিয়া আমাকে যে প্রসাদ দান করিলেন, তাহা গ্রহণ করিয়া আমি ধন্য হইলাম।

অধিক আকাঙ্ক্ষা লইয়া আমি কর্ম্মক্ষেত্রে প্রবেশ করি নাই। কর্ম্মক্ষেত্রে প্রবেশের পূর্ব্বেই আমি যে কয়টা প্রচণ্ড আঘাত পাইয়াছিলাম, তাহাতেই আমার জীবনের সকল আকাঙ্ক্ষা চূর্ণ হইয়া যায়। তখন হইতেই আমি বিধাতৃবিধানের নিকট মস্তক অবনত করিয়া ধরাপৃষ্ঠে সসঙ্কোচে পা ফেলিয়া চলিয়াছি। বিধাতৃ-বিধান জয়যুক্ত হউক।

একটা আকাঙ্ক্ষা ত্যাগ করিতে পারি নাই। যথাশক্তি বাঙ্গালা সাহিত্যের সেবা করিব, এই আকাঙ্ক্ষা বাল্যকাল হইতেই পোষণ করিয়াছিলাম। কর্ম্মক্ষেত্রে প্রবেশ করিয়া তদর্থেই আমার প্রায় সকল শক্তি নিযুক্ত করিয়াছি।

শৈশবেই আমি জননী জন্মভূমিকে 'স্বর্গাদপি গরীয়সী' বলিয়া জানিতে উপদিষ্ট

হইয়াছিলাম। সে মন্ত্রে দীক্ষা সে বয়সে সকলের ভাগ্যে ঘটে না। যিনি দীক্ষা দিয়াছিলেন, তিনি কোথা হইতে আজিও আমার প্রতি চাহিয়া রহিয়াছেন; তাঁহার দিব্য দৃষ্টি অতিক্রম করা আমার সাধ্য নহে। আমার শক্তি ছিল না, কিন্তু সেই দিব্য নেত্রের প্রেরণা ছিল; আমার জীবনে যদি কিছু সার্থকতা থাকে, তাহা সেই প্রেরণার ফল।

আমার জীবনে কিছু সার্থকতা আছে, তাহা আমি মনে করি এবং মনে করিয়া গর্ব্ব অনুভব করি। বঙ্গ-সাহিত্যের পথে আমি বঙ্গ-জননীর সেবাকর্ম্মে আমার শক্তি অর্পণ করিয়াছি বটে; কিন্তু সে বিষয়ে আমার যোগ্যতা নাই এবং কোনও স্পর্দ্ধা নাই। সাহিত্যক্ষেত্রে যাঁহারা অগ্রণী, আমি তাঁহাদের অনুযাত্রী অনুচর মাত্র। তাঁহাদের পার্শ্বে দাঁড়াইবার আমার অধিকার নাই, তাঁহাদের পশ্চাতে চলিবার অধিকারমাত্র আমি পাইয়াছি।

সাহিত্যসেবা উপলক্ষ্য করিয়া আমি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অতি নিকট সম্পর্কে আসিয়াছিলাম, সেখানেও আমি কোনও কৃতিত্বের স্পর্দ্ধা করি না। সেখানে যাঁহারা আমার নেতা ছিলেন, যাঁহারা আমার সহায় ছিলেন, তাঁহাদের নেতৃত্ব ও সাহায্য ব্যতীত আমি কিছুই করিতে পারিতাম না। সেখানে আমার কর্ম্মের জন্য আমি কোনওরূপ স্পর্দ্ধা করিতে পারিব না; কিন্তু পরিষদে আসিয়া আমার একটা পরম লাভ ঘটিয়াছে; তজ্জন্য আমি গর্ব্বিত ও গৌরবান্বিত।

এই সভাস্থলে যাঁহারা উপস্থিত আছেন, তাঁহাদের মধ্যে অনেকেই আমার বয়োবৃদ্ধ ও আমার নমস্য। অনেকেই আমার পরম শ্রদ্ধাভাজন বন্ধু। সকলেই আমাকে প্রীতির চক্ষে দেখিয়া থাকেন এবং দেখেন। পরিষদের সম্পর্কে আসিয়া আমি তাঁহাদের সঙ্গলাভ করিয়াছি; তাঁহাদের প্রীতি পাইয়া আমার জীবন মধুময় হইয়াছে; তাঁহাদের শ্রদ্ধালাভে আমি ধন্য হইয়াছি। আমি যে তাঁহাদের অনুচর ও সহচর হইবার সুযোগ পাইয়াছি, ইহাই আমার সৌভাগ্য; আমার জীবনের এই পরম লাভ; আমার জীবনের এই পরম সার্থকতা। আজ তাঁহারা স্বতঃ-প্রবৃত্ত হইয়া আমার প্রতি তাঁহাদের প্রীতির পরিচয় দিতেছেন; ইহাতে আমি আনন্দে উৎফুল্ল হইয়াছি। সংসার-বিষবৃক্ষের যে দুইটি মধুর ফল, তার মধ্যে একটি আর একটি অপেক্ষা বহুগুণে মিষ্ট; সজ্জন-সঙ্গমরূপ মধুর ফলের আস্বাদনে আমার প্রাণ পরিতৃপ্ত হইয়াছে।

অবিমিশ্র আনন্দ আমার অদৃষ্টে নাই। পরিষৎ মন্দিরে সমবেত আমার এই বন্ধু-সঙ্ঘের মধ্যে আমি একজন বন্ধুকে আজি দেখিতে পাইতেছি না, যাঁহাকে আমি অতি অল্প দিন হইল, বঙ্গসাহিত্য-ক্ষেত্রে নামাইয়াছিলাম, যাঁহার অসামান্য প্রতিভাকে বাঙ্গালা সাহিত্যের সেবায় নিয়োজিত করিবার নিমিত্ত হইয়া আমি গর্ব্বিত ছিলাম। তাঁহার তিরোভাব আজিকার আনন্দকে পূর্ণ হইতে দিবে না। উহা আমার নিজের কথা, সভাস্থলে প্রকাশযোগ্য নহে; অতএব সে কথা যাক্। বিধাতৃবিধান জয়যুক্ত হউক।

সাহিত্যক্ষেত্রে কৃতিত্বের জন্য পরিষদের নিকট আমার প্রাপ্য কিছুই নাই। পরিষদের

অনুরক্ত বন্ধুগণের মধ্যে অনেকে আছেন, যাঁহাদের স্থান আমার উপরে; যাঁহাদিগকে সম্মান দেখাইলে এবং সংবর্দ্ধনা করিলে পরিষৎই গৌরবান্বিত হইবেন। আমি যৎকিঞ্চিৎ পারিতোষিকের দাবী করিতে পারি। বহু বৎসর ধরিয়া পরিষদের ঢোল বাজাইয়াছি; ঢুলিকে শিরোপা দেওয়া এ দেশের সামাজিক প্রথা; আমি সেই শিরোপা মাথায় লইয়া পরিষদের নিকট ছুটি পাইবার জন্য এখানে উপস্থিত।

আর আমার বক্তব্য নাই। যাঁহারা সম্প্রতি সাহিত্য-পরিষদের ধুর-বহন-কর্ম্ম গ্রহণ করিয়াছেন, তাঁহাদের প্রযত্নে সাহিত্য-পরিষৎ দিন দিন উন্নতির সোপানে আরোহণ করিবেন, এ বিষয়ে সংশয় করি না। আমি তাঁহাদের অনুচর হইতে আর বোধ করি পারিব না; দূরে থাকিয়া পরিষদের সর্ব্বাঙ্গীণ উন্নতি দেখিতে পাইলেই আমার সর্ব্বেন্দ্রিয় তৃপ্ত থাকিবে; আমার জীবনের যাহা আকাঙ্ক্ষা, তাহা পূর্ণ হইবে; আমার জীবন যে নিরর্থক হয় নাই, এই আশ্বাস পাইয়া আমি বিদায় লইতে পারিব।

আমার বন্ধুসঙ্ঘ আমার প্রতি স্নেহবান্; তাঁহারা আমার সকল ত্রুটি ক্ষমা করিবেন। তাঁহাদের প্রীতিলাভে আমি যে সমর্থ হইয়াছি, ইহাই আমার জীবনের শ্রেষ্ঠ লাভ। তাঁহাদের কৃপায় এই মহতী সভাকে পুনঃ পুনঃ নমস্কার করিবার সুযোগ পাইয়া আমি আজ কৃতার্থ হইলাম।

ইহার পর শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় রামেন্দ্র বাবুর কীর্ত্তিকাহিনীর, তাঁহার অধ্যাপক-বৃত্তি অবলম্বনে ত্যাগস্বীকারের বিষয়, তাঁহার মধুর রচনার গৌরব এবং সাহিত্য-পরিষৎ সম্পর্কে তাঁহার ঐকান্তিকতার এবং সেই জন্য মাতৃভাষার ভাণ্ডারে আর অধিক রচনা দিতে না পারিবার কথা ব্যাখ্যা করিয়া একটি ক্ষুদ্র মনোজ্ঞ বক্তৃতা করেন। ইহার পর পূর্ব্বগায়কেরা ব্যোমকেশ বাবুর রচিত আরও একটি গান গাহেন।

তাহার পর সর্ব্বজনপূজ্য সর্ব্বত্রমান্য শ্রীযুক্ত স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় সভায় আসিয়া পৌঁছিলে, সকলে করতালি দিয়া আনন্দ প্রকাশ করিলেন ও তিনি রামেন্দ্রবাবুর মধুর স্বভাবের, সকল কর্ম্মে তাঁহার ঐকান্তিক নিষ্ঠার এবং বিদ্যাবত্তার বিষয় বিশেষ করিয়া বলিয়া রামেন্দ্র বাবুকে আশীর্ব্বাদ করিলেন। এই সময়ে রামেন্দ্র বাবু দুর্ব্বল শরীরে আর উৎসাহের আবেশ সহ্য করিতে না পারিয়া অত্যন্ত অসুখ বোধ করায় তাঁহাকে তাড়াতাড়ি বাড়ী পাঠাইয়া দেওয়া হইল। তৎপরে ইউনিভারসিটি ইনষ্টিটিউটের যুবক অভিনেতৃ-সম্প্রদায় শ্রীযুক্ত অধ্যাপক মন্মথমোহন বসু মহাশয়ের শিক্ষায় শিক্ষিত হইয়া রবীন্দ্রনাথের "খ্যাতির বিড়ম্বনা" নামে একটি ক্ষুদ্র রচনার অভিনয় করিয়া সকলকে বিশেষ আনন্দিত করেন। সে দিন উপস্থিত নিমন্ত্রিত সকলকেই আতর, পান, গোলাপ ও ফুলের মালা দিয়া সমাদর করা হইয়াছিল। জলযোগের জন্য এ বার পরিষদের পক্ষ হইতে বিশিষ্টরূপে বিশেষত্ব অবলম্বন করা হইয়াছিল—মুড়াগাছা হইতে সন্দেশ, বহরমপুর হইতে ছানাবড়া আনান হইয়াছিল। রামেন্দ্র বাবুর পুরমহিলারা কান্দীর সুপ্রসিদ্ধ "মেটিরী" ও "মনোহরা" নামক সুবিখ্যাত মিষ্টান্ন দুই রকম প্রস্তুত করিয়া দিয়াছিলেন। তদ্ব্যতীত চা, ঘোলের

সরবত, কচুরী, নিমকী, সিঙ্গাড়া এবং ডালমুর ছিল। পান, তামাক, চুরুট অজস্র দেওয়া হইয়াছিল। রাত্রি ১০টার সময় সম্মিলন ভঙ্গ হয়। এই উপলক্ষ্যে যাঁহারা পরিষৎকে সাহায্য করিয়াছিলেন, তাঁহাদের নাম ও সাহায্যের পরিমাণ প্রদত্ত হইল। সম্বর্দ্ধনার হিসাব আগামী বর্ষের কার্য্য-বিবরণীতে মুদ্রিত হইবে।

রামেন্দ্র-সংবর্দ্ধনায় সাহায্যকল্পে চাঁদাদাতৃগণ

১৩২১।২২ সালে আদায়

নাম	টাকা
শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর	৫০৲
,, শিশিরকুমার মৈত্র	৫০৲
,, নিখিলনাথ মৈত্র	৫০৲
,, কুমার অরুণচন্দ্র সিংহ	৩০৲
,, মহারাজ গিরিজানাথ রায়	২৫৲
,, মহারাজ জগদিন্দ্রনাথ রায়	২৫৲
কুমার দ্বিজেন্দ্রনারায়ণ রায়...	২৫৲
,, বোধিসত্ত্ব সেন ...	২৫৲
,, মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী ...	২০৲
,, যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় সংগৃহীত	৮০৲
শ্রীযুক্ত কুমার প্রমথনাথ মানিয়া ...	১০৲
মাহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী	১০৲
শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ...	১০
,, প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় ...	১০
,, কিরণচন্দ্র দত্ত ...	
, হেমচন্দ্র দাশগুপ্ত ...	১০
,, মোহিনীনাথ বিশি ...	১০
,, কুমার শরৎকুমার রায় ...	
,, সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়	
ডাঃ বনওয়ারিলাল চৌধুরী...	
খগেন্দ্রনাথ মিত্র ...	
সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ...	
শরচ্চন্দ্র ঘোষ মৌলিক ...	
রায় বাহাদুর মৃত্যুঞ্জয় রায় চৌধুরী	৫৲
,, বিশ্বেশ্বরপ্রসন্ন সেন	
,, গগনেন্দ্রনাথ ঠাকুর	৫৲
শ্রীযুক্ত সমরেন্দ্রনাথ ঠাকুর	
,, অবনীন্দ্রনাথ ঠাকুর	
,, রজনীকান্ত ত্রিবেদী	
,, দেবকুমার রায় চৌধুরী	
,, ডাঃ ইন্দুমাধব মল্লিক	৪৲
,, যতীন্দ্রমোহন রায়	৩৲
,, বৈদ্যনাথ সাহা	২৲
,, নলিনীরঞ্জন পণ্ডিত	২৲
,, ডাঃ দ্বারকানাথ মিত্র	২৲
,, শ্যামাচরণ গঙ্গোপাধ্যায়	২৲
,, গোপালচন্দ্র সেন	২৲
,, রায় শ্রীনাথ পাল বাহাদুর	২৲
,, হেমেন্দ্রনাথ সেন	২৲
,, কার্ত্তিকচন্দ্র ঘোষ	২৲
,, কবিরাজ নগেন্দ্রনাথ সেন	
বিদুরের খুদ ...	
শ্রীযুক্ত মহেন্দ্রনাথ মহান্তি	
,, শান্তিসাধন বিশ্বাস	১৲
,, কুমার অরুণচন্দ্র সিংহ	১৲
,, শশিভূষণ মুখোপাধ্যায়	১৲
,, রাধাগোবিন্দ কর	১৲
,, মন্মথনাথ ঘোষ	১৲
,, অতুলচন্দ্র ঘটক	১৲
কাষ্ঠ বিড়াল ...	১৲
শ্রীযুক্ত আনন্দনাথ রায়	১৲
,, নরেশচন্দ্র সিংহ	১৲

শ্রীযুক্ত পঞ্চানন ঘোষ	... ১৲	শ্রীযুক্ত সুরেন্দ্রনারায়ণ রায়	... ১৲
,, যতীন্দ্রমোহন রায়	... ১৲	,, ভূতনাথ বন্দ্যোপাধ্যায়	... ১৲
,, সতীশচন্দ্র চক্রবর্ত্তী	... ১৲	মাঃ যোগীন্দ্রপ্রসাদ মিত্র	... ১৲
,, নিবারণচন্দ্র ঘটক	... ১৲	,, রামকমল সিংহ	... ১৲
৺অঘোরনাথ চট্টোপাধ্যায়	... ১৲	,, শরচ্চন্দ্র বসু	... ॥০
শ্রীযুক্ত বাণীনাথ নন্দী	... ১৲	,, দীনেশচন্দ্র বিশ্বাস	... ॥০
,, চারুচন্দ্র ভট্টাচার্য্য	... ১৲	,, অমরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	... ॥০
,, রাসবিহারী বন্দ্যোপাধ্যায়	.. ১৲	,, অমৃতলাল বসু	... ।/০
দৌলত আহম্মদ	১৲		

বঙ্গেশ্বরের পরিষদে আগমনের বিবরণ

গত ১৯শে মাঘ (১৩২১) শুক্র বার অপরাহ্ণ ৪॥০টার সময় বাঙ্গালার মহামান্য গবর্ণর শ্রীযুক্ত লর্ড কারমাইকেল মহোদয় বঙ্গীয়-সাহিত্য-পরিষদে পদার্পণ করিয়াছিলেন। তাঁহার আসিবার পূর্ব্বেই বঙ্গীয় কাউন্সিলের অন্যতর মন্ত্রী মাননীয় শ্রীযুক্ত পি সি লায়ন, প্রেসিডেন্সি বিভাগের কমিশনার শ্রীযুক্ত মোনাহান, আলিপুরের ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সোয়ান পরিষৎ মন্দিরে উপস্থিত ছিলেন। গবর্ণর মহোদয়ের অভ্যর্থনার জন্য পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ উপস্থিত ছিলেন ; তদ্ব্যতীত পরিষদের কতিপয় মান্য-গণ্য সভ্য এবং হিতৈষী নিমন্ত্রিত হইয়া উপস্থিত ছিলেন। অপরিহার্য্য কারণে পরিষদের যাবতীয় সভ্যগণকে উপস্থিত হইবার জন্য নিমন্ত্রণ করিতে পারা যায় নাই। মাননীয় হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রীযুক্ত সার লরেন্স জেঙ্কিন্স্, চীফ সেক্রেটারি মাননীয় শ্রীযুক্ত কামিং, লালগোলার রাজাবাহাদুর প্রভৃতি কতিপয় ব্যক্তি উপস্থিত হইতে না পারিয়া দুঃখ প্রকাশ করিয়া পত্র লিখিয়াছিলেন।

যথাসময়ে লর্ড কারমাইকেল প্রাইভেট সেক্রেটারি শ্রীযুক্ত গুরলে মহোদয়কে সঙ্গে লইয়া উপস্থিত হইলেন। এই উপলক্ষ্যে সাহিত্য-পরিষৎ মন্দির ফুল-পাতা, কলাগাছ আর পূর্ণঘট দিয়া সজ্জিত হইয়াছিল। গবর্ণর বাহাদুরের আগমনমাত্র নহবৎ বাজিয়া উঠিল। তিনি দ্বারদেশে উপস্থিত হইলে শঙ্খধ্বনি হইল। দ্বারদেশে সভাপতি শাস্ত্রী মহাশয়, সহকারী সভাপতি ডাক্তার দেবপ্রসাদ সর্ব্বাধিকারী ও কুমার শরৎকুমার রায়, সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, ভূতপূর্ব্ব সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর, ভূতপূর্ব্ব সহকারী সভাপতি ডাঃ প্রফুল্লচন্দ্র রায়, সম্পাদক শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী লাট সাহেবকে অভ্যর্থনা করিয়া, মন্দিরে লইয়া আসিলেন। প্রবেশ-পথে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্যান্য সভ্যেরা দাঁড়াইয়া ছিলেন। তাহার পর সকলে নিম্নতলে সাহিত্য-পরিষদের সুবৃহৎ ও কৌতূহলোদ্দীপক পুস্তকালয় দেখিতে প্রবৃত্ত হইলেন।

মধ্যস্থলে ২৪ ফুট লম্বা দীর্ঘ টেবিলের উপর সাহিত্য-পরিষদের সযত্ন-সঞ্চিত প্রাচীন কালের ছাপা বহু দুষ্প্রাপ্য গ্রন্থ সাজান ছিল। পরিষদের গ্রন্থাধ্যক্ষ শ্রীযুক্ত প্রবোধচন্দ্র

চট্টোপাধ্যায় এম্ এ, শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ ও শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী এই সকল দুর্লভ গ্রন্থ দেখাইয়া পরিচয় দিতে লাগিলেন। লাটসাহেব, মিঃ গুরুলে, মাননীয় লায়ন প্রভৃতি বাঙ্গালা অক্ষরে প্রথম ছাপা বহি "হালহেডের গ্রামার", প্রথম সাহিত্য-গ্রন্থ "বত্রিশ সিংহাসন," প্রথম সংবাদপত্র "সমাচার-দর্পণে"র প্রথম সংখ্যা, প্রথম মাসিক পত্র "দিগ্দর্শন", প্রথম আইন পুস্তক "আদালত-তিমিরনাশক," প্রথম অভিধান "মিলার সাহেবের বাক্যকোষ" (vocabulary), প্রথম বাঙ্গালা শিক্ষা-গ্রন্থ "কথোপকথন" (colloquies), প্রথম পদ্য গ্রন্থ "কৃত্তিবাসের রামায়ণ" ইত্যাদি বহু গ্রন্থ দেখিয়া সন্তোষ প্রকাশ করিলেন। তাহার পর বিদ্যাসাগর-পুস্তকালয়ের বহুমূল্য সুন্দর বাঁধান পুস্তকগুলি এবং পুস্তকালয়ের অন্যান্য সমস্ত পুস্তক পরিদর্শন করিয়া সন্তোষ প্রকাশ করিলেন। লালগোলার রাজা বাহাদুরের বদান্যতায় বিদ্যাসাগর লাইব্রেরি পরিষদে আসিয়াছে, এই ইতিহাস এই উপলক্ষ্যে জানান হইল। তাহার পর সকলে দ্বিতলে সভাগৃহে উপস্থিত হইলেন। এখানে প্রাচীরের কোলে কোলে সাহিত্য-পরিষদের চিত্র-শালার বহুবিধ প্রাচীন দ্রব্য টেবিলের উপর সাজান ছিল।

সভাবেদীর উপর সাহিত্য-পরিষদের সঞ্চিত পুথির রাশি সাজান হইয়াছিল। প্রস্তর ও পিত্তলের নানাবিধ প্রাচীন প্রতিমা, প্রাচীন ইষ্টকশিল্প, প্রাচীন রং করা খেলিবার তাস, বৈদিক যজ্ঞের কাষ্ঠপাত্রাদি, বাঙ্গালা সাহিত্যের প্রধান প্রধান লেখকগণের হস্তাক্ষর এবং ব্যবহৃত দ্রব্যাদি, প্রাচীন তামা, রূপা, সোনা, সীসা ও পিত্তলের মুদ্রা, প্রাচীন ছবি, প্রাচীন রসায়ন-যন্ত্রের ছবি এবং কতকগুলি পুরাতন তাম্রলেখ ও শিলালেখ সাজাইয়া রাখা হইয়াছিল। পরিষদের চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় অনিবার্য্য কারণে উপস্থিত হইতে পারেন নাই। ভূতপূর্ব্ব চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত রাখাল-দাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ, শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এবং মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় লাটসাহেব ও অন্যান্য অভ্যাগতগণকে এই সকল দ্রব্যাদি দেখাইয়া তাহাদের পরিচয়াদি ব্যাখ্যা করিয়া দিয়াছিলেন।

তাহার পর লাটসাহেব পরিষদের পুথিশালায় প্রবেশ করিয়া সেখানে তিন সহস্রাধিক সংগৃহীত পুথির রাশি পরিদর্শন করিলেন।

অতঃপর তিনি হলের মধ্যস্থলে আসিয়া আসন গ্রহণ করিলে, সভাপতি মহাশয় সাহিত্য-পরিষদের মুদ্রিত এক প্রস্থ সাহিত্য-পরিষদ্গ্রন্থাবলী ও এক প্রস্থ সাহিত্য-পরিষৎ-পত্রিকা তাঁহাকে উপহার দিলেন। এই পুস্তকগুলি একটি কাষ্ঠের সুন্দর আধারে সাজাইয়া উত্তমরূপে বাঁধাইয়া দেওয়া হইয়াছিল। বহুবাজারের পীতাম্বর সরকার কোং এই সুন্দর কাষ্ঠাধারটি প্রস্তুত করিয়া দিয়া প্রশংসাভাজন হইয়াছেন।

এই আধারটির মাথায় একখানি রূপার পাতে "বঙ্গ-সাহিত্যের অকৃত্রিম বন্ধু, লোক-প্রিয়, বঙ্গমণ্ডলেশ্বর, মহামহিমান্বিত লর্ড কারমাইকেল মহোদয়কে বঙ্গীয়-সাহিত্য-

পরিষদের শ্রদ্ধাপূর্ণ উপহার"—এই কথা খুদিয়া লাগাইয়া দেওয়া হইয়াছিল। ভবানী-পুরের দত্ত ঘোষ কোম্পানী রূপার এই পাতখানি এই প্রথম প্রস্তুত করিয়া দিয়াছিলেন; ইহার শিল্প-প্রণালীতে তাঁহাদের উদ্ভাবনা-শক্তির প্রচুর পরিচয় ছিল এবং উহার শিল্প-সৌন্দর্য্যও অতি উৎকৃষ্ট হইয়াছিল। চক্‌চকে শাদা অক্ষরগুলির বড়ই খোল্‌তাই হইয়াছিল।

তাহার পর সভাপতি মহাশয় লর্ড কারমাইকেলের কণ্ঠে মাল্য পরাইয়া দিলেন। সমাগত ব্যক্তিবর্গকে আতর-গোলাপ দেওয়া হইল। অতঃপর "বঙ্গবাসি"-সম্পাদক শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয়ের রচিত একটি আবাহন-কবিতা শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় পাঠ করিলে সভাপতি মহাশয় বিহারীবাবুকে লাটসাহেবের সহিত পরিচয় করাইয়া দিলেন। লাটসাহেব স্মিতমুখে তাঁহাকে সমাদর করিলেন। তাহার পর শাস্ত্রী মহাশয় সমাগত সজ্জনবর্গকে কৃতজ্ঞতা জানাইয়া নিম্নোক্ত মর্ম্মে বলিলেন;—

হে মহানুভব রাজগণ এবং সমবেত ব্যক্তিবর্গ,—

আজ আপনারা যে অনুগ্রহ প্রকাশ করিয়া এখানে আসিয়াছেন এবং আসিয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষদের দুই হাজার সদস্যকে তাঁহাদের ভাষা ও সাহিত্যের উন্নতি-সাধনের চেষ্টায় যে উৎসাহ দান করিলেন, তজ্জন্য আমি তাঁহাদের পক্ষ হইতে আপনাদিগকে কৃতজ্ঞতা জানাইতেছি। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের বয়স ২০ বৎসর মাত্র হইয়াছে। এই অল্প সময়ের মধ্যে বাঙ্গালা দেশের ধনি-সম্প্রদায়ের বদান্যতায়, বিশেষতঃ কাসিমবাজারের মাননীয় মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর ও লালগোলার রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের বিশেষ অনুগ্রহে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কেবল যে ইহার গৌরবোচিত এই আশ্রয়-স্থান এই সুদৃশ্য অট্টালিকাটি নির্ম্মাণ করিতে পারিয়াছে, তাহা নহে। কাসিমবাজারের মাননীয় মহারাজ বাহাদুর এই অট্টালিকার পার্শ্বে আর এক খণ্ড জমি দান করিয়াছেন। সেই জমির উপর এই বাড়ীর মত আর একটি বাড়ী শীঘ্রই নির্ম্মিত হইবে এবং সেই অট্টালিকা এই অট্টালিকার সহিত একত্র সংলগ্ন থাকিবে। সেখানে সাহিত্য-পরিষদের প্রথম সভাপতি, সুপ্রসিদ্ধ রমেশচন্দ্র দত্ত মহোদয়ের নামে তাঁহার স্মৃতিরক্ষার্থ চিত্রশালা স্থাপিত হইবে। তিনি ইংরাজী ও বাঙ্গালায় সুলেখক ছিলেন, সুবিদ্বান্ ছিলেন, উৎকৃষ্ট উপন্যাস-লেখক এবং সুকবি ছিলেন এবং রাজ্য-শাসনে ও পরিচালনে তাঁহার প্রচুর ক্ষমতা ছিল। তিনি এই বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রথম সভাপতি ছিলেন এবং তিনিই ইহাকে জীবন-পথে প্রথম অগ্রসর করিয়া দিয়া গিয়াছেন। সাহিত্য-পরিষদে যে কেবল বহুসংখ্যক বাঙ্গালা পুস্তক ও পুথি সঞ্চিত হইয়াছে, তাহা নহে, এখানে বঙ্গ-সাহিত্যের সুপ্রসিদ্ধ ব্যক্তিগণের নানারূপ স্মৃতিনিদর্শন সংগৃহীত ও সঞ্চিত হইয়াছে। আপনারা দেখিয়াছেন যে, গত এক শত বৎসরের মধ্যে রাজা রামমোহন রায় হইতে চন্দ্রনাথ বসু পর্য্যন্ত যে সকল বাঙ্গালী তাঁহাদের মাতৃভাষার ও সাহিত্যের উন্নতির জন্য অপরিমেয় পরিশ্রম করিয়া গিয়াছেন, তাঁহাদের বহু জনের ছবি ইহার প্রাচীরে প্রাচীরে লম্বিত রহিয়াছে। বঙ্গেশ্বর এবং আপনারা সকলে দেখিয়া

শুনিয়া বুঝিতে পারিয়াছেন যে, পরিষৎ মন্দিরে স্থানাভাবের জন্য বড়ই অসুবিধা হইতেছে, কিন্তু নূতন বাড়ীতে যখন চিত্রশালা এবং ছবিগুলি স্থানান্তরিত হইবে, তখন পুস্তক এবং পুথির জন্য এ বাড়ীর চতুর্দ্দিকে আলমারী রাখিবার স্থান হইলে এই কষ্ট দূর হইতে পারিবে। পরিষদের কার্য্যে পরিশ্রম করিতে, সাহিত্য এবং ইতিহাসের গবেষণায় আমাদের দেশের যুবকগণের উৎসাহের অভাব নাই এবং আমাদের দেশের রাজা, জমিদার এবং ধনি-সম্প্রদায়েরও বদান্যতার অভাব নাই। বঙ্গেশ্বর, আপনার গুণগ্রাহী রাজপুরুষেরা সম্প্রতি বঙ্গীয়-সাহিত্য-পরিষদে প্রাচীন এবং প্রয়োজনীয় বাঙ্গালা পুস্তক প্রকাশের জন্য বার্ষিক বৃত্তি বন্দোবস্ত করিয়া দিয়া ইহার প্রতি আপনার এবং তাঁহাদিগের নিজের বিশেষ অনুগ্রহ এবং সমাদর প্রদর্শন করিয়াছেন। আর আজ বঙ্গেশ্বর, এখানে আপনার উপস্থিতিতে যে প্রচুর তৃপ্তি ও উৎসাহ লাভ হইল, তাহার ফলে ভবিষ্যতে আরও সুফল ফলিবে। আশা করি, সাহিত্য-পরিষৎ নূতন জমির দখল পাইলেই তাহাতে নূতন অট্টালিকার ভিত্তি স্থাপনের জন্য আবার বঙ্গেশ্বর, আপনাকে এখানে পদার্পণ করিবার ক্লেশ স্বীকার করিতে অনুরোধ করিব। অবশেষে হে সজ্জনবর্গ, আপনারা আজ এখানে অনুগ্রহপূর্ব্বক আসিয়া আমাদিগকে যেরূপ সম্মানিত ও উৎসাহিত করিলেন, তজ্জন্য আপনাদিগকে ধন্যবাদ করিতেছি।

ইহার পর লাটসাহেব অল্প কথায় সুললিত ভাষায় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সকল বিভাগের কার্য্যেই সম্পূর্ণ সন্তোষ প্রকাশ করিলেন। তাহার পর আনন্দধ্বনির মধ্যে লাট সাহেব সদলে বিদায় গ্রহণ করিলেন।

সাহিত্য-পরিষদের গত ২০ বৎসরের সংক্ষিপ্ত কার্য্যবিবরণ ইংরাজীতে ছাপাইয়া এই দিন অভ্যাগতবর্গকে দেওয়া হইয়াছিল। চিত্রশালার যে সকল কৌতূহলজনক বস্তু এই দিন প্রদর্শিত হইয়াছিল, তাহাদের একটি ক্ষুদ্র পরিচয়-পুস্তিকাও এই দিন বিতরণ করা হয়। ২০ বৎসরের কার্য্যবিবরণের মধ্যে যেখানি লাটসাহেবকে দেওয়া হয়, তাহার মলাটখানি বিবিধ রঙ্গে ছাপাইয়া দেওয়া হইয়াছিল। এইখানি সুপ্রসিদ্ধ চিত্রশিল্পী কে, বি, সেন ব্রাদার্স বিনামূল্যে ছাপাইয়া দেও য়ায় পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। কার্য্যবিবরণীর মলাটের উপর এ বার পরিষৎ মন্দিরের ছবি দেওয়া হইয়াছিল। সভাপতি মহাশয়ের উক্তি নিম্নে দেওয়া হইল। (শ্রীযুক্ত বঙ্গেশ্বরের ও মাননীয় লায়ন সাহেবের লিখিত অভিমত ২ পৃষ্ঠায় দেওয়া হইয়াছে)।

Your Excellency, Maharajas, Rajas and gentlemen :—

In the name of the 2,000 members of the Bangiya Sahitya Parisad, I thank you for your kindness and condescension in coming here to-day to encourage them in their effort to improve their language and literature. The age of the Parisad is only 20 years. Within this time it has, thanks to the liberality of the wealthy men of Bengal and especially of Maharaja Manindra Chandra Nandi of Cossimbazar and Raja Jogendra Narain Roy Bahadur of Lalgola, not only got a

local habitation befitting its position, but is going shortly to have another building like this on land given by Hon'ble Maharaja Sir Manindra Chandra Nandi of Cassimbazar. That building will be an adjunct to the Parisad building. It will be a Museum dedicated to the memory of our illustrious countryman, the late Mr. R. C. Dutt, I. C. S., C. I. E., an administrator, a writer both in English and Bengali, a scholar, a novelist and a poet and the first President of the Sahitya Parisad, who gave to the Society its start in life. The Sahitya Parisad is not only the biggest repository of Bengali books and manuscripts, but it also is the only repository of the memories of celebrated men in Bengali literature. You have found the walls decorated with portraits of those men who have done inestimable service to their literature within the last 100 years from Raja Ram Mohan Roy to Mr. Chandra Nath Bose. It must have struck Your Excellency that the Parisad Mandir is rather cramped for space, but when the new building is erected and the Museum and pictures are removed there, we will have racks all ronnd for books and manuscripts and that difficulty will be over. There is no lack of enthusiasm among our young men in their Library and Historical pursuits. There is no lack of literality on the part of our wealthy men, Rajas and Zemindars, in encouraging their efforts in the work of the Parisad. Your Excellency's appreciative Government have lately evinced their kindly interest by making an annual grant for publication of old and useful Bengali works and Your Excellency's presence here to-day is a source of immense satisfaction and encouragment and is likely to lead to even better results than hitherto. It may be that the Parisad will again trouble Your Excellency as soon as it gets possession of the land by requesting Your Excellency to come again and lay the foundation stone of the new building. I thank you, gentlemen, again for your kindness in coming here and honouring and encouraging us with your presence.

একবিংশ সাংবৎসরিক আয়-ব্যয়-বিবরণ

আয়—		
চাঁদা—		৭৭৭০।০
সহর—	৩৯৪৪৲	
মফস্বল—	৩৮২৬।০	
	৭৭৭০।০	
প্রবেশিকা—		১৪৮৲
পুস্তক ও পত্রিকাবিক্রয়—		১৬৫৩৸৶০
পুস্তক—	৯২১৶০	
পত্রিকা—	৭৩২৸০	
	১৬৫৩৸৶০	

বিজ্ঞাপনের আয়—		২০৯৷৹
বিভিন্ন তহবিলের গচ্ছিত টাকার সুদ—		২২৪৸৴১পাই
এককালীন দান—		৩৭৪৬৲
গবর্ণমেণ্ট—	১২০০৲	
সাধারণ—	১৯৬৫৲	
মিউনিসিপালিটী—	৫২৫৲	
পুরস্কার ও পদক—	৫৬৲	
	৩৭৪৬৲	
স্থায়ী ও গৃহনির্ম্মাণ—		১৮০৫০৲
লালগোলা—	১৩০০০৲	
অন্যান্য—	৫০৫০৲	
	১৮০৫০৲	
অগ্রিম বাবুদি হাওলাত আদায়—		২০২৫৻৫
আমানত—		৪৯৫৷৵৹
বিবিধ আয়—		১১৬৶১৫-২ পাই
হাওলাত জমা—		১২৪৷৶১০-২ পাই
ডিবেঞ্চার কাগজ জমা—		৫০০০৲
		৩৯৫৬৪৵১৫-২ পাই

ব্যয়—

গ্রন্থাবলী মুদ্রণ—		৩৩৩৫৵১৹
নকল—	৫৭৸৹	
সম্পাদন—	৩৮৮৲	
কাগজ—	১০১৯৸৵১৫	
মুদ্রণ—	১১৪৫৷৴১৹	
ছবি—	৩৮৷১৹	
বাঁধাই—	১৬৫৸১৹	
ডাক—	৪৷৶৹	
গাড়ী ভাড়া—	৩৭৷৫	
বেতন—	৪৪০৲	
বিবিধ—	৩৮৵৹	
	৩৩৩৫৵১৹	

পত্রিকা, পত্রিকা ও কার্য্যবিবরণ মুদ্রণ—		৩১৬১৸৶০
কাগজ—	১১৭৬৸১০	
মুদ্রণ—	১১৩৪॥৵১০	
ছবি—	২৫২৷০	
বাঁধাই—	১০৫৷৶৫	
ডাক—	৪৪৫॥৶৫	
বিবিধ—	৪৬৸/১০	
	৩১৬১৸৶০	
বিক্রয়ার্থ গ্রন্থ খরিদ—		৬৩৲১০
পুস্তকালয়—		২১০৭৵১৫
পুস্তক খরিদ—	১৯০৷৶০	
পুথি „	২০০৲	
দপ্তরী (পুথি, পুস্তক বাঁধাই)—	১১৯৷৶০	
আসবাব—	৩৬১॥৶	
বেতন—	১১৬২॥৶১০	
বিবিধ—	৩৭৷৶৫	
মুদ্রণ—	২৩৲	
দপ্তর সরঞ্জামী—	১২৷৶০	
	২১০৭৵১৫	
মোকদ্দমার ব্যয়		১৯৭৷৶
বিবিধ মুদ্রণ		১৪৯/১০
কাগজ ও মুদ্রণ—	১৪১৸/১০	
বাঁধাই—	৭৷০	
	১৪৯/১০	
চিত্রশালা—		৬৮/৫
ডাকমাশুল		৫৩৬৲১৫
অধিবেশন—	৩৯০৸৶৫	
সাধারণ—	১৪৫/১০	
	৫৩৬৲১৫	

বিবরণ		উপ-অঙ্ক	টাকা
মেরামত—			৭০৫৶১৫
	গৃহ—	৬৩৭৵১৫	
	আসবাব—	৬৮৴০	
		৭০৫৶১৫	
			১০৩২৩৶০
কমিশন—			৫৬৸৴৫
	চাঁদা আদায় জন্য —	১০॥০	
	পুস্তক বিক্রি—	১।৴৫	
	বিজ্ঞাপন—	৪৫৲	
		৫৬৸৴৫	
ট্যাক্স—			২৫৬॥৴
ইলেকট্রিক লাইট—			২৮২।৵১০
বাড়ী ভাড়া			৯৪॥০
দপ্তর সরঞ্জামী			১৫২৴১০
নূতন আসবাব—			১৯৯।৵০
এলাউন্স—			৩৬০৲
বেতন—			২৪৯৯॥৶১০
গাড়ী ভাড়া			৩৩৭॥৵১৫
ভৃত্যদিগের পোষাক			১৫৴৫
সম্মিলনের ব্যয়			৩৮॥৶১০
	বিবিধ—	১৭৸০	
	ডাক —	২০৸৶১০	
		৩৮॥৶১০	
স্মৃতিরক্ষার্থ ব্যয়			১৮।৴১০
হাওলাত দাদন			২৫৯৫॥৶১৫
আমানত শোধ			৬৪৩।১০
হাওলাত পরিশোধ—			৫৬৩৬॥০
লাট আগমনের ব্যয় —			৭৬০৲১৫
বিবিধ ব্যয়—			৩৮৮৸১০
ডিবেঞ্চার কাগজ খরিদ			৫১২৪॥৶১০-২পাই
			২৭৭৮৩॥১৫-২ পাই

কৈঃ—

গত বর্ষের উদ্বৃত্ত—	১২১২৯৸৴৫
বর্ত্তমান বর্ষের আয়—	৩৯৫৬৪৵১৫-২ পাই
	৫১৬৯৩৸৵—২পাই
বর্ত্তমান বর্ষের ব্যয়—	২৭৭৮৩৷১৫-২পাই
শ্রীহরপ্রসাদ শাস্ত্রী—সভাপতি	২৩৯১০।৴৫

শ্রীমৃণালকান্তি ঘোষ
সহকারী সম্পাদক

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত
ধনরক্ষক

পরীক্ষায় দেখা গেল হিসাব নির্ভুল।

শ্রীউপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়—১২ই পৌষ ১৩২২
শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ
আয়-ব্যয়-পরীক্ষক
১০ই পৌষ ১৩২২

১৩২১ বঙ্গাব্দের
আয়-ব্যয়ের সংক্ষিপ্ত হিসাব

ধারণ ভাণ্ডার।

পূর্ব্ব বর্ষের উদ্বৃত্ত	র্ত্তম র্ষের জমা	মোট		উদ্বৃত্ত
৬২১৵১৫	১২৬: পাই	১৩২৩৭৷৶১০-২	৪৮০৮৷৵১০	৫৭০৸৵১৫-১পাই
		বিশিষ্ট ভাণ্ডার		
২৸৵	৪৬।	২৬৬০৩৵১৫-১	৯৭৪৷৵১০	৬২৮৷৫-১পাই
		ওলার		
`	৮৮৪৷৶	৮৪৷৶	২০২৫৻৫	০৫৯৷৶১০
		আমানত		
৪৩ ৷৶১	২৮৪০৷৵	৯২	৪২৭৯৸১০	২৯১২৷৶৫

শ্রীউপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়
শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ
আয়-ব্যয়-পরীক্ষক।
১২ই পৌষ, ১৩২২—

১৩২১ বঙ্গাব্দের

আয়-ব্যয়ের বিবরণ

সাধারণ তহবিল

হিসাব নং ১

আয়—

চাঁদা		৭৭৭০।০
সহর	৩৯৪৪৲	
মফস্বল	৩৮২৬।০	
	৭৭৭০	
প্রবেশিকা		১৪৮৲
পুস্তক ও পত্রিকা-বিক্রয়		১৪৮২৷৴০
পুস্তক	৭৪৯৸৵০	
পত্রিকা	৭৩২৸০	
	১৪৮২৷৴০	
বিজ্ঞাপনের আয়		২০৯৷০
এককালীন দান		২৮৯০৲
গবর্ণমেণ্ট	১২০০৲	
সাধারণ	১১৬৫৲	
মিউনিসিপালিটী	৫২৫৲	
	২৮৯০৲	
বিবিধ আয়	১১৬৶১৫-২ পাই	
	১২৬১৬৷১৫-২ পাই	

ব্যয়—

গ্রন্থাবলী মুদ্রণ	২৩৭৮৸৵১০
পত্রিকা, পত্রিকা ও কার্য্যবিবরণী মুদ্রণ	৩১৬১৸৴০
কমিশনে বিক্রয়ার্থ গ্রন্থ খরিদ	৬৩৲১০
পুস্তকালয়	২১০৭৶১৫
মোকদ্দমার ব্যয়	১৯৭৷৴০
বিবিধ মুদ্রণ	১৪৯৵১০
চিত্রশালা	৬৮৵৫
ডাকমাশুল	৫৩৬৲১৫
কমিশন	৫৬৸৵৫
সম্মিলনের ব্যয়	৩৮৷৴১০
বিবিধ ব্যয়	১১৪৮৸৵৫
	৯৯০৬৲৫

কৈঃ—

গত বর্ষের উদ্বৃত্ত	৬২১৶১৫
বর্ত্তমান বর্ষের আয়	১২৬১৬৷১৫-২
	১৩২৩৭৷৴১০-২
বাদ বর্ত্তমান বর্ষের ব্যয়—	৯৯০৬৲৫
উদ্বৃত্ত—	৩৩৩১৷৴৫-২ পাই

সাধারণ তহবিল

হিসাব নং ২

পরিষৎ-পরিচালনার ব্যয়।

আয়—		ব্যয়—	
১নং হিসাবের উদ্বৃত্ত	৩৩৩১৷৶৫৷২ পাই	মেরামত	৭০৫৶১৫
		ট্যাক্স	২৫৬৷৴০
		ইলেক্‌ট্রিক লাইটের বিল	২৮২৷৵১০
		দপ্তর সরঞ্জামী	১৫২৴১০
		আসবাব	১৯৯৷৵০
		এলাউন্স	৩৬০৲
		বেতন	২৪৯৯৷৶১০
		গাড়ী ভাড়া	৩৩৭৷৵১৫
		ভৃত্যদিগের পোষাক	১৫৴৫
		ঘর ভাড়া	৯৪৷০
			৪৯০২৷৵৫

কৈঃ—

আয়—	৩৩৩১৷৶৫৷২ পাই
বাদ ব্যয়—	৪৯০২৷৵৩ „
উদ্বৃত্ত—	—১৫৭০৸৵১৫-১ „

সাধারণ তহবিল

হিসাব নং৩

আয়—		ব্যয়—	
গত বর্ষের উদ্বৃত্ত		স্মৃতিরক্ষার্থ ব্যয়	১৮৷৴১
পোষ্টাফিসে সেভিংস ব্যাঙ্কের		গ্রন্থাবলী মুদ্রণ	৯৫৬৷৴০
জমা	৭৩৫৬৸৵১৫		৯৭৪৷৵১০
বর্ত্তমান বর্ষের দান	১৮০৫০৲		
গ্রন্থ প্রকাশ জন্য দান	৮০০৲		
পোষ্টাফিসের সুদ	২২৪৸১পাই		
পুস্তক বিক্রয়	১৭১৷৴০		
	২৬৬০৩৵১৫-১ পাই		

কৈঃ—

আয়—	২৬৬০৩৵১৫-১ পাই
বাদ ব্যয়—	৯৭৪॥৵১০
উদ্বৃত্ত—	২৫৬২৮॥৫-১ পাই

আমানত বাকী হিসাব।

রঙ্গপুর শাখা-পরিষৎ		৪৭৴৫
ময়মনসিংহ সাহিত্য-সম্মিলনের রিপোর্ট মুদ্রণ বাবদ		১০৫।৴১০
সাহিত্য-সংরক্ষণ-সমিতি		১৩০৲
মৌলবি দৌলত আহম্মদ	৩০৲	
রাণী কুসুমকুমারী	১০০৲	
	১৩০৲	
পুরস্কার ও পদক		২৭২৲
অন্যান্য খুচরা		৬৮৸৵১০-১ পাই
স্থায়ী ভাণ্ডার		২২৭৪৲
লালগোলা তহবিল		১৫৲
		২৯১২।৴৫-১ পাই

বিশিষ্ট ভাণ্ডার

নাম	পূর্ব্ব উদ্‌বৃত্ত	বর্ত্তমান বর্ষের জমা	মোট জমা	খরচ	উদ্‌বৃত্ত
১। গৃহনির্ম্মাণ তহবিল	১৮৭৶১০	০	১৮৭৶১০	০	১৮৭৶১০
২। স্থায়ী তহবিল	২৮৯৪৶১৫	১৮১৮৯৸/১ পাই	২১০৮৪/১৫-১ পাই	০	২১০৮৪/১৫-১ পাই
৩। হেমচন্দ্র স্মৃতিরক্ষা-তহবিল	২৭৪৶১০	১৩॥৶০	২৮৭৸/৩ „	৩৸/০	২৮৪/৫
৪। রবীন্দ্র-সম্বর্দ্ধনা	১৯০৮।০	৬৮।০	১৯৭৬॥০	১৪৶১০	১৯৬২।১০
৫। রজনীকান্ত স্মৃতি-তহবিল	২৯।৫	১৸০	৩১৶৫	০	৩১৶৫
৬। গ্রন্থপ্রকাশ তহবিল	৭৲	০	৭৲	০	৭৲
৭। কাশীরাম দাস স্মৃতি-তহবিল	৪১॥০	১৷৴০	৪২৸/০	৷৴০	৪২॥/০
৮। গ্রন্থ-প্রকাশার্থ বিনয়বাবুর দান	২০০০৲	০	২০০০৲	০	২০০০৲
৯। পুস্তক বিক্রয়	১৫।০	০	১৫।০	০	১৫।০
১০। লালগোলা তহবিল	০	৯৭১।/০	৯৭১।/০	৯৫৬।/০	১৫৲
	৭৩৫৬৮৶/১৫	১৯২৪৬।০১ পাই	২৬৬০৩৶/১০পাই	৯৭৪।৶১০	২৪৬২৮॥৫-১ পাই

হাওলাত বাকি।

১৩২০ সালে।

সাধারণ তহবিল

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত গৃহনির্ম্মাণ জন্য—	১০০৲
,, সম্পাদক নবীনচন্দ্র স্মৃতি-সমিতি—	১০৲
,, রমেশ ভবন—	৩২৲
,, এস, কে, লাহিড়ী—	৫৲
,, উইলকিন্স প্রেসের ম্যানেজার—	২৭৵৪
,, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী—	৩।০
,, রামকমল সিংহ—	৵১৫
,, রামকুমার দত্ত—	১৬২৸৫
১৩২১ সালে—	
রমেশ-ভবন—	৫৫॥৵১৫
শ্রীযুক্ত রামকুমার দত্ত—	৩৫৲
,, যতীন্দ্রমোহন বসু—	১১৲
,, রসিকমোহন বিদ্যাভূষণ—	১০৲
,, কাশীরাম দাস স্মৃতি-সম্পাদক	৬॥৫
পুলিশকোর্ট—	২৫৲
∗ রামেন্দ্র-সম্বর্দ্ধনার সম্পাদক—	১৩৭।০
শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়—	৯৲
,, ব্যোমকেশ মুস্তফী—	১২৲
সম্পাদক ৭ম সম্মিলন—	২৮৲
† ,, ৮ম ,,	২৮৸৵
ডাকটিকিট বাবদ—	৭৫৶১০
	৭৭০॥৶১০

বিশিষ্ট ভাণ্ডার

স্থায়ী ভাণ্ডার	২২৭৪৲
লালগোলা—	১৫৲
	২২৮৯৲
মোট	৩০৫৯॥৶১০

∗ কিছু টাকা আদায় হইয়াছে।

† এই টাকা ১৩২২ সালে আদায় হইয়াছে।

নগদ তহবিলের জায়।

গবর্ণমেণ্ট পেপার—	১৩০০০৲
পোর্ট ট্রাষ্ট্ ডিবেঞ্চার—	৫০০০৲
পোষ্টাফিস—	৫৩৬৭৸/১৫-১ পাই
ধনরক্ষক—	৩৫।৫-২ "
কার্য্যালয়ের তহবিলে—	৫০৭৵০
	২৩৯১০।/৫

এক জাই।

দেনা		পাওনা	
আমানতি—	২৯১২।৶৫-১	হাওলাতি—	৩০৫৯॥৶১০
হিসাব নং ২—	-১৫৭০৸৴১৫-১	নগদ তহবিল—	২৩৯১০।/৫
	১৩৪১॥৫-২ পাই		২৬৯৭০৻১৫
হিসাব নং ৩—	২৫৬২৮॥৫-১ পাই		
	২৬৯৭০৻১৫		

শ্রীউপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়
শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ
আয়-ব্যয়-পরীক্ষক।
১০ই পৌষ, ১৩২২

লালগোলার রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের প্রদত্ত অর্থে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে ও হইতেছে।

জমা—

১৩১১ বঙ্গাব্দের দান—	৩০০৲
দফে	৩০০৲
১৩১২ বঙ্গাব্দের দান	৩০০৲
১৩১৩ ,, ,,	৩০০৲
১৩১৪ ,, ,,	৩০০৲
১৩১৫ ,, ,,	৮০০৲
১৩১৬ ,, ,,	৮০০৲
১৩১৭ ,, ,,	৮০০৲
১৩১৮।১৯ ,, ,,	১৬০০৲
১৩২০ ,, ,,	৮০০৲
১৩২১ ,, ,,	৮০০৲
	৭১০০৲
১৩২১ বঙ্গাব্দের পুস্তক-বিক্রয়ের আয়—	১৫৬।/
	৭২৫৬।/

খরচ—

১৩১১ বঙ্গাব্দে	
(১) কাশী-পরিক্রমা সম্পূর্ণ মুদ্রণব্যয়	৩৫৯।৵
(২) ব্রজ-পরিক্রমা (সম্পূর্ণ) মুদ্রণের ব্যয়—	৪৯৬৶
১৩১৪ বঙ্গাব্দ	
(৩) শূন্যপুরাণ (সম্পূর্ণ) মুদ্রণের ব্যয়—	৩১০৲
১৩১৫ বঙ্গাব্দ	
রাজা বাহাদুরের অভিপ্রায়ানুসারে সাহিত্য-পরিষৎ-পত্রিকা প্রকাশের সাহায্য—	৪০০৲
১৩১৬ বঙ্গাব্দ	
ঐ বাবদ—	৪০০৲
(৪) নবদ্বীপ-পরিক্রমা (সম্পূর্ণ) মুদ্রণের ব্যয়—	৫১১৶/
১৩১৭-১৩২১ বঙ্গাব্দ	
(৫) চণ্ডীদাসের পদাবলী মুদ্রণের ব্যয়—	৬১১৶৶১৫
(৬) চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন মুদ্রণের ব্যয়, মূল পুথি খরিদ ও মূলাংশ সম্পূর্ণ মুদ্রণ, টীকার কতকাংশের কাগজের খরিদ, সম্পাদন ব্যয় বাবদ—	৬৪০॥/১০
(৭) বোধিসত্ত্বাবদানকল্পলতা ১ম, ২য়, ৩য় সম্পূর্ণ ও ৪র্থ খণ্ডের ১১ ফর্ম্মা পর্য্যন্ত মুদ্রণের ব্যয়—	৭২৮॥/১০
(৮) শব্দকোষ ১ম, ২য় ও ৩য় খণ্ড মুদ্রণ বাবদ—	১৩৫৫।০
	৫৮১৪।৵

কৈঃ—

জমা—	৭২৫৬।/
খরচ—	৫৮১৪।৵
উদ্বৃত্ত—	১৪৪১৶৵

শ্রীরামকমল সিংহ

১৩২২ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ

আয়—

চাঁদা		১০৫০০৲
প্রবেশিকা		২০০৲
পুস্তক ও পত্রিকা বিক্রয়		১৬০০৲
পুস্তক বিক্রয়	৯০০৲	
পত্রিকা বিক্রয়	৭০০৲	
	১৬০০৲	
এককালীন দান		২৬৭৫৲
গবর্ণমেণ্ট	১২০০৲	
কুমার অরুণচন্দ্র সিংহ বাহাদুর	১৫০৲	
রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর	৮০০৲	
মিউনিসিপালিটি	৫২৫৲	
	২৬৭৫৲	
সুদ		৮০৫৲
গবর্ণমেণ্ট পেপার	৪৫৫৲	
পোর্টট্রাষ্ট ডিবেঞ্চার	২০০৲	
সেভিংস ব্যাঙ্ক	১৫০৲	
	৮০৫৲	
বিবিধ আয়		৩০০৲
		১৬৪৮০৲

ব্যয়—

গ্রন্থাবলী মুদ্রণ		৩৬০০৲
পত্রিকা, পঞ্জিকা ও কার্য্য-বিবরণী মুদ্রণ		৩২০০৲
পুস্তকালয়		৬৭০৲
আলমারী ১টা	১৭৫৲	
পুস্তক পাড়িবার সিড়ি	২৫৲	
৬০০০ পুস্তকের তালিকা প্রস্তুত ব্যয়	১২০৲	
১০০০ তালিকা ছাপাই ২৫ ফর্ম্মা	১২৫৲	
বাঁধাই	১৬৲	
কাগজ	৭৫৲	
বিবিধ	৩৪৲	
পুস্তক ক্রয়	৩০৲	
পুস্তক বাঁধাই	৭০৲	
	৬৭০৲	
পুথিশালা		৪৯০৲
র‍্যাক ১টি	৭৫৲	
পুথির বোর্ড	৫০৲	
ফিতা ও খেরো	১০০৲	
বাঁধাই	১৫৲	
টেঙ্গুর ও কেঙ্গুর পুথির কাঠের বোর্ড	২৫০৲	
	৪৯০৲	
বিবিধ মুদ্রণ		২০০৲
চিত্রশালা		৩০০৲
ডাকমাশুল		৬০০৲
		৯০৬০৲

ব্যয়—

জের		৯০৬০৲
মেরামত		৭২০৲
গৃহ	৬০০৲	
আসবাব	২০৲	
আলোক ও পাখা	১০০৲	
	৭২০৲	
কমিশন		১১০৲
বিজ্ঞাপনের টাকা		
আদায় জন্য	১০০৲	
পুস্তক বিক্রয়	১০৲	
	১১০৲	
ট্যাক্স		২৬৫৲
ইলেক্‌ট্রিক লাইটের বিল		২৮০৲
ভৃত্যদিগের ঘরভাড়া		১০০৲
দপ্তর সরঞ্জামী		২০০৲
আসবাব		৩০০৲
পুথির ঘরে টেবিল		
পাখা	১০০৲	
গুদাম ঘরের র‍্যাক	১৫০৲	
আফিস ঘরের		
আসবাব	৫০৲	
এলাউন্স	৩৬০৲	
		১১৩৯৫৲

ব্যয়—

জের	১১৩৯৫৲
বেতন	৪২০৬৲
গাড়ীভাড়া	২০০৲
পোষাক	১০০৲
সম্মিলন	৫০৲
ছাত্রসভ্যগণের পুরস্কার	১০০৲
স্মৃতি রক্ষার্থ ব্যয়	২০৲
বিবিধ ব্যয়	৪০০৲
	১৬৪৭১৲

(স্বাক্ষর) শ্রীব্যোমকেশ মুস্তফী
" শ্রীবাণীনাথ নন্দী
" শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ
" শ্রীমন্মথমোহন বসু
" শ্রীখগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
" শ্রীপ্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
" শ্রীনগেন্দ্রনাথ বসু
" শ্রীমৃণালকান্তি ঘোষ
সহঃ সম্পাদক।

রমেশ-ভবনের ভূমিদান-পত্র

This indenture made this first day of April in the Christian era One thousand nine hundred and fifteen between the Hon'ble Maharaja Manindra Chandra Nandy of Kashimbazar in the district of Murshidabad son of Nabin Chandra Nandy, deceased, by caste Tili, Zamindar (herein-after called the said donor) of the one part and Babu Sarada Charan Mitra, son of the late Babu Ishan Chandra Mitra, Zemindar of village Panisehala;in District Hugli, Kumar Sarat Kumar Roy, son of Raja Pramathanath Roy, deceased, Zemindar of Dighapatia in the district of Rajsahye, Raja Jagat Kishore Acharjya Choudhuri, son of Ram Kishore Acharjya Choudhuri, deceased, of Muktagacha in the district of Mymensingh, Rai Jatindra Nath Choudhuri, son of Rai Mathuranath Choudhuri, deceased, Zemindar of Taki in the Twenty-four Parganas, Hirendranath Dutta, son of Dwarkanath Dutta, deceased, Attorney-at Law of No. 139 Cornwallis Street in the town of Calcutta and Raja Rao Jogendra Narayan Roy Bahadur, son of Rao Mahesh Narayan Roy, deceased, of Lalgola, Murshidabad, (hereinafter called the trustees) of the second part.

Whereas the said donor has taken great interest in the advancement and improvement of the Bengalee language and literature and Indian archaeological remains and is desirous of promoting further the objects of the Bangiya Sahitya Parishad being a literary Association founded at Calcutta aforesaid in the year One thousand and three hundred B. S. which was duly registered under Act XXI of 1860 (An Act for the Registration of Literary, Scientific and Charitable Societies.) And whereas he is further desirous of perpetuating the memory of the late Rames Chandra Dutt, C.I.E. in connection with the said Bangiya Sahitya Parishad and has resolved to dedicate the land in the schedule hereunder fully described and intended to be hereby granted in perpetuity and to grant the said land to the said trustees upon the trusts hereinafter declared, expressed and contained concerning the same ; And whereas a special committee has been formed for the said purpose of perpetuating the memory of the said Romes Chandra Dutt C.I.E. by the erection of a building to be called Rames Bhavan and the said second party has been constituted trustees by a resolution of the committee dated the 20th day of September 1911. Now this indenture witnesseth that for effectuating the said resolution and in consideration of the premises the donor doth hereby fully and

voluntarily and without any valuable consideration give and grant unto the said trustees, and their successors in office and assigns as hereinafter provided all and singular the plot and parcel of land, hereditaments and premises fully set forth and described in the schedule hereunder written and delineated with the dimensions and boundaries thereof upon the plan or map hereto annexed or howsoever otherwise the said lands hereditaments and premises are known or reputed to be together with all buildings, yards, ways, liberties, easements and appurtenances to the said land, hereditaments and premises belonging or in any wise appertaining or usually held or occupied herewith or reputed to belong or to be appurtenant thereto and estate, right, title or interest of the said donor or of any other person or persons claiming any interest on behalf in the said land and hereditaments and premises and every part thereof the present market-value whereof is estimated to be Rs. 20000-Rupees twenty thousand. To have and to hold the said land, hereditaments and all the singular other the premises expressed to be hereby granted or intended so to be with their appurtenances unto and to the use of the said trustees, their successors in office and assigns upon the trusts and subject to the powers, provisions, agreements and declarations hereinafter declared, expressed and contained concerning the same and the said trustees hereby declare that they and the survivors and survivor or their representatives and successors in office do and shall stand possessed of the said premises hereinbefore expressed to be hereby granted and of the rents and profits thereof for an archæological and literary museum under the name of Rames Bhaban and shall build upon, pull down, rebuild and alter and otherwise deal with the said premises and any buildings for the time being thereon and shall allow the said buildings or any of them or any part thereof to be occupied by or for the purpose of the said institution or otherwise and shall pay over apply and deal with the said rents, profits and all monies received by the said trustees as compensation as hereinafter provided or otherwise in such manner in every respect as a majority in number of the members of the executive committee of the Rames Bhaban Committee at a meeting of such committee convened and conducted according to the rules of the time being in force of the said committee and voting upon the question from time to time otherwise or direct and shall keep proper books of accounts of the receipts and payments of the said trust provided always and it is hereby agreed and declered by and between the said parties hereto that in case the said lands and buildings cease for the period of two years to be used for the purpose aforesaid and in such case the

lands, hereditaments and premises hereby granted with the buildings and structures erected and built and at the time standing thereon shall revert to the said donor his heirs, representatives or assigns provided that he or they should within a reasonable time pay to the trustees for the time being of these presents the market-value at the time of the said buildings and structures as standing structures such value to be ascertained by agreement of the parties or their representatives for the time being or in case they should fail to come to an agreement by two arbitrators one to be appointed by each side or if they disagree by their umpire and the sum or sums of money as received by the trustees shall be dealt with and applied as assets of the said Sahitya Parishad for the special purpose of preserving the memory of Rames Chandra Dutt, deceased; provided also that if the premises hereby granted or any part thereof be acquired for a public purpose the whole of the compensation receivable in respect thereof shall be paid to the said trustees who shall invest the same in the purchase of landed property to be held by them upon the trust hereinbefore declared on the same conditions as aforesaid. And it is hereby further agreed and declared that a trustee shall not be at liberty to retain anything out of and from the trust-fund and shall be disqualified to hold his office if he does so and he shall accordingly vacate his office if he ceases to be a member of the said Institution or if he becomes or is declared a bankrupt or an insolvent or be declared a lunatic or become of unsound mind though not so found by inquisition or shall otherwise become unfit or incapable to act; it is, hereby, also agreed and declared that new trustees to be appointed for the purpose of these presents shall be selected out of the members of the said institution by a majority in number of the members assembled at any ordinary or extraordinary meeting of the said institution and voting upon the question and that any vacancy in the number of the trustees shall be filled up as soon as may be after the occurance thereof and that the said trust-premises shall be conveyed and transferred to or otherwise legally vested on the whole body of trustees for the time being *whenever* the number of persons in whom the same premises shall for the time be legally vested shall be reduced to two but no omission to comply with any of the above requirements shall invalidate any act or thing done or deed executed by the trustees for the time being which would have been valid if all such requirements had been complied with and every trustee for the time being may after as well as before the said trust-premises shall have become vested in him in all things act and assist in the execution and exercise of the trusts and powers of these presents.

In witness whereof the parties to these presents have hereunto set and subscribed their respective hands and seals the day and year first above mentioned.

MANINDRA CHANDRA NANDY.
JAGAT KISORE ACHARJYA CHOWDHURY.
SARAT KUMAR RAY.
SARADA CHARAN MITRA.
RAI YATINDRA NATH CHOWDHURY.
HIRENDRA NATH DATTA.
JOGENDRA NARAYAN RAY.

Signed sealed and delivered
in the presence of
BYOMKESH MUSTAPHI,
150, Upper Circular Road, Calcutta.
RAMKAMAL SINHA,
56, Sitaram Ghosh St., Calcutta.

Schedule above referred to.

All that piece or parcel of rent-free land or ground containing by measurement seven cottahs be the same a little more or less situate lying at and being portion of the Halsibagan Bustee No. 243 Upper Circular Road Holding No. nil Block No. nil Thana Bartola Mouza Halsibagan in the north division of the town and registration district of Calcutta particularly delineated in the map or plan hereto annexed and butted and bounded in manner following, that is to say, on the south by Halsibagan Road, on the west by Sahitya Parishad Mandir No. 243/1 Upper Circular Road and on the north by a portion of No. 243 Upper Circular Road on which Ramkanai and Puddo Lochan's oil Depot and on the east by a portion of No. 243 Upper Circular Road and beyond that by a Bustee Road belonging to the Donor.

Registered
Book No. 1
Volume No. 64
Pages 187 to 194
Being No. 2758
For the year 1915.

KRIPANATH DUTTA,
District Registrar of Assurances,
Calcutta, the 30th July, 1915.

রমেশ-ভবন

আয়—		ব্যয়—	
১৯১০ সালের চাঁদা আদায়	৬০৮৪৲	১৯১০ সালের বিবিধ ব্যয়	৩১৫।৶৫
১৯১১ " "	৭১১॥৫	১৯১১ " " "	২৬৩।৵০
১৯১৩ " "	৩০৮।৶১৫	১৯১২ " " "	১০৭।৴৫
	৭১০৪৲	১৯১৩ " " "	৭৩।৵৫
১৯১০ সালে সাহিত্য-পরিষৎ হইতে হাওলাতি গ্রহণ	৬৭৲৫	১৯১৪ " " "	৪০৲
		১৯১৫	৪।৵১০
১৯১১	৫০৲		৮০৩৸৶৫
১৯১৩	৫৭॥৵০	প্রদর্শনীর ব্যয়	১২৫১॥৶১০
অতিরিক্ত বেতন আদায়	২৩॥০	মহারাজ প্রদত্ত জমীর দলিল রেজিষ্টারীর ব্যয়	৫৩৭৸৶১০
	১৯৮৵৫		
	৭৩০২৵৫	নক্সা এবং বাড়ীর এষ্টিমেট প্রস্তুতের ব্যয়	৭১॥৴০
প্রজার নিকট হইতে খাজানা ও ট্যাক্স আদায়	১২৮।০		২৬৬৫।৶৫
পাকা ও কাঁচা বাড়ীর মূল্য আদায়	৪৫০৲	প্রজাকে তাহার বাড়ীর কম্পেনশেসন দেওয়ার ব্যয়	৬৫৬।৴০
	৭৮৮০।৵৫	বিবিধ ব্যয়	৪।৵১০
			৩৩২৫৸৵১৫

কৈঃ—

আয়	৭৮৮০।৵৫
ব্যয়	৩৩২৫৸৵১৫
	৪৫৫৪।৶১০

১৫ই মার্চ্চ ১৯১৬ সাল পর্য্যন্ত আয়-ব্যয়ের হিসাব দেওয়া হইল।

শ্রীরামকমল সিংহ
শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

ভ্রম-সংশোধন

১২০ পৃষ্ঠায় যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের মারফতে ৮০৲টাকার উল্লেখ আছে। উক্ত ৮০৲ টাকা নিম্নোক্ত ব্যক্তিগণ প্রদান করিয়াছেন ;—

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ বাক্‌চী ১০৲, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ বাক্‌চী ১০৲, শ্রীযুক্ত বিচারপতি আশুতোষ চৌধুরী ১০৲, শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী ১০৲, শ্রীযুক্ত ডাঃ রামদাস খাঁ ৫৲, শ্রীযুক্ত উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় ৫৲,শ্রীযুক্ত ললিতকুমার মুখোপাধ্যায় ৫৲, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রচন্দ্র চৌধুরী ৫৲, শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত ৫৲, শ্রীযুক্ত কুমার নরেন্দ্রনাথ লাহা ৫৲, শ্রীযুক্ত মণিলাল গঙ্গোপাধ্যায় ৫৲, শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র ঘোষ ২৲, শ্রীযুক্ত অমলচন্দ্র হোম ২৲, শ্রীযুক্ত ঈশানচন্দ্র ঘোষ ১৲।

পদক ও পুরস্কার

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

কলিকাতা

বর্ত্তমান ১৩২২ বঙ্গাব্দে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎকর্ত্তৃক নিম্নোক্ত বিষয় সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধের জন্য নিম্নলিখিত পদক ও পুরস্কার প্রদত্ত হইবে ;—

পদক বা পুরস্কার	প্রবন্ধের বিষয়
১। হেমচন্দ্র রৌপ্যপদক—	হেমচন্দ্র ও ঈশানচন্দ্রের কাব্য-শক্তির সমালোচনা
২। হরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী স্বর্ণপদক (১ম)—	কবি দ্বিজেন্দ্রলাল রায়ের সঙ্গীত
৩। „ „ „ (২য়)—	গিরিশচন্দ্র ঘোষের সামাজিক নাটক
৪। কেদারনাথ দত্ত রৌপ্যপদক—	রূপকথা-সংগ্রহ (লেখকের আপন জেলায় প্রচলিত রূপকথা সংগ্রহ)
৫। দীনবন্ধু মিত্র পুরস্কার—	বঙ্গের নাট্য-সাহিত্য ও দীনবন্ধু
৬। রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি—	টেনিসনের কবিতায় কি শিক্ষা করা যায়
৭। শিশিরকুমার ঘোষ পুরস্কার—	শ্রীনিবাসের জীবন-চরিত্র
৮। প্রিয়নাথ চক্রবর্ত্তী পুরস্কার—	জীবন ও জীবনের ধর্ম্ম*

* এই প্রবন্ধ সম্বন্ধে পুরস্কারদাতৃগণ প্রবন্ধ-লেখকগণকে এইরূপ ইঙ্গিতটুকুরও উল্লেখ করিতে বলেন,—"যে চৈতন্য ঘটে ঘটে ওতঃপ্রোতভাবে বর্ত্তমান, যাহার সংযোগে জীব জীবপদবাচ্য—যাহার বিকাশ মানবাধারে পরিস্ফুটতর, সেই জীবনের স্ব-রূপ প্রকৃতি, লক্ষ্য, গতি ও পরিণতি পর্য্যালোচনা দ্বারা উহার স্বভাব বা ধর্ম্ম নিরূপণ।"

বিশেষ দ্রষ্টব্য—প্রবন্ধগুলিতে গবেষণা এবং বিচার-শক্তির পরিচয় থাকা চাই। পরিষদের নিযুক্ত পরীক্ষকগণের অনুমোদিত না হইলে কোন প্রবন্ধ পুরস্কারযোগ্য বলিয়া বিবেচিত হইবে না। প্রথম প্রবন্ধ স্কুল, কলেজ, চতুষ্পাঠী ও মাদ্রাসার ছাত্রগণ ব্যতীত অন্য কেহ লিখিতে পারিবেন না। অন্যান্য প্রবন্ধ যে কেহ লিখিতে পারিবেন। প্রবন্ধগুলি বর্ত্তমান বর্ষের চৈত্রসংক্রান্তি মধ্যে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দিরে, ২৪৩।১ অপার সার্কুলার রোড, কলিকাতা—ঠিকানায় পরিষৎ-সম্পাদকের নামে পাঠাইতে হইবে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির
২৪৩।১ অপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী
সম্পাদক।

কেশরঞ্জনতৈল

বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্‌গ্রন্থাবলীর মূল্য কমাইয়া সাধারণের ও সদস্যগণের জন্য অধিকাংশ স্থলে 'অর্দ্ধেক' ও 'সিকি' করিয়া দেওয়া হইল।

		সাধারণপক্ষে পূর্ব্বমূল্য	সাধারণপক্ষে বর্ত্তমান মূল্য	সদস্যপক্ষে বর্ত্তমান মূল্য
১	কৃত্তিবাসী রামায়ণ (অযোধ্যা ও উত্তরকাণ্ড)	১৲	॥০	।০
২	বিজয় পণ্ডিতের মহাভারত	১॥০	৸০	।৶০
৩	ছুটিখানের মহাভারত	১৲	॥০	।০
৪	রাসায়নিক পরিভাষা	৷৶০	৵০	৴১০
৫	কাশীপরিক্রমা	৸০	।৶০	৵০
৬	নরোত্তমের রাধিকার মানভঙ্গ	৵০	৶০	৴০
৭	কৃষ্ণরাম দত্তের রাধিকামঙ্গল	।০	৶০	৴০
৮	নরহরি চক্রবর্ত্তীর ব্রজপরিক্রমা	১৲	॥০	।০
৯	শঙ্কর ও শাক্যমুনি	৶০	৴০	৶১০
১০	ঐতরেয় ব্রাহ্মণ	৫৲	৩৲	২॥০
১১	শতপথ-ব্রাহ্মণ (প্রথম ও দ্বিতীয় খণ্ড)	৫॥০	২৸০	১।৶০
১২	পরলোকগত চন্দ্রনাথ বসু (সচিত্র)	।০	৶০	৴০
১৩	পরলোকগত কালীপ্রসন্ন বিদ্যাসাগর (সচিত্র)	।০	৶০	৴০
১৪	বিষ্ণুমূর্ত্তি-পরিচয় (সচিত্র)	।৶০	৵০	৴১০
১৫	বোধিসত্ত্বাবদান-কল্পলতা (১ম, ২য়, ৩য় ও ৪র্থ খণ্ড)	৪৶০	২৸৶০	২।০
১৬	বাঙ্গালা ভাষা (ব্যাকরণ)	১।০	॥৶০	।৴০
১৭	বাঙ্গালা ভাষা (২য় ভাগ) (১, ২,৩,৪খণ্ড) শব্দকোষ	৫॥০	৩।০	১৸০
১৮	মহিলা-ব্রতকথা	।৶০	৵০	৶০
১৯	কল্কিপুরাণ	১।০	॥৶০	।৴০
২০	প্রাচীন গ্রীসের জাতীয় শিক্ষা	১৲	॥০	।০
২১	চণ্ডীদাসের পদাবলী		৩৲	২৲
২২	শ্রীশ্রীপদকল্পতরু (১ম খণ্ড)		১॥০	১৲
২৩।	জ্যোতিষ-দর্পণ		১।০	১৲
২৪	কবি হেমচন্দ্র		॥৶০	॥৶০
২৫	সঙ্গীতরাগকল্পদ্রুম		১৫৲	১৫৲
২৬	মৃগলুব্ধ		।৴০	৵০
২৭	মৃগলুব্ধ-সংবাদ		।০	৵০
২৮	দুর্গামঙ্গল		১৲	॥০
২৯	সত্যনারায়ণের পুঁথি		৵০	৶০

পুস্তক পাইবার ঠিকানা,—২৪৩।১ নং অপার সারকুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির, কলিকাতা।

শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায়-প্রণীত

ঢাকার ইতিহাস

দ্বিতীয় খণ্ড

প্রকাশিত হইয়াছে।

ছাব্বিশখানি মনোরম চিত্র-সম্বলিত

এবং

৫২০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

প্রাচীন কাল হইতে মুসলমান আগমনের পূর্ব্ব পর্য্যন্ত প্রাচীন বঙ্গের ইতিহাস আধুনিক বিজ্ঞান-সম্মত প্রণালীতে ও নিরপেক্ষ ভাবে লিখিত হইয়াছে। "সমতট বঙ্গে বৌদ্ধ-ধর্ম্ম" ও "প্রাচীন বঙ্গের শাসন-তন্ত্র" এই দুইটি অধ্যায় এই গ্রন্থের বিশেষত্ব।

মূল্য—উৎকৃষ্ট কাপড়ে বাঁধাই ২৷৷০ টাকা মাত্র।

প্রথম খণ্ড অতি অল্প সংখ্যক মাত্র
অবশিষ্ট আছে।

মূল্য—উৎকৃষ্ট কাপড়ে বাঁধাই ৩৷৷০ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান—

গুরুদাস লাইব্রেরী, আশুতোষ লাইব্রেরী, মজুমদার লাইব্রেরী, ভট্টাচার্য্য এণ্ড সন্, অতুল লাইব্রেরী প্রভৃতি কলিকাতা ও ঢাকার প্রধান প্রধান পুস্তকালয়।

English Works By

Professor Benoy Kumar Sarkar M.A.

1. The Science of History and the Hope of Mankind. (LONGMANS GREEN & Co., LONDON, NEW YORK). *Crown 8vo. viii + 76. Price, 2s 6d.*

"The book shows an unusually broad conception of history not commonly found in scholars of oriental birth. The main tendency is to show the paramount importance of world-forces for the development of every single nation."—*The Open Court*, Chicago.

2. Introduction to the Science of Education. (LONGMANS). Translated from Bengali by Major B. D. BASU, I. M. S. (Retired), Editor. *The Sacred Books of the Hindus* Series. *Crown 8vo. Pp. 141. Price, 3s. 6d.*

"Admirable aim . . Written in the style of Herbert Spencer or Benjamin Kidd . . . An idealist, a fervent seeker after truth."—*The Pioneer*, Allahabad.

3. Sukra-niti (Hindu Economics and Politics). Rendered into English from Sanskrit with Introduction and Notes. [*The Sacred Books of the Hindus, Vol. Xiii.* PANINI OFFICE].

With an Index by NARENDRA NATH LAW, M. A., B. L., Author of "Studies in Ancient Hindu Polity." *8vo. Pp. 36 + 270. Price, 7s. 6d.*

4. The Positive Background of Hindu Sociology. Book I Nonpolitical [*The Sacred Books of the Hindus' Vol. xvi.* PANINI OFFICE].

With Appendices by DR. BRAJENDRANATH SEAL, M. A. Ph.D., King George V., Professor of Philosophy in the University of Calcutta. *8vo. Pp. xxiii + 366 Price, 10s 6d.*

CONTENTS:—Relativity of *Niti-sastras* (Political Science)—Data of Ancient Indian Geography—Data of Ancient Indian Ethnology—Data of Ancient Indian Mineralogy—Data of Ancient Indian Botany—Data of Ancient Indian Zoology.

Dr. GILBERT MURRAY, Regius Professor of Greek, Oxford University:—"Not only full of learning but full of points that may throw light on the problems of my own studies."

PROF. MARETT (Oxford), President, Folklore Society of London:—"It will be of the very greatest value to an anthropologist."

DR. MARSHALL, Professor of Economics (Cambridge) :—"An important contribution to our knowledge of India."

Prof. Macdonell, (Oxford), Author of a History of Sanskrit Literature:—"It treats of many interesting topics . . . Much attention to bibliography and references."

5. The Folk-Element in Hindu Culture—A Contribution to Socio-religious Studies in Hindu Folk-Institutions. (Longmans). with the assistance of H. K. Rakshit, B. A. (Wisconsin).

6. Lecture-Notes for University Students:—

(a)	Economics (General and Historical)	2s 4d.
b)	Constitutions of Seven Modern States	1s.
(c)	Introduction to Political Science	1s
(d)	History of Ancient Europe	1s
(e)	History of Mediæval Europe	2s8d.
(f)	History of English Literature	2s8d.

„ কালীকৃষ্ণ ভট্টাচার্য্য এম্ এ, বি এল্, উকীল, ১৭।১ ঝামাপুকুর লেন।
„ সুধাংশুমোহন বসু এম্ এ, এল্ এল্ বি (ক্যাণ্টাব), ব্যারিষ্টার,
৯৩ অপার সার্কুলার রোড।
৪৫ „ যোগেন্দ্রনাথ সেন, ১৫৬।২ অপার সার্কুলার রোড।
„ দ্বিজেন্দ্রনাথ রায় চৌধুরী বি এ, ১৬৪।১।১ রসা রোড সাউথ।
„ সুনীতিকুমার পাল এম্ এ, স্কটিশ চার্চ্চ কলেজের ভূতপূর্ব্ব গণিত অধ্যাপক,
২৪।১ রামমোহন সাহা লেন।
„ রাজা রবীন্দ্রনাথ রায়, ১৬এ রূপচাঁদ মুখোপাধ্যায় লেন, ভবানীপুর।
„ নরেন্দ্রকিশোর রায়, ২৮ চাউলপটি লেন, ভবানীপুর।
৫০ „ রাসবিহারী মুখোপাধ্যায় এম্ এ, বি এল্, মুন্সেফ্, ৮।১ ক্রীক লেন, হুগলী।
„ বিনোদবিহারী রায়, একাউণ্টেণ্ট পি ডব্লু ডি, ১ম কলিকাতা ডিঃ, ইম্পিরিয়াল
সেক্রেটারিয়েট বিল্ডিংস্, কলিকাতা।
„ যতীন্দ্রনাথ ঘোষ, ২৪৩ অপার সার্কুলার রোড।
„ প্রভাতচন্দ্র চন্দ, ২৪৩ অপার সার্কুলার রোড।
„ হরিপদ ভৌমিক বি এ, সুপারিণ্টেণ্ডেণ্ট টেলিগ্রাফ্ ইঞ্জিনিয়ারিং,
২৩ ল্যান্সডাউন রোড।
৫৫ „ আমিনদ্দিন আহাম্মদ, ৬৮।১০ বেলগাছিয়া রোড।
„ ডাঃ গিরিশচন্দ্র মৈত্র এল্ এম্ এস্, এসিষ্ট্যাণ্ট সার্জ্জন, ম্যালেরিয়া রিসার্চ্চ,
বেঙ্গল, জুবিনাইল জেল, আলিপুর।
„ দেবেশ্বর মুখোপাধ্যায় বি এ, বিদ্যাবিনোদ, এটর্ণি-এট-ল, হাইকোর্ট, কলিকাতা,
৬৯এ বলরাম দে ষ্ট্রীট।
„ নলিনীমোহন রায় চৌধুরী বি এ, "টেপা লজ", রঙ্গপুর।
„ উপেন্দ্রনাথ বসু, ১৬২।২ অপার চিৎপুর রোড।
৬০ „ বীরেন্দ্রকৃষ্ণ বসু, ৬৩ হরিঘোষ ষ্ট্রীট।
„ জ্যোতিশ্চন্দ্র মিত্র বি এ, এটর্ণি-এট-ল, এসিষ্ট্যাণ্ট রেজিষ্ট্রার, কলিকাতা
হাইকোর্ট, ৬ দীনবন্ধু লেন।

শ্রীযুক্ত মৌলবী সৈয়দ আহম্মদ ইসরাইল, ৭ নর্থ শিয়ালদহ রোড।
„ ডাঃ যতীন্দ্রনাথ বসু, ২৪ মহেন্দ্র বসু লেন।
„ রবীন্দ্রকুমার বসু, ৬ দীনবন্ধু লেন।
৬৫ „ সতীশচন্দ্র রায় এম্ এ, বি এল্, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ১ গোয়াবাগান লেন।
„ রজনীকান্ত দাস, ১৭।১৮ শম্ভুনাথ পণ্ডিত ষ্ট্রীট।
„ ডাঃ অনুকূলচন্দ্র সরকার এম্ এ, পি আর্ এস্, পি এচ্ ডি, এফ্ সি এস্, অধ্যাপক, প্রেসিডেন্সি কলেজ।
„ মণীন্দ্রনাথ সরকার, ইন্সপেক্টার, হেল্থ্ ডিপার্টমেন্ট, কলিকাতা কর্পোরেশন, ১৩।১ বাহির মৃজাপুর রোড।
„ নারায়ণচন্দ্র নিয়োগী, পুস্তক ও নর্শরী ব্যবসায়ী, ৯ উল্টাডাঙ্গা জংসন রোড।
৭০ „ ভবানীচরণ চক্রবর্ত্তী, ৩ ঈশ্বর মিল বাই লেন।
„ ডাঃ হরেন্দ্রনাথ দাস এম্ এ, এম্ ডি, ১৪১ আমহার্ষ্ট ষ্ট্রীট।
„ লালবিহারী বসু, ২০ জগন্নাথ দত্ত লেন।
„ হরিদাস বিদ্যাবিনোদ, সাহিত্যরত্ন, ৪ ওয়েলিংটন স্কোয়ার।
„ ভূতনাথ বন্দ্যোপাধ্যায়, এফ্ আর এ এস্, ৫০ বাগবাজার ষ্ট্রীট।
৭৫ „ তুষ্টলাল বিদ্যাবিনোদ, ২০।৪ ভবানীচরণ দত্ত লেন।
„ গোকুলচন্দ্র মণ্ডল বি এ, সলিসিটর, হাইকোর্ট, ৯৯।৩ অপার সার্কুলার রোড।
„ নলিনীনাথ সেন, চিফ্ কোর্ট ইন্সপেক্টার, সেন্‌ট্রাল পুলিশকোর্ট।
„ গিরিজাভূষণ ঘোষাল এম্ এ, ইন্টারপ্রিটার, চিফ্ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটের কোর্ট।
„ সুধীরচন্দ্র সাধুখাঁ, ১৫৬ অপার সার্কুলার রোড।
৮০ „ বিমলচন্দ্র সিংহ বি এ, ডেঃ ম্যাজিষ্ট্রেট ও ডেঃ কলেক্টার, হাওড়া।
„ শিবরাম মৈত্র, ৭৬।৩ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।
„ বিষ্ণুপদ রায় বি এ, ১৬ নরেন্দ্রনাথ সেন স্কোয়ার।
„ জিতেন্দ্রকিশোর বন্দ্যোপাধ্যায়, ঐ।
„ সঞ্জীবচন্দ্র সান্যাল বি এ, ২৬ শ্যামপুকুর ষ্ট্রীট।
৮৫ „ কুমুদবন্ধু দাসগুপ্ত বি এ, এম্ আর্ এ এস্, ৪র্থ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট, সেন্‌ট্রাল পুলিশ কোর্ট, কলিকাতা।
„ সত্যেন্দ্রনাথ ঘোষ মৌলিক, ২২ মীরজাফর লেন।
„ সরোজবন্ধু মিত্র, ৪২।১ হরিঘোষ ষ্ট্রীট।
„ চুণিলাল পাল বি এ, ৮ রাজাস্ লেন।
„ কাজি ইম্‌দাদুল হক্ বি এ, বি টি, হেড্‌মাষ্টার, কলিকাতা নর্ম্মালস্কুল, ২৮ কনভেন্ট রোড।

৯০ শ্রীযুক্ত ফণীন্দ্রকৃষ্ণ বসু এম্ এ, ২ ভালুকপাড়া লেন।
„ মদনমোহন চট্টোপাধ্যায়, ম্যানেজার, মেটকাফ্ প্রিন্টিং ওয়ার্কস্,
৩৪ মেছুয়াবাজার ষ্ট্রীট।
„ অজিতচন্দ্র ঘোষ এম্ এ, বি এল্, ৪২ শ্যামবাজার ষ্ট্রীট।
„ নারায়ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ট্যাক্স দারোগা ও কেশিয়ার, বরাহনগর
মিউনিসিপ্যালিটি, আলমবাজার পোঃ, ২৪ পরগণা।
„ দামোদর দত্ত চৌধুরী, ৩০ বসুপাড়া লেন, বাগবাজার।
৯৫ „ মিঃ সতীশরঞ্জন দাস, বার-এট-ল, ৮ ময়রা ষ্ট্রীট।
„ অনাথনাথ ঘোষ, ৬০ বেনেটোলা ষ্ট্রীট।

১৩২৩ সালের মফস্বলের অতিরিক্ত সদস্যগণ

শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী বি এল্, সম্পাদক, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, মেদিনীপুর শাখা,
মেদিনীপুর।
„ শরচ্চন্দ্র রায়, এম্ এ, বি এল্, রাঁচী।
„ রাজা জগদীশচন্দ্র দেও ধবলদেব বি এ, চিল্‌কীগড়রাজ, পোঃ গিধনী, জেলা
মেদিনীপুর।
„ জানকীনাথ মুখোপাধ্যায় বি এ, বি এল্, মুন্সেফ, ডায়মণ্ডহারবার, ২৪ পরগণা।
৫ „ যাদবচন্দ্র দাস, তুষভাণ্ডার, রঙ্গপুর।
„ সুরেন্দ্রকুমার চক্রবর্ত্তী বি এস্ সি।
„ কৃষ্ণলাল সাধু এম্ এ, বি টি, হেডমাষ্টার, হাজারীবাগ জেলা স্কুল, হাজারীবাগ।
„ অবিনাশচন্দ্র সরকার বি এল্, উকীল, যশোহর।
„ কৃষ্ণচন্দ্র প্রহরাজ রায় বাহাদুর, গড় বেলেবেড়া, পোঃ বেলেবেড়া, মেদিনীপুর।
১০ „ জগৎপ্রসন্ন রায়, পোঃ চন্দনপুর, জেলা খুলনা।
„ বৈদ্যনাথ অধিকারী বি এ, বি এল, উকীল, কুষ্টিয়া, নদীয়া।
„ করালীচরণ চক্রবর্ত্তী, ধর্ম্মতত্ত্ব-বারিধি কার্য্যালয়, পোঃ এথোড়া, (সীতারামপুর)।
„ জীবনকৃষ্ণ সরকার বিদ্যারত্ন, এম্ এ, ফিলজফির লেকচারার, রাভেন্সা কলেজ, কটক।
„ প্রমোদচন্দ্র রায় বি এ, সাব ডেপুটী কলেক্টার এবং সুপারিণ্টেণ্ডেণ্ট অব
একসাইজ, শিলচর, কাছাড়।
১৫ „ আশুতোষ মুখোপাধ্যায়, ফাইনান্স ডিপার্টমেণ্ট, গবর্ণমেণ্ট অব ইণ্ডিয়া, সিমলা।
„ যামিনীকান্ত সোম বিদ্যারত্ন, গবর্ণমেণ্ট ইলেক্‌ট্রিক পাওয়ার ষ্টেশন, কিংসওয়ে, দিল্লী।
„ শরচ্চন্দ্র ব্রহ্মচারী এম্ এ, বি টি, হেডমাষ্টার, ট্রেনিং স্কুল, হুগলী।
„ শৈবেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, জমীদার, লাভপুর, জেলা বীরভূম।

শ্রীযুক্ত ফণিভূষণ মজুমদার, পবাহাটী, ঝিনাইদহ, যশোহর।

২০ „ নগেন্দ্রলাল চন্দ্র, সম্পাদক, দুর্গা পুস্তকালয়, হালদিয়া, ঢাকা।

„ সেখ রেয়াজুদ্দিন আহম্মদ, শিক্ষক, দলগ্রাম এম্ ই স্কুল, দলগ্রাম, তুষভাণ্ডার, রঙ্গপুর।

„ কুলদাকান্ত ঘোষ বি এ, বি এল্, উকীল, রাইগঞ্জ, দিনাজপুর।

„ সতীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, অনারারি ম্যাজিষ্ট্রেট এবং ম্যানেজার, কোর্ট অব ওয়ার্ডস্ ষ্টেট্, সুরসন্দ, মজঃফরপুর।

„ মৌলবি মোজাম্মেল হক কাব্যকণ্ঠ, শান্তিপুর, নদীয়া।

২৫ „ গিরিশচন্দ্র শৈল, নায়েব, বাদুড়িয়া ছয় আনী কাছারী, বাদুড়িয়া।

„ ক্ষিতীশচন্দ্র সেন বি এ, আই সি এস্, আসিষ্ট্যাণ্ট কলেক্টর, বীরওয়ার, বোম্বাই প্রেসিডেন্সী।

„ সুশীলচন্দ্র বসু বি এ, হেডমাষ্টার, জোড়াদহ উচ্চ ইংরাজী বিদ্যালয়, জোড়াদহ, যশোহর।

„ মৌলবী মহম্মদ এয়াকুব, লাহা বাবুদিগের বাদুড়িয়া কাছারীর নায়েব, বাদুড়িয়া।

„ বীরেন্দ্রকৃষ্ণ বিশ্বাস বি এ, বি এল্, উকীল, দ্বারভাঙ্গা।

৩০ „ চন্দ্রকুমার ভট্টাচার্য্য, সম্পাদক, কমলপুর লাইব্রেরী, কমলপুর, কাইটাইল, ভায়া কেণ্ডুয়া, ময়মনসিংহ।

„ হরিদাস ঘোষ, অবসর-নিবাস, বৈদ্যনাথ, দেওঘর।

„ যাদবচন্দ্র চট্টোপাধ্যায়, চীফ্ একাউণ্টেণ্ট, মিউনিসিপাল করপোরেশন, রেঙ্গুন।

„ গগনচন্দ্র চৌধুরী, সুজাপুর, মুরশিদাবাদ।

„ বি, কৃষ্ণাপ্পা, সম্পাদক, কর্ণাটক সাহিত্য-পরিষৎ, বাঙ্গালোর।

৩৫ „ মৌলবী কাজি সামসুল আমির, মোক্তার, এসিষ্টাণ্ট সেক্রেটারী, বর্দ্ধমান মুসলমান-সমিতি, মেম্বর—সদর লোক্যাল বোর্ড, ১ পাকমারাপাড়া লেন, ঘোষবাগান, বর্দ্ধমান।

„ উপেন্দ্রচন্দ্র দত্ত চৌধুরী, দেউলপাড়া, রঙ্গপুর।

„ শ্যামাচরণ রায়, এসিষ্টাণ্ট সেক্রেটারী, ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরী, ভিতরবন্দ, রঙ্গপুর।

„ সূর্য্যকান্ত মিশ্র, গ্রাম দক্ষিণ চাতরা, পোঃ গোবরডাঙ্গা, ২৪ পরগণা।

„ চারুচন্দ্র ঘোষ বি এ, সহকারী কীটতত্ত্ববিৎ, পোঃ পুষা, দ্বারভাঙ্গা।

৪০ „ শ্যামাদাস মুখোপাধ্যায়, ম্যানেজার, মগমা কলিয়ারী, পোঃ মগমা, মানভূম।

„ নৃত্যগোপাল বন্দ্যোপাধ্যায়, সম্পাদক, অতুলশিব লাইব্রেরী, পোঃ লাভপুর,

শ্রীযুক্ত রাজেন্দ্রকিশোর সেন, জমীদার, পোঃ সেনবাড়ী, ময়মনসিংহ।
„ হরিচরণ সেন, সব ইনস্পেক্টার, বেঙ্গল পুলিশ, বদনগঞ্জ পুলিশ ষ্টেশন, পোঃ বদনগঞ্জ, হুগলী।
„ রায় সত্যেন্দ্রনাথ চৌধুরী, দক্ষিণের বাটী, টাকী।
৪৫ „ হরিবিলাস বন্দ্যোপাধ্যায়, উকীল, জজ আদালত, মজঃফরপুর।
„ রায়সাহেব হারাণচন্দ্র দেব বি এ, মুনসরিম্ ডিষ্ট্রিক্ট জজ কোর্ট, সিভিল লাইন, কানপুর।
„ নিরঞ্জন সেন গুপ্ত বি এ, সহকারী প্রধান শিক্ষক, পোঃ কার্ত্তিকপুর, ফরিদপুর।
„ প্রফুল্লচন্দ্র মিত্র বি এ, একষ্ট্রা এসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট, সার্ভে অব ইণ্ডিয়া, ডিব্রুগড় ও শিলং।
„ কালীপ্রসন্ন বিশ্বাস, ধারওয়ার, বোম্বাই।
৫০ „ যতীন্দ্রচন্দ্র সিংহ জমীদার, দ্বারভাঙ্গা ও রিশিভার, মধুবনী ষ্টেট্, ছোট তরফ্, বরাহী, রাজনগর পোঃ, দ্বারভাঙ্গা।
„ উপেন্দ্রনারায়ণ দত্ত গুপ্ত বি এ, বি টি, হেডমাষ্টার, বালেশ্বর জেলা স্কুল, বালেশ্বর টাউন।
„ সুধাংশুকুমার হালদার এম্ এ, আই সি এস্, এসিষ্টাণ্ট কলেক্টর, ওয়ারী ডিভিসন, কোরগাও, সাতারা।
„ অভয়কুমার গুহ, ম্যানেজার, আঠারবাড়ী ষ্টেট, পোঃ আঠারবাড়ী, ময়মনসিংহ।
„ সতীশচন্দ্র সেন গুপ্ত, উকীল, ম্যানেজার, রতন এষ্টেট্, পোঃ কেন্দ্রাপাড়া, কটক।
৫৫ „ প্রফুল্লনাথ লাহিড়ী বি এ, ক্লার্ক, চীফ্ সেক্রেটারিয়েট্ অফিস, রেঙ্গুন।
„ রাখালচন্দ্র সিংহ, জমীদার, পোঃ দ্বারভাঙ্গা।
„ শরৎকুমার দত্ত, আগরতলা, ত্রিপুরা ষ্টেট্।
„ যাদুগোপাল বন্দ্যোপাধ্যায়, বহরমপুর, গঞ্জাম ডিঃ, মান্দ্রাজ।
„ রাসবিহারী সেন, পোঃ খরিসার, পণ্ডিতসার গ্রাম, ফরিদপুর।
৬০ „ কৈলাসচন্দ্র দাস এম্ এ, চীফ্ সুপারিণ্টেণ্ডেণ্ট, কন্ট্রোলার অফিস, শিলং।
„ সারদানাথ দত্ত, ডুমকা, দেওঘর।
„ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় বি এ, প্রধান শিক্ষক, বদনগঞ্জ উচ্চ ইংরাজী বিদ্যালয়, বদনগঞ্জ, হুগলী।
„ ডাঃ যোগেন্দ্রনাথ রায় এল্ এম্ এস্, নন্দাস, ইসবপুর, বগুড়া।
„ কে, চ্যাটার্জ্জি, কাণ্ডারা, এ, কে, রেলওয়ে।
৬৫ „ বিপিনচন্দ্র সেন, হেডক্লার্ক, গবর্ণমেণ্ট মেরিন সার্ভেয়ার অফিস, চট্টগ্রাম।

শ্রীযুক্ত শ্রীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এফ্ সি এস্, এসিষ্টাণ্ট এগ্রিকালচারল্ কেমিষ্ট, গবর্ণমেণ্ট অব ইণ্ডিয়া, কানপুর।

" দেবেন্দ্রনারায়ণ সিংহ, জমীদার, সিংহলজ, দ্বারভাঙ্গা।

" সূর্য্যকুমার মুখোপাধ্যায়, জমীদার, পোঃ জাড়া, মেদিনীপুর।

" কৃষ্ণকান্ত ভট্টাচার্য্য, ধনঞ্জেল, পোঃ মহাদেবপুর, রাজসাহী।

৭০ " নগেন্দ্রনাথ মিত্র, ম্যানেজার, আন্দুলরাজ, বাজে শিবপুর, শিবপুর।

" সচ্চিদানন্দ সান্যাল এম্ এ, বি এল্, উকীল, দার্জ্জিলিং।

" প্রসন্নচন্দ্র ভট্টাচার্য্য বি এ, সুপারিণ্টেণ্ডেণ্ট কন্‌ট্রোলার অফিস, আসাম, লাবান, শিলং।

" মৌলবী ফজলর রহমান বি এ, সাব্ ইনস্পেক্টার অব স্কুলস্, পোঃ বাদুড়িয়া, ২৪ পরগণা।

" মৌলবী সাজ্জাদ আহম্মদ চৌধুরী, কোটালপুকুর, সাঁওতাল পরগণা।

৭৫ " মুন্সী আবদুল লতিফ্, মৌলবী মোহাম্মদ ইয়াসিন বি এল্, উকীল সাহেবের বাসা, বর্দ্ধমান।

" মৌলবী মোহম্মদ ইয়াসিন বি এ, বি এল্, উকীল, বর্দ্ধমান।

" ডাঃ শরচ্চন্দ্র ভট্টাচার্য্য ডি এল্ এম্ এস্, নন্দাস ডিস্পেন্সারি, ইসবপুর, দিনাজপুর।

" নলিনীকান্ত রায় বি এ, বোর্ড অব রেভিনিউ, বেহার ও উড়িষ্যা, বাঁকীপুর।

" তারাচরণ চক্রবর্ত্তী, ৫০ খালিসপুরা, বেনারস সিটী।

৮০ " রাজেন্দ্রকুমার মজুমদার শাস্ত্রী, বিদ্যাভূষণ, জমীদার, বেতগাড়ি, ময়মনসিংহ।

" ললিতকুমার বসু, সাব এসিষ্টাণ্ট সার্জ্জন, বাদুড়িয়া ডিস্পেনসারি, বাদুড়িয়া, ২৪ পরগণা।

" দ্বিজপদ বন্দ্যোপাধ্যায়, পোঃ বেলডাঙ্গা, মুরশিদাবাদ।

" দীনেশচন্দ্র মজুমদার এম্ এ, হেড্ মাষ্টার, পোঃ রাউজান, চট্টগ্রাম।

" পণ্ডিত পঞ্চানন ভট্টাচার্য্য কাব্যস্মৃতিতীর্থ, প্রধান পণ্ডিত, রাণীগঞ্জ হাই স্কুল, হিন্দু হোটেল, রাণীগঞ্জ।

৮৫ " গোকুলচন্দ্র চট্টোপাধ্যায় বি এ, সহকারী শিক্ষক, হুগলী ট্রেনিং স্কুল, হুগলী।

" যোগেন্দ্রনাথ কুণ্ডু বি এ, কিষণগঞ্জ হাই স্কুল, পোঃ কিষণগঞ্জ, পূর্ণিয়া।

" আর্ত্তবল্লভ মহান্তি এম্ এ, রাভেন্সা কলেজ, কটক।

" রাধিকানাথ সাহা, ১৬ লক্ষ্মীকুণ্ড, বেনারস সিটী।

" শশিভূষণ দাস বিদ্যারত্ন, বিদ্যার্ণব, কুমিল্লা, ত্রিপুরা।

৯০ " সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বি এ, এল এল্ বি, উকীল হাইকোর্ট, কালীঘাট হাউস, কাণপুর।

শ্রীযুক্ত শ্রীমন্তকুমার দাশগুপ্ত এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম, রঙ্গপুর।

„ সুরেশচন্দ্র মুখোপাধ্যায়, ভাওয়াল রাজবাড়া, বাঙ্গালীটোলা পোঃ, বেনারস।

„ কমলাপ্রসাদ দত্ত, বৈদ্যপুর "ন" তরফ, পোঃ টেঞা, মুরশিদাবাদ।

„ কামাখ্যাপ্রসন্ন রায় বি এ, সহকারী প্রধান শিক্ষক, সন্তোষজাহ্নবী হাই স্কুল, সন্তোষ, ময়মনসিংহ।

৯৫ „ মোহাম্মদ কে, চাঁদ, ঘোলা, সোদপুর, ২৪ পরগণা।

„ রামপ্রসাদ ঘোষ বি এল্, উকীল, শ্রীরামপুর।

„ মহেন্দ্রচন্দ্র দাস বি এ, হেড মাষ্টার, উজানচর হাই স্কুল, উজানচর পোঃ, ত্রিপুরা।

„ অনন্তনাথ মিত্র বি এল্, সবজজ, পাটনা।

„ ও, এস্ অচ্যুতরাও এল এম এণ্ড এস, সম্পাদক, কর্ণাটক সাহিত্য-পরিষৎ, বাঙ্গালোর।

১০০ „ নৃপেন্দ্রকুমার রায়চৌধুরী, টাকী উত্তরের বাটী, টাকী, ২৪ পরগণা।

„ শৈবেশনাথ বিশি, জোয়াড়ী, রাজসাহী।

„ কালিদাস মুখোপাধ্যায়, লাভপুর, বীরভূম।

„ ললিতকুমার নিয়োগী, সন্তোষ, ময়মনসিংহ।

„ অখিলচন্দ্র রায়, ম্যানেজার, টোরকানী টি ষ্টেট, বীরপারা পোঃ, জলপাইগুড়ি।

১০৫ „ দ্বিজরঞ্জন ঘোষ বি এ, জগধরি, নলহাটী পোঃ, বীরভূম।

„ যোগেশচন্দ্র সিংহ বি এ, বালিয়া, কান্দী পোঃ, মুর্শিদাবাদ।

„ চারুচন্দ্র সিংহ এম্ এ, পাটনা কলেজের অধ্যাপক, মোরাদপুর, বাঁকীপুর।

„ কৃষ্ণদাস মিত্র মজুমদার, কুড়ুমগ্রাম, বীরভূম।

„ ফণিভূষণ সিংহ বি এ, রাসাড়া, কান্দী, মুর্শিদাবাদ।

১১০ „ গিরিজামোহন রায়, কুচবিহার।

„ গিরীন্দ্রচন্দ্র চৌধুরী, উকীল, ঠাকুরগাঁও, দিনাজপুর।

„ ভূষণচন্দ্র নাথ বি এ, প্রধান শিক্ষক, হাজিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়, পোঃ হাজিপুর, মজঃফরপুর।

„ জ্ঞানরঞ্জন সেন বি এস্ সি, এল্ এল্ বি, উকীল, হোশঙ্গাবাদ, মধ্যপ্রদেশ।

„ চারুচন্দ্র সিংহ এম্ এ, পাটনা কলেজের অধ্যাপক, লালবাগ, মহেন্দ্রু, বাঁকীপুর।

১১৫ „ ভীমাপদ ঘোষ এম্ এ, হেডমাষ্টার, কান্দী রাজস্কুল, কান্দী, মুর্শিদাবাদ।

„ রজনীকান্ত বরাট এম্ এ, অধ্যাপক, কটন কলেজ, গৌহাটী, আসাম।

„ মাখনলাল মৈত্র, হরিপুর, পাবনা।

„ কমনীয়কুমার সিংহ, কুমিল্লা।

„ রামশঙ্কর রায়, উকীল, চৌধুরীবাজার, কটক।

সহায়ক-সদস্য ১৩২২—২৩ বঙ্গাব্দ

পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, ৪০ মহেন্দ্রনাথ গোস্বামীর লেন, সিমলা, কলিকাতা।
মৌলবী আবদুল করিম সাহিত্য-বিশারদ, স্কুল ইন্‌স্পেক্টর আফিস, চট্টগ্রাম।
পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ কাব্যতীর্থ, ইণ্ডিয়ান মিউজিয়ম, কলিকাতা।
„ বাণীনাথ নন্দী, ১৭ সিকদারবাগান ষ্ট্রীট, কলিকাতা।
„ জ্যোতিঃপ্রসাদ সিংহ, কাটোয়া, বর্দ্ধমান।
„ যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, গোয়াড়ী, কৃষ্ণনগর।
„ সতীশচন্দ্র ঘোষ, এম্ ই আর এস্, রাঙ্গামাটী, চট্টগ্রাম।
„ অমৃতগোপাল বসু, ৫৮ সিকদারবাগান ষ্ট্রীট, কলিকাতা।
„ জীবেন্দ্রকুমার দত্ত, সাধনাকুঞ্জ, ঘাটফরহাদবেগ, চট্টগ্রাম।
মৌলবী রওশন আলি চৌধুরী, "কোহিনূর"-সম্পাদক, পাংশা, ফরিদপুর।
শ্রীযুক্ত আনন্দনাথ রায়, উপাসী, নগর, ফরিদপুর, ৩১ প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট।
„ ডাঃ রসিকমোহন বিদ্যাভূষণ, ২৫ বাগবাজার ষ্ট্রীট, কলিকাতা।
„ পঞ্চানন ভট্টাচার্য্য, বড়-বেলুন, বর্দ্ধমান।
„ বিধুশেখর শাস্ত্রী, শান্তিনিকেতন, বোলপুর।
„ যোগীন্দ্রপ্রসাদ মৈত্র, জউলি গ্রাম, মাজগামান পোঃ, জব্বলপুর।
„ নলিনীরঞ্জন পণ্ডিত, ৭৫।১এ হরিঘোষের ষ্ট্রীট।
„ নিবারণচন্দ্র ভট্টাচার্য্য, সদর মডেল স্কুল, কোচবিহার।
„ পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ, ২০।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

ছাত্রসভ্য

শ্রীযুক্ত নরেন্দ্রনাথ দাশগুপ্ত, ৩১।২ হরিতকীবাগান লেন।
„ মণীন্দ্রলাল গোস্বামী, ডাণ্ডাস্ হোষ্টেল।
„ সুধাংশুভূষণ সেন, ৩ বি, হরিমোহন বসুর লেন।
„ অভয়াপদ মুখোপাধ্যায়, ৫এ রামকৃষ্ণ বাগচীর লেন।
৫ „ ভূপেন্দ্রভূষণ রায়, ৫ মধুরায় বাই লেন।
„ ভূপতি দত্ত, ৩৫ আশুতোষ দের লেন।
„ শৈলেন্দ্রনাথ গুপ্ত, ১৫৭।২।১ আপার সার্কুলার রোড।
„ হরিহর চন্দ্র, ৩২ শ্রীনাথ রায়ের লেন।
„ সুধীন্দ্রকুমার মিত্র, ২৭ নয়নচাঁদ দত্তের ষ্ট্রীট।
১০ „ প্রফুল্লকুমার দাশ, ১০।১ গোয়াবাগান ষ্ট্রীট।
„ নরেন্দ্রনাথ সিংহ, ৩১।২ হরিতকীবাগান লেন।

শ্রীযুক্ত গোপালচন্দ্র সেন, ২৮ তারাচাঁদ দত্তের ষ্ট্রীট।
" নরেন্দ্রনাথ দত্ত, ৩১।২ হরিতকীবাগান লেন।
" প্রমোদরঞ্জন দাশগুপ্ত, ৯৩ বেচুচাটুর্য্যের ষ্ট্রীট।
১৫ " সুধেন্দুমোহন ঘোষ, ৩১।২ হরিতকীবাগান লেন।
" নির্ম্মলচন্দ্র গুপ্ত, ঐ ।
" সুধানলিনীকান্ত দে, ঐ ।
" নীরদচন্দ্র চৌধুরী, ৯৮ আপার সার্কুলার রোড।
" সন্তোষকুমার মুখোপাধ্যায়, ৬।২ কাঁটাপুকুর লেন।
২০ " গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ৭।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।
" জ্যোতিশ্চন্দ্র দাস, ঐ ।
" শশিভূষণ পাল, ১২ রাজার লেন।
" কুমুদবন্ধু রায় গুপ্ত, ১৮ গোপাল বসুর লেন।
" জিতেন্দ্রনাথ সেন, ৩১ প্রসন্নকুমার ঠাকুর ষ্ট্রীট, কবিরাজ বাড়ী, পাথুরিয়াঘাটা।
২৫ " সুশীলকুমার গুপ্ত, ৪০ চাষাধোপাপাড়া ষ্ট্রীট।
" কানাইলাল দে, ৫৫ গিরিশ মুখার্জ্জীর রোড।
" ভূপতি দত্ত, ৩৫ আমহার্ষ্ট ষ্ট্রীট।
" সুরেশচন্দ্র সেন, ১৯৯ মুক্তারাম বাবুর ষ্ট্রীট।
" সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ৪৪।৬ মুরারিপুকুর রোড।
৩০ " সুশীলকুমার বসু, ৬।২ কাঁটাপুকুর লেন।
" ধীরেন্দ্র মজুমদার, ৫০।৩ বি, শ্রীগোপাল মল্লিক লেন।
" ভবেশ চৌধুরী, ৫ সুকিয়া ষ্ট্রীট।
" নরেন্দ্রনাথ নন্দী, ৪২ হ্যারিসন রোড।
" দীপ্তিময় হালদার, ঐ ।
৩৫ " ধীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়, কলুটোলা, বরাহনগর, C/o যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়।
" শিশিরকুমার সেন, ৪২ হ্যারিসন রোড।
রমেশচন্দ্র সেন, ঐ
প্রফুল্লচন্দ্র সেন, ঐ
যতীন্দ্রকুমার ঘোষ, ঐ
৪০ " প্রফুল্লগোপাল বসু, ঐ
" মোহিনীমোহন রায়, বাঁকুড়া।
" জ্যোতিশচন্দ্র রায়, বরিশাল।
" সুহৃদকুমার মুখোপাধ্যায়।

শ্রীযুক্ত বিশ্বেশ্বর বসু, ৩ মির্জ্জাপুর ষ্ট্রীট।

৪৫ „ উপেন্দ্রচন্দ্র ভদ্র, ৪২ হ্যারিসন রোড।

„ নির্ম্মলেন্দু দাশগুপ্ত, খুলনা।

„ হৃদয়রঞ্জন সেন গুপ্ত, ৪২ হ্যারিসন রোড।

„ শরৎচন্দ্র ঘোষ, ৬০ মির্জ্জাপুর ষ্ট্রীট।

„ সতীন্দ্রনাথ চক্রবর্ত্তী, ২১ আমহার্ষ্ট ষ্ট্রীট।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের নিয়মাবলী

উদ্দেশ্য ও নাম

১। বিবিধ উপায়ে বাঙ্গালা-ভাষা ও বাঙ্গালা সাহিত্যের অনুশীলন এবং উন্নতি-সাধনই পরিষদের উদ্দেশ্য।

সভার নাম বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

উদ্দেশ্য-সাধনের উপায়

২। এই সভার উদ্দেশ্য-সাধনার্থ নিম্নলিখিত ও আবশ্যক হইলে তদতিরিক্ত উপায়সমূহ অবলম্বিত হইবে, যথা ;—

(ক) বাঙ্গালা-ভাষার ব্যাকরণ ও অভিধান সঙ্কলন।

(খ) বৈজ্ঞানিক ও দার্শনিক শব্দের পরিভাষা সঙ্কলন।

(গ) প্রাচীন বাঙ্গালা-কাব্যাদির সংগ্রহ ও প্রকাশ।

(ঘ) ভাষান্তর হইতে উৎকৃষ্ট গ্রন্থাদির অনুবাদ ও প্রকাশ।

(ঙ) দর্শন, বিজ্ঞান, ইতিহাস, কাব্য প্রভৃতি সকল প্রকার সাহিত্যের আলোচনা ও সেই সেই বিষয়ে উৎকৃষ্ট গ্রন্থাদির প্রকাশ।

(চ) "সাহিত্য-পরিষৎ-পত্রিকা" নামে বাঙ্গালা ভাষায় একখানি সাময়িক পত্রিকা প্রচার।

সভার মুখপত্র

৩। সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী প্রবন্ধ সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে। কোন প্রবন্ধে কোনরূপ মৌলিক অনুসন্ধানের বা আলোচনার পরিচয় না থাকিলে, সে প্রবন্ধ এই পত্রিকায় প্রকাশিত হইবে না।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সম্মতি ভিন্ন ইহাতে কোন জীবিত গ্রন্থকারের গ্রন্থাদির আলোচনা হইবে না।

ভাষা

৪। পরিষদের পঠিতব্য-প্রবন্ধ বাঙ্গালা-ভাষা ব্যতীত অন্য ভাষায় লিখিত হইবে না। সভাপতি মহাশয়ের বিশেষ অনুমতি ব্যতীত পরিষদের কোন অধিবেশনে অন্য ভাষাতে কোনরূপ আলোচনা হইতে পারিবে না।

পরিষদের গঠন

৫। নিম্নোক্ত কয়েক শ্রেণীর সদস্য লইয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গঠিত হইবে। যথা ;—

১। বিশিষ্ট-সদস্য
২। আজীবন-সদস্য
৩। অধ্যাপক-সদস্য
৪। মৌলবী-সদস্য
৫। সাধারণ-সদস্য
৬। সহায়ক-সদস্য

বিশিষ্ট-সদস্য

৬। দেশ-বিদেশে সাহিত্য-ক্ষেত্রে বিশেষ ভাবে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিগণ পরিষদের বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—অন্যূন পাঁচ জন সদস্য পত্রদ্বারা ঐরূপ কোন একজনের নাম বিশিষ্ট-সদস্যরূপে প্রস্তাব করিয়া সম্পাদককে জানাইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশ লইয়া প্রস্তাবিত ব্যক্তির নাম পরিষদের সকল সদস্যের নিকট নির্ব্বাচনার্থ পাঠাইয়া দিবেন এবং মতামত পাঠাইবার সময় নির্দ্দেশ করিয়া দিবেন। নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষদের সমস্ত সদস্যের অন্যূন এক চতুর্থাংশের মতামত না আসিলে নির্ব্বাচন স্থগিত থাকিবে। নতুবা যতগুলি মতামত পাওয়া যাইবে, তন্মধ্যে যদি অন্যূন ত্রিচতুর্থাংশের সম্মতি থাকে, তাহা হইলে, প্রস্তাবিত ব্যক্তি বিশিষ্ট-সদস্যরূপে গৃহীত হইবেন এবং সম্পাদক তাঁহার নির্ব্বাচন-সংবাদ পরবর্ত্তী বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(খ) বার্ষিক অধিবেশন ভিন্ন অন্য সময়ে কোন বিশিষ্ট-সদস্য নির্ব্বাচিত হইবেন না।

(গ) বিশিষ্ট-সদস্য নির্ব্বাচনের প্রস্তাব ১লা ফাল্গুনের পূর্ব্বে সম্পাদকের নিকট পাঠাইতে হইবে।

(ঘ) এক পত্রে একাধিক ব্যক্তির নাম প্রস্তাবিত হইতে পারিবে না।

৭। বিশিষ্ট-সদস্যের সংখ্যা ১৫ জনের অধিক হইবে না।

আজীবন-সদস্য

৮। যাহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারের জন্য এককালে অন্যূন ৫০০্ টাকা কার্য্য-নির্ব্বাহক-সমিতির হস্তে দান করিবেন, তাঁহারা পরিষদের আজীবন-সদস্য গণ্য হইবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি কাহারও নিকট ঐরূপ দান গ্রহণ করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে সম্পাদক পরবর্ত্তী মাসিক অধিবেশনে সেই দান ঘোষণা করিয়া দাতাকে আজীবন-সদস্য-শ্রেণীভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যাঁহারা পরিষদের স্থায়ী ধনভাণ্ডারে এককালে অন্যূন ৫০০৲ পাঁচ শত টাকা দান করিয়াছেন, তাঁহারাও অতঃপর আজীবন-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন।

অধ্যাপক-সদস্য

৯। চতুষ্পাঠীর লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপকগণ পরিষদের অধ্যাপক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোন অধ্যাপকের নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদনক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি অধ্যাপক-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১০। অধ্যাপক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

মৌলবী-সদস্য

১১। মোক্তব ও মাদ্রাসার লব্ধপ্রতিষ্ঠ মৌলবীগণ পরিষদের মৌলবী-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোন মৌলবীর নাম সমস্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির অর্দ্ধাধিক সভ্যের অনুমোদনক্রমে পরিষদের কোন মাসিক অধিবেশনে সম্পাদক কর্ত্তৃক প্রস্তাবিত এবং যথারীতি সমর্থিত ও অনুমোদিত হইলে প্রস্তাবিত ব্যক্তি মৌলবী-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

১২। মৌলবী-সদস্যের সংখ্যা ৫ জনের অধিক হইবে না।

সাধারণ-সদস্য

১৩। বাঙ্গালা-সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রই পরিষদের সাধারণ-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—কোনও মাসিক অধিবেশনে যে কোন সদস্য পূর্ব্বোক্তরূপ কোন ব্যক্তির নাম সদস্যরূপে নির্ব্বাচনার্থ প্রস্তাব করিবেন; অন্য কোন উপস্থিত সদস্য তাহার সমর্থন ও সভা তাহা অনুমোদন করিলে, প্রস্তাবিত ব্যক্তি এই পরিষদের সাধারণ-সদস্যের শ্রেণীভুক্ত হইবেন।

(খ) ব্যক্তি-বিশেষের নির্ব্বাচনে সভায় উপস্থিত কোন সদস্য আপত্তি করিলে, সে সভায় তাঁহার নির্ব্বাচন বন্ধ থাকিবে। পরে কার্য্য-নির্ব্বাহক-সমিতি সে সম্বন্ধে বিবেচনা

করিয়া পরবর্ত্তী কোন মাসিক অধিবেশনে তাঁহার নির্ব্বাচনের প্রস্তাব পুনরায় উপস্থিত করিবেন ও সভাপতি আবশ্যক বোধ করিলে ব্যালট্‌দ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা করিবেন।

দ্রষ্টব্য—সদস্যগণ কলিকাতা ও মফস্বল দুই শ্রেণীতে বিভক্ত হইবেন। যাঁহারা সাধারণতঃ কলিকাতায় অবস্থান করেন, তাঁহারা কলিকাতা শ্রেণীভুক্ত ও যাঁহারা মফস্বলে বাস করেন, তাঁহারা মফস্বল শ্রেণীভুক্ত হইবেন।

১৪। প্রত্যেক সাধারণ-সদস্যকে প্রবেশিকা ১৲ টাকা এবং অন্যূন ॥০ হিসাবে মাসিক চাঁদা দিতে হইবে।

(ক) রঙ্গপুর শাখা-পরিষদের বর্ত্তমান প্রথম শ্রেণীর সদস্যগণ এবং ভবিষ্যতে কেবল রঙ্গপুর জেলার যে সকল ব্যক্তি উক্ত শাখার প্রথম শ্রেণীর সদস্য হইবেন, তাঁহারা মূল-পরিষদে প্রবেশিকা ।০ আট আনা ও বার্ষিক ৩৲ তিন টাকা চাঁদা দিলে মূল-পরিষদের সাধারণ-সদস্যের সমস্ত অধিকার পাইবেন।

১৫। নির্ব্বাচন-সংবাদ-প্রাপ্তির পর দুই মাস মধ্যে নির্ব্বাচিত ব্যক্তিকে প্রবেশিকা ১৲ এক টাকা পাঠাইয়া দিতে হইবে। উহা প্রাপ্তির পর তিনি সাধারণ-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন এবং সদস্যের সকল অধিকার প্রাপ্ত হইবেন।

১৬। কোন ব্যক্তি সাধারণ-সদস্যপদ পরিত্যাগের পর যদি পুনরায় সাধারণ-সদস্য নির্ব্বাচিত হন, তাহা হইলে তাঁহাকে প্রবেশিকা দিতে হইবে না, কিন্তু পূর্ব্বের চাঁদা বাকি থাকিলে, তাহা সমস্ত শোধ করিতে হইবে। কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থলবিশেষে বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিক ভাবে ত্যাগ করিতে পারিবেন।

সহায়ক-সদস্য

১৭। যাঁহারা এই পরিষদের উদ্দেশ্যের অনুকূল কার্য্য করিয়া এই পরিষদের উপকার করিয়া থাকেন, তাঁহারা সহায়ক-সদস্য নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) নির্ব্বাচন-প্রণালী—সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে ঐরূপ ব্যক্তির নাম সহায়ক-সদস্যরূপে বার্ষিক অধিবেশনে প্রস্তাব করিবেন এবং তাহা যথারীতি সমর্থিত এবং অনুমোদিত হইলে, প্রস্তাবিত ব্যক্তি সহায়ক-সদস্য-শ্রেণীভুক্ত হইবেন।

১৮। সহায়ক-সদস্যের সংখ্যা ২৫ জনের অধিক হইবে না।

১৯। সহায়ক-সদস্যগণ পাঁচ বৎসরের জন্য নির্ব্বাচিত হইবেন। তৎপরে তাঁহারা পুনর্নির্ব্বাচিত হইতে পারিবেন।

সদস্যগণের অধিকার

২০। সাধারণ-সদস্য ব্যতীত অপর কোন শ্রেণীর সদস্য মাসিক চাঁদা দিতে বাধ্য থাকিবেন না।

২১। সাহিত্য-পরিষৎ-পত্রিকা সকল সদস্যই বিনামূল্যে প্রাপ্ত হইবেন।

২২। নূতন সদস্যগণ স্ব স্ব সদস্যপদ গ্রহণের পর হইতে পরিষৎ-পত্রিকার প্রকাশিত সংখ্যা পাইবেন এবং সদস্য-শ্রেণীভুক্ত হইবার পূর্ব্ববর্ত্তী কালের পত্রিকা অর্দ্ধমূল্যে পাইবেন।

২৩। পরিষৎ-প্রকাশিত অন্যান্য গ্রন্থ সদস্যগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত মূল্যে পাইবেন।

২৪। সম্পাদকের নিকট পত্র লিখিয়া বা কার্য্যালয়ে উপস্থিত হইয়া পরিষদের অবস্থা, বিধিব্যবস্থা এবং অন্যান্য সংবাদ জ্ঞাত হইবার এবং কার্য্যালয়ে স্বয়ং আসিয়া সম্পাদকের সম্মতিক্রমে হিসাব ও অন্যান্য খাতাপত্র দেখিবার অধিকার সকল সদস্যেরই থাকিবে।

২৫। যে সকল সদস্যের কার্ত্তিক মাসের পূর্ব্ব হইতে চাঁদা বাকি পড়িবে, চাঁদা শোধ না হওয়া পর্য্যন্ত তাঁহারা কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যপদপ্রার্থী হইতে পারিবেন না ও কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক কর্ম্মাধ্যক্ষরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন না।

বান্ধব

২৬। যাঁহারা পরিষদের উপকারার্থ এককালে অন্যূন পাঁচ হাজার টাকা বা তত্তুল্য কোন দান করিবেন, তাঁহারা এই পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন ও তাঁহারা সদস্যগণের যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

(ক) কাহারও নিকট হইতে ঐরূপ কোন দান এককালে প্রাপ্ত হইলে, সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশক্রমে দাতার নাম পরিষদের কোন মাসিক অধিবেশনে ঘোষণা করিয়া দাতাকে বান্ধবশ্রেণী-ভুক্ত করিয়া লইবেন।

(খ) এই নিয়ম প্রণয়নের পূর্ব্বে যে সমস্ত উপকারী ব্যক্তির নিকট এইরূপ দান এককালে পাওয়া গিয়াছে, তাঁহারাও পরিষদের বান্ধব বলিয়া গণ্য হইবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি

২৭। পরিষদের সমস্ত কার্য্যনির্ব্বাহার্থ একটি কার্য্য-নির্ব্বাহক-সমিতি থাকিবে।

২৮। কতিপয় কর্ম্মাধ্যক্ষ ও কতিপয় নির্ব্বাচিত সদস্য লইয়া এই কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে এই কার্য্য-নির্ব্বাহক-সমিতির গঠন হইবে।

২৯। পরিষদের বিভিন্ন কার্য্য-নির্ব্বাহের জন্য নিম্নলিখিত ২০ জন কর্ম্মাধ্যক্ষ সদস্যগণ-মধ্য হইতে নির্ব্বাচিত হইবেন। ইঁহারা সকলেই কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন। যথা,—

সভাপতি ... ... ১ জন
সহকারী সভাপতি ... ... ৮ জন
সম্পাদক ... ... ১ জন
সহকারী সম্পাদক ... ... ৫ জন

কোষাধ্যক্ষ	...	...	...	...	১ জন
গ্রন্থাধ্যক্ষ	...	...	...	...	১ জন
চিত্রশালাধ্যক্ষ	...	...	...	...	১ জন
ছাত্রাধ্যক্ষ	...	...	...	...	১ জন
পত্রিকাধ্যক্ষ	...	...	...	...	১ জন
					২০ জন

৩০। কর্ম্মাধ্যক্ষগণের নির্ব্বাচন-প্রণালী—কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রতি বৎসর আগামী বৎসরের জন্য ২০ জন কর্ম্মাধ্যক্ষের নাম বার্ষিক অধিবেশনে উপস্থিত করিবেন এবং যথারীতি সমর্থনের এবং উপস্থিত সদস্যগণ কর্ত্তৃক অনুমোদনের পর তাঁহারা নির্ব্বাচিত হইবেন।

(ক) যদি কোন সদস্য কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন নাম প্রস্তাবের ইচ্ছা করেন, তবে তাঁহার নাম এবং যে পদে তাঁহাকে নিযুক্ত করিতে চাহেন, তাহা পত্রদ্বারা ১লা চৈত্রের পূর্ব্বে সম্পাদককে জানাইবেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতি প্রস্তাবিত নামগ্রহণে অসমর্থ হইলে, প্রস্তাবককে সেই সংবাদ দেওয়া হইবে। তথাপি যদি তিনি বার্ষিক অধিবেশনে তাঁহার প্রস্তাবিত নাম উপস্থাপিত করিতে ইচ্ছা করেন, তাহা হইলে, ১লা বৈশাখের পূর্ব্বে পত্রদ্বারা সম্পাদককে জানাইবেন। সম্পাদক বার্ষিক অধিবেশনের বিজ্ঞাপনপত্রে তৎকর্ত্তৃক এই প্রস্তাবের উল্লেখ করিবেন। বার্ষিক অধিবেশনে প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্ব্বাচিত কর্ম্মাধ্যক্ষগণের নাম যথারীতি প্রস্তাবিত ও সমর্থিত হইলে পর, অন্য নামের প্রস্তাবকর্ত্তা স্বয়ং উপস্থিত হইয়া বা প্রতিনিধি দ্বারা তাঁহার প্রস্তাবিত নাম উপস্থিত করিতে পারিবেন এবং তাহা উপস্থিত কোন সদস্য কর্ত্তৃক সমর্থিত হইলে, ব্যালট্ দ্বারা নির্ব্বাচনের ব্যবস্থা হইবে। এইরূপে প্রত্যেকের নির্ব্বাচনকালে ব্যালট্ দ্বারা যতগুলি মত পাওয়া যাইবে, তাহার অর্দ্ধাধিক মত যিনি পাইবেন, তিনি নির্ব্বাচিত হইবেন এবং কাহারও পক্ষে অর্দ্ধাধিক মত না পাওয়া পর্য্যন্ত যিনি ব্যালটে সর্ব্বাপেক্ষা অল্পসংখ্যক মত পাইয়াছেন, তাঁহার নাম বর্জ্জন করিয়া পুনরায় ব্যাল্ট্ লওয়া হইবে।

৩১। এই নিয়মাবলী প্রণয়নের পর সম্পাদক ব্যতীত অপর কোন কর্ম্মাধ্যক্ষের পদে কোন ব্যক্তি উপর্য্যুপরি পাঁচ বৎসরের অধিক কালের জন্য নির্ব্বাচিত হইতে পারিবেন না।

৩২। বৎসরের মধ্যে কোন কারণে কোন কর্ম্মাধ্যক্ষের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহার পদে নূতন ব্যক্তিকে নির্ব্বাচন করিয়া পরবর্ত্তী মাসিক অধিবেশনে তাহা বিজ্ঞাপিত করিবেন।

৩৩। পরিষদের ২৫ জন সদস্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির 'সভ্য'-রূপে নির্ব্বাচিত হইবেন তন্মধ্যে ২০ জন সমুদয় সদস্যের মতানুসারে নির্ব্বাচিত হইবেন এবং অপর ৫ জন পরিষৎ-শাখা-সমূহের প্রতিনিধিস্বরূপ শাখাসমূহের কার্য্য-নির্ব্বাহক-সমিতি দ্বারা নির্ব্বাচিত হইবেন।

(ক) পূর্ব্বোক্ত ২০ জন সদস্যের নির্ব্বাচন নিম্নোক্ত প্রণালীতে হইবে ;—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে সম্পাদক পরিষদের প্রত্যেক সদস্যকে পত্র দ্বারা জিজ্ঞাসা করিবেন যে, তিনি কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য হইতে সম্মত আছেন কি না। যাঁহারা সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পত্র দ্বারা সম্মতি জ্ঞাপন করিবেন, সম্পাদক ২৫ নিয়মের প্রতি দৃষ্টি রাখিয়া তাঁহাদের নামের তালিকা প্রস্তুত করিবেন এবং চৈত্রের প্রথম সপ্তাহের মধ্যে প্রতি সদস্যের নিকট উক্ত তালিকা এই প্রার্থনা সহ প্রেরণ করিবেন যে, প্রত্যেক সদস্য ঐ তালিকার মধ্যে অনধিক ২০ জনের নির্ব্বাচন করিয়া তাঁহাদের নামের পার্শ্বে নিজ নাম স্বাক্ষর করিয়া সম্পাদকের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদককে পাঠাইয়া দিবেন। ঐ সকল পত্র হইতে প্রত্যেকের ভোটের সমষ্টি গণনা করিয়া ভোটের সংখ্যার ক্রম অনুসারে সম্পাদক ২০ জনের নাম বাছিয়া লইয়া বার্ষিক অধিবেশনে তাঁহাদিগকেই নির্ব্বাচিত বলিয়া বিজ্ঞাপিত করিবেন। যদি একাধিক ব্যক্তির সমান ভোট পাইয়া বিংশ স্থান গ্রহণের সম্ভাবনা ঘটে, তাহা হইলে, উপস্থিত সদস্যগণ সেই কয় ব্যক্তির মধ্যে পুনর্নির্ব্বাচন দ্বারা বিংশ স্থান পূরণ করিবেন।

(খ) পরিষৎ-শাখাসমূহের প্রতিনিধি-নির্ব্বাচন-প্রণালী ;—ফাল্গুন মাসের প্রথমার্দ্ধের মধ্যে প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদককে এই অনুরোধ-সহ সম্পাদক পত্র লিখিবেন, যেন ঐ শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে স্বকীয় প্রতিনিধি-স্বরূপ একজন সদস্যের নাম পাঠাইয়া দেন। এইরূপে যতগুলি নাম পাওয়া যাইবে, সম্পাদক সেই সকল নামের তালিকা প্রত্যেক পরিষৎ-শাখার সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। প্রত্যেক পরিষৎ-শাখার কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই তালিকাভুক্ত অনধিক পাঁচ জনকে নির্ব্বাচিত করিবেন। শাখা-সম্পাদক উক্তরূপে নির্ব্বাচিত ব্যক্তিগণের নামের পার্শ্বে নাম স্বাক্ষর করিয়া, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পরিষৎ-সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। পরিষৎ সম্পাদক ভোটের সংখ্যাক্রম অনুসারে পাঁচ জনের নাম বার্ষিক অধিবেশনে বিজ্ঞাপিত করিলে, তাঁহারা শাখাসমূহের প্রতিনিধিস্বরূপে মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য বলিয়া গণ্য হইবেন। মূল-পরিষদের সদস্য না হইলে, অপর কেহ পরিষৎ-শাখার প্রতিনিধিরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন না।

(গ) বৎসরের মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন সভ্যের পদ শূন্য হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথাসময়ে স্বয়ং তাহা পূর্ণ করিয়া লইবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিকার

৩৪। পরিষদের সমস্ত কার্য্যই সাধারণতঃ কার্য্য-নির্ব্বাহক-সমিতির কর্ত্তৃত্বে ও নির্দ্দেশে নির্ব্বাহিত হইবে।

৩৫। পরিষদের আয়-ব্যয়-সম্বন্ধে সমস্ত কর্তৃত্ব কার্য্য-নির্ব্বাহক-সমিতির উপর ন্যস্ত থাকিবে।

(ক) ভিন্ন ভিন্ন উদ্দেশ্য-সাধনের জন্য পরিষদের যে সকল বিভিন্ন তহবিল থাকিবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি সেই সকল তহবিলের রক্ষা ও হিসাবাদি সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা করিবেন এবং আবশ্যক বোধ করিলে বিভিন্ন তহবিলের নিমিত্ত বিভিন্ন কোষাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

(খ) বার্ষিক অধিবেশনের পূর্ব্বে আগামী বৎসরের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আয়-ব্যয়ের আনুমানিক তালিকা (বজেট) প্রস্তুত করিবেন এবং তাহা অনুমোদনার্থ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন।

(গ) প্রতি বৎসর আশ্বিন মাসের পর কার্য্য-নির্ব্বাহক-সমিতি উক্ত আনুমানিক তালিকার (বজেটের) সংস্কারসাধন করিবেন এবং এই সংস্কার পরবর্ত্তী মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

(ঘ) উক্ত আনুমানিক হিসাবের তালিকার অতিরিক্ত কোন ব্যয় আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনক্রমে তাহা সম্পাদিত হইবে।

(ঙ) আবশ্যক হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি কোন বিশেষ স্থলে কোন সদস্যের বাকি চাঁদা সম্পূর্ণ বা আংশিকভাবে ত্যাগ করিতে পারিবেন।

৩৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের সমস্ত সম্পত্তি ও দলিলাদি রক্ষার সমুচিত ব্যবস্থা করিবেন।

৩৭। কর্ম্মাধ্যক্ষদিগের কার্য্যপ্রণালী ও বিশেষ বিশেষ অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতি নির্দ্দেশ করিয়া দিবেন।

৩৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের বেতনভোগী কর্ম্মচারিগণের এবং কার্য্যালয়-সংক্রান্ত যাবতীয় নিয়ম নির্দ্দেশ করিয়া দিবেন।

(ক) পরিষদের কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যক-মত উপযুক্ত বেতনে কর্ম্মচারী নিযুক্ত করিতে ও তাঁহাদিগকে কর্ম্মচ্যুত করিতে পারিবেন। এরূপ স্থলে কার্য্য-নির্ব্বাহক-সমিতির মীমাংসাই চূড়ান্ত গণ্য হইবে।

৩৯। নিম্নলিখিত ব্যাপারে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিম্নলিখিত মত অধিকার থাকিবে,—

(ক) যে কেহ যে কোন প্রস্তাব পরিষদের বিবেচনার্থ প্রেরণ করিবেন, সাধারণতঃ সে প্রস্তাব সর্ব্বাগ্রে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে আলোচিত হইবে। কাহারও কোনও প্রস্তাব প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে আলোচিত না হইয়া, পরিষদের কোন অধিবেশনে তৎসম্বন্ধে কোন সিদ্ধান্ত হইতে পারিবে না।

(খ) কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যের অথবা পরিষদের কোন সদস্যের কোন প্রস্তাবের আলোচনায় কার্য্য-নির্ব্বাহক-সমিতি যে মীমাংসা করিবেন, তাহা যদি প্রস্তাবকের মনঃপূত না হয়, তাহা হইলে, তাঁহার অনুরোধক্রমে সেই প্রস্তাব কার্য্য-নির্ব্বাহক-

সমিতি উপযুক্ত সময়ের মধ্যে পরিষদের কোন পরবর্ত্তী অধিবেশনের আলোচ্য-বিষয়ভুক্ত করিয়া দিবেন।

(গ) যে সকল সাধারণ-সদস্যের চাঁদা এক বৎসর বাকি পড়িবে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের পত্রিকা ও পুস্তকাদির প্রেরণ বন্ধ রাখিতে পারিবেন।

(ঘ) যে সকল সদস্যের চাঁদা দুই বৎসর কাল বাকি পড়িবে, সম্পাদক তাঁহাদের তালিকা উপস্থিত করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাঁহাদের নাম সদস্য-তালিকা হইতে উঠাইয়া দিতে পারিবেন।

৪০। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের শাখা-স্থাপনের অধিকার কার্য্য-নির্ব্বাহক-সমিতির থাকিবে।

(ক) কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষৎ-শাখা-সংক্রান্ত আবশ্যকমত নিয়ম রচনা করিয়া পরিষদের কোন মাসিক অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন। অনুমোদিত নিয়মাবলী সমস্ত পরিষৎ-শাখায় প্রচার করিবেন।

(খ) কোন নূতন শাখা স্থাপিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা যথাসময়ে মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৪১। বিশেষ বিশেষ কার্য্য-সাধনোদ্দেশে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থায়ী বা অস্থায়ী সমিতি স্থাপন, তাহার কার্য্যসম্পাদনের ব্যবস্থা এবং তজ্জন্য কর্ম্মাধ্যক্ষ নিয়োগ করিতে পারিবেন।

(ক) এই সকল সমিতিতে আবশ্যকমত সদস্যেতর বিশেষজ্ঞ ব্যক্তিকেও কার্য্য-নির্ব্বাহক সমিতি সদস্যরূপে গ্রহণ করিতে পারিবেন।

(খ) স্থায়িরূপে কোন সমিতি স্থাপন করিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা কোন মাসিক অধিবেশনে বিজ্ঞাপিত করিবেন।

৪২। প্রত্যেক বার্ষিক অধিবেশনের পূর্ব্বে কার্য্য-নির্ব্বাহক-সমিতি এই সকল স্থায়ী ও অস্থায়ী সমিতির সম্পাদকগণের নিকট এবং পরিষদের অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণের নিকট তাঁহাদের আপন আপন অধিকার-সংক্রান্ত কার্য্যের বিবরণ গ্রহণ করিবেন এবং আবশ্যকমত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণীতে সন্নিবিষ্ট করিয়া দিবেন। পরিষৎ-শাখাগুলির বার্ষিক কার্য্য-বিবরণও এইরূপে আনাইয়া উক্ত বার্ষিক কার্য্য-বিবরণভুক্ত করিবেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন

৪৩। প্রতি মাসে অন্ততঃ একবার কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইবে। তদ্ভিন্ন প্রয়োজন হইলে, কিংবা কার্য্য-নির্ব্বাহক-সমিতির চারি জন সভ্য হেতু-নির্দ্দেশপূর্ব্বক পত্রদ্বারা প্রার্থনা করিলে, এই সমিতির অধিবেশন হইবে।

৪৪। আলোচ্য বিষয়াদি নির্দ্দেশপূর্ব্বক অন্ততঃ চারি দিন পূর্ব্বে সভাধিবেশনের সময় বিজ্ঞাপন করিয়া সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন আহ্বান করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনে চারি দিন অপেক্ষা অল্প সময় পূর্ব্বেও বিজ্ঞাপন দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইতে পারিবে। অত্যাবশ্যক স্থলে এবং অধিবেশন আহ্বানের সময় না থাকিলে বা বিশেষ কার্য্য দ্রুত সম্পাদন করিতে হইলে, অধিবেশন আহ্বানের পরিবর্ত্তে কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের নিকট পত্রদ্বারা কার্য্য বিজ্ঞাপনপূর্ব্বক সম্পাদক তৎসম্বন্ধে লিখিত মতামত সংগ্রহ করিয়া অধিকাংশের মতানুসারে কার্য্য করিতে পারিবেন। এরূপ স্থলে মফস্বলবাসী সভ্যগণকে আহ্বান বা তাঁহাদের মত গ্রহণ আবশ্যক হইবে না, কিন্তু কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে উক্ত কার্য্য অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

৪৫। কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে অন্যূন ৮ জন সভ্য উপস্থিত হইলে, উহার কার্য্য আরম্ভ হইবে।

(ক) যদি কার্য্য-নির্ব্বাহক-সমিতির কোন অধিবেশনে ৮ জন অপেক্ষা অল্পসংখ্যক সভ্য উপস্থিত হন, তবে সে দিন সভার কার্য্য স্থগিত থাকিবে এবং পরবর্ত্তী অধিবেশনে যদি কোন নূতন আলোচ্য বিষয় উপস্থাপিত না হয়, তবে অন্যূন ৫ জন সভ্য উপস্থিত হইলেই সভার কার্য্য হইতে পারিবে। পুনরধিবেশনের সময়াদি বিজ্ঞাপিত করিতে হইবে।

৪৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিখিত হইবে এবং সেই কার্য্য-বিবরণ তাহার পরবর্ত্তী অধিবেশনে অনুমোদনার্থ উপস্থাপিত করিতে হইবে।

(ক) কোন কারণে কোন দিন কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন স্থগিত হইলে, সম্পাদক তাহার কারণ কার্য্য-বিবরণ-পুস্তকে লিপিবদ্ধ করিয়া রাখিবেন এবং তাহা পরবর্ত্তী অধিবেশনে উপস্থাপিত করিবেন।

৪৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কার্য্য-বিবরণ মুদ্রিত হইবে না।

৪৮। কার্য্য-নির্ব্বাহক-সমিতি পরিষদের প্রত্যেক মাসিক অধিবেশনের বা বিশেষ অধিবেশনের আলোচ্য বিষয়, পাঠার্থ প্রবন্ধ এবং প্রদর্শনাদির বিষয় ও অন্যান্য কার্য্য নির্দ্দিষ্ট করিয়া দিবেন।

পরিষদের অধিবেশন

৪৯। সাহিত্য-পরিষৎ মন্দিরে (কলিকাতা, হাল্‌সীবাগান, অপার সার্কুলার রোড ২৪৩।১ সংখ্যক ভবনে) প্রতি বাঙ্গালা মাসের শেষ রবিবারে অথবা প্রয়োজন হইলে অন্যত্র বা অন্য বারে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অধিবেশন হইবে।

(ক) কোনও বিশেষ উদ্দেশ্যসাধনের নিমিত্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে বিশেষ দিনে পরিষদের বিশেষ অধিবেশন হইতে পারিবে।

(খ) কোনও বিশেষ প্রয়োজনে অন্যূন ১০ জন সদস্য হেতু নির্দ্দেশপূর্ব্বক পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করাইবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে অনুরোধ করিয়া

পত্র লিখিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথোপযুক্ত দিনে পরিষদের বিশেষ অধিবেশন আহ্বান করিবেন।

৫০। সভাপতি অথবা সহকারী সভাপতি, সম্পাদক অথবা সহকারী সম্পাদকগণের মধ্যে কেহ অধিবেশনে উপস্থিত না থাকিলে, উপস্থিত সদস্যগণ উপযুক্ত ব্যক্তির নিয়োগদ্বারা সেই দিনকার কার্য্য পরিচালন করিবেন।

৫১। সমস্ত অধিবেশনের বিজ্ঞাপন-পত্রে অধিবেশনের সকল প্রকার আলোচ্য বিষয় ও কার্য্য-তালিকা মুদ্রিত হইবে এবং সাত দিন পূর্ব্বে উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হইবে। গ্রন্থপ্রকাশ তহবিল, গৃহনির্ম্মাণ তহবিল ও বার্ষিক আয়-ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ পরিষদের বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবার অন্ততঃ ১০ দিন পূর্ব্বে সকল সদস্যের নিকট প্রেরণ করিতে হইবে।

৫২। অন্যূন ১৫ জন সদস্য উপস্থিত হইলে পরিষদের সাধারণ মাসিক অধিবেশন বা কোন বিশেষ অধিবেশনের কার্য্য চলিতে পারিবে। নির্দ্দিষ্ট সংখ্যক সদস্য উপস্থিত না হইলে বা অন্য কোন কারণে অধিবেশনের কার্য্য বন্ধ হইলে, তাহা লিপিবদ্ধ করা হইবে।

৫৩। মাসিক ও বিশেষ অধিবেশনের এবং বার্ষিক অধিবেশনের কার্য্য বিবরণ স্বতন্ত্র পুস্তকে লিপিবদ্ধ থাকিবে এবং সম্পাদক তাহা পরবর্ত্তী মাসিক অধিবেশনে অনুমোদনের জন্য উপস্থাপিত করিবেন।

৫৪। এই সকল অধিবেশনের কার্য্য-বিবরণ পরিষৎ-পত্রিকার সহিত অথবা স্বতন্ত্র পুস্তিকাকারে ক্রমশঃ প্রকাশিত হইবে এবং ইহা প্রত্যেক সদস্য বিনামূল্যে পাইবেন।

৫৫। কোন বিষয়ের বিচার বা আলোচনার সময় কোন সদস্য সেই বিষয় সম্বন্ধে একবার, প্রস্তাবক প্রস্তাবের সময় একবার ও অপরাপর সদস্যের সমালোচনার পরে উত্তরস্বরূপ আর একবারমাত্র স্বীয় বক্তব্য জ্ঞাপন করিতে পারিবেন। সভাপতির বিশেষ অনুমতি পাইলে, এই নিয়মের ব্যতিক্রম হইতে পারিবে।

সভাপতি

৫৬। কোন অধিবেশনের কার্য্য-প্রণালী অথবা কোন নিয়মের তাৎপর্য্য সম্বন্ধে সভাস্থলে কোন বিষয়ের মীমাংসায় সভাপতির মত অথবা আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৭। কোনও বিষয়ের মত গ্রহণকালে, দুই পক্ষের মতামতের সংখ্যা সমান হইলে, সভাপতির একটি অতিরিক্ত মত দিবার অধিকার থাকিবে।

৫৮। কোনও বিশেষ কার্য্য দ্রুত সম্পাদনের প্রয়োজন হইলে এবং কোন মাসিক সভার আলোচ্য বিষয় তালিকাভুক্ত করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির আহ্বানের সময় না থাকিলে, সভাপতি তাহা কোনও মাসিক অধিবেশনে আলোচনার্থ অনুমতি দিতে পারিবেন।

সহকারী সভাপতি

৫৯। আট জন সহকারী সভাপতির মধ্যে অন্যূন চারি জন মফস্বলের অধিবাসী হইবেন। দ্রষ্টব্য,—এই নিয়মান্তর্গত মফস্বলের অধিবাসী অর্থে যাঁহারা সাধারণতঃ মফস্বলে থাকেন,

তাহাদিগকে বুঝিতে হইবে। বান্ধব, আজীবন সদস্য, অধ্যাপক সদস্য, মৌলবী সদস্য, সহায়ক সদস্য ও বিশিষ্ট সদস্যগণের মধ্যে যাঁহারা সাধারণতঃ মফস্বলে বাস করেন, তাঁহারাও এই উদ্দেশ্য সাধনের পক্ষে মফস্বলের অধিবাসী বলিয়া গণ্য হইবেন।

৬০। সভাপতির অনুপস্থিতিতে অন্যতম সহকারী সভাপতি সভাপতির কর্ত্তব্য সম্পাদন করিবেন ও তাঁহার যাবতীয় অধিকার প্রাপ্ত হইবেন।

সম্পাদক

৬১। পরিষৎ-সংক্রান্ত যাবতীয় কার্য্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশে সম্পাদকের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে।

৬২। কার্য্য-নির্ব্বাহক-সমিতির এবং পরিষদের সাধারণ ও বিশেষ অধিবেশনের নির্দ্দিষ্ট কার্য্য ও সঙ্কল্প প্রভৃতি সমাধান করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬৩। অধিবেশনের বিবরণাদি, আয়-ব্যয়ের বিবরণাদি ও আনুমানিক হিসাব প্রভৃতি প্রস্তুত করিবার ভার সম্পাদকের হস্তে থাকিবে।

৬৪। সম্পাদক পরিষদের যাবতীয় অধিবেশন আহ্বান করিবেন।

৬৫। সম্পাদক কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে প্রেরিত সদস্যগণের পত্রাদি আবশ্যক মত কার্য্য-নির্ব্বাহক-সমিতির সমীপে উপস্থাপিত করিবেন।

৬৬। সম্পাদক প্রতি মাসে আয়-ব্যয়বিবরণ প্রস্তুত করাইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে উপস্থাপিত করিবেন।

৬৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত ব্যয় ব্যতীত কোনও নূতন কার্য্যের জন্য কিছু ব্যয় করিতে হইলে, সম্পাদক তাহা কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইয়া করিবেন।

(ক) বিশেষ প্রয়োজনীয় স্থলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতি লইবার পূর্ব্বে ৫০৲ টাকা পর্য্যন্ত সম্পাদক নিজে ব্যয় করিতে পারিবেন, কিন্তু উক্ত সভার পরবর্ত্তী অধিবেশনে তাহা অনুমোদনার্থ উপস্থিত করিবেন।

৬৮। আয়-ব্যয়-সংক্রান্ত কার্য্যাদি ব্যতীত যদি কোন অনিবার্য্য কারণে কোনও বিশেষ কার্য্য সম্পাদককে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমতির অপেক্ষা না করিয়াই করিতে হয়, তবে কার্য্য-নির্ব্বাহক-সমিতির পরবর্ত্তী অধিবেশনে কারণ প্রদর্শন করিয়া উক্ত কার্য্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন।

৬৯। সম্পাদক ৩৯ (ঘ) নিয়মানুসারে তালিকা প্রস্তুত করিয়া আবশ্যকমত মধ্যে মধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির গোচর করিবেন।

৭০। বার্ষিক অধিবেশনের পূর্ব্বে, পরিষদের আয়-ব্যয়-পরীক্ষক দ্বারা পরীক্ষিত বার্ষিক হিসাব, শাখাসভা ও অন্যান্য সমিতির প্রদত্ত কার্য্য-বিবরণ এবং অন্যান্য আনুষঙ্গিক জ্ঞাতব্য বিবর-সংবলিত পরিষদের বার্ষিক কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া সম্পাদক প্রথমে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অনুমোদনার্থ উপস্থাপিত করিবেন এবং কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক অনুমোদিত

কার্য্য-বিবরণ বার্ষিক অধিবেশনে উপস্থাপিত করিবেন এবং বার্ষিক অধিবেশনে তাহা পঠিত ও অনুমোদিত হইলে, উহা প্রকাশ করিবেন।

৭১। সম্পাদক প্রয়োজনমত সহকারী সম্পাদকগণকে নিজ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

সহকারী সম্পাদক

৭২। সম্পাদকের নির্দ্দেশমত সহকারী সম্পাদকগণ নিরূপিত কার্য্য পরিচালন করিবেন।

কোষাধ্যক্ষ

৭৩। সাধারণ তহবিল কোষাধ্যক্ষের নিকট থাকিবে।

৭৪। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দিষ্ট ব্যবস্থানুসারে কোষাধ্যক্ষ সম্পাদকের সহিত সাধারণ তহবিলের টাকার আদান প্রদান করিবেন।

৭৫। সাধারণ তহবিল ব্যতীত অন্যান্য তহবিলের জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি যেরূপ ব্যবস্থা করিবেন, তদনুসারে তাহাদের কার্য্য চলিবে।

গ্রন্থাধ্যক্ষ

৭৬। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়মানুসারে ও সম্পাদকের নির্দ্দেশানুযায়ী গ্রন্থাধ্যক্ষ গ্রন্থাগারের যাবতীয় কার্য্য সম্পাদন করিবেন।

চিত্রশালাধ্যক্ষ

৭৭। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশানুসারে চিত্রশালাধ্যক্ষ চিত্রশালার যাবতীয় কার্য্য সম্পাদন করিবেন।

ছাত্রাধ্যক্ষ

৭৮। ছাত্রাধ্যক্ষ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত নিয়ম ও সম্পাদকের নির্দ্দেশ অনুসারে পরিষদের ছাত্র-সভ্যগণের শিক্ষা, উপদেশ, কার্য্য-ব্যবস্থা, পরীক্ষা ও পারিতোষিক প্রভৃতি সম্বন্ধে যাবতীয় কার্য্য পরিচালন করিবেন।

পত্রিকাধ্যক্ষ

৭৯। কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মানুসারে পত্রিকাধ্যক্ষ পত্রিকা-সম্পাদনের ব্যবস্থা করিবেন।

আয়-ব্যয়-পরীক্ষক

৮০। পরিষদের যাবতীয় হিসাব পরিদর্শনের জন্য প্রতি বৎসর বার্ষিক অধিবেশনে সদস্যগণের মধ্য হইতে দুই জন আয়-ব্যয়-পরীক্ষক নির্ব্বাচিত হইবেন।

৮১। বৎসরান্তে পরিষদের সাধারণ তহবিলের আয়-ব্যয়-বিবরণ সম্পাদক প্রস্তুত করিয়া দিলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশাদি মিলাইয়া আয়-ব্যয়-পরীক্ষকগণ সেই হিসাব পরীক্ষা করিবেন।

৮২। পরীক্ষান্তে আয়-ব্যয়-পরীক্ষকগণ হিসাব পরিশুদ্ধ বলিয়া অনুমোদন করিলে, সেই হিসাব কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে গ্রহণীয় হইবে।

৮৩। সাধারণ-তহবিল ব্যতীত পরিষদের অন্যান্য তহবিলের আয়-ব্যয়-পরীক্ষার ভারও ইহাঁদের উপর ন্যস্ত থাকিবে।

৮৪। হিসাব পরীক্ষায় কোনরূপ ভ্রমপ্রমাদ বা নিয়মভঙ্গের পরিচয় পাইলে, ইহাঁরা কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে লিখিয়া জানাইবেন।

৮৫। আয়-ব্যয়-পরীক্ষকগণ আবশ্যক মত মাসিক বা ত্রৈমাসিক হিসাব পরীক্ষা করিবেন।

পরিষৎ-শাখা

৮৬। দেশের ভিন্ন ভিন্ন স্থানে পরিষদের উদ্দেশ্যানুকূল কার্য্য-সম্পাদন জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ 'পরিষৎ-শাখা' প্রতিষ্ঠা করিতে পারিবেন।

৮৭। যে স্থানে পরিষৎ-শাখা স্থাপিত হইবে, "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ" এই নামের পর সেই স্থানের অর্থাৎ সেই নগরের বা প্রদেশের নামের সহিত শাখা-শব্দযোগে পরিষৎ-শাখাগুলির নামকরণ হইবে। (দৃষ্টান্ত—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, রঙ্গপুর-শাখা।)

৮৮। কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত এবং পরিষদের অনুমোদিত নিয়মাবলী অনুসারে শাখাসমূহ পরিচালিত হইবে।

৮৯। মূল-পরিষদের সদস্য ব্যতীত অপর ব্যক্তি কোন পরিষৎ-শাখার সম্পাদক হইতে পারিবেন না।

৯০। কার্য্যনির্ব্বাহক-সমিতির বিশেষ কোন নিয়ম ব্যতীত কোনও পরিষৎ-শাখার সহিত মূল-পরিষদের কোনরূপ অর্থ-সম্বন্ধ থাকিবে না।

ছাত্র-সভা

৯১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী কার্য্যসাধনের জন্য সাহিত্য-পরিষদের অধীনে একটি ছাত্র-সভা গঠিত হইবে। বিদ্যালয়ের ছাত্রগণ এই সভার সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন এবং তাঁহারা ছাত্র-সভ্য নামে অভিহিত হইবেন।

৯২। ছাত্রাধ্যক্ষের প্রস্তাবক্রমে কার্য্য-নির্ব্বাহক-সমিতি বিদ্যালয়ের ছাত্রগণকে এই সভার সভ্যরূপে নির্ব্বাচন করিবেন।

৯৩। ছাত্র-সভ্যগণের কর্ত্তব্য ও অধিকার নির্দ্দেশের জন্য ছাত্রাধ্যক্ষের পরামর্শ-মত কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নিয়মাবলী প্রণীত হইবে।

বিশেষ বিধি

৯৪। পরিষদের বিশেষ বা সাধারণ মাসিক অধিবেশনে মীমাংসিত কোন নিয়ম ছয় মাস-মধ্যে আলোচিত বা পরিবর্ত্তিত হইতে পারিবে না।

৯৫। কোন নূতন নিয়ম প্রণয়ন অথবা কোন পুরাতন নিয়মের সংস্কার-সম্বন্ধে প্রস্তাব

উপস্থিত হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতি তাহা বিচারপূর্ব্বক পরিষদের মাসিক বা বিশেষ অধিবেশনে মীমাংসার্থ উপস্থিত করিবেন।

৯৬। আবশ্যক হইলে, পরিষদের অধিবেশনে কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রস্তাবমত এই নিয়মাবলীর অন্তর্গত কোন নিয়মের সংস্কার বা কোন নূতন নিয়মের সংযোজন হইতে পারিবে। আবশ্যক হইলে, তৎপূর্ব্বে পত্রদ্বারা সমুদয় সদস্যের মত গ্রহণ করা হইবে।

৯৭। পরিষদের উদ্দেশ্যানুকূল নির্দ্দিষ্ট ও প্রচলিত কার্য্য ব্যতীত অন্য কোন নূতন কার্য্য করিতে হইলে, কার্য্য-নির্ব্বাহক-সমিতিকে বিশেষ বা মাসিক অধিবেশনে সমবেত সদস্যগণের মত গ্রহণ করিতে হইবে।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখাগঠনের নিয়মাবলী

১। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্য-সিদ্ধি ও বলবৃদ্ধির জন্য ভিন্ন ভিন্ন স্থানে শাখা-পরিষৎ স্থাপিত হইতে পারিবে। এক জেলার মধ্যে একাধিক শাখা স্থাপিত হইবে না। যদি কোনও জেলাতে সাহিত্য-পরিষদের উদ্দেশ্যানুযায়ী একাধিক সভা স্থাপনের আবশ্যক হয়, তবে তাহাদের মধ্যে একটিই সাহিত্য-পরিষদের শাখা বলিয়া গণ্য হইবে ও অন্যান্য সভাগুলি সেই শাখার শাখারূপে পরিগণিত হইবে। এই সমস্ত সভার মধ্যে কোন্‌টি পরিষদের শাখা হইবে, তাহা সেই সকল সভার কর্ত্তৃপক্ষগণ পরামর্শ করিয়া স্থির করিবেন। যদি তাঁহারা তাহা স্থির করিতে না পারেন, তাহা হইলে মূল-পরিষৎ স্থির করিয়া দিবেন।

২। স্থানের নামানুসারে ঐ শাখা "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ,—শাখা" এই নামে পরিচিত হইবে।

৩। শাখার উদ্দেশ্য ও কার্য্যপ্রণালী সর্ব্বাংশে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের উদ্দেশ্যাদির অনুকূল হইবে। রাজনীতি, সমাজ-সংস্কার বা ধর্ম্ম-সংস্কার বিষয়ে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কোন শাখা কোনরূপে লিপ্ত হইবেন না।

৪। বিবিধ উপায়ে বাঙ্গালা-ভাষা ও বাঙ্গালা-সাহিত্যের অনুশীলন এবং উন্নতিসাধনই পরিষদের উদ্দেশ্য। এই উদ্দেশ্য-সাধনের জন্য প্রধানতঃ সাহিত্য, দর্শন, ইতিহাস ও বিজ্ঞানাদি-শাস্ত্রের আলোচনার সহিত শাখা-পরিষৎসমূহ বিশেষভাবে নিম্নলিখিত উপায়গুলিও অবলম্বন করিবেন;—

(ক) স্থানীয় প্রাচীন পুথির অনুসন্ধান, সংগ্রহ ও প্রকাশ এবং ইহার বিবরণ-প্রকাশ।

(খ) স্থানীয় প্রাচীন গ্রন্থকারদিগের জীবন-চরিত, প্রতিকৃতি ও অন্যান্য স্মৃতি-নিদর্শন সংগ্রহ।

(গ) গ্রাম্য সাহিত্য, ছড়া, প্রবাদ, ব্রতকথা, উপকথা, গীত, কবিতা ইত্যাদি সংগ্রহ।

(ঘ) স্থানীয় ভাষায় চলিত প্রাদেশিক শব্দ-সংগ্রহ এবং তৎসহ কৃষি, শিল্প, ব্যবসায়, গৃহ-সজ্জা, উদ্ভিদ্‌, জীব প্রভৃতি সংক্রান্ত পারিভাষিক শব্দের সংগ্রহ।

(ঙ) সর্ব্বনাম, ক্রিয়াপদ প্রভৃতির উত্তর বিভক্তি-যোগে প্রাদেশিক রূপভেদ সঙ্কলন।

(চ) স্থানীয় ভৌগোলিক বিবরণ সংগ্রহ।

(ছ) স্থানীয় ইতিহাস ও প্রত্নতত্ত্ব সংগ্রহ এবং তৎসহিত তীর্থস্থান, মন্দির, দুর্গ প্রভৃতির ছায়াচিত্রাদি-সহ বিবরণ সংগ্রহ এবং দেবমূর্ত্তি, খোদিত-লিপি, তাম্রশাসন, মুদ্রা প্রভৃতির সংগ্রহ।

(জ) স্থানীয় ধর্ম্মসম্প্রদায়ের ও ভিন্ন ভিন্ন জাতির বা সম্প্রদায়ের সামাজিক আচার-ব্যবহার ও উৎসবাদির বিবরণ সংগ্রহ।

(ঝ) প্রাচীন ও আধুনিক শিল্প ও বিবিধ কলাবিদ্যার বিবরণ ও নিদর্শন সংগ্রহ।

(ঞ) স্থানীয় জীব ও উদ্ভিদাদির বিবরণ সংগ্রহ।

দ্রষ্টব্য—উপরোক্ত সংগৃহীত দ্রব্যাদি রক্ষার জন্য শাখা-পরিষৎ চিত্রশালা স্থাপন করিতে পারিবেন। যদি চিত্রশালা স্থাপিত না হয়, তবে সংগৃহীত দ্রব্যাদি মূল-পরিষদের চিত্রশালাতে পাঠাইয়া দিতে হইবে।

৫। শাখার সমুদয় কার্য্য, বিশেষ আবশ্যক না হইলে, বাঙ্গালা ভাষার সাহায্যে নির্ব্বাহিত হইবে।

৬। মূল বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্য না হইলে কোনও ব্যক্তি শাখা-পরিষদের সম্পাদক হইতে পারিবেন না।

৭। শাখা-পরিষদের কর্ম্মচারী ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়োগ বিষয়ে মূল-পরিষদের নিয়ম যথাসম্ভব অনুসৃত হইবে।

৮। শাখা-পরিষদের নিয়মাবলী মূল-পরিষদের অনুমোদিত হওয়া আবশ্যক। এইরূপ অনুমোদিত নিয়মাবলীতে যখন কোন সংশোধন বা পরিবর্ত্তন আবশ্যক হইবে, তখন তাহা মূল-পরিষদের অনুমোদিত করাইয়া লইতে হইবে।

৯। পরিষদের উদ্দেশ্যের প্রতিকূল না হইলে অথবা বিশেষ কারণ না থাকিলে, শাখার কার্য্য-প্রণালীর স্বাধীনতায় মূল-পরিষৎ কোন ব্যাঘাত দিবেন না।

১০। প্রত্যেক শাখা-পরিষৎ মূল-পরিষদের নিয়মাবলীর ৩১ ধারানুযায়ী মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে একজন প্রতিনিধি মনোনয়ন ও নির্ব্বাচন করিবেন। এই প্রতিনিধি শাখা-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অন্যতম সদস্য হওয়া আবশ্যক।

১১। প্রতি বৎসর বৈশাখের প্রথমার্দ্ধ মধ্যে শাখা-পরিষদের সম্পাদক গত বৎসরের কৃত কর্ম্মের সংক্ষিপ্ত পরিচয়, সদস্যগণের ও কর্ম্মচারিগণের নাম এবং আয়-ব্যয়ের হিসাব সহ সংক্ষিপ্ত কার্য্যবিবরণ মূল-পরিষদের সম্পাদকের নিকট প্রেরণ করিবেন। মূল-পরিষদের সম্পাদক ঐ কার্য্য-বিবরণী সম্পূর্ণ বা সংক্ষিপ্ত ভাবে মূল-সাহিত্য-পরিষদের কার্য্য-বিবরণীর পরিশিষ্ট-রূপে পরিষৎ-পত্রিকায় প্রকাশ করিবেন।

১২। মূল-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুসারে সাহিত্য-পরিষৎ-পত্রিকা, সাহিত্য-পরিষৎ-পঞ্জিকা ও পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থাবলীর দুই খণ্ড প্রত্যেক শাখা-সভা বিনামূল্যে প্রাপ্ত হইবেন এবং শাখা-সভার প্রকাশিত পত্রিকা ও গ্রন্থাদিও মূল-পরিষৎকে এই নিয়মে দিতে হইবে।

১৩। মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্ধারিত বিশেষ ব্যবস্থা না থাকিলে মূল ও শাখা-পরিষদের মধ্যে কোনও আর্থিক সম্বন্ধ থাকিবে না।

১৪। মূল-পরিষদের সদস্যগণ মূল-পরিষদের প্রকাশিত গ্রন্থাবলী যে নির্দ্দিষ্ট কম মূল্যে পাইয়া থাকেন, শাখা-পরিষদের সদস্যগণও সেই মূল্যের উপর টাকায় চারি আনা মাত্র অধিক মূল্য দিলে সেই সকল গ্রন্থ পাইবেন।

১৫। প্রতি বৎসরের আরম্ভে মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশানুযায়ী পরিষদের উদ্দেশ্যানুকূল কোনও কার্য্যের ভার শাখা-পরিষৎকে গ্রহণ করিতে হইবে।

১৬। প্রতি বৎসরে অন্ততঃ একবার মূল-পরিষদের নির্দ্দিষ্ট কোন ব্যক্তি শাখা-পরিষৎ পরিদর্শন করিবেন।

১৭। উক্ত পরিদর্শনের ফলে যদি দেখা যায় যে, কোন শাখা-সভা উপর্য্যুপরি তিন বৎসর নিয়ম অনুসারে কার্য্য করিতেছেন না, তাহা হইলে, মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি সে শাখাকে শাখা-সভার অধিকার হইতে বঞ্চিত করিতে পারিবেন।

১৮। কোনও সভা এই সকল নিয়মে স্বীকৃত হইয়া মূল-পরিষদের শাখারূপে গণ্য হইবার জন্য আবেদন করিলে, মূল-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি সমস্ত অবস্থা বিবেচনা করিয়া উপযুক্ত মনে করিলে, সেই সভাকে প্রথমতঃ ৫ বৎসরের জন্য অস্থায়িভাবে শাখারূপে গণ্য করিবেন। তৎপরে এই ৫ বৎসরের কার্য্যকারিতা দেখিয়া উপযুক্ত বোধ করিলে, উহাকে স্থায়ি শাখারূপে গণ্য করা হইবে এবং যদি ঐ ৫ বৎসরে কার্য্য-কারিতার অভাব দেখা যায়, তাহা হইলে কার্য্য-নির্ব্বাহক-সমিতি উহাকে শাখার অধিকার হইতে বঞ্চিত করিতে পারিবেন।

১৯। কার্য্য-নির্ব্বাহক-সমিতি আবশ্যক হইলে শাখা-সভাগুলির সহিত পরামর্শ করিয়া এই নিয়মাবলী সংশোধন করিতে পারিবেন।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের নিয়মাবলী

১। এই সম্মিলন "বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন" নামে অভিহিত হইবে।

২। সুধীগণের মধ্যে ভাব-বিনিময়, বিবিধ শাস্ত্রের আলোচনা ও প্রচার, বাঙ্গালা দেশ ও বাঙ্গালী-জাতি সম্বন্ধে স্থানীয় অনুসন্ধান দ্বারা সর্ব্ববিধ তথ্য নির্ণয় এবং জনগণের মধ্যে সাহিত্যানুরাগ ও জ্ঞানের বিস্তার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের উদ্দেশ্য বলিয়া পরিগণিত হইবে।

৩। সাহিত্য-সম্মিলনের প্রত্যেক অধিবেশনে সাহিত্যসেবী ও সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্রই যোগ দিতে পারিবেন। এই সাহিত্য-সম্মিলনে যাঁহারা আসিবেন, তাঁহারা সাধারণতঃ নিম্নলিখিত চারি শ্রেণীর লোক হইবেন,—

(ক) প্রতিনিধি—বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত প্রতিনিধিবর্গ।

(খ) নিমন্ত্রিত—অভ্যর্থনা সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত ব্যক্তিবর্গ।

(গ) সাহিত্যানুরাগী—যে সকল সাহিত্যানুরাগী ব্যক্তি স্বয়ং উপস্থিত হইবেন।

(ঘ) সাধারণ দর্শকবৃন্দ।

৪। বিভিন্ন সাহিত্য-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত যে সমস্ত প্রতিনিধি সম্মিলনে উপস্থিত হইবেন, তাঁহাদের প্রত্যেককে ২৲ দুই টাকা হিসাবে অভ্যর্থনা-সমিতিতে চাঁদা দিতে হইবে। যাঁহারা এই চাঁদা দিবেন, তাঁহারা নিম্নলিখিত বিশেষ অধিকারগুলি পাইবেন,—

(ক) সম্মিলনে উপস্থাপিত প্রস্তাবাদি বিচারকালে মতামত প্রদান।

(খ) সম্মিলনের কার্য্য-বিবরণ এক খণ্ড বিনামূল্যে প্রাপ্তি।

৫। যে সমস্ত সাহিত্যিক ও সাহিত্যানুরাগী ব্যক্তি কোন সভা-সমিতির প্রতিনিধিরূপে সম্মিলনে আসিবেন না, অথবা যাঁহারা অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া আসিবেন, তাঁহারা প্রতিনিধিগণের পূর্ব্বোক্ত দুই অধিকার পাইবেন না, কিন্তু সম্মিলনে বা তাহার শাখায় যে সমস্ত প্রবন্ধ পড়া হইবে, তাহার আলোচনায় যোগদান পক্ষে কোন বাধা থাকিবে না।

৬। এই সম্মিলনের অধিবেশন প্রতি বৎসর ভিন্ন ভিন্ন স্থানে হইবে। সাধারণতঃ কোন্ বৎসর কোন্ স্থানে সম্মিলনের অধিবেশন হইবে, তাহা পূর্ব্ববর্ত্তী অধিবেশনেই স্থির করিতে হইবে।

৭। সম্মিলনের সমস্ত কার্য্য বাঙ্গালা-ভাষায় নির্ব্বাহিত হইবে। তবে যদি কেহ বাঙ্গালা-ভাষায় স্বীয় বক্তব্য প্রকাশ করিতে অক্ষম হন, তবে সভাপতি মহাশয় ইচ্ছা করিলে, তাঁহাকে তাঁহার ইচ্ছামত ভাষায় তাঁহার মনোভাব প্রকাশ করিতে দিতে পারিবেন।

৮। এই সম্মিলনের সমস্ত কার্য্য পরিচালনের জন্য প্রতি বৎসর অন্যূন ৬০ জনকে লইয়া "সাধারণ-সম্মিলন-সমিতি" নামে একটি সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর সম্মিলনের শেষ বৈঠকে পরবর্ত্তী বৎসরের জন্য উক্ত সাধারণ-সম্মিলন-সমিতির সদস্যগণ নির্ব্বাচিত হইবেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ সাধারণ-সম্মিলন-সমিতির সভ্য হইবেন।

৯। উক্ত প্রকারে নির্ব্বাচিত সদস্যগণ যথাসম্ভব শীঘ্র আপনাদের মধ্য হইতে দশ জনকে নির্ব্বাচন করিবেন এবং ঐ দশ জন সদস্য বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সহিত যুক্ত হইয়া "সম্মিলন-পরিচালন-সমিতি" নামে সম্মিলনের যাবতীয় কার্য্য পরিচালন করিবেন। আবশ্যক হইলে, সম্মিলন-পরিচালন-সমিতি সাধারণ-সম্মিলন-সমিতির সহিত পরামর্শ করিয়া কার্য্য করিবেন।

দ্রষ্টব্য—যদি এই নির্ব্বাচিত দশ জনের মধ্যে কেহ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভ্য থাকেন, তবে তাঁহার স্থলে অপর এক জন সভ্য সম্মিলন পরিচালন-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত হইবেন।

(ক) সম্মিলন-পরিচালন-সমিতি, পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির নিয়মানুসারে চলিবে এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সম্পাদকই 'সাধারণ-সম্মিলন-সমিতি' এবং 'সম্মিলন-পরিচালন-সমিতি' এতদুভয়ের সম্পাদকতা করিবেন।

(খ) কোন সম্মিলনের সভাপতি তাঁহার সভাপতিত্বে নির্ব্বাচনের সময় হইতে পরবর্ত্তী সম্মিলনের অধিবেশনে অন্য সভাপতির নির্ব্বাচন পর্য্যন্ত সাধারণ-সম্মিলন-সমিতির সভাপতি থাকিবেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভাপতি সম্মিলন-পরিচালন-সমিতির সভাপতিরূপে গণ্য হইবেন। তাঁহাদের অনুপস্থিতিতে উপস্থিত সদস্যবর্গের মধ্যে যে কেহ সভাপতিরূপে নির্ব্বাচিত হইতে পারিবেন।

১০। যে বৎসর যে স্থানে এই সম্মিলনের অধিবেশন হইবে, সেই স্থানের অধিবাসিগণ সাধারণতঃ পূর্ব্ব-সম্মিলনের অধিবেশনের পর সম্মিলন-সম্বন্ধীয় স্থানীয় সমস্ত কার্য্য সুচারুরূপে নির্ব্বাহার্থ, একটি অভ্যর্থনা-সমিতি গঠন করিবেন।

১১। নিম্নলিখিত কার্য্যগুলি অভ্যর্থনা-সমিতির কর্ত্তব্য মধ্যে গণ্য হইবে ;—

(ক) সম্মিলনের সময়-নির্দ্ধারণ।

(খ) সম্মিলনে যোগ দিবার জন্য সাহিত্যসেবীদিগকে ও সাহিত্য-সমিতিসমূহকে নিমন্ত্রণ।

(গ) উপস্থিত ব্যক্তিগণের অভ্যর্থনা, বাসাদির ব্যবস্থা এবং তাহার ব্যয়-নির্ব্বাহ।

(ঘ) সাধারণ দর্শকদিগের নিকট কোনরূপ টিকিট বেচিয়া প্রবেশিকা লওয়া হইবে কি না এবং লইতে হইলে কি হারে লইতে হইবে, তাহা স্থির করা।

(ঙ) সম্মিলনের সভাপতি-নির্ব্বাচন।

(চ) সম্মিলনের আলোচ্য বিষয় ও কার্য্য-প্রণালী নির্দ্ধারণ।

(ছ) সম্মিলনে সর্ব্ববিধ শৃঙ্খলা-রক্ষার ব্যবস্থা।

(জ) অধিবেশনের অন্ততঃ দুই মাস পূর্ব্বে সম্মিলন-পরিচালন-সমিতির সম্মতি লইয়া নানা স্থানে প্রচলিত সংবাদপত্রে নির্দ্ধারিত সময় ঘোষণা।

(ঝ) অধিবেশনের অন্ততঃ তিন মাস পূর্ব্বে আলোচনার জন্য বিবিধ বিষয়ে প্রবন্ধ ও প্রস্তাবাদি পাঠাইতে সাধারণকে আহ্বান।

(ঞ) যে স্থানে সম্মিলনের অধিবেশন হইবে, সেই প্রদেশ সম্বন্ধীয় স্থানীয় তত্ত্বপূর্ণ প্রবন্ধ ও বিবরণাদি সংগ্রহ।

(ট) সম্মিলনের সম্পূর্ণ কার্য্য-বিবরণ প্রস্তুত করিয়া অনুমোদনার্থ সম্মিলন-পরিচালন-সমিতিতে অধিবেশনের পর দুই মাস মধ্যে প্রেরণ ও তাহা প্রকাশার্থ অর্থ সংগ্রহের ব্যবস্থা।

অভ্যর্থনা-সমিতি এই সমস্ত কার্য্য সম্বন্ধে ও আলোচ্য বিষয়াদি নিরূপণে সম্মিলন-পরিচালন-সমিতির সহিত আবশ্যকমত পরামর্শ করিয়া কার্য্য করিবেন।

১২। অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক যাঁহারা প্রবন্ধ-রচনার জন্য আহূত হইবেন বা তথ্য-সংগ্রহে নিযুক্ত হইবেন, তাঁহাদিগকে স্ব স্ব রচনা ও সংগৃহীত বিষয়াদি সম্মিলনের অধিবেশনের অন্ততঃ এক পক্ষ পূর্ব্বে অভ্যর্থনা-সমিতির সম্পাদকের নিকট পাঠাইয়া দিতে হইবে এবং তাঁহারা প্রবন্ধের সহিত সংক্ষেপে প্রবন্ধের সার সঙ্কলন করিয়া ঐ প্রবন্ধের সহিত পাঠাইবেন।

১৩। অন্যূন দুই দিন এই সম্মিলনের অধিবেশন হইবে। যদি প্রয়োজন হয় এবং সময়ের সুবিধা থাকে, তবে দুই দিনের অধিক দিনও অধিবেশন হইতে পারিবে; তবে তাহা প্রথম হইতেই বিজ্ঞাপিত করিতে হইবে।

১৪। অধিবেশনের অব্যবহিত পূর্ব্বে নির্ব্বাচিত সভাপতি, উপস্থিত সভ্যগণ অথবা তাঁহাদের প্রতিনিধিগণকে লইয়া বিষয়-নির্ব্বাচন-সমিতি গঠন করিবেন। এই সমিতি আলোচ্য বিষয়-গুলির সময়োচিত আলোচনা ও আবশ্যক হইলে সম্ভবমত পরিবর্ত্তনাদি করিতে পারিবেন।

১৫। কার্য্যের সুবিধার্থ এই সম্মিলনের কার্য্য আলোচ্য বিষয়ানুসারে নিম্নলিখিত ৪ ভাগে বিভক্ত হইতে পারিবে। প্রয়োজন ও সুবিধা হইলে একই সময়ে একাধিক শাখার অধিবেশন হইতে পারিবে।

(ক) সাহিত্য-শাখা (কাব্য, ভাষাতত্ত্ব, প্রাচীন সাহিত্য প্রভৃতি)।

(খ) দর্শন-শাখা।

(গ) ইতিহাস ভূগোল শাখা (ইতিহাস, সমাজতত্ত্ব, প্রত্ন-তত্ত্ব, ভূগোল প্রভৃতি)।

(ঘ) গণিত ও বিজ্ঞান-শাখা (গণিত, জ্যোতিষ, পদার্থ-বিজ্ঞান, জীব-বিজ্ঞান, ভূবিদ্যা, শিল্প, চিকিৎসা-বিদ্যা ও কৃষিবিজ্ঞান প্রভৃতি)।

১৬। বিষয়-নির্ব্বাচন-সমিতি উক্ত চারি বিভাগের কার্য্য সুশৃঙ্খলতার সহিত নির্ব্বাহের ভার কতকগুলি বিশেষজ্ঞের প্রতি দিতে পারিবেন। এতদ্ভিন্ন—

(ক) প্রাপ্ত প্রবন্ধ ও রচনাদি হইতে সম্মিলনে পাঠের জন্য প্রবন্ধাদি নির্ব্বাচন করিবেন।

(খ) পাঠ্য-প্রবন্ধের আকার বিবেচনায় পাঠের সময় পরিমিত করিয়া দিবেন।

১৭। নিম্নলিখিত কার্য্যগুলি সম্মিলন-পরিচালন-সমিতির কর্ত্তব্য মধ্যে গণ্য হইবে,—

(ক) পূর্ব্ব-সম্মিলনে নির্দ্ধারিত প্রস্তাব এবং স্থানীয় অভ্যর্থনা-সমিতি বা অপর কোন সমিতি কিংবা কোন বিশেষ কার্য্য-সম্পাদনের উদ্দেশে সম্মিলনের বৈঠকে গঠিত কোন বিশেষ সমিতির প্রতি যে সকল কার্য্যভার অর্পিত হইবে, সেই সমস্ত বিষয় কার্য্যে পরিণত করিবার চেষ্টা ও পরবর্ত্তী সম্মিলনে তাহাদের ফলাফল জ্ঞাপন।

(খ) সম্মিলনের অধিবেশনের পর ছয় মাস মধ্যে তাহার কার্য্য-বিবরণ মুদ্রণ-ব্যবস্থা।

১৮। অভ্যর্থনা-সমিতি ও কার্য্যের ভার-প্রাপ্ত অপরাপর সমিতি আপন আপন কার্য্য

সম্পন্ন করিয়া, তাহার বিস্তৃত বিবরণ পরবর্ত্তী সম্মিলনে উপস্থাপিত করিবার জন্য আগামী অধিবেশনের অন্ততঃ দুই মাস পূর্ব্বে সম্মিলন-পরিচালন-সমিতির সম্পাদককে পাঠাইয়া দিবেন।

১৯। এই সম্মিলনের অধিবেশনের সঙ্গে সঙ্গে যাহাতে প্রাদেশিক সাহিত্য, পুরাতত্ত্ব, প্রাকৃতিক-বিজ্ঞান, প্রত্ন-তত্ত্ব প্রভৃতি সংক্রান্ত ও তদ্বিধ অন্যান্য দ্রব্য সংগৃহীত হইয়া প্রদর্শনীর আকারে প্রদর্শিত হয়, সে জন্য অভ্যর্থনা-সমিতি যত্ন করিবেন।

২০। এই প্রদর্শনীতে সংগৃহীত দ্রব্যাদি যাহাতে সুরক্ষিত হয়, সম্মিলন-পরিচালন-সমিতি অভ্যর্থনা-সমিতির সাহায্যে তাহার ব্যবস্থা করিবেন।

২১। আবশ্যক হইলে, সম্মিলন-পরিচালন-সমিতি ও সাধারণ-সম্মিলন-সমিতি একযোগে এই সকল নিয়মের পরিবর্ত্তন, পরিবর্দ্ধন ও পরিবর্জ্জন করিতে পারিবেন, কিন্তু সে সমস্ত অব্যবহিত পরবর্ত্তী সম্মিলনের অধিবেশনে অনুমোদিত করাইয়া লইতে হইবে।

২২। কোন ধর্ম্ম, সমাজ ও রাজনীতি সম্বন্ধে এই সম্মিলনে আলোচনা হইবে না।

১৩২৩ বঙ্গাব্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

সভাপতি—শ্রীযুক্ত ডাঃ জগদীশচন্দ্র বসু সি এস আই, সি আই ই, এম্ এ, ডিএস্ সি

সহকারী সভাপতি—শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্

রাজারাও „ যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর

মাননীয় ডাক্তার „ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী সি আই ই,এম্ এ, বি এল্, এল্ এল্ ডি

মহামহোপাধ্যায় „ হরপ্রসাদ শাস্ত্রী সি আই ই, এম্ এ

কুমার „ শরৎকুমার রায় এম্ এ

„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ

মহারাজা „ জগদিন্দ্রনাথ রায় বাহাদুর

মাননীয় মহারাজাধিরাজ সার শ্রীযুক্ত বিজয়চাঁদ্ মহাতাব্ বাহাদুর কে সি এস্ আই, কে সি আই ই, আই ও এম্

সম্পাদক—শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত

„ মৃণালকান্তি ঘোষ

„ নলিনীরঞ্জন পণ্ডিত

„ সুরেন্দ্রনাথ কুমার(১)

„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, এটর্ণি

ডাঃ আবদুল গফুর সিদ্দিকী(২)

ধনাধ্যক্ষ— শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর

গ্রন্থাধ্যক্ষ— „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ

চিত্রশালাধ্যক্ষ— „ নীলমণি চক্রবর্ত্তী এম্ এ(৩)

„ রমেশচন্দ্র মজুমদার এম্ এ(৪)

„ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব(৫)

ছাত্রাধ্যক্ষ— „ কালিদাস নাগ এম্ এ(৬)

„ অমূল্যচরণ বিদ্যাভূষণ(৭)

পত্রিকাধ্যক্ষ—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ ডি

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সদস্যগণ—

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, এম্ এ, বি এল্

„ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব (৮)

„ খগেন্দ্রনাথ মিত্র এম্ এ

„ ললিতচন্দ্র মিত্র এম্ এ (৯)

„ কালীপ্রসন্ন দাশগুপ্ত এম এ (১০)

„ সুশীলকুমার দে এম্ এ, বি এল্(১১)

ডাঃ „ অঘোরনাথ ঘোষ এম্ বি (১২)

„ সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম্ এ (১৩)

„ রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ(১৪)

„ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ

„ যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ

„ চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ

„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ

„ রমাপ্রসাদ চন্দ বি এ

ডাঃ „ বনওয়ারিলাল চৌধুরী বি এ

„ অমূল্যচরণ বিদ্যাভূষণ (১৫)

„ হেমচন্দ্র সরকার এম্ এ

„ মন্মথমোহন বসু এম্ এ

„ যোগেন্দ্রনাথ দাস গুপ্ত বি এ

„ বাণীনাথ নন্দী

„ দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ

„ কেশবচন্দ্র গুপ্ত এম্ এ, বি এল্

ডাঃ শ্রীযুক্ত সৌরীন্দ্রকুমার গুপ্ত এম্ এ, বি এল, পি এইচ্ ডি, এম্ আর এ এস

মৌলবী রওসন আলী চৌধুরী

শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার এম্ এ(১৬)

" হরিদাস চট্টোপাধ্যায়(১৭)

শাখাসভার প্রতিনিধিগণ —

" সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

" বোধিসত্ত্ব সেন এম্এ, বি এল্(১৮)

" হরিনাথ ঘোষ বি এল্

" নবকৃষ্ণ রায় বি এ, এফ এস্ এল্

১৩২৪ বঙ্গাব্দের কার্য্য-নির্ব্বাহক-সমিতি

সভাপতি

শ্রীযুক্ত স্যার জগদীশচন্দ্র বসু, কে টি, সি এস্ ই, সি আই ই, এম্ এ, ডি এস সি

৯৩ আপার সার্কুলার রোড।

সহকারী সভাপতিগণ

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এম্ এ, বি এল্, ৮৫ গ্রে ষ্ট্রীট।

" রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায়বাহাদুর, লালগোলা, মুর্শিদাবাদ।

মাননীয় মহারাজা স্যার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কে সি আই ই,

কাসিমবাজার, মুর্শিদাবাদ।

মহারাজা শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায়বাহাদুর, ৮ বেলভেডিয়ার রোড।

মাননীয় মহারাজাধিরাজ স্যার শ্রীযুক্ত বিজয়চাঁদ মহাতাব বাহাদুর, কে সি এস্ আই,

কে সি আই ই, আই ও এম্, বর্দ্ধমান।

মাননীয় ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী স্যার-রত্ন, এম্ এ, বি এল্,

এল্ এল্ ডি, সি আই ই, ২০ সুরি লেন।

বর্ষমধ্যে (১) (৩) (৪) (৬) চিহ্নিত কর্ম্মাধ্যক্ষগণ পদত্যাগ করায় তাঁহাদের স্থলে (২) (৫) (৭) চিহ্নিত সদস্যগণ কর্ম্মাধ্যক্ষ নির্ব্বাচিত হন।

বর্ষমধ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতির (৮) (১৫) (১৬) চিহ্নিত সভ্যগণ কর্ম্মাধ্যক্ষ নির্ব্বাচিত হওয়ায় এবং (১৪) ও (১৮) চিহ্নিত সভ্যগণ পদত্যাগ করায় তাঁহাদের স্থলে যথাক্রমে (১৩) (১২) (১৭) চিহ্নিত সভ্যগণ ও (৯) (১০) (১১) চিহ্নিত সভ্যগণ নির্ব্বাচিত হন।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী সি আই ই, এম্ এ, ২৬ পটলডাঙ্গা ষ্ট্রীট।
স্যার শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর কে টি, ডি লিট, "শান্তি-নিকেতন", বোলপুর, বীরভূম।

সম্পাদক

শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ এম্ এ, বি এল্, কুঠীঘাটা, বরাহনগর।

সহকারী সম্পাদকগণ

শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ, "দীনধাম", ৬ দীনবন্ধু লেন।
„ হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ, ৭১।৩ শ্রীগোপাল মল্লিক লেন।
„ কিরণচন্দ্র দত্ত, "লক্ষ্মীনিবাস", ১ লক্ষ্মীদত্ত লেন।
„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, (এটর্ণি), ১২ মদনমোহন চট্টোপাধ্যায়ের লেন।
ডাঃ আবদুল গফুর সিদ্দিকী, ১ এ কয়সার ষ্ট্রীট।

পত্রিকাধ্যক্ষ

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী বিদ্যাসাগর এম্ এ, ৮ পটলডাঙ্গা ষ্ট্রীট,
(জেমো, কান্দী, মুর্শিদাবাদ।)

কোষাধ্যক্ষ

শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর, ১ দর্পনারায়ণ ঠাকুর ষ্ট্রীট।

গ্রন্থাধ্যক্ষ

শ্রীযুক্ত সুশীলকুমার দে এম্ এ, বি এল্, ২ ডফ্ লেন।

চাত্রাধ্যক্ষ

শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম্ এ, ৩ সুকিয়াস রো।

চিত্রশালাধ্যক্ষ

শ্রীযুক্ত অবনীন্দ্রনাথ ঠাকুর সি আই ই, ৫ দ্বারকানাথ ঠাকুর লেন।

কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, এম্ এ, বি এল্, ১৩৯ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।
„ চিত্তরঞ্জন দাশ এম্ এ, ব্যারিষ্টার, ১৪৮ রসা রোড।
মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ্ ডি,
২৬।১ কানাইলাল ধর লেন।
শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি, ২।১ রামধন মিত্রের লেন।
„ নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি, ৯ বিশ্বকোষ লেন।
„ রায় চুনীলাল বসু বাহাদুর এম্ বি, এফ্ সি এস, ২৫ মহেন্দ্র বসুর লেন।
„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ, ১০৬।২ শ্যামবাজার ষ্ট্রীট।
„ যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ, এফ আর ই এস্, এফ্ আর হিষ্ট এস্,
এম্ আর এস্ এ, অধ্যাপক, পাটনা কলেজ, বাঁকীপুর।

শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বি এ, বরেন্দ্র-অনুসন্ধান-সমিতির সম্পাদক, ঘোড়ামারা, রাজসাহী।
„ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ, ১৩ দাসের লেন, বহুবাজার।
„ ডাঃ বনওয়ারিলাল চৌধুরী বি এ, ডি এস্ সি, (এডিন) এফ্ আর এস্ ই, এফ্ এল্ এস্, ১২০ লোয়ার সার্কুলার রোড।
„ অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ, ৮২ মাণিকতলা ষ্ট্রীট।
„ কুমার শরৎকুমার রায় এম্ এ, ভায়া নাটোর, লক্ষ্মণহাটী, রাজসাহী।
„ রায় বঙ্কিমচন্দ্র মিত্র বাহাদুর এম্ এ, বি এল্, "দীনধাম", ৬ দীনবন্ধু লেন।
„ মৃণালকান্তি ঘোষ, ২ আনন্দ চাটুর্য্যের লেন।
„ ডাঃ অনুকূলচন্দ্র সরকার, এম্ এ, পি এইচ ডি, অধ্যাপক, কেমিক্যাল লেবরেটরী, প্রেসিডেন্সী কলেজ।
„ চারুচন্দ্র বসু পুরাতত্ত্বভূষণ, ১ শঙ্কর ঘোষ লেন।
„ বিনয়কুমার সেন এম্ এ, প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক, ২৫।১ মোহনবাগান রো।
„ কেশবচন্দ্র গুপ্ত এম্ এ, বি এল্, ৪০ চাষাধোপাপাড়া ষ্ট্রীট।
„ নলিনীরঞ্জন পণ্ডিত, ৭৫।১এ হরি ঘোষ ষ্ট্রীট।

শাখা-পরিষদের প্রতিনিধিগণ

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী, সপ্তপুষ্করিণী, শ্যামপুর, রঙ্গপুর।
„ অনুকূলচন্দ্র রায় বি এ, কুমিল্লা।
„ আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ, কটন কলেজের অধ্যাধক, গৌহাটী, আসাম।
মৌলবী আবদুল করিম সাহিত্য-বিশারদ, অফিস্ অব্ দি ইনস্পেক্টর অব স্কুলস্, চট্টগ্রাম।
শ্রীযুক্ত দেবকুমার রায়চৌধুরী, জমিদার, বরিশাল।

পত্রিকা-পরিচালন-সমিতি (১৩২৩)

১। শ্রীযুক্ত সার জগদীশচন্দ্র বসু
২। „ নগেন্দ্রনাথ বসু
৩। „ [illegible]গন্দ্রনাথ দাশগুপ্ত
৪। „ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
৫। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
৬। শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী
৭। „ হেমচন্দ্র দাশগুপ্ত
৮। „ সুরেন্দ্রনাথ কুমার

পত্রিকা-পরিচালন-সমিতি (১৩২৪)

১। শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু
২। „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
৩। „ হরপ্রসাদ শাস্ত্রী
৪। „ রাখালদাস বন্দ্যোপাধ্যায়*
৫। „ নগেন্দ্রনাথ বসু
৬। „ হীরেন্দ্রনাথ দত্ত
৭। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
৮। „ হেমচন্দ্র দাশগুপ্ত
৯। „ সুনীতিকুমার চট্টোপাধ্যায়

---

* শ্রীযুক্ত রাখাল বাবু পত্রিকা-পরিচালন-সমিতির সদস্য-পদ ত্যাগ করায় তাঁহার স্থলে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় নির্ব্বাচিত হন।

পুস্তকালয়-সমিতি (১৩২৩)

১। শ্রীযুক্ত ডাঃ জগদীশচন্দ্র বসু
২। „ মন্মথনাথ রুদ্র
৩। „ সুরেন্দ্রনাথ কুমার
৪। „ মৃণালকান্তি ঘোষ
৫। „ বাণীনাথ নন্দী
৬। মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ
৭। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু
৮। „ চারুচন্দ্র বসু
৯। „ খগেন্দ্রনাথ মিত্র
১০। „ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
১১। „ কিরণচন্দ্র দত্ত
১২। „ হেমচন্দ্র দাশগুপ্ত
১৩। „ কেশবচন্দ্র গুপ্ত
১৪। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
১৫। „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় (গ্রন্থাধ্যক্ষ)

পুস্তকালয়-সমিতি (১৩২৪)

১। সার শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু
২। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
৩। শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
৪। „ মন্মথনাথ রুদ্র
৫। „ বসন্তরঞ্জন রায়
৬। „ কেশবচন্দ্র গুপ্ত
৭। „ বাণীনাথ নন্দী
৮। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
৯। „ সুশীলকুমার দে (গ্রন্থাধ্যক্ষ)

ছাপাখানা-সমিতি (১৩২৩)

শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত
„ ললিতাপ্রসাদ দত্ত
„ মন্মথমোহন বসু
ডাঃ আবদুল গফুর সিদ্দিকী
শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ (সম্পাদক)

ছাপখানা-সমিতি (১৩২৪)

শ্রীযুক্ত বাণীনাথ নন্দী
„ ললিতাপ্রসাদ দত্ত
„ মন্মথমোহন বসু
„ চারুচন্দ্র বসু
ডাঃ আবদুল গফুর সিদ্দিকী (সম্পাদক)

১৩২৩, ১৩২৪, ১৩২৫ বঙ্গাব্দের জন্য গ্রন্থপ্রকাশার্থ পরামর্শ-সমিতি

(ক) প্রাচীন ও আধুনিক সাহিত্য-সমিতি—

মহামহোপাধ্যায়
শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
„ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু
„ বসন্তরঞ্জন রায়
„ মৃণালকান্তি ঘোষ

(খ) দর্শন-সমিতি—

মহামহোপাধ্যায়
শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
মহামহোপাধ্যায়
ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ
ডাঃ শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ শীল
" হীরেন্দ্রনাথ দত্ত
" রায় যতীন্দ্রনাথ চৌধুরী

(গ) গণিত ও বিজ্ঞান-সমিতি—

শ্রীযুক্ত ডাক্তার জগদীশচন্দ্র বসু
" " প্রফুল্লচন্দ্র রায়
স্যার শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়
শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
" হেমচন্দ্র দাশগুপ্ত
" শিশিরকুমার মিত্র

(ঘ) ইতিহাস ও প্রত্নতত্ত্ব-সমিতি—

মহামহোপাধ্যায়
শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী
" অক্ষয়কুমার মৈত্রেয়
" নগেন্দ্রনাথ বসু
" যদুনাথ সরকার
" রাখালদাস বন্দ্যোপাধ্যায়

দ্বিতীয় খণ্ড

দ্বাবিংশ বার্ষিক কার্য্য-বিবরণ

বর্ত্তমান ১৩২৩ বঙ্গাব্দে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ দ্বাবিংশ বর্ষ অতিক্রম করিয়া ত্রয়োবিংশ বর্ষে পদার্পণ করিলেন। গত বর্ষের কার্য্য-বিবর নিম্নে প্রদত্ত হইল।

বঙ্গেশ্বরের পরিষদে আগমন

আলোচ্য বর্ষে ৬ই আশ্বিন বঙ্গদেশের শাসনকর্ত্তা লোকপ্রিয় লর্ড কারমাইকেল পরিষৎ মন্দিরে স্বেচ্ছায় পদার্পণ করিয়াছিলেন। পূর্ব্ব বৎসরে ১৯শে মাঘ তারিখে তিনি পরিষৎ মন্দির পরিদর্শন করিতে আসিয়াছিলেন। সে দিনকার তাঁহার অভ্যর্থনার বিবরণ গত বর্ষের কার্য্য-বিবরণীতে প্রকাশিত হইয়াছে। আর একবার অবসর-মত একাকী পরিষৎ মন্দিরে আসিয়া পরিষদের সংগ্রহ ভাল করিয়া দেখিবার ইচ্ছা সেই দিনই গবর্ণর বাহাদুর প্রকাশ করেন। এতৎকল্পে তাঁহার ইচ্ছানুসারে পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুত হরপ্রসাদ শাস্ত্রী, অন্যতর সহকারী সভাপতি শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, সম্পাদক শ্রীযুত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, চিত্রশালাধ্যক্ষ শ্রীযুত রবীন্দ্রনারায়ণ ঘোষ, গ্রন্থাধ্যক্ষ শ্রীযুত প্রবোধ-চন্দ্র চট্টোপাধ্যায় এবং কুমার শ্রীযুত মণীন্দ্রচন্দ্র সিংহ, শ্রীযুত রাখালদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুত নগেন্দ্রনাথ বসু মহাশয় উপস্থিত থাকিয়া লর্ড কারমাইকেল মহোদয়কে সসম্মানে পরিষদে গ্রহণ করিয়াছিলেন। পরিষদের সংগৃহীত ভাস্কর্য্যশিল্পের নিদর্শনসমূহ শ্রীযুত রাখাল-দাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয়দ্বয় আমাদের লোকপ্রিয় শাসনকর্ত্তা মহোদয়কে প্রদর্শন করাইয়াছিলেন। শ্রীযুত বসন্তরঞ্জন রায় মহাশয় পরিষৎ কর্ত্তৃক সংগৃহীত পুথি এবং বাঙ্গালা প্রাচীন মুদ্রিত গ্রন্থসমূহ দেখাইয়াছিলেন। এই সকল পুথি এবং প্রাচীন মুদ্রিত গ্রন্থ দেখিয়া লর্ড কারমাইকেল বিশেষভাবে তুষ্ট হইয়াছিলেন এবং পুথি ও মুদ্রিত গ্রন্থসমূহ সংরক্ষণের জন্য পরিষদের অবলম্বিত পথ সমীচীন ও প্রশস্ত মনে করিয়া মন্তব্য প্রকাশ করেন। পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এই সুযোগে তাঁহাকে "রমেশস্মৃতি-ভবনের" ভিত্তি স্থাপনের জন্য অনুরোধ করিয়াছিলেন এবং লর্ড কারমাইকেল তাহাতে স্বীকৃত হইয়াছিলেন। দুই ঘণ্টা অবস্থানের পর বেলা ১২॥০ টার সময় লর্ড কারমাইকেল পরিষৎ মন্দির ত্যাগ করেন। পরিষদের প্রতি তাঁহার এই প্রীতি ও অনুগ্রহ প্রকাশের জন্য পরিষৎ তাঁহার নিকট চিরকৃতজ্ঞ থাকিবেন।

স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী

আলোচ্য বর্ষের চৈত্র মাসের ১৯শে তারিখে পরিষদের একনিষ্ঠ সেবক এবং ইহার অন্যতম সহকারী সম্পাদক ব্যোমকেশ মুস্তফী মহাশয় ইহলোক পরিত্যাগ করিয়াছেন। তাঁহার মৃত্যু পরিষদের পক্ষে যে কি প্রকার ক্ষতিকর ও শোকাবহ ঘটনা—যাঁহারা পরিষদের কার্য্যের সহিত কিছুমাত্র সংশ্লিষ্ট আছেন—তাঁহারা তাহা বিশেষভাবে অনুভব করিয়াছেন। তিনি পরিষদের কাজে জীবন উৎসর্গ করিয়াছিলেন বলিলে কিছুমাত্র অত্যুক্তি হয় না। প্রধানতঃ তাঁহারই চেষ্টায় আজ পরিষৎ সাহিত্যানুরাগীদিগের মধ্যে আদৃত ও পরিষদের শাখা-প্রশাখা বঙ্গদেশের অনেক স্থানে প্রসারিত এবং তাঁহারই একনিষ্ঠ সাধনার ফলে পরিষদের কার্য্যক্ষেত্র আজ এত বিস্তীর্ণ হইয়া পড়িয়াছে। পরিষদের শৈশবাবস্থা হইতে স্বর্গীয় মুস্তফী মহাশয় তাঁহার আজীবন অক্লান্ত পরিশ্রম ও আন্তরিক যত্নের দ্বারা পরিষদের সেবা করিয়া মাতৃভাষার প্রতি অনুরাগের যে প্রকার জলন্ত নিদর্শন দেখাইয়া গিয়াছেন, তাহা বঙ্গবাসী মাত্রেরই আদর্শস্বরূপ হওয়া উচিত। তাঁহার সেই আদর্শানুসারে আমরা সকলে পরিষদের সেবা করিতে পারিলেই তাঁহার স্মৃতির প্রকৃত সম্মান করা হইবে, সন্দেহ নাই। পরিষদ্‌ই তাঁহার যথার্থ স্মৃতিচিহ্ন এবং এই পরিষদের অস্তিত্ব ও উন্নতির সহিত তাঁহার স্মৃতি চিরকাল বিজড়িত থাকিবে। তাঁহার স্থান সহসা যে আর কাহারও দ্বারা অধিকৃত হইতে পারিবে, সে বিষয়ে অনেক সন্দেহ। তাঁহার শোকে পরিষৎ আজ নিতান্ত মুহ্যমান। তিনি পরিষদের উপর যেরূপ স্নেহপ্রবণ ছিলেন, নিজের পরিবারের উপরও সেরূপ ছিলেন না—পরিষৎ তাঁহার সাধনার ধন ছিল—সেই সাধনায় সিদ্ধিলাভের জন্য তিনি নিজ পারিবারিক ও সাংসারিক অবস্থার দিকে আদৌ দৃক্‌পাত করিতে সময় পাইতেন না। তাঁহার দুঃস্থ পরিবারের সাহায্য-কল্পে এবং তাঁহার স্মৃতি রক্ষার্থ পরিষৎ যৎসামান্য চেষ্টা করিতেছেন। গত ২৬শে চৈত্র তারিখে এই উদ্দেশ্যে পরিষদের এক বিশেষ অধিবেশন হয়—সেই অধিবেশনের বিস্তৃত কার্য্য-বিবরণ (শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় কর্ত্তৃক পঠিত প্রবন্ধ ও পরিষদের সদস্যগণের প্রতি আবেদনপত্র সহিত) পরিশিষ্টে মুদ্রিত হইল। এই কার্য্য-বিবরণী স্বতন্ত্র পুস্তিকাকারে মুদ্রিত ও সদস্যগণের নিকট প্রেরিত হইয়াছে।

নিম্নলিখিত সদস্যগণকে লইয়া স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী-স্মৃতি-সমিতি গঠিত হইয়াছে।

শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
„ নগেন্দ্রনাথ বসু
„ হেমচন্দ্র দাশগুপ্ত
„ নলিনীরঞ্জন পণ্ডিত
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী

কাসিমবাজারের মহারাজা বাহাদুর

বলা বাহুল্য যে, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ একমাত্র মাননীয় মহারাজা সার শ্রীযুত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের বদান্যতার উপর নির্ভর করিয়া দাঁড়াইয়া আছেন। তাঁহার দান সম্বন্ধে

নূতন করিয়া বলিবার কিছুই নাই। পরিষদের বর্ত্তমান গৃহ এবং যে স্থানের উপর এই গৃহ প্রতিষ্ঠিত, রমেশ-ভবনের নির্দ্দিষ্ট ভূমি—এই সকলই মহারাজের বদান্যতার প্রকৃষ্ট নিদর্শন। আলোচ্য বর্ষেও মহারাজ বাহাদুর তিনটি মহম্মদীয় সুবর্ণমুদ্রা পরিষৎকে দান করিয়াছেন। তজ্জন্য তাঁহার নিকট পরিষৎ বিশেষরূপে কৃতজ্ঞ।

লালগোলার রাজা বাহাদুর

অন্যান্য বর্ষের ন্যায় আলোচ্য বর্ষেও লালগোলার রাজা শ্রীযুত রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের পরিষদের প্রতি স্নেহ এবং তাঁহার প্রগাঢ় সাহিত্যানুরাগের যে পরিচয় পাওয়া গিয়াছে, তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য। পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতি কৃতজ্ঞতার সহিত জানাইতেছেন যে, পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষে রাজা বাহাদুর গ্রন্থাদি প্রকাশে পরিষৎকে সাহায্য করিয়া বঙ্গের সাহিত্য-ভাণ্ডার পরিপুষ্ট এবং পরিষদের গৌরব বৃদ্ধি করিয়াছেন। রাজা বাহাদুর পরিষদের স্থায়ী ভাণ্ডারে ১২৫০০৲ টাকা দান করিতে প্রতিশ্রুত ছিলেন। তাঁহার প্রতিশ্রুত ১২৫০০৲ ও আরও ৫০০৲ মোট ১৩০০০৲ টাকার কোম্পানীর কাগজ তিনি পরিষদের হস্তে সমর্পণ করিয়াছেন। এই সংবাদ গত বর্ষের কার্য্য-বিবরণ মধ্যে সন্নিবিষ্ট হইয়াছিল। সম্প্রতি এই কাগজ বহরমপুর ট্রেজারি হইতে আনাইয়া বেঙ্গল ব্যাঙ্কে পরিষদের নামে জমা রাখা হইয়াছে। এই কোম্পানীর কাগজের সুদ আবশ্যক-মত উঠাইয়া আনিবার জন্য কার্য্যনির্ব্বাহক-সমিতি সম্পাদককে ক্ষমতা দিয়াছেন। রাজা বাহাদুর আলোচ্য বর্ষে পরিষদের আয় বৃদ্ধিতে সাহায্য করিবার জন্য পরিষদের কতকগুলি গ্রন্থ বিক্রয়ের ভার নিজে গ্রহণ করেন; তিনি প্রায় প্রত্যেক গ্রন্থের ১০০ খানি করিয়া এই জন্য লইয়াছেন। আলোচ্য বর্ষে প্রায় ২০০৲ টাকার গ্রন্থ বিক্রয় করিয়া দিয়াছেন। এই জন্য পরিষদের গ্রন্থপ্রকাশ-বিভাগের ধনভাণ্ডার বিশেষরূপে পুষ্ট হইয়াছে। পরিষদের প্রতি রাজা বাহাদুরের এই অনন্যসাধারণ অনুকম্পার জন্য পরিষৎ তাঁহাকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন। ফলতঃ রাজা বাহাদুরের নিকট পরিষদের ঋণ কোনরূপ কৃতজ্ঞতা প্রকাশে পরিশোধ করিবার নহে। পরিষদের প্রতি তাঁহার অনুরাগ অকৃত্রিম প্রীতি ও শ্রদ্ধা হইতে উৎপন্ন। ইহার বিশিষ্টতা এই যে, পরিষৎকে রাজা বাহাদুরের নিকট কখনও কোন প্রার্থনা জানাইতে হয় না। তিনি অযাচিতভাবে অনুকম্পা বর্ষণ করেন। পরিষৎ যে আশা লইয়া যান, সেই আশার অতিরিক্ত পাইয়া থাকেন।

বান্ধব

গত বর্ষের ন্যায় আলোচ্য বর্ষে পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতি দুঃখের সহিত জানাইতেছেন যে, আলোচ্য বর্ষে কেহ বান্ধব-পদ গ্রহণ করেন নাই। মহিষাদলের রাজা শ্রীযুত সতীপ্রসাদ গর্গ বাহাদুর ও নাড়াজোলের রাজা শ্রীযুত নরেন্দ্রলাল খান বাহাদুর পরিষদের স্থায়ী তহবিলে প্রত্যেকে ৫০০০৲ টাকা দান করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। তন্মধ্যে মহিষাদলের রাজা বাহাদুর ১০০০৲ দান করিয়াছেন। কিন্তু তদ্ব্যতীত এই প্রতিশ্রুত দান অদ্যাপি পরিষদের হস্তগত হয় নাই। পরিষৎ আশা করেন যে, ইঁহারা মাতৃভাষার অনুশীলনকল্পে স্বীয় প্রতিশ্রুতি রক্ষা করিয়া ও বান্ধব-শ্রেণীভুক্ত হইয়া পরিষৎকে গৌরবান্বিত করিবেন।

আজীবন-সদস্য

মহারাজা সার প্রদ্যোতকুমার ঠাকুর বাহাদুর আজীবন সদস্যের পদ গ্রহণ করিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছেন ; কিন্তু দুঃখের বিষয় যে, অদ্যাপি তিনি ৫০০৲ টাকা দিয়া ঐ পদ গ্রহণ করেন নাই। আমরা ভরসা করি যে, মহারাজা বাহাদুর তাঁহার বংশানুরূপ বদান্যতা ও মাতৃভাষার প্রতি অনুরাগের দ্বারা প্রণোদিত হইয়া স্বীয় প্রতিশ্রুত দানের টাকা প্রদান করতঃ শীঘ্রই পরিষৎকে চিরকৃতজ্ঞতা-পাশে বদ্ধ করিবেন।

বিশিষ্ট সদস্য

আলোচ্য বর্ষে কেহ বিশিষ্ট সদস্য নির্ব্বাচিত হন নাই

অধ্যাপক সদস্য

আলোচ্য বর্ষে কেহ নূতন অধ্যাপক সদস্য নির্ব্বাচিত হন নাই। কার্য্যনির্ব্বাহক-সমিতি অত্যন্ত দুঃখের সহিত জানাইতেছেন যে, পরিষদের অন্যতম অধ্যাপক সদস্য পণ্ডিত শরচ্চন্দ্র শাস্ত্রী মহাশয় পরলোক গমন করিয়াছেন। শাস্ত্রী মহাশয়েক মাধ্বভাষ্য অনুবাদ করিবার জন্য ভার দেওয়া হয়। তিনি তদনুসারে বেদান্তদর্শনের মাধ্বভাষ্য ও মাধ্ব সম্প্রদায়ের বিশিষ্ট বিশিষ্ট মনীষিগণ কর্ত্তৃক লিখিত নানা প্রকরণ-গ্রন্থগুলির আলোচনায় নিযুক্ত ছিলেন। তাঁহার মৃত্যুতে মাধ্বভাষ্যের অনুবাদ প্রকাশ আপাততঃ স্থগিত রহিল। স্বর্গীয় শাস্ত্রী মহাশয় বঙ্গভাষায় একজন সুলেখক ছিলেন। তাঁহার মৃত্যুতে বঙ্গ-সাহিত্যের যে সমূহ ক্ষতি হইয়াছে, সে বিষয়ে সন্দেহ নাই। আলোচ্য বর্ষে অন্যতম অধ্যাপক সদস্য পণ্ডিত শ্রীযুত দুর্গাচরণ সাঙ্খ্যবেদান্ততীর্থ মহাশয় শ্রীভাষ্যের বঙ্গানুবাদের কার্য্য শেষ করিয়াছেন। তাঁহার সম্পাদিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে। পরিষদের চিরহিতৈষী লালগোলার রাজা বাহাদুরের ব্যয়ে এই গ্রন্থ মুদ্রিত হইয়াছে। এই গ্রন্থ সম্পূর্ণ হওয়ায় বাঙ্গালা সাহিত্যের দার্শনিক বিভাগের এক অভাব পূর্ণ হইল। শাঙ্কর ভাষ্যের অনুবাদ এ দেশে পূর্ব্বে প্রকাশিত ছিল ; কিন্তু রামানুজ ভাষ্যের মূল এবং অনুবাদ বঙ্গদেশে ছিল না। ঐ মহাগ্রন্থ প্রকাশের জন্য বিদ্যোৎসাহী রাজা বাহাদুর এবং অনুবাদক পণ্ডিত মহাশয় উভয়েই বঙ্গবাসীর ধন্যবাদার্হ। পরিষৎ আশা করেন যে, অন্যান্য অধ্যাপক সদস্যগণ এইরূপে সংস্কৃত-সাহিত্যের ভাণ্ডার হইতে রত্নরাজি উদ্ধার করিয়া বঙ্গ-সাহিত্যের সম্পদ্ বৃদ্ধি করেন।

মৌলবি সদস্য

সংস্কৃত-সাহিত্যে যেরূপ অগণিত জ্ঞাতব্য ও অনুবাদযোগ্য নানা বিষয় আছে, সেইরূপ আরবি ও পার্শি সাহিত্যমধ্যেও অনেক রত্নরাজি নিবদ্ধ রহিয়াছে, এ কথা অস্বীকার করিবার নহে। ভারতবর্ষে মুসলমান রাজ্যের অভ্যুত্থান হইতে তাহার পতন অবধি সমগ্র ভারতবর্ষেরই হউক অথবা তন্নিবদ্ধ স্বতন্ত্র প্রদেশসমূহেরই হউক—ইতিহাস সঙ্কলন করিতে হইলে আরবি ও পার্শি ভাষায় লিখিত গ্রন্থসমূহের সাহায্য ব্যতীত উক্ত সঙ্কলন-কার্য্য সংসাধিত হইতে পারে না। আরবি ও পার্শি ভাষা ও সাহিত্য যাঁহারা সম্যক্‌রূপে অধ্যয়ন ও অধ্যাপনা করিতেছেন, তাঁহাদের সাহায্য ব্যতীত এই সকল গ্রন্থের অনুবাদও পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হওয়ার সম্ভাবনা নাই। দুঃখের বিষয় এই যে, পরিষৎ কর্ত্তৃক গৃহীত

মন্তব্যানুযায়ী কোন মৌলবি সদস্য আলোচ্য বর্ষে নির্ব্বাচিত হন নাই। পরিষদের সনির্ব্বন্ধ অনুরোধ যে, দেশের লব্ধপ্রতিষ্ঠ আরবি, পার্শি ও উর্দ্দুনবীশ মৌলবিগণ পরিষদের এই অত্যন্ত আবশ্যক কার্য্যে যোগদান করিয়া বঙ্গভাষা ও বঙ্গীয়-সাহিত্য-পরিষদের গৌরববৃদ্ধি করেন। ভরসা করি, আগামী বর্ষের বার্ষিক কার্য্য-বিবরণীতে সম্পাদককে এই বিষয়ে দুঃখ প্রকাশ করিতে না হয়, তজ্জন্য মাতৃভাষানুরাগী মৌলবিগণ সচেষ্ট হইবেন।

সদস্য-সংখ্যা

আলোচ্য বর্ষের প্রারম্ভে পরিষদের সদস্য-সংখ্যা এইরূপ ছিল,—

বিশিষ্টসদস্য	...	...	১৩
আজীবন	...	...	৫
অধ্যাপক	...	...	৪
সহায়ক	...	...	১৫
সাধারণ	...	...	২১১১
কলিকাতা	... ৮৭৮		
মফঃস্বল	... ১২৩৩		
	২১১১		২১৪৮

তন্মধ্যে বিশিষ্ট ও আজীবন সদস্যের সংখ্যার হ্রাস-বৃদ্ধি হয় নাই। অধ্যাপক সদস্য ৪ জনের মধ্যে ১ জনের মৃত্যু ঘটিয়াছে। সহায়ক সদস্য ১৫ জনের মধ্যে ১ জন সাধারণ-সদস্যপদ গ্রহণ করিয়াছেন এবং তিন জন সহায়ক সদস্য বৃদ্ধি হইয়াছে। অতএব বর্ষ-শেষে সহায়ক সদস্যের সংখ্যা ১৭ হইয়াছে।

কলিকাতাবাসী সাধারণ-সদস্য ৮৭৮ জন মধ্যে ১৮ জনের মৃত্যু হইয়াছে, ১৮ জন পদত্যাগ করিয়াছেন, ১ জন সহায়ক সদস্য হইয়াছেন। ৯৪ জন নূতন সদস্য হইয়াছেন, ইঁহাদের মধ্যে ২ জন মফঃস্বলে গিয়াছেন ও ১ জন পদত্যাগ করিয়াছেন। মফঃস্বলবাসী ১২৩৩ জন সদস্যের মধ্যে ২০ জনের মৃত্যু হইয়াছে, ২৫ জন পদত্যাগ করিয়াছেন, ১ জন সহায়ক সদস্য হইয়াছেন। ৬৩ জন নূতন সদস্যপদ গ্রহণ করিয়াছেন, তন্মধ্যে ১ জনের মৃত্যু হইয়াছে। কলিকাতাবাসী ২৪ জন সদস্য মফঃস্বলে চলিয়া গিয়াছেন এবং মফঃস্বলবাসী সদস্য ৫ জন কলিকাতায় আসিয়াছেন। এই সকল পরিবর্ত্তনাদির পর কলিকাতার সাধারণ-সদস্যের সংখ্যা ৯১৫ এবং মফঃস্বলবাসী সদস্যের সংখ্যা ১২৬৮ হইয়াছে।

সহায়ক সদস্য

আলোচ্য বর্ষের প্রারম্ভে সহায়ক সদস্যের সংখ্যা ১৫ জন ছিল। তন্মধ্যে শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ মহাশয় সাধারণ-সদস্যপদ গ্রহণ করিয়াছেন এবং নিম্নলিখিত তিন জন নূতন সহায়ক সদস্যরূপে নির্ব্বাচিত হইয়াছেন।

পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী

" যোগীন্দ্রপ্রসাদ মৈত্র

" পঞ্চানন ভট্টাচার্য্য

অতএব আলোচ্য বর্ষে সহায়ক সদস্যের সংখ্যা ১৭ জন ছিল।

এইরূপে বর্ষশেষে পরিষদের সদস্যসংখ্যা নিম্নলিখিতরূপ হইয়াছে ;—

বিশিষ্ট	...	...	...	১৩
আজীবন	...	...	...	৫
অধ্যাপক	...	...	...	৩
সহায়ক	...	...	...	১৭
সাধারণ	...	...	...	২১৮৩

কলিকাতা	৯১৫
মফঃস্বল	১২৬৮
	২১৮৩

মোট ২২২১

উপরের তালিকা হইতে প্রতীয়মান হইতেছে যে, পরিষদের সদস্যসংখ্যা কিঞ্চিৎ বাড়িয়াছে। আশা করা যায় যে, বঙ্গবাসিগণ মাতৃভাষার পূজার জন্য আরও অগ্রসর হইবেন এবং ভবিষ্যতে দিন দিন পরিষদের সদস্যসংখ্যা আরও বৃদ্ধি পাইবে। গত বর্ষের কার্য্য-বিবরণীতে মুসলমান সদস্যের সংখ্যা অত্যন্ত অল্প ছিল বলিয়া সম্পাদককে দুঃখ জানাইতে হইয়াছিল। এ বৎসরেও মুসলমান সদস্যের সংখ্যা প্রায় গত বর্ষের ন্যায় আছে। আশা করি, কৃতবিদ্য এবং মাতৃভাষানুরাগী মুসলমান ভ্রাতৃগণ মাতৃপূজার আহ্বানে আর উদাসীন থাকিবেন না।

মৃত সদস্য ও সাহিত্যিকগণ

আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ৩৯ জন সদস্য পরলোকগমন করিয়াছেন। ইঁহাদের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত হইয়াছেন ও বিশেষ ক্ষতি বোধ করিতেছেন। ইঁহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে যথাকালে আন্তরিক সমবেদনা জ্ঞাপন করা হইয়াছে।

বার্ষিক অধিবেশন

আলোচ্য বর্ষে ৯ই শ্রাবণ তারিখে পরিষদের একবিংশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। এই অধিবেশনে গত বর্ষের কার্য্যবিবরণ ও ১৩২২ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ পঠিত হয় ও যথারীতি গৃহীত হয়। তৎপরে সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় তাঁহার 'সম্বোধন' পাঠ করেন। এই 'সম্বোধন' সাহিত্য-পরিষৎ-পত্রিকার ২২শ ভাগ, ২য় সংখ্যায় মুদ্রিত হইয়াছে। অতঃপর ১৩২২ বঙ্গাব্দের জন্য পরিষদের কর্ম্মাধ্যক্ষগণ নির্ব্বাচিত হন ও কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্ব্বাচন-ফল বিজ্ঞাপিত হয়। পরে তিন জন সহায়ক সদস্য নিযুক্ত হন ও ছাত্র-সভ্যগণের ১৩২০ বঙ্গাব্দের পুরস্কার বিতরণ করা হয়।

মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধ

১ম মাসিক অধিবেশন—২৩শে শ্রাবণ

(১) ১৩২১ সালের বাঙ্গলা সাহিত্যের বিবরণ—শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ

(২) শিলিমপুরের শিলালিপি—শ্রীযুক্ত অধ্যাপক রাধাগোবিন্দ বসাক এম্ এ

২য় মাসিক অধিবেশন,—১৯শে ভাদ্র

(৩) ষড়্‌দর্শন—শ্রীযুক্ত কৃষ্ণানন্দ ব্রহ্মচারী

(৪) প্রাচীন কয়েকটি পল্লী-সঙ্গীত—শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত

৩য় মাসিক অধিবেশন,—২৬শে ভাদ্র

কোনও প্রবন্ধ পঠিত হয় নাই।

৪র্থ মাসিক অধিবেশন,—১৬ই আশ্বিন

(৫) সাতবাহন-রাজবংশ—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব

(৬) মুরশিদাবাদের কয়েকটি প্রাচীন লিপি—শ্রীযুক্ত পুরণচাঁদ নাহার এম্, এ, বি, এল্

(৭) Percentএর প্রতিশব্দ—শ্রীযুক্ত তারকনাথ দেব

৫ম মাসিক অধিবেশন—২৬শে অগ্রহায়ণ

(৮) নারায়ণপাল ও রাজ্যপালের নূতন খোদিত লিপি—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ

ষষ্ঠ মাসিক অধিবেশন,—৩রা পৌষ

(৯) প্রস্‌পেক্ট পাহাড়ের ভূতত্ত্ব—শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ, এফ্ জি এস্

(১০) টেঙ্গুরের ইতিবৃত্ত—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম এ, পি এইচ ডি

সপ্তম মাসিক অধিবেশন,—২৪শে পৌষ

(১১ বাঙ্গালার ইতিহাসের উপাদান—শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ বি এ

অষ্টম মাসিক অধিবেশন,—১৬ই মাঘ

(১২) ইউক্লিডের স্বতঃসিদ্ধ—শ্রীযুক্ত যোগেন্দ্রকুমার সেনগুপ্ত

(১৩) রামশর্ম্মার বচন - শ্রীযুক্ত অশ্বিনীকুমার সেন

(১৪) গ্রাম্য কবি কুমার গুরুমহাশয়—শ্রীযুক্ত অশ্বিনীকুমার সেন

নবম মাসিক অধিবেশন,—২৩শে মাঘ

(১৫) নেহ ও লেহ শব্দের উৎপত্তি—শ্রীযুক্ত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য

(১৬) সুশ্রুতে ধর্ম্মভাব—কবিরাজ শ্রীযুক্ত মথুরানাথ মজুমদার কাব্যতীর্থ, কবিচিন্তামণি

(১৭) শালিগ্রাম—শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার বি এ

দশম মাসিক অধিবেশন,—১৫ই ফাল্গুন

(১৮) বুদ্ধগয়ার দুইখানি শিলালিপি—শ্রীযুক্ত ননীগোপাল মজুমদার

(১৯) রেশম-শিল্পের পারিভাষিক শব্দ—শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ

মাসিক অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদি

একবিংশ বার্ষিক অধিবেশন

(১) কার্ত্তিকেয়ের জন্ম—(কাঁটাবাড়ী, দিনাজপুর) প্রস্তরমূর্ত্তি ভগ্ন
(২) গণেশ—চতুর্ভুজ (খাঁপুর, রাজসাহী) „ „
(৩) কোন মন্দিরের কারুকার্য্য—ঐ „ „
(৪) নৌকারোহী দশমুণ্ড রাবণ—(আস্থাবাড়ী, রাজসাহী) ইষ্টক „
(৫) গোচারণে কৃষ্ণ বলরাম—(খাঁপুর, রাজসাহী) „
(৬) পদ্ম—(আস্থাবাড়ী, রাজসাহী) „
(৭) ময়ূর— ঐ „

উল্লিখিত ৭দফা দ্রব্য লালগোলার রাজাবাহাদুরের রাজসাহী ও দিনাজপুরের জমীদারী হইতে রাজা বাহাদুরের আনুকূল্যে চিত্রশালাধ্যক্ষ কর্ত্তৃক সংগৃহীত।

স্বর্গীয় রাজা রাজেন্দ্রলাল মিত্র মহোদয়ের ব্যবহৃত ও শ্রীযুক্তা রাণী ভুবনমোহিনী মহোদয়া কর্ত্তৃক প্রদত্ত——

(৮) বিশ্ববিদ্যালয়ের ডক্টর উপাধির গাউন ও হুড
(৯) শালের চোগা
(১০) „ পাগড়ি
(১১) দোয়াত
(১২) ডায়েরী
(১৩) নোটবুক
(১৪) ১৫ খানি প্রাচীন ছবি।

শ্রীযুক্ত পঞ্চানন মিত্র এম্ এ মহাশয় প্রদত্ত শক ও অন্ধ্র রাজগণের এবং মুসলমান-রাজগণের ২৬টি মুদ্রা—

(১৫) ইস্লাম সাহ সুরি—তাম্র—১
(১৬) মহম্মদ ইব্ন্সাম্ দিল্লী } দিরহম্—রৌপ্য—১
(১৭) ফিরোজ সাহ—তাম্র—১
(১৮) মহম্মদ সাহ—রৌপ্য—১
(১৯) আওরংজেব „ ১
(২০) বিগ্রহপাল (মগধ ৯০ খৃঃ)—রৌপ্য—১
(২১) অন্ধ্র মুদ্রা—সীসক—১৩
(২২) নহপান—রৌপ্য—১
(২৩) „ „ ১ সচ্ছিদ্র।
(২৪) "সাতকর্ণির ছাপ সমেত"—২
(২৫) „ „ „ সচ্ছিদ্র ২

(২৬) সাসিন মুদ্রা, রৌপ্য ১

(২৭) লক্ষ্মণসেনের নবাবিষ্কৃত তাম্রশাসন—

শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ কর্ত্তৃক প্রদর্শিত।

তৃতীয় মাসিক অধিবেশন

(২৮) শুভাকর দেবের তাম্রশাসন—শ্রীযুক্ত রাখালদাস

বন্দ্যোপাধ্যায় এম্ এ কর্ত্তৃক প্রদর্শিত।

চতুর্থ মাসিক অধিবেশন

(২৯) মুসলমান-রাজত্বের রৌপ্য মুদ্রা—১

শ্রীযুক্ত চিন্তাহরণ ঘটক চৌধুরী মহাশয় প্রদত্ত।

পঞ্চম মাসিক অধিবেশন

(৩০) সোনার পুথি—শ্রীযুক্ত রঞ্জনবিলাস রায় চৌধুরী মহাশয় প্রদত্ত।

(৩১) নেপাল হইতে সংগৃহীত ও পরিষৎ কর্ত্তৃক ক্রীত প্রাচীন পুথি—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক প্রদর্শিত।

(৩২) পালবংশীয় নারায়ণপাল দেবের ৫৪ রাজ্যাঙ্কে প্রতিষ্ঠিত মূর্ত্তি।

(৩৩) রাজ্যপাল ও নারায়ণপালের নবাবিষ্কৃত খোদিত শিলালিপির পাঠ—প্রদর্শক শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ।

ষষ্ঠ মাসিক অধিবেশন

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয়-প্রদত্ত নিম্নলিখিত প্রাচীন পুথির পাতার চিত্র। প্রদর্শক—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়।

(৩৪) অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা—প্রথম মহীপালের ৫ম বর্ষে নকল—১৪৬৪ খৃঃ।

(৩৫) প্রজ্ঞাপারমিতা—গোবিন্দপালের ৪র্থ বর্ষে নকল।

(৩৬) অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা—গোবিন্দপালের ১৮শ বর্ষে নকল।

(৩৭) অমরকোষ—গোবিন্দপালের ১৪শ " "

(৩৮) পঞ্চকার " " ৩৮শ " "

(Cambridge University Library)।

(৩৯) পঞ্চরক্ষা— নয়পালের ১৪শ বর্ষে নকল, ঐ, ১৬৮৮ খৃঃ।

(৪০) গুহ্যাবলীবিবৃতি—গোবিন্দপালের ৩৭শ বর্ষে নকল ঐ।

(৪১) যোগরত্নমালা—গোবিন্দপালের ৩৯শ বর্ষে নকল (Cambridge University)।

(৪২) (ক) প্রজ্ঞাপারমিতা—মহীপালের ৬ষ্ঠ বর্ষে নকল (Asiatic Society of Bengal)।

(খ) ঐ হরিবর্ম্মার ১৯শ বর্ষে নকল।

(৪৩) ঐ রামপালের ১৫শ " " (Bodliean Library)।

(৪৪) নদীয়া বাগআঁচড়ার চাঁদরায়ের ঢিপির উপরিস্থিত শিবমন্দিরের নক্সাযুক্ত ইষ্টক তিন খণ্ড।—শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার বি এ।

সপ্তম মাসিক অধিবেশন

(৪৫) বিজয়সেনের তাম্রশাসনের চিত্র— প্রদর্শক—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্‌ এ

অষ্টম মাসিক অধিবেশন

(৪৬) সুবর্ণমুদ্রা—মুসলমান রাজত্বকালের।

প্রদাতা— মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী

(৪৭) ঐ ঐ ঐ

(৪৮) ঐ ঐ ঐ

(৪৯) বুদ্ধাবতার রামানন্দ ঘোষের রামায়ণ পুথি—

প্রদর্শক— শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, প্রাচ্যবিদ্যামহার্ণব।

বিশেষ অধিবেশন

প্রথম বিশেষ অধিবেশন, ২৩শে শ্রাবণ

কবি বরদাচরণ মিত্র এম এ, সি এস্ মহাশয়ের পরলোকগমনে এই বিশেষ অধিবেশন আহূত হয়। সভাপতি মহাশয় উপস্থিত হইতে না পারায় সর্ব্বসম্মতিক্রমে শ্রীযুক্ত রায় সাহেব দীনেশচন্দ্র সেন, বি এ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাপতি মহাশয় স্বর্গীয় কবির সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত নিখিলনাথ রায়, শ্রীযুক্ত রমণীমোহন ঘোষ, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী, শ্রীযুক্ত রসময় লাহা, শ্রীযুক্ত অমরনাথ দত্ত ও শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয় এই সভায় যোগদান করেন। স্বর্গীয় কবির একখানি তৈলচিত্র তাঁহার পুত্রগণ কর্ত্তৃক পরিষৎ মন্দিরে রক্ষার জন্য উপহার-স্বরূপ প্রদত্ত হইয়াছে।

দ্বিতীয় বিশেষ অধিবেশন, ১৮ই ভাদ্র

স্বর্গীয় কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ মহাশয়ের জন্মদিন উপলক্ষে এই বিশেষ অধিবেশন আহূত হয়। সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, শ্রীযুক্ত কালীকুমার চট্টোপাধ্যায়, পণ্ডিত শ্রীযুক্ত অজিতনাথ ন্যায়রত্ন, শ্রীযুক্ত সার গুরুদাস বন্দ্যোপাধ্যায়, পণ্ডিত শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ, মাননীয় মহারাজ শ্রীযুক্ত সার মণীন্দ্রচন্দ্র নন্দী, শ্রীযুক্ত মতিলাল ঘোষ, শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত কিশোরীলাল সরকার, শ্রীযুক্ত সত্যচরণ চন্দ্র এবং শ্রীযুক্ত রাধাগোবিন্দ গোস্বামী মহাশয়গণ এই বিশেষ অধিবেশনের কার্য্যে যোগদান করেন। ঠাকুর

ভক্তিবিনোদ-স্মৃতিসভা, তাঁহার একখানি তৈলচিত্র ও গ্রন্থাবলী ১ প্রস্থ পরিষৎ মন্দিরে রক্ষার জন্য উপহার দিয়াছেন। এই জন্য পরিষৎ উক্ত স্মৃতিসভার নিকট আন্তরিক কৃতজ্ঞ।

তৃতীয় বিশেষ অধিবেশন

২২শে মাঘ এই বিশেষ অধিবেশন হয়। অধ্যাপক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয় কর্ত্তৃক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয় প্রদত্ত অর্থে প্রকাশ্য সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলীর অন্তর্গত গিজোর (Guizot) ইউরোপীয় সভ্যতার ইতিহাস নামক গ্রন্থের প্রথম অধ্যায়ের অনুবাদ পঠিত হয়। সহকারী সভাপতি শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ মহাশয় এই অধিবেশনে সভাপতি ছিলেন। ঐ গ্রন্থের অনুবাদ ধারাবাহিকরূপে পঠিত হইবার সঙ্কল্প আছে। আলোচ্য বর্ষে নানা কারণে ঐ অনুবাদ পাঠের জন্য আর কোন বিশেষ সভার অনুষ্ঠান করিতে পারা যায় নাই।

চতুর্থ বিশেষ অধিবেশন

আলোচ্য বর্ষে ২৬শে চৈত্র এই বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ও বঙ্গসাহিত্যের একনিষ্ঠ সেবক এবং পরিষদের কার্য্যে উৎসর্গীকৃতজীবন ৺ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের পরলোক-গমনে শোক প্রকাশার্থ ও তাঁহার স্মৃতি রক্ষার ব্যবস্থার জন্য পরিষদের এই বিশেষ অধিবেশন আহূত হয়। প্রথমে পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের অনুপস্থিতিতে পরিষদের অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় সভাপতিরূপে সভার কার্য্য আরম্ভ করেন। পরে শাস্ত্রী মহাশয় উপস্থিত হইয়া সভাপতির আসন গ্রহণ করেন।

এই শোক-সভায় উপস্থিত হইতে না পারিয়া যাঁহারা পত্র লিখিয়াছিলেন বা টেলিগ্রাম পাঠাইয়াছিলেন, সম্পাদক কর্ত্তৃক তাঁহাদের নাম পঠিত হয়। শাখা-পরিষৎসমূহ হইতে যে সকল পত্র পাওয়া যায়, তাহারও সংবাদ সভায় যথারীতি বিজ্ঞাপিত হয়। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় মাননীয় মহারাজাধিরাজ সার বিজয়চাঁদ মহতাপ বাহাদুরের পত্র পাঠ করেন।

তৎপরে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় তাঁহার আবাল্য-সুহৃৎ মুস্তফী মহাশয়ের জীবনী আলোচনা করেন। শ্রীযুক্ত অমৃতলাল বসু ও মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এই আলোচনায় যোগদান করেন। তৎপরে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় "স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী" নামক এক প্রবন্ধ পাঠ করেন। অতঃপর মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায়, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, শ্রীযুক্ত বিজয়লাল দত্ত, শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত শশিভূষণ মুখোপাধ্যায়, ডাঃ আবদুল গফুর সিদ্দিকী, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এবং শ্রীযুক্ত সুবোধচন্দ্র মহলানবিশ মহাশয়গণ মুস্তফী মহাশয়ের বিবিধ গুণাবলী কীর্ত্তন ও পরিষদের সহিত তাঁহার অচ্ছেদ্য সম্বন্ধের উল্লেখ করেন। তৎপরে সভাপতি মহাশয়

৺মুস্তফী মহাশয়ের মৃত্যুতে পরিষদের সমূহ ক্ষতি, তাঁহার পরিবারবর্গের নিকট পরিষদের আন্তরিক সমবেদনা জ্ঞাপন এবং তাঁহার দুঃস্থ পরিবারবর্গকে সাহায্য করা সম্বন্ধে তিনটি প্রস্তাব উপস্থাপিত করেন; সেগুলি সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়। মুস্তফী মহাশয়ের পরিবার-বর্গের সাহায্যকল্পে অর্থ সংগ্রহ জন্য যে শাখা-সমিতি কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক গঠিত হয়, তাহা তৎপরবর্ত্তী পরিষদের সাধারণ-সভায় অনুমোদিত হয় এবং পরিষদে তাঁহার স্মৃতি-চিহ্ন-স্বরূপ একখানি তৈলচিত্র রাখিবার ব্যবস্থা করা হয়।

এই স্মৃতিসভার কার্য্যবিবরণ পৃথক্ পুস্তকাকারে মুদ্রিত হইয়া পরিষদের সকল সদস্যের নিকট প্রেরিত হইয়াছে এবং পরিশিষ্টে সম্পূর্ণ বিবরণ মুদ্রিত হইল।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত সদস্যগণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন ;—

(১) পরিষদের নির্ব্বাচিত

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, প্রাচ্যবিদ্যামহার্ণব, সিদ্ধান্তবারিধি
” খগেন্দ্রনাথ মিত্র এম্ এ
” পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ
” রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
” হেমচন্দ্র দাশ গুপ্ত এম্ এ
” যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ
” চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ
” হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ
” অবিনাশচন্দ্র মজুমদার এম্ এ
ডাঃ ” বনওয়ারীলাল চৌধুরী বি এ
” হেমচন্দ্র সরকার এম্ এ
” যোগেন্দ্রনাথ দাশ গুপ্ত বি এ
” দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ
ডাঃ ” সৌরীন্দ্রকুমার গুপ্ত এম্ এ, বি এল, পি এচ্ ডি, এম্ আর এ এস্
মৌলবী ” রওসন আলী চৌধুরী
” শশিভূষণ মুখোপাধ্যায়

(২) শাখা-পরিষদের নির্ব্বাচিত

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
” নরেশচন্দ্র সিংহ এম্ এ, বি এল্
” দেবকুমার রায় চৌধুরী
” সিদ্ধেশ্বর সিংহ

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ২৫টি সাধারণ অধিবেশন ও দুইটি বিশেষ অধিবেশন হয়। আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, সাধারণতঃ প্রতি মাসের প্রথম ও তৃতীয় সোম বারে অপরাহ্ণ ৬টার সময় উক্ত সমিতির অধিবেশন এবং মাসের যে কোন শুক্রবার সন্ধ্যা ৭॥০ টার সময় অপরাপর শাখা-সমিতিসমূহের অধিবেশন হইবে। প্রতি বর্ষের ন্যায় এ বৎসরও কার্য্যনির্ব্বাহক-সমিতিতে নানারূপ কার্য্য আলোচিত হইয়াছিল। এই সমস্ত কার্য্যের মধ্যে গ্রন্থ ও পত্রিকাদি মুদ্রণ-বিভাগের শাখা-সমিতির নিয়মাবলী গঠন, প্রকাশ্য গ্রন্থসমূহ স্থির করার পূর্ব্বে পরামর্শ-সমিতির মতগ্রহণ সম্বন্ধে নিয়ম প্রণয়ন, বঙ্গদেশে বঙ্গভাষায় চিকিৎসাশাস্ত্র শিক্ষা দিবার জন্য গবর্ণমেণ্টের নিকট আবেদন, ৺গিরীশচন্দ্র ঘোষ মহাশয়ের বাসভবন রক্ষার্থ কলিকাতা Improvement Trust এর কর্তৃপক্ষের নিকট আবেদন, কার্য্যনির্ব্বাহক সমিতির মন্তব্যসমূহের সূচী প্রস্তুতের ব্যবস্থা এবং কার্য্যালয়ের কার্য্যাদি সুশৃঙ্খলার সহিত পরিচালন জন্য একটি শাখা-সমিতি সংগঠন বিশেষ উল্লেখযোগ্য। ব্যক্তিবিশেষের সম্বর্দ্ধনার জন্য একটি বিশেষ নিয়মও প্রণয়ন করা হইয়াছিল। এই নিয়ম অনুসারে স্থির হয় যে, কোন ব্যক্তিকে সম্বর্দ্ধনা করা সম্বন্ধে প্রস্তাব উপস্থাপিত হইলে ব্যালট দ্বারা কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণের মতামত গ্রহণ করিতে হইবে এবং সমিতির সভ্যগণের অর্দ্ধাধিকের অনুমোদিত হইলে তবে সম্বর্দ্ধন অনুষ্ঠিত হইবে। কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্তৃক পরিষদের নিয়মাবলীর কয়েকটি নিয়ম পরিবর্ত্তনের প্রস্তাব আলোচিত হইয়াছিল। আলোচ্য বর্ষে চিত্রশালা সম্বন্ধে কার্য্যাদি সুশৃঙ্খলার সহিত পরিচালনের জন্য একটি চিত্রশালা-সমিতি সংগঠিত হইয়াছে। উক্ত সমিতির আলোচ্য বর্ষের সভ্যগণের তালিকা পরিশিষ্টে প্রদত্ত হইল। আলোচ্য বর্ষে পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির দুইটি বিশেষ অধিবেশন হইয়াছিল। শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় আলোচ্য বর্ষে ভারতবর্ষে প্রত্যাগমন করিবেন, এইরূপ কথা ছিল। তাঁহার ন্যায় একনিষ্ঠ সাহিত্যসেবী ও পরিষদের সুহৃদ্‌কে সম্বর্দ্ধনা করা পরিষৎ যুক্তিযুক্ত মনে করিয়াছেন এবং তদ্বিষয় সম্পাদন জন্য একটি সমিতি সংগঠিত হইয়াছিল। তিনি অদ্যাপি ভারতবর্ষে প্রত্যাগত না হওয়ায় ঐ সমিতিতে বিশেষ কোন কাজ হইবার অবকাশ ঘটে নাই। এই বিষয়ের আলোচনার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির প্রথম বিশেষ অধিবেশন আহূত হয়। কিন্তু এই অধিবেশনে এই বিষয়ের আলোচনা হয় নাই। দ্বিতীয় অধিবেশনে ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের মৃত্যু উপলক্ষে একটি স্মৃতিসভা আহ্বান সম্বন্ধে দিন স্থির করা হয় এবং তাঁহার দুঃস্থ পরিবারের সাহায্যকল্পে একটি শাখা-সমিতি গঠিত করা হইয়াছিল।

কার্য্যালয়

আলোচ্য বর্ষে নিম্নলিখিত সদস্যগণ কর্ম্মাধ্যক্ষরূপে নিয়োজিত হইয়াছিলেন,—

সম্পাদক—শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী (অসুস্থ হওয়ায় বৎসরের শেষভাগে অবসর গ্রহণ করিয়াছিলেন)।

শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত
„ মৃণালকান্তি ঘোষ
„ বাণীনাথ নন্দী
„ সুরেন্দ্রনাথ কুমার
„ খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, বি এ, এটর্ণি

ধনাধ্যক্ষ— „ হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্
গ্রন্থাধ্যক্ষ— „ প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ
চিত্রশালাধ্যক্ষ— „ রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ
ছাত্রাধ্যক্ষ— „ মন্মথমোহন বসু এম্ এ
পত্রিকাধ্যক্ষ—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ ডি

সহকারী সম্পাদক আয়-ব্যয়-বিভাগের ভার প্রাপ্ত শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ, মুদ্রণ-বিভাগের ভারপ্রাপ্ত শ্রীযুত বাণীনাথ নন্দী, কার্য্যালয়ের ভারপ্রাপ্ত শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার, বিশেষ, মাসিক ও অন্যান্য অধিবেশন ও সম্বর্দ্ধনা, সম্মিলন প্রভৃতির ভারপ্রাপ্ত পরিষদের অন্যতম সহকারী সম্পাদক ব্যোমকেশ মুস্তফী মহাশয় অসুস্থতাপ্রযুক্ত অবসর গ্রহণ করিলে তৎপদে আশ্বিন মাস হইতে শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত মহাশয় নিযুক্ত হন। আলোচ্য বর্ষে অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় পরিষৎ কর্ত্তৃক সহকারী সভাপতিরূপে নির্ব্বাচিত হইলে তাঁহার স্থানে শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় বর্ষের শেষ অবধি সহকারী সম্পাদকরূপে কার্য্য করিতে থাকেন। সহকারী সম্পাদকগণ যে প্রকার আন্তরিক যত্নের সহিত পরিষদের কার্য্য সুন্দররূপে পরিচালন করিয়াছেন, তজ্জন্য পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞতা জানাইতেছেন। পরিষদের অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণও যথাসাধ্য তাঁহাদের কাজে তৎপর ছিলেন। পরিষদের সর্ব্বপ্রকার কার্য্য এত বিস্তীর্ণ হইয়াছে—বিশেষতঃ অনুসন্ধিৎসু সদস্যগণের সহিত নানা বিষয়ে পত্র-ব্যবহারাদি জন্য কাজের বাহুল্যতা এত বৃদ্ধি পাইতেছে যে, পরিষদের কার্য্যপ্রণালী সম্বন্ধে কিছু কিছু পরিবর্ত্তন আবশ্যক। এই বিষয়ে আমূল পর্য্যালোচনা করার উদ্দেশ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক এক শাখা-সমিতি গঠিত হইয়াছে। এই বিষয় পূর্ব্বেও উল্লেখ করা হইয়াছে। আশা করা যায় যে, প্রোক্ত শাখা-সমিতির আলোচনার ফলে পরিষদের কার্য্যালয়ের অধিকতর সুশৃঙ্খলা স্থাপিত হইবে।

সহকারী সভাপতিগণ

আলোচ্য বর্ষে চারি জন সহকারী সভাপতির স্থানে পরিবর্ত্তিত নিয়মানুসারে আট জন সহকারী সভাপতি নির্ব্বাচিত হন। নিম্নে নির্ব্বাচিত সহকারী সভাপতিগণের তালিকা প্রদত্ত হইল ;—

১। শ্রীযুক্ত সারদাচরণ মিত্র
২। কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়
৩। রাজা „ রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর

৪। মাননীয় শ্রীযুক্ত ডাঃ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী
৫। মহারাজাধিরাজ সার শ্রীযুক্ত বিজয়চাঁদ মহাতাপ বাহাদুর
৬। মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায়
৭। মাননীয় " কিরণচন্দ্র দে
৮। " রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

পরিষৎ মন্দির

আলোচ্য বর্ষে মন্দিরের সামান্যরূপ সংস্কার হইয়াছিল। কার্য্যনির্ব্বাহক-সমিতি দুঃখের সহিত জানাইতেছেন যে, পরিষৎ মন্দিরের ছাদ সম্পূর্ণরূপে সংস্কার করা আবশ্যক এবং আগামী বর্ষে ইহার বিশেষ ব্যবস্থা না করিলে পরিষদের ক্ষতি হইবার সম্ভাবনা। আলোচ্য বর্ষে নিম্নলিখিত চিত্রগুলি পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে ;—

(১) বরদাচরণ মিত্র (তৈলচিত্র)
(২) কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ (তৈলচিত্র)
(৩) ঐ (ব্রোমাইড)
(৪) বিপ্রদাস মুখোপাধ্যায় (ব্রোমাইড)

এই চিত্রগুলির ১ম চিত্রখানি স্বর্গীয় কবির পুত্রগণ দান করিয়াছেন, দ্বিতীয় ও তৃতীয় চিত্র ঠাকুর ভক্তিবিনোদ-স্মৃতিসভা দান করিয়াছেন, ৪র্থ খানি পরিষদের বিশেষ বন্ধু শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের সাহায্যে ৺বিপ্রদাস বাবুর সুযোগ্য পুত্র শ্রীযুক্ত অপরেশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে পাওয়া গিয়াছে।

আলোচ্য বর্ষে গ্রন্থাগারের ব্যবহারের জন্য তিনটি বৃহৎ আলমারী নির্ম্মাণ আরব্ধ হইয়াছে। তদ্বিষয়ে সম্পূর্ণ ব্যয়ভার বহনের জন্য পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর ৫২৫৲ টাকা দান করিতে প্রতিশ্রুত হইয়াছেন। আলোচ্য বর্ষে ঐ টাকার মধ্যে ১০০৲ টাকা পরিষদের হস্তগত হইয়াছে। বাকী টাকা আলমারী প্রস্তুত শেষ হইলেই পাওয়া যাইবে, এইরূপ আশা আছে। * যে দিন বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল বাহাদুর পরিষৎ মন্দিরে শুভাগমন করেন, সেই দিন কুমার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর স্বয়ং উপস্থিত ছিলেন এবং বঙ্গেশ্বরের সম্মানার্থ ঐ দান করিতে প্রতিশ্রুত হন। কুমার বাহাদুরের পরিষদের প্রতি এই প্রীতি প্রকাশের জন্য পরিষৎ কৃতজ্ঞ। এতদ্ব্যতীত পরিষদের পরম হিতৈষী শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় স্বব্যয়ে বক্তৃতা-মঞ্চের মাদুর পরিবর্ত্তন করিয়া দিয়াছেন। এই জন্য পরিষৎ শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের নিকট কৃতজ্ঞতা জানাইতেছেন।

গ্রন্থাগার ও পাঠাগার

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় গ্রন্থাধ্যক্ষ নিযুক্ত হন এবং

* ১৩২৩ বঙ্গাব্দের আষাঢ় মাসে অবশিষ্ট ৪২৫৲ টাকা পাওয়া গিয়াছে।

বর্ষের শেষ অবধি উক্ত কার্য্য করিয়াছিলেন। তাঁহার অধ্যক্ষতায় গ্রন্থাগারের তালিকার পাণ্ডুলিপি পরিসমাপ্ত হইয়াছে এবং ইহার মুদ্রণ-কার্য্য অনেক দূর অগ্রসর হইয়াছে। কলিকাতা মিউনিসিপালিটি পরিষদের গ্রন্থাগারের সাহায্যকল্পে পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও ৫২৫৲ টাকা দান করিয়াছেন। এই সাহায্যের জন্য মিউনিসিপালিটির নিকট পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞ। কিন্তু উক্ত দান পরিষদের গ্রন্থাগারের অভাব পূরণ সম্বন্ধে যথেষ্ট নহে। কলিকাতা মিউনিসিপালিটির কর্ত্তৃপক্ষগণ এই দানের হার বাড়াইলে পরিষৎ এবং তৎসহ জনসাধারণ—যাঁহারা পরিষদের গ্রন্থাগার ব্যবহার করেন—তাঁহারা সকলেই তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞ থাকিবেন। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও পরিষদের হিতৈষিগণ পরিষদের গ্রন্থাগারে অনেক গ্রন্থ উপহার দিয়াছেন। তাঁহাদের সকলের নিকটই পরিষৎ বিশেষভাবে কৃতজ্ঞ। যাঁহারা যাঁহারা পরিষদের গ্রন্থাগারে পুস্তক উপহার দিয়াছেন, তাঁহাদের মধ্যে শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি আমেরিকার ওয়াশিংটন নগরে অবস্থানকালে Smithsonian Institutionএর প্রকাশিত গ্রন্থাবলী যাহাতে যথানিয়মে পরিষৎ প্রাপ্ত হন, তজ্জন্য উক্ত Institutionএর সহিত বন্দোবস্ত করিয়া পরিষৎকে চিরকৃতজ্ঞ করিয়াছেন। উক্ত Institution অধ্যাপক সরকার মহাশয়ের অনুরোধে পরিষৎকে তাঁহাদের প্রকাশিত প্রায় ২০০০৲ টাকা মূল্যের গ্রন্থাবলী উপহার দিয়াছেন এবং ভবিষ্যতে উক্ত সভা পরিষৎকে তাঁহাদের সমগ্র গ্রন্থাবলী ও পত্রিকা পাঠাইতে প্রতিশ্রুত হইয়াছেন। অধ্যাপক সরকার মহাশয় চীনের Shanghai নগরে অবস্থান-কালে Royal Asiatic Societyর উত্তর চীন-শাখার আজীবন সদস্য হইয়াছেন এবং তাঁহার প্রাপ্য উক্ত সমিতির প্রকাশিত গ্রন্থাবলী ও পত্রিকাসমূহ পরিষৎকে পাঠাইতে উক্ত সমিতিকে উপদেশ দিয়াছেন। চীনদেশে অবস্থানকালে সরকার মহাশয় চীনদেশে প্রকাশিত গ্রন্থাদি একটি বাক্সে পরিষদের ঠিকানায় প্রেরণ করেন; কিন্তু দুঃখের বিষয়, উক্ত গ্রন্থসমূহ জাহাজের কর্ত্তৃপক্ষগণের ভ্রমে অদ্যাপি পরিষদে আসিয়া পৌঁছে নাই। এই সম্বন্ধে এখনও অনুসন্ধান চলিতেছে এবং এই অনুসন্ধানের ভার পরিষদের বন্ধু ও সুপ্রসিদ্ধ এটর্ণি শ্রীযুক্ত কুমারকৃষ্ণ দত্ত মহাশয়ের উপর অর্পিত হইয়াছে। ঠাকুর ভক্তি-বিনোদ-স্মৃতিসভা ৺কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ মহাশয়-প্রণীত গ্রন্থাবলীর এক প্রস্থ বাঁধাইয়া গ্রন্থাগারে উপহার দিয়াছেন। এই দানের জন্য পরিষৎ কৃতজ্ঞতা জানাইতেছেন। আলোচ্য বর্ষে গ্রন্থাগারের কার্য্য পরিচালন জন্য একটি পুস্তকালয়-সমিতি গঠিত হইয়াছে। এই সমিতির সভ্যগণের নাম পরিশিষ্টে মুদ্রিত হইল।

আলোচ্য বর্ষে সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে যে সকল সাময়িক পত্রের সম্পাদকগণ তাঁহাদের পত্রিকাদি নিয়মিতভাবে পরিষদ্‌গ্রন্থাগারে দিয়াছেন, তাঁহাদের নিকট পরিষৎ আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছেন। বিনিময়ের তালিকা পরিশিষ্টে প্রদত্ত হইল।

আলোচ্য বর্ষে পূর্ব্বের ন্যায় পরিষদের পাঠাগারে বসিয়া যাহাতে অপরাহ্ণ ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত পুস্তক ও সংবাদপত্রাদি সাধারণে পাঠ করিতে পারেন এবং সদস্যগণ গ্রন্থাগার হইতে পুস্তক পাঠার্থ লইয়া যাইতে পারেন, তজ্জন্য যথোপযুক্ত ব্যবস্থা করা

আছে। আলোচ্য বর্ষে ৬ খানি দৈনিক, ৫৮ খানি সাপ্তাহিক, পাক্ষিক ৭ খানি, ১০২ খানি মাসিক ও ৩ খানি ত্রৈমাসিক পত্রিকা বিনিময়ে পাওয়া গিয়াছে।

আলোচ্য বর্ষের প্রারম্ভে সর্ব্বশুদ্ধ সকল ভাষায় ৩২৪৭৮ খানি গ্রন্থ পরিষদ্গ্রন্থাগারে সংগৃহীত ছিল। বর্ষশেষে এই সংখ্যা পরিবর্দ্ধিত হইয়া ৩৩৬২২ সংখ্যায় পরিণত হইয়াছে।

পুথিশালা

আলোচ্য বর্ষের প্রারম্ভে হস্তলিখিত প্রাচীন পুথির সংখ্যা ৩০৯০ ছিল। পরিষদের হিতৈষী বন্ধুগণের নিকট হইতে আলোচ্য বর্ষে ২০২ খানি পুথি উপহার পাওয়া গিয়াছে এবং ৫খানি ক্রীত হইয়াছে। উপহারপ্রাপ্ত পুথির মধ্যে স্বর্গীয় রাজা রাজেন্দ্রলাল মিত্র মহোদয়ের পত্নী শ্রীযুক্তা রাণী ভুবনমোহিনী মহোদয়া-প্রদত্ত ৪২ খানির অধিকাংশই সংস্কৃত ও বিশেষ উল্লেখযোগ্য। এইগুলি স্বর্গীয় রাজা রাজেন্দ্রলাল মিত্র মহোদয় কর্ত্তৃক সংগৃহীত হইয়াছিল। অপর ১৬০ খানি পুথি পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী, শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত, শ্রীযুক্ত পঞ্চানন ভট্টাচার্য্য, শ্রীযুক্ত ব্রহ্মচারী গণেন্দ্রনাথ, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত রামকমল সিংহ প্রভৃতি মহোদয়গণ উপহার দিয়াছেন। বর্ষশেষে পুথির সংখ্যা ৩২৯৭ হইয়াছে। ইহার বিশেষ বিবরণ পরিশিষ্টে প্রদত্ত হইল।

৩০০ পুথির তালিকা প্রস্তুত হইয়াছে এবং ২০০ তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়াছে। ২০০ খানিতে পুথি ও রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ ও পত্রসংখ্যাদিযুক্ত বিজ্ঞক দেওয়া হইয়াছে। পুথিশালার ভারপ্রাপ্ত কর্ম্মচারী শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয়ের শারীরিক অসুস্থতা নিবন্ধন পুথিশালার কার্য্য তিন মাস কাল বন্ধ ছিল। প্রধানতঃ এই জন্যই বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণযুক্ত তালিকা প্রস্তুত-কার্য্য আশানুরূপ অগ্রসর হয় নাই।

বিদ্যাসাগর লাইব্রেরী

লালগোলার রাজা বাহাদুর এই লাইব্রেরীতে তাঁহার যে অধিকার ছিল, তাহা পরিষৎকে অর্পণ করিয়াছেন, তাহা পূর্ব্বেই বিজ্ঞাপিত হইয়াছে। আলোচ্য বর্ষে বিদ্যাসাগর লাইব্রেরীর স্বত্বাধিকার পরিষৎ কর্ত্তৃক গ্রহণ সম্বন্ধে কার্য্যাদি গত বর্ষ অপেক্ষা কোনরূপ অগ্রসর হয় নাই। ইহার স্বত্বাধিকার যত শীঘ্র পরিষৎ গ্রহণ করেন, ততই পরিষদের পক্ষে ও উক্ত লাইব্রেরীর পক্ষে মঙ্গলজনক এবং বলা বাহুল্য যে, এই লাইব্রেরীর স্বত্বাধিকার পরিষৎ প্রাপ্ত হইলে স্বর্গীয় মহাত্মা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের একটি স্থায়ী স্মৃতিচিহ্ন স্থাপিত হইবে।

চিত্রশালা

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয় চিত্রশালার অধ্যক্ষতা গ্রহণ করিয়াছিলেন। আলোচ্য বর্ষে চিত্রশালার কার্য্যাদি সুশৃঙ্খলার সহিত পরিচালন জন্য একটি চিত্রশালা-সমিতি সংগঠিত হইয়াছিল। উক্ত সমিতির সদস্যগণের তালিকা পরিশিষ্টে সন্নিবিষ্ট হইল। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের হিতৈষী সদস্য ও বন্ধুবর্গের নিকট হইতে চিত্রশালার জন্য উপহার পাওয়া গিয়াছে। তন্মধ্যে নিম্নলিখিত কয়েকটি দান বিশেষ

উল্লেখযোগ্য। (১) শ্রীযুক্তা রাণী ভুবনমোহিনী কর্তৃক প্রদত্ত স্বর্গীয় রাজা রাজেন্দ্রলাল মিত্রের গাউন, হুড, চোগা, পাগড়ী, দোয়াত, ডায়েরী, নোটবুক ও ১৫ খানি প্রাচীন ছবি। (২) শ্রীযুক্ত পঞ্চানন মিত্র মহাশয়-প্রদত্ত অন্ধ্র ও মুসলমান-রাজগণের ২৬টি প্রাচীন মুদ্রা। (৩) মাননীয় মহারাজ শ্রীযুক্ত সার মণীন্দ্রচন্দ্র নন্দী মহাশয় কর্তৃক প্রদত্ত তিনটি মহম্মদীয় স্বর্ণমুদ্রা। (৪) শ্রীযুক্ত দিলীপকুমার রায় মহাশয়ের প্রদত্ত তাঁহার পিতৃদেব, স্বর্গীয় দ্বিজেন্দ্রলাল রায়ের রচিত নাটক "বঙ্গনারী" ও "সিংহলবিজয়ের" খণ্ডিত পাণ্ডুলিপি।

ছাত্র-সভা

আলোচ্য বর্ষে অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ মহাশয় ছাত্রাধ্যক্ষরূপে কার্য্য করিয়াছিলেন। এই শাখার কার্য্যবিবরণ পরিশিষ্টে মুদ্রিত হইল।

পুরস্কার-প্রবন্ধ

আলোচ্য বর্ষে ৮টি পুরস্কারের বিষয় বিজ্ঞাপিত হইয়াছিল। প্রাপ্ত প্রবন্ধগুলি এখনও পরীক্ষিত হয় নাই বলিয়া ফলাফল এখানে প্রকাশ করিতে পারা গেল না। এ স্থলে উল্লেখ করা যাইতে পারে যে, স্বর্গীয় বরদাচরণ মিত্র ও স্বর্গীয় কেদারনাথ দত্ত মহাশয়-দ্বয়ের স্মৃতিকল্পে দুইটি পুরস্কারের প্রতিশ্রুতি পাওয়া গিয়াছে। আগামী বর্ষে এই পুরস্কারের বিষয় যথারীতি বিজ্ঞাপিত হইবে। বিজ্ঞাপিত পুরস্কারের জন্য যাঁহারা পরিষৎকে অর্থ সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়াছেন, তাঁহাদের নিকট পরিষৎ আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন। বিজ্ঞাপিত পুরস্কারের বিবরণ পরিশিষ্টে মুদ্রিত হইল।

স্মৃতি-রক্ষা

(১) নবীনচন্দ্র সেন স্মৃতিসমিতি—বোম্বাইয়ের সুপ্রসিদ্ধ শিল্পী শ্রীযুক্ত জি, কে, মাত্রে মহাশয়কে কবিবরের একটি মর্ম্মর-মূর্ত্তি প্রস্তুত করিবার ভার দেওয়া হইয়াছিল। এই মূর্ত্তির একটি ছাঁচ প্রস্তুত করিয়া তাহার ফটোগ্রাফ এই স্মৃতি-সমিতির সম্পাদক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের নিকট মাত্রে মহাশয় পাঠাইয়াছিলেন। কিন্তু উক্ত আলোকচিত্র দেখিয়া এই ছাঁচের মূর্ত্তি মনোনীত না হওয়ায় শিল্পী মাত্রে মহাশয়কে এতদ্বিষয় জ্ঞাপন করা হইয়াছিল। তিনি পুনরায় আর একটি ছাঁচ প্রস্তুত করিয়া উহার আলোকচিত্র স্মৃতি-সমিতির সম্পাদক মহাশয়ের নিকট প্রেরণ করিয়াছেন। উহা এখনও বিচারাধীন আছে।

(২) কাশীরাম দাস স্মৃতি-সমিতি—এই সম্বন্ধে নূতন কিছু বলিবার নাই। যথোপযুক্ত অর্থ এখনও সংগৃহীত হয় নাই। তৎসংগ্রহের জন্য এখনও চেষ্টা চলিতেছে। এই চেষ্টা সম্যক্‌রূপে ফলবতী করিবার জন্য একটি কার্য্যকরী সমিতি গঠিত হইয়াছে। এই সমিতির সদস্যতালিকা ও ইহার সংক্ষিপ্ত কার্য্যবিবরণ পরিশিষ্টে দেওয়া হইল।

(৩) চন্দ্রকান্ত স্মৃতি-সমিতি—স্বর্গীয় তর্কালঙ্কার মহাশয়ের তৈলচিত্র পরিষদের হস্তগত হইয়াছে।—তাহা ইতিপূর্ব্বেই কার্য্যবিবরণে আমরা জ্ঞাত করিয়াছি। বার্ষিক অধিবেশনে ইহার প্রতিষ্ঠার ব্যবস্থা করা হইবে।

(৪) কৃষ্ণচন্দ্র স্মৃতি-সমিতি—কবিবরের বাসস্থান সেনহাটীতে একটি স্মৃতিস্তম্ভ প্রতিষ্ঠার জন্য আয়োজন চলিতেছে। এই স্মৃতি-সমিতির কার্য্যবিবরণ পরিশিষ্টে প্রদত্ত হইল।

(৫) সখারাম গণেশ দেউস্কর—স্বর্গীয় দেউস্কর মহাশয়ের একখানি আলোকচিত্র কলিকাতার কোন চিত্রকরকে চিত্র প্রস্তুত করিবার জন্য দেওয়া হইয়াছিল। তিনি ঐ আলোকচিত্রটি হারাইয়া ফেলিয়াছেন বলিয়া কার্য্য কোনরূপ অগ্রসর হয় নাই। এই সম্বন্ধে পুনর্ব্যবস্থা করিবার আয়োজন হইতেছে।

(৬) মহেন্দ্রনাথ বিদ্যানিধি—বিদ্যানিধি মহাশয়ের একখানি আলোকচিত্র পরিষদের হস্তগত হইয়াছে। ইহা হইতে তাঁহার একখানি তৈলচিত্র প্রস্তুতের ব্যবস্থা শীঘ্রই করা হইবে।

(৭) কালীবর বেদান্তবাগীশ—সংপ্রতি ইঁহার একখানি আলোকচিত্র পরিষদের হস্তগত হইয়াছে এবং উহা হইতে তৈলচিত্র প্রস্তুতের ব্যবস্থা হইয়াছে।

(৮) মীর মশারফ হোসেন—ইঁহার কোন প্রকার চিত্র পরিষদের হস্তগত হয় নাই। উহা সংগ্রহ করিবার ব্যবস্থা হইয়াছে।

(৯) স্বর্গীয় মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর—স্বর্গীয় মহারাজের তৈলচিত্র প্রস্তুত সম্বন্ধে কার্য্য বিশেষরূপ অগ্রসর হয় নাই। স্বর্গীয় মহারাজের সুযোগ্য দৌহিত্র শ্রীযুক্ত নলিনপ্রকাশ গঙ্গোপাধ্যায় মহাশয় মহারাজের একটি মূর্ত্তি প্রদান করিয়াছেন এবং উহা প্রতিষ্ঠিত হইয়াছে।

(১০) লিওটার্ড—পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা লিওটার্ড সাহেবের কোন প্রকার চিত্র আমাদের হস্তগত হয় নাই। সুতরাং তাঁহার স্মৃতিজ্ঞাপক কোন প্রকার ব্যবস্থা অদ্যাপি করিতে পারা যায় নাই। যাহাতে শীঘ্র ইহার ব্যবস্থা হয়, তৎসম্বন্ধে পরিষৎ তৎপর আছেন।

(১১) মনোমোহন বসু—স্বর্গীয় বসু মহাশয়ের একখানি তৈলচিত্র প্রস্তুত হইয়া পরিষদের কার্য্যালয়ে রক্ষিত আছে। কিন্তু ঐ চিত্র মনোনীত না হওয়ায় উহা পুনশ্চিত্রণের জন্য চিত্রকরকে ফিরাইয়া দিতে হইবে, এইরূপ স্থির হইয়াছে।

(১২) রজনীকান্ত সেন—কবিবরের একখানি তৈলচিত্র প্রস্তুত হইয়া কার্য্যালয়ে রক্ষিত আছে। বার্ষিক অধিবেশনে উহা প্রতিষ্ঠিত হইবে।

(১৩) রাজা বিনয়কৃষ্ণ দেব—যাঁহার গৃহে পরিষদের শৈশব উত্তীর্ণ হইয়াছিল, পরিষদের সেই অন্যতম প্রতিষ্ঠাতা স্বর্গীয় রাজা বাহাদুরের একখানি তৈলচিত্র প্রস্তুত করা হইতেছে। উহা সম্পূর্ণ হইলেই প্রতিষ্ঠিত হইবে।

(১৪) দ্বিজেন্দ্রলাল রায়—স্বর্গীয় কবি দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের রচিত "বঙ্গনারী" ও "সিংহলবিজয়ে"র খণ্ডিত পাণ্ডুলিপি তাঁহার পুত্র শ্রীযুক্ত দিলীপকুমার রায় মহাশয় পরিষৎকে উপহার দিয়াছেন। উহা পরিষৎ কর্ত্তৃক সযত্নে পরিষদের চিত্রশালায় রক্ষিত হইয়াছে। কবিবরের তৈলচিত্র প্রস্তুত সম্বন্ধে কার্য্য বিশেষ অগ্রসর হয় নাই। উক্ত চিত্র প্রস্তুতের ব্যবস্থা শীঘ্রই করা হইবে।

(১৫) কৈলাসচন্দ্র সিংহ—স্বর্গীয় কৈলাসচন্দ্র সিংহ মহাশয়ের একখানি আলোকচিত্র পরিষদের হস্তগত হইয়াছে। উহা অবলম্বন করিয়া ইহার একখানি চিত্র প্রস্তুতের ব্যবস্থা শীঘ্রই করা হইবে।

(১৬) কালীপ্রসন্ন ঘোষ বিদ্যাসাগর—স্বর্গীয় কালীপ্রসন্ন ঘোষ মহাশয়ের একখানি আলোক-চিত্র তাঁহার পুত্র শ্রীযুক্ত সারদাপ্রসন্ন ঘোষ মহাশয় কর্তৃক প্রেরিত হইয়াছে। কিন্তু ঐ চিত্র কার্য্যনির্ব্বাহক-সমিতির মনোনীত না হওয়ায় অপর একখানি চিত্র পাঠাইবার জন্য শ্রীযুক্ত সারদা বাবুকে অনুরোধ করা হইয়াছে। উক্ত আলোকচিত্র আসিলে তৈলচিত্র প্রস্তুতের ব্যবস্থা হইবে।

(১৭) অম্বিকাচরণ ব্রহ্মচারী—স্বর্গীয় ব্রহ্মচারী মহাশয়ের ব্রোমাইড চিত্র তাঁহার পুত্র শ্রীযুক্ত ভোলানাথ ব্রহ্মচারী মহাশয়ের ব্যয়ে প্রস্তুত হইয়াছে এবং তাহা পরিষদের হস্তগত হইয়াছে। শ্রীযুক্ত ভোলানাথ বাবুর পরিষদের প্রতি এই অনুগ্রহের জন্য পরিষৎ তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন। এই চিত্র প্রস্তুতের ভার শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের উপর ছিল, তাঁহার কার্য্যতৎপরতার জন্য পরিষৎ তাঁহার নিকট কৃতজ্ঞ।

(১৮) বিপ্রদাস মুখোপাধ্যায়—স্বর্গীয় বিপ্রদাস মুখোপাধ্যায় মহাশয়ের একখানি ব্রোমাইড চিত্র পরিষদে আলোচ্য বর্ষে প্রতিষ্ঠিত হইয়াছে এবং এই চিত্র সংগ্রহের জন্য শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় পরিষদের ধন্যবাদার্হ। স্বর্গীয় মুখোপাধ্যায় মহাশয়ের সুযোগ্য পুত্র শ্রীযুক্ত অপরেশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় এই চিত্র উপহার দিয়াছেন।

(১৯) রাজা সার সৌরীন্দ্রমোহন ঠাকুর—স্বর্গীয় রাজা বাহাদুরের একখানি চিত্র পরিষদে প্রতিষ্ঠিত হইবে, স্থির হইয়াছে। কিন্তু নানা কারণে এতৎ সম্বন্ধে কার্য্য অগ্রসর হয় নাই।

(২০) শৈলেশচন্দ্র মজুমদার—স্বর্গীয় শৈলেশচন্দ্র মজুমদার মহাশয়ের একখানি ব্রোমাইড চিত্র পরিষদে প্রতিষ্ঠিত হইবে, স্থির হইয়াছে। কিন্তু এ পর্য্যন্ত এই চিত্র প্রস্তুতের কোন ব্যবস্থা হইয়া উঠে নাই।

(২১) নবীনচন্দ্র দাস কবিগুণাকর—ইহার একখানি ব্রোমাইড চিত্র পরিষদে প্রতিষ্ঠিত হইবে, স্থির হইয়াছে এবং এই স্মৃতিচিহ্ন স্থাপন বিষয়ে চট্টগ্রামের শাখা-পরিষৎ মূল-পরিষৎকে সাহায্য করিবেন বলিয়া প্রতিশ্রুত আছেন। এ সম্বন্ধে কার্য্য বিশেষ অগ্রসর হয় নাই।

চণ্ডীদাসের স্মৃতিরক্ষার্থ নান্নুর গ্রামে একটি মেলা স্থাপন সম্বন্ধে ব্যবস্থা করিবার জন্য পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, সিদ্ধান্তবারিধি মহাশয়কে স্থান পরিদর্শনের ভার অর্পণ করেন। কিন্তু স্থানীয় অধিবাসিগণ এই মেলা স্থাপনের এবং গবর্ণমেণ্ট চণ্ডীদাসের বাশুলী মন্দির সংস্কারের ভার গ্রহণ করাতে পরিষৎ এই কার্য্যে হস্তক্ষেপ করা আবশ্যক মনে করেন নাই।

এই সকল অসম্পূর্ণ কার্য্য যাহাতে শীঘ্র সম্পূর্ণ হয়, আগামী বর্ষে পরিষৎ তদ্বিষয়ে অবহিত হইবেন।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আলোচ্য বর্ষে পূর্ব্ব বৎসরের ন্যায় সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় পত্রিকাধ্যক্ষ ছিলেন এবং বিশেষ দক্ষতার সহিত পত্রিকা সম্পাদন

করিয়াছেন। অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুত বাণীনাথ নন্দী মহাশয় পত্রিকা প্রকাশে সাহায্য করেন। পত্রিকা-পরিচালন-সমিতির সভ্যগণের নিকট পরিষৎ-পত্রিকার প্রবন্ধ নির্ব্বাচনের যে সাহায্য পাইয়াছেন, তজ্জন্য পরিষৎ উক্ত সমিতির সভ্যগণের নিকট কৃতজ্ঞ। আলোচ্য বর্ষে পত্রিকার দ্বাবিংশ ভাগের চারি সংখ্যা বাহির হইয়াছিল। এই চারি সংখ্যা পত্রিকাতে পরিষদের সভাপতির সম্বোধন লইয়া সর্ব্বসমেত ২১টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। এই ২১ টি প্রবন্ধ বিষয়-ভেদে নিম্নলিখিতরূপে বিভক্ত হইতে পারে ;—

প্রাচীন সাহিত্য	৪
পরিভাষা	১
গ্রাম্য সাহিত্য	২
প্রাচীন লিপিতত্ত্ব	১
লেখন-কলা	১
ইতিহাস	৭
ভাষাতত্ত্ব	৩
দর্শন	২
	২১

আলোচ্য বর্ষে পত্রিকাতে যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল, তাহাদের সার মর্ম্ম নিম্নে প্রদত্ত হইল,—

প্রাচীন সাহিত্য

(ক) আসামে শ্রীচৈতন্য—লেখক শ্রীযুক্ত হেমচন্দ্র দেব গোস্বামী এম আর এ এস, এফ আর এ এস্। প্রবন্ধ-লেখক বলেন যে, আসামে বৈষ্ণবধর্ম্মাবলম্বীরা কয়েকটি বিশিষ্ট সম্প্রদায়ে বিভক্ত ; যথা—দামোদরী, মহাপুরুষীয়া, হরিদেবী এবং চৈতন্যপন্থী। প্রথম তিন সম্প্রদায়ের প্রবর্ত্তকেরা আসামবাসী বলিয়া লেখক অনুমান করেন। চৈতন্যপন্থীরা কখন্ কিরূপে আসামে আসিয়াছিলেন, তাহা অনুসন্ধান করিয়া লেখক জানিতে পারেন যে, কামরূপ বিভাগে হাজো অঞ্চলে চৈতন্যদেব আসিয়াছিলেন বলিয়া এক জনশ্রুতি বহু কাল হইতে প্রচলিত আছে। হাজোতে মণিকূট নামে এক পাহাড় আছে, তাহার শিখরদেশে হয়গ্রীব মাধবের দেবালয় প্রতিষ্ঠিত। এই পাহাড়ের পাদদেশে একটি গহ্বর আছে, এই গহ্বরটিকে লোকে 'চৈতন্য-খোপা' বলিয়া থাকে এবং চৈতন্যদেব এই গহ্বরে কিয়ৎকাল বাস করিয়াছিলেন বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে। এই জনশ্রুতি 'সৎসম্প্রদায়কথা' নামক গ্রন্থে নিবদ্ধ আছে। এই সৎসম্প্রদায় গ্রন্থ ভট্টদেব-প্রণীত এবং উহা তিনখানি প্রাচীনতর পুথি অবলম্বন করিয়া লিখিত হইয়াছিল। এই তিনখানি পুথির নাম নিম্নে প্রদত্ত হইল। * ভট্টদেব সৎসম্প্রদায়ের কথার প্রারম্ভে যে চৈতন্যসংগ্রহের উল্লেখ করিয়াছেন, তৎসম্বন্ধে কোন কথা বলা যায় না। কৃষ্ণভারতীরসংগ্রহ এবং নৃসিংহকৃত্য দুইখানি পুথি প্রবন্ধ-লেখকের হস্তগত হইয়াছে ; দুইখানিই

---

* ১, চৈতন্যসংগ্রহ, ২, কৃষ্ণভারতীরসংগ্রহ, ৩, নৃসিংহকৃত্য।

আসামীয়া ভাষায় লিখিত পুথি। প্রথমখানি পদ্য ও দ্বিতীয়খানি গদ্য। কৃষ্ণভারতীসংগ্রহে শ্রীচৈতন্যদেবের মাধবমন্দিরের সন্নিকটে একটি গহ্বরে বাসের উল্লেখ আছে এবং তথায় আসামের কতিপয় পণ্ডিত ব্রাহ্মণকে উপদেশ দান করিয়াছিলেন, এ কথারও উল্লেখ আছে। নৃসিংহকৃত্যতেও ইহার উল্লেখ দেখিতে পাওয়া যায়। এ সম্বন্ধে লেখক স্বীকার করেন যে, নৃসিংহকৃত্যের মূল পুথিখানি এখনও সংগৃহীত হয় নাই।

(খ) একখানি সত্যপীরের পুথি—লেখক শ্রীযুক্ত রঞ্জনবিলাস রায়চৌধুরী। সংগ্রহ-স্থল ভাগলপুর, বাঙ্গালা অক্ষরে লেখা, তারিখ ১১৬২। মৌলবি আবদুল করিমের সাহায্যে উহার পাঠোদ্ধার করা হইয়াছে। গ্রন্থের বিশেষত্ব এই যে, সত্যনারায়ণ নাম দিয়া কবি সত্যপীরের পুথি লিখিয়াছেন। কবি আপনাকে কবিবল্লভ নামে পরিচয় দিয়াছেন।

(গ) জ্ঞানদাসের পদাবলী—লেখক শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ। প্রবন্ধ-লেখক বলেন যে, জ্ঞানদাস ও গোবিন্দদাস উভয়েই বাঙ্গালা, সংস্কৃত, হিন্দী ও মৈথিলি ভাষা ও সাহিত্যে পারদর্শী ছিলেন এবং উভয়েই পূর্ব্ববর্ত্তী শ্রেষ্ঠ পদকর্ত্তা জয়দেব, বিদ্যাপতি ও চণ্ডীদাসের আদর্শে পদ রচনা করিয়াছেন। তথাপি গোবিন্দদাসের পদাবলীতে বিদ্যাপতির—বিশেষতঃ জয়দেবের প্রভাব যেরূপ সুস্পষ্ট, জ্ঞানদাসের পদাবলীতে সেরূপ নহে। তাঁহার পদসমূহে চণ্ডীদাসের প্রভাবই পরিস্ফুট। জ্ঞানদাসের উৎকৃষ্ট পদগুলি প্রায় সমস্তই অমিশ্র বাঙ্গালা ভাষায় রচিত। বর্ত্তমান প্রবন্ধে লেখক জ্ঞানদাসের পদাবলীতে পাঠ ও অক্ষর-বিনিময়-জনিত যে অর্থবিকৃতি ঘটিয়াছে, তৎসম্বন্ধে বিশেষভাবে আলোচনা করিয়াছেন।

(ঘ) সুশ্রুতে ধর্ম্মভাব—লেখক কবিরাজ শ্রীযুক্ত মথুরানাথ মজুমদার মহাশয় বর্ত্তমান প্রবন্ধে প্রমাণ করিয়াছেন যে, সুশ্রুত-সংহিতার সর্ব্বত্র বৈদিক ধর্ম্মের অনুশাসনই দেখিতে পাওয়া যায়। সুশ্রুতে কোথাও বৌদ্ধ ধর্ম্মের গন্ধ অনুভূত হয় না।

লেখন-কলা (Calligraphy)

(ক) বাঁশে-লেখা ঠিকুজী—লেখক শ্রীযুক্ত রঞ্জনবিলাস রায় চৌধুরী। এই বংশখণ্ডে লিখিত ঠিকুজীখানি চট্টগ্রামে পাওয়া গিয়াছে। দরিদ্রতা হেতু চারি অঙ্গুল-পরিমিত বংশখণ্ডে জাতকের জন্মলিপি বা ঠিকুজী খোদিত করার প্রথা চট্টগ্রামে প্রচলিত ছিল। বর্ত্তমান প্রবন্ধোক্ত ঠিকুজীটি একটি লৌহশলাকা দ্বারা বংশখণ্ডে খোদিত হইয়াছে। ইহাতে ঠিকুজীকার শান্তিরাম আচার্য্যের স্বকলম দস্তখত আছে। ইহাতে বোধ হয় যে, তিনি নিজ হাতে ঠিকুজী খোদিত করেন নাই।

পরিভাষা

(ক) Percentএর প্রতিশব্দ—লেখক শ্রীযুক্ত তারকনাথ দেব। ইহার মতে Percentএর প্রতিশব্দ 'উত্তর' হওয়া উচিত। যথা—6 percent = ষড়োত্তর।

গ্রাম্য সাহিত্য

(ক) কয়েকটি প্রাচীন পল্লী-সঙ্গীত—লেখক শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত। বর্ত্তমান প্রবন্ধে চট্টগ্রামের ১১টি পল্লী-সঙ্গীত সংগৃহীত হইয়াছে। সঙ্গীতগুলি একখানি ৭০ বৎসরের

পুরাতন সঙ্গীত-পুস্তিকা হইতে সংগৃহীত। এই পুস্তিকাখানির দুই জন রচয়িতা—শ্রীরাধবল্লভ দাস ও শ্রীনীলমণি বিশ্বাস।

(খ) মানভূম জেলার গ্রাম্য সঙ্গীত—লেখক শ্রীযুক্ত হরিনাথ ঘোষ বি এল্। বর্ত্তমান প্রবন্ধে লেখক মানভূম জেলায় প্রচলিত কয়েকটি বাঙ্গালা গানের নমুনা দিয়াছেন। প্রচলিত গ্রাম্য সঙ্গীতে অনেক সময় প্রশ্নোত্তর থাকে। গানের প্রথম অংশে প্রশ্ন ও শেষ অংশে তাহার উত্তর থাকে। এই প্রকার গানে কবিত্বের পরাকাষ্ঠা প্রকাশ পায়। এইরূপ প্রশ্নোত্তরপূর্ণ কয়েকটি গানের নমুনাও প্রবন্ধ-লেখক দিয়াছেন। মানভূম জেলার লোক প্রায়ই বৈষ্ণব-ধর্ম্মাবলম্বী, পূর্ব্বদেশাগত বৈষ্ণবগণ এতদ্দেশে অনেক বৈষ্ণব পদ আনয়ন করিয়াছেন।

প্রাচীন লিপিতত্ত্ব

(ক) কৃষ্ণকীর্ত্তনের লিপিকালনির্ণয়—লেখক শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় ও শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় কৃষ্ণকীর্ত্তনের পুথির অক্ষরতত্ত্ব আলোচনা করিয়া স্থির করিয়াছেন যে, কৃষ্ণকীর্ত্তনের আলোচ্য পথিখানি চণ্ডীদাসের স্বহস্ত-লিখিত না হইলেও, উহা তাঁহার জীবিতকালে লিপিবদ্ধ হয়, এরূপ বলিবার পক্ষে কোন বাধা নাই এবং পুথিখানি বঙ্গাক্ষরে লিখিত প্রাচীনতম বাঙ্গালা গ্রন্থ বলিয়া গৃহীত হইতে পারে। বর্ত্তমানে চণ্ডীদাসের কাল ১৪শ শতাব্দীর শেষ হইতে ১৫শ শতাব্দীর মধ্যভাগ পর্য্যন্ত ধরা হয়।

ইতিহাস

(ক) গুপ্ত-বলভী-সংবৎ—লেখক শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ বলেন যে, বিক্রমকালের ৩৭৫ বৎসর অতীত হইলে বলভীভঙ্গ সংঘটিত হয়। আল্‌বিরুনীতে এই বলভীভঙ্গের বিবরণ আছে এবং আল্-বিরুণীর মতে বলব নামক এক রাজা এই অব্দের প্রতিষ্ঠাতা। লেখকের মতে এই অব্দই গুপ্তাব্দ। তিনি বলেন যে, বলভীসংবৎ অর্থে বলভীভঙ্গ-সংবৎ এবং আরও বলেন যে, গুপ্তাব্দ পরে বলভীসংবৎ নামে কাটিয়াবাড়ে প্রচলিত হইয়াছিল।

(খ) বর্দ্ধমানের কথা—লেখক শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ। ইহাতে রাঢ় অনুসন্ধান-সমিতির অনুসন্ধানের ফল বিবৃত হইয়াছে। বর্দ্ধমানের পুরাকাহিনী, ভৌগোলিক পরিচয়, প্রাচীন কীর্ত্তিকলাপ একত্র সন্নিবিষ্ট হইয়াছে।

(গ) শ্রীমৎ রাঘব পণ্ডিত ও শ্রীপাট পানিহাটী-মাহাত্ম্য—লেখক শ্রীযুক্ত অমূল্যধন রায় ভট্ট। বর্ত্তমান প্রবন্ধে লেখক মহাশয় শ্রীপাট পানিহাটীর সহিত বৈষ্ণব-জগতের সম্বন্ধে অনেক কথা বলিয়াছেন। লেখক বলেন যে, ইহা চৈতন্যের বিশ্রামস্থান এবং নিত্যানন্দের বিহারক্ষেত্র ছিল। প্রবন্ধ-লেখক পানিহাটী গ্রামের প্রাচীনত্ব প্রমাণ করিতে চেষ্টা পাইয়াছেন। লেখক বলেন যে, পানিহাটী রাঘব পণ্ডিতের জন্মস্থান বলিয়া বৈষ্ণবগণের তীর্থরূপে পরিণত হইয়াছে এবং এই বিষয় প্রমাণের জন্য বহু বৈষ্ণবগ্রন্থ হইতে বচনাদি উদ্ধৃত করিয়াছেন।

রাঘব পণ্ডিতের নিকট চৈতন্য অনেক দিন ছিলেন। রাঘব পণ্ডিতের মদনমোহন মন্দির এখনও সুন্দর অবস্থায় আছে এবং রাঘবের সমাধিবেদী মন্দিরের পশ্চিম দিকে বর্ত্তমান।

(ঘ) লক্ষ্ণৌ সহরের নামের উৎপত্তি—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব। লেখক মহাশয় বলেন যে, রামায়ণোক্ত রামচন্দ্রের ভ্রাতা এই লক্ষ্ণৌ সহরের প্রতিষ্ঠাতা।

(ঙ) শঙ্করাচার্য্য ও বৌদ্ধধর্ম্ম—লেখক কৃষ্ণানন্দ ব্রহ্মচারী। লেখক বর্ত্তমান প্রবন্ধে শঙ্করাচার্য্যের একটি সংক্ষিপ্ত জীবনী, তাঁহার সময় ও তৎপ্রণীত গ্রন্থসমূহের আলোচনা করিয়াছেন। লেখক বলেন, শঙ্কর ও কুমারিল সুধন্বা একদেশবাসী ছিলেন। হর্ষচরিতে যে রাজ্যবর্দ্ধনের কথা পাঠ করা যায়, লেখক বলেন যে, সেই রাজ্যবর্দ্ধন শঙ্কর-ভাষ্যোক্ত রাজ্যবর্ম্মন্। লেখন বলেন, অতএব শঙ্কর রাজ্যবর্দ্ধনের সমসাময়িক। লেখক আরও বলেন যে, শঙ্কর দাক্ষিণাত্যের লোক। স্বর্গীয় তেলাং যে তাঁহাকে গৌড়ীয় বলিয়াছেন, তাহা লেখকের মতে সমীচীন নহে। ভট্টোৎপলকৃত বৃহজ্জাতকের টীকায় এক গণিতজ্ঞ ভট্ট শঙ্করের উল্লেখ দেখিতে পাওয়া যায়। বঙ্গদেশেও অনেক শঙ্করের নাম শ্রুত হওয়া যায়; কিন্তু লেখক বিচার করিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, শঙ্কর সম্ভবতঃ দাক্ষিণাত্যের লোক এবং সম্ভবতঃ ৫৮৫ খৃঃ জন্মগ্রহণ করেন। লেখক বলিতে চাহেন যে, শঙ্কর বৌদ্ধ-দলনকারী ছিলেন না, পরন্তু তিনি তাঁহাদের মায়াবাদ-মতের সমর্থনকারী হইয়া তাঁহাদের উপকারক ও পক্ষাবলম্বী ছিলেন।

(চ) শ্রীবিক্রমপুর—লেখক শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায়। ইহা রাঢ় অনুসন্ধান-সমিতির অভিনব আবিষ্ক্রিয়া "দেবগ্রাম বিক্রমপুর" নামক আলোচনার প্রতিবাদ। তাম্রশাসন ও সমসাময়িক গ্রন্থাদি আলোচনা করিয়া লেখক স্থির করেন যে, 'শ্রীবিক্রমপুরজয়স্কন্ধাবার'কে ঢাকা বিক্রমপুরেই নিঃসন্দেহে স্থাপিত করিতে হইবে।

(ছ) উক্ত প্রবন্ধের প্রতিবাদ করিয়া শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় বিক্রমপুর নামে আর একটি প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। শেষোক্ত প্রবন্ধ শ্রীযুক্ত যতীন্দ্র বাবুর প্রতিবাদের সহিত প্রকাশিত হইয়াছিল।

ভাষাতত্ত্ব

(ক) জঙ্গিপুরের গ্রাম্যশব্দ- লেখক শ্রীযুত রাখালরাজ রায় বি এ। লেখক অতি শ্রম-সহকারে অনেক গ্রাম্য শব্দ সংগ্রহ করিয়াছেন। রাঢ়ের গ্রাম্য শব্দসমূহ একত্র সংগৃহীত হইলে আমাদিগের ভাষাতত্ত্বের যে প্রভূত উপকার সাধিত হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই।

(খ) নেহ ও লেহ শব্দের উৎপত্তি—লেখক শ্রীযুত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য। লেখক বলেন যে, নেহ লেহ, লেহলা, লেহা একই শব্দ। প্রাচীন বাঙ্গালায় ও প্রাকৃতে লেহ, নেহ শব্দ শ্রদ্ধা, স্নেহ, লালসা, প্রেম ও প্রীতি অর্থে ব্যবহৃত হয়।

(গ) সম্বোধন—সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় পুরাণ বাঙ্গালার অনেক কথা বলিয়াছেন। ইহাতে প্রাচীন বাঙ্গালা ভাষাতত্ত্বের একটি বিস্তৃত আলোচনা সন্নিবদ্ধ করা হইয়াছে।

দর্শন

(ক) প্রত্যভিজ্ঞাদর্শন—লেখক শ্রীযুত ধীরেশচন্দ্র আচার্য্য, বিদ্যারত্ন, এম্ এ। লেখক বলেন যে, প্রত্যভিজ্ঞা-দর্শন মাধবাচার্য্য কর্ত্তৃক সংগৃহীত পঞ্চদশ প্রকার দর্শনের অন্যতম।

এই দর্শনশাস্ত্র বেদমূলক নহে। এই দর্শনের মূল অনুসন্ধান করিলে যদিও ইহাকে অবৈদিক দর্শন বলিতে হয়, তথাপি ইহাকে অশাস্ত্রীয় বলা যায় না। শৈবদর্শন হইতেই এই মতের উৎপত্তি হইয়াছে। শৈবদর্শনসমূহের মধ্যে পাশুপত মত সর্ব্বাপেক্ষা প্রাচীন। প্রত্যভিজ্ঞা-দর্শনের মূল পাশুপতদর্শন।

(খ) বৌদ্ধ ন্যায়—লেখক মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, পি এইচ ডি। বর্ত্তমান প্রবন্ধ ২১শ ভাগ, ৩য় সংখ্যা পরিষৎ-পত্রিকায় প্রকাশিত প্রবন্ধের অনুবৃত্তি। বর্ত্তমান প্রবন্ধে প্রবন্ধ-লেখক অনেকগুলি বৌদ্ধ নৈয়ায়িক ও তাঁহাদিগের গ্রন্থ সম্বন্ধে আলোচনা করিয়াছেন।

গ্রন্থ-প্রকাশ

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত বাণীনাথ নন্দী মহাশয় গ্রন্থপ্রকাশ ও মুদ্রণ-বিভাগের ভারপ্রাপ্ত সহকারী সম্পাদক ছিলেন। বর্ত্তমান বর্ষে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় গবর্ণমেণ্টের নিকট হইতে ১২০০৲, লালগোলার রাজা বাহাদুরের নিকট হইতে ১১৯৭৵০ ও কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ মহাশয়ের নিকট হইতে ১৫০৲ টাকা পাওয়া গিয়াছে এবং নিম্নলিখিত গ্রন্থ-সকল প্রকাশিত হইয়াছে ;—

১। বোধিসত্ত্বাবদানকল্পলতা (৪র্থ খণ্ড)—রায় বাহাদুর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি আই ই কর্ত্তৃক সম্পাদিত।

২। শব্দকোষ (৪র্থ খণ্ড)—রায় বাহাদুর শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় এম্ এ, বিদ্যানিধি মহাশয় সঙ্কলিত। গত বর্ষে ইহার অধিকাংশ ছাপা হইয়াছিল। অবশিষ্ট অংশ আলোচ্য বর্ষে ছাপা হইয়া গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

৩। পদকল্পতরু (১ম খণ্ড)—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। পদকল্পতরুর ১ম ও ২য় শাখা পর্য্যন্ত এই ১ম খণ্ডে প্রকাশিত হইয়াছে।

৪। সত্যনারায়ণের পুথি—শ্রীকবিবল্লভ-বিরচিত এবং মুন্সী শ্রীযুক্ত আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

৫। মৃগলুব্ধ—দ্বিজ রতিদেব-বিরচিত। শ্রীযুক্ত মুন্সী আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় গ্রন্থখানি সম্পাদন করিয়াছেন।

৬। মৃগলুব্ধ-সংবাদ—রামরাজা-বিরচিত। এই গ্রন্থখানিও শ্রীযুক্ত আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় সম্পাদন করিয়াছেন।

৭। শ্রীভাষ্য (৫ম খণ্ড)—লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের সম্পূর্ণ ব্যয়ে পণ্ডিত শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্যবেদান্ততীর্থ মহাশয় কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত। এই ৫ম খণ্ডে শ্রীভাষ্য সম্পূর্ণ হইল।

৮। তীর্থমঙ্গল—কবিরাজ বিজয়রাম সেন বিশারদ-প্রণীত এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়-সম্পাদিত।

৯। তীর্থভ্রমণ—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়-সম্পাদিত। এই গ্রন্থের লেখক খানাকুল কৃষ্ণনগরনিবাসী ৺ যদুনাথ সর্ব্বাধিকারী মহাশয়।

এতদ্ব্যতীত নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য চলিতেছে। ইহাদের মধ্যে কতকগুলি গ্রন্থের ছাপা প্রায় শেষ হইয়াছে। শীঘ্রই বাহির হইবে।

১। ধর্ম্মপূজাবিধান—শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। মূলাংশ ছাপা হইয়া গিয়াছে; ভূমিকা প্রভৃতির ছাপা চলিতেছে।

২। মঙ্গলচণ্ডী-পাঞ্চালিকা—ভবানীশঙ্কর দাস-বিরচিত এবং শ্রীযুক্ত রাজচন্দ্র দত্ত মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

৩। গোরক্ষবিজয়—শ্রীযুক্ত মুন্সী আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

৪। গঙ্গামঙ্গল—দ্বিজ মাধব-বিরচিত ও শ্রীযুক্ত আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

৫। সারদামঙ্গল—মুক্তারাম সেন-বিরচিত এবং শ্রীযুক্ত মুন্সী আবদুল করিম সাহিত্য-বিশারদ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

৬। চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। ইহার মূল এবং টীকা ছাপা হইয়া গিয়াছে। ভূমিকা ছাপা হইতেছে।

নিম্নলিখিত গ্রন্থ-সকলের মুদ্রণকার্য্য চলিতেছে;—

১। পদকল্পতরু (২য় খণ্ড)—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

২। সর্ব্বসম্বাদিনী—শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয় এই গ্রন্থের অনুবাদ এবং সম্পাদন করিতেছেন।

৩। শ্রীকৃষ্ণবিলাস—পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ মহাশয় এই গ্রন্থের সম্পাদন করিতেছেন।

৪। বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ (২য় খণ্ড)—শ্রীযুক্ত শিবরতন মিত্র মহাশয় ইহা সম্পাদন করিতেছেন।

৫। বাৎস্যায়ন ভাষ্য—পাবনা, দর্শন টোলের অধ্যাপক শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ মহাশয় এই গ্রন্থের অনুবাদ এবং সম্পাদন করিতেছেন।

আগামী বর্ষে নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণের ব্যবস্থা হইয়াছে,—

১। গৌরাঙ্গ-সন্ন্যাস—বাসুদেব ঘোষ প্রণীত এবং শ্রীযুক্ত আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

২। জ্ঞানসাগর—আলি রাজা ওরফে কানু ফকির প্রণীত এবং শ্রীযুক্ত আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় সম্পাদিত।

৩। নেপালী পুথি—নেপালী অক্ষরে এবং বঙ্গভাষায় লিখিত এই গ্রন্থের সম্পাদন-ভার শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয় গ্রহণ করিয়াছেন।

৪। উদ্ভিদ্‌বিদ্যা—বঙ্গবাসী কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু এম্ এ, এফ সি এস মহাশয়-বিরচিত।

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ মহাশয়-সম্পাদিত "মুদ্রিত বাঙ্গালা পুস্তকের তালিকা"র কাপী অমূল্য বাবু কার্য্যনির্ব্বাহকসমিতিতে নির্দ্দিষ্ট সময় মধ্যে না দেওয়ায় সমিতি স্থির করিয়াছেন যে, তাঁহার নিকট হইতে আর কাপী লওয়া হইবে না। এই কার্য্য স্থগিত আছে।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত "লেখমালানুক্রমণী"র মুদ্রণকার্য্য নানা কারণে অগ্রসর হয় নাই। "অনিলপুরাণে"র সম্পাদনভার ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের হস্তে ন্যস্ত ছিল। আলোচ্য বর্ষে তাঁহার শারীরিক অসুস্থতাবশতঃ প্রথমে ইহার কার্য্য কিছুই অগ্রসর হয় নাই এবং বর্ত্তমান বর্ষের শেষে মুস্তফী মহাশয় পরলোক গমন করায় ইহার কার্য্য এখন বন্ধ আছে।

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয়ের প্রদত্ত অর্থে পাশ্চাত্য দর্শনের ইতিহাস প্রণয়ন ও ফরাসী পণ্ডিত গিজোর "ইউরোপীয় সভ্যতার ইতিহাস" নামক গ্রন্থের অনুবাদকার্য্য আরম্ভ হইয়াছে, গত বর্ষের কার্য্যবিবরণে ইহা বলা হইয়াছিল। বর্ত্তমান বর্ষে ইহার ভূমিকা পরিষদের বিশেষ অধিবেশনে পঠিত হইয়াছে। উক্ত অনুবাদ-কার্য্যের ভার শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয় গ্রহণ করিয়াছেন।

শাখা-পরিষৎ

আলোচ্য বর্ষে শাখাপরিষৎগুলিকে তাঁহাদের আপনাদিগের কেন্দ্রে ঐতিহাসিক তথ্যাদি সংগ্রহের জন্য কার্য্যভার অর্পণ করা হইয়াছে। শাখাগুলি ঐ কার্য্যভার গ্রহণ করিয়া স্ব স্ব কেন্দ্রের তথ্যাদি সংগ্রহের প্রয়াস করিতেছেন।

আলোচ্য বর্ষের কার্য্যনির্ব্বাহকসমিতির ১৯শ অধিবেশনে ত্রিপুরায় শাখাপরিষৎ স্থাপিত হইবে ও ঐ সমিতির ২২শ অধিবেশনে নদীয়া কৃষ্ণনগরে শাখাপরিষৎ স্থাপনের প্রস্তাব গৃহীত হইয়াছে।

শাখাপরিষৎসমূহের বিস্তৃত কার্য্যবিবরণ পরিশিষ্টে প্রদত্ত হইল।

আয়-ব্যয়

আলোচ্য বর্ষে সর্ব্বরকমে পরিষদের ১৮২১১৷৴৫ আয় হইয়াছে এবং পূর্ব্ববৎসরের উদ্বৃত্ত ২৩৯১০৷৴৫ ছিল। অতএব আলোচ্য বর্ষে পরিষদের মোট জমা ৪২১২১৸১০ টাকা। আলোচ্য বর্ষে মোট ব্যয় হইয়াছে ১৯৭৫৪৸১০ টাকা। বর্ষশেষে উদ্বৃত্ত রহিয়াছে ২২৩৬৬৸৶০ টাকা। আয়-ব্যয়ের বিস্তৃত বিবরণ পরিশিষ্টে প্রদত্ত হইল।

রমেশ-ভবন

কাসিমবাজারের মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী কে সি আই ই মহোদয় "রমেশ-ভবনে"র জন্য যে ৭ সাত কাঠা ভূমি দান করিয়াছেন, তাহা পরিষ্কৃত হইয়াছে এবং উক্ত ভূমিসংক্রান্ত দলিলের রেজিষ্টারীর কার্য্য সম্পন্ন হইয়াছে। উক্ত ভবনের নক্সা প্রস্তুত হইয়াছে ও উহার ন্যাসরক্ষকগণ এবং পরিষদের ন্যাসরক্ষকগণ ও কার্য্যনির্ব্বাহকসমিতি এক-যোগে তাহা মঞ্জুর করিয়াছেন। গৃহনির্ম্মাণ সম্বন্ধে ও অন্যান্য বিষয় নির্দ্ধারণ জন্য উক্ত ট্রাষ্টিগণ

মিলিত হইয়া কর্ত্তব্য নির্দ্ধারণ করিবেন। আশা করা যায়, বর্ত্তমান বর্ষে উহার ভিত্তি প্রতিষ্ঠিত হইবে।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

বর্ত্তমান বর্ষের ৮ই ও ৯ই বৈশাখ শুক্র ও শনিবারে যশোহরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের নবম অধিবেশন সুসম্পন্ন হইয়া গিয়াছে। সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সাধারণ-সভাপতির ও সাহিত্য-শাখার সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। দর্শন-শাখায় মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ, ইতিহাস-শাখায় প্রাচ্যবিদ্যামহার্ণব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু সিদ্ধান্তবারিধি ও বিজ্ঞান-শাখায় শ্রীযুক্ত প্রমথনাথ বসু বি এস্ সি মহাশয়গণ সভাপতির পদ সুশোভিত করিয়াছিলেন। যশোহরের শ্রীযুক্ত রায় যদুনাথ মজুমদার বাহাদুর স্থানীয় অভ্যর্থনা-সমিতির সভাপতি ও শ্রীযুক্ত কেদারনাথ ভারতী মহাশয় সম্পাদকের পদে নির্ব্বাচিত হইয়া আদর-আপ্যায়ন ও যত্নের সহিত সাহিত্য-সম্মিলনের সকল প্রতিনিধি, আহূত সাহিত্যসেবী ও সাহিত্যানুরাগিগণের যথেষ্ট সম্বর্দ্ধনা করিয়াছিলেন। রায় বাহাদুর যদুনাথের কর্ম্মকুশলতায় সম্মিলনের সকল কার্য্যই সুসম্পন্ন হইয়াছিল। অনেকেই উপস্থিত হইয়া নিজ নিজ প্রবন্ধ পাঠ করিয়াছিলেন, কয়েকটি প্রবন্ধ প্রতিনিধির দ্বারা পঠিত হয় এবং কতকগুলি উপযুক্ত হইলেও সময়াভাবে পঠিত হয় নাই, কিন্তু পঠিত বলিয়া গৃহীত হইয়াছিল। পরিশেষে স্থির হইল, আগামী বর্ষে বাঁকীপুরে সম্মিলনের দশম অধিবেশন আহূত হইবে। সম্মিলনের বিস্তৃত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে রঙ্গপুরে উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলনের নবম অধিবেশন হইয়াছিল। এই অধিবেশনে মাননীয় বিচারপতি সার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। পরিশিষ্টে ইহার সংক্ষিপ্ত কার্য্যবিবরণ প্রদত্ত হইল।

সম্বর্দ্ধনা

আলোচ্য বর্ষে তিনটি সম্বর্দ্ধনা হইয়াছিল। প্রথম—আচার্য্য শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয়কে পরিষৎ সম্বর্দ্ধনা করেন। দ্বিতীয়—মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরকে তাঁহার অভিনব রাজসম্মান প্রাপ্তি উপলক্ষে পরিষৎ তাঁহার সম্বর্দ্ধনা করিয়াছিলেন। তৃতীয়—বর্দ্ধমানের মাননীয় মহারাজ সার শ্রীযুক্ত বিজয়চাঁদ মহাতাপ বাহাদুরকে পরিষৎ সম্বর্দ্ধিত করেন। এই তিনটি সম্বর্দ্ধনা উপলক্ষে পরিষৎ মন্দিরে সান্ধ্য সম্মিলনের আয়োজন হইয়াছিল। এই সান্ধ্য সম্মিলন উপলক্ষে সঙ্গীত, কবিতাদি রচনা, একতান-বাদন, অর্থসাহায্য প্রদান ও কায়িক পরিশ্রমের দ্বারা যাঁহারা পরিষৎকে সহায়তা করিয়াছিলেন, তাঁহাদের নিকট পরিষৎ কৃতজ্ঞ।

উপসংহার

এই বৎসরে আমরা ব্যোমকেশ মুস্তফী মহাশয়কে হারাইয়া যে কত দূর ক্ষতিগ্রস্ত হইয়াছি, তাহা লিখিয়া প্রকাশ করা দুঃসাধ্য। তাঁহার অকাল-মৃত্যুতে পরিষদের বজ্রাঘাত হইয়াছে বলিলে কিছুমাত্র অত্যুক্তি হয় না। তাঁহার ন্যায় অকৃত্রিম সেবক বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যে কত দিনে পাইবেন, তাহা বলা যায় না। বাস্তবিক বলিতে গেলে পরিষৎকে যদি কেহ জীবনের সর্ব্বশ্রেষ্ঠ মহাব্রত বলিয়া গ্রহণ করিয়া থাকেন এবং তদনুরূপ কাজ করিয়া জীবনকে সার্থক করিতে পারিয়া থাকেন, তাহা হইলে তিনি একমাত্র আমাদের স্বর্গগত বন্ধু ব্যোমকেশ বাবু। পরিষদের জন্মাবধি তাঁহার কাজ আমরা দেখিয়াছি তিনি যে কি অক্লান্ত ভাবে ইহার পুষ্টির জন্য খাটিয়াছেন, তাহা কল্পনাতীত বলিয়াই বোধ হয়। সংসারক্ষেত্রে তাঁহার আর্থিক অবস্থা তত ভাল ছিল না—তিনি তৎপ্রতি আদৌ দৃষ্টি না করিয়া, এমন কি, তাঁহাকে যাঁহারা বিশেষভাবে স্নেহ করিতেন, এই শ্রেণীর বিশিষ্ট ব্যক্তিবর্গের, তাঁহার নিজের সাংসারিক অবস্থার উন্নতিকল্পে অনুরোধ উপেক্ষা করিয়াও পরিষদেরই কাজ দিন রাত্রি করিতেন। এমন একজন সেবক পরিষৎ আর পাইবেন না। আমাদের মধ্যে অনেকে পরিষদের সেবা করিয়াছেন ও করিতেছেন। কিন্তু নানা অভাবের মধ্যে থাকিয়া ও নিজের কাজের প্রতি উদাসীন থাকিয়া পরিষদের এমন সেবা করিতে আমরা কয় জন সমর্থ হইয়াছি? ব্যোমকেশ বাবু আত্মবিস্মৃত ছিলেন এবং পরিষৎকেই জীবনের ধ্যান জ্ঞান মনে করিয়া, তাঁহার মৃত্যু পর্য্যন্ত পরিষদের জন্য খাটিয়া গিয়াছেন। আমরা এখন তাঁহার এই ঋণের পরিশোধ কি করিয়া করিব? বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সদস্যগণের ঐ ঋণ পরিশোধের উপায় নাই। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ যত দিন থাকিবে, তত দিন তাঁহার নামের সহিত উহা অচ্ছেদ্য সম্বন্ধ-সূত্রে জড়িত থাকিবে, সন্দেহ নাই। ব্যোমকেশ বাবুর নিকট আমাদের ঋণ অপরিশোধনীয় হইলেও তাঁহার দুঃস্থ পরিবারবর্গকে সাহায্য করা সম্বন্ধে আমাদের কিছু কর্ত্তব্য আছে। পরিষৎ হইতে একটি শাখা-সমিতি গঠিত হইয়া তাঁহার দুঃস্থ পরিবারবর্গের সাহায্যকল্পে চাঁদা সংগ্রহ হইতেছে। কিছু চাঁদা সংগ্রহ হইয়াছে—কিন্তু আশানুরূপ হয় নাই। আমরা আশা করি যে, বাঙ্গালা ভাষার প্রতি অনুরাগী ব্যক্তি মাত্রেই এবং পরিষদের সদস্যমাত্রেই ব্যোমকেশ বাবুর জন্য স্থাপিত সাহায্য-ভাণ্ডারে যথাশক্তি চাঁদা দিয়া তাঁহাদের ঋণপাশ কিছু লঘু করিবেন। আমরা আরও আশা করি যে, ব্যোমকেশ বাবুর আদর্শ স্মরণ রাখিয়া পরিষদের সেবায় যেন আমাদের মধ্যে অন্ততঃ কেহ কেহ তাঁহার পদাঙ্কানুসরণ করেন। আমাদের মধ্যে অনেক কর্ম্মী আছেন, কিন্তু দুর্ভাগ্যবশতঃ তাঁহারা নানা কাজ লইয়াই ব্যস্ত। পরিষদ্ই ধ্যান ও পরিষদ্ই জ্ঞান, এই ভাবে পরিষৎ-সর্ব্বস্ব হইয়া পরিষদের একনিষ্ঠ সেবক হইবেন, এমন সেবক কি পরিষৎ পাইবেন না? যদি না পান, তবে বুঝিব

যে, ব্যোমকেশ বাবুর জন্য আমাদের দুঃখপ্রকাশ ও আমাদের রোদন বৃথা বাহ্যিক শব্দাড়ম্বর মাত্র। ব্যোমকেশ বাবুর অশরীরী বাণী আমাদিগকে এই দিকেই আহ্বান করিতেছে। আমাদের মধ্যে যিনি সক্ষম, তিনি ঐ বাণী শুনিয়া পরিষদের একনিষ্ঠ সেবায় রত হউন এবং নিজ জীবনকে ধন্য করুন। আমার নিশ্চয় বিশ্বাস যে, ব্যোমকেশ বাবুর স্বর্গীয় আত্মা এই প্রকার একনিষ্ঠ সেবা দেখিলেই সর্ব্বাপেক্ষা পরিতৃপ্ত হইবেন। আসুন, আমরা সকলে ইহার জন্য তৎপর হই। ইতি।

বঙ্গাব্দ ১৩১২ } শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী
সম্পাদক।

পরিশিষ্ট—ক

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—রঙ্গপুর-শাখা

একাদশ সাম্বৎসরিক কার্য্যবিবরণ

(স্থাপিত ১৩১২ বঙ্গাব্দ, ১১ই বৈশাখ)

১৩২৩ বঙ্গাব্দে এই সভা দ্বাদশ বর্ষে পদার্পণ করিয়াছে। নিম্নে এই সভার একাদশ বার্ষিক কার্য্যবিবরণ বিবৃত হইল।

আজীবন-সদস্য ২, বিশিষ্ট সদস্য ৬, অধ্যাপক সদস্য ৬, সহায়ক সদস্য ১২, ছাত্র সদস্য ৬০, সাধারণ সদস্য ৩৫২ ; একুন ৪৩৮।

আলোচ্য বর্ষে পরিষদের সদস্য ময়মনসিংহনিবাসী সতীশচন্দ্র চক্রবর্ত্তী এবং রঙ্গপুর বাগদুয়ারনিবাসী সারদাগোবিন্দ তালুকদার মহাশয়দ্বয়ের পরলোক-গমন-সংবাদ সভা দুঃখের সহিত প্রকাশ করিতেছেন।

১২ই আষাঢ় রবিবার (১৩২২) তারিখে অপরাহ্ন ৩॥০টার সময় রঙ্গপুর সাহিত্য-পরিষদের দশম সাম্বৎসরিক অধিবেশনের কার্য্যারম্ভ হয়। কাকিনাধিপতি মাননীয় শ্রীযুক্ত মহেন্দ্ররঞ্জন রায় চৌধুরী, বিদ্যামুকুট মহোদয় পীড়িত হওয়ায়, তাঁহার অনুরোধে রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট্ কালেক্টর এবং রঙ্গপুর সাহিত্য-পরিষদের সভাপতি শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্ এ, আই সি এস্ মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন।

উত্তর-বঙ্গ সাহিত্য-সম্মিলনের নবম অধিবেশন রঙ্গপুরে আহূত হওয়ায় আলোচ্য বর্ষে মাত্র পাঁচটি অধিবেশনে ছয়টি প্রবন্ধ পঠিত হইয়াছিল। এই প্রবন্ধগুলির মধ্যে ঐতিহাসিক ২, কৃষিবিষয়ক ১, আলোচনামূলক ২ এবং প্রত্নতাত্ত্বিক ১টি প্রবন্ধ ছিল।

রঙ্গপুর, নজডাঙ্গানিবাসী শ্রীযুক্ত গোবিন্দকেলি মুনসী মহাশয়ের ব্যয়ে "নিমাইচরিত্র" এ সভার গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইয়াছে।

বঙ্গীয় গভর্ণমেণ্টের প্রধান সচিব মহোদয় সদস্যগণের পাঠার্থ ভারতীয় প্রত্নতাত্ত্বিক বিভাগ হইতে প্রকাশিত কার্য্যবিবরণী বিনামূল্যে প্রদান করিয়া সভার ধন্যবাদভাজন হইয়াছেন।

আলোচ্য বর্ষে সভার গ্রন্থাগারে যে সকল পুস্তক উপহৃত হইয়াছে, সেই সকল গ্রন্থের প্রচারকল্পে এবং গ্রন্থকারদিগকে উৎসাহিত করিবার নিমিত্ত উপহৃত গ্রন্থগুলির বিজ্ঞাপন সভার মুখপত্রে প্রকাশের ব্যবস্থা করা হইয়াছে।

চিত্রশালায় যে সকল ঐতিহাসিক উপকরণ সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে এই সভার সভাপতি শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্ এ, আই সি এস্ বাহাদুর কর্ত্তৃক উপহৃত পিত্তল-নির্ম্মিত দেবীমূর্ত্তি বিশেষ উল্লেখযোগ্য। বিশেষজ্ঞগণ আজ পর্য্যন্তও ঐ মূর্ত্তির স্বরূপ নির্ণয় করিতে পারেন নাই।

অধিবেশনের তারিখ ও প্রদর্শিত দ্রব্যাদি

অধিবেশনের নাম ও তারিখ	পঠিত প্রবন্ধ ও লেখক	প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক	* অন্যান্য আলোচনা
১ম অধিবেশন, ২৭ আষাঢ় ১৩২২, ১১ জুলাই, ১৯১৫ রবিবার।	রঙ্গপুর সৈদপুরের প্রাচীন বিবরণ শ্রীযুক্ত যদুনাথ ঘোষ।	শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সী মহাশয়ের উপহৃত (১) পদ্মাপুরাণ, (২) ময়নামতীর গান, (৩) ইমামচুরি, (৪) নবীর জন্ম, (৫) একটি প্রাচীন রৌপ্যমুদ্রা। শ্রীযুক্ত রাধাবিনোদ চৌধুরী মহাশয়ের উপহৃত হস্তলিখিত রামায়ণ ও মহাভারত।	ভূতপূর্ব্ব সেশন জজ সুকবি বরদা-চরণ মিত্র এম্ এ, সি এস্ মহোদয়ের মৃত্যুতে ও কোচবিহারের পরলোকগত দেওয়ান রায় কালিকাদাস দত্ত সি আই ই বাহাদুরের মৃত্যুতে শোক প্রকাশ।
২য় অধিবেশন, ১৫ই ভাদ্র (১৩২২), ১লা সেপ্টেম্বর (১৯১৫), বুধবার।	ধামশ্রেণী শ্রীযুক্ত কালিদাস রায় বি এ, কবিশেখর	১১৬৯ সনের নওয়াব আলিজা নসরৎজঙ্গ ইমতিয়াজোদ্দৌল্লা নসির্ উল্‌মুলুক কাসেম খাঁ বাহাদুরের এক-খানি ফারমান্।	

তৃতীয় অধিবেশন, ১৬ই আশ্বিন, ১৩২২, ৩রা অক্টোবর, ১৯১৫, রবিবার।	(১) প্রচলিত কৃষিপদ্ধতি— শ্রীযুক্ত যামিনীকুমার বিশ্বাস বি এ (২) বঙ্গে তন্ত্রশাস্ত্রের চর্চ্চা— শ্রীযুক্ত যোগেন্দ্রচন্দ্র বিদ্যাভূষণ।	অম্বিকাচরণ গুপ্ত, যতীশচন্দ্র সমাজপতি ও কবি সুকুমারী দেবীর মৃত্যুতে শোকপ্রকাশ।
চতুর্থ অধিবেশন, ১২ই অগ্রহায়ণ, ১৩২২, ২৮ নভেম্বর, ১৯১৫, রবিবার।	ন্যায়শাস্ত্রের উপকারিতা,— শ্রীযুক্ত ভবরঞ্জন তর্কতীর্থ।	উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলন, নবম অধিবেশন রঙ্গপুরে আহূত হইবার সংবাদ জ্ঞাপন।
পঞ্চম অধিবেশন, ২৬শে মাঘ, ১৩২২, ৯ ফেব্রুয়ারী, ১৯১৬, বুধবার।	নির্দ্দিষ্টসংখ্যক সদস্য উপস্থিত না হওয়ায় সর্ব্বসম্মতিতে এই অধিবেশন স্থগিত রাখা হয়।	
স্থগিত পঞ্চম অধিবেশন, ২৭শে চৈত্র, ১৩২২, ৯ই এপ্রিল, ১৯১৬, রবিবার।	ধর্ম্মপালের তাম্রশাসন— শ্রীযুক্ত পদ্মনাথ বিদ্যাবিনোদ, তত্ত্বসরস্বতী, এম্ এ। মৃগশৃঙ্গাকৃতি পরগাছা। শ্রীযুক্ত রমেশচন্দ্র রায়।	সারদাগোবিন্দ তালুকদার, সতীশচন্দ্র চক্রবর্ত্তী (ময়মনসিংহ), ব্যোমকেশ মুস্তফী মহাশয়গণের মৃত্যুতে শোকপ্রকাশ। যশোহরে আহূত নবম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে উপস্থিত হওয়ার জন্য এ সভার প্রতিনিধি নির্ব্বাচন।

বঙ্গদেশের মাননীয় গভর্ণর লর্ড কারমাইকেল বাহাদুর সভার চিত্রশালার তাঁহার ও তাঁহার পত্নীর ছবি উপহার দিয়া সভার অশেষ ধন্যবাদের পাত্র হইয়াছেন।

রাজসাহী-বিভাগের অস্থায়ী কমিশনার মিঃ শ্যামন্ সভার চিত্রশালায় শুভাগমন করিয়া সংগৃহীত দ্রব্যাদি দর্শন পূর্ব্বক প্রীত হইয়া অনুকূল মন্তব্য লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলনের নবম অধিবেশন মাননীয় বিচারপতি শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে বিগত ১৯।২০ চৈত্র (১৩২২), ১২ এপ্রিল (১৯১৬), শনি ও রবিবার রঙ্গপুরে সম্পন্ন হইয়াছে। কাকিনার মাননীয় রাজা শ্রীযুক্ত মহেন্দ্ররঞ্জন রায়চৌধুরী বিদ্যামুকুট মহোদয় অভ্যর্থনা-সমিতির সভাপতিত্ব গ্রহণ করিয়াছিলেন। বঙ্গের নানা স্থান হইতে সমাগত বাণী-সেবকগণের আগমনে রঙ্গপুর ধন্য হইয়াছিল। সাহিত্যিকগণের পরস্পরের মধ্যে পরিচয়ের জন্য মাননীয় রাজা শ্রীযুক্ত মহেন্দ্ররঞ্জন রায় চৌধুরী মহোদয় ও রাজা শ্রীযুক্ত গোপাললাল রায় বাহাদুর দুই দিনে দুইটি সান্ধ্য সম্মিলনের ব্যবস্থা করিয়াছিলেন।

আলোচ্য বর্ষে সভার মোট আয় ১৫৩০৸/৬ এবং গত বর্ষের উদ্বৃত্ত তহবিল ৩২০৭।৶০, মোট ৪৭৩৮৶/৬ ছিল। তন্মধ্যে সভার সর্ব্বপ্রকারের ব্যয় ১৫৭৫।/০ বাদে অবশিষ্ট ৩১৬২৸/৬ মাত্র আছে। স্থায়ী ধনভাণ্ডারে রক্ষিত ৩০০০৲ টাকা বাদে ১৬২৸৶৬ সভার বিবিধ তহবিলে উদ্বৃত্ত হইয়াছে।

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী
সম্পাদক।

উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলন

নবম অধিবেশন

রঙ্গপুর—১৩২২ বঙ্গাব্দ

বিগত ১৮,১৯ ও ২০ চৈত্র, শুক্র, শনি ও রবিবার রঙ্গপুরের টাউনহলে উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলনের নবম অধিবেশন সম্পন্ন হইয়াছে। ১৮ই তারিখ একটি বিশেষ কৃষি-সাহিত্য-সম্মিলনের জন্য নির্দ্দিষ্ট হইয়াছিল। বঙ্গের বিভিন্ন স্থান হইতে বহু কৃষিসাহিত্যবিৎ এই দিবস সম্মিলনের কার্য্যে যোগদান করিয়াছিলেন।

প্রথম দিবসের অধিবেশনে শ্রীযুক্ত পঞ্চানন নিয়োগী এম্ এ, পি আর এস্, এফ্ সি এস্ সভাপতির কার্য্য করিয়াছিলেন। সভায় নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত ও পঠিত বলিয়া গৃহীত হয়।

১। কৃষি ও কৃষক … … … শ্রীযুক্ত প্রবোধচন্দ্র গুহ এফ্ আর জি এস্
২। গোপালন সম্বন্ধে যৎকিঞ্চিৎ … „ যতীন্দ্রনাথ চক্রবর্ত্তী বি এ, এম এ এস্
৩। কৃষির আবশ্যকতা ও আমাদের কর্ত্তব্য „ যদুনাথ সরকার বি এ, এম্ এ এস্
৪। মেঘ ও বৃষ্টি বিচার … … „ হেমচন্দ্র দেব
৫ তামাক ও তামাক চাষে ঐতিহাসিকত্ব „ যামিনীকুমার বিশ্বাস বি এ
৬। কৃষিশিল্প ও গোরক্ষা … … „ প্রকাশচন্দ্র সরকার বি এল্
৭। কৃষিরসায়নের ক্রমবিকাশ … „ ডাঃ প্রমদাচরণ বিশ্বাস পি এইচ্ ডি
৮। কৃষকের শোচনীয় অবস্থা … „ বৈদ্যনাথ সান্যাল বি এল্
৯। পঞ্জাবে নিমকের খনি … „ রাজেন্দ্রকুমার বিদ্যাভূষণ
(পঠিত বলিয়া গৃহীত)
১০। আর্য্যশাস্ত্রে কৃষিতত্ত্ব (ঐ) … „ যোগেন্দ্রচন্দ্র বিদ্যাভূষণ

ঐ দিবস নিম্নলিখিত প্রস্তাব কয়েকটি পরিগৃহীত হয় ;——

প্রাইমারী ও সেকেণ্ডারী বিদ্যালয়সমূহে কৃষিবিষয়ক শিক্ষাদানের নিমিত্ত এই সম্মিলন গভর্ণমেণ্টকে অনুরোধ করিতেছেন। সম্মিলনের এই নির্দ্ধারণের অনুলিপি শিক্ষাবিভাগের ডিরেক্টার সাহেব বাহাদুরের নিকট পাঠাইবার জন্য স্থায়ী সম্পাদকের উপর ভার প্রদত্ত হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত প্রকাশচন্দ্র সরকার, উকীল, হাইকোর্ট (কলিকাতা)।
সমর্থক—শ্রীযুক্ত শিশিকান্ত ঘোষ, সম্পাদক—কৃষিসম্পদ্ (ঢাকা)

বঙ্গদেশে গভর্ণমেণ্ট কর্ত্তৃক প্রকাশিত কৃষিবিষয়ক কার্য্যবিবরণ ও অন্যান্য গ্রন্থ বাঙ্গালা ভাষাতেও প্রকাশিত হওয়া বাঞ্ছনীয়

প্রস্তাবক—শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র গুহ, এফ্ আর এইচ্ এস্ (ময়মনসিংহ)।
সমর্থক— „ গিরিজাকান্ত ঘোষ (ঢাকা)

কৃষি-সাহিত্যের প্রচারকল্পে বঙ্গদেশের যে যে স্থানে গভর্ণমেণ্ট কৃষি-পরীক্ষাক্ষেত্র প্রতিষ্ঠিত রহিয়াছে, সেই সেই স্থানে কৃষি-প্রদর্শনীগৃহ (মিউজিয়ম) স্থাপিত হওয়া বাঞ্ছনীয়। দ্বিতীয় ও তৃতীয় প্রস্তাবের অনুলিপি কৃষিবিভাগের ডিরেক্টার সাহেব বাহাদুরের নিকট পাঠাইবার জন্য স্থায়ী সম্পাদকের প্রতি ভার অর্পিত হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত হেমচন্দ্র দেব (কলিকাতা)।
সমর্থক— „ যতীন্দ্রনাথ চক্রবর্ত্তী বি এ, এম এ এস্।

উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলনের সংশ্রবে বর্ষে বর্ষে কৃষি-সাহিত্য-সম্মিলনের ব্যবস্থা করা হউক। এই সম্মিলনের পরিচালন-ভার উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলন-পরিচালন-সমিতির উপর অর্পিত হইল।

প্রস্তাবক—শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্ এ, আই সি এস্।
সমর্থক— „ যদুনাথ সরকার বি এ, এম্ এ এস্ (হাওড়া)।

কৃষি-সাহিত্যবিষয়ক গ্রন্থ প্রকাশের নিমিত্ত এই সম্মিলন রঙ্গপুর-সাহিত্য-পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতিকে অনুরোধ করিতেছেন।

প্রস্তাবক—সভাপতি।

১৯শে চৈত্র নিম্নোক্ত প্রস্তাব কয়েকটি গৃহীত হয় ;——

উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলনের সম্মিলিত সভ্যবৃন্দ অতীব দুঃখের সহিত অবগত হইয়াছেন যে, অদ্য প্রাতঃকালে বঙ্গসাহিত্যের একনিষ্ঠ সেবক, সর্ব্বজনপরিচিত ব্যোমকেশ মুস্তফী মহাশয় পরলোকগত হইয়াছেন ; তজ্জন্য এই সম্মিলন গভীর শোক প্রকাশ করিয়া তাঁহার আত্মীয়ের নিকট সমবেদনা প্রকাশ করিতেছেন।

প্রস্তাবক—কবিসম্রাট্, মহামহোপাধ্যায়, পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন।
সমর্থক—শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়, পঞ্চানন, বি এ।

স্থানীয় নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক ও অভ্যর্থনা-সমিতির অন্যতম উদ্যোগী সদস্য বিশ্বেশ্বর সেন এম্ এ মহাশয়ের মৃত্যুতে এই সম্মিলন শোক প্রকাশ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী—সম্পাদক
সমর্থক— „ আশুতোষ লাহিড়ী বি সি ই।

এই সভা প্রস্তাব করেন যে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদানে বাঙ্গালা-সাহিত্যের অধ্যাপনা বাধ্যতামূলক করা হউক। পরন্তু এই ভাষায় শিক্ষা প্রদানের জন্য এক অথবা একাধিক অধ্যাপকের আসন নির্ণয় করা হউক।

প্রস্তাবক—সভাপতি।

গভর্ণমেণ্ট যাহাতে বঙ্গীয় সাহিত্যসেবিগণের মধ্য হইতে পাঠ্য পুস্তক নির্ব্বাচন-সমিতিতে প্রতিনিধি গ্রহণ করেন, তদ্বিষয়ে অনুরোধ জ্ঞাপন করা হউক।

সম্মিলনের স্থায়ী সম্পাদক মহাশয় উল্লিখিত উভয় প্রস্তাবের উদ্দেশ্য সাধন জন্য উপযুক্ত উপায় অবলম্বন করিবেন।

প্রস্তাবক—সভাপতি।

নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত ও পঠিত বলিয়া গৃহীত হয় ;——

সাহিত্য

১। অদ্বৈতমঙ্গল পুথি ও অদ্বৈতাচার্য্যের কালনির্ণয় — শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র গুহ বি এ, বি টি
২। সাহিত্যে জয়দেব ... ... — „ অভিলাষচন্দ্র কাব্যতীর্থ
৩। বাঙ্গালা ভাষার উপর বৈদেশিক প্রাচ্যকালের প্রভাব — „ রাজকুমার বেদতীর্থ
৪। বাঙ্গালা-সাহিত্যের একটি প্রধান অভাব... — „ সুখবিন্দু সেন
৫। সংস্কৃত নাটকে নানান্ ভাষা .. — „ শিবপ্রসাদ ভট্টাচার্য্য
৬। সে কালের বাঙ্গালা সাময়িক পত্রিকা ও বঙ্গসমাজ — „ কেদারনাথ মজুমদার
৭। সাহিত্যিক ভাষা ও চলিত কথা ... — „ বৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য বি এ
৮। বাঙ্গালী মুসলমানের ভাষা ও সাহিত্য — „ মহম্মদ ইয়াকুব আলি চৌধুরী
৯। বাঙ্গালা ভাষায় ব্যাকরণ ও শব্দকোষের অভাব — „ রাজকুমার বেদতীর্থ
১০। বাঙ্গালা সাহিত্যের একটি প্রধান অভাব — „ সুখরঞ্জন সেন গুপ্ত
১১। শিল্প ও সাহিত্য (পঠিত বলিয়া গৃহীত) — „ পি, সি, দত্ত এল্ এম্ ই
১২। বাঙ্গালা সাধুভাষা (ঐ) ... — „ বীরেশ্বর সেন

১৩। বাঙ্গালা সাহিত্যে কবিকঙ্কণ (পঠিত বলিয়া গৃহীত) শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রকুমার কাব্যার্ণব
১৪। বাঙ্গালা সাহিত্যালোচনা প্রসঙ্গে
কয়েকটি প্রয়োজনীয় কথা (ঐ) ... " কুলদাচরণ সরকার
১৫। সাহিত্যের অনুপ্রাণন (ঐ) ... " শরচ্চন্দ্র চৌধুরী বি এ

দর্শন

১। বেদান্ত-দর্শনে বিবর্ত্তবাদ ও পরিণামবাদ শ্রীযুক্ত কোকিলেশ্বর বিদ্যারত্ন, কাব্যতীর্থ, শাস্ত্রী, এম্ এ
২। যোগবলে শারীরিক বলের পরিচয় (পঠিত বলিয়া গৃহীত), " যতীন্দ্রনাথ রায়চৌধুরী
৩। কপিলের নিরীশ্বরবাদ (ঐ) " কেদারনাথ ভারতী, সংখ্যতীর্থ
৪। ন্যায়দর্শনে শ্রীহট্ট (ঐ) " হরকিঙ্কর দাস
৫। বৌদ্ধধর্ম্মে আত্মবাদ (ঐ) " সন্তোষকুমার মুখোপাধ্যায়
৬। জন্ম মৃত্যু কি? (ঐ) " অমৃতলাল গুপ্ত, কবিভূষণ

ইতিহাস

১। দনুজমর্দ্দন দেব ... শ্রীযুক্ত প্রভাসচন্দ্র সেন বি এল্
২। মহাকবি বাণভট্ট ... " বাসুদেব সার্ব্বভৌম
৩। ইউরোপীয় আর্ম্মেনীয়ায় হিন্দুপনিবেশ " গণপতি রায় বিদ্যাবিনোদ

বিজ্ঞান

১। জড়ের মূল উপাদান ... শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ
২। প্রাচীন ভারতের রণপ্রসঙ্গ " পূর্ণচন্দ্র রায়
৩। বৃন্দ ও মাধব ... " জ্যোতিশ্চন্দ্র সরস্বতী
৪। শারীরিক রক্ত সঞ্চালন-ক্রিয়াতত্ত্ব " মহম্মদ রসিদল হক্ হাকিম

বিবিধ

১। একান্ন পীঠ ... ... শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ
২। পল্লীর দুর্দ্দশা (পঠিত বলিয়া গৃহীত) " গুরুচরণ রক্ষিত
৩। চরক (ঐ) ... " কৃষ্ণদাস বসাক
৪। দেবাসুরের যুদ্ধ ও বৃত্রাসুর বধ (ঐ) " " "
৫। প্রাচীন ভারতে দ্যূতক্রীড়া ... " দুর্গাসুন্দর বিদ্যাবিনোদ
৬। সনাতন ধর্ম্ম ও বিবাহ ... " যোগেশবালা দেবী

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায়চৌধুরী
উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের স্থায়ী সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

ভাগলপুর-শাখা

একাদশ বার্ষিক কার্য্য-বিবরণী

১৩২৩

১৩২২ সনে শাখা-পরিষদের কার্য্য নানা কারণে তেমন সন্তোষজনক হয় নাই। পরিষদের নিজ গৃহাদি না থাকাই তাহার মধ্যে প্রধানতম। এ বিষয়ে আমরা কার্য্য-নির্ব্বাহক-সমিতির—ভাগলপুরের জনসাধারণের ও পরিষদের অপরাপর অনুগ্রাহক ও পৃষ্ঠপোষকবর্গের সহানুভূতি ও সাহায্য প্রার্থনা করি। ভাগলপুর ইন্‌ষ্টিটিউটের কর্ত্তৃপক্ষগণের সৌজন্যে পরিষৎ তাহার জন্মকাল হইতে আশ্রয় লাভ করিয়াছে এবং ইহার জন্য পরিষৎ উক্ত কর্ত্তৃপক্ষগণের নিকট অপরিশোধ্য ঋণে আবদ্ধ। কিন্তু পরিষদের বর্ত্তমান বয়সে এমন অবস্থা আসিয়াছে যে, ইনষ্টিটিউট-গৃহে পরিষদের সকল কার্য্য স্বাধীনতা ও স্বচ্ছন্দতার সহিত আর নির্ব্বাহ হয় না। বিশেষ ছাত্র-সমিতির সভ্যগণ এখানে সর্ব্বতোভাবে আমাদের সহিত যোগ দিতে পারেন না বলিয়া, তাঁহাদের সহিত পরিষদের সম্বন্ধ যেন উত্তরোত্তর শিথিল হইয়া পড়িতেছে। ইহা পরিষদের পক্ষে বিশেষ ক্ষতির কথা। কিন্তু পরিষদের বর্ত্তমান আর্থিক অবস্থায় ইহার গত্যন্তর নাই বলিয়াই আমাদের মনে হয়। তবে আমার কথা এই যে, আলোচ্য বর্ষে সভ্যগণের মনে এই কথাটি বারম্বার উদিত হইয়াছে। কার্য্য-নির্ব্বাহক-সমিতির কয়েকটি অধিবেশনে এই বিষয় লইয়া বিশেষ আলোচনাও হইয়া গিয়াছে এবং তাহার ফলে পরিষদের নিয়মাদির অনেক পরিবর্ত্তন ঘটিয়াছে। বিগত ৩রা পৌষের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে নিয়মাদির আলোচনা ও প্রণয়নের জন্য একটি বিশেষ সমিতি গঠিত হয়। উক্ত সমিতি নিয়মাদির যে খসড়া প্রস্তুত করেন, তাহা কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ কর্ত্তৃক যথারীতি গৃহীত হইয়া—বার্ষিক অধিবেশনে সাধারণ সভ্যগণ কর্ত্তৃক অনুমোদিত হইয়াছে এবং উক্ত নূতন নিয়মাবলির দ্বারা অতঃপর কার্য্য চালাইবার ব্যবস্থা করা হইয়াছে। ভরসা আছে, নূতন বৎসরে নূতন নিয়মাদির দ্বারা পরিচালিত হইয়া পরিষৎ উন্নতির পথে অগ্রসর হইবে। আলোচ্য বর্ষে ৪টি মাসিক অধিবেশন হইয়াছে।

তারিখ	বিষয়	বক্তা বা প্রবন্ধ-লেখক
১। ৫ই জ্যৈষ্ঠ	বৈষ্ণবপদাবলী ও পদকর্ত্তা	শ্রীযুক্ত দুর্গদাস রায়
২। ১৮ই ভাদ্র	বৈষ্ণব সাহিত্য ও পদাবলী	ঐ
৩। ২৩শে চৈত্র	বাঙ্গলা কবিতার ছন্দ	শ্রীযুক্ত সত্যসুন্দর বসু বি এল্
৪। ৩০শে চৈত্র	জড়ের প্রকৃতি	শ্রীযুক্ত হরলাল গুপ্ত এম্ এ

ইহা ছাড়া শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ ব্যারিষ্টার মহাশয়ের সভাপতিত্বে শাখা-পরিষদের অকৃত্রিম বন্ধু স্বর্গীয় মন্মথনাথ বন্দ্যোপাধ্যায়ের অকালে পরলোক গমনের জন্য শোক প্রকাশ

করিবার নিমিত্ত একটি বিশেষ সভার অধিবেশন হয়। উপরোক্ত ৪র্থ অধিবেশনে শ্রীযুক্ত শিশিরকুমার মিত্র এম্ এস্ সি স্বর্গীয় উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর মৃত্যুতে শোক প্রকাশ ও তাঁহার জীবনী সম্বন্ধে আলোচনা করেন এবং শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের অকাল-মৃত্যুতে শোক প্রকাশ করিয়া প্রবন্ধ পাঠ করেন। এই অধিবেশনে স্বর্গীয় মুস্তফী মহাশয়ের দুঃস্থ পরিবারবর্গের সাহায্যার্থে কিছু চাঁদা সংগ্রহ হয় এবং চাঁদার টাকা পরে মূল-পরিষদে প্রেরিত হয়।

আলোচ্য বর্ষে পরিষদের সভ্য-সংখ্যা ৫৩ জন ছিল। পরিষদের তহবিলে উক্ত বর্ষের শেষে ১৯০৲ টাকা জমা ছিল।

আলোচ্য বর্ষে পুস্তকাগারের জন্য নিম্নলিখিত মাসিক পত্রগুলি মূল্য দিয়া লওয়া হইয়াছে। প্রবাসী, ভারতী, সবুজপত্র, নারায়ণ, উদ্বোধন ও ভারতবর্ষ।

ভাগলপুর ইন্‌ষ্টিটিউটের কর্তৃপক্ষগণ পরিষৎকে যেরূপ সাহায্য করিয়া আসিতেছেন, তাহাতে তাঁহারাই সর্বাগ্রে আমাদের আন্তরিক ধন্যবাদের পাত্র। দেশপ্রসিদ্ধ ব্যারিষ্টার শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয় ভাগলপুরে অবস্থানকালে পরিষদের প্রতি অযাচিত ভাবে তাঁহার অপরিসীম স্নেহ দেখাইয়াছেন। পরিষদের উন্নতিকল্পে তিনি এককালীন ১০০৲ টাকা দান করিয়া আমাদের কৃতজ্ঞতার ঋণ বাড়াইয়া গিয়াছেন।

শ্রীমণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

চট্টগ্রাম-শাখা

১৩২২ বঙ্গাব্দ

মাসিক অধিবেশন

আলোচ্য বর্ষে সাহিত্য-পরিষদের মাসিক অধিবেশনে 'মুদ্রাকরপ্রমাদ,' 'নির্ঝরের প্রতি,' 'শান্তি,' 'অস্ত্র-চিকিৎসায় মুসলমান,' 'থিওসফি ও থিওসফিকেল সোসাইটী,' 'ফকিরকা দৌলত,' 'ওলাউঠা ও তাহার প্রতিকার,' 'সুলতান বায়েজিৎ বোস্তামী,' 'রঙ্গমতী,' 'বর্তমান শিক্ষাসমস্যা,' 'কবির কথা,' 'নবীনচন্দ্রের শৈলজা,' 'ফাল্গুনীর সমালোচনা,' 'জলপথে,' 'হিন্দুবিধবা' এবং 'চট্টগ্রামের প্রাচীন বৃত্তান্ত' শীর্ষক প্রবন্ধ ও কবিতা পঠিত হইয়াছে। পঠিত প্রবন্ধাদি সম্বন্ধে সম্যক্ আলোচনাও হইয়াছে।

বিশেষ অধিবেশন

চট্টলের কৃতী সন্তান, শ্রীহট্ট মুরারীচাঁদ কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত অপূর্বচন্দ্র দত্ত এবং সংস্কৃত কলেজিয়েট স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত বেণীমাধব দাস মহোদয়দ্বয়ের সম্বর্দ্ধনার্থ

পরিষদের একটি বিশেষ অধিবেশন হইয়াছিল। জাপানপ্রত্যাগত প্রথিতযশা কর্ম্মবীর শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস, রায় বাহাদুর মহোদয়কে সম্মানিত করিবার নিমিত্ত চট্টগ্রামের জনসাধারণ যে আয়োজন করিয়াছিলেন, সাহিত্য-পরিষদের সদস্যগণ বিশেষভাবে সেই সভায় যোগদান করিয়াছিলেন। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও ৺মহাকবি নবীনচন্দ্রের স্মৃতি-সভায় যথারীতি অনুষ্ঠান করা হইয়াছিল।

পরিষৎপুস্তকালয়

পরিষৎপুস্তকালয়ে মোট ৬৭০ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে। এ বৎসর নিম্নলিখিত পুস্তকগুলি পাওয়া গিয়াছে। পুস্তক উপহারদাতৃগণকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

মন্দিরে, Roshinora, জ্ঞানাঞ্জন, নিমীলন, প্রবাহিকা, শোকে শান্তি, পরাগ, A firman of Emperor Anrangzebe, চন্দ, আধুনিক ব্রহ্মচর্য্য, পল্লীপথিক, আয়ুর্ব্বেদ-কুসুমাঞ্জলি, চট্টল কায়স্থ-পরিচয়, পল্লী ইতিহাস, বৈদিক সন্ধ্যাবধি, কালাচাঁদ-মাহাত্ম্য, মৃগলুব্ধ ও সংবাদ, সত্যনারায়ণের পুঁথি, প্রাচীন পুথির বিবরণ, গীতাধর্ম্মামৃত, বঙ্গবাণী, অহম্ রত্ন, মাধবী, সুনীতিবিকাশ ১ম ও ২য় ভাগ, সংস্কৃত প্রবেশিকা ব্যাকরণ, জগতরহস্য, পাপরহস্য বা চৈতন্যসঙ্কেত, জীবনকথা, কল্পনাপ্রসূন, উদ্ধব-সংবাদ।

শুভ-সংবাদ

পরিষদের সহকারী সম্পাদক শ্রীযুক্ত মৌলবি আবদুল করিম সাহেব চট্টল ধর্ম্মমণ্ডলীর পণ্ডিতগণ কর্তৃক 'সাহিত্যবিশারদ' উপাধি দ্বারা বিভূষিত হইয়াছেন। কাশীধামের গুণগ্রাহী পণ্ডিতগণ পরিষদের হিতকামী সদস্য শ্রীযুক্ত ক্ষেমেশচন্দ্র রক্ষিত মহাশয়কে 'কবিরঞ্জন' উপাধি প্রদান করিয়াছেন।

চট্টগ্রাম-সাহিত্য-সম্মিলন

বিগত চৈত্র মাসের শেষ সপ্তাহে চট্টলের প্রধান পল্লী পটীয়ায় মহাসমারোহে চট্টগ্রাম সাহিত্য-সম্মিলনের দ্বিতীয় বার্ষিক অধিবেশন সুসম্পন্ন হইয়া গিয়াছে। চট্টলের সাহিত্যসেবী শ্রীযুক্ত রজনীরঞ্জন সেন রায়, বি এল মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। পটীয়ার সাহিত্যানুরাগী উৎসাহী উকীল শ্রীযুক্ত শ্যামাচরণ চৌধুরী অভ্যর্থনা-সমিতির সভাপতি হইয়াছিলেন এবং সাহিত্য-রসিক, সুকণ্ঠ শ্রীযুক্ত প্রসন্নকুমার সেন সম্মিলন-সম্পাদকের কার্য্য করিয়াছিলেন।

অনুসন্ধান-সমিতির-কার্য্য (পল্লীগ্রামে)

গত বৎসর সাহিত্য-পরিষদের চতুর্থ বার্ষিক উৎসব-সভায় পল্লী-সাহিত্য-সভার সহিত সাহিত্য-পরিষদের সংযোগ স্থাপন এবং পল্লীপরিষৎ ও পুস্তকালয় প্রতিষ্ঠার প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে পরিগৃহীত হইয়াছিল। যদিও আমার এই দুর্ব্বল স্কন্ধে পরিষদের গুরুভার ন্যস্ত হইয়াছে, তথাপি 'ফতেয়াবাদ-সম্মিলনী,' 'দক্ষিণহাট হাজারি সুহৃদসমিতি' এবং 'কচুয়খিল বালক সম্মিলনী' অনুগ্রহপূর্ব্বক আমাকে তাঁহাদের বার্ষিক উৎসবসভায় টানিয়া নিয়া পল্লিপরীষদের

প্রতিষ্ঠা করিয়াছেন। তাঁহারা এই অযোগ্য ব্যক্তিকে সভাপতি স্বরূপ গ্রহণ করিয়া সাহিত্য-পরিষৎকে শুধু সম্মানিত করিয়াছেন, তাহা নহে, পরিষদের অনুসন্ধান-সমিতির কার্য্যেরও অনেকটা সাহায্য করিয়াছেন। ফতেয়াবাদ গ্রামে নছরৎবাদ সাহের প্রকাণ্ড দীর্ঘিকা ও তাহারই নিকটে উক্ত বাদসাহ-নির্ম্মিত মস্‌জিদের ধ্বংসাবশেষ প্রভৃতি অনেক প্রাচীন উপকরণের সন্ধান পাওয়া গিয়াছে। তথায় অতি প্রাচীন একখানি মন্দিরও পাওয়া গিয়াছে। মন্দিরগাত্রে কি কি লেখা আছে, কিন্তু ঐ লিপির পাঠোদ্ধারের এ পর্য্যন্ত কোন চেষ্টা হয় নাই। দক্ষিণহাট হাজারির অন্তর্গত শিকারপুর গ্রামে প্রায় চারি শত বর্ষের অতি প্রাচীন মন্দিরের সন্ধান পাওয়া গিয়াছে। মন্দিরগাত্রে নানাবিধ ফলফুল, লতাপাতা-পরিশোভিত নক্সাযুক্ত ইষ্টকের হ্রস্বত্ব, গাঁথনির স্থায়িত্ব এবং মন্দিরদ্বয়ের ক্ষুদ্রত্ব মন্দিরের বহু প্রাচীনত্বের পরিচয় দিতেছে। মন্দিরের উত্তর দিকে একটী মাত্র দ্বার আছে, কোনরূপ জানালা নাই। মধুরাম চৌধুরীর পূর্ব্বপুরুষ তিলকচন্দ্র রায়চৌধুরী ১৪৯৩ শকাব্দায় বিষুবসংক্রান্তি দিনে মাতৃদেবীর স্বর্গার্থ এই মন্দিরে কূর্ম্মচক্র স্থাপন করেন। পরিষদের উৎসাহী সদস্য শ্রীযুক্ত শরচ্চন্দ্র কাব্যতীর্থ এই প্রাচীন লিপির পাঠোদ্ধার করিয়া দিয়াছেন। কচুরখিল গ্রামে কালাচাঁদ রায়চৌধুরি-প্রতিষ্ঠিত কালাচাঁদ বাসুদেব বিগ্রহ ৺অভয়াচরণ রায়চৌধুরী সবজজ বাহাদুরের বাড়ীতে এখনও বর্ত্তমান রহিয়াছে। উক্ত কালাচাঁদ রায় সূর্য্যবংশীয় গৌড়াধিপতি মহারাজ নরেন্দ্রসিংহ দেববর্ম্মার বংশধর। এই বংশের ইতিহাস এবং এই গ্রামের ইতিবৃত্ত সম্বন্ধে শ্রীযুক্ত মৌঃ আবদুল করিম সাহেব 'সম্মিলন' পত্রিকায় বহু তথ্যপূর্ণ প্রবন্ধ ধারাবাহিকরূপে বাহির করিতেছেন।

অনুসন্ধান-সমিতির-কার্য্য (সহরে)

শিখগুরু নানক দেব চারি শত বর্ষ পূর্ব্বে এই চট্টগ্রাম সহরে পদার্পণ করিয়াছিলেন। চট্টগ্রাম সহরের উত্তর প্রান্তে একটী শিখ-মন্দিরের সম্প্রতি সন্ধান পাওয়া গিয়াছে। শিখ সন্ন্যাসী শ্রীযুক্ত কৃপালদাস উদাসী এবং আসাম বেঙ্গল রেলওয়ে কোম্পানির শিলচরের এসিষ্টেণ্ট ইঞ্জিনিয়ার শ্রীযুক্ত সুলক্ষণ সিংহের সাহায্যে মন্দিরের বহির্দ্বারের উপরিভাগে স্থিত শিখদের দশম গুরু গুরুগোবিন্দ সিংহের লৌহনির্ম্মিত নিশান ও অন্যান্য লিপির পাঠোদ্ধার করিতে সমর্থ হইয়াছি। 'চট্টলে শিখমন্দির' শীর্ষক একটি সচিত্র প্রবন্ধ পরিষৎ-সম্পাদক কর্ত্তৃক 'ভারতবর্ষ' পত্রিকায় গত চৈত্র মাসে প্রকাশিত হইয়াছে।

চট্টগ্রাম সহরের উত্তর পশ্চিম কোণে নাছিরাবাদের সন্নিহিত নগরবাঁধের সংলগ্ন একটি ক্ষুদ্র পাহাড়ে ফকির গরীবউল্লা সাহের ইষ্টক নির্ম্মিত সমাধির সন্ধান পাওয়া গিয়াছে। পাহাড়ের সানুদেশে অবস্থিত স্বচ্ছ সলিলপূর্ণ একটি পুষ্করিণী আছে। বহু দূর দূরতর স্থান হইতে আগত ঐকাহিক, দ্ব্যাহিক, বিশেষতঃ চাতুর্থিক জ্বর বা মরাজ্বরে আক্রান্ত রোগিগণ অতি প্রত্যূষে দুরারোগ্য রোগমুক্তি-কামনায় ঐ পুষ্করিণীতে অবগাহন স্নান করিয়া থাকে। এইরূপে অনেক জ্বররোগী রোগমুক্ত হইয়া ফকির গরীবউল্লা সাহের মাহাত্ম্য কীর্ত্তন করিতে দেখা যায়। এই ফকির সম্বন্ধে নানা কিম্বদন্তী আছে, এ স্থলে বিস্তৃত আলোচনা নিষ্প্রয়োজন।

প্রাচীন পুথি-সংগ্রহ

শিকারপুর গ্রামনিবাসী শ্রীযুক্ত বরদাচরণ চৌধুরীর বাড়ীতে দুখানা প্রাচীন পুথি পাওয়া গিয়াছে। (১) শ্রীপদ্মপুরাণোক্ত মনসা পুস্তিকা। (২) একাদশীর উপবাস। প্রথম খানির বয়স ১১৫ বৎসর। দ্বিতীয়খানির বয়স ৫৭০ বৎসর।

চট্টগ্রামের সংবাদ-পত্রিকা

চট্টগ্রামের সংবাদপত্রিকার একটি সংক্ষিপ্ত ইতিবৃত্ত পরিষৎ-সম্পাদক কর্ত্তৃক স্থানীয় 'জ্যোতিঃ' পত্রিকায় গত বৈশাখ মাসে প্রকাশিত হইয়াছে।

বর্ত্তমান বর্ষের কর্ম্মপরিচালকগণ

১৩২৩ বঙ্গাব্দের জন্য নিম্নলিখিত কর্ম্মচারিগণ নির্ব্বাচিত হইয়াছেন;—

শ্রীযুক্ত নবীনচন্দ্র দত্ত রায় বাহাদুর—	সভাপতি।
শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন বি এল্ শ্রীযুক্ত বিপিনবিহারী নন্দী	সহকারী সভাপতি।
শ্রীযুক্ত ত্রিপুরাচরণ চৌধুরী	সম্পাদক।
শ্রীযুক্ত মৌঃ আবদুল করিম শ্রীযুক্ত বিপিনচন্দ্র চেধুরী বি এ শ্রীযুক্ত ডাঃ প্রমোদাকুমার বিশ্বাস পি এইচ ডি	সহকারী সম্পাদকগণ।

শ্রীত্রিপুরাচরণ চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

গৌহাটী-শাখা

সপ্তম বর্ষের কার্য্যবিবরণী

গৌহাটি পরিষৎ-শাখার এই সপ্তম বর্ষ শেষ হইল। এ বৎসর স্থানীয় ভদ্রমহোদয়গণের অনুগ্রহে পঞ্চম ও ষষ্ঠ বর্ষের কার্য্যবিবরণী সহ "প্রবন্ধ সংগ্রহ—প্রথম ভাগ" মুদ্রিত হইয়াছে।

সপ্তম বর্ষের সভাপতি—শ্রীযুক্ত প্রসন্নচন্দ্র দাশগুপ্ত বি এ

সম্পাদক—অধ্যাপক শ্রীযুক্ত ভুবনমোহন সেন

কার্য্যনির্ব্বাহক-সমিতি— সভাপতি ও সম্পাদক

শ্রীযুক্ত কালীচরণ সেন বি এল

বনমালী বেদান্ততীর্থ এম্ এ

আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ

শ্রীযুক্ত রাজেন্দ্রলাল চক্রবর্ত্তী
" প্রফুল্লচন্দ্র রায় এম্ এ
" সিদ্ধেশ্বর ঘোষ
" নন্দলাল বিশ্বাস বি এল
" সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

এ বৎসরে একবার মাত্র কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হইয়াছিল।

অধ্যাপক শ্রীযুক্ত আনন্দকিশোর দাস মহাশয় এই পরিষৎ-শাখার প্রতিনিধিরূপে যশোহর অষ্টম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে উপস্থিত ছিলেন এবং রংপুরে অষ্টম উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনে সভার প্রতিনিধিরূপে অধ্যাপক শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত নদীয়াবিহারী দাস, শ্রীযুক্ত সারদাচরণ গাঙ্গুলি ও অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত অবনীমোহন দত্ত মহাশয়গণ উপস্থিত ছিলেন।

পূর্ব্বের ন্যায় এ বৎসরও গোহাটী শাখা-পরিষৎ বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ পত্রিকা ও প্রতিভা পত্রিকা নিয়মিতরূপ প্রাপ্ত হইয়াছেন। কার্য্যবিবরণী ও প্রবন্ধসংগ্রহ ১ম ভাগ ছাপাইয়া যৎসামান্য পরিষৎ-শাখার তহবিলে আছে। এ বৎসরে মোট ৮টি অধিবেশন হয়। অধিবেশনগুলিতে ১৫টি প্রবন্ধ পঠিত হয়।

	মাস	বিষয়	লেখক
প্রথম অধিবেশন	শ্রাবণ	১। স্থপতিবিদ্যা ও প্রাচীন ভারত—	শ্রীযুক্ত রাসবিহারী নন্দী
		২। বিশ্বভাষা—	" প্রসন্নচন্দ্র দাসগুপ্ত বি এ
দ্বিতীয় "	ভাদ্র	১। কিমিয়বিদ্যা ও রসায়ন—	অধ্যাপক শ্রীযুক্ত হর্ষনাথ সেন
		২। স্থপতিবিদ্যা ও প্রাচীন ভারত—	শ্রীযুক্ত রাসবিহারী নন্দী
তৃতীয় "	আশ্বিন	১। ভারতে সেকন্দর—	শ্রীযুক্ত সারদাচরণ গাঙ্গুলী বি এ
		২। ৺মাণিকচন্দ্র বড়ুয়া—	শ্রীযুক্ত গোপালকৃষ্ণ দে
চতুর্থ "	কার্ত্তিক	১। সমসাময়িক পাশ্চাত্য দর্শন—	অধ্যাপক শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত
		২। আসামে হিন্দুধর্ম্মে সম্প্রসারিণী শক্তি—	শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়
পঞ্চম "	পৌষ	১। নূতন উপায়ে কৈশিক সংখ্যাত কোণের পরিমাণ—	অধ্যাপক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য
		২। বঙ্গ-সাহিত্যে দৈন্য—	শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সান্যাল এম্ এ
ষষ্ঠ "	মাঘ	১। নাট্যসাহিত্য ও দ্বিজেন্দ্রলাল—	শ্রীযুক্ত রাজেন্দ্রলাল চক্রবর্ত্তী
		২। ভারতীয় শিল্পকলা ও তাহার আদর্শ—	শ্রীযুক্ত বিরজাশঙ্কর গুহ এম্ এ

	মাস	বিষয়	লেখক
সপ্তম অধিবেশন	ফাল্গুন	১। জড়ের মূল উপাদান—	অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
		২। ভারতীয় শিল্পকলা ও তাহার আদর্শ—	শ্রীযুক্ত বিরজাশঙ্কর গুহ
অষ্টম	” শ্রাবণ(১৩২৩)	১। হিন্দুসঙ্গীত—	শ্রীযুক্ত রামেশচন্দ্র ভাদুড়ী বি এ

গৌহাটী
২৪শে শ্রাবণ।

শ্রীভুবনমোহন সেন
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

কালনা-শাখা

তৃতীয় বার্ষিক কার্য্যবিবরণী

সন ১৩২২ সাল

"বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—কালনা-শাখা" ১৩২২ বঙ্গাব্দে তৃতীয় বর্ষ বয়ঃক্রম অতিক্রম করিয়াছে।

সভ্য

আলোচ্য বর্ষে ১২ জন সাধারণ সভ্য ও ১ জন অধ্যাপক সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। বর্ষশেষে সভ্যসংখ্যা ১৬৭ জন দাঁড়াইয়াছে। বহু সভ্যের নিকট চাঁদা বাকী পড়ায়, আশানুরূপ কার্য্য হইতেছে না।

অধিবেশন

আলোচ্য বর্ষে শাখাপরিষদের ৭টি মাসিক ও ১টি বিশেষ অধিবেশন হইয়াছিল। কালনার "ক্লাব"-কক্ষে ও ভিক্টোরিয়া টাউন হলে শাখা-পরিষদের সকল অধিবেশনই নির্ব্বাহিত হইয়াছে।

অধিবেশনে পঠিত প্রবন্ধাদি

১ম মাসিক, ২০ বৈশাখ—১। আদর্শ—শ্রীহেমন্তকুমার সরকার
২। কালনার পুরাতত্ত্ব—শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ [প্রথমাংশ]
২য় „ ১০ আষাঢ়—৩। সাহিত্য ও জনসাধারণ—শ্রীবলাই দেবশর্ম্মা
৪। সহজ-সাধন (ধ)—শ্রীহরিলাল মোহান্ত
৫। কয়েকটি ছড়া ও গল্প—স্বামী শ্রীকেশবানন্দ
৬। রাজা কিঙ্করমাধব সম্বন্ধে কয়েকটি কথা—শ্রীহরিপদ ঘটক
৭। কাল্‌নার গুঁয়োতোলা মন্ত্র—শ্রীকালিদাস বন্দ্যোপাধ্যায়

৩য় মাসিক ১২ শ্রাবণ—৮। কালনার পুরাতত্ত্ব—শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ [দ্বিতীয়াংশ]

৪র্থ " ১ ভাদ্র—৯। সাধক রামনারায়ণ মিশ্র—শ্রীবসন্তকুমার ওঝা

১০। আধুনিক বঙ্গভাষা—ডাঃ শ্রীউপেন্দ্রনাথ নাগ এল্ এম্ এস্

১১। সহজ-সাধন (৬)—শ্রীহরিলাল মোহান্ত

৫ম " ২২ আশ্বিন—১২। বঙ্গভাষা সম্বন্ধে কয়েকটি কথা—অধ্যাপক শ্রীদেবেন্দ্রনাথ মজুমদার

৬ষ্ঠ " ১৫ অগ্রহায়ণ ১৩। স্ত্রীশিক্ষা—শ্রীশরচ্চন্দ্র লাহিড়ী এম্ এ

৭ম " ২৬ অগ্রহায়ণ—১৪। বনভ্রমণ—শ্রীবসন্তকুমার ওঝা

১৫। সংস্কৃত-সাহিত্যে রাজনীতি ও যুদ্ধনীতি—শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ

১৬। হাজী হোরমতুল্লা সাহেবের প্রাচীন পুস্তক—স্বামী শ্রীকেশবানন্দ

১ম বিশেষ, ১৬ পৌষ—১৭। অতীত ও বর্ত্তমানের বিবাদভঞ্জন—শ্রীনির্ম্মলপদ চট্টোপাধ্যায়

১৮। আমাদের পল্লী—শ্রীকালিদাস বন্দ্যোপাধ্যায়

১৯। ৺বাগ্‌দেবীদর্শন—শ্রীহরিহর রায়

এতদ্ব্যতীত বিভিন্ন অধিবেশনে কয়েকটি কবিতাও পঠিত হইয়াছিল।

প্রদর্শন

১। হোঙ্কার রাজ্যের তাম্রমুদ্রা—শ্রীগোপেন্দুভূষণ বিদ্যাবিনোদ

২। সুঙ্গদেবরুদ্রসিংহের রৌপ্য মুদ্রা—শ্রীকালিদাস বন্দ্যোপাধ্যায়

৩। গৌরীনাথ সিংহের রৌপ্য মুদ্রা—শ্রীশচীন্দ্রকুমার চক্রবর্ত্তী বি এ

৪। রাধামোহন পুথি ও কয়েকটি নবাবিষ্কৃত প্রাচীন আর্য্যা—শ্রীসত্যকিঙ্কর কুণ্ডু কাব্যকণ্ঠ

পুথিসংগ্রহ

আলোচ্য বর্ষে পুরাতন হাটনিবাসী শ্রীযুক্ত কালীপদ মুখোপাধ্যায় মহাশয় অসংখ্য পুথি উপহার দিয়া এবং স্বামী শ্রীযুক্ত কেশবানন্দ প্রমুখ কতিপয় সভ্য বিবিধ সংগ্রহ দ্বারা শাখা-পরিষৎকে যথেষ্ট সাহায্য করিয়াছেন।

সাহিত্য আলোচনা

বিভিন্ন অধিবেশনে নিম্নলিখিত বিশেষজ্ঞ সভ্যগণ বিবিধ বিষয়ের আলোচনা ও বক্তৃতা করিয়াছিলেন,—১। অধ্যাপক শ্রীদেবীপ্রসন্ন স্মৃতিভূষণ, ২। শ্রীশশিভূষণ বন্দ্যোপাধ্যায়, "পল্লীবাসী" সম্পাদক, ৩। রেভাঃ ডাঃ শ্রীআর্ণেষ্ট মুরর এম্ এ, এম ডি, ৪। শ্রীদুর্গাপ্রসাদ ঘোষ বি এল, মুন্সেফ, ৫। শ্রীননীগোপাল মুখোপাধ্যায় এম্ এ, বি এল, ৬। শ্রীসুশীলকুমার গঙ্গোপাধ্যায় এম্ এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ৭। শ্রীপূর্ণচন্দ্র দত্ত বি এল, ৮। শ্রীচণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, ৯। শ্রীশ্রীপতি দুই বি এল প্রভৃতি।

কালিদাস-সমিতি

পূর্ব্ব-সংকল্প অনুসারে কালিদাস-সমিতি কালনা শাখা-পরিষদের সহিত পরামর্শ করিয়া কার্য্য করিতেছেন।

ছাত্রসভা

আলোচ্য বর্ষে ছাত্র-সভার কার্য্য খুবই সন্তোষজনক হইয়াছিল। ছাত্র-সভ্যগণকে উৎসাহ দিবার জন্য শাখাপরিষৎ এক বিশেষ অধিবেশনের ব্যবস্থা করিয়াছিলেন। বিশেষজ্ঞ সভ্যগণ ছাত্র-সভার বিভিন্ন অধিবেশনে উপস্থিত থাকিয়া তাঁহাদিগকে উপদেশাদি দিয়াছিলেন।

সভাপতি—শ্রীযুক্ত যোগেন্দ্রলাল নন্দী বি এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট।

সহকারী সভাপতি—শ্রীযুক্ত শশিভূষণ বন্দ্যোপাধ্যায়।

সম্পাদক—ডাঃ শ্রীযুক্ত উপেন্দ্রনাথ নাগ এল এম এস।

আলোচ্য বর্ষে সভাপতি মহাশয় স্থানান্তরিত হওয়ায় বৎসরের অবশিষ্ট কয়েক মাস আবশ্যক বহু কার্য্য স্থগিত রাখিতে হয়।

আয়-ব্যয়

আয়		ব্যয়	
গত বর্ষের উদ্বৃত্ত—	২৩/১৫	বেতনাদি	৩৯৲
চাঁদা প্রভৃতি	৮৮৷৹	বার্ষিক অধিবেশন	৬৫৷৹২৷৷
হাওলাত—	৩৫৲	ডাক—	৫৷/৫
	১৪৬৸/১৫	মুদ্রণ—	১২/১০
			১২১৸৵/১৭৷৷

বর্ষশেষে উদ্বৃত্ত— ২৪৸৵/১৭৷৷

কালনা
২ শ্রাবণ, ১৩২৩

শ্রীগোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায়
সহকারী সম্পাদক

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

মানভূম-শাখা

পূর্ব্ব-ইতিহাস

মানভূম জেলায় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা স্থাপন করিবার উদ্দেশ্যে বিগত ১৩২১ সালের ৩রা জ্যৈষ্ঠ তারিখে 'মানভূম সাহিত্য-পরিষৎ' নামে একটি সাহিত্য-সমিতি গঠিত হয়। কিন্তু বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা-গঠনের নূতন নিয়মাবলী প্রস্তুত না হইলে কোন নূতন শাখা স্বীকৃত হইবে না, তৎকালে এইরূপ নিয়ম হওয়ায় ১৩২১ সালে উক্ত সভা শাখা-

রূপে পরিগণিত হয় নাই। উক্ত সভায় ১৩২১ সালে সর্ব্বশুদ্ধ ৩টি অধিবেশন হইয়াছিল। তাহাতে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত ও আলোচিত হইয়াছিল।

অধিবেশন	প্রবন্ধ	লেখক
১ম, ৩রা জ্যৈষ্ঠ, ১৩২১	মানভূমে সাহিত্যালোচনা	শ্রীজ্যোতির্ম্ময় চট্টোপাধ্যায় এম্ এ, বি এল
২য়, ১০ই শ্রাবণ, ১৩২১	কোল জাতি	শ্রীহরিনাথ ঘোষ বি এল
৩য়, ২০শে ভাদ্র, ১৩২১	দুর্গা ও তাহার অনুচরগণ	শ্রীকৃষ্ণলাল সাধু এম্ এ

শাখা-সভা।—১৩২২

বিগত ১৩২২ সালের বৈশাখ মাসে উক্ত সভা বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্তৃক শাখারূপে গৃহীত হয়। আলোচ্য বর্ষে শাখা-পরিষদের সর্ব্বশুদ্ধ ছয়টি অধিবেশন হইয়াছিল। ৩১শে চৈত্র তারিখে সপ্তম অধিবেশনের জন্য যথারীতি বিজ্ঞাপন প্রচারিত হইয়াছিল, কিন্তু নির্দ্দিষ্ট-সংখ্যক সভ্য উপস্থিত না হওয়ায় অধিবেশন স্থগিত রাখিতে হইয়াছিল। স্থানীয় ভিক্টোরিয়া স্কুল-গৃহে পরিষদের সকল অধিবেশনই নির্ব্বাহিত হইয়াছিল। এই জন্য উক্ত স্কুলের কর্তৃপক্ষগণের নিকট শাখা-পরিষৎ বিশেষ কৃতজ্ঞ। আলোচ্য বর্ষে নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত ও আলোচিত হইয়াছিল।

অধিবেশন	প্রবন্ধ	লেখক
১ম, ২৬শে বৈশাখ	মানভূমের জাতিতত্ত্ব	শ্রীহরিনাথ ঘোষ বি এল
২য়, ৩০শে জ্যৈষ্ঠ	বাঙ্গালা গদ্যের পরিণতি	শ্রীদেবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কাব্যতীর্থ
৩য়, ২৬শে আষাঢ়	অযাচক ব্রাহ্মণ	শ্রীজ্যোতির্ম্ময় চট্টোপাধ্যায় এম্ এ, বি এল
৪র্থ, ২৩শে শ্রাবণ	ছড়রার প্রাচীন কীর্ত্তি	শ্রীহরিনাথ ঘোষ বি এল
৫ম, ১৯শে ভাদ্র	জৈনধর্ম্ম ও দর্শন	শ্রীঅম্বুজাক্ষ সরকার এম্ এ, বি এল
৬ষ্ঠ, ২৭শে চৈত্র	আমাদের সাহিত্য	শ্রীরামগতি বন্দ্যোপাধ্যায় বি এল

এই জেলায় প্রচলিত শব্দ, বাক্য, ভাষায় বিশেষ বিশেষ রীতি এবং গান, গল্প, ছড়া ও পূজাপার্ব্বণাদির বিবরণ সংগ্রহের জন্য ১২ জন সদস্য লইয়া প্রথম অধিবেশনে একটি বিশেষ সমিতি গঠিত হইয়াছিল। মূল-পরিষদের অনুকরণে একটি ছাত্র-সভা গঠনের প্রস্তাব হইয়া প্রথমে শ্রীযুক্ত জহরলাল বসু বি এ মহাশয় ছাত্র-সভার অধ্যক্ষ মনোনীত হইয়াছিলেন ; তিনি পদত্যাগ করায় শ্রীনরনারায়ণ বিশ্বাস বি এ মহোদয় ঐ পদে নিযুক্ত হইয়াছিলেন। কিন্তু দুঃখের বিষয়, আলোচ্য বর্ষে ছাত্র-সভার একটিও অধিবেশন হয় নাই।

২৭শে চৈত্র তারিখের অধিবেশনে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের অকাল-মৃত্যুতে শোক প্রকাশ করিয়া নিম্নলিখিত মন্তব্যটি সর্ব্বসাধারণ কর্তৃক গৃহীত হইয়াছিল ;——

"বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহকারী সম্পাদক, পরিষদের অক্লান্তকর্ম্মা বন্ধু, মানভূম-শাখার প্রতিষ্ঠাতা ও উপদেষ্টা শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের অকাল-মৃত্যুতে এই সভা আন্তরিক দুঃখ প্রকাশ করিতেছেন।"

শাখা-পরিষদের প্রতিষ্ঠাতৃগণের অন্যতম শ্রীযুক্ত হরিনাথ ঘোষ বি এল মহাশয় আলোচ্য বর্ষে অতিশয় যোগ্যতার সহিত সম্পাদকের কার্য্য নির্ব্বাহ করিয়া আসিয়াছেন। তিনি সম্প্রতি এক বিশেষ কার্য্যে নিযুক্ত থাকায় বর্ষশেষে পদত্যাগ করিয়াছেন। তাঁহার স্থানে শ্রীযুক্ত শচীন্দ্রমোহন ঘোষ বি এল মহোদয় সম্পাদক নির্ব্বাচিত হইয়াছেন। তাঁহার নির্ব্বাচন এখনও মূল-পরিষদের অনুমোদনাধীন আছে।

পুরুলিয়ায় কোন সাধারণ পুস্তকালয় বা পাঠাগার নাই; ইহা পুরুলিয়ার মত একটি বর্দ্ধিষ্ণু সহরের পক্ষে নিতান্ত লজ্জার কথা। শাখা-পরিষদের সংলগ্ন একটি পুস্তকালয় ও সাধারণ পাঠাগার প্রতিষ্ঠা করিবার সংকল্প আছে। শাখা-পরিষদের কার্য্যনির্ব্বাহের কারণ এখনও কোন স্বতন্ত্র বাসগৃহ বন্দোবস্ত করিবার সুবিধা হয় নাই। আলোচ্য বর্ষে শাখা-সভার সদস্য-সংখ্যা ১৫০। এখানে শাখা স্থাপনের পরে পরিষৎ প্রথমতঃ স্থানীয় জনসাধারণের নিকট যথোচিত সহানুভূতি পায় নাই। তজ্জন্য আলোচ্য বর্ষে সভ্যগণের নিকট কোনরূপ চাঁদা আদায় করা হয় নাই। দ্বিতীয় মুন্সেফী আদালতের বার হইতে কিঞ্চিৎ সাহায্য পাইয়া এবং শাখা-পরিষদের প্রতিষ্ঠাতৃগণের নিজ ব্যয়ে সভার অধিবেশনাদির ব্যয়ভার নির্ব্বাহ করা হইয়াছে।

ক্রমে ক্রমে শাখা-পরিষৎ সর্ব্বসাধারণের সহানুভূতি আকর্ষণ করিতে সক্ষম হইতেছে। এই বৎসর হইতে সভ্যগণের নিকট চাঁদা আদায়ের ব্যবস্থা করা হইবে।

সভাপতি শ্রীযুক্ত জ্যোতির্ম্ময় চট্টোপাধ্যায় এম্ এ, বি এল্।

সম্পাদক—শ্রীযুক্ত হরিনাথ ঘোষ বি এল্ ও শ্রীযুক্ত শচীন্দ্রমোহন ঘোষ বি এল্।

শ্রীঅম্বুজাক্ষ সরকার
সহকারী সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

মীরাট-শাখা

প্রথম বর্ষের কার্য্যবিবরণ

মীরাটপ্রবাসী বঙ্গীয় জনসাধারণের মধ্যে মাতৃভাষার অনুশীলনকল্পে মীরাট সাহিত্য-সম্মিলনের প্রাণপ্রতিষ্ঠা হয়। উক্ত সাহিত্য-সম্মিলনের ষাণ্মাসিক উৎসব এবং শ্রীশ্রী৺ দুর্গাবাটীতে বাৎসরিক দোলযাত্রা ও বঙ্গ-বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ উপলক্ষে বিগত ২৭শে ফাল্গুন (১৩২০ বঙ্গাব্দ) তারিখে, কাশিমবাজারের মহারাজা মাননীয় মহারাজ শ্রীযুক্ত স্যার মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কে সি আই ই মহোদয় ও তাঁহার পারিষদবর্গ মীরাটে শুভাগমন করিলে, মহারাজ বাহাদুরকে সংবর্দ্ধনা ও তাঁহাকে অভিনন্দন-পত্র প্রদান করিবার জন্য মীরাট-সাহিত্য-সম্মিলনের ভূতপূর্ব্ব সভাপতি ও শ্রীশ্রী৺ দুর্গাবাটীর

তৎকালীন অধ্যক্ষ মান্যবর রায়সাহেব শ্রীযুক্ত ভূতনাথ চট্টোপাধ্যায় বি এ মহোদয়ের সভাপতিত্বে শ্রীশ্রী৺দুর্গাবাটীতে প্রবাসী বাঙ্গালীদিগের একটি মহতী সভার অধিবেশন হয়। উক্ত অধিবেশনে শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়, বিদ্যাবিনোদ ও শ্রীললিতমোহন রায়-বিরচিত মীরাট-সাহিত্য-সম্মিলনের ষাণ্মাসিক কার্য্যবিবরণ—যাহা মহারাজ বাহাদুরের সমক্ষে অধ্যাপক শ্রীযুক্ত হরিচরণ মুখোপাধ্যায় এম্ এ মহাশয় পাঠ করিয়াছিলেন,—তাহাতে উল্লিখিত হইয়াছিল যে,—"মীরাট-সাহিত্য-সম্মিলন স্থাপিত হওয়াতে মীরাটপ্রবাসী বাঙ্গালীদিগের মধ্যে মাতৃভাষার চর্চ্চা করিবার আকাঙ্ক্ষা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে এবং ইহার উন্নতিকল্পে অনেকে যত্নবান্ হইয়াছেন। সম্মিলনের বর্ত্তমান অবস্থায় আমাদিগের মাতৃভূমির সাহিত্য-পরিষদের অনুবর্ত্তী হওয়া যদিও সম্প্রতি অসম্ভব বোধ হইতেছে, কিন্তু ইহার সভ্যগণের উৎসাহ ও যত্নদ্বারা আশা করা যায় যে, ক্রমে ইহা বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখারূপে গণ্য হইতে পারিবে।" তৎকালে মাননীয় মহারাজ বাহাদুর সভার কার্য্যে বিশেষ আনন্দ প্রকাশ করিয়া সকলকে উৎসাহ প্রদান করেন। তদবধি "মীরাট-সাহিত্য-সম্মিলন"কে বঙ্গীয় সাহিত্য-পরিষদের শাখাভুক্ত করিবার জন্য সকলে সচেষ্ট হয়েন।

অতঃপর ১২ই এপ্রেল ১৯১৪ তারিখে শ্রীশ্রী৺দুর্গাবাটীতে রায় সাহেব শ্রীযুক্ত ভূতনাথ চট্টোপাধ্যায় বি এ মহোদয়ের সভাপতিত্বে সাহিত্য-সম্মিলনের যে বিশেষ অধিবেশন হইয়াছিল, তাহাতে মীরাট-সাহিত্য-সম্মিলনকে ভবিষ্যতে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখাভুক্ত করিবার প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে পরিগৃহীত হয়। ক্রমশঃ এতৎসম্বন্ধে ভূতপূর্ব্ব মীরাট সাহিত্য-সম্মিলনের সম্পাদক শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বিদ্যাবিনোদ মহাশয় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সম্পাদক রায় শ্রীযুক্ত যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল মহাশয়ের সহিত পত্রব্যবহার করেন। ইহার ফলে, "মীরাট-সাহিত্য-সম্মিলন" ক্রমশঃ "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—মীরাট-শাখা" নামে পরিবর্ত্তিত হয়।

অতঃপর বিগত ৩০শে মে ১৯১৫ রবিবার সন্ধ্যার সময় মান্যবর শ্রীযুক্ত গিরিশচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে মীরাট-সাহিত্য-সম্মিলনের দ্বিতীয় বর্ষ—অষ্টম মাসিক অধিবেশনে সম্পাদক শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের শাখা মীরাটে স্থাপিত হইয়াছে বলিয়া পরিষদের সম্পাদক শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় যে পত্র লিখিয়াছিলেন, তাহা পাঠ করেন। তৎপরে মীরাট-সাহিত্য-সম্মিলনের নাম পরিবর্ত্তন করিয়া "বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—মীরাট-শাখা" রাখা হউক, ইহা সর্ব্বসম্মতিক্রমে স্থিরীকৃত হইল। উক্ত সভায় সর্ব্বসম্মতিক্রমে শ্রীযুক্ত কালীপদ বসু বি এ মহোদয় শাখাপরিষদের সভাপতি, অধ্যাপক শ্রীযুক্ত হরিচরণ মুখোপাধ্যায় এম্ এ ও অধ্যাপক শ্রীযুক্ত নবকৃষ্ণ রায় বি এ, এফ আর এস্ এল (লণ্ডন) সহকারী সভাপতি এবং শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বিদ্যাবিনোদ, বিদ্যারত্ন, তত্ত্বনিধি—সম্পাদক নির্ব্বাচিত হয়েন। ক্রমশঃ শাখাপরিষদের অপর অধিবেশনে শ্রীযুক্ত কালীচরণ চট্টোপাধ্যায় বি এ মহাশয় সর্ব্বসম্মতিক্রমে শাখা-পরিষদের

সহকারী সম্পাদক নির্ব্বাচিত হয়েন। এইরূপে আরও পনর জন সদস্য লইয়া শাখাপরিষদের কার্য্যনির্ব্বাহক সভা সংগঠিত হয়।

আলোচ্য বর্ষে মীরাট শাখা-পরিষদের দশটি সাধারণ অধিবেশন ও একটি বিশেষ অধিবেশন হইয়াছিল। এই সকল অধিবেশনের বিষয়-সূচী নিম্নে প্রদত্ত হইল ;—

প্রথম অধিবেশন—১২ই আষাঢ়, ১৩২২

আলোচ্য প্রবন্ধাদি	লেখক
নিবেদন —	শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়
হতাশের আক্ষেপ (কবিতা)—	„ নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

উক্ত অধিবেশনে মীরাট সাহিত্য-সম্মিলনের ভূতপূর্ব্ব প্রধান পৃষ্ঠপোষক রায় সাহেব শ্রীযুক্ত ভূতনাথ চট্টোপাধ্যায় বি এ ও মাননীয় মহারাজ শ্রীযুক্ত স্যার মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর মীরাট শাখা-পরিষদের প্রধান পৃষ্ঠপোষকরূপে মনোনীত হয়েন এবং সদাশয় গবর্ণমেণ্ট-প্রদত্ত মহারাজ বাহাদুরের কে, সি, আই, ই উপাধিলাভে সকলে আনন্দ প্রকাশ করেন।

দ্বিতীয় অধিবেশন—২৩শে শ্রাবণ

প্রাচীন হিন্দুধর্ম্ম ও সমাজের গঠন—	শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়
গঙ্গার প্রতি (কবিতা)—	„ নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

তৃতীয় অধিবেশন—২৬শে ভাদ্র

প্রাচীন হিন্দুধর্ম্ম ও সমাজের ক্রমিক পরিবর্ত্তন—	„ অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়

চতুর্থ অধিবেশন—২২শে কার্ত্তিক

হিন্দুধর্ম্মের উৎপত্তি —	„ শরৎচন্দ্র বন্দ্যোপাধ্যায়

পঞ্চম অধিবেশন—২৬শে অগ্রহায়ণ

বিশ্বমাতা জগদ্ধাত্রী (কবিতা)—	„ নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
দুঃখবাদ ও কর্ম্মফল—	„ শরৎচন্দ্র বন্দ্যোপাধ্যায়

ষষ্ঠ অধিবেশন—৯ই মাঘ

শরৎকালের সন্ধ্যা (কবিতা)—	„ নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
প্রকৃত কাব্য ও কবিতার লক্ষণ—	„ অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়

সপ্তম অধিবেশন—১৫ই ফাল্গুন

প্রাচীন হিন্দুদিগের ভৌগোলিক জ্ঞান—	„ ললিতমোহন রায়

অষ্টম অধিবেশন—৩রা বৈশাখ, ১৩২৩

মুগ্ধবোধ ব্যাকরণ-প্রণেতা ৺বোপদেব গোস্বামী, তাঁহার বংশ ও জাতি—শ্রীযুক্ত রাজকিশোর রায়

হিমালয়-দর্শনে (কবিতা)—	শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

বিশেষ অধিবেশন—৩রা বৈশাখ, ১৩২৩

পরলোকগত ৺ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের পরলোক-গমনে শোকাভিভাষণ—
সম্পাদক শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়

শোকোচ্ছ্বাস (কবিতা)—	শ্রীযুক্ত হারাধন তত্ত্বনিধি
শোক-সম্বোধন—	সভাপতি শ্রীযুক্ত কালীপদ বসু বি এ

সম্পাদক শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয়ের প্রস্তাবে এবং অধ্যাপক শ্রীযুক্ত নবকৃষ্ণ রায় বি এ ও ডাক্তার শ্রীযুক্ত বিমলেন্দুকুমার মুখোপাধ্যায় এল এম এস্ মহাশয়ের সমর্থনে সর্ব্বসম্মতিক্রমে নিম্নলিখিত সমবেদনাসূচক প্রস্তাবটি পরিগৃহীত হইয়াছিল ;—

"বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রাণস্বরূপ ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের অকাল মৃত্যুতে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ— মীরাট-শাখার সদস্যগণ ও মীরাট-প্রবাসী বঙ্গীয় ভদ্র-মহোদয়গণ মীরাট দুর্গাবাটীতে শাখাপরিষদের অধিবেশনে সম্মিলিত হইয়া তাঁহার মৃত্যুতে শোকপ্রকাশ ও সমবেদনা জ্ঞাপন করিতেছেন। ব্যোমকেশ বাবুর মত প্রকৃত হিতৈষী সাহিত্যিক ও কর্ম্মী বন্ধুর মৃত্যুতে সাহিত্য-পরিষৎ যে বিশেষরূপে ক্ষতিগ্রস্ত হইয়াছেন, তাহা সহজে পূরণ হইবার নহে।"

উক্ত প্রস্তাবের সার মর্ম্ম তারযোগে ইতঃপূর্ব্বে পরিষৎকে জানান হইয়াছিল।

নবম অধিবেশন—২২শে জ্যৈষ্ঠ

দেবভাষার উৎপত্তি, প্রসার ও চাতুর্ব্বর্ণ্যের সহিত ইহার সম্বন্ধ—শ্রীযুক্ত রাজকিশোর রায়

কবিতা-পাঠ— শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়

সম্রাট্ সাজাহানের মৃত্যুশয্যা

উক্ত সভায় সম্পাদক মহাশয় স্বর্গীয় গিরিশচন্দ্র ঘোষ স্মৃতি-সমিতির সম্পাদক মহাশয়ের ৭ই জ্যৈষ্ঠ তারিখের পত্র পাঠ করেন এবং এতৎসম্বন্ধে শাখা-পরিষদের পক্ষ হইতে সভাপতি শ্রীযুক্ত কালীপদ বসু বি এ মহাশয় কবিবরের বাসভবন রক্ষাকল্পে Chairman of the Calcutta Improvement Trust মহাশয়কে যে পত্র লিখিয়াছিলেন, তাহা সম্পাদক কর্ত্তৃক পঠিত ও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

দশম অধিবেশন—২৫শে আষাঢ়

বায়ুমণ্ডল— শ্রীযুক্ত প্রাণধন গোস্বামী

বিগত ২৩শে জ্যৈষ্ঠ (১৩২২ বঙ্গাব্দ) তারিখে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দিরে কবিবর ৺কৃষ্ণচন্দ্র মজুমদার মহাশয়ের তৈলচিত্র প্রতিষ্ঠা উপলক্ষে শাখা-পরিষদের সহকারী সভাপতি শ্রীযুক্ত নবকৃষ্ণ রায় বি এ মহাশয় উপস্থিত ছিলেন। তাঁহার বক্তৃতার সার মর্ম্ম পরিষৎ-পত্রিকার দ্বাবিংশ ভাগ (১৩২২), চতুর্থ সংখ্যায় (১৩৫ পৃষ্ঠায়) প্রকাশিত হইয়াছে।

বিগত বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের যশোহরে অধিবেশন উপলক্ষে শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বিদ্যাবিনোদ, বিদ্যারত্ন, তত্ত্বনিধি মহাশয় বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কর্ত্তৃক প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছিলেন। তিনি উক্ত সম্মিলনে যোগদান করিতে না পারায়, সাহিত্যসম্মিলনের অভ্যর্থনা-সমিতির সম্পাদক মহাশয়কে তারযোগে অনুপস্থিতির জন্য দুঃখ প্রকাশ করেন।

মীরাট শাখা-পরিষদের মাসিক অধিবেশন শ্রীশ্রী৺ দুর্গাবাটীতে হইয়া থাকে। মীরাট-প্রবাসী বাঙ্গালীমাত্রেই শাখা-পরিষদের সাধারণ সদস্য। শাখা-পরিষদের সদস্যগণ মধ্যে মান্যবর শ্রীযুক্ত কালীপদ বসু বি এ (সভাপতি), অধ্যাপক শ্রীযুক্ত হরিচরণ মুখোপাধ্যায় এম্ এ ও শ্রীযুক্ত নবকৃষ্ণ রায় বি এ (সহকারী সভাপতি),

শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বিদ্যাবিনোদ, বিদ্যারত্ন, তত্ত্বনিধি (সম্পাদক), শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, ডাক্তার শ্রীযুক্ত সুশীলকুমার সেন এল এম্ এস ও ডাক্তার শ্রীযুক্ত রমেশচন্দ্র মিত্র এল আর সি পি ও এস (এডিন) মহোদয়গণ মূল-পরিষদের সদস্য এবং ইঁহারা সকলেই শাখা-পরিষদের কার্য্যনির্ব্বাহক-সভার সদস্য। প্রবাসী বাঙ্গালীদিগের মধ্যে ইঁহারা নানাপ্রকার লোকহিতকর কার্য্যে ব্রতী আছেন।

শাখাপরিষদের সদস্যগণকে মাসিক চাঁদা দিতে হয় না। আলোচ্য বর্ষে সম্পাদক মহাশয় সভার ব্যয়ভার বহন করিয়াছেন।

বর্ত্তমান যুদ্ধ উপলক্ষে সরকারী কার্য্যব্যপদেশে মীরাটপ্রবাসী বাঙ্গালীর মধ্যে অনেকে বিদেশে গমন করায় এবং কার্য্যকারী লোকের সংখ্যা ক্রমশঃ হ্রাস হওয়াতে অর্থাভাব প্রযুক্ত শাখা-পরিষদের উন্নতিকল্পে অনেক কার্য্য স্থগিত রহিয়াছে।

হিন্দী ও উর্দ্দু ভাষা-প্লাবিত ময়রাষ্ট্রপুরে বঙ্গভাষা ও সাহিত্যের আলোচনা মাতৃভাষা-ভক্ত ও মাতৃভাষা-সেবানুরাগী প্রবাসী বঙ্গীয় ভ্রাতৃবৃন্দের যে একান্ত কর্ত্তব্য, তদ্বিষয়ে সন্দেহ নাই। এই কর্ত্তব্য পালন করিতে আমরা কেহই যেন উপযুক্ত যত্ন ও চেষ্টা করিতে ত্রুটি না করি।

প্রবাসী বঙ্গীয় ভদ্র মহোদয়গণের ও মূল-পরিষদের সহানুভূতিতে নানা অসুবিধার মধ্যেও যেন এই শিশু শাখা-পরিষদের উত্তরোত্তর উন্নতি হয়, ইহাই একান্ত প্রার্থনীয়।

মীরাট—বঙ্গাব্দ ১৩২৩, ১১ই শ্রাবণ, ২৭।৭।১৬। | শ্রীঅতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বিদ্যাবিনোদ বিদ্যারত্ন তত্ত্বনিধি

সম্পাদক।

ত্রয়োবিংশ বার্ষিক কার্য্য-বিবরণ

বর্ত্তমান ১৩২৪ বঙ্গাব্দে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ ত্রয়োবিংশ বর্ষ অতিক্রম করিয়া চতুর্ব্বিংশ বর্ষে পদার্পণ করিয়াছেন। আলোচ্য বর্ষের কার্য্যবিবরণ নিম্নে প্রদত্ত হইল,—

বর্ত্তমান বর্ষে ইউরোপে যে ভীষণ যুদ্ধ চলিতেছে, তাহার জন্য সকলেই বিশেষ ক্ষতি অনুভব করিতেছেন। এই ভীষণ কুরুক্ষেত্রের অবসান না হইলে জগতের শান্তিলাভ হইতেছে না, বিশেষতঃ পরিষদের ন্যায় সাহিত্য-সভারও উন্নতির পক্ষে অনেক বাধা ঘটিতেছে। আমরা কায়মনোবাক্যে প্রার্থনা করি যে, এই ধর্ম্মযুদ্ধে আমাদের রাজরাজেশ্বর সম্রাটের বিজয় লাভ হয় এবং জগতে অচিরে পুনরায় শান্তি স্থাপিত হয়।

বর্ত্তমান বর্ষের এক সর্ব্বপ্রধান ঘটনা— মাননীয় শ্রীযুক্ত স্যর শঙ্করণ নায়ার মহাশয়ের পরিষৎ পরিদর্শন। তিনি যে দিন (২৭শে শ্রাবণ, ১২ই আগষ্ট, ১৩২৩) পরিষদে আসেন, সেই দিন তাঁহাকে অভ্যর্থনা করিবার জন্য মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, মিঃ জে, এন্ দাশ গুপ্ত, শ্রীনগেন্দ্রনাথ বসু, ডাঃ এস, কে, গুপ্ত, অধ্যাপক শ্রীযুক্ত মন্মথমোহন বসু, শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ এবং সম্পাদক মহাশয় উপস্থিত ছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সুযোগ্য ভাইস চ্যান্সেলার, পরিষদের অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত ডাক্তার দেবপ্রসাদ সর্ব্বাধিকারী মহাশয় শ্রীযুক্ত শঙ্করণ নায়ারকে সঙ্গে লইয়া পরিষদে আসেন। তিনি পরিষৎ পরিদর্শন করিয়া যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, তাহা নিম্নে উদ্ধৃত করা গেল,—

"I was very much interested in every thing I have seen. I trust the Library and the Museum will grow and the Sahitya Parishat will soon become a resort for scholars from all parts of India.

12th Aug., 1916, (Sd) C. SANKARAN NAIR.

বান্ধব

দুঃখের সহিত বলিতে হইতেছে যে, আলোচ্য বর্ষে কেহ পরিষদের বান্ধব-শ্রেণীভুক্ত হইয়া পরিষৎকে গৌরবান্বিত ও মাতৃভাষার অনুশীলনে প্রোৎসাহিত করেন নাই। এমন কি, যাঁহারা ইতঃপূর্ব্বে বান্ধবশ্রেণীভুক্ত হইবেন বলিয়া আমাদিগকে আশা দিয়া রাখিয়াছেন, তাঁহাদের নিকটও অর্থ-সাহায্য পাইতে পরিষৎ এখনও বঞ্চিত আছেন। ভরসা করি, আগামী বর্ষে সম্পাদককে আর এই প্রকার দুঃখকাহিনী আপনাদের গোচরে আনিতে হইবে না। আমাদের দেশে ধনবান্ সহৃদয় ব্যক্তির অভাব নাই। এই সমস্ত ধনাঢ্য মহানুভব ব্যক্তিকে পরিষদের বর্ত্তমান বান্ধব মহোদয়দিগের সদৃষ্টান্ত অনুসরণ করিয়া বান্ধব-পদ গ্রহণ করিবার জন্য পরিষৎ সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছেন। বর্ত্তমানে নিম্নলিখিত মহোদয়গণ পরিষদের বান্ধব রহিয়াছেন,—

(১) মাননীয় মহারাজ সার মণীন্দ্রচন্দ্র নন্দী

(২) রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর

(৩) মাননীয় মহারাজাধিরাজ সার বিজয়চাঁদ মহাতাপ বাহাদুর।

সদস্য

গত বৎসরের আরম্ভে শ্রেণীভেদে পরিষদের সদস্য-সংখ্যা এইরূপ ছিল,—

বিশিষ্ট	...	...	...	১৩
আজীবন	...	...	...	৫
অধ্যাপক	...	...	...	৩
সহায়ক	...	...	...	১৭
সাধারণ	...	...	...	২১৮৩
কলিকাতা	...	...	৯১৫	
মফস্বল	...	...	১২৬৮	
			২১৮৩	
				২২২১

আলোচ্য বর্ষের প্রথমে কলিকাতাবাসী ৯১৫ জন সাধারণ সদস্য ছিলেন। তন্মধ্যে ১৩ জনের মৃত্যু হইয়াছে, ২ জন সদস্য পদ-ত্যাগ করিয়াছেন ও একজন সহায়ক-সদস্যের পদ গ্রহণ করিয়াছেন এবং ৯৬ জন কলিকাতাবাসী পরিষদের সাধারণ সদস্য-পদ নূতন গ্রহণ করিয়াছেন, তন্মধ্যে একজনের মৃত্যু হইয়াছে এবং দুই জন মফস্বলে গিয়াছেন। আলোচ্য বর্ষের প্রারম্ভে মফস্বলের সাধারণ সদস্য-সংখ্যা ১২৬৮ ছিল, তন্মধ্যে ১৬ জনের মৃত্যু হইয়াছে, ৪ জন সদস্য-পদ ত্যাগ করিয়াছেন, একজন সহায়ক-সদস্য হইয়াছেন ও ১১৯ জন মফস্বলবাসী পরিষদের সাধারণ সদস্য-পদ গ্রহণ করিয়াছেন। কলিকাতাবাসী সদস্যগণমধ্যে ২১ জন পুরাতন সদস্য মফস্বলে চলিয়া গিয়াছেন এবং মফস্বলবাসী ১২ জন কলিকাতায় আসিয়াছেন। এই সকল পরিবর্ত্তনাদির পর বর্ষশেষে কলিকাতার সাধারণ সদস্য-সংখ্যা ৯৮৩ এবং মফস্বল-বাসী সাধারণ সদস্যের সংখ্যা ১৩৭৭ দাঁড়াইয়াছিল এবং কলিকাতা ও মফস্বলবাসী সাধারণ সদস্যের সংখ্যা ২৩৬০ হইয়াছিল।

আজীবন-সদস্য

পরিষৎ আনন্দের সহিত জ্ঞাপন করিতেছেন যে, আলোচ্য বর্ষে পরিষৎ, টাকীর জমিদার শ্রীযুক্ত সূর্য্যকান্ত রায় চৌধুরী বি এ মহাশয়কে নূতন আজীবন সদস্যরূপে লাভ করিয়াছেন। তিনি স্বতঃপ্রবৃত্ত হইয়াই এই পদ গ্রহণ করিয়াছেন। সুতরাং পরিষৎ আপনাকে ইহার জন্য নিতান্ত গৌরবান্বিত বোধ করিতেছেন। আশা করা যায়, এই প্রকার দেশীয় ধনী এবং মাতৃভাষানুরাগী সহৃদয়গণ পরিষদের আজীবন সদস্যপদ গ্রহণ করিয়া মাতৃভাষার সেবা-কার্য্যে তৎপর হইবেন।

বিশিষ্ট-সদস্য

আলোচ্য বর্ষের প্রারম্ভে বিশিষ্ট সদস্যের সংখ্যা ১৩ জন ছিল। নিতান্ত দুঃখের সহিত জানাইতে হইতেছে যে, অন্যতম বিশিষ্ট সদস্য রায় শরচ্চন্দ্র দাস, সি আই ই বাহাদুর পরলোকগমন করিয়াছেন। এ জন্য বর্ষশেষে বিশিষ্ট সদস্যের সংখ্যা ১২ হইল। এ বৎসরও

কোনও নূতন বিশিষ্ট সদস্য নির্ব্বাচিত হন নাই। উক্ত রায় বাহাদুর শরচ্চন্দ্র দাস মহাশয়ের পরলোকগমনে শোক প্রকাশার্থ পরিষদের এক বিশেষ সভা হইয়াছিল। বিশেষ অধিবেশনের বিবরণ যথাস্থানে দ্রষ্টব্য।

অধ্যাপক-সদস্য

আলোচ্য বর্ষে কেহ নূতন অধ্যাপক সদস্য নির্ব্বাচিত হন নাই। পরিষদের বিবিধ সাহিত্যিক কার্য্যে সহায়তা করিবার জন্য অধ্যাপক সদস্যগণের সহায়তা বিশেষ আবশ্যক। বিশেষতঃ লালগোলার রাজা বাহাদুরের ব্যয়ে পরিষৎ হইতে মাধ্বভাষের বঙ্গানুবাদ যাহা প্রকাশ করার কল্পনা ছিল, শরচ্চন্দ্র শাস্ত্রী মহাশয়ের মৃত্যুতে আপাততঃ তাহা স্থগিত রাখিতে হইয়াছে। পরিষৎ আশা করেন যে, সংস্কৃত দর্শনশাস্ত্রে লব্ধপ্রবেশ অধ্যাপক সদস্যেরা পরিষদের সাহিত্যিক কার্য্যে সহায়তা করিবেন।

মৌলবী সদস্য

মুসলমান সাহিত্যিকদিগের নিকট আরবী ও পার্শি ভাষা-সঞ্চিত রত্নরাজি হইতে বঙ্গভাষার নানাপ্রকার পুষ্টিবিধান জন্য মৌলবী সদস্য পদের ব্যবস্থা করিয়া পরিষৎ 'নিয়মাবলী' প্রকাশিত করিয়াছেন। কিন্তু বড়ই দুঃখের সহিত বলিতে হইতেছে যে, এ পর্য্যন্ত কোন মুসলমান সাহিত্যিক পরিষদের এ বিভাগের কার্য্যের সাহায্যের জন্য অগ্রসর হন নাই। পরিষৎ আশা করেন, অচিরকাল মধ্যেই সহৃদয় মুসলমান সাহিত্য-সেবিগণের মধ্য হইতে মৌলবী সদস্য লাভ করিতে পারিবেন।

সহায়ক সদস্য

এই বর্ষের প্রারম্ভে সহায়ক সদস্যের সংখ্যা ১৭ ছিল। সহায়ক সদস্যগণের মধ্যে পণ্ডিত শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ, শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ও শ্রীযুক্ত মুন্সী আবদুল করিম সাহিত্য-বিশারদ কয়েকখানি পুস্তক সম্পাদন-কার্য্যে নিযুক্ত আছেন। আশা করা যায় যে, অন্যান্য সহায়ক সদস্যগণও যথাসাধ্য পরিষৎকে সাহায্য করিয়া নিজের মহানুভবতা প্রকাশ করিবেন। আলোচ্য বর্ষমধ্যে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় সাধারণ সদস্যপদ গ্রহণ করিয়াছেন এবং মালদহের প্রাচীন সাহিত্যিক, গৌড়ের ইতিহাস-প্রণেতা, পণ্ডিত রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয় পরলোক গমন করিয়াছেন। এতদ্ভিন্ন শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বি এ ও কুচবিহারের সদর মডেল স্কুলের শিক্ষক শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় এ বৎসর নূতন সহায়ক সদস্য মনোনীত হইয়াছেন। এইরূপ পরিবর্ত্তনাদির পর বর্ষশেষে সহায়ক সদস্যের সংখ্যা ১৮ হইয়াছে।

এই পর্য্যন্ত যত দূর লেখা হইল, তাহার দ্বারা দেখা যায় যে, বর্ষশেষে পরিষদের সদস্যসংখ্যা নিম্নলিখিত প্রকার দাঁড়াইয়াছে,—

বিশিষ্ট	...	...	...	১২
আজীবন	...	...	...	৬

অধ্যাপক	...	...	...	৩
সহায়ক	...	...	...	১৮
সাধারণ	...	...	...	২৩৬০
	কলিকাতা	...	৯৮৩	
	মফস্বল	...	১৩৭৭	
			২৩৬০	
				২৩৯৯

উপরে যে তালিকা প্রদত্ত হইল, তাহা হইতে প্রতীয়মান হইতেছে যে, পরিষদের সদস্যসংখ্যা ক্রমে কিছু কিছু বৃদ্ধি পাইতেছে বটে, কিন্তু ইহার কার্য্যক্ষেত্রের প্রসার দিন দিন যেরূপভাবে বর্দ্ধিত হইতেছে ও হইবে, তাহাতে পরিষদের সদস্য-সংখ্যার আরও বৃদ্ধি হওয়া আবশ্যক। ইহা বুঝিতে পারিয়া পরিষদের সভাপতি মহাশয় প্রত্যেক সদস্যের নিকট অন্যূন পাঁচ জন নূতন সদস্য সংগ্রহ করিয়া দিবার জন্য পত্র দ্বারা অনুরোধ করিয়াছিলেন। অনেক সদস্যই সভাপতি মহাশয়ের এই অনুরোধ রক্ষা করিয়াছিলেন, কিন্তু ইহাতেও আশানুরূপ ফল পাওয়া যায় নাই। আশা করি, সদস্যগণ সভাপতি মহাশয়ের অনুরোধ রক্ষা করিবার জন্য বিশেষ যত্ন করিবেন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ দেশবাসী সকলকেই মাতৃভাষার সেবায় অগ্রসর হইবার জন্য সাদরে আহ্বান করিতেছেন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রসার বৃদ্ধি ও ইহার সহিত বঙ্গদেশীয় নানা সাহিত্য-সমিতি ও পরিষদের শাখাগুলির ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপনোদ্দেশ্যে সভাপতি মহাশয় ঐ সকল সাহিত্য-সভায় যে পত্র প্রেরণ করিয়াছিলেন, এই স্থলে তাহার প্রতিলিপি দেওয়া হইল।

"সবিনয় নিবেদন,

আপনারা আমার সাদর সম্ভাষণ গ্রহণ করুন। প্রায় ছয় বৎসর পূর্ব্বে যখন আপনারা আমাকে সাহিত্য-সম্মিলনের সভাপতিত্বে নিয়োগ করিয়াছিলেন, আমি নিবেদন করিয়াছিলাম—বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্‌কে আমরা কেবলমাত্র একটি সভাস্থল বলিয়া গণ্য করিতে পারি না। ইহার ভিত্তি কলিকাতার কোন বিশেষ পথপার্শ্বে স্থাপিত হয় নাই এবং ইহার অট্টালিকা ইষ্টক দিয়া গ্রথিত নহে। অন্তরদৃষ্টিতে দেখিলে দেখিতে পাইব, সাহিত্য-পরিষৎ সাধকের সম্মুখে দেবমন্দিররূপে বিরাজমান। ইহার ভিত্তি সমস্ত বাঙ্গালা দেশের মর্ম্মস্থলে স্থাপিত এবং ইহার অট্টালিকা আমাদের জীবনস্তর দিয়া রচিত হইতেছে।

আমাদের দেশের লুপ্ত গরিমা যে পুনরায় এক দিন প্রকাশ পাইবার জন্য উন্মুখ হইয়া আছে, তাহার অন্যতম প্রমাণ বঙ্গদেশের বিভিন্ন স্থানে বিভিন্ন সাহিত্য-পরিষৎ ও শাখাসমূহের উৎপত্তি। এই সকল পরিষৎকে আমি কখন বিভিন্নরূপে বা শাখাভাবে দেখি নাই—সহযোগী ও সহকর্ম্মী বলিয়া চিরকাল মনে করিয়া আসিতেছি। আমার বিশ্বাস, দেশময় যে সমস্ত শক্তি ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া রহিয়াছে, সেই সকল শক্তিকে একত্রীভূত করিয়া আমাদের মধ্যে যে

জড়তা, যে ক্ষুদ্রতা, যে ব্যর্থতা আছে, তাহার সংহার করিতে না পারিলে, সাধনার পথে আমরা কখনই অগ্রসর হইতে পারিব না। প্রতি অঙ্গ সচল ও সবল হইয়া যদি পরস্পরের সাহায্য না করে, তাহা হইলে দেহের পূর্ণ পরিপুষ্টি কখনই সম্ভবপর হয় না।

সাহিত্য-সেবাই সকল পরিষদের উদ্দেশ্য; তাহার শ্রীবৃদ্ধি সকলেরই লক্ষ্য। আমাদের বিক্ষিপ্ত চেষ্টা সমবেত করিয়া সাফল্যের পথে অগ্রসর হইতে হইলে মিলিত হইয়া আমাদের এমন এক একটি কার্য্যে হস্তক্ষেপ করিতে হইবে, যাহাতে সমস্ত পরিষৎগুলি সমভাবে গৌরব বোধ করিতে পারে। তৎপরিকল্পে মিলিতভাবে কার্য্য করিয়া মিলিত নামে সাহিত্য সম্বন্ধীয় নূতন নূতন তথ্য আমাদিগকে মধ্যে মধ্যে প্রকাশ করিতে হইবে। প্রতি বৎসর আপনাদের কয়েক জন প্রতিনিধি যদি আমাদের আতিথ্য গ্রহণ করেন এবং আমাদের কয়েকজন প্রতিনিধি যদি আপনাদের নিকট যাইয়া ভাবের আদান প্রদান করিবার অবসর পান, তাহা হইলে আমাদের মধ্যে সম্পর্ক দিন দিন ঘনিষ্ঠতর হইয়া উঠিবে। আপনাদের পত্রিকায় প্রকাশিত প্রবন্ধগুলির আরও বিস্তৃত প্রচার যদি বাঞ্ছনীয় মনে করেন, তবে তাহার সারাংশ প্রেরণ করিলে আমরা আনন্দের সহিত আমাদের পত্রিকায় আপনাদের নামে প্রকাশ করিব। পক্ষান্তরে আপনারাও আমাদের পত্রিকায় প্রকাশিত প্রবন্ধাদি ইচ্ছামত ব্যবহার করিতে পারেন।

পরিষদের উন্নতিকল্পে আপনাদের অভিমত মধ্যে মধ্যে জানিতে পারিলে সুখী হইব।

আমি যে সমস্ত সঙ্কল্প লইয়া এই গুরুভার গ্রহণ করিয়াছি, সাধ্যানুসারে তাহা কার্য্যে পরিণত করিবার চেষ্টা করিব; কিন্তু তাহার সাফল্য আপনাদের শুভ কামনার উপর নির্ভর করিবে। ইতি—

বশংবদ

শ্রীজগদীশচন্দ্র বসু

সভাপতি।"

মৃত সদস্য ও সাহিত্যসেবিগণ

আলোচ্য বর্ষে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ৩১ জন সদস্য পরলোক গমন করিয়াছেন। ইঁহাদের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত হইয়াছেন ও বিশেষ ক্ষতিবোধ করিতেছেন। ইঁহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে পরিষদের আন্তরিক সমবেদনা যথাকালে বিজ্ঞাপিত হইয়াছে।

১। **অপূর্ব্বকৃষ্ণ ঘোষ**—পরিষদের এই পুরাতন সদস্যের পরলোকগমনে পরিষৎ বিশেষ দুঃখিত। তিনি পরিষদের বিশেষ হিতৈষী বন্ধু ছিলেন।

২। **উপেন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় বি এ**—স্বর্গীয় উপেন্দ্র বাবু মহাত্মা গোখলের স্থাপিত ভারতসেবক সমিতির অন্যতম সভ্য ছিলেন। তিনি পরিষদের একজন উৎসাহী সদস্য ছিলেন এবং চন্দননগর হইতে প্রায় অধিবেশনে যোগদান করিতেন। সাহিত্য-সম্মিলনের কয়েকটি অধিবেশনে উপস্থিত থাকিয়া বঙ্গভাষা ও সাহিত্যের আলোচনা করিয়াছিলেন। তাঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

৩। কেদারনাথ মৈত্র—রাজসাহীর কেদারনাথ মৈত্র মহাশয় বহু দিন হইতে পরিষদের সদস্য ছিলেন। তিনি পরিষদের বিশেষ উন্নতিকামী ছিলেন। বঙ্গভাষা ও সাহিত্যে তাঁহার বিশেষ অনুরাগ ছিল। পরিষৎ এই সদস্যের মৃত্যুতে অত্যন্ত দুঃখিত।

৪। ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম এ, বি এল—এই প্রবীণ সাহিত্যিকের মৃত্যুতে পরিষৎ বিশেষ ক্ষতি অনুভব করিতছেন। তিনি "মানবপ্রকৃতি" নামক গ্রন্থ লিখিয়াছিলেন। "মৃণ্ময়ী" নামক একখানি বাঙ্গালা মাসিক পত্র প্রচার করিয়াছিলেন। বৌদ্ধধর্ম্ম বিষয়ে ও জাতিবিজ্ঞান Ethnology সম্বন্ধে নানা প্রবন্ধ লিখিয়াছিলেন। ইংরাজিতে Star of utkal নামক একখানি ইংরাজি সংবাদপত্রের সম্পাদক ছিলেন। "বঙ্গবাসী" প্রকাশে তিনি বিশেষ সাহষ্য করিয়াছিলেন।

৫। গণপতি রায় বিদ্যাবিনোদ—ইনি বাঙ্গলা ও ইংরাজি সাময়িক পত্রের লেখক ছিলেন। পরিষদের অধিবেশনে প্রায় উপস্থিত থাকিতেন। তাঁহার অকালমৃত্যুতে পরিষৎ দুঃখ অনুভব করিতেছেন।

৬। গঙ্গানারায়ণ রায় এম্ এ, আই এস ও—উচ্চ রাজকার্য্যে নিযুক্ত থাকিয়াও ইনি সর্ব্বদা পরিষদের হিতাকাঙ্ক্ষী ছিলেন ও মাঝে মাঝে পরিষদের অধিবেশনে উপস্থিত হইতেন। তাঁহার পরলোকগমনে পরিষৎ বিশেষ দুঃখিত।

৭। গুণালঙ্কার মহাস্থবীর—বঙ্গীয় বৌদ্ধধর্ম্মাঙ্কুর সভার সহকারী সভাপতি ও "জগজ্জ্যোতি"-সম্পাদক, জ্ঞানরত্ন, কবিধ্বজ ৺গুণালঙ্কার মহাস্থবীর মহাশয়ের পরলোকগমনে পরিষৎ বিশেষ দুঃখিত। তিনি প্রায় অধিবেশনাদিতে উপস্থিত হইতেন। তিনি বৌদ্ধধর্ম্ম ও সাহিত্যের বিশেষ অনুশীলন করিয়াছিলেন। কলিকাতায় বৌদ্ধবিহার প্রতিষ্ঠা তাঁহারই অন্যতম কীর্ত্তি। তাঁহার মৃত্যুতে বঙ্গীয় বৌদ্ধ-সমাজ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইল।

৮। গোবিন্দলাল দত্ত—বহুবাজারের সাবিত্রী লাইব্রেরীর সম্পাদক ও প্রতিষ্ঠাতা ৺গোবিন্দলাল দত্ত মহাশয়ের নাম অনেকেরই পরিচিত। এই লাইব্রেরীতে সাধারণে বিনা পয়সায় পুস্তকাদি পাঠ করিতেন। বৎসরে একবার করিয়া এই লাইব্রেরীর অধিবেশন হইত। ইহাতে বঙ্গের প্রথিতনামা সাহিত্যসেবিগণ গবেষণাপূর্ণ প্রবন্ধ পাঠ করিতেন। তাঁহার একমাত্র পুত্রের অকাল-বিয়োগে তিনি কিছুকাল উন্মাদ হইয়াছিলেন, তৎপরে থিওসফিক্যাল সোসাইটির বহু গ্রন্থাদি আলোচনা করিয়া প্রকৃতিস্থ হইয়াছিলেন।

৯। চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়—বঙ্গীয়-সাহিত্য-পরিষদের ভূতপূর্ব্ব সহকারী সম্পাদক ও কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য চণ্ডীবাবুর পরলোকগমনে পরিষৎ বিশেষ ক্ষতি বোধ করিতেছেন। তাঁহার আকস্মিক শোকাবহ মৃত্যু বঙ্গবাসী মাত্রই অবগত আছেন। তিনি জীবনের শেষ কয় বৎসর নানারূপ দুর্ঘটনায় আচ্ছন্ন হইয়া মানসিক অশান্তিতে কাটাইয়াছেন। তন্মধ্যে তাঁহার পুত্র উদীয়মান সাহিত্যিক ইন্দুপ্রকাশ বন্দ্যোপাধ্যায়ের লুসিটানিয়া জাহাজে করিয়া বাড়ী আসিবার সময় জাহাজের সহিত জলমগ্ন হইয়া মৃত্যু—প্রধানতম। পরিষদের প্রথম অবস্থায় তিনি পরিষদের জন্য যৎপরোনাস্তি পরিশ্রম করিয়া গিয়াছেন। তিনি

মূলেখক ছিলেন। তাঁহার 'বিদ্যাসাগর-জীবনী' বঙ্গভাষায় একখানি শ্রেষ্ঠ জীবন-চরিত. মা ও ছেলে, গৃহলক্ষ্মী, সন্তান শিক্ষা, দুখানি ছবি, কমলকুমার প্রভৃতি বহু গ্রন্থ তিনি লিখিয়া বঙ্গভাষায় সৌষ্ঠব বৃদ্ধি করিয়াছেন। তিনি তেজস্বী ও চরিত্রবান্ পুরুষ ছিলেন।

১০। **চারুচন্দ্র মল্লিক**—পটলডাঙ্গার বিখ্যাত মল্লিক-বংশে জন্ম গ্রহণ করিয়া তিনি নানা লোকহিতকর কার্য্যে ও আন্দোলনে যোগদান করিতেন। তিনি সঙ্গীত-সমাজ ও বঙ্গদেশীয় কায়স্থ-সভার সম্পর্কে নানা কার্য্য করিয়া গিয়াছেন। পরিষদের এই প্রাচীন সদস্যের মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

১১। **নগেন্দ্রনাথ নন্দী**—ইনি অতি অল্প দিন হইল, পরিষদের সদস্য হইয়াছিলেন। ইনি ইলেক্ট্রিক চিকিৎসা-ব্যবসা করিয়া বিশেষ খ্যাতি অর্জ্জন করিয়া গিয়াছিলেন। তাঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

১২। **নবসুন্দর বর্ম্মণ**—পরিষদের এই রঙ্গপুর-শাখার প্রথম শ্রেণীর সদস্যের মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

১৩। **নরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়**—ইনি বঙ্গীয় নাট্যশালার সহিত বিশেষভাবে সংশ্লিষ্ট ছিলেন। উচ্চ অঙ্গের অভিনেতা বলিয়া তাঁহার প্রসিদ্ধি ছিল। পরিষৎ তাঁহার অকাল-মৃত্যুতে দুঃখিত।

১৪। **প্রসন্নকুমার ঘোষাল এম. এ**—পরিষদের এই উৎসাহী সদস্যের মৃত্যুতে পরিষৎ বিশেষ ক্ষতি বোধ করিতেছেন। তিনি উচ্চ রাজকার্য্যে নিযুক্ত থাকিয়া বহু সদস্য সংগ্রহ করিয়া দিয়াছিলেন। তিনি বঙ্গভাষা ও সাহিত্যের যথেষ্ট আলোচনা করিতেন।

১৫। **ভূষণচন্দ্র মুখোপাধ্যায় বি এল**—যশোহর বনগ্রামের এই প্রাচীন সদস্যের মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত। তিনি পরিষদের প্রত্যেক অনুষ্ঠানেই তাঁহার সহানুভূতি জ্ঞাপন করিতেন। তিনি বহু সদস্য সংগ্রহ দ্বারা পরিষদের প্রভূত উপকার করিয়াছেন।

১৬। **বঙ্কিমচন্দ্র রায়**—ইনি অল্প দিন হইল, পরিষদের সদস্য হইয়াছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

১৭। **বিজয়চন্দ্র গঙ্গোপাধ্যায়**—পরিষদের এই উৎসাহী সদস্যের মৃত্যুতে পরিষৎ দুঃখিত। ইনিও অতি অল্প দিন হইল, সদস্য হইয়াছিলেন।

১৮। **মহেন্দ্রনাথ সরকার**—ইনি সুদূর পশ্চিমে থাকিয়া বঙ্গভাষার সেবা করিতেন। ৫ বৎসর কাল তিনি পরিষদের সদস্য ছিলেন। তাঁহার পরলোক-প্রাপ্তিতে পরিষৎ দুঃখিত।

১৯। **মোহিনীনাথ বিশি**—ইনি পরিষদের বিশেষ হিতৈষী সদস্য ছিলেন। ৺চন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের তৈলচিত্র, ৺শিশিরকুমার ঘোষ ও ৺রজনীকান্ত সেনের ব্রোমাইড চিত্র স্বব্যয়ে প্রস্তুত করাইয়া পরিষদে উপহার দিয়াছেন। পরিষদের স্থায়ী ভাণ্ডারে ৫০৲ টাকা সাহায্য করিতে প্রতিশ্রুত হইয়া ২৫৲ দিয়া গিয়াছেন। তিনি শুক্রনীতির বঙ্গানুবাদ করিয়া রাখিয়া গিয়াছেন—তাঁহার পুত্রগণের ইচ্ছা, এই গ্রন্থ পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হয়। ইহা এখনও বিচারাধীন রহিয়াছে। পরিষদের এই বন্ধুর বিয়োগে পরিষৎ বিশেষ দুঃখিত।

২০। বিহারীলাল গুপ্ত আই সি এস্—স্বনামপ্রসিদ্ধ গুপ্ত মহাশয় প্রথম আমলের সি এস্। তিনি উচ্চ রাজপদে অধিষ্ঠিত থাকিয়াও পরিষদের হিতচিন্তা করিতেন। তিনি বরোদা রাজ্যের প্রধান মন্ত্রীর পদে নিযুক্ত হইয়াছিলেন। রমেশ-ভবনের পৃষ্ঠপোষক হইবার জন্য ইনিই বরোদার মহারাজকে অনুরোধ করেন এবং মহারাজের নিকট হইতে ৫০০০৲ পাঁচ হাজার টাকা সংগ্রহ করিয়া দেন। কলিকাতায় বাস কালে তিনি বহু বার পরিষদের অধিবেশনে উপস্থিত হইয়া কার্য্যে যোগ দিতেন।

২১। রজনীকান্ত চক্রবর্ত্তী—ইনি মালদহের গবর্মেণ্ট স্কুলের প্রবীণ শিক্ষক ছিলেন। তিনি একজন প্রতিষ্ঠাবান্ সাহিত্যিক ছিলেন। 'গৌড়ের ইতিহাস' গ্রন্থখানি রচনা করিয়া চক্রবর্ত্তী মহাশয় বঙ্গভাষার একটি মহদুপকার সাধন করিয়া গিয়াছেন। বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে ও উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলনে তিনি প্রায় যোগদান করিতেন। উত্তরবঙ্গের এই প্রাচীন সাহিত্যিকের মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত। তিনি পরিষদের অন্যতম সহায়ক সদস্য ছিলেন।

২২। রসিকলাল রায়—পরিষৎ এই নীরব সাহিত্যিকের মৃত্যুতে অত্যন্ত ক্ষতি বোধ করিতেছেন। তিনি সংস্কৃত কলেজের শিক্ষক ছিলেন। তিনি বঙ্গভাষায় সুলেখক ছিলেন। তাঁহার বহু সন্দর্ভ নব্যভারত, ভারতবর্ষ, মানসী প্রভৃতি মাসিক পত্রের শোভা বর্দ্ধন করিত। তিনি ভারতের অন্যান্য ভাষা হইতে আভরণ আহরণ করিয়া বঙ্গভাষাকে সাজাইতে চেষ্টা করিতেন। এই কার্য্যে তিনিই প্রথম পথপ্রদর্শক ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। তাঁহার অভাবে বঙ্গবাসী একটি প্রকৃষ্ট ভক্ত ও একনিষ্ঠ সাধক হারাইলেন।

২৩। রাখালচন্দ্র দত্ত—গত ৫ বৎসর কাল তিনি পরিষদের সদস্য ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

২৪। রামকমল রায় বি এল—ইনি গত তিন বৎসর হইল, পরিষদের সদস্য হইয়াছিলেন। তিনি পরিষদের একজন হিতাকাঙ্ক্ষী সদস্য ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

২৫। লোকনাথ দত্ত—ইনি রঙ্গপুর শাখা-পরিষদের ও মূল-পরিষদের সদস্য ছিলেন। উভয় পরিষদের তিনি একজন হিতৈষী বন্ধু ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষ ক্ষতিবোধ করিতেছেন।

২৬। রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই—বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠা-কার্য্যে যাঁহারা পরিষদের সহায়তা করিয়াছিলেন, স্বর্গীয় দাস মহাশয় তাঁহাদের অন্যতম। তিনি প্রথমে পরিষদের সদস্য ছিলেন, তৎপরে তিনি বিশিষ্ট সদস্য হইয়াছিলেন। তিনি বিদেশীর পক্ষে রুদ্ধদ্বার তিব্বতে গিয়া তিব্বতীয় ভাষা, তিব্বতের ভৌগোলিক বৃত্তান্ত, বৌদ্ধধর্ম্ম ও শাস্ত্রাদির নিগূঢ় মর্ম্ম প্রভৃতি অবগত হয়েন। তিনি এই জন্য বঙ্গীয় রাজসরকার হইতে বিশেষ ভাবে সম্মানিত হয়েন। তিব্বত হইতে তিনি যে সকল গ্রন্থ আনয়ন করিয়াছিলেন, তন্মধ্যে 'বোধিসত্ত্বাবদানকল্পলতা' অন্যতম। এই গ্রন্থ তিনি অনূদিত করিয়া বঙ্গীয়-সাহিত্য-পরিষদের গ্রন্থাবলী ভুক্ত করিয়া প্রকাশ করিয়া গিয়াছেন। এই গ্রন্থ তিনিই সম্পাদন করিয়াছিলেন।

তিনি Budhist Text Society নামে একটি সমিতির প্রতিষ্ঠা করেন ও একখানি সাময়িক পত্রিকা প্রকাশ করেন। তিব্বতীয় অভিধান প্রকাশ করিয়া উক্ত ভাষা-শিক্ষার্থীর বিশেষ উপকার করিয়া গিয়াছেন। Indian Pundits in the Land of snow নামক গ্রন্থে তিনি তিব্বত ও ভারত সম্বন্ধে অনেক তথ্যের সংবাদ দিয়াছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, তাঁহার স্মৃতিরক্ষার জন্য পরিষদে একখানি তৈলচিত্র প্রতিষ্ঠিত হইবে ও তিব্বতীয় মৌলিক অনুসন্ধান ও গবেষণার জন্য সময় সময় একটি পদক দেওয়া হইবে। এই জন্য অর্থ সংগ্রহার্থ একটি শাখা সমিতি গঠিত হইয়াছে। রায় বাহাদুরের মৃত্যুতে পরিষৎ এবং বঙ্গদেশ একটি কর্ম্মী পুরুষ হারাইয়াছেন।

২৭। **শরচ্চন্দ্র ঘোষ মল্লিক**—ইনি পরিষদের একজন প্রাচীন সদস্য। নানাবিধ সংকীর্ত্তির প্রতিষ্ঠা দ্বারা নিজগ্রাম পাঁচথুপীর (মুরশিদাবাদ) জনসাধারণের অশেষ উপকার করিয়া গিয়াছেন। পরিষদের গৃহনির্ম্মাণ-তহবিলে অর্থ সাহায্য করিয়া গিয়াছেন। তাঁহার অকাল-মৃত্যুতে পরিষৎ বিশেষ ক্ষতি বোধ করিতেছেন। পরিষদের প্রায় সকল অনুষ্ঠানেই তিনি সাহায্য করিতেন।

২৮। **শরচ্চন্দ্র দাস**—মালদহ মুকুন্দমপুরনিবাসী এই সদস্য পরিষদের রঙ্গপুর-শাখার ও মূল-পরিষদের সদস্য ছিলেন। তিনি গত ৬ বৎসর সদস্য ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

২৯। **শারদাগোবিন্দ তালুকদার**—ইনিও পরিষদের রঙ্গপুর-শাখার ও মূল-পরিষদের সদস্য ছিলেন। রঙ্গপুর-শাখার বহু কার্য্যের সহিত ইনি সংশ্লিষ্ট ছিলেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষ ক্ষতিগ্রস্ত।

৩০। **হরেকৃষ্ণ চন্দ্র**—ইনি তিন বৎসর মাত্র সদস্য ছিলেন। এই অল্প সময়ের মধ্যে তিনি প্রায় পরিষদে আসিয়া ইহার কার্য্যাদির সহিত সহানুভূতি জ্ঞাপন করিতেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

৩১। **হিরণ্যভূষণ বন্দ্যোপাধ্যায়**—ইনি এক বৎসর মাত্র সদস্য হইয়াছিলেন। তিনি অকালেই পরলোকগত হইয়াছেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত।

৩২। **হেমেন্দ্রমোহন বসু**—হেমেন্দ্রমোহন বসু সাধারণের নিকট এচ্‌ বসু নামে বিশেষ পরিচিত ছিলেন। নানাবিধ সুগন্ধি দ্রব্যের ব্যবসায়ে তিনি কৃতিত্ব দেখাইয়াছিলেন। তিনি অতি দানশীল, সদালাপী, দয়ালু ব্যক্তি ছিলেন। বাঙ্গলা ছাপাখানার উন্নতির জন্য তিনি বহু পরিশ্রম করিয়া কৃতকার্য্য হইয়াছিলেন। তিনি বৎসর বৎসর কুন্তলীন তৈলের জন্য বহু সাহিত্যিককে উৎসাহ দিবার ছলে পুরস্কার প্রবন্ধ রচনা সংগ্রহ করিয়া প্রকাশ করিয়াছিলেন। তিনি নিজেও নানা বিষয়ে প্রবন্ধাদি লিখিয়া বঙ্গভাষার সেবা করিতেন। তাঁহার মৃত্যুতে পরিষদের বিশেষ ক্ষতি হইয়াছে।

আলোচ্য বর্ষে পরিষদের পূর্ব্বোক্ত সদস্যগণ ব্যতীত নিম্নলিখিত কয়েক জন প্রথিত-নামা সাহিত্যসেবীর মৃত্যু হইয়াছে। ইঁহাদের জন্য পরিষৎ বিশেষ দুঃখ প্রকাশ করিতেছেন।

১। মহারাজ কুমুদচন্দ্র সিংহ বি এ—ইনি বঙ্গের একজন কৃতী সন্তান ও প্রাচীন জমিদার-বংশের মধ্যে একজন শ্রেষ্ঠ ব্যক্তি ছিলেন। বিদ্বৎসমাজে ইহাঁর খ্যাতি ও প্রতিপত্তি যথেষ্ট ছিল। স্বর্গীয় মহারাজ এক দিকে প্রগাঢ় পণ্ডিত ছিলেন, অপর দিকে নিষ্ঠাবান্ ব্রাহ্মণ ও আদর্শ হিন্দু ছিলেন। তিনি সংস্কৃত ভাষায় কাব্য রচনা করিতে পারিতেন ও বিশুদ্ধ সংস্কৃত ভাষায় অনর্গল বক্তৃতা করিতে পারিতেন। ইনি চিরউদার ও উন্মুক্তহৃদয় ছিলেন। নানা বৈষয়িক কার্য্যে নিযুক্ত থাকিয়াও তিনি সাহিত্য ও বঙ্গভাষার প্রতি বিশেষ অনুরাগী ছিলেন। তাঁহার রচিত বঙ্গভাষায় নানা প্রবন্ধাদি বঙ্গভাষানুরাগী ব্যক্তিবর্গের নিকট তাঁহাকে চিরপ্রিয় করিয়া রাখিবে। ময়মনসিংহে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের চতুর্থ অধিবেশনে তিনি অভ্যর্থনা-সমিতির সভাপতি হইয়াছিলেন। তিনি পরিষদের বহু অধিবেশনে উপস্থিত হইয়া আলোচনায় যোগদান করিতেন। তাঁহার পরলোক-গমনে শোক প্রকাশ জন্য পরিষদের এক বিশেষ অধিবেশন হইয়াছিল। মহারাজের মৃত্যুতে পরিষৎ অত্যন্ত দুঃখিত।

২। ভুবনচন্দ্র মুখোপাধ্যায়—'হরিদাসের গুপ্তকথার' লেখক ভুবনচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের নাম বঙ্গভাষানুরাগী মাত্রেরই বিশেষ পরিচিত। তিনি পরিণত বয়সে পরলোক-গমন করেন। তাঁহার মৃত্যুতে পরিষৎ দুঃখিত। তিনি 'প্রভাকর' পত্রিকার সম্পাদক ছিলেন। শোভাবাজার রাজবাড়ী হইতে তিনি পুস্তক লিখিবার জন্য বিশেষ সাহায্য পাইয়াছিলেন। তিনি বহু গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। 'বসুমতী' পত্রিকার সংসর্গে তিনি অনেক দিন কার্য্য করিয়াছেন।

৩। লালমোহন বিদ্যানিধি—শান্তিপুরের এই প্রখ্যাতনামা পণ্ডিতের পরলোক-প্রাপ্তিতে বঙ্গের একজন প্রাচীন পণ্ডিতের অভাব হইল। তিনি ৭৩ বৎসর বয়সে পরলোক-গত হইয়াছেন। তিনি প্রথমে স্কুল সব্ ইনস্পেক্‌টার নিযুক্ত হইয়াছিলেন। পরে হুগলী নর্ম্মাল স্কুলের প্রধান পণ্ডিতের কার্য্য করিয়া অবসর গ্রহণ করেন। তিনি বৃদ্ধ বয়স পর্য্যন্ত বিশেষ উৎসাহের সহিত সভা-সমিতিতে যোগদান করিতেন। কয়েক বার সাহিত্য-সম্মিলনেও উপস্থিত হইয়াছিলেন। তাঁহার গবেষণাপূর্ণ প্রবন্ধাদি আর্য্যদর্শন, বঙ্গদর্শন ও বান্ধব পত্রিকায় প্রকাশিত হইত। তাঁহার সকল গ্রন্থগুলিই চিন্তাশীলতা ও পাণ্ডিত্যের পরিচায়ক। তাঁহার 'সম্বন্ধ-নির্ণয়' গ্রন্থ তাঁহাকে চিরদিন অমর করিয়া রাখিবে। তাঁহার মৃত্যুতে পরিষৎ বিশেষ দুঃখিত।

বার্ষিক অধিবেশন

আলোচ্য বর্ষে ১৪ই শ্রাবণ তারিখে পরিষদের দ্বাবিংশ বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। এই অধিবেশনে গত বর্ষের কার্য্যবিবরণ ও ১৩২৩ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ পঠিত ও যথারীতি গৃহীত হয়। অতঃপর সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় তাঁহার সম্বোধন পাঠ করেন। ইহা পরিষৎ-পত্রিকায় ২৩শ ভাগ, ২য় সংখ্যায় প্রকাশিত হইয়াছে। তৎপরে সভাপতি মহাশয় নিজ সম্পাদিত ও লালগোলার বিদ্যোৎসাহী রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের সম্পূর্ণ ব্যয়ে মুদ্রিত পরিষদের গ্রন্থাবলীভুক্ত

সহস্র বৎসরের পুরাতন বঙ্গভাষায় লিখিত "বৌদ্ধগান ও দোহা" নামক সুবৃহৎ পুস্তক পরিষৎকে উপহার দিলেন। এই গ্রন্থখানিতে (১) চর্য্যাচর্য্যবিনিশ্চয়, (২) সরোজবজ্রের দোহাকোষ, (৩) কাহ্নপাদের দোহাকোষ এবং (৪) ডাকার্ণব, এই চারিখানি পুস্তক আছে। উহাতে বাঙ্গালা ভাষার প্রাচীনতম রূপ পাওয়া যায়। পণ্ডিতগণ বলিয়া আসিতেছেন যে, বাঙ্গালা ভাষা মাগধী অপভ্রংশ-জাত, তাঁহারা তাহার প্রমাণও কিছু কিছু সংগ্রহ করিয়াছেন সত্য, কিন্তু এত দিনে সাহিত্যে তাহার নিদর্শন মিলে নাই, মাঝে একটা মস্ত অবকাশ ছিল। বৌদ্ধগান ও দোহা এবং অদ্য আপনাদের নিকট প্রদর্শিত শ্রীকৃষ্ণকীর্ত্তন সেই অবকাশের অনেকটা পূরণ করিবে—বাঙ্গালা ভাষার উৎপত্তি, পুষ্টি ও পরিণতির ইতিহাস সঙ্কলনে যথেষ্ট সহায়তা করিবে। ভাষাতত্ত্বের আলোচনায় এই গ্রন্থখানির স্থান অতি উচ্চে। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বঙ্গভাষার উন্নতিকল্পে এবং বঙ্গভাষার ইতিহাস সঙ্কলনে যে সকল কাজ করিয়াছেন, তাহার সবিশেষ পরিচয় অনাবশ্যক; কারণ, উহা সর্ব্বজন-বিদিত। বঙ্গভাষার সেবাতে তিনি অক্লান্ত পরিশ্রম করিয়াছেন এবং নানাভাবে আমাদের মাতৃভাষার গৌরব বৃদ্ধি করিয়াছেন। এ সকল কথা আমাদের দেশের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিত আছে এবং চিরকাল থাকিবে। ভারতীয় পুরাতত্ত্ব, বিশেষতঃ বৌদ্ধযুগের তমসাচ্ছন্ন ইতিহাসের অনেক তথ্য সম্বন্ধে তাঁহার অসাধারণ পাণ্ডিত্য এবং অমানুষী সেবার যে পরিচয় আমরা পাইয়াছি, তাহা এখানে বিস্তৃতভাবে বর্ণনা করা দুরূহ। তাঁহারই যত্নে এবং কৃতিত্বে বঙ্গদেশের পালরাজগণ সম্বন্ধে অনেক নূতন কথা আমরা জানিতে পারিয়াছি। তিনি সংস্কৃতাদি এবং ইংরাজী ভাষায় বিশেষ পারদর্শী হইয়াও বঙ্গভাষাতেই অধিকাংশ গ্রন্থ লিখিয়াছেন ও লিখিতেছেন। এমন কি, এ কথা বলিলেও অত্যুক্তি হইবে না যে, তিনি যেন বঙ্গভাষার সেবাকেই তাঁহার জীবনের একমাত্র ব্রত বলিয়া গ্রহণ করিয়াছেন। ইহা আমাদের কম সৌভাগ্যের বিষয় নহে। তাঁহার ন্যায় নানা ভাষা ও নানা শাস্ত্রে কৃতবিদ্য অন্যান্য সুধীবর্গ যদি তাঁহারই পন্থা অনুসরণ করেন, তাহা হইলে বঙ্গভাষার অবস্থা যে অচিরে সমৃদ্ধ হইবে, সে বিষয়ে সন্দেহ মাত্র নাই। তিনি গত তিন বৎসর পরিষদের নেতৃত্ব করিয়াছেন। তাঁহার নেতৃত্ব সময়ে পরিষদের নানাপ্রকার উন্নতি সংসাধিত হইয়াছে। পরিষদের কার্য্যে তাঁহার যে প্রকার আন্তরিকতা ও অনুরাগ দেখা গিয়াছে, তাহা অনন্যসুলভ। তিনি পরিষৎকে যে ভাবে গড়িয়া তুলিতে ইচ্ছা করিয়াছিলেন, তাহা সম্যক্‌রূপে ফলবতী না হইলেও তাঁহার কৃতিত্ব, তাঁহার মাতৃভাষার প্রতি অকৃত্রিম অনুরাগ এবং অদম্য অধ্যবসায়ের ফলে আজি পরিষৎ নানাভাবে সৌষ্ঠবসম্পন্ন হইয়াছে। প্রাচীন বাঙ্গালার অনেক উৎকৃষ্ট পুস্তক প্রকাশ করিয়া পরিষৎ আজি যে সাধারণের নিকট গৌরবান্বিত হইয়াছেন, তাহা প্রধানতঃ মহামহোপাধ্যায় শাস্ত্রী মহাশয়েরই পরিশ্রমের ফল। বর্ত্তমানে তাঁহাকে আমরা সভাপতিরূপে না পাইলেও তিনি আমাদের একজন সহকারী সভাপতি রহিলেন। পরিষদের ভরসা আছে যে, তাঁহার নিকট পরিষৎ উপযুক্ত উপদেশাদি পাইতে বঞ্চিত হইবে না। তাঁহার নিকট পরিষৎ যে উপকার পাইয়াছে, পরিষৎ তজ্জন্য তাঁহার নিকট চিরকৃতজ্ঞতা-পাশে আবদ্ধ থাকিবে।

শাস্ত্রী মহাশয়কে অভিনন্দিত করিবার জন্য পরিষদে এক সান্ধ্য সম্মিলন অনুষ্ঠানের প্রস্তাব গৃহীত হয়। কিন্তু শাস্ত্রী মহাশয় অনিচ্ছা প্রকাশ করায় ঐ সান্ধ্য সম্মিলন ঘটে নাই।

তাহার পর শাস্ত্রী মহাশয় প্রস্তাব করিলেন যে, বর্ত্তমান বর্ষের জন্য শ্রীযুক্ত সার জগদীশচন্দ্র বসু মহাশয় সভাপতি হউন। সর্ব্বসম্মতিক্রমে তাঁহার প্রস্তাব গৃহীত হইল।

তারপর ১৩২৩ বঙ্গাব্দের জন্য পরিষদের কার্য্যাধ্যক্ষগণ নির্ব্বাচিত হন ও কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্ব্বাচন-ফল বিজ্ঞাপিত হয়।

বর্ত্তমান বর্ষে যিনি অনুগ্রহ পূর্ব্বক সভাপতির পদ গ্রহণ করিয়া পরিষৎকে বিশেষভাবে গৌরবান্বিত করিয়াছেন, তাঁহার নাম জগৎপ্রসিদ্ধ। আমাদের ভরসা আছে যে, বিজ্ঞানাচার্য্য শ্রীযুক্ত সার জগদীশচন্দ্র বসু মহাশয়ের নেতৃত্বে পরিষৎ অচিরে নানাপ্রকারে সমৃদ্ধ হইবে। তিনি নেতৃত্ব গ্রহণাবধি পরিষদের কাজে যে প্রকার মনোনিবেশ করিয়াছেন এবং ইহাকে সর্ব্বপ্রকার সৌষ্ঠবযুক্ত ও কার্য্যোপযোগী করিবার পক্ষে যে প্রকার চেষ্টা এবং যত্ন করিতেছেন, তাহাতে পরিষদে নূতন জীবন সঞ্চারিত হইবে, এইরূপ আশা আমাদের মনে স্বতঃই জাগরূক হইয়াছে। সভাপতি মহাশয় অনেকবার বলিয়াছেন যে, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ আমাদের প্রতিষ্ঠিত দেবমন্দির স্বরূপ। উহা বাস্তব দেবমন্দিরে পরিণত হউক, ইহাই আমরা শ্রীভগবানের নিকট সকলে কায়মনোবাক্যে প্রার্থনা জানাইতেছি।

মাসিক অধিবেশন

আলোচ্য বর্ষে পরিষদের সর্ব্বসমেত ১০টি মাসিক ও ৩টি বিশেষ অধিবেশন হইয়াছিল। নিম্নে তালিকা প্রদত্ত হইল।

১। ১৩২৩।৪ঠা ভাদ্র প্রথম মাসিক অধিবেশন হয়। এই দিন কার্য্য-বাহুল্যবশতঃ প্রবন্ধ পাঠের সময় হয় নাই।

দ্বিতীয় মাসিক অধিবেশন—২৫শে ভাদ্র

২। ১৩২২ বঙ্গাব্দের বঙ্গ-সাহিত্যের বিবরণ—শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ।

তৃতীয় মাসিক অধিবেশন—৮ই আশ্বিন

৩। ইউরোপীয়-লিখিত প্রাচীনতম মুদ্রিত বাঙ্গলা গ্রন্থ—শ্রীযুক্ত সুশীলকুমার দে এম্ এ, বি এল।

৪। কৃপার শাস্ত্রের অর্থভেদ ও বাঙ্গালা উচ্চারণ তত্ত্ব—শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম্ এ।

চতুর্থ মাসিক অধিবেশন—১৮ই অগ্রহায়ণ

৫। প্রাচীন পুথির সংস্করণ—রায় বাহাদুর শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি, এম্ এ।

৪ঠা পৌষ, পঞ্চম মাসিক অধিবেশন হয়। এই দিন কার্য্য-বাহুল্যবশতঃ প্রবন্ধ পাঠের সময় হয় নাই।

ষষ্ঠ মাসিক অধিবেশন—২৫শে পৌষ

৬। বিগ্রহপালদেবের তাম্রশাসন—শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ।

৭। বাঙ্গালা শব্দকোষ সম্বন্ধে কয়েকটি মন্তব্য—শ্রীযুক্ত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য।

৮। দ্বিজ রঘুনাথের সত্যনারায়ণের পুঁথি—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ।

৯। প্রাচীন পল্লী-সঙ্গীত ও কবিতা—শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত।

সপ্তম মাসিক অধিবেশন—২৯শে মাঘ

১০। নবাবিষ্কৃত সূর্য্যবর্ম্মার শিলালিপি—শ্রীযুক্ত ননীগোপাল মজুমদার।

অষ্টম ও নবম মাসিক অধিবেশন—৫ই চৈত্র

১১। কবিকঙ্কণ চণ্ডীর মূলানুসন্ধান—শ্রীযুক্ত বিপিনবিহারী সেন বিদ্যাভূষণ।

১২। উপনিষৎ ও তাহার কাল—শ্রীযুক্ত কৃষ্ণানন্দ ব্রহ্মচারী।

দশম মাসিক অধিবেশন—১৯শে চৈত্র

১৩। আসামের পত্রপত্রিকা—শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ, এম্ এ।

মাসিক অধিবেশনে প্রদর্শিত দ্রব্যাদি

প্রথম মাসিক অধিবেশন

১। শ্রীযুক্ত গুরুদাস সরকার এম এ মহাশয় প্রদত্ত দুইখানি প্রাচীন ইষ্টক।

২। শ্রীযুক্ত রাখালরাজ রায় বি এ মহাশয় প্রদত্ত একখানি প্রাচীন ইষ্টক ও একটি প্রস্তর-চৈত্য।

৩। শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত মহাশয় প্রদত্ত মথুরামণ্ডল হইতে সংগৃহীত দুই হাজার বৎসরের পুরাতন কতকগুলি প্রস্তরের ভগ্ন নারী-হস্ত, নারী-মুণ্ড, গোমুখ প্রভৃতি।

চতুর্থ মাসিক অধিবেশন

৪। কুমার শ্রীযুক্ত সরোজেন্দ্রকৃষ্ণ দেব বাহাদুর প্রদত্ত একটি "সূর্য্যমূর্ত্তি" ও একটি "সদাশিবমূর্ত্তি"। অন্যূন ৬০ বৎসর পূর্ব্বে স্বর্গীয় রাজা প্রসন্ননারায়ণ দেব বাহাদুর মুরশিদাবাদ হইতে এই মূর্ত্তিদ্বয় আনয়ন করেন।

ষষ্ঠ মাসিক অধিবেশন

৫। শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম এ মহাশয় প্রদর্শিত 'ফেলেরিট' নামক খনিজ পদার্থ।

নবম মাসিক অধিবেশন

৬। শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত মহাশয় কর্তৃক খাসিয়া পাহাড় হইতে আনীত খাসিয়া জাতির কতকগুলি নিত্য ব্যবহার্য্য দ্রব্য।

বিশেষ অধিবেশন

আলোচ্য বর্ষে পরিষদের ৩টি বিশেষ অধিবেশন হইয়াছিল।

প্রথম বিশেষ অধিবেশন—২১শে অগ্রহায়ণ

সুসঙ্গাধিপতি মহারাজ কুমুদচন্দ্র সিংহ বাহাদুরের পরলোকগমনে এই বিশেষ অধিবেশন আহূত হয়। মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহাশয় সভাপতির

আসন গ্রহণ করেন। শ্রীযুক্ত রাধাবল্লভ চৌধুরী, ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এই অধিবেশনে যোগদান করিয়া সুসঙ্গাধিপতির চরিত্রালোচনা করিয়াছিলেন। অতঃপর কি ভাবে মহারাজ বাহাদুরের স্মৃতি পরিষৎ মন্দিরে রক্ষিত হইতে পারে, তাহার ব্যবস্থা করিবার জন্য পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির উপর ভার অর্পিত হইল।

দ্বিতীয় বিশেষ অধিবেশন—২৯শে মাঘ

বঙ্গীয়-সাহিত্য-পরিষদের অন্যতম বিশিষ্ট সদস্য রায় শরচ্চন্দ্র দাস বাহাদুরের পরলোক-গমনে এই বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়। বিজ্ঞানাচার্য্য শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় এই সভায় সভাপতির আসন গ্রহণ করেন। এই অধিবেশনে সভাপতি মহাশয় ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় স্বর্গীয় মহাত্মার জীবন-বৃত্তান্ত সম্বন্ধে বিশেষ-ভাবে আলোচনা করেন। বিদ্যাভূষণ মহাশয় তাঁহার কর্ম্মের একটি বিস্তৃত তালিকা বিবৃত করেন। এই সভায় স্বর্গীয় রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ইর উপযুক্ত স্মৃতি রক্ষার ব্যবস্থার জন্য পরিষদের কার্য্য-নির্ব্বাহক সমিতির উপর ভার অর্পিত হইল।

তৃতীয় বিশেষ অধিবেশন—৬ই বৈশাখ, ১৩২৪

বিগত ৬ই বৈশাখ, ১৩২৪, পরিষদের তৃতীয় বিশেষ অধিবেশন আহূত হয়। তদুপলক্ষে অধ্যাপক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম এ মহাশয় কর্ত্তৃক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম এ মহাশয়-প্রদত্ত অর্থে প্রকাশ্য গিজোর (Guizot) সভ্যতার ইতিহাস বিষয়ক গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ পঠিত হয়। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

কার্য্যনির্ব্বাহক-সমিতি

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণ কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্য ছিলেন ;—

পরিষদের নির্ব্বাচিত

১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল
২। ,, রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
৩। ,, খগেন্দ্রনাথ মিত্র এম্ এ
৪। ,, নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব
৫। ,, হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ
৬। ,, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ
৭। ,, যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ
৮। ,, রমাপ্রসাদ চন্দ বি এ
৯। ,, রমেশচন্দ্র মজুমদার এম্ এ

১০। শ্রীযুক্ত ডাক্তার বনওয়ারিলাল চৌধুরী ডি এস সি
১১। ,, অমূল্যচরণ বিদ্যাভূষণ
১২। ,, হেমচন্দ্র সরকার এম্ এ
১৩। ,, পণ্ডিত দুর্গাচরণ সাঙ্খ্য-বেদান্ততীর্থ
১৪। ,, মন্মথমোহন বসু এম্ এ
১৫। ,, বাণীনাথ নন্দী
১৬। ,, যোগেন্দ্রনাথ দাসগুপ্ত বি এ
১৭। ,, মহম্মদ রওশন আলী চৌধুরী
১৮। ,, চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এ
১৯। ,, কেশবচন্দ্র গুপ্ত এম্ এ, বি এল
২০। ,, ডাঃ সৌরীন্দ্রকুমার গুপ্ত এম্ এ, বি এল (ব্যারিষ্টার)

শাখা-পরিষদের প্রতিনিধিগণ

১। শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
২। ,, বোধিসত্ত্ব সেন এম্ এ, বি এল
৩। ,, হরিনাথ ঘোষ বি এল
৪। ,, নবকৃষ্ণ রায় বি এ

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির ১৬টি সাধারণ অধিবেশন হইয়াছিল এবং এতদ্ব্যতীত ৬ বার পত্র-ব্যবহার দ্বারা (Meeting in Circular) কার্য্য-নির্ব্বাহক-সমিতির মতামত সংগ্রহ করিয়া কার্য্য করা হইয়াছিল।

আলোচ্য বর্ষে অন্যান্য কার্য্য মধ্যে নিম্নলিখিত উল্লেখযোগ্য কার্য্যগুলিও আলোচিত হইয়াছিল।

(১) কার্য্যনির্ব্বাহক-সমিতির দ্বিতীয় অধিবেশনে শ্রীযুত সভাপতি মহাশয়ের প্রস্তাবমত দুঃস্থ সাহিত্যসেবিগণের সাহায্যকল্পে ৫০৲ হিসাবে দুইটি এককালীন বৃত্তি দেওয়ার ব্যবস্থা হয়। একটির বৃত্তি সভাপতি মহাশয় বর্ত্তমান বর্ষে দিতে স্বীকৃত হন।

(২) পরিষদের গ্রন্থপ্রকাশ কার্য্যের সৌকর্য্য সাধন জন্য ১৩২৩।১৩২৪ ও ১৩২৫ বঙ্গাব্দের জন্য (ক) প্রাচীন ও আধুনিক সাহিত্যসমিতি, (খ) দর্শন-সমিতি, (গ) গণিত ও বিজ্ঞান-সমিতি এবং (ঘ) ইতিহাস ও প্রত্নতত্ত্ব-সমিতি নামক চারিটি পরামর্শ-সমিতি গঠিত হয়। সভ্যতালিকা পরিশিষ্টে দ্রষ্টব্য।

(৩) বঙ্গভাষায় ডাক্তারী শিক্ষা প্রচলনের ব্যবস্থা করিবার জন্য গবর্ণমেণ্টের নিকট আবেদন পাঠাইবার নিমিত্ত একটি শাখা-সমিতি গঠন।

(৪) ১৩২৩ মাঘ মাসের ভারতীতে প্রকাশিত "সেনরাজগণের উত্তর চরিত" নামক প্রবন্ধের সত্যাসত্য নির্ণয় করিবার জন্য শ্রীমতী সরলা দেবী চৌধুরাণী মহাশয়ার প্রস্তাব মত একটি শাখা-সমিতি গঠন।

(৫) চিত্রশালায় যে সকল দ্রব্যাদি আছে, তাহা পরিষদের সম্পত্তি বলিয়া গণ্য করা হউক, এই সম্বন্ধে প্রস্তাব গ্রহণ।

(৬) কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক গৃহীত মন্তব্যগুলির মধ্যে কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ মত মন্তব্যগুলি পরিষৎ-পঞ্জিকায় মুদ্রণের ব্যবস্থা হউক, এই সম্বন্ধে শ্রীযুত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের প্রস্তাব মত মন্তব্য গ্রহণ।

(৭) বিগত ৮ম ও ৯ম মাসিক অধিবেশনে প্রায় ৭০ জন ভদ্রলোকের পরিষদের সদস্যরূপে নির্ব্বাচনে পরিষদের ১৩ (খ) সংখ্যক নিয়ম অনুসারে শ্রীযুক্ত মন্মথমোহন বসু যে আপত্তি করিয়াছিলেন, পরিষদের ১৩ (খ) সংখ্যক নিয়মানুসারে সেই বিষয় কার্য্য নির্ব্বাহক-সমিতিতে আলোচিত হইয়াছিল। উক্ত দিন মন্মথবাবু কার্য্য-নির্ব্বাহক-সমিতিতে উপস্থিত ছিলেন। মন্মথ বাবু উক্ত সভাতে তাঁহার আপত্তি প্রত্যাহার করিয়াছেন এবং স্থির হইয়াছে যে, বার্ষিক অধিবেশনের পরে এই সমস্ত ব্যক্তির নাম নির্ব্বাচনার্থে পরিষদের মাসিক অধিবেশনে উপস্থিত করিতে হইবে।

কার্য্য নির্ব্বাহক-সমিতির সভ্যগণ ব্যতীত নিম্নলিখিত সদস্যগণ পুস্তকালয়-সমিতি, ছাপাখানা-সমিতি, চিত্রশালা-সমিতি, বজেট সমিতি, ডাক্তারী শিক্ষা-সমিতি প্রভৃতি বিবিধ শাখা-সমিতিতে কার্য্য করিয়াছেন। এতদ্ব্যতীত গণিতশাস্ত্রের মূলতত্ত্ব আলোচনা-সমিতি ও অন্যান্য সমিতিতে সদস্যগণ ব্যতীত অন্য অনেক বিশেষজ্ঞগণ কার্য্য করিয়াছেন। তাঁহাদের নাম নিম্নে মুদ্রিত হইল। পরিষৎ ইঁহাদের সকলের নিকটই বিশেষ ভাবে কৃতজ্ঞ।

শ্রীযুক্ত চারুচন্দ্র বসু, শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায়, শ্রীযুত পূরণচাদ নাহার, শ্রীযুক্ত সুশীলকুমার দে, শ্রীযুক্ত ললিতাপ্রসাদ দত্ত, ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী, ডাঃ শ্রীযুত মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুত রাধাগোবিন্দ কর, শ্রীযুক্ত সুরেশপ্রসাদ সর্ব্বাধিকারী, ডাঃ শ্রীনীলরতন সরকার।

বর্ষশেষে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন মহাশয়গণ কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যপদ ত্যাগ করায় তাঁহাদের স্থলে কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র, শ্রীযুক্ত কালীপ্রসন্ন দাস গুপ্ত ও শ্রীযুক্ত সুশীলকুমার দে মহাশয়গণ সমিতির সভ্য নির্ব্বাচিত হন। এতদ্ব্যতীত বর্ষের প্রারম্ভে সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার মহাশয় চিত্রশালাধ্যক্ষ নির্ব্বাচিত হওয়ায় তাঁহার স্থলে শ্রীযুত হরিদাস চট্টোপাধ্যায় মহাশয় সমিতির অন্যতম সভ্য নির্ব্বাচিত হন। বর্ষশেষে সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয় যথাক্রমে চিত্রশালাধ্যক্ষ ও ছাত্রাধ্যক্ষ-পদে নির্ব্বাচিত হওয়ায় তাঁহাদের স্থলে শ্রীযুক্ত ডাঃ অঘোরনাথ ঘোষ ও শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় সমিতির সভ্য নির্ব্বাচিত হন।

কার্য্যালয়

আলোচ্য বর্ষে নিম্নলিখিত সদস্যগণ কর্ম্মাধ্যক্ষ নিয়োজিত হইয়াছিলেন,—

সম্পাদক— শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এ, এটর্নী

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত

,, মৃণালকান্তি ঘোষ

,, সুরেন্দ্রনাথ কুমার

,, নলিনীরঞ্জন পণ্ডিত

ধনাধ্যক্ষ— ,, প্রফুল্লনাথ ঠাকুর

গ্রন্থাধ্যক্ষ— ,, প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম এ

চিত্রশালাধ্যক্ষ — ,, নীলমণি চক্রবর্ত্তী এম্ এ

ছাত্রাধ্যক্ষ— ,, কালিদাস নাগ এম্ এ

পত্রিকাধ্যক্ষ—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম্ এ, পি এইচ ডি

এখানে প্রকাশ করা কর্ত্তব্য যে, সহকারী সম্পাদকগণ মধ্যে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার, চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার এবং ছাত্রাধ্যক্ষ শ্রীযুক্ত কালিদাস নাগ মহাশয়গণ ১৭ই চৈত্র তারিখে পত্রদ্বারা তাঁহাদের পদ পরিত্যাগ করেন। তৎপরে ২১শে চৈত্র তারিখে কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে তাঁহাদের পদত্যাগ-পত্র গৃহীত হইবার সময় সম্পাদক মহাশয়ের প্রস্তাবে, সর্ব্বসম্মতিক্রমে নিম্নলিখিত মন্তব্য গৃহীত হইয়াছে,—

"পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি ঐ সকল কর্ম্মাধ্যক্ষের সহায়তায় বঞ্চিত হইয়া বিশেষ দুঃখিত এবং তাঁহাদের সম্পাদিত কার্য্যের জন্য পরিষৎ বিশেষ কৃতজ্ঞ ও বাধিত আছেন।"

ইঁহাদের স্থলে বর্ষের অবশিষ্ট কালের জন্য যথাক্রমে ডাঃ শ্রীযুক্ত আবদুল গফুর সিদ্দিকী সহকারী সম্পাদক-পদে, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু চিত্রশালাধ্যক্ষ-পদে এবং শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ ছাত্রাধ্যক্ষ-পদে কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নিযুক্ত হন।

সহকারী সম্পাদকগণের মধ্যে আলোচ্য বর্ষে শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার মহাশয়ের উপর কার্য্যালয়ের সাধারণরূপে সর্ব্ববিধ ভার অর্পিত ছিল। শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় আয়-ব্যয়-বিভাগের, শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের উপর গ্রন্থপ্রকাশ-বিভাগ, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত মহাশয়ের উপর সাহিত্য-সম্মিলন, মাসিক ও বিশেষ অধিবেশন, শাখা-পরিষদের কার্য্য প্রভৃতি ও শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের উপর যাবতীয় স্মৃতি-সমিতির ভার অর্পিত ছিল। বর্ষশেষে শ্রীযুক্ত মৃণাল বাবু দেশে যাওয়ায় কয়েক দিন তাঁহার কার্য্য শ্রীযুক্ত নলিনী বাবু সম্পাদন করেন। উপরিউক্ত সহকারী সম্পাদকগণ পরিষদের কার্য্যে বিশেষরূপ যত্ন ও পরিশ্রম করিয়াছেন। তাঁহাদের নিকট পরিষৎ বিশেষ ভাবে ঋণী। বর্ষারম্ভে শ্রীযুক্ত নীলমণি চক্রবর্ত্তী মহাশয় চিত্রশালাধ্যক্ষ নির্ব্বাচিত হন। কিন্তু তিনি ঐ পদ গ্রহণে অসম্মতি জ্ঞাপন করায় তাঁহার স্থলে শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার মহাশয় চিত্রশালাধ্যক্ষ নির্ব্বাচিত হন। শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার মহাশয় চিত্রশালার নানারূপ সংস্কার সাধন জন্য বিশেষ পরিশ্রম করিয়াছিলেন। দুর্ভাগ্যবশতঃ তিনি পদত্যাগ করায় তাঁহার কার্য্য অসম্পূর্ণ রহিয়া গেল। শ্রীযুক্ত কালিদাস নাগ মহাশয় ছাত্রাধ্যক্ষরূপে অল্প সময় মধ্যে যেরূপ উৎসাহের সহিত কার্য্য করিয়াছিলেন, তাহাতে আমরা মনে করিয়াছিলাম, পরিষদের ছাত্রশাখার দ্বারা পরিষদের বিশেষ উপকার সাধিত হইবে। কিন্তু তিনিও বর্ষশেষে পদত্যাগ করায় তাঁহার

আরব্ধ কার্য্য অসম্পূর্ণ থাকিয়া গেল। পরিষদের অন্যান্য কর্ম্মাধ্যক্ষগণ তাঁহাদের স্ব স্ব কার্য্য অতিশয় যত্ন সহকারে সম্পাদন করিয়া পরিষৎকে কৃতজ্ঞতাবদ্ধ করিয়াছেন। তাঁহাদের সকলের নিকটই পরিষৎ ধন্যবাদ জানাইতেছেন।

পরিষদের কার্য্য যে প্রকার বিস্তীর্ণ হইয়া পড়িতেছে এবং পরিষদের কার্য্যপ্রসঙ্গে পত্র-ব্যবহারাদি কার্য্যের এত বাহুল্য ঘটিয়াছে যে, সুশৃঙ্খলারূপে কার্য্য পরিচালনা করিতে হইলে কার্য্য-প্রণালীর কিছু পরিবর্ত্তন প্রয়োজন হইয়া পড়িয়াছে। এতদুদ্দেশ্যে কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক একটি শাখা-সমিতি গঠিত হইয়াছে। এবং তাহার বিষয় বিগত বার্ষিক বিবরণে যথাস্থানে উল্লেখ করা গিয়াছে। অদ্যাবধি ঐ শাখা-সমিতির কর্ম্ম শেষ হয় নাই। ভরসা করি, সত্বরই পরিষদের শাখা-সমিতির সভ্যগণ তাঁহাদের কার্য্য শেষ করিয়া পরিষদের কার্য্য-প্রণালীতে সুশৃঙ্খলা স্থাপন সম্বন্ধে সহায়তা করিবেন। ইতিমধ্যে কার্য্যালয়ের কার্য্য সম্বন্ধে যদি কোন সদস্যের নিকট কিছু ত্রুটি হইয়া থাকে, তাহা হইলে তিনি আমাদের প্রতি অনুকম্পাপুরঃসর তাহা ক্ষমা করেন, ইহাই আমাদের বিনীত প্রার্থনা।

পরিষৎ মন্দির

গত বার্ষিক কার্য্যবিবরণীতে পরিষৎ মন্দিরের ছাদ মেরামতের আবশ্যকতার বিষয় উল্লেখ করা হইয়াছিল। আলোচ্য বর্ষে সামান্যভাবে সেই কার্য্যে হস্তক্ষেপ করা হইয়াছিল। কিন্তু দেখা গিয়াছে যে, ছাদটি বিশেষভাবে সংস্কার করা আবশ্যক হইয়াছে। আগামী বর্ষে ইহার ভালরূপ ব্যবস্থা না করিলে পরিষদের সমূহ ক্ষতি হইবার সম্ভাবনা রহিয়াছে। নিম্নলিখিত চিত্রগুলি মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে,—

(১) মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার (তৈলচিত্র)
(২) রজনীকান্ত সেন (তৈলচিত্র)
(৩) অম্বিকাচরণ ব্রহ্মচারী (ব্রোমাইড)
(৪) প্রফুল্লচন্দ্র মুখোপাধ্যায় (তৈলচিত্র)

প্রথমোক্ত ছবিখানি রাজসাহী জোয়াড়ীর জমিদার ৺মোহিনীনাথ বিশি মহাশয় ও তৃতীয়খানি শ্রীযুক্ত ভোলানাথ ব্রহ্মচারী মহাশয় দান করিয়াছেন। দ্বিতীয় ছবিখানি ৺রজনীকান্ত স্মৃতি-সমিতির তহবিল হইতে প্রস্তুত হইয়াছে। শেষোক্তখানি প্রফুল্লবাবুর সুযোগ্য পুত্র শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় মহাশয় দান করিয়াছেন।

আলোচ্য বর্ষে স্বর্গীয় রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের তৈলচিত্র প্রস্তুত হইয়াছে। আগামী বর্ষে এক বিশেষ অধিবেশনে এই চিত্র প্রতিষ্ঠার ব্যবস্থা করা হইবে। স্বর্গীয় মধুসূদন বাচস্পতি মহাশয়ের একখানি তৈলচিত্রের সংস্কার হইয়া মন্দিরে রক্ষার জন্য আসিয়াছে। এই চিত্রখানি পরিষদের কতিপয় সদস্যের সাহায্যে সংস্কৃত হইয়াছে। গত কার্য্যবিবরণীতে জানান হইয়াছিল যে, পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর পরিষদের গ্রন্থাগারের জন্য তিনটি আলমারী প্রস্তুত করিবার সমস্ত ব্যয় ৫২৫৲ দান করিয়াছেন। কুমার

বাহাদুরের এই প্রকার বদান্যতার জন্য পরিষৎ তাঁহাকে ধন্যবাদ প্রদান করিয়াছেন। আলোচ্য বর্ষে কুমার বাহাদুরের নিকট হইতে সমস্ত টাকা পাওয়া গিয়াছে এবং আলমারী তিনটি প্রস্তুত হইয়া গ্রন্থাগারে রক্ষিত হইয়াছে। স্থানের সঙ্কীর্ণতা হেতু পরিষদের পত্রিকা ও অন্যান্য গ্রন্থ রাখিবার জন্য পরিষৎকে অসুবিধা ভোগ করিতে হয়। এই অসুবিধা আংশিকভাবে দূরী-করণার্থ কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ মত একটি কামরায় র‍্যাক প্রস্তুতের ব্যবস্থা হইয়াছে ও তজ্জন্য কাষ্ঠাদি সংগৃহীত হইয়াছে। আশা করা যায়, আগামী বর্ষের প্রথম ভাগেই এই র‍্যাক প্রস্তুত হইয়া যাইবে।

আলোচ্য বর্ষে পরিষদের জগন্মান্য সভাপতি মহাশয় তাঁহার নব নব বৈজ্ঞানিক আবিষ্কারের বিষয় পরিষৎ মন্দিরে ধারাবাহিক বক্তৃতা করিবেন, এইরূপ তিনি ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু পরিষৎ মন্দিরে তাঁহার বক্তৃতা করিবার উপযোগী গ্যালারী প্রভৃতির অভাবে ও বৈজ্ঞানিক আবিষ্কারের প্রক্রিয়াগুলি প্রদর্শনোপযোগী মঞ্চাদির অভাবে এই বক্তৃতা এত দিন হইতে পারে নাই। এই অভাব দূরীকরণ করিতে হইলে ন্যূনাধিক তিন সহস্র টাকার প্রয়োজন। কিন্তু পরিষদের বর্ত্তমান অবস্থায় ইহা একরূপ অসম্ভব বিবেচিত হওয়ায় সভাপতি মহাশয় নিম্নলিখিত উপায়ে অর্থ সংগ্রহের ব্যবস্থা করিতে বলেন। কার্য্য-নির্ব্বাহক-সমিতি সভাপতি মহাশয়ের প্রস্তাব গ্রহণ করিয়াছেন। উপায়গুলি এই প্রকার,--

(ক) পরিষদের অর্থে মুদ্রিত অনেকগুলি গ্রন্থ প্রকাশিত হইয়া মজুত ছিল। আশানুরূপ ভাবে ইহা বিক্রীত হয় নাই। তন্মধ্যে কতকগুলি পুস্তকের মূল্য কমাইয়া ৫৲ টাকা ধার্য্য করিয়া নির্দ্দিষ্ট তারিখের মধ্যে ক্রয় করিলে সদস্যগণকে বিক্রয় করিবার বিষয় স্থির করা হয়।

(খ) এইরূপ অর্থসংগ্রহ করা ব্যতীত তিনি কতিপয় হিতৈষী সদস্যের নিকট হইতে অর্থ সংগ্রহের ব্যবস্থা করেন। ইহাতেও প্রায় ১৫০০৲ টাকার প্রতিশ্রুতি পাওয়া গিয়াছে। (এই ভাবে নির্দ্দিষ্ট সময় অতিক্রান্ত হইলে সভাপতি মহাশয়ের প্রস্তাবে পুনরায় পরিষদ্-গ্রন্থাবলীর মধ্যে আরও ১১ খানি গ্রন্থ দ্বিতীয় সেট রূপে বিক্রয়ের ব্যবস্থা করা হয়।) এই ভাবে বিক্রয়ের চেষ্টা করিলেও আশানুরূপ অর্থের সংস্থান হয় নাই।

(গ) পরিষদের হলটি বৈজ্ঞানিক বিষয়ে বক্তৃতা করিবার উপযোগী করার ব্যয়কল্পে প্রত্যেক সদস্যের নিকট অন্যূন ২৲ হিসাবে সাহায্য প্রার্থনা করা হয়। আলোচ্য বর্ষের চৈত্র সংক্রান্তি পর্য্যন্ত এইরূপে ৮৮১৴০ সংগৃহীত হইয়াছে। ইহার দ্বারা পরিষৎ মন্দিরের গ্যালারী, গ্রন্থাগারের আলমারী, পাখা প্রভৃতির ব্যবস্থা করা হইবে। ইতিমধ্যে ৬ খানি ইলেকৃটিক পাখা খরিদ হইয়া গিয়াছে।

এই কার্য্যের জন্য আরও স্থির হইয়াছে যে, বঙ্গীয় গবর্ণমেণ্ট পরিষদের পুস্তক প্রকাশকল্পে বার্ষিক ১২০০৲ টাকা সাহায্য করিয়া থাকেন। আবশ্যক হইলে তাহাও গ্রন্থাগারের উন্নতি-কল্পে তিন বৎসরের জন্য ব্যয়িত হইবে। বঙ্গীয় গবর্ণমেণ্ট এই সম্পর্কে আমাদের প্রার্থনারূপ আদেশ দিয়াছেন। এতৎসম্বন্ধে সভাপতি মহাশয়ের এবং বেঙ্গল গবর্ণমেণ্টের চিঠি পরিশিষ্টে মুদ্রিত হইল।

গ্রন্থাগার ও পাঠাগার

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় গ্রন্থাধ্যক্ষ নিযুক্ত হন এবং বর্ষের শেষ পর্য্যন্ত উক্ত কার্য্য করিয়াছিলেন।

গ্রন্থাগারের যাবতীয় কার্য্যে সহায়তা করিবার জন্য গঠিত পুস্তকালয়-সমিতির চারিটি অধিবেশন হইয়াছিল। এই অধিবেশনগুলিতে গ্রন্থাদি ক্রয়, বেঙ্গল লাইব্রেরী হইতে প্রাপ্ত কোন কোন শ্রেণীর গ্রন্থের তালিকা প্রস্তুতের ব্যবস্থা, আলমারী প্রভৃতি খরিদের ব্যবস্থা, পুস্তকালয়-সমূহ হইতে পরিষদের জন্য তাঁহাদের প্রকাশিত গ্রন্থাদি সংগ্রহ করিবার চেষ্টায় বিজ্ঞাপন প্রভৃতি কার্য্য হইয়াছিল।

আলোচ্য বর্ষে ৬ খানি দৈনিক, ৪৮ খানি সাপ্তাহিক, ৫ খানি পাক্ষিক, ১০০ খানি মাসিক, ২ খানি দ্বৈমাসিক ও ১ খানি ত্রৈমাসিক পত্রিকা বিনিময়ে পাওয়া গিয়াছে। এতদ্ব্যতীত গবর্ণমেণ্টের নিকট হইতে কলিকাতা গেজেট, ইণ্ডিয়া গেজেট, ইণ্ডিয়ান ট্রেড জার্ণাল পেটেণ্ট অফিস্ নোটিফিকেশন প্রাপ্ত হওয়া গিয়াছে।

আলোচ্য বর্ষের প্রারম্ভে সর্ব্বশুদ্ধ সকল ভাষায় ৩৩৬২২ খানি গ্রন্থ পরিষদ্‌গ্রন্থাগারে সংগৃহীত ছিল। বর্ষশেষে এই সংখ্যা পরিবর্দ্ধিত হইয়া ৩৪২১১ সংখ্যায় পরিণত হইয়াছে। এই বর্ষের নূতন গ্রন্থগুলির মধ্যে ৫৭৫ খানি গ্রন্থ উপহার স্বরূপ পাওয়া গিয়াছে। এই সমস্ত সংগৃহীত গ্রন্থের মধ্যে অনেক গ্রন্থ শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের সাহায্যে সংগৃহীত হইয়াছে। শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় দর্শন সম্বন্ধীয় ১১১ খানি গ্রীক্, লাটিন ও ফরাসী ভাষার গ্রন্থ উপহার দিয়াছেন। আমেরিকার Smithsonian Institution হইতে ২৪ খানি মূল্যবান্ নানা তত্ত্বপূর্ণ বৈজ্ঞানিক গ্রন্থ প্রাপ্ত হওয়া গিয়াছে। সুতরাং পরিষৎ ইঁহাদের নিকট বিশেষ কৃতজ্ঞ। গত কার্য্যবিবরণীতে উল্লিখিত হইয়াছিল যে, চীন দেশে অবস্থানকালে শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় চীনদেশ হইতে প্রকাশিত কয়েকখানি বহুমূল্য গ্রন্থ পরিষদের জন্য পাঠাইয়াছিলেন এবংসেইগুলি জাহাজের কর্ত্তৃপক্ষের ভ্রমবশতঃ পরিষদে আসিয়া পৌছে নাই। এতৎসম্বন্ধে অনুসন্ধানের ভার পরিষদের বন্ধু, এটর্ণি শ্রীযুক্ত কুমারকৃষ্ণ দত্ত মহাশয়ের উপর ন্যস্ত হইয়াছিল। আলোচ্য বর্ষে দত্ত মহাশয় অনুসন্ধান করিয়া পুস্তকের বিনিময়ে জাহাজ কোম্পানীর নিকট হইতে ৪৫৬৷৵০ টাকা আদায় করিয়া পরিষদে দিয়াছেন। কুমার বাবুকে পরিষৎ এ জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন। আলোচ্য বর্ষের প্রারম্ভে উপন্যাস ও কবিতার তালিকা মুদ্রণ শেষ হইয়াছে। শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয় বিগত বৎসরে আমেরিকার Smithsonian Institution হইতে অনেক বহুমূল্য বই চেষ্টা করিয়া আনাইয়া দিয়াছেন। বর্ত্তমান বর্ষেও তাঁহার চেষ্টার ক্রটি নাই। বিদেশে থাকিয়াও বিনয় বাবু পরিষদের প্রতি একান্ত অনুরাগ প্রদর্শন করিতেছেন এবং পরিষদের নানা হিতানুষ্ঠান করিতেছেন, তজ্জন্য বিনয় বাবুর নিকট পরিষৎ যারপর নাই কৃতজ্ঞ।

পুথিশালা

আলোচ্য বর্ষে অন্যতম সহকারী সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের নেতৃত্বে শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় মহাশয়ের হস্তে পুথিশালার কার্য্যাদির ভার অর্পিত ছিল।

বর্ষারম্ভে পুথিশালায় ৩২৯২ পুথি ছিল। আলোচ্য বর্ষে সর্ব্বসমেত ২৩ খানি মাত্র পুথি পরিষদে সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় ৭ খানি পুথি উপহার দিয়াছেন। পূর্ব্ব-সঞ্চিত পুথির রাশি হইতে আলোচ্য বর্ষে ৩৫০ খানি পুথি উদ্ধার করা হইয়াছে। শ্রেণীভেদে বর্ষশেষে পুথির সংখ্যা এইরূপ হইয়াছে,— বাঙ্গালা পুথি ২৩৫১ খানি, সংস্কৃত পুথি ১০৬১ খানি, অসমীয়া পুথি ১ খানি, হিন্দী পুথি ২ খানি, পার্শী পুথি ১২ খানি, তিব্বতীয় পুথি ২৩৭ ও ইংরাজি পুথি ১ খানি, মোট ৩৬৬৫। এতদ্ব্যতীত চারি শত পুথি তালিকা-ভুক্ত হইয়াছে, ১৩৭ খানি তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়াছে। তিন শত পুথিতে রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্র-সংখ্যাদিযুক্ত বিজ্ঞক দেওয়া হইয়াছে। আলোচ্য বর্ষে কোন উল্লেখযোগ্য পুথি পরিষদের হস্তগত হয় নাই।

মুসলমানী বাঙ্গালা সাহিত্যালোচনা

গত ১৩২২ বঙ্গাব্দ হইতে ডাঃ আব্দুল গফুর সিদ্দিকী মহাশয় মুসলমান সাহিত্যিকদিগের বঙ্গ-সাহিত্যের অনুসন্ধান ও আলোচনায় নিযুক্ত আছেন। যাঁহারা মুসলমানী বাঙ্গালায় পুস্তকাদি রচনা করিয়াছেন, তাঁহাদের মধ্যে অধিকাংশ লেখকই পদ্য রচনা করিয়াছেন এবং অতি অল্পসংখ্যক লোকই গদ্যে পুস্তক রচনা করিয়াছেন। এই শ্রেণীর পুস্তকের সংখ্যাও নিতান্ত অল্প নয়—অনূ্যন ৮৩২৫। বটতলার পুথির মধ্যে অনেক ভাল বই আছে। ইনি সেগুলির মধ্যে ৪৫০ খানি গ্রন্থ সংগ্রহ করিয়াছেন। আশা করা যায়, ইঁহার সাহায্যে বহু মুসলমানী বাঙ্গালা-সাহিত্যের সন্ধান পাওয়া যাইবে। এই জন্য ডাক্তার সাহেব পরিষদের ধন্য-বাদের পাত্র, সন্দেহ নাই।

চিত্রশালা

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার এম্ এ মহাশয় চিত্রশালার অধ্যক্ষ নিযুক্ত হইয়াছিলেন। বিগত আশ্বিন মাস হইতে চৈত্র মাসের প্রথম সপ্তাহ পর্য্যন্ত তিনি বিশেষ অনুরাগ ও দক্ষতার সহিত চিত্রশালার কার্য্য পরিচালন করিয়া পদত্যাগ করিলে, চৈত্র মাসের অবশিষ্ট কয় দিনের জন্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় ঐ পদে নিযুক্ত হন। পরিষদের কয়েক জন হিতৈষী বন্ধু প্রাচীন মুদ্রা, মূর্ত্তি প্রভৃতি দান করিয়া পরিষদের চিত্রশালার সম্পদ্ বৃদ্ধি করিয়াছেন। তাঁহাদিগের নিকট পরিষৎ বিশেষ ভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

চিত্রশালার কার্য্য পরিচালনার জন্য যে চিত্রশালা-সমিতি গঠিত হইয়াছে, তাহাতে অন্যান্য বিষয় মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি আলোচিত হইয়াছিল। যথা,—মুদ্রাগুলি রাখিবার জন্য একটি মজবুত লৌহ সিন্দুক খরিদের ব্যবস্থা, চিত্রশালার আনুপূর্ব্বিক তালিকা প্রস্তুতের ব্যবস্থা, প্রাচীন চিত্ররক্ষণের ব্যবস্থা, চিত্রশালা-সমিতির নিয়মাবলীর খসড়া প্রস্তুত করণ। বর্ষ মধ্যে লৌহ সিন্দুক খরিদ হইয়াছে ও নিয়মাবলীর খসড়া প্রস্তুত হইয়াছে। শ্রীযুত রমেশ বাবুর চেষ্টা ও যত্নের জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ ভাবে কৃতজ্ঞ। চিত্রশালার বিস্তৃত কার্য্যবিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

ছাত্র-সভা

আলোচ্য বর্ষে ছাত্র-সভ্যের সংখ্যা ৪৯ ছিল। অধ্যাপক শ্রীযুত কালিদাস নাগ এম্ এ মহাশয় এ বৎসরের জন্য ছাত্রাধ্যক্ষ-পদে নিযুক্ত হন। শ্রীযুক্ত শরৎচন্দ্র দেব বি এ ও শ্রীযুক্ত উপেন্দ্রনাথ ভদ্র মহাশয়দ্বয় ছাত্র-সভার সহকারী সম্পাদকের কার্য্য করেন। ছাত্রাধ্যক্ষ মহাশয় ছাত্রসভ্যগণ যাহাতে চিত্রশালা, গ্রন্থাগার প্রভৃতি ব্যবহার করিতে পারেন, তাহার ব্যবস্থা করিবার জন্য বিশেষ চেষ্টা করিয়াছেন। ছাত্রগণ সর্ব্ববিধ আলোচনায় যাহাতে যোগদান করিতে পারেন, তাহার ব্যবস্থা করা, পুরাতন ছাত্রসভ্যগণের নিকট হইতে তাঁহাদের কৃত কার্য্যের পরিচয় লওয়া, প্রতি মাসে অন্ততঃ একবার করিয়া ছাত্র-সভ্যগণের অধিবেশন করা প্রভৃতি কার্য্য কয়েকটি অধিবেশনে আলোচিত হইয়াছিল। এতদ্ব্যতীত নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে কার্য্য করার জন্য কয়েক জন ছাত্রসভ্যকে ভার দেওয়া হয়,—

(ক) বৈজ্ঞানিক পরিভাষা সঙ্কলন।

(খ) জনসংখ্যা সংগ্রহ ও তৎসম্পর্কীয় সমাজতত্ত্ব ও নৃতত্ত্ব সম্বন্ধে আলোচনা করা।

(গ) স্বাস্থ্যনীতি ও চিকিৎসা সম্বন্ধে আলোচনা করা।

(ঘ) পত্রিকাদি হইতে কোনও বিশেষ প্রবন্ধাদির নির্ঘণ্ট প্রস্তুত করণ।

ছাত্রাধ্যক্ষ শ্রীযুক্ত কালিদাস নাগ মহাশয় বর্ষশেষে পদত্যাগ করায় তাঁহার স্থলে শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয় ছাত্রাধ্যক্ষ নিযুক্ত হন। ছাত্র-শাখার বিশেষ বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

পুরস্কার

আলোচ্য বর্ষে ৮টি পদক ও পুরস্কারের বিষয় বিজ্ঞাপিত হইয়াছিল। মোট ৩০টি প্রবন্ধ হস্তগত হইয়াছিল। তন্মধ্যে নিম্নলিখিত প্রবন্ধগুলি পুরস্কার-যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছে।

১। "হরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী স্বর্ণপদক" জন্য—"দ্বিজেন্দ্রলাল রায়ের সঙ্গীত" প্রবন্ধ—লেখক—শ্রীযুক্ত বঙ্কিমচরণ মল্লিক বি এ ল।

২। "হরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী স্বর্ণপদক," গিরিশচন্দ্র ঘোষের সামাজিক নাটক। প্রবন্ধ-লেখক শ্রীযুত যোগেশচন্দ্র চৌধুরী বি এ।

উক্ত পদক দুইটি শ্রীযুক্ত অমরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী মহাশয় দান করিয়াছেন।

৩। "কেদারনাথ রৌপ্যপদক." রূপকথাসংগ্রহ। লেখক—শ্রীযুক্ত নরেন্দ্রনাথ মুখোপাধ্যায়। শ্রীযুক্ত এস্ দত্ত মহাশয় এই পদক দান করিয়াছেন।

৪। "শিশিরকুমার ঘোষ পুরস্কার," শ্রীনিবাসের জীবনচরিত্র। প্রবন্ধ-লেখক শ্রীযুক্ত অমূল্যধন রায় ভট্ট। এই পুরস্কার শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় দান করিয়াছেন।

৫। "প্রিয়নাথ চক্রবর্ত্তী পুরস্কার," জীবন ও জীবনের ধর্ম্ম। লেখিকা শ্রীমতী আশালতা সেন। ৺প্রিয়নাথ চক্রবর্ত্তী মহাশয়ের স্মৃতি-সমিতির পক্ষ হইতে শ্রীযুক্ত রায় নীরদকৃষ্ণ রায় মহাশয় দান করিয়াছেন।

উল্লিখিত পাঁচটি প্রবন্ধের মধ্যে প্রথম ও দ্বিতীয় প্রবন্ধের জন্য "সুবর্ণপদক" পুরস্কার প্রদত্ত হইবে। তৃতীয় প্রবন্ধের জন্য কেদারনাথ দত্ত রৌপ্যপদক, চতুর্থ প্রবন্ধের জন্য

শিশিরকুমার ঘোষ পদক এবং পঞ্চম প্রবন্ধের জন্য প্রিয়নাথ চক্রবর্তী পুরস্কার প্রদত্ত হইবে। এ বার হেমচন্দ্র রৌপ্য পদকের জন্য বিজ্ঞাপিত "হেমচন্দ্র ও ঈশানচন্দ্রের কাব্য-শক্তির সমালোচনা" নামক প্রবন্ধ আদৌ পাওয়া যায় নাই। দীনবন্ধু মিত্র পুরস্কার (১০০৲) জন্য বিজ্ঞাপিত "বঙ্গের নাট্য-সাহিত্য ও দীনবন্ধু" নামক প্রবন্ধ দুইটি মাত্র আসিয়াছিল। তাহা পুরস্কারযোগ্য বিবেচিত হয় নাই। রাধেশচন্দ্র জাতীয় শিক্ষা-বৃত্তির জন্য "টেনিসনের কবিতায় কি শিক্ষা করা যায়"নামক চারিটি প্রবন্ধ আসিয়াছে, কিন্তু পরীক্ষার ফল অদ্যাপিও পাওয়া যায় নাই।

আগামী বর্ষের জন্য শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় "রামগোপাল রৌপ্যপদক" পরিষদের হস্তে অর্পণ করিয়াছেন। এই পুরস্কারের নির্দ্ধারিত বিষয় বরদাচরণ মিত্রের কাব্যের সমালোচনা। বর্ত্তমান সময়ে ছাত্রদিগের স্বাস্থ্যহীনতার কারণ ও তাহার প্রতীকার সম্বন্ধে উৎকৃষ্ট প্রবন্ধের জন্য ব্রহ্মর্ষি শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় 'শশিপদ পদক' নামে রৌপ্য পদক পরিষদের হস্তে প্রদান করিয়াছেন।

স্মৃতি-রক্ষা

(ক) নবীনচন্দ্র সেন স্মৃতি-সমিতি—বোম্বাইয়ের সুপ্রসিদ্ধ শিল্পী শ্রীযুক্ত জি কে মাত্রে মহাশয়কে কবিবরের মর্ম্মর-নির্ম্মিত একটি অর্দ্ধমূর্ত্তি প্রস্তুতের ভার অর্পণ করা হয়। গত বর্ষে উক্ত শিল্পী মহাশয় কয়েক বার কবিবরের মৃণ্ময় আদর্শ মূর্ত্তি নির্ম্মাণ করিয়া তাহার ফটো অনুমোদন জন্য পাঠাইয়াছিলেন। কিন্তু স্মৃতি-সমিতির কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক সে আদর্শ মূর্ত্তি অনুমোদিত হয় নাই। পুনরায় আলোচ্য বর্ষেও তিনি ঐরূপ নূতন আদর্শ প্রস্তুত করিয়া তাহার যে ফটো পাঠাইয়াছিলেন, তাহা অনুমোদিত হওয়ায় মর্ম্মর-মূর্ত্তি নির্ম্মাণে ব্যাপৃত আছেন।

(খ) কাশীরাম স্মৃতি-সমিতি—এই স্মৃতি-সমিতির কার্য্য আলোচ্য বর্ষে কিছু অগ্রসর হইয়াছে। ইহার জন্য কিছু অর্থ সংগৃহীত হইয়াছে—এখনও বহু অর্থের প্রয়োজন। আশা করা যায়, আগামী বর্ষে সমিতি আশানুরূপ অর্থসংগ্রহ করিয়া যাহাতে কার্য্যে হস্তক্ষেপ করিতে পারেন, তদ্বিষয়ে বিশেষ চেষ্টা করা হইবে। কাসিমবাজারের মাননীয় মহারাজ শ্রীযুক্ত সার মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর এই স্মৃতিরক্ষা-কার্য্যের ভার গ্রহণ করায় সমিতি মহারাজের নিকট বিশেষ কৃতজ্ঞ।

(গ) চণ্ডীদাস-স্মৃতি—বীরভূমের জেলার ম্যাজিষ্ট্রেট মহাশয় চণ্ডীদাসের বাসুলী মন্দির সংস্কারের বিশেষ চেষ্টা করিতেছেন। কিন্তু কার্য্য কিছুই অগ্রসর হইয়াছে কি না, সংবাদ পাওয়া যায় নাই। তথায় একটি মেলা স্থাপনের ব্যবস্থা করিবার জন্য একটি প্রস্তাব পরিষদে আসিয়াছে।

(ঘ) চন্দ্রকান্ত স্মৃতি-সমিতি—গত ২২শ বার্ষিক অধিবেশনে স্বর্গীয় তর্কালঙ্কার মহাশয়ের এক তৈলচিত্র পরিষদে প্রতিষ্ঠিত হইয়াছে। স্বর্গীয় মোহিনীনাথ বিশি মহাশয়ের যত্নে এই চিত্র পরিষদের হস্তগত হইয়াছে।

(ঙ) কৃষ্ণচন্দ্র স্মৃতিসমিতি—সেনহাটীতে কবিবরের বসতবাটীতে একটি স্মৃতিস্তম্ভ স্থাপনের চেষ্টা এখনও চলিতেছে।

(চ) সখারাম গণেশ দেউস্কর—দেউস্কর মহাশয়ের একখানি চিত্র প্রস্তুত করিতে দেওয়া হইয়াছে।

(ছ) মহেন্দ্রনাথ বিদ্যানিধি—বিদ্যানিধি মহাশয়ের যে আলোকচিত্র পূর্ব্বে সংগৃহীত হইয়াছিল, তদ্দ্বারা ভাল চিত্র প্রস্তুত হওয়া অসম্ভব বিবেচিত হয়। তৎপরে আরও দুইখানি চিত্র সংগৃহীত হইয়াছে।

(জ) কালীবর বেদান্তবাগীশ—বেদান্তবাগীশ মহাশয়ের একখানি তৈলচিত্র বর্ত্তমান বার্ষিক অধিবেশনে প্রতিষ্ঠিত হইয়াছে।

(ঝ) মীর মশাররফ্ হোসেন—ইঁহার একখানি চিত্র সংগৃহীত হইয়াছে। আগামী বর্ষে চিত্র প্রস্তুতের ব্যবস্থা হইবে।

(ঞ) মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর—এখনও তৈলচিত্র প্রস্তুতের ব্যবস্থা হয় নাই।

(ট) লিওটার্ড—ইঁহার চিত্রেরও কোনও ব্যবস্থা করিতে পারা যায় নাই।

(ঠ) মনোমোহন বসু—বসু মহাশয়ের চিত্রখানি এখনও ঠিক হয় নাই বলিয়া প্রতিষ্ঠার ব্যবস্থা করিতে পারা যাইতেছে না।

(ড) রজনীকান্ত সেন—ইঁহার একখানি তৈলচিত্র প্রস্তুত হইয়া পরিষদে প্রতিষ্ঠিত হইয়াছে।

(ঢ) রাজা বিনয়কৃষ্ণ দেব—স্বর্গীয় রাজা বাহাদুরের একখানি বৃহৎ তৈলচিত্র প্রস্তুত হইয়াছে। আগামী বর্ষে ইহার প্রতিষ্ঠার জন্য বিশেষরূপ ব্যবস্থা হইবে।

(ণ) কৈলাসচন্দ্র সিংহ—ইঁহার চিত্র প্রস্তুতের কোন ব্যবস্থাই করিতে পারা যায় নাই।

(ত) কালীপ্রসন্ন ঘোষ—ইঁহার একখানি ভাল ফটো এ পর্য্যন্ত সংগৃহীত না হওয়ায় তৈলচিত্র প্রস্তুতের কোনই ব্যবস্থা করিতে পারা যাইতেছে না।

(থ) অম্বিকাচরণ ব্রহ্মচারী—ব্রহ্মচারী মহাশয়ের চিত্র পরিষদের গত দ্বাবিংশ বার্ষিক অধিবেশনে প্রতিষ্ঠিত হইয়াছে।

(দ) রাজা স্যার শৌরীন্দ্রমোহন ঠাকুর—স্বর্গীয় রাজা বাহাদুরের চিত্র প্রস্তুত সম্বন্ধে কোন ব্যবস্থাই করিতে পারা যায় নাই।

(ধ) শৈলেশচন্দ্র মজুমদার—মজুমদার মহাশয়ের একখানি তৈলচিত্র শ্রীযুক্ত সুধীরচন্দ্র মজুমদার মহাশয় দান করিবেন।

(ন) নবীনচন্দ্র দাশ কবিগুণাকর—নবীন বাবুর চিত্র স্থাপন সম্বন্ধে বিশেষ কিছু ব্যবস্থা করিতে পারা যায় নাই। চট্টগ্রাম শাখা-পরিষৎও এ বিষয়ে কোন সাহায্য করেন নাই।

(প) মহারাজ কুমুদচন্দ্র সিংহ—স্বর্গীয় মহারাজ বাহাদুরের একখানি তৈলচিত্র পরিষদে রক্ষিত হইবে স্থির হইয়াছে।

(ফ) রায় শরৎচন্দ্র দাস বাহাদুর—রায় বাহাদুরের একখানি তৈলচিত্র সত্বরেই পরিষদে স্থাপিত হইবে, এইরূপ স্থির হইয়াছে।

(ঝ) চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়—বন্দ্যোপাধ্যায় মহাশয়ের একখানি চিত্র পরিষদে রক্ষিত হইবে, স্থির হইয়াছে।

(ভ) প্রফুল্লচন্দ্র মুখোপাধ্যায়—শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় স্বর্গীয় প্রফুল্লচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের একখানি তৈলচিত্র উপহার দিয়াছেন। উহা পরিষৎ কর্তৃক সযত্নে পরিষদের চিত্রালয়ে রক্ষিত হইয়াছে।

ব্যোমকেশ-পারিবারিক সাহায্য-ভাণ্ডার

এই সাহায্য-ভাণ্ডার স্থাপনাবধি ১১৩৯৷৷০ টাকা আয় ও ৮২৫৷৴৬ ব্যয় হইয়া ৩১৪৷৶৬ উদ্বৃত্ত রহিয়াছে। এই ৮২৫৷৴৬ মধ্যে ৺মুস্তফী মহাশয়ের পরিবারকে ১৩২৩ বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত মাসিক ৩৫৲ হিসাবে দেওয়া হইয়াছে। এবং গত পূজার সময় ঐ পরিবারের দেনা আংশিকভাবে মিটাইবার জন্য এককালীন ৩০০৲ দেওয়া হইয়াছে। স্বর্গীয় মুস্তফী মহাশয়ের একখানি তৈলচিত্র প্রস্তুত জন্য যাবতীয় ব্যবস্থা করিবার ভার সাহায্য-ভাণ্ডারের সমিতির উপর কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্তৃক অর্পিত হইয়াছে। আশা করা যায় যে, আগামী বর্ষে মুস্তফী মহাশয়ের একখানি তৈলচিত্র পরিষৎ মন্দিরের শোভা বৃদ্ধি করিবে।

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, (সম্পাদক), শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু, শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত (কোষাধ্যক্ষ) ও শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় সমিতির সহকারী সম্পাদকরূপে কার্য্য করিয়াছেন। এতদ্ব্যতীত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় এই সাহায্য-ভাণ্ডারের জন্য বিশেষ পরিশ্রম করিয়াছেন।

অন্যতম সহকারী সম্পাদক মহাশয় যেরূপ যত্নের ও পরিশ্রমের সহিত এই সাহায্য-ভাণ্ডারের জন্য অর্থ সংগ্রহ করিতেছেন, তজ্জন্য তিনি ধন্যবাদার্হ। এই ভাণ্ডারের বিশেষ বিবরণ পরিশিষ্টে প্রদত্ত হইল।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আলোচ্য বর্ষে পূর্ব্ব দুই বৎসরের ন্যায় সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাক্তার সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় পত্রিকাধ্যক্ষের কার্য্য করেন এবং বিশেষ দক্ষতার সহিত পত্রিকা সম্পাদন করিয়াছেন। সহকারী সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার মহাশয় পত্রিকা-সম্পাদককে প্রবন্ধ নির্ব্বাচনে সাহায্য করেন। পত্রিকা-পরিচালন-সমিতির সদস্যগণের নিকট হইতে প্রবন্ধ-নির্ব্বাচনে আশানুরূপ সাহায্য পাওয়া গিয়াছে। তজ্জন্য উক্ত সমিতির সদস্যগণের নিকট পরিষৎ কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে পত্রিকার ত্রয়োবিংশ ভাগের চারি সংখ্যা বাহির হইয়াছে। এই চারি সংখ্যা পত্রিকাতে পরিষদের সভাপতি মহাশয়ের সম্বোধন লইয়া সর্ব্বসমেত ২১টি প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। এই ২১টি প্রবন্ধ বিষয়ভেদে নিম্নলিখিতরূপে বিভক্ত হইতে পারে;—

গণিত	...	...	...	৩
আলোচনা	...	...	...	১

প্রাচীন সাহিত্য	২
ভাষাতত্ত্ব	৫
পরিভাষা	১
ইতিহাস ও প্রত্নতত্ত্ব	৭
সাহিত্য	১
ভূতত্ত্ব	১
	২১

আলোচ্য বর্ষে পরিষৎ-পত্রিকায় যে সমস্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল, তাহাদের সার মর্ম্ম নিম্নে প্রদত্ত হইল,—

সাহিত্য

(ক) "মুসলমান ও বঙ্গ-সাহিত্য" নামক প্রবন্ধ ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী মহাশয় নবম বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে পাঠ করেন। বাঙ্গালী মুসলমানদিগের মাতৃভাষা কি, তদ্বিষয়ে তিনি প্রথমে আলোচনা করেন। কেহ কেহ একতা স্থাপনের দোহাই দিয়া বলেন, ভারতীয় মুসলমানদিগের মাতৃভাষা উর্দ্দু। লেখক দুইটি যুক্তি দিয়া এই মত খণ্ডন করিয়াছেন। মুসলমানেরা আরবী পার্শী-বর্জ্জিত করিয়া বাঙ্গালা ভাষাকে গড়িতে পারেন না। কেন না, তাঁহাদের ধর্ম্মগ্রন্থগুলি উক্ত ভাষায় লিখিত। লেখকের মতে হিন্দুরা বাঙ্গালা ভাষায় এত সংস্কৃত শব্দ আনিয়া ফেলিয়াছেন যে, তাঁহারা বাঙ্গালা ভাষা ত্যাগ করিয়াছেন বলিলেও অত্যুক্তি হয় না। লেখক হিন্দু-সাহিত্যের সহিত মুসলমান-সাহিত্যের তুলনা করিয়া বলেন যে, রামায়ণ ও মহাভারত যেরূপ কাব্য ও সাহিত্য, 'আমীর হামজা' ও 'দাস্তান আমীর হামজা'ও ঠিক সেইরূপ। তৎপরে তিনি বলেন যে, ভিন্ন ভিন্ন বঙ্গবাসী মুসলমান কবি ৮৩২৫ খানি পুস্তক রচনা করিয়াছেন। তন্মধ্যে ৪৪৪৬ খানি ছাপা আছে, অবশিষ্টগুলি বিলুপ্ত হইয়াছে। প্রবন্ধ-লেখক পরিশেষে কতকগুলি মুসলমান লেখক ও মুসলমান-রচিত পুস্তকের একটি দীর্ঘ তালিকা প্রদান করিয়াছেন।

প্রত্নতত্ত্ব

(ক) "বিগ্রহপালদেবের তাম্রশাসন" নামক প্রবন্ধে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় বলেন,—এই তাম্রশাসন দ্বারা বিগ্রহপালদেব পুণ্ড্রবর্দ্ধন ভুক্তিতে কোটিবর্ষ বিষয়ের অন্তঃপাতি ব্রাহ্মণীগ্রামমণ্ডলের দণ্ডগ্রাহেশ্বর সমেত বিষমপুরাংশে ৬ কুল্য, ২ দ্রোণ, ২ উন্মান এবং ৩ কাকিণী পরিমাণ ভূমি ভগবান্ বুদ্ধভট্টারকের উদ্দেশে শাণ্ডিল্যগোত্রীয় ক্রোড়ঞ্চি ও মৎস্যাবাসবিনির্গত ছাত্রাগ্রামবাসী, বেদান্তবিৎ পদ্মাবন দেবশর্ম্মার পৌত্র, মহোপাধ্যায় অর্কদেবশর্ম্মার পুত্র, সামবেদীয় কৌথুমী শাখাধ্যায়ী, মীমাংসা-ব্যাকরণ-তর্কবিদ্যাবিৎ খোদ্ধল দেবশর্ম্মাকে চন্দ্রগ্রহণ উপলক্ষে গঙ্গাস্নান করিয়া দ্বাদশরাজ্য-সংবৎসরে চৈত্র মাসের নবম দিবসে প্রদান করিয়াছিলেন। এই তাম্রশাসনের দূতকের নাম পড়িতে পারা যায় নাই। পোসলী গ্রামবাসী মহীধরদেবের পুত্র শশিদেব নামক শিল্পী কর্ত্তৃক এই তাম্রশাসন উৎকীর্ণ

হইয়াছিল। পূর্ব্বে ডাক্তার কীলহর্ণ এই তাম্রশাসনের প্রথম বিংশ পংক্তির ১৪টি শ্লোকের পাঠোদ্ধার করিয়াছিলেন। কিন্তু অবশিষ্ট ২৯ পংক্তির গদ্যাংশের পাঠ পূর্ব্বে উদ্ধার হয় নাই।

(খ) "নবাবিষ্কৃত সূর্য্যবর্ম্মার শিলালিপি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ননীগোপাল মজুমদার মহাশয় লিখিয়াছেন যে, বিগত ১৯১৬ সালে যুক্তপ্রদেশের বড়বাকি জেলার অন্তর্গত হারহা নামক স্থানে মৌখরিরাজ ঈশানবর্ম্মার রাজ্যকালের একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। ঐতিহাসিক হিসাবে উহার বিশেষ মূল্য আছে। প্রবন্ধ-লেখক উহার পাঠ ও অর্থের উদ্ধার করিয়াছেন। বর্ত্তমান শিলালেখে মৌখরিবংশের নৃপগণের বর্ণনা আছে। মহারাজ ঈশান-বর্ম্মার পুত্র সূর্য্যবর্ম্মা মৃগয়ায় বহির্গত হইয়া, বনমধ্যে একটি ভগ্ন শিবমন্দির দেখিতে পাইয়া উহার সংস্কার করিয়া দেন। তদুপলক্ষে বর্ত্তমান শিলালেখ উৎকীর্ণ হইয়াছিল। মৌখরি-গণের এতদ্ভিন্ন আরও পাঁচখানি শিলালেখ আবিষ্কৃত হইয়াছে। তাহাদের কোনটিতে তারিখ নাই, কিন্তু হারহা প্রশস্তিতে পুনর্নির্ম্মাণাব্দের উল্লেখ আছে। বিক্রমাব্দ বা মালবাব্দের ৫৮৯ সংবৎসর অতীত হইলে উক্ত নির্ম্মাণকার্য্য সম্পন্ন হয়। আলোচ্য লিপি দ্বাবিংশতি সংস্কৃত শ্লোকে এবং ত্রয়োবিংশ পংক্তিতে সমাপ্ত হইয়াছে। প্রশস্তিকারের নাম রবিশান্তি ও শিল্পীর নাম মিহিরবর্ম্মা।

(গ) "বুদ্ধগয়ার দুইখানি শিলালিপি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত ননীগোপাল মজুমদার মহাশয় বলেন,—বুদ্ধগয়ার মহাবোধি মন্দিরের উত্তর দিকের প্রবেশ-পথের সোপানে একটি বুদ্ধমূর্ত্তি আছে। উহার পাদদেশে এবং অংসদেশে দুইখানি শিলালিপি উৎকীর্ণ দেখিতে পাওয়া যায়। একখানিতে সমতট দেশীয় সোমপুর মহাবিহারবাসী বীর্য্যেন্দ্রভদ্রের উল্লেখ আছে। প্রবন্ধ-লেখক অনুমান করেন, খ্রীষ্টীয় নবম দশম শতকে সমতটের অন্তর্গত সোমপুরে একটি মহাবিহার বিদ্যমান ছিল। ঢাকা জেলার বিক্রমপুর মহকুমার অধীন বজ্রযোগিনী গ্রামের সোমপাড়া পল্লীই শিলালিপি-বর্ণিত সোমপুর এবং বীর্য্যেন্দ্রভদ্র ও বিক্রমপুরের (বজ্রযোগিনী-নিবাসী) মহাপণ্ডিত দীপঙ্কর শ্রীজ্ঞানের ভ্রাতা বীর্য্যচন্দ্র অভিন্ন।

ইতিহাস

(ক) "প্রতাপাদিত্যের গৃহদেবতা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত অশ্বিনীকুমার সেন মহাশয় যুক্তি দ্বারা প্রমাণ করিয়াছেন যে, সাধারণের বিশ্বাস, মানসিংহ প্রতাপাদিত্যের গৃহদেবতা অম্বরে লইয়া গিয়াছিলেন। আমাদের দেশের লোকের এই বিশ্বাস নিতান্ত ভ্রান্ত। উক্ত গৃহদেবতা অদ্যাপি ঈশ্বরপুরী গ্রামে পুরাতন সেবায়তদিগের দ্বারা সেবিত ও পূজিত হইতেছেন।

(খ) "মহাভারতের সময়" নামক প্রবন্ধে কৃষ্ণানন্দ ব্রহ্মচারী মহাশয় প্রথমতঃ মহাভারতকে ঐতিহাসিক কাব্য বলিয়া অভিহিত করেন। তিনি বলেন, মহাভারতের মধ্যে তিন প্রকার রচনা আছে। ১ম মূল রচনা, ২য় মূলের সহিত অবান্তর রচনা, ৩য় কুকবিগণের রচনা। ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের মহাভারত পাঠ করিয়া মনে হয়, উহা চারি বার সংস্কৃত

হইয়াছে। লেখকের মতে ব্যাসদেব প্রথমে মহাভারত ব্যক্ত করেন। তার পর রোমহর্ষণ, বৈশম্পায়ন, পৈল, সুমন্ত প্রভৃতি সকলে ইহার পুষ্টি সাধন করিয়াছেন। লেখক বলেন, ভীষ্মের বয়ঃক্রম ১৩৬ বৎসর হইয়াছিল। ইহার পর ইনি জ্যোতিষিক গণনা এবং অপরাপর প্রমাণের সাহায্যে মূল মহাভারত এবং তাহার বিভিন্ন অংশের রচনাকাল নির্ণয় করিবার চেষ্টা করিয়াছেন। এই প্রবন্ধটি ২৩শ ভাগ, ২য় ও ৩য় সংখ্যা পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

(গ) "তাপসী রওশন আরা" নামক প্রবন্ধে ডাঃ আব্দুল গফুর সিদ্দিকী মহাশয় রওশন আরার জীবন-বৃত্তান্তের আলোচনা করিয়াছেন। লেখক বলেন, এই বিদুষী মহিলা ১২৭৯ খৃষ্টাব্দে মক্কায় জন্মগ্রহণ করেন। বাল্যকাল হইতে বিবিধ সৎশিক্ষা লাভ করিয়া ইনি চিরকুমারী ব্রত অবলম্বন করিয়াছিলেন। পিতামাতার মৃত্যুর পর শাহ হাসান নামক এক মহাত্মার সহিত ইনি ভারতে আগমন করেন এবং ইচ্ছামতী নদীর তীরে বর্ত্তমান তারাগুনিয়া গ্রামে বসতি স্থাপন করেন। এই স্থানে তাঁহার সমাধিমন্দির প্রতিষ্ঠিত আছে। ইনি যখন ভারতে আগমন করেন, তখন দিল্লীর সিংহাসনে সম্রাট্ গয়াসুদ্দিন অধিষ্ঠিত ছিলেন।

(ঘ) "সম্বোধন" নামক প্রবন্ধে মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় প্রাচীন বাঙ্গালা ও সংস্কৃত সাহিত্য সম্বন্ধীয় বিবিধ জ্ঞাতব্য তথ্যের আলোচনা করিয়াছেন। তিনি নানাবিধ প্রমাণের উল্লেখ করিয়া বলেন যে, বাঙ্গালা সাহিত্য মুসলমান বিজয়ের অন্ততঃ ২০০।৩০০ বৎসর পূর্ব্বে আরব্ধ হইয়াছে। এই সময়ে শৈব সম্প্রদায় এতদ্দেশে খুব প্রবল ছিল। এই সম্প্রদায়ের যোগীরা 'সিদ্ধ' নামে অভিহিত হইতেন। ইঁহারা বাঙ্গালা সাহিত্যের বিশেষ পুষ্টি সাধন করিয়া গিয়াছেন। লুই ও দীপঙ্কর প্রভৃতি বৌদ্ধগণও বঙ্গভাষায় অনেক বই লিখিয়াছেন।

অতঃপর শাস্ত্রী মহাশয় সংস্কৃত সাহিত্যের কথা আলোচনা করিয়াছেন। বাঙ্গালীর লেখা সংস্কৃত সাহিত্য পাল-রাজাদের সময় হইতে আরম্ভ হয়। ইহার দুইটি ভাগ;—মুসলমান-বিজয়ের পূর্ব্বে এবং পরে। মুসলমান-বিজয়ের পূর্ব্বে দুইটি ভাগ;—হিন্দু ও বৌদ্ধ। বর্ত্তমান প্রবন্ধে বৌদ্ধ-সাহিত্য সম্বন্ধে শাস্ত্রী মহাশয় বিশেষ আলোচনা করিয়াছেন।

(ঙ) "শ্রীনগর" নামক প্রবন্ধে শ্রীযুক্ত গুরুদাস সরকার এম্ এ মহাশয় রাণাঘাট সবডিবিসনের অধীন শ্রীনগর গ্রামে প্রাপ্ত তিনটি প্রস্তর-লিপির বিবরণ প্রদান করিয়াছেন। ইহার একটি তোগ্রা আরবী লিপিযুক্ত। প্রস্তর-ফলকটি গৌড়ের বাদশাহ হোসেন শাহের রাজত্ব-কালে উৎকীর্ণ এবং সম্ভবতঃ উহা কোন মসজিদগাত্রে সংলগ্ন ছিল। বর্ত্তমান সংস্থিতি, গাজী সাহেবের দর্গা। অপর দুইটি পরস্পর সন্নিহিত দুই শিবমন্দিরে সংলগ্ন ছিল। বঙ্গাক্ষরে খোদিত এই শিলালিপিদ্বয়ের একটি হইতে জানা যায় যে, রাজা রাঘব ১৫৯৩ শকে একটি মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন। রাঘব মোগল-সম্রাট্ শাহজাহানের নিকট হইতে একটি পরগণার অধিকার প্রাপ্ত হইয়াছিলেন।

ভাষাতত্ত্ব

(ক) "কৃপার শাস্ত্রের অর্থভেদ ও বাঙ্গালা উচ্চারণ-তত্ত্ব" প্রবন্ধে প্রবন্ধ-লেখক 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' নামক রোমান অক্ষরে লিখিত রোমানকাথলিক ধর্মসংক্রান্ত একখানি প্রাচীন বাঙ্গালা পুস্তকের পরিচয় দিয়াছেন। প্রবন্ধ-লেখক উহার বর্ণবিন্যাস হইতে তৎকাল-প্রচলিত বাঙ্গালা শব্দের উচ্চারণের একটা ধারা আবিষ্কার করিতে চেষ্টা করিয়াছেন।

(খ) "বাঙ্গালা শব্দকোষ সম্বন্ধে কয়েকটি মন্তব্য" নামক প্রবন্ধে শ্রীযুক্ত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয় শ্রীযুক্ত যোগেশ বাবুর লিখিত বাঙ্গালা শব্দকোষের ৪০টি শব্দের ব্যুৎপত্তি সম্বন্ধে আলোচনা করিয়াছেন। লেখক দেখাইতে চেষ্টা করিয়াছেন যে, যোগেশ বাবু অধিকাংশ স্থলেই কষ্ট কল্পনা করিয়া শব্দের মূল নিরূপণ করিয়াছেন, অথচ সহজেই শব্দগুলি সাধিত হইতে পারে।

(গ) "বঙ্গাক্ষরের সাহায্যে আরবী ও পার্শী ভাষার শব্দ ও অক্ষরের উচ্চারণ-বিধি ও লিখনপ্রণালী" নামক প্রবন্ধে ডাঃ আবদুল গফুর সিদ্দিকী মহাশয় বাঙ্গালা বর্ণমালায় যে সকল আরবী ও পার্শী অক্ষরের উচ্চারণ পাওয়া যায় না, সেই সকল অক্ষরের যথাযথ উচ্চারণ যাহাতে বাঙ্গালা বর্ণমালার সাহায্যে প্রকাশিত হয়, তাহার জন্য কয়েকটি নূতন অক্ষর প্রচলনের প্রস্তাব করিয়াছেন।

(ঘ) "সমালোচনার উত্তর"—নামক প্রবন্ধে প্রবন্ধলেখক, শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় মহাশয়কৃত শব্দকোষ সমালোচনার উত্তর দিয়াছেন।

পরিভাষা

(ক) "রেশম-শিল্পের পারিভাষিক শব্দ" নামক প্রবন্ধে প্রবন্ধ-লেখক রেশমশিল্পের সংক্ষিপ্ত পরিচয় প্রসঙ্গে প্রচলিত কএকটি পারিভাষিক শব্দের উল্লেখ করিয়াছেন।

আলোচনা

(ক) আলোচনাকারী 'শতকরা' শব্দটিকেই ইংরাজি Percent শব্দের প্রতিশব্দরূপে গ্রহণের পক্ষে যুক্তি প্রদর্শন করিয়াছেন।

গণিত

ইউক্লিডের প্রথম স্বীকার্য্য, ইউক্লিডের স্বতঃসিদ্ধ, দশম স্বতঃসিদ্ধ

শ্রীযুক্ত যোগেন্দ্রকুমার সেন গুপ্ত মহাশয় ইউক্লিডের স্বীকার্য্য ও স্বতঃসিদ্ধ সম্বন্ধে আলোচনা করিয়াছেন। পত্রিকার ১ম, ২য় ও ৪র্থ সংখ্যায় এ সম্বন্ধে ৩টি প্রবন্ধ বাহির হইয়াছে। প্রবন্ধ-লেখক জ্যামিতি-শাস্ত্রের মূলতত্ত্ব আলোচনায় প্রবৃত্ত হইয়াছেন। ইউক্লিড যে কয়টি স্বতঃসিদ্ধ মানিয়া লইয়াছেন, তাহারা স্বতঃসিদ্ধ বটে কি না এবং সবগুলিকে মানিয়া লওয়া আবশ্যক কি না, তদ্ভিন্ন অন্য স্বতঃসিদ্ধ মানিয়া লইলে জ্যামিতিশাস্ত্র গঠিত হইতে পারে কি না, এই সমুদয় গভীর তত্ত্ব ঐ কয়টি প্রবন্ধে আলোচিত হইয়াছে। 'দুই বস্তু প্রত্যেকে তৃতীয় বস্তুর সমান হইলে তাহারা পরস্পর সমান হয়।' এখানে 'সমান' শব্দের

অর্থ কি, তাহারই বিচারে প্রবৃত্ত হইয়া গতি বিজ্ঞানের সাহায্যে সমানতার সংজ্ঞা নির্দ্দেশ করিতে হইয়াছে। যোগেন্দ্র বাবুর এই গম্ভীর আলোচনার সংক্ষিপ্ত বিবরণ দেওয়া অসাধ্য। গণিতামোদী ব্যক্তিগণ মূল প্রবন্ধ অধ্যয়ন করিবেন। সংপ্রতি পাশ্চাত্য পণ্ডিতেরা ইউক্লিডের স্বীকৃত স্বতঃসিদ্ধগুলিতে সন্দিহান হইয়া গণিত-শাস্ত্রের অন্য মূল অন্বেষণে প্রবৃত্ত হইয়াছেন। এমন কি, ইউক্লিড-প্রণীত জ্যামিতি-বিদ্যা হইতে সম্পূর্ণ ভিন্ন জাতীয় জ্যামিতি-বিদ্যার কল্পনা করিতেছেন। এ দেশে এরূপ আলোচনা এখনও আরম্ভ হয় নাই বলিলেও চলে। যোগেন্দ্রবাবু বাঙ্গালা ভাষায় এই আলোচনা আরম্ভ করিয়া তাঁহার গবেষণার ফল পরিষৎ-পত্রিকায় প্রকাশ করিতেছেন। ইহাতে পরিষৎপত্রিকার গৌরব বাড়িয়াছে এবং বাঙ্গালা সাহিত্যেরও স্পর্দ্ধা করিবার হেতু জন্মিয়াছে। এই সকল তত্ত্ব এত গভীর যে, যোগেন্দ্র বাবুর আলোচনার মূল্য নিরূপণে গণিতজ্ঞ পণ্ডিতেরা সাহসী হইতেছেন না। প্রবন্ধগুলির ইংরাজী অনুবাদ পাশ্চাত্য পণ্ডিতদের নিকট পাঠাইয়া তাঁহাদের মত সংগ্রহের আবশ্যকতা অনুভূত হইয়াছে।

ছাপাখানা-সমিতি

আলোচ্য বর্ষের ১৩ই শ্রাবণ তারিখে ছাপাখানা-সমিতির অধিবেশনে সমিতির কতিপয় সদস্যের সহিত কার্য্যনির্ব্বাহক-সমিতির মতের অনৈক্য হওয়ায়, তাঁহারা ছাপাখানা-সমিতির সদস্য-পদ ত্যাগ করেন। কার্য্যনির্ব্বাহক-সমিতি তাঁহাদিগকে পদত্যাগপত্র প্রত্যাহার করিতে অনুরোধ করিয়াছিলেন, কিন্তু তাঁহারা তাহাতে সম্মত হন নাই। যাঁহারা ছাপাখানা-সমিতির সদস্যপদ ত্যাগ করিয়াছিলেন, তাঁহাদের নাম নিম্নে প্রদত্ত হইল।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ
" সুরেন্দ্রনাথ কুমার
" রমেশচন্দ্র মজুমদার এম্ এ
" যতীন্দ্রমোহন রায়
" কেশবচন্দ্র গুপ্ত এম্ এ, বি এল

বর্ষপ্রারম্ভে কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক নূতন করিয়া ছাপাখানা-সমিতি গঠিত হইয়াছে। স্থির হইয়াছে যে, পাঁচ জন সদস্য লইয়া ছাপাখানা-সমিতি গঠিত হইবে এবং ইঁহারা কার্য্যনির্ব্বাহক-সমিতির পরামর্শ-সভারূপে কার্য্য করিবেন। ১৩২৩ বঙ্গাব্দে নিম্নলিখিত ব্যক্তিগণ ছাপাখানা-সমিতির সদস্য নির্ব্বাচিত হইয়াছেন,—

১। শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ
২। " হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ
৩। " ললিতাপ্রসাদ দত্ত
৪। " ডাঃ আবদুল গফুর সিদ্দিকী
৫। " মন্মথমোহন বসু এম্ এ

আলোচ্য বর্ষে ছাপাখানা-সমিতির ৯টি অধিবেশন হইয়াছিল। তাহাতে পরিষদ্গ্রন্থাবলী কার্য্যনির্ব্বাহক-সমিতির আদেশে ছাপিবার বন্দোবস্ত, তজ্জন্য প্রেস সকলের বিল পাশ, গ্রন্থসকলের মূল্য নির্দ্ধারণ, মুদ্রণকার্য্যে তৎপরতার জন্য উপায় নির্দ্ধারণ প্রভৃতি কর্ত্তব্য বিষয় সকলের আলোচনা ও মীমাংসা যথারীতি সম্পন্ন হইয়াছিল। সমিতির কার্য্যতৎপরতা বর্ত্তমান বৎসরে উল্লেখযোগ্য। সমিতির চেষ্টায় আলোচ্য বর্ষে ১৫ খানি গ্রন্থের মুদ্রাঙ্কণ যথোপযুক্তরূপে নির্ব্বাহিত হইয়াছে।

গ্রন্থ-প্রকাশ

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ মহাশয়ের উপর গ্রন্থপ্রকাশ-বিভাগের কার্য্যভার অর্পিত হইয়াছিল। এই বর্ষে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় গবর্ণমেণ্টের নিকট হইতে ১২০০৲ ও মাননীয় কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ মহাশয়ের নিকট হইতে ১৫০৲ টাকা পাওয়া গিয়াছে এবং নিম্নলিখিত গ্রন্থসকল প্রকাশিত হইয়াছে।

১। **ধর্ম্মপূজাবিধান**—রামাই পণ্ডিত-প্রণীত। বঙ্গদেশের ধর্ম্মপূজাই যে বৌদ্ধ-ধর্ম্মের অবশেষ, সম্পাদক শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয় এই গ্রন্থের ভূমিকায় তাহা প্রতিপন্ন করিয়াছেন। লালগোলার রাজা শ্রীযুক্ত রাও যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের ব্যয়ে এই গ্রন্থখানি ছাপা হইয়া প্রকাশিত হইয়াছে।

২। **মঙ্গলচণ্ডী পাঞ্চালিকা**—রচয়িতা—ভবানীশঙ্কর দাস। ইহাতে কবিকঙ্কণ চণ্ডীর ন্যায় চণ্ডিকামাহাত্ম্য বর্ণিত হইয়াছে। সম্পাদক—শ্রীযুক্ত রাজচন্দ্র দত্ত। এই বই-খানিও লালগোলার রাজা বাহাদুরের ব্যয়ে মুদ্রিত ও প্রকাশিত।

৩। **গঙ্গামঙ্গল**—রচয়িতা—দ্বিজ মাধব। সম্পাদক—মৌলবি আব্দুল করিম সাহিত্যবিশারদ। গঙ্গামাহাত্ম্য বিষয়ক গ্রন্থ। লালগোলার রাজা বাহাদুরের ব্যয়ে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে।

৪। **চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্ত্তন**—শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত। বর্ত্তমান সময় হইতে পাঁচ শত বৎসর পূর্ব্বেকার—চণ্ডীদাসের সময়ের—তাঁহার খাঁটি, অবিকৃত ভাষায় লিখিত অপূর্ব্ব পদাবলী ইহাতে আছে। লালগোলার রাজাবাহাদুরের ব্যয়ে মুদ্রিত ও প্রকাশিত।

এতদ্ব্যতীত নিম্নলিখিত গ্রন্থগুলির ছাপা প্রায় শেষ হইয়াছে ;—

১। **গোরক্ষবিজয়**—মৌলবি আবদুল করিম সাহিত্যবিশারদ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

২। **শারদামঙ্গল**—মুক্তারাম সেন-বিরচিত ও মৌলবি আবদুল করিম সাহিত্য-বিশারদ সম্পাদিত।

৩। **গৌরাঙ্গ-সন্ন্যাস**—বাসুদেব ঘোষ-প্রণীত ও মৌলবি আবদুল করিম সাহিত্য-বিশারদ সম্পাদিত।

৪। জ্ঞানসাগর—আলি রাজা ওরফে কানুফকীর প্রণীত ও মৌলবি আবদুল করিম সাহিত্যবিশারদ সম্পাদিত।

নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য চলিতেছে ;—

১। পদকল্পতরু (২য় খণ্ড)—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় কর্তৃক সম্পাদিত।

২। সর্ব্বসংবাদিনী—পণ্ডিত শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয় কর্তৃক সম্পাদিত।

৩। বাৎস্যায়নভাষ্য—পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ মহাশয় কর্তৃক অনূদিত ও সম্পাদিত।

৪। নেপালী পুথি—শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্তৃক সম্পাদিত।

৫। উদ্ভিদজ্ঞান—শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু এম্ এ মহাশয় বিরচিত।

৬। শ্রীকৃষ্ণবিলাস—পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী বিদ্যাবিনোদ মহাশয় সম্পাদিত।

৭। প্রাচীন পুথির বিবরণ—শ্রীযুক্ত শিবরতন মিত্র কর্তৃক সম্পাদিত।

এতদ্ব্যতীত শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় কর্তৃক সম্পাদিত "লেখমালানুক্রমণী" গ্রন্থের মুদ্রণকার্য্য পাণ্ডুলিপির অভাবে আলোচ্য বর্ষে আদৌ অগ্রসর হয় নাই।

"অনিলপুরাণ" গ্রন্থের সম্পাদন-ভার স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের উপর ছিল। গত বর্ষে তিনি পরলোকগত হওয়ায় ইহার ছাপা বন্ধ ছিল। আলোচ্য বর্ষে ইহার ছাপা সম্বন্ধে কোন ব্যবস্থা হয় নাই।

আয়-ব্যয়

আলোচ্য বর্ষে সর্ব্ব রকমে পরিষদের ২৮৩২৪৷৴৩ আয় হইয়াছে এবং পূর্ব্ব বৎসরের উদ্বৃত্ত ২২৪৯২৸৶ ছিল। অতএব আলোচ্য বর্ষে পরিষদের মোট জমা ৫০৮১৭৷৩ টাকা। আলোচ্য বর্ষে সর্ব্ব ব্যাপারে মোট ৪৮,৬৮৫৷৵৯ টাকা ব্যয় হইয়াছে, বর্ষশেষে উদ্বৃত্ত হইয়াছে ২১৩১৸৶৬ টাকা। আয়-ব্যয়ের বিস্তৃত বিবরণ পরিশিষ্টে দ্রষ্টব্য।

শাখা-পরিষৎ

আলোচ্য বর্ষে পূর্ব্ব বৎসরের বিজ্ঞাপিত ত্রিপুরা জেলা ও নদীয়া জেলায় পরিষদের নিয়মানুসারে পরিষদের শাখা প্রতিষ্ঠিত হইয়াছে।

শাখা-পরিষৎসমূহকে কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ মত যে সকল কার্য্য-ভার প্রদত্ত হইয়াছিল, তৎসম্বন্ধে পরিষদের চট্টগ্রাম-শাখা, ত্রিপুরা-শাখা ও মেদিনীপুর-শাখা কার্য্য করিবার চেষ্টা করিতেছেন। আশা করা যায়, আগামী বর্ষে শাখাগুলির উপর প্রদত্ত কার্য্য-ভার কিরূপ সম্পাদিত হয়, তাহা জানিতে পারা যাইবে। শাখা-সভাগুলির সংক্ষিপ্ত কার্য্যবিবরণ পরিশিষ্টে মুদ্রিত হইল।

রমেশ-ভবন

গত বর্ষে ২০শে নবেম্বর (৫ই অগ্রহায়ণ) তারিখে বঙ্গেশ্বর শ্রীযুক্ত লর্ড কারমাইকেল কাসিমবাজারের মহারাজের প্রদত্ত ভূমিতে রমেশ-ভবনের ভিত্তি প্রতিষ্ঠা করেন। মাননীয় মিঃ লায়ন, কোচিনাধিপতি এবং অন্যান্য অনেক সম্ভ্রান্ত ব্যক্তি সভাস্থলে উপস্থিত ছিলেন। স্মৃতি-রক্ষা-সমিতির সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় বঙ্গেশ্বরকে ভিত্তি প্রতিষ্ঠার জন্য আহ্বান করেন। অন্যতর সম্পাদক কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় স্মৃতি-সমিতির রিপোর্ট পাঠ করেন এবং সহকারী সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বঙ্গদেশের ও বাঙ্গালী জাতির বিবরণ দিয়া অনতিদীর্ঘ প্রবন্ধ পাঠ করেন। তৎপরে বঙ্গেশ্বর সাহিত্য-পরিষদের ও তাহার রঙ্গপুর শাখার কার্য্যে প্রীতি, শ্রদ্ধা ও সহানুভূতি জানাইয়া এবং রমেশচন্দ্রের স্মৃতি-রক্ষার্থ এই মন্দির প্রতিষ্ঠাই প্রকৃষ্ট উপায়, ইহা নির্দ্দেশ করিয়া ভিত্তি-প্রস্তর স্থাপন করেন। সভাস্থলে পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর রমেশ-ভবন নির্ম্মাণের সাহায্যার্থ ১০০০৲ টাকা এবং শ্রীযুক্ত কে বি দত্ত মহাশয় ২৫০৲ দানের প্রতিশ্রুতি জ্ঞাপন করেন। তৎপরে ভাগলপুরের শ্রীযুক্ত সৌরেন্দ্রমোহন সিংহ ও শ্রীমতী প্রিয়ম্বদা সিংহ উভয়ে ৫০০৲টাকা সাহায্য পাঠাইয়া দিয়াছেন। রমেশ-ভবনের জন্য অর্থ সংগ্রহে স্মৃতি-সমিতি চেষ্টা করিতেছেন।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে ৯ই, ১০ই, ১১ই পৌষ তারিখে বাঁকীপুরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের দশম অধিবেশন সুসম্পন্ন হইয়া গিয়াছে। মূল সভাপতি হইয়াছিলেন শ্রীযুক্ত সার আশুতোষ মুখোপাধ্যায়। শাখা-সভার সভাপতি—সাহিত্য-বিভাগে শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ, দর্শন-বিভাগে শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, ইতিহাস-বিভাগে শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার এবং বিজ্ঞান-বিভাগে শ্রীযুক্ত শশধর রায়। অভ্যর্থনা-সমিতির সভাপতি মাননীয় শ্রীযুক্ত রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুর, সহকারী সভাপতি অধ্যাপক শ্রীযুক্ত যদুনাথ মজুমদার, সম্পাদক অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার। সম্মিলনের দশম অধিবেশনের কার্য্য সুপরিচালিত হইয়াছিল। সম্মিলনের প্রথম দিনের অধিবেশনের কার্য্য শেষ হইলে একটি প্রস্তাব গৃহীত হয় যে, বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনকে রেজেষ্টারী করা হউক এবং ইহার গঠন-প্রণালী ও নিয়মাবলী প্রণয়নের জন্য শ্রীযুক্ত সার আশুতোষ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, ডাঃ আব্দুল গফুর সিদ্দিকী ও শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয়কে লইয়া একটি সমিতি গঠিত হউক। স্থির হইল যে, আগামী বৎসর ঢাকায় সম্মিলনের একাদশ অধিবেশন হইবে। আলোচ্য বর্ষে সম্মিলনের নিয়মাবলীতে কয়েকটি নূতন নিয়ম সংযোজিত হইয়াছে। পরিশিষ্টে বিস্তৃত বিবরণ দ্রষ্টব্য।

পরিভাষা

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত শিশিরকুমার মৈত্রেয় মহাশয়ের প্রস্তাবক্রমে গণিত-শাস্ত্রের মূলতত্ত্ব আলোচনার জন্য একটি স্বতন্ত্র সমিতি স্থাপিত হইয়াছে। সাহিত্য-পরিষদের

সভ্য ব্যতীত গণিতজ্ঞ বা গণিতামোদী অন্য লোকও ইহার সভ্য হইতে পারেন। সমিতির বর্ত্তমান সভাপতি শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও সম্পাদক অধ্যাপক শ্রীযুক্ত সীতেশ-চন্দ্র কর। এ পর্য্যন্ত সমিতির চারিটি অধিবেশন হইয়াছে। শ্রীযুক্ত যোগেন্দ্রকুমার সেন গুপ্ত মহাশয় "দশম স্বতঃসিদ্ধ," "ইউক্লিডের দ্বিতীয় স্বীকার্য্য" নামে কয়েকটি প্রবন্ধ পাঠ করিয়াছেন। যোগেন্দ্রবাবু ইংরাজী গণিত-শাস্ত্রের বিনা সাহায্যে আপন প্রতিভাবলে গণিতের মূলতত্ত্ব সম্বন্ধে যে আলোচনা করিতেছেন, তাহাতে গণিতাভিজ্ঞ পণ্ডিতদের গভীর শ্রদ্ধা আকর্ষণ করিয়াছেন এবং তাঁহাকে এই কর্ম্মে নিযুক্ত করিয়া সাহায্য করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি জাতীয় শিক্ষা-পরিষদের নিকট প্রার্থনা করিয়াছিলেন। শিক্ষা-পরিষৎ যোগেন্দ্র বাবুকে মাসিক ৩০৲ করিয়া দিতেছেন এবং আগামী বৎসরের জন্যও দিবেন। শিক্ষাপরিষদের নিকট তজ্জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতি কৃতজ্ঞ।

মন্দির ব্যবহার

আলোচ্য বর্ষে কৃষ্ণবাগান লিটারারী ক্লাবের ও গৌড়াবেড়ের শ্রীচৈতন্য-সেবা-সমিতির কয়েকটি অধিবেশন হইয়া গিয়াছে। এতদ্ব্যতীত সাহিত্য-সঙ্গতের দুইটি অধিবেশনও হইয়াছে।

উপসংহার

বর্ত্তমান বর্ষে জগদ্বিশ্রুতকীর্ত্তি বিজ্ঞানাচার্য্য সার শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয় পরিষদের উন্নতিকল্পে বিস্তৃত আয়োজন করিতেছেন। তাঁহার বৈজ্ঞানিক নূতন আবিষ্কারসমূহ তিনি ধারাবাহিকরূপে বাঙ্গালা ভাষায় পরিষৎ মন্দিরে বক্তৃতার দ্বারা আমাদিগকে বুঝাইয়া দিবেন বলিয়া সম্মতি প্রকাশ করিয়াছেন। তদ্বিষয়ে উপযোগী করিবার জন্য পরিষৎ মন্দিরের দ্বিতলস্থ হলটির নানাপ্রকার সৌষ্ঠব বৃদ্ধি করা হইতেছে। আমাদের সভাপতি মহাশয়ের বক্তৃতার দ্বারায় যে বঙ্গ-সাহিত্যের অসাধারণ পুষ্টি সাধিত হইবে এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষদে নূতন জীবন সঞ্চারিত হইবে, তাহা বলাই বাহুল্য। বিজ্ঞানাচার্য্য শ্রীযুক্ত সার জগদীশচন্দ্র বসু কেবল নিজে বক্তৃতা দিয়াই ক্ষান্ত থাকিবেন না, নানা শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তিবর্গ যাহাতে এক একটি বিষয়ে ধারাবাহিক ভাবে বক্তৃতা করেন, তাহার বন্দোবস্তও তিনি করিতেছেন। বহু পূর্ব্বে আমার ক্ষীণ চেষ্টায় এই কাজের কিছু কিছু আরব্ধ হয়—কোন কোন বিষয়ে কোন কোন অভিজ্ঞ ব্যক্তি ঐ ভাবে ধারাবাহিকরূপে বক্তৃতা করিতে প্রতিশ্রুত হয়েন এবং তন্মধ্যে কেহ কেহ কোন কোন বিষয়ে কতকাংশ বক্তৃতা করিয়াছিলেন, কিন্তু কোন বিষয়ে বক্তৃতা সম্পূর্ণ হয় নাই। এবার আমাদের বিশেষ আশা হইয়াছে, আমাদের বহুমানাস্পদ সভাপতি মহাশয় যখন আমাদের দেশীয় বিদ্বন্মণ্ডলীকে আহ্বান করিয়াছেন, তখন অনেকেই সাগ্রহে নানা শাস্ত্র সম্বন্ধে মাতৃভাষায় বক্তৃতাদি করিয়া যুগপৎ দেশে জ্ঞান বিস্তারের পথ উন্মুক্ত করিবেন এবং বাঙ্গালা ভাষার পুষ্টি সাধন ও শ্রীবৃদ্ধি করিবেন। দেশীয় ভাষায় জ্ঞানের আদান প্রদান না হইলে প্রকৃত জ্ঞান বিস্তার কখনই হইতে পারে না। এই কথাটি সম্বন্ধে অনেক ভ্রান্ত ধারণা এই দেশে এখনও অনেকের মনে রহিয়াছে। আমরা ভরসা করি যে, সার শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয়ের কাজের দ্বারা ঐ সকল ভ্রান্ত ধারণা দূর হইবে। উচ্চ শিক্ষা কোন্ ভাষায়

দেওয়া হইবে, এই বিষয় লইয়া এ দেশে এখন শিক্ষিত সমাজের মধ্যে কিছু কিছু আন্দোলন চলিতেছে দেখা যায়। ইতিমধ্যে আমাদের মহামাননীয় রাজপ্রতিনিধি লর্ড চেম্‌সফোর্ড মহোদয় যে সকল বক্তৃতাদি করিয়াছেন, তাহা পাঠ করিয়া অনুমান করা যায়, বিদেশীয় ভাষায় শিক্ষা প্রচলন থাকিলে বালকদের যে কি মহান্ অপকার করা হয়, তাহার বিষয় তিনি অনেকটা উপলব্ধি করিয়াছেন। তিনি আরও প্রকাশ করিয়াছেন যে, দুর্দ্ধান্তে তিনি এই বিষয়ে কর্ত্তব্য নির্দ্ধারণ করিবার প্রয়াস পাইবেন। ইতিমধ্যে আমাদিগকে এই সম্বন্ধে চিন্তা করিতেও তিনি উপদেশ দিয়াছেন। বিষয়টি অত্যন্ত গুরুতর—এক হিসাবে ইহার সুমীমাংসার উপর আমাদের জাতীয় উন্নতি নির্ভর করিতেছে, ইহা বলা চলে। চিন্তাশীল দেশহিতৈষী মাত্রেরই এই বিষয়ে অবহিত হওয়া উচিত। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ এই সম্বন্ধে বিবেচনা করিয়া স্থির করিয়াছেন যে, এই সম্বন্ধে প্রত্যেক সদস্যের নিকট এবং শিক্ষিত বঙ্গবাসীর নিকট মতামত গ্রহণ করা হউক। এই ভাবে মতামত সংগৃহীত হইলে অভিজ্ঞ ব্যক্তিবর্গকে লইয়া এক পরামর্শ-সভা আহ্বান করিবেন, ইহাও পরিষৎ স্থির করিয়াছেন। তাহার পর কর্ত্তব্য নির্দ্ধারিত হইলে এই বিষয়ে পরিষদের যাহা করিবার, তাহা পরিষৎ করিবেন। আমরা প্রত্যেক সদস্যকে এবং শিক্ষিত বঙ্গবাসী মাত্রকেই সনির্ব্বন্ধ অনুরোধ করিতেছি যে, তাঁহারা যেন বিষয়ের গুরুত্ব বিবেচনায় ইহার প্রতি বিশেষ ভাবে অবহিত হইয়া কর্ত্তব্য সম্বন্ধে উপদেশ দিয়া আমাদিগকে বাধিত করেন।

১৬ই বৈশাখ,
বঙ্গাব্দ ১৩২৪

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী
সম্পাদক।
বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ।

পরিশিষ্ট

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

রঙ্গপুর-শাখা

১৩২৪ বঙ্গাব্দে এই সভা ত্রয়োদশ বর্ষে পদার্পণ করিয়াছে।

একাদশ বর্ষের	সদস্য	আজীবন	বিশিষ্ট	অধ্যাপক	সহায়ক	ছাত্র	সাধারণ
১৩২৩		২	৬	৮	১০	৬০	৩৫০

সদস্যের মৃত্যু।—আলোচ্য বর্ষে পরিষদের সদস্য রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর সি, আই, ই, নবসুন্দর সিংহ সরকার এবং ডিমলা রাজ ষ্টেটের সুপারিন্টেণ্ডেণ্ট লোকনাথ দত্ত মহাশয়গণের পরলোক-গমনে সভা আন্তরিক দুঃখ প্রকাশ করিতেছেন।

অধ্যাপক সদস্য।—অধ্যাপক সদস্যমধ্যে শ্রীযুক্ত ভবরঞ্জন তর্কতীর্থ মহাশয় প্রবন্ধাদি রচনাদ্বারা এবং পণ্ডিত শ্রীযুক্ত অন্নদাচরণ বিদ্যালঙ্কার মহাশয় সভার সহকারী সম্পাদকরূপে নানাবিধ কার্য্য সম্পাদনে পরিষৎকে সাহায্য করিয়াছেন।

সহায়ক সদস্য।—সহায়ক সদস্য মধ্যে শ্রীযুক্ত যতীন্দ্রমোহন চৌধুরী প্রবন্ধ রচনা করিয়া সভাকে সাহায্য করিয়াছেন।

চিত্রশালাগৃহের আয়তন বৃদ্ধি।—সভার চিত্রশালা পূর্ব্বে কার্য্যালয়মধ্যে থাকায় স্থানাভাব নিবন্ধন সংগৃহীত দ্রব্যের সুসন্নিবেশ সম্ভবপর হয় নাই। তজ্জন্য পৃথক্ একটি গৃহ নির্ম্মাণ করা স্থির হয়। সুখের বিষয়, কয়েকটি বদান্য ব্যক্তির সাহায্যে বিগত বর্ষে ঐ গৃহ নির্ম্মাণ আরব্ধ হয়। ঐ অর্দ্ধসমাপ্ত গৃহদ্বার সার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী মহোদয় বিগত উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের অধিবেশনকালে উদ্‌ঘাটন করিয়াছিলেন। আলোচ্য বর্ষে ঐ গৃহ-নির্ম্মাণকার্য্য শেষ হইয়াছে। এই গৃহ নির্ম্মাণে রঙ্গপুরের প্রসিদ্ধ কণ্ট্রাক্টর শ্রীযুক্ত পান্নালাল সিংহ ও সম্পাদক মহাশয় যথাক্রমে ইষ্টক ও বীম বরগা দিয়া সাহায্য করিয়াছেন। গৃহ নির্ম্মাণের মজুরী বাবদ ব্যয়ের টাকা কাসিমবাজারের বদান্যবর মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর প্রদান করিবেন বলিয়া আশা দিয়াছেন। সভা ইঁহাদের নিকটে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

একাদশ সাম্বৎসরিক অধিবেশন।—২৮শে শ্রাবণ, রবিবার, ১৩২৩ তারিখে অপরাহ্ণ ৪॥০টার সময় রঙ্গপুর সাহিত্য-পরিষদের একাদশ সাম্বৎসরিক অধিবেশন অনুষ্ঠিত হয়। সভার সভাপতি রঙ্গপুরের ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মিঃ জে, এম্, গুপ্ত এম এ আই সি এস মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাসংসৃষ্ট ছাত্রসভার বার্ষিক অধিবেশনও ঐ সঙ্গে আহূত হইয়াছিল।

আলোচ্য বর্ষে চারিটি মাত্র অধিবেশন হইয়াছিল। ঐ চারিটি অধিবেশনে বিষয়ভেদে মাত্র ৪ চারিটি প্রবন্ধ পঠিত হইয়াছিল যথা,—আলোচনামূলক—১ দার্শনিক—১ ভাষাতত্ত্ব—২।

অধিবেশনের নাম ও তারিখ	পঠিত প্রবন্ধ ও লেখক	প্রদর্শিত দ্রব্য ও প্রদর্শক	অন্যান্য আলোচনা
১ম অধিবেশন, ১৪ই আশ্বিন, ১৩২৩ রবিবার।	রঙ্গপুর ভাষার ব্যাকরণ— শ্রীযতীন্দ্রমোহন চৌধুরী,		
২য় অধিবেশন, ১১ই অগ্রহায়ণ, ১৩২৩ রবিবার।	পদ্মাপুরাণ সম্বন্ধে শেষ কথা— শ্রীবিরজাকান্ত ঘোষ বি এ সব ডেঃ ম্যাজিষ্ট্রেট।	ননীক্ষীর গ্রামের ভগ্ন নবরত্ন-মন্দিরের কারুকার্য্যবিশিষ্ট ইষ্টক—উপহর্ত্তা শ্রীশ্যামাকান্ত ভট্টাচার্য্য।	
৩য় অধিবেশন, ১৫ই মাঘ, ১৩২৩, রবিবার	ন্যায়দর্শন— শ্রীযুক্ত ভবরঞ্জন তর্কতীর্থ	৩টী স্বর্ণ, ১২টী রৌপ্য এবং ২টী তাম্রমুদ্রা প্রদর্শন, প্রদর্শিকা—শ্রীমতী কৈলাসকামিনী দেবী, ২টী প্রাচীন রৌপ্য মুদ্রা, উপহর্ত্তা—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সী।	নবসুন্দর সিংহ সরকার, রায় শরৎচন্দ্র দাস বাহাদুর সি আই ই এবং চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহোদয়গণের পরলোকগমনে শোক প্রকাশ।
৪র্থ অধিবেশন, ১৯শে চৈত্র, ১৩২৩, রবিবার	রঙ্গপুর ভাষার অভিধান— শ্রীযতীন্দ্রনাথ চৌধুরী	সূর্য্যমূর্ত্তি ১টি, উপহর্ত্তা—শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সী।	সভার সদস্য ৺ লোকনাথ দত্ত মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ। শ্রীঅন্নদামোহন রায় চৌধুরী মহাশয়ের রায় বাহাদুর উপাধি প্রাপ্তিতে আনন্দ প্রকাশ।

গ্রন্থাগারে উপহৃত পুস্তক-প্রচারের উদ্যোগ

আলোচ্য বর্ষে সভার গ্রন্থাগারে যে সকল পুস্তক উপহৃত হইয়াছে, সেই সকল গ্রন্থের প্রচারকল্পে এবং গ্রন্থকারদিগকে উৎসাহিত করিবার নিমিত্ত উপহৃত গ্রন্থগুলির বিজ্ঞাপন সভার মুখপত্রে প্রকাশের ব্যবস্থা করা হইয়াছে।

চিত্রশালায় উল্লেখযোগ্য সংগ্রহ

আলোচ্য বর্ষে চিত্রশালায় যে সকল ঐতিহাসিক উপকরণ সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে এই সভার সদস্য শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বক্সি মহোদয় কর্তৃক উপহৃত প্রস্তর-নির্ম্মিত সূর্য্যমূর্ত্তি বিশেষ উল্লেখযোগ্য এবং তিনি ২টি রৌপ্যমুদ্রা উপহার প্রদান করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। শ্রীযুক্ত শ্যামাকান্ত ভট্টাচার্য্য মহাশয় কর্ত্তৃক উপহৃত ফরিদপুরের অন্তর্গত মনীক্ষীর গ্রামের ভগ্ন নবরত্ন-মন্দিরের কারুকার্য্য-খচিত ইষ্টক বিশেষ উল্লেখযোগ্য।

কবি-স্মৃতি-কথা

আলোচ্য বর্ষে উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলনের নির্দ্দেশ মত এ সভার উদ্যোগে এবং পালিচড়ার ভূম্যধিকারী খান মোজাফর হোসেন চৌধুরীর ব্যয়ে "জঙ্গনামা", "হিতজ্ঞান" প্রভৃতি কাব্যরচয়িতা হেয়াৎ মামুদের রঙ্গপুর পীরগঞ্জ থানার অধীন ঝাড়বিশিলা গ্রামে অবস্থিত সমাধির উপর স্মৃতিস্তম্ভ নির্ম্মিত হইয়াছে।

চিত্রশালা পরিদর্শন

কাসিমবাজারের সুপ্রসিদ্ধ পরম বিদ্যোৎসাহী মহারাজ সার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কে সি আই ই, বিদ্যারঞ্জন এবং রাজসাহী-বিভাগের অস্থায়ী কমিশনার মিঃ স্যামন সভার চিত্রশালায় শুভাগমন করিয়া সংগৃহীত দ্রব্যাদি পরিদর্শন পূর্ব্বক প্রীতিলাভ করেন।

উত্তরবঙ্গ-সাহিত্য-সম্মিলন

আলোচ্য বর্ষে উত্তরবঙ্গ সাহিত্য-সম্মিলনের দশম অধিবেশন বগুড়ায় আহূত হইবে, এরূপ স্থির হইয়াছিল। গত ইষ্টারের বন্ধে অনিবার্য্য কারণবশতঃ উহা আহূত হইতে পারে নাই। ঐ অধিবেশনের দিন পশ্চাৎ নির্দ্ধারিত হইবে, স্থানীয় অভ্যর্থনা-সমিতি এরূপ বিজ্ঞাপিত করিয়াছেন।

সভার মুখপত্র

সভার মুখপত্র রঙ্গপুর-সাহিত্য-পরিষৎ-পত্রিকার দশম ভাগ, ১ম সংখ্যা পর্য্যন্ত আলোচ্য বর্ষে প্রকাশিত হইয়াছে।

গ্রন্থপ্রকাশ

পাশ্চাত্য সমর নিবন্ধন কাগজ মহার্ঘ হওয়ায় গ্রন্থপ্রকাশ কার্য্যে আলোচ্য বর্ষে হস্তক্ষেপ করা যায় নাই। "অধ্যাপক-জীবনী" ও "পাগলের পাগলামী" নামক সাধন সঙ্গীত গ্রন্থের পাণ্ডুলিপি সভার হস্তে প্রকাশার্থ গচ্ছিত আছে। অনুকূল অবস্থা উপস্থিত হওয়া মাত্র উহাদের প্রকাশ আরম্ভ করা হইবে।

উপহৃত পুস্তকের নাম—	উপহর্ত্তা—
সভ্যতার ইতিহাস (১ম খণ্ড)	শ্রীযুক্ত এস, সি, সান্ন্যাল
Annual Report of the Archaeological Survey of India, Eastern Circle	Secretary, Bengal Secretariat, Book Depot.
ব্রজবেণু	শ্রীযুক্ত কালিদাস রায়
আয়োজন মহিম্নস্তোত্রম্ কলাপসার ব্যাকরণ, ১ভাগ	" যতীন্দ্রমোহন চৌধুরী
পদ্মাপুরাণ	" দ্বারকানাথ রায় চৌধুরী বি এ
ধানের পোকা	" প্রফুল্লচন্দ্র সেন
সমসাময়িক ভারত (১৯শ খণ্ড)	" যোগীন্দ্রনাথ সমাদ্দার বি এ
বীরভূমির বিবরণ	মহারাজকুমার শ্রীযুক্ত মহিমানিরঞ্জন চক্রবর্ত্তী
ঢাকা মিউজিয়মের দ্বিতীয় বার্ষিক কার্য্যবিবর	ঢাকা মিউজিয়মের চিত্রশালাধ্যক্ষ
বঙ্গীয়-সাহিত্য-পরিষদের চিত্রশালার ভাস্কর্য্য এবং মুদ্রার বর্ণনা-তালিকা	বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ
শান্তিকুঞ্জ	শ্রীযুক্ত কামাখ্যাপ্রসাদ মজুমদার

সভায় উপহৃত পত্রিকা

ত্রৈমাসিক—সাহিত্য-পরিষৎ-পত্রিকা। মাসিক—প্রবাসী, ভারতী, নারায়ণ, গৃহস্থ, উৎসব, অর্চ্চনা, স্বাস্থ্যসমাচার, বিজ্ঞান, ব্রাহ্মণসমাজ, অর্ঘ্য, সাহিত্যসংবাদ, সাহিত্যসংহিতা, জগজ্জ্যোতিঃ, বাণী, প্রতিভা, তোষিণী, সৌরভ, শ্রীভূমি, উপাসনা, হিন্দুপত্রিকা, গম্ভীরা। সাপ্তাহিক—বঙ্গবাসী, হিতবাদী, সঞ্জীবনী, হিন্দুরঞ্জিকা, বিশ্ববার্ত্তা, শিক্ষাসমাচার, রঙ্গপুর-দিক্‌-প্রকাশ, গৌড়দূত, মালদহ-সমাচার, সঞ্জয়, সুরমা, স্বরাজ।

১৩২৩ বঙ্গাব্দের আয়-ব্যয়-বিবরণ

আয়—		ব্যয়—	
চাঁদা আদায় ...	৪১৫৷৷০	চিত্রশালা গৃহ নির্ম্মাণ ...	২৬৪৮৶৬
প্রবেশিকা	২৲	গভর্ণর বাহাদুরের অভ্যর্থনা	১৩৲
হায়াৎমামুদ স্মৃতি ভাণ্ডার	১০৲	কাজি হায়াৎমামুদের স্মৃতিফলক প্রস্তুত	২১৲
		ব্যোমকেশ সাহায্য	৫৩৷৷০
ব্যোমকেশ সাহায্য আদায়	৬৩৸০	পত্রিকা প্রকাশ	১০৪৶৬
গৌড়ের ইতিহাসের মূল্য আদায়	৩৲	রঙ্গপুর ইতিহাস প্রকাশ	৷৵০

সেরপুরের ইতিহাসের মূল্য আদায়	॥০	অধ্যাপক জীবনী প্রকাশ	।০
বগুড়ার ইতিহাসের মূল্য আদায়	৯৲	বগুড়ার ইতিহাসের জন্য ব্যয়	॥০
আহ্নিকাচারতত্ত্বাবশিষ্টের মূল্য আদায়	॥০	গ্রন্থাগারের ব্যয়	।০
নিমাইচরিত্রের মূল্য আদায়	।০	চিত্রাশালার ব্যয়	৩৸৶
ভিঃ পিঃ কমিশন আদায়	৭।/০	মূর্ত্তি সংগ্রহ	/০
এককালীন দান	১৩০৲	বার্ষিক অধিবেশন	৫৵০
পুরাতন কাগজ বিক্রয়	১৸০	চিত্রশালা পরিদর্শন	১।/৬
রঙ্গপুর ব্যাঙ্ক হইতে উঠান হয়	৸/৯	আসবাব খরিদ	৫০।৩
ঐ ব্যাঙ্কের সুদ আদায়	৩৶৬	বেতন ব্যয়	১৮৬৵৩
জমিদার ব্যাঙ্কের স্থায়ী আমানতী		দপ্তর সরঞ্জামী	১৫৵৩
১৯১৫ সেপ্টেম্বর হইতে ১৯১৬			
মার্চ্চ পর্য্যন্ত সুদ	৭৬৸/৬	ডাক ব্যয়	৬৩॥৶৬
		বিবিধ মুদ্রণ	২০৲
নর্থ বেঙ্গল ব্যাঙ্কের বার্ষিক (ক) আমানতী		মিউনিসিপাল ট্যাক্স	২০৲
১৩২১ আশ্বিন হইতে ১৩২৩ আশ্বিন			
পর্য্যন্ত সুদ	৬৬।৵৬		
	৭৯০৸৵৩	ইরসান মূলসভা	১৲
			৯৪১৸৯
গত বর্ষের তহবিল——	৩১৬২৸৵৬		
	৩৯৫৩৸৯		
বাদ খরচ	৯৪১৸৯		
	৩০১২৲		

পরিশিষ্ট

I paid another visit to-day on my way to Gaibandha, but would stay only a few minutes. I notice a substantial advance since my last visit. I wish the Parishat every success.

(*Sd*) *H. F. Samman*,

Commissioner. Rajshahi Division.

22-2-17.

শ্রীসুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বারাণসী-শাখা

১৩২৩ বঙ্গাব্দের কার্য্যবিবরণ

আলোচ্য বর্ষে বারাণসী শাখা-পরিষদের অষ্টম বৎসর অতিবাহিত হইল। এই বৎসরে কয়েকটি অপ্রতিবিধেয় দৈব প্রতিবন্ধকতায় একটি মাত্র সাধারণ অধিবেশন এবং কার্য্যনির্ব্বাহক-সমিতির ১টি অধিবেশন হইয়াছে। সাধারণ অধিবেশনে কাশীস্থ এংলো বেঙ্গলী স্কুলের সুযোগ্য সেক্রেটারী শ্রীযুক্ত চিন্তামণি মুখোপাধ্যায় বি এ মহাশয় "উত্তর পশ্চিম অঞ্চলে বাঙ্গালী জাতি ও বাঙ্গালা ভাষা" শীর্ষক প্রবন্ধ পাঠ করেন। প্রবন্ধ-লেখক মহাশয় ঐতিহাসিক অনেকগুলি তথ্যের আবিষ্কার করিয়াছেন। আলোচ্য বর্ষে অধিবেশনের অত্যল্পতা অবশ্য দুঃখের বিষয় হইলেও আগামী বর্ষে ইহার পূর্ত্তি হইবে বলিয়া আশা করা যায়। পরিষৎ-সংসৃষ্ট বঙ্গ-সাহিত্য-সমাজ নামক প্রায় ৪০০০ হাজার সুপাঠ্য পুস্তকে পূর্ণ পুস্তকালয়ের দ্বারা আংশিকভাবে বঙ্গভাষার চর্চ্চা হইতেছে।

পরিষদের সভ্যসংখ্যা পূর্ব্ববৎ। সভ্যগণের নিকট হইতে চাঁদা লইবার কোনও নিয়ম নাই। নিম্নলিখিত ব্যক্তিগণ আলোচ্য বর্ষে কার্য্যাধ্যক্ষ নির্ব্বাচিত হইয়াছেন,—

শ্রীযুক্ত চিন্তামণি মুখোপাধ্যায় বি এ—সভাপতি
কবিরাজ ,, উমাচরণ কবিরত্ন—সহকারী সভাপতি
,, কালীচরণ মিত্র বি এ
,, ললিতমোহন মুখোপাধ্যায়—সম্পাদক
,, শ্যামাচরণ ভট্টাচার্য্য—সহযোগী সম্পাদক
,, তারাচরণ ভট্টাচার্য্য—সহকারী সম্পাদক
,, নেপালচন্দ্র রায়—কোষাধ্যক্ষ

এই বৎসরের বাঁকীপুরে আহূত বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে শ্রীযুক্ত চিন্তামণি মুখোপাধ্যায় বি এ, শ্রীযুক্ত নীলকমল ভট্টাচার্য্য এম্ এ ও শ্রীযুক্ত শ্যামাচরণ ভট্টাচার্য্য শাখার প্রতিনিধিরূপে উপস্থিত হইয়াছিলেন।

কাশীধামে শাখাপরিষৎ স্থাপিত হইয়া এ পর্য্যন্ত রাজসাহী কাশীমপুরের স্বনামখ্যাত জমিদার ৺কেদারপ্রসন্ন লাহিড়ী মহাশয়ের ভবনে অবস্থান করিতেছিল। সম্প্রতি গৃহস্বামীর বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত গৃহ পরিত্যাগ পূর্ব্বক জঙ্গমবাড়ীস্থিত কাশী সংস্কৃত কলেজের ন্যায়শাস্ত্রাধ্যাপক পণ্ডিত শ্রীযুক্ত বামাচরণ ন্যায়াচার্য্য মহাশয়ের গৃহে প্রতিষ্ঠিত হইয়াছে।

কাশীধামের ন্যায় বাঙ্গালীবহুল স্থানে এই ৭।৮ বৎসরের মধ্যেই শাখা-পরিষদের বিশেষ উন্নতির আশা করা কখনই অনুচিত নহে। কিন্তু দুঃখের সহিত বলিতে হইতেছে যে,

অনেক চেষ্টা করিয়াও এ বিষয়ে সাধারণের সাহায্যে আশানুরূপ ফল লাভ হইতেছে না। ভগবৎকৃপা হইলে নূতন বর্ষের নূতন উদ্যমের কার্য্য সন্তোষজনক হইবে আশা করা যায়। ইতি

শ্রী তারাচরণ ভট্টাচার্য্য
সহকারী সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

চট্টগ্রাম-শাখা

ষষ্ঠ বর্ষের কার্য্যবিবরণ

আলোচ্য বর্ষে নিম্নলিখিত সদস্যগণ পরিষদের মাসিক ও বিশেষ অধিবেশনে প্রবন্ধ ও কবিতা পাঠ এবং সাহিত্যবিষয়ক সমালোচনা করিয়াছেন,—

প্রথম মাসিক অধিবেশন শ্রীযুক্ত রায় নবীনচন্দ্র দত্ত বাহাদুর কর্ত্তৃক চট্টলের পণ্ডিত-সমাজের শীর্ষস্থানীয় অখিলচন্দ্র বিদ্যারত্ন মহাশয়ের পরলোকগমনে শোকপ্রকাশ প্রস্তাব। আলোচ্য বর্ষের কর্ম্মপরিচালক নিয়োগ ও পরিষদের আর্থিক অবস্থার আলোচনা।

দ্বিতীয় মাসিক অধিবেশন— স্বর্গীয় কবিবর গিরীশচন্দ্র ঘোষ মহাশয়ের বাসভবন ভঙ্গের প্রস্তাব পরিহার করিবার নিমিত্ত কলিকাতা Improvement Trustএর নিকট প্রতিবাদপত্র প্রেরণ এবং পূর্ব্ববঙ্গ সাহিত্যসম্মিলন সম্পর্কে আলোচনা। শ্রীযুক্ত হরিশ্চন্দ্র দত্ত "সাহিত্যের প্রাণ" এবং শ্রীযুক্ত মোঃ মহাং মণিরজ্জমা "বাঙ্গালা সাহিত্যের গতি" (প্রবন্ধ), শ্রীযুক্ত শশাঙ্কমোহন সেন বি এল 'সাহিত্যের গতি ও ক্রমবিকাশ' সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন।

তৃতীয় মাসিক অধিবেশন—শ্রীযুক্ত সুখেন্দুবিকাশ রায়—রথযাত্রা (কবিতা), সম্পাদক—"ভক্ত কবি হেমন্তবালা" এবং শ্রীযুক্ত বিপিনচন্দ্র চৌধুরী বি এ "মহিলা কবি হেমন্তবালার কাব্যালোচনা" (প্রবন্ধ)।

চতুর্থ মাসিক অধিবেশন—শ্রীযুক্ত মোহিনীমোহন দাস "ত্রিপুরার বীরনারী" (প্রবন্ধ)।

পঞ্চম মাসিক অধিবেশন—শ্রীযুক্ত ডাঃ প্রমোদাকুমার বিশ্বাস পি এইচ্ ডি "কৃষিরসায়ন" (প্রবন্ধ)।

বিশেষ অধিবেশন—শ্রীযুক্ত সুরেশচন্দ্র সেন এম এ, ডিঃ ম্যাজিষ্ট্রেট—"কালিদাসের ঋতু-সংহার" (প্রবন্ধ)। এই সভায় মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহোদয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

বিশেষ অধিবেশন—পরিষদের সভাপতি ডাঃ শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহোদয়ের দুখানি পত্র পাঠ। চট্টগ্রাম শাখা-পরিষদের ভূতপূর্ব্ব সহকারী সম্পাদক দীনেশচন্দ্র রায়ের অকাল-বিয়োগে শোক প্রকাশ প্রস্তাব এবং সম্পাদক কর্ত্তৃক দীনেশ বাবুর জীবনী পাঠ। দশম সাহিত্য-সম্মিলনে প্রতিনিধি প্রেরণ।

বিশেষ অধিবেশন—মহাকবি নবীনচন্দ্রের স্মৃতিসভা। উপর্য্যুপরি কয়েকটি বিশেষ অধিবেশন হওয়ায় ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম মাসিক অধিবেশন হইতে পারে নাই।

দশম মাসিক অধিবেশন—শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত "মাতৃগুপ্ত" (কবিতা) এবং শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ সাহিত্যশাস্ত্রী "ধ্যানলোক" (প্রবন্ধ)।

একাদশ মাসিক অধিবেশন—অধ্যাপক শ্রীযুক্ত অক্ষয়কুমার সরকার এম্ এ "কথা-সাহিত্যের যৎকিঞ্চিৎ" (প্রবন্ধ)।

বিশেষ অধিবেশন ব দ্বাদশ মাসিক অধিবেশন—ম্যাট্রিকুলেসন পরীক্ষার্থী ছাত্রবৃন্দের চিত্ত-বিনোদনের জন্য—শ্রীযুক্ত নগেন্দ্রলাল দাস বি এল—মহাকবি নবীনচন্দ্রের "কুরুক্ষেত্রের একাংশ" (আবৃত্তি)। শ্রীযুক্ত মহিমচন্দ্র দাস বি এল—"বিনি পয়সায় ভোজ" (আবৃত্তি)। শ্রীযুক্ত সুখেন্দুবিকাশ রায়—তানলয় সহকারে তিনটি সঙ্গীত করেন। শ্রীযুক্ত প্রভাসচন্দ্র দাস—দুইটি হাসির গান করেন। সম্পাদক কর্ত্তৃক "খাদ্যনির্ঘণ্ট" ব্যাখ্যাত হয়। স্থানীয় আর্য্য-সঙ্গীত-সমিতির সদস্য শ্রীযুক্ত রবীন্দ্রনাথ চৌধুরী সভার প্রারম্ভে ও অন্তে দুইটি সময়োপযোগী সঙ্গীত করেন।

রায় শরচ্চন্দ্র দাস সি আই ই বাহাদুরের পরলোকগমনে চট্টগ্রাম জনসাধারণের পক্ষ হইতে এক বিরাট শোকসভা আহূত হয়। বিভাগীয় কমিশনার মাননীয় কে, সি, দে আই সি এস, সি আই ই বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন। সাহিত্য-পরিষৎ-সম্পাদক কর্ত্তৃক "শরৎবাবুর জীবনী" প্রবন্ধ উক্ত সভায় পঠিত হয়।

হাটহাজারি থানার কয়েকটি গ্রাম হইতে সম্পাদক কর্ত্তৃক কয়েকখানি প্রাচীন পুথি সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে একখানি পুথি শ্রীযুক্ত মৌঃ আবদুল করিম সাহেবকে সমালোচনার জন্য প্রদত্ত হইয়াছে।

শ্রীত্রিপুরাচরণ চৌধুরী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

বর্দ্ধমান-শাখা

১৩২৩ বঙ্গাব্দের বিবরণ

বর্ষশেষে সদস্য সংখ্যা ১২৩ হইয়াছিল। এই বর্ষে মোট ৩টি অধিবেশন হয়। তন্মধ্যে ২য় অধিবেশনে শ্রীযুক্ত অবনীমোহন চট্টোপাধ্যায় মহাশয়ের "বাঙ্গালা ভাষার বাক্‌পদ্ধতি" নামক প্রবন্ধ পঠিত হয়।

শ্রীদেবেন্দ্রনাথ সরকার
শ্রীক্ষীরোদবিহারী চট্টোপাধ্যায়
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

কালনা-শাখা

সন ১৩২৩ বঙ্গাব্দের সংক্ষিপ্ত কার্য্যবিবরণ

আলোচ্য বর্ষে মাত্র ৫টি মাসিক অধিবেশন হইয়াছে। ২টি অধিবেশন উপযুক্ত সংখ্যক সভ্যের অনুপস্থিতি বশতঃ স্থগিত হয়।

মাসিক অধিবেশন,		পঠিত প্রবন্ধাদি	লেখক
১ম—১৭ আষাঢ়	১	সাহিত্য সম্বন্ধে কয়েকটি কথা	অধ্যাপক শ্রীদেবেন্দ্রনাথ স্মৃতিরত্ন
		নীরব সাধনা …	শ্রীকামিনীনাথ রায়
		'পর্ণপুট' সমালোচনা …	শ্রীবলাই দেবশর্ম্মা
	৪	ধর্ম্ম …	শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়
	৫	মহর্ষি পতঞ্জলির যোগাশ্রম	শ্রীবিভূতিভূষণ মিত্র বেদান্তভূষণ, এম্ এ
	৬	সাহিত্যে আধ্যাত্মিকতা	শ্রীনির্ম্মলপদ চট্টোপাধ্যায়
২য়—৩ অগ্রহায়ণ	৭।	ভারতের আধ্যাত্মিক বাণিজ্য	শ্রীবসন্তকুমার উপাধ্যায়
৩য়—১৭ অগ্রহায়ণ	৮।	সহজ সাধন … …	শ্রীহরিলাল মোহান্ত
	৯।	বচনানন্দের পুথি …	শ্রীবসন্তকুমার উপাধ্যায়
	১০।	বিজয়া … …	শ্রীকালিদাস বন্দ্যোপাধ্যায়
৪র্থ—১২ পৌষ	১১।	পিতা ও আচার্য্য সম্বন্ধীয় কথা …	অধ্যাপক শ্রীপার্ব্বতীচরণ স্মৃতিভূষণ
৫ম—২১ পৌষ	১২।	সহজ সাধন … …	শ্রীহরিলাল মোহান্ত
	১৩।	গঙ্গার উৎপত্তি … …	শ্রীবসন্তকুমার ওঝা
	১৪।	কাল্নার ইতিকথা …	শ্রীশশিভূষণ বন্দ্যোপাধ্যায়

গত ১৬ই মাঘ তারিখে মাননীয় শ্রীল শ্রীযুক্ত বর্দ্ধমানাধিপতি মহোদয় এবং প্রসিদ্ধ সাহিত্যিক শ্রীযুক্ত জলধর সেন মহাশয় শাখা-পরিষৎ পরিদর্শন করিয়াছিলেন। শাখা পরিষদের সংগৃহীত পুথি ও মুদ্রা দেখিয়া তাঁহারা প্রীতিলাভ করিয়া গিয়াছেন।

সভাপতি—মাননীয় শ্রীযুক্ত সুশীলকুমার গঙ্গোপাধ্যায় এম এ, মহকুমা ম্যাজিষ্ট্রেট

সহকারী সভাপতি {
মহামহোপাধ্যায় শ্রীযুক্ত কামাখ্যানাথ তর্কবাগীশ
শ্রীযুক্ত অঘোরনাথ চট্টোপাধ্যায় বি এল্ (উকীল)
পণ্ডিত ,, শশিভূষণ বন্দ্যোপাধ্যায়, "পল্লীবাসী" সম্পাদক

সম্পাদক— শ্রীযুক্ত উপেন্দ্রনাথ নাগ এল এম এস

সভার কোন নিজস্ব গৃহ নাই। কার্য্য পরিচালনায় খুবই অসুবিধা। আয় মোট ৭৪৸৴১৭॥ টাকা এবং ব্যয় ৫৮৷৫ টাকা। বর্ষশেষে ১৬৵২॥ টাকা মজুত আছে।

শ্রীগোপেন্দুভূষণ বন্দ্যোপাধ্যায়
সহকারী সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

ত্রিপুরা-শাখা

পঞ্চম বার্ষিক কার্য্যবিবরণী

বিগত বর্ষে এখন পর্য্যন্ত ৮টি অধিবেশন হইয়াছে। তন্মধ্যে চারিটিতে উপযুক্তসংখ্যক সভ্য উপস্থিত না হওয়ায় কোন কার্য্য হয় নাই। বাকী ৪টি অধিবেশনে নিম্নলিখিত ৮টি প্রবন্ধ পঠিত ও আলোচিত হইয়াছে ;—

	প্রবন্ধের নাম	লেখকের নাম
১।	সাংখ্য ও পাশ্চাত্য-দর্শন ...	শ্রীযুক্ত গিরীন্দ্রনারায়ণ মল্লিক এম এ, বি এল
২।	সৃষ্টি প্রকরণ সম্বন্ধে ব্রাহ্মণ্য ও ডারউইনের মতের সামঞ্জস্য	শ্রীযুক্ত প্রকাশচন্দ্র সিংহ ন্যায়বাগীশ
৩।	প্রাচীন ভারতে আর্য্যপ্রতিভা— ...	„ শশিভূষণ দাস, বিদ্যার্ণব
৪।	ভাস-রচিত মধ্যমব্যায়োগ—	„ অতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম এ
৫।	মাতৃপ্রেমের অভিব্যক্তি—	„ রায় সুরেশচন্দ্র সিংহ বিদ্যার্ণব
৬।	বৈদিক ও পৌরাণিক উপাখ্যানে দার্শনিক তত্ত্ব	„ শশিভূষণ দাস বিদ্যার্ণব
৭।	রঘুবংশের সমালোচনা	„ অতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায়
৮।	বৌদ্ধ যুগের পূর্ব্বে ভারতের অবস্থা ...	„ দেবেন্দ্রনাথ ঘোষ এম্ এ

সভ্য-সংখ্যা

পূর্ব্ববৎসর সভ্যসংখ্যা ৯৯ ছিল। বর্ত্তমান বর্ষে তাহা বৃদ্ধি হইয়া ১০৫ হইয়াছিল। তন্মধ্যে ৺অন্নদাচরণ দত্ত বি এসসি মহাশয় পরলোক গমন করাতে পরিষৎ একজন শিক্ষানুরাগী সভ্য হারাইয়াছেন। এখন সভ্যসংখ্যা ১০৪। আলোচ্য বর্ষের জন্য নিম্নলিখিত কর্ম্মচারিগণ নিযুক্ত হইয়াছিলেন ;—

রাজকুমার শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র দেববর্ম্মা বাহাদুর—সভাপতি।

শ্রীযুক্ত কৈলাসচন্দ্র ভট্টাচার্য্য বি এ
„ দ্বিজদাস দত্ত এম এ, এস্ আর এ সি } সহকারী সভাপতি।

„ অনুকূলচন্দ্র রায় বি এ—সম্পাদক

„ প্রকাশচন্দ্র দাস বি এল
বিধুভূষণ দত্ত বি এ
উপেন্দ্রচন্দ্র রাহা — সহকারী সম্পাদক।

পুথি-বিভাগ

এতদ্ব্যতীত ৫ জন সদস্যকে লইয়া পুথি সংগ্রহের জন্য একটি সমিতি গঠিত হইয়াছিল। গত বৎসর পর্য্যন্ত ৮১ খানা পুস্তক সংগৃহীত হইয়াছিল। এবার আরও ৪ খানা পুস্তক সংগৃহীত হইয়াছে।

প্রস্তর-মূর্ত্তি

বর্ত্তমানে বেশী প্রস্তর-মূর্ত্তি পাওয়া যায় নাই। নাসিরনগর গ্রামে অনেকগুলি মূর্ত্তি আবিষ্কৃত হয়। কিন্তু যে সকল সভ্য সেই সংবাদ জানিতে পারিয়াছিলেন, তাঁহাদের শৈথিল্যে ঐ সকল মূর্ত্তি আমরা পাইতে পারি নাই। ঢাকা মিউজিয়ামের অধ্যক্ষ শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী মহাশয় লইয়া গিয়াছেন। এতদ্ভিন্ন গত সনের কার্য্যবিবরণের লিখিত ভায়লা গ্রামের নিকটবর্ত্তী গ্রামে সুন্দর একটি বিষ্ণুমূর্ত্তি পাওয়া গিয়াছে। ফুলতলীর চতুর এক ব্রাহ্মণ যুবক তাহা নিয়া নিজ বাটীতে স্থাপিত করিয়া বেশ দুই পয়সা আয়ের পথ করিয়া লইয়াছেন। এ জন্য ঐ মূর্ত্তি আনা যাইতে পারে নাই। সম্পাদক মাত্র একটি ভগ্ন বিষ্ণুমূর্ত্তি ও একখানা তারা-মূর্ত্তি পাইয়াছেন।

অধিকাংশ টাকাই বার্ষিক অধিবেশনের সময় আদায় হয়। এ জন্য আয় ব্যয়ের কোন হিসাব দেওয়া গেল না, ইতি।

শ্রীঅনুকূলচন্দ্র রায়
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

মিরাট-শাখা

দ্বিতীয় বর্ষের সংক্ষিপ্ত কার্য্যবিবরণ

বিগত ১৮ই ভাদ্র মিরাটস্থ শ্রীশ্রী৺দুর্গাবাটীতে মিরাট শাখা-পরিষদের ১ম বার্ষিক অধিবেশন হইয়াছিল। সর্ব্বসম্মতিক্রমে শ্রীযুক্ত কালীপদ বসু বি এ মহাশয় সভাপতির আসন পরিগ্রহ করিয়াছিলেন। সভাস্থলে মিরাটপ্রবাসী বহুসংখ্যক বঙ্গীয় ভদ্র মহোদয়গণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় সম্পাদক কর্ত্তৃক শাখাপরিষদের প্রথম বার্ষিক কার্য্যবিবরণ পঠিত ও সর্ব্বসম্মতিক্রমে উহা পরিগৃহীত হইয়াছিল। তৎপরে সর্ব্বসম্মতিক্রমে শ্রীযুক্ত কালীপদ বসু বি এ শাখাপরিষদের সভাপতি, শ্রীযুক্ত হরিচরণ মুখোপাধ্যায় এম্ এ ও শ্রীযুক্ত নবকৃষ্ণ রায় বি এ সহকারী সভাপতি, শ্রীযুক্ত অতুলকৃষ্ণ মুখোপাধ্যায় বিদ্যাবিনোদ সম্পাদক, শ্রীযুক্ত কালীচরণ চট্টোপাধ্যায় বি এ, শ্রীযুক্ত নিত্যগোপাল চট্টোপাধ্যায় এম এস সি ও শ্রীযুক্ত ললিতমোহন রায় সহকারী সম্পাদক নির্ব্বাচিত হইয়াছিলেন।

আলোচ্য বর্ষে মিরাট শাখা-পরিষদের বিগত ভাদ্র (১৩২৩ বঙ্গাব্দ) মাস হইতে সাধারণ অধিবেশনে নিম্নলিখিত প্রবন্ধাদি পঠিত ও আলোচিত হইয়াছিল [১৩২৩ বঙ্গাব্দের বৈশাখ মাস হইতে আষাঢ় মাস পর্য্যন্ত অধিবেশনে পঠিত প্রবন্ধাদি শাখা-পরিষদের ১ম বর্ষের সংক্ষিপ্ত কার্য্যবিবরণীতে সন্নিবেশিত হইয়াছে।]

অধিবেশন,	তারিখ	আলোচ্য প্রবন্ধাদি	লেখক
১ম,	১৮ই ভাদ্র, ১৩২৩	হিন্দুপৌত্তলিকবাদ	শ্রীযুক্ত শরৎচন্দ্র বন্দ্যোপাধ্যায়
২য়	৮ই আশ্বিন	গীতায় বিজ্ঞান	" রাজকিশোর রায়

উক্ত অধিবেশনে সম্পাদক মহাশয় মূল-পরিষদের সভাপতি মাননীয় ডাক্তার শ্রীযুক্ত জগদীশ-চন্দ্র বসু ডি এস সি, সি আই ই, সি এস আই মহাশয়ের ২১শে ভাদ্র তারিখের সহানুভূতি-সূচক পত্র পাঠ করেন। উক্ত পত্রের মর্ম্ম অনুসারে সকলে মিলিত ভাবে কার্য্য করিয়া পরিষদের শ্রীবৃদ্ধি সাধনে যত্নবান্ হইবেন, এরূপ অভিপ্রায় প্রকাশ করিলেন এবং মাননীয় ডাক্তার শ্রীযুক্ত জগদীশচন্দ্রের পরিষদের সভাপতি-নিয়োগ সম্বন্ধে সকলে অতীব আনন্দ প্রকাশ করিলেন।

৩য় অধিবেশন, ১৯শে কার্ত্তিক, বঙ্গভাষা সম্বন্ধে যৎকিঞ্চিৎ—শ্রীললিতমোহন রায়

৪র্থ অধিবেশন, ৮ই মাঘ, শ্রীমদ্ভগবদ্গীতার রচয়িতা ও তৎকালনির্ণয়—রাজকিশোর রায়

উক্ত অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত নিত্যগোপাল চট্টোপাধ্যায় এম এস সি মহাশয় "ম্যাজিক লণ্ঠন" সহযোগে "ব্যোমযান" সম্বন্ধে বৈজ্ঞানিক প্রথায় একটি সুন্দর বক্তৃতা করেন। তাঁহার বক্তৃতায় সকলে আনন্দ প্রকাশ করেন।

শাখাপরিষদের সদস্যগণকে চাঁদা দিতে হয় না। আলোচ্য বর্ষে সম্পাদক মহাশয় প্রায় সমস্ত ব্যয়ভার বহন করিয়াছেন। শাখা-পরিষদের সদস্যগণের মধ্যে সাত জন মূল-পরিষদের সদস্য।

বর্ত্তমান যুদ্ধ উপলক্ষে সরকারী কার্য্য ব্যপদেশে প্রবাসী বাঙ্গালীদিগের মধ্যে অনেকে বিদেশে গমন করায়, অনেকে সরকারী কার্য্যে বিশেষরূপে ব্যস্ত থাকায় এবং কার্য্যকারী লোকের বিশেষরূপ অভাব হওয়াতে, মিরাট শাখা-পরিষদের উন্নতির আশা ক্রমশঃ ক্ষীণ হইয়া পড়িতেছে। বিশেষতঃ কয়েক মাস হইতে শাখা-পরিষদের সম্পাদক ও ইহার সহকারী সভাপতি, মিরাটের সমস্ত হিতকর কার্য্যের উৎসাহদাতা শ্রীযুক্ত হরিচরণ মুখোপাধ্যায় এম্ এ মহাশয়ের স্বাস্থ্য ভগ্ন হওয়াতে, শাখাপরিষদের বিশেষরূপ ক্ষতি হইতেছে। মিরাটের প্রবাসী বাঙ্গালীদিগের মধ্যে অনেক শিক্ষিত ও মান্যগণ্য ভদ্র মহোদয়গণ আছেন। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে, তাঁহারা মাতৃভাষার উন্নতিকল্পে তদ্রূপ মনোযোগী নহেন। প্রবাসী বঙ্গীয় ভদ্র মহোদয়গণ শাখা-পরিষদের উন্নতিকল্পে সাধ্যমত যত্ন ও চেষ্টা করুন, ইহাই প্রার্থনীয়।

শ্রীঅতুলকৃষ্ণ মুখোপাধ্যায়
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

নদীয়া-শাখা

১৩২৩

১৩২১ সালে শাখার সূচনা হয়। ১৩২৪ বঙ্গাব্দে শাখা বলিয়া গণ্য হয়।

পৃষ্ঠপোষক— ১। মহারাজ শ্রীযুত ক্ষৌণীশচন্দ্র রায় বাহাদুর

২। মিঃ আর এল্ গিলক্রষ্ট এম্ এ

সভাপতি— শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ রায় এম এ, বি এল্

সহকারী সভাপতি—১। শ্রীযুক্ত চন্দ্রশেখর কর বিদ্যাবিনোদ

২। " যতীন্দ্রমোহন সিংহ

৩। " বীরেশ্বর সেন

সম্পাদক— ১। শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায় এম্ এ

২। " ভবেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ

৩। " বিশ্বেশ্বর ভট্টাচার্য্য বি এ

এতদ্ব্যতীত ২১ জন সদস্য লইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইয়াছিল। আলোচ্য বর্ষে ১টি মাসিক অধিবেশন ও ৩টি কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশন হয়। মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধাদির তালিকা নিম্নে দেওয়া হইল,—

১। { ৺ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের পরলোকগমনে শোক প্রকাশ।
একান্নবর্ত্তী পরিবার—শ্রীযুক্ত ললিতকুমার চট্টোপাধ্যায় }

২। মূর্ত্তিপূজা " হেমন্তকুমার সরকার

৩। হাসি " যতীতন্দ্রনাথ সেন গুপ্ত বি ই

৪। বঙ্গে বিগ্রহসেবা (বক্তৃতা)—চন্দ্রশেখর কর বি এ

৫ বালোসা রাজার গড়—শ্রীযুক্ত প্রফুল্লকুমার সরকার বি এ

৬ গীতাঞ্জলি— " জিতেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম্ এ

৭ রবীন্দ্রনাথের কাব্য ও সাধনা—শ্রীযুক্ত ললিতকুমার চট্টোপাধ্যায় এম্ এ

বিদায় প্রবন্ধ— শ্রীযুক্ত যতীন্দ্রনাথ সেন গুপ্ত বি ই

সাহিত্য-সেবা— " পণ্ডিত বিহারীলাল তর্করত্ন

১০ ঘুমের ঘোর (কবিতা)—শ্রীযুক্ত যতীন্দ্রনাথ সেন গুপ্ত

প্রদর্শন—বাগআঁচড়ার চাঁদরায় মন্দিরের ইষ্টক ও কাঠগড়ার বালোসার রাজার গড়ের ইষ্টক—সংগ্রাহক শ্রীযুত প্রফুল্লকুমার সরকার।

আলোচ্য বর্ষে ৫২/৫ আয় ও ৫/৫ ব্যয় বাদে ৪৭৲ উদ্বৃত্ত রহিয়াছে।

শ্রীবিহারীলাল তর্করত্ন
সহকারী সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

মেদিনীপুর-শাখা

চতুর্থ বর্ষের কার্য্যবিবরণী

স্থাপন ও ক্রমবিকাশ

১৩১৮ সালে শ্রীযুক্ত চারুচন্দ্র সেন মহাশয়ের উদ্যোগে সাত জন মাত্র বন্ধুর সম্মিলিত সাহিত্যচর্চ্চার ফলে এই সহরে বক্সিবাজার "মেদিনীপুর-হিতৈষী" আফিসে ইহার প্রথম প্রতিষ্ঠা। পরে শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দাস মহাশয়ের বাটীতে ও অন্যতম পরলোকগত সদস্য ৺জগৎনারায়ণ চক্রবর্ত্তী মহাশয়ের বাটীতে এক বৎসর কার্য্য করিবার পর ও উত্তরোত্তর দলপুষ্টি হওয়ায় ক্ষুদ্র সাহিত্য-সভাটিকে স্থায়ী করিবার ইচ্ছা বলবতী হয়। তদনুসারে ইহার 'সাহিত্য-সমাজ' নামকরণ হয় এবং নিয়মাবলী বিধিবদ্ধ হয়। ইহার তৃতীয় বর্ষে আমরা বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রাণস্বরূপ স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফি মহাশয়ের স্নেহদৃষ্টি আকর্ষণ করিতে সমর্থ হই। তাঁহারই উপদেশে, উদ্যমে, যত্নে ও চেষ্টায় এখানকার লুপ্তপ্রায় শাখা-পরিষদ্‌টি আমাদের সহিত মিলিত হয় এবং তৃতীয় বার্ষিক উৎসবের কিয়দ্দিবস পূর্ব্বে আমাদের এই ক্ষুদ্র সাহিত্য-সমাজ কলিকাতার বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মেদিনীপুর শাখা-রূপে পরিগণিত হয়।

কয়েকটি বিশেষ উল্লেখযোগ্য কথা

আলোচ্য বর্ষে নাড়াজোলাধিপতি রাজা শ্রীযুক্ত নরেন্দ্রলাল খান বাহাদুর শাখা-পরিষদের স্থায়ী-মন্দির নির্ম্মাণকল্পে ইহারই পশ্চিম পার্শ্বে এক বিঘা ভূমি দান করিতে প্রতিশ্রুত হইয়াছেন।

সদস্য-সংখ্যা

গত বর্ষ		আলোচ্য বর্ষ	
সাধারণ সদস্য	৫০	সাধারণ সদস্য	৬৯
অভিভাবক সদস্য	৮	অভিভাবক সদস্য	৯
অধ্যাপক সদস্য	২	অধ্যাপক সদস্য	৫

কর্ম্মকর্ত্তাগণ

সভাপতি—রায় কৃষ্ণচন্দ্র প্রহরাজ বাহাদুর

সহকারী সভাপতি—শ্রীযুক্ত মনীষিনাথ বসু সরস্বতী, এম এ, বি এল

সম্পাদক—শ্রীক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী বি এল

সহকারী সম্পাদক { শ্রীযুক্ত চারুচন্দ্র সেন
শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দাস

গ্রন্থাধ্যক্ষগণ { শ্রীযুক্ত ভুবনচন্দ্র কাব্যতীর্থ
শ্রীযুক্ত নলিনীনাথ দে

তিনি শেষে কয়েক মাস অবসর গ্রহণ করায় তাঁহার স্থলে শ্রীযুক্ত ব্রজমাধব রায়।

সমাজ-মন্দির

আলোচ্য বর্ষে পরিষদের স্থায়ী মন্দিরের অভাবে শাখার অন্যতম অভিভাবক সদস্য উদার-চেতা শ্রীযুক্ত প্যারিমোহন ঘোষ মহাশয়ের বাটীতেই পরিষদের সাপ্তাহিক অধিবেশন ও যাবতীয় কার্য্য পরিচালিত হইয়াছিল ও এখনও হইতেছে।

অধিবেশন

গত বর্ষে		আলোচ্য বর্ষে	
মাসিক	৬	মাসিক	৬
সাপ্তাহিক	৩৮	সাপ্তাহিক	৩৬
বিশেষ	৪	বিশেষ	৫
কার্য্য-নির্ব্বাহক-সমিতি ...	৬	কার্য্য-নির্ব্বাহক-সমিতি ...	৫
		অভ্যর্থনা-সমিতি ...	৩

আমরা আনন্দ ও কৃতজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে, আমাদের বর্ত্তমান লোকপ্রিয় ম্যাজিষ্ট্রেট ও কালেক্টর মিঃ ডাব্লিউ এ মার মহোদয় আলোচ্য বর্ষে বেলীহলে আমাদের মাসিক অধিবেশন করিবার অনুমতি প্রদান করিয়াছেন। আলোচ্য বর্ষে ৫টি বিশেষ অধিবেশন হইয়াছে। তন্মধ্যে ১টি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের, ১টি মাইকেল মধুসূদনের ও ১টি ব্যোমকেশ মুস্তফি মহোদয়ের স্মৃতি উপলক্ষে হইয়াছিল।

পুস্তকাগার ও পাঠাগার

পরিষদের উন্নতিকল্পে ও বঙ্গভাষার চর্চ্চা ও তৎপ্রতি সাধারণের অনুরাগ যাহাতে বৃদ্ধিপ্রাপ্ত হয়, তজ্জন্য পরিষদের সহিত একটি পাঠাগার ও পুস্তকাগার স্থাপিত হইয়াছে। আলোচ্য বর্ষে আমরা মোট ৪০৯ পুস্তক সদস্য মহোদয়গণ ও অন্যান্য গ্রন্থকার ও প্রকাশকগণের নিকট হইতে উপহার প্রাপ্ত হইয়াছি।

পাঠাগারে নানাবিধ দৈনিক, সাপ্তাহিক ও মাসিক পত্রিকাদি সর্ব্বদা পাঠের জন্য রক্ষিত হয়। এ বিষয়ে শ্রীযুক্ত প্যারীমোহন ঘোষ, "মেদিনী-বান্ধব"-সম্পাদক, "গৃহস্থ"-সম্পাদক, শ্রীযুক্ত শরৎচন্দ্র দে, শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তী, শ্রীযুক্ত হরিদাস বন্দ্যোপাধ্যায় মহোদয়গণ পত্রিকাদি দান করিয়া আমাদের বিশেষ কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনে সভ্য প্রেরণ

প্রতি বৎসরের ন্যায়, গত ৯ম ও ১০ম অধিবেশন উপলক্ষে নিম্নলিখিত সদস্য মহোদয়গণ প্রতিনিধিরূপে প্রেরিত হইয়াছিলেন;—

১। শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী বি এল, ২। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বসু, ৩। শ্রীযুক্ত মন্মথনাথ মিত্র বি এল, ৪। শ্রীযুক্ত মোহিনীমোহন দাস বি এল, ৫। শ্রীযুক্ত ব্রজমাধব রায়, ৬। শ্রীযুক্ত ভাগবতচন্দ্র দাস বি এল, ৭। শ্রীযুক্ত যোগেশচন্দ্র সিংহ।

তৈলচিত্র স্থাপন

বর্ত্তমান বর্ষে ৺রাজনারায়ণ বসু ও শ্রীশ্রী৺সরস্বতী দেবীর দুইখানি তৈলচিত্র পরিষদে স্থাপিত হইয়াছে।

প্রত্নতত্ত্ব ও ঐতিহাসিক আখ্যায়িকা

মেদিনীপুর একটি অতি পুরাতন ইতিহাস-প্রসিদ্ধ স্থান। উপরন্তু মেদিনীপুর বৈষ্ণব-প্রধান দেশ। প্রতি গৃহস্থের ঘরে কত প্রাচীন অমূল্য বৈষ্ণব গ্রন্থাবলী কীটদষ্ট হইয়া অনাদরে অযতনে কালের কুক্ষিগত হইতেছে। পুথিগুলি সংগ্রহ ও রক্ষার উদ্দেশ্যে কয়েক জন সদস্য লইয়া একটি সমিতি গঠিত হইয়াছে। কিন্তু অর্থ ও সহানুভূতির অভাবে আমরা বিশেষ কোনও কার্য্য করিয়া উঠিতে পারি নাই। এ বৎসর আমরা ৩০খানি হস্তলিখিত পুথি সংগ্রহ করিয়াছি; তন্মধ্যে ছয়খানি উদ্ধার করা হইয়াছে। সংগৃহীত মোট পুথির সংখ্যা প্রায় শতাবধি হইবে।

আয়-ব্যয়

আলোচ্য বর্ষে পরিষদের মাসিক চাঁদা ও প্রবেশিকা ইত্যাদি হইতে সর্ব্বসমেত ১২৯৷৴১০ টাকা আয় হইয়াছে। পুস্তকাদি ক্রয়, বাঁধাই, মাসিক ও সাপ্তাহিক পত্রাদি ক্রয় এবং অন্যান্য কার্য্যে ৮৮৶২৷৷০ টাকা ব্যয়িত হইয়াছে। বাকি জমা ৪১৷৴৭৷৷ টাকা তহবিলে মজুত আছে।

শোক-প্রকাশ

জমিদার ও বহু সৎকর্ম্মের উৎসাহদাতা অবিনাশচন্দ্র মিত্র, "ক্ষত্রিয়-বান্ধব" সম্পাদক নাগেশ্বর প্রসাদ সিংহ ও পণ্ডিত ত্রিলোচন বাচস্পতি মহাশয়গণের মৃত্যুতে শাখাসভা বিশেষ ক্ষতিবোধ করিতেছেন।

শ্রীক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী
সম্পাদক।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

গৌহাটী শাখা

কর্ম্মচারিবর্গ (অষ্টম বর্ষ)

(১৩২৩ আশ্বিন হইতে)

সভাপতি—শ্রীযুত প্রসন্নচন্দ্র দাসগুপ্ত বি এ

সম্পাদক—শ্রীযুত আনন্দকিশোর দাশ এম এ, বি এস্ সি

জন সদস্য লইয়া কার্য্য-নির্ব্বাহক-সমিতি গঠিত হইয়াছিল।

পঠিত প্রবন্ধাবলী

১। ভবদর্শন (খেলা)—অধ্যাপক শ্রীযুত লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায় এম এ

২। আমেরিকার রাষ্ট্রনায়ক—অধ্যাপক শ্রীযুক্ত ভুবনমোহন সেন এম এ

৩। অণু ও পরমাণু—অধ্যাপক শ্রীসুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় এম এ

৪। নবীনচন্দ্র—কুরুক্ষেত্র—অধ্যাপক শ্রীআনন্দকিশোর দাস এম এ

৫। বর্ণ-সংমিশ্রণ ক্রমবিকাশের অনুকূল কি না—শ্রীরমেশচন্দ্র ভাদুড়ি বি এ

৬। চন্দ্রগ্রহণ—অধ্যাপক শ্রীহর্ষনাথ সেন এম এস সি

৭। আহোম রাজ্যসংক্রান্ত কতিপয় বিষয়—শ্রীযুত গোপালকৃষ্ণ দে

৮। মগধের সুঙ্গবংশ—অধ্যাপক শ্রীরমেশচন্দ্র মজুমদার এম এ

৯। পূর্ব্ববাঙ্গালার কথিত ভাষা—শ্রীনিশিকান্ত বিশ্বাস

শ্রীআনন্দকিশোর দাশ
সম্পাদক।

চিত্রশালা

১৩২৩

আলোচ্য ১৩২৩ সালে শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার এম্ এ মহাশয় চিত্রশালার অধ্যক্ষতা গ্রহণ করিয়াছিলেন। গত আশ্বিন মাস হইতে চৈত্র মাসের প্রথম সপ্তাহ পর্য্যন্ত তিনি যোগ্যতার সহিত চিত্রশালার কার্য্য পরিচালন করিয়া পদত্যাগ করায়, চৈত্র মাসের অবশিষ্ট কয়েক দিনের জন্ত কার্য্য-নির্ব্বাহক-সমিতি আমার উপর চিত্রশালার অধ্যক্ষতা প্রদান করেন। মজুমদার মহাশয় আলোচ্য বর্ষের কার্য্য-বিবরণী লিখিলে ভালই হইত এবং তাঁহার লেখাও কর্ত্তব্য ছিল। কিন্তু তিনি অকস্মাৎ পদত্যাগ করায় এবং কোন প্রকার আলোচ্য বর্ষের বার্ষিক বিবরণী লিখিয়া দিবার সুবিধা না হওয়ায় কার্য্য-নির্ব্বাহক-সমিতির আদেশে আমাকেই বার্ষিক বিবরণী লিখিতে হইতেছে।

আলোচ্য বর্ষে নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া চিত্রশালা-সমিতি গঠিত হইয়াছিল,—

১। শ্রীযুক্ত ডাঃ জগদীশচন্দ্র বসু (সভাপতি)
২। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
৩। „ কুমার শরৎকুমার রায়
৪। „ হেমচন্দ্র দাশ গুপ্ত
৫। „ রাখালদাস বন্দ্যোপাধ্যায়
৬। „ প্রফুল্লনাথ ঠাকুর
৭। „ ডাঃ বনওয়ারিলাল চৌধুরী

৮। শ্রীযুক্ত পূরণচাঁদ নাহার

৯। „ যতীন্দ্রমোহন রায়

*১০। „ রমাপ্রসাদ চন্দ

১১। „ নগেন্দ্রনাথ বসু (চৈত্র মাসের ২য় সপ্তাহ হইতে চিত্রশালাধ্যক্ষ)

*১২। „ সুরেন্দ্রনাথ কুমার

*১৩। „ রমেশচন্দ্র মজুমদার (চিত্রশালাধ্যক্ষ,আশ্বিন হইতে চৈত্রের ১ম সপ্তাহ)

* চিহ্নিত ব্যক্তিগণ চৈত্রের ১ম সপ্তাহে পদত্যাগ করায় তাঁহাদের স্থানে

১৪। মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ

১৫। শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ

আলোচ্য বর্ষে চিত্রশালা-সমিতির চারি বার অধিবেশন এবং তাহাতে অনেক প্রয়োজনীয় বিষয়ের আলোচনা হইয়াছিল। তন্মধ্যে কয়েকটি বিষয় এখানে উল্লেখযোগ্য।

১। মুদ্রা রাখিবার জন্য একটি লৌহ সিন্দুক ও অন্যান্য দ্রব্য খরিদের ব্যবস্থা।

২। চিত্রশালার আনুপূর্ব্বিক তালিকা প্রস্তুতের ব্যবস্থা।

৩। প্রাচীন চিত্রগুলি রক্ষণের ব্যবস্থা।

৪। চিত্রশালার নিয়ম গঠন।

উক্ত কয়েকটি বিষয়ের মধ্যে ২২৫৲ টাকা মূল্যে একটি লোহার সিন্দুক খরিদ করা হইয়াছে। তিব্বতীয় প্রাচীন চিত্র ও জয়পুরের চিত্র মেরামতের জন্য শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের উপর ভার দেওয়া হইয়াছে। চিত্রশালা সম্বন্ধে যাহা ব্যয় হইয়াছে, নিম্নে তাহার হিসাব দেওয়া হইল।

(১) ২২৫৲ টাকা মূল্যে একটি লোহার সিন্দুক খরিদ হইয়াছে। মূল্য মধ্যে ৫০৲ টাকা দেওয়া হইয়াছে।

(২) মুদ্রা খরিদ—৩৲

(৩) র‍্যাক্ প্রস্তুত জন্য ৫১৲ হাওলাত শোধ হইয়াছে

(৪) বিবিধ মূর্ত্তি আনা প্রভৃতি খরচ বাবত ২৪৴০

মোট ১২৮৴০

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পরিষদের সদস্য ও হিতৈষী বন্ধুবর্গের নিকট হইতে চিত্রশালার জন্য অনেকগুলি উপহার পাওয়া গিয়াছে, তন্মধ্যে কয়েকটি এখানে বিশেষভাবে উল্লিখিত হইল।

উপহৃত দ্রব্য	প্রদাতার নাম
১ খানি অতি প্রাচীন কারুকার্য্যবিশিষ্ট ইষ্টক	শ্রীযুক্ত রাখালরাজ রায়
৩ টি সুবর্ণমুদ্রা	মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর
২ খানি প্রাচীন ইষ্টক	শ্রীযুক্ত গুরুদাস সরকার
১ টী প্রস্তর-চৈত্য	„ রাখালরাজ রায়

উপহৃত দ্রব্য	উপহারদাতা
১ মথুরার কঙ্কালী টিলা হইতে আনীত বৌদ্ধযুগের ভগ্ন হস্ত	
১ ,, আবিষ্কৃত বৌদ্ধবিহার হইতে আনীত গোমুণ্ড	
১ ,, মাঠগ্রাম হইতে সংগৃহীত বৌদ্ধ নারীমুণ্ড	দত্ত
১ মানসিংহ-নির্ম্মিত গোবিন্দদেবের মন্দিরের প্রস্তর-পদ্ম	
১ ভরতপুরের পাথরের খোদাই প্রস্তর ৪খানি	
১ গোবর্দ্ধন-শিলা	
২ টি ক্ষুদ্র প্রস্তর-মূর্ত্তি	শ্রীযুক্ত পঞ্চানন ভট্টাচার্য্য
১ টি প্রস্তরের সূর্য্যমূর্ত্তি	,, কুমার সরোজেন্দ্রকৃষ্ণ দেব বাহাদুর
১ টি ,, সদাশিবমূর্ত্তি	
মুদ্রা—১ পিতল, ১ রৌপ্য, ১১ তাম্র	,, সরোজকুমার নাগ চৌধুরী
৩ টি তাম্রমুদ্রা	,, নগেন্দ্রনাথ ঘোষ
১৭ টি মুদ্রা—(রাজগীর হইতে ক্রীত)	
১ টি রৌপ্যমুদ্রা	,, রায় যতীন্দ্রনাথ চৌধুরী

আলোচ্য বর্ষে সংগৃহীত মুদ্রার তালিকা ভূতপূর্ব্ব চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার মহাশয়ের নিকট থাকায় সে সম্বন্ধে এখানে কিছু বলা হইল না।

যে সকল মহাত্মা চিত্রশালার পুষ্টিবিধানকল্পে নানাপ্রকারে সাহায্য করিয়াছেন, পরিষদের পক্ষ হইতে তাঁহাদের প্রত্যেককে ধন্যবাদ জ্ঞাপন এবং তাঁহাদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি।

শ্রীনগেন্দ্রনাথ বসু

৪ঠা বৈশাখ, ১৩২৩ চিত্রশালাধ্যক্ষ

পুথিশালা

১৩২২ বঙ্গাব্দ

১৩২২ সালের প্রারম্ভে হস্তলিখিত প্রাচীন পুথির সংখ্যা ৩০৯০ ছিল। তৎপরে পরিষদের হিতৈষী বন্ধুগণের নিকট হইতে ২০২ খানি পুথি উপহার পাওয়া গিয়াছে এবং পাঁচখানি ক্রীত হইয়াছে। উপহারপ্রাপ্ত পুঁথির মধ্যে শ্রীযুক্তা রাণী ভুবনমোহিনী মিত্রজায়া মহোদয়া প্রদত্ত ৪২ খানির (অধিকাংশই সংস্কৃত) কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। এগুলি স্বর্গীয় রাজা রাজেন্দ্রলাল মিত্র সি আই ই, এল্ এল্ ডি মহোদয় কর্ত্তৃক সংগৃহীত এবং এ যাবৎ তাঁহারই ভবনে রক্ষিত ছিল। শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী, শ্রীযুক্ত রামকমল সিংহ, শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত, শ্রীযুক্ত পঞ্চানন ভট্টাচার্য্য, শ্রীযুক্ত ব্রহ্মচারী গণেন্দ্রনাথ, শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রভৃতি মহোদয়গণ ১৬০ খানি পুথি উপহার দিয়াছেন। বর্ষশেষে পুথির সংখ্যা ৩২৯৭ হইয়াছে।

বাঙ্গালা পুথি	২১১৫
সংস্কৃত "	৯২৪
অসমীয়া "	১
হিন্দী "	২
পার্শী "	১২
তিব্বতীয় "	২৩৭
ইংরাজি "	১
	৩২৯২

তিন শত পুথি তালিকাভুক্ত হইয়াছে এবং দুই শত তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়াছে। দুই শতখানিতে পুথি ও রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্রসংখ্যাদিযুক্ত বিজক দেওয়া হইয়াছে। অনিবার্য্য কারণে পুথিশালার কার্য্য তিন মাস কাল বন্ধ রাখিতে হইয়াছিল এবং প্রধানতঃ সেই জন্যই বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণযুক্ত তালিকার কাজ আশানুরূপ অগ্রসর হয় নাই।

আলোচ্য বর্ষে সংগৃহীত পুথির মধ্য হইতে উল্লেখযোগ্য কএকখানির নাম নিম্নে প্রদত্ত হইল।

১ মহাভাগবতোপাখ্যান নাটক
২ বিদ্যাবিলাপ নাটক
৩ মাধবানলকামকন্দলা
৪ রামচরিত্র নাটক
৫ তালানুকরণ

পুথিগুলি নাটক নামে পরিচিত (অবশ্য প্রচলিত কাব্যশাস্ত্রের অনুমোদিত নহে)। উহাতে রণাজং মল্লের ভণিতাযুক্ত বহু পদের সমাবেশ আছে। ভাষা বাঙ্গালা এবং অক্ষর নেওয়ারী। প্রাপ্তিস্থান নেপাল। সম্ভবতঃ উপরিলিখিত গ্রন্থসমূহ এই শ্রেণীর পুথির প্রাচীনতম নিদর্শন।

শ্রীবসন্তরঞ্জন রায়
পুথিরক্ষক।

১৩২৩ বঙ্গাব্দ

১৩২৩ সালের প্রারম্ভে হস্তলিখিত প্রাচীন পুথির সংখ্যা ৩২৯২ ছিল। তৎপরে পরিষদের হিতৈষী বন্ধুগণের নিকট হইতে ২৩খানি পুথি উপহার পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৭ খানি শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ মহাশয়ের প্রদত্ত। পূর্ব্বসঞ্চিত পুথির রাশি হইতে বিচ্ছিন্ন পাতা মিলাইয়া ৩৫০ পুথির উদ্ধার করা হইয়াছে। বর্ষশেষে পুথির সংখ্যা ৩৬৬৫ হইয়াছে।

বাঙ্গালা পুথি	২৩৫১
সংস্কৃত "	১০৬১
অসমীয়া "	১
হিন্দী "	২

পার্শী পুথি	১২
তিব্বতীয় „	২৩৭
ইংরাজি „	১
	৩৬৬৫

চারি শত পুথি তালিকাভুক্ত হইয়াছে এবং ১৩৭ তালিকাভুক্ত হইবার উপযুক্ত হইয়াছে। তিন শত খানিতে পুথি ও রচয়িতার নাম, প্রতিলিপির তারিখ, পত্রসংখ্যাদিযুক্ত বিজক দেওয়া হইয়াছে।

গত ১৩২২ সালে স্বর্গীয় ব্যোমকেশ বাবু এবং ছাত্রাধ্যক্ষ মহাশয়ের উদ্যোগে পুথিশালার সম্পর্কে একটি শ্রেণী খোলা হইয়াছিল। উহাতে ছাত্র-সভ্যদিগকে পুথিশালার কাজ, প্রাচীন বাঙ্গালা বর্ণমালা ও ভাষা সম্বন্ধে শিক্ষা দিবার ব্যবস্থা ছিল। প্রতি সপ্তাহে দুই দিন ক্লাস করা হইত। কিন্তু ছাত্র সভ্যগণের অনুপস্থিতি ইত্যাদি কারণে পরে উহা উঠিয়া যায়।

শ্রীবসন্তরঞ্জন রায়।

ছাত্র-সভা

১৩২৩

আলোচ্য বর্ষে ছাত্র-সভ্যের সংখ্যা ৪৯। অধ্যাপক শ্রীযুক্ত কালিদাস নাগ এম্ এ মহাশয় এ বৎসরের জন্য ছাত্রাধ্যক্ষ-পদে নিযুক্ত হন। শ্রীযুক্ত শরৎচন্দ্র দেব বি এ ও শ্রীযুক্ত উপেন্দ্রনাথ ভদ্র মহাশয়দ্বয় ছাত্রসভার সহকারী সম্পাদকের কার্য্য করেন। আলোচ্য বর্ষে ছাত্রসভার মাত্র তিনটি অধিবেশন হইয়াছিল।

প্রথম অধিবেশনের তারিখ ২রা মাঘ, ১৩২৩ বঙ্গাব্দ। ঐ অধিবেশনে ছাত্রাধ্যক্ষ মহাশয় নবাগত ছাত্রগণকে আহ্বান পূর্ব্বক ছাত্রসভার উদ্দেশ্য ও দায়িত্ব বিশেষ ভাবে তাঁহাদিগকে বুঝাইয়া দেন। ছাত্রসভ্যগণ সভার কার্য্য-প্রণালী সম্বন্ধে আলোচনা উত্থাপন করেন। ফলে নিম্নলিখিত তিনটি মন্তব্য সভাকর্ত্তৃক গৃহীত হয়।

১। মাতৃভাষার সেবা করিবার অধিকার ও সুযোগ প্রদানের জন্য ছাত্রসভা সাহিত্য-পরিষৎকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

২। ছাত্রসভ্যগণ যাহাতে পরিষদের সহিত একান্তভাবে মিলিত হন, তাহার জন্য পরিষদের পুস্তকাগার, চিত্রশালা প্রভৃতি ছাত্রগণের কার্য্যোপযোগী কতিপয় ব্যবস্থা করিতে কার্য্যনির্ব্বাহক-সমিতিতে আবেদন করিতেছেন।

৩। সর্ব্ববিধ আলোচনা ও গবেষণায় ছাত্রদিগের অধিকার থাকিবে, কিন্তু প্রত্যেক আলোচনা, প্রসঙ্গ ও প্রবন্ধ বাঙ্গালা ভাষায় হইবে।

অতঃপর ২৪শে মাঘ তারিখে ইহার দ্বিতীয় অধিবেশন হয়। ছাত্রাধ্যক্ষ মহাশয় সভাপতির কার্য্য করিয়াছিলেন। এই অধিবেশনের আলোচ্য বিষয় ছিল,—(১) গত বারের অধিবেশনে যাহারা উপস্থিত ছিলেন না, তাঁহাদিগকে এই ছাত্রমণ্ডলী গঠনের প্রয়োজনীয়তা সম্বন্ধে জ্ঞাপন

করা। (২) এই অধিবেশনে যে সমস্ত পুরাতন ছাত্রসভ্য উপস্থিত ছিলেন, তাঁহাদিগের নিকট হইতে অন্যান্য বৎসরের কার্য্যবিবরণী অবগত হওয়া। (৩) কি উপায়ে ছাত্রসভ্যগণ পরিষদের সহায়তায় বঙ্গভাষার উন্নতিকল্পে যত্নবান্ হইতে পারেন, তৎসম্বন্ধে আলোচনা।

এই অধিবেশনে স্থির হইল, আপাততঃ প্রতি সপ্তাহে একবার করিয়া এই সভার অধিবেশন হইবে। ছাত্রাধ্যক্ষ মহাশয় বিশিষ্ট জ্ঞানবৃদ্ধগণের সহায়তা পাইবার জন্য যত্নবান্ হইবেন। ছাত্রসভায় পঠিত প্রবন্ধাদি মুদ্রণের ব্যবস্থা করা হইবে।

স্থির হইল যে, নিম্নলিখিত বিষয়ে সম্প্রতি নিম্নলিখিত সভ্যগণ আলোচনা করিবেন,—

(ক) বৈজ্ঞানিক পরিভাষা সংগ্রহ— — শ্রীযুক্ত প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়
„ সুধেন্দুমোহন ঘোষ
„ নির্ম্মলচন্দ্র গুপ্ত

(খ) জনসংখ্যা সংগ্রহ ও তৎসম্পর্কীয় সমাজতত্ত্ব ও নৃ-তত্ত্ব সম্বন্ধে আলোচনা ... ... „ প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়
„ শিশিরকুমার সেন

(গ) স্বাস্থ্যনীতি ও চিকিৎসা সম্বন্ধে „ সন্তোষকুমার মুখোপাধ্যায়

(ঘ) পত্রিকাদি হইতে কোনও বিশেষ প্রবন্ধাদির নির্ঘণ্ট প্রস্তুত করণ— „ সন্তোষকুমার ঘোষ
„ নরেন্দ্রনাথ দাস গুপ্ত
„ হরিহর চন্দ্র

৪ঠা ফাল্গুন তারিখে এই সভার তৃতীয় অধিবেশন সুসম্পন্ন হয়। এই অধিবেশনে শ্রীযুক্ত রমেশচন্দ্র মজুমদার এম্ এ মহাশয় প্রাচীন ভারতের মুদ্রা সম্বন্ধে আলোচনা করেন। তিনি কয়েকটি প্রাচীন মুদ্রা প্রদর্শন করিয়া মুদ্রাতত্ত্বের ইতিহাস ও প্রয়োজনীয়তা ছাত্রদিগকে বিশেষ করিয়া বুঝাইয়া দেন। অতঃপর এই সভার আর কোনও অধিবেশন হয় নাই। ছাত্রাধ্যক্ষ মহাশয় চৈত্র মাসের প্রথমেই ছাত্রাধ্যক্ষের পদ পরিত্যাগ করায় বর্ত্তমান ছাত্রাধ্যক্ষ ঐ পদে নিযুক্ত হন।

শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ
ছাত্রাধ্যক্ষ।

১৩২৩ বঙ্গাব্দের পরিষদ্ গ্রন্থাগারের কার্য্যবিবরণ

১৩২৩ বঙ্গাব্দে ২৪০খানি বাঙ্গালা পুস্তক, ২০৫খানি ইংরাজী পুস্তক, ১৩ খানি সংস্কৃত পুস্তক ও ১৩১খানি বিবিধ ভাষায় লিখিত পুস্তক সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে ২৩১খানি বাঙ্গালা, ২০৪খানি ইংরাজী, ৯খানি সংস্কৃত ও ১৩১খানি বিবিধ ভাষায় লিখিত পুস্তক উপহার-

স্বরূপ পাওয়া গিয়াছে। অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় অযাচিতভাবে গ্রন্থকার ও পুস্তক প্রকাশকদিগের নিকট হইতে পরিষদের জন্য বহু গ্রন্থ সংগ্রহ করিয়া দেওয়ায় তাঁহাকে বিশেষভাবে ধন্যবাদ দিতেছি। পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ মহাশয় জার্ম্মাণ, গ্রীক ও ল্যাটিন প্রভৃতি বিবিধ ভাষায় লিখিত ১১১খানি পুস্তক পরিষদের গ্রন্থাগারে উপহার দেওয়ার জন্য তাঁহাকেও বিশেষভাবে ধন্যবাদ দিতেছি।

আলোচ্য বর্ষে সাময়িক পত্রমধ্যে ৬খানি দৈনিক, ৪৮ খানি সাপ্তাহিক, ৫খানি পাক্ষিক, ১০০খানি মাসিক, ২খানি দ্বৈমাসিক ও একখানি ত্রৈমাসিক পত্র সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত হওয়া গিয়াছে। এতদ্ভিন্ন কলিকাতা ও ইণ্ডিয়া গেজেট গবর্ণমেণ্টের নিকট হইতে নিয়মিত ভাবে পাওয়া গিয়াছে। [সাময়িক পত্রিকার তালিকা পরে দ্রষ্টব্য]।

আলোচ্য বর্ষে মার্কিণ দেশস্থ Smithsonion Institution হইতে ২৪খানি ইংরাজী পুস্তক ও পুস্তিকা উপহার প্রাপ্ত হওয়া গিয়াছে। এই সকল প্রয়োজনীয় বৈজ্ঞানিক পুস্তকগুলি পরিষদের সদস্যগণ পাঠ করিবার সুবিধা পাইতেছেন, তজ্জন্য আমরা শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয়ের নিকট বিশেষভাবে ঋণী।

আলোচ্য বর্ষে তিনটি নূতন আলমারী প্রস্তুত হইয়াছে। পাইকপাড়ার কুমার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর দুইটিমাত্র আলমারীর মূল্য দিতে প্রতিশ্রুত থাকিলেও তিনি অনুগ্রহপূর্ব্বক তিনটি আলমারী প্রস্তুতের ব্যয়ভার বহন করিয়া পরিষৎকে চিরকৃতজ্ঞতা-পাশে বদ্ধ করিয়াছেন। আশা করি, কুমার বাহাদুরের এই প্রকার কৃপাদৃষ্টি হইতে পরিষৎ বঞ্চিত হইবেন না।

গত বৎসরের ন্যায় এ বৎসরও পরিষদ্‌গ্রন্থাগারের উন্নতিকল্পে কলিকাতা মিউনিসিপ্যালিটি ৫২৫৲ টাকা দান করিয়াছেন।

বর্ত্তমান বর্ষের প্রারম্ভে উপন্যাস-তালিকার মুদ্রণ শেষ হয়। অতঃপর কবিতা পুস্তকের তালিকা ছাপা আরম্ভ হইয়া বর্ষশেষে শেষ হইয়াছে। প্রধানতঃ কাগজের দুর্ম্মূল্যতা হেতু পুস্তকতালিকা ছাপার কার্য্য তত অগ্রসর হয় নাই। আশা করা যায়, আগামী বৎসর পুস্তকতালিকার অন্যান্য অংশ শীঘ্র ছাপার ব্যবস্থা করা যাইবে। আলোচ্য বর্ষের শেষে বেঙ্গল লাইব্রেরী হইতে প্রাপ্ত পুস্তকগুলির বাছাই ও বিষয়ানুসারিণী তালিকা প্রস্তুত-কার্য্য আরম্ভ হইয়াছে। গবর্ণমেণ্ট হইতে প্রাপ্ত রিপোর্ট প্রভৃতির বিস্তৃত তালিকা প্রস্তুত-কার্য্য এই বৎসর আরম্ভ হইয়া অনেক অগ্রসর হইয়াছে।

আলোচ্য বর্ষে গ্রন্থাগারের একমাত্র কর্ম্মচারী শ্রীযুক্ত নলিনীকান্ত চট্টোপাধ্যায় মহাশয় অত্যন্ত কামাই করেন এবং তাহাতে গ্রন্থাগারের কার্য্যের নানা অসুবিধা হয়। পরে বিনা নোটিশে বহু দিন কামাই করায় তাঁহাকে পদচ্যুত করিয়া তাঁহার স্থানে পরিষদের অন্যতম কর্ম্মচারী শ্রীযুক্ত ভোলানাথ কোঁচ মহাশয়কে ঐ কার্য্যে ভাদ্র মাসে নিযুক্ত করা হয়।

আলোচ্য বর্ষে ভারতবর্ষীয় বিভিন্ন গবর্ণমেণ্টের নিকট পত্র লিখিয়া বহু প্রয়োজনীয় পুস্তক সংগ্রহ করা হইয়াছে। নূতন পুস্তক প্রকাশের সংবাদ পাইলেই গ্রন্থকার বা প্রকাশকদিগকে

যথারীতি ঐ পুস্তকের এক খণ্ড উপহার দিবার জন্য পত্র দেওয়া হইয়াছে; ফলে অনেকেই অনুগ্রহপূর্ব্বক তাঁহাদের পুস্তকের এক এক খণ্ড উপহার দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। এই বৎসর কলিকাতার যাবতীয় পুস্তকালয়ের স্বত্বাধিকারীদিগকে নিমন্ত্রণ করিয়া কি ভাবে সাহিত্য-পরিষদে বাঙ্গালা ভাষায় প্রকাশিত প্রত্যেক পুস্তকের এক খণ্ড বিনা মূল্যে পাওয়া যায়, তাহা স্থির করিবার জন্য এক সভা আহ্বান করা হইয়াছিল, কিন্তু উহাতে আশানুরূপ ফল হয় নাই। পরে কলিকাতার বুক সেলার্স য়্যাসোসিয়েসনে এই সম্বন্ধে সাহিত্য-পরিষদের পক্ষ হইতে এক দরখাস্ত করা হইয়াছে; কিন্তু এখনও তাহার কোন উত্তর পাই নাই।

আলোচ্য বর্ষে পরিষদের পাঠাগার সর্ব্বসাধারণের জন্য বেলা ২টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত উন্মুক্ত ছিল এবং সদস্যগণের পুস্তক লইয়া যাইবার জন্য সন্ধ্যা ৬টা হইতে ৭টা পর্য্যন্ত সময় নির্দ্দিষ্ট ছিল। সদস্যগণের সুবিধার জন্য আগামী বৎসর হইতে এই সময় বাড়াইয়া সন্ধ্যা ৬টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত করা হইল। আলোচ্য বর্ষে (১৫ই শ্রাবণের পর হইতে) পুস্তকালয়-সমিতির চারিটি অধিবেশন ও উক্ত সমিতির শাখার দুইটি বৈঠক হইয়াছিল। এই সকল সভায় উপস্থিত হইয়া যাঁহারা গ্রন্থাগারের উন্নতিকল্পে নানা বিষয়ে আমাকে উপদেশ দিয়া সাহায্য করিয়াছেন, তাঁহাদিগকে আমার আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

শ্রীপ্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
গ্রন্থাধ্যক্ষ।

সাহিত্য-পরিষৎ-পত্রিকার বিনিময়ে প্রাপ্ত সাময়িক পত্রাদি

দৈনিক ;—

১। The Amrita Bazar Patrika.
২। The Bengalee.
৩। The Cal~~tta Exchange Gazette.
৪। The Herald.
৫। The Indian Mirror.
৬। নায়ক

সাপ্তাহিক ;—

১। The Hindoo Patriot.
২। The World and the New Dispensation
The Mussalman.
The Telegraph.
আনন্দবাজার পত্রিকা
এডুকেশন গেজেট
কাশীপুরনিবাসী
৮ খুলনাবাসী
৯ গৌড়দূত
১০ ২৪ পরগণা বার্ত্তাবহ
১১ চারুমিহির
১২ চুঁচুড়া বার্ত্তাবহ
১৩ জাগরণ
১৪। জয়দগুহারবার-হিতৈষী

১৫। ঢাকাপ্রকাশ
১৬। ত্রিপুরাহিতৈষী
১৭। দর্শক
১৮। নীহার
১৯। নোয়াখালি সম্মিলনী
২০। পল্লীবার্ত্তা
২১। পল্লীবাসী
২২। পুরুলিয়া-দর্পণ
২৩। প্রসূন
২৪। বঙ্গবাসী
২৫। বঙ্গরত্ন
২৬। বরিশাল-হিতৈষী
২৭। বর্দ্ধমান-সঞ্জীবনী
২৮। বসুমতী
২৯। বাঁকুড়া-দর্পণ
৩০। বার্ত্তাবহ
৩১। বিশ্ববার্ত্তা
৩২। বীরভূমবার্ত্তা
৩৩। বীরভূমবাসী
৩৪। মালদহ-সমাচার
৩৫। মেদিনীপুর-হিতৈষী
৩৬। মেদিনীবান্ধব
৩৭। মোহাম্মদী
৩৮। যশোহর
৩৯। রঙ্গপুর-দিক্-প্রকাশ
৪০। রত্নাকর
৪১। শিক্ষাসমাচার
৪২। সঞ্জয়
৪৩। সঞ্জীবনী
৪৪। সময়
৪৫। সুরমা
৪৬। সুরাজ
৪৭। হিতবাদী
৪৮। হিন্দু রঞ্জিকা

পাক্ষিক,—

১। The Collegian.
২। Manbhum.
৩। তত্ত্বকৌমুদী
৪। ধর্ম্মতত্ত্ব
৫। সম্মিলনী

মাসিক পত্রিকা ;—

১। Calcutta Medical Journal.
২। Calcutta University Magazine.
৩। Central Hindu College Magazine.
৪। Industry.
৫। Indian Emigrant.
৬। Fraternity.
৭। Presidency College Magazine.
৮। Rajshahi College Magazine.
৯। Ripon College Magazine.
১০। St. Columbas College Magazine
১১। Vedanta Kesari.
১২। Journal of the North China Branch of the Royal Asiatic Society.
১৩। Journal and Proceedings of the Asiatic Society of Bengal
১৪। The Arya.
১৫। The Mahamandal Magazine.
১৬। The Hindusthanee Student.
১৭। Indian Medical Record.
১৮। অর্ঘ্য

১৯। অর্চ্চনা
২০। অনাথবন্ধু
২১। অবসর
২২। আয়ুর্ব্বেদ বিকাশ
২৩। আর্য্যপ্রভা (সংস্কৃত)
২৪। আল্-এস্লাম্
২৫। আলোচনা
২৬। উৎসব
২৭। উদ্বোধন
২৮। উপাসনা
২৯। কাজের লোক
৩০। কায়স্থ-পত্রিকা
৩১। কুশদহ
৩২। কৃষক
৩৩। কৃষি-সম্পদ্
৩৪। গৃহস্থ
৩৫। চিকিৎসা-প্রকাশ
৩৬। জগজ্জ্যোতিঃ
৩৭। জন্মভূমি
৩৮। ঢাকা রিভিউ ও সম্মিলনী
৩৯। তত্ত্ববোধিনী পত্রিকা
৪০। তত্ত্বমঞ্জরী
৪১। তাম্বুলী পত্রিকা
৪২। তাম্বুলী-সমাজ
৪৩। তোষিণী
৪৪। ত্রিশূল
৪৫। দিনাজপুর পত্রিকা
৪৬। ধন্বন্তরী
৪৭। নমঃশূদ্রহিতৈষী
৪৮। নব্যভারত
৪৯। নাগরীপ্রচারিণী পত্রিকা (হিন্দী)
৫০। নারায়ণ
৫১। নৈবেদ্য
৫২। পন্থা
৫৩। পরিচারিকা
৫৪। প্রজাপতি
৫৫। প্রতিভা
৫৬। প্রবাসী
৫৭। বসুধা
৫৮। বামাবোধিনী পত্রিকা
৫৯। বালক
৬০। বাঁশরী
৬১। বাঁহী (আসামী)
৬২। বিক্রমপুর
৬৩। বিজ্ঞান
৬৪। বিদ্যোদয় (সংস্কৃত)
৬৫। বৈদ্যসঞ্জীবনী
৬৬। বৈশ্য-পত্রিকা
৬৭। বৈষ্ণব-সর্ব্বস্ব (হিন্দী)
৬৮। বৌদ্ধ-বন্ধু
৬৯। ব্রহ্মবাদী
৭০। ব্রহ্মবিদ্যা
৭১। ব্রাহ্মণসমাজ
৭২। ভক্তি
৭৩। ভারতবর্ষ
৭৪। ভারত-মহিলা
৭৫। ভারতী
৭৬। মহিলা
৭৭। মানসী ও মর্ম্মবাণী
৭৮। মালঞ্চ
৭৯। মাহিষ্যসমাজ
৮০। যমুনা
৮১। যুবক
৮২। যোগবল
৮৩। যোগিসখা
৮৪। লক্ষ্মী (হিন্দী)

৮৫। শারদা (সংস্কৃত)
৮৬। শাশ্বতী
৮৭। শিল্প ও সাহিত্য
৮৮। শ্রীশ্রীনিত্যধর্ম্ম
৮৯। শ্রীভূমি
৯০। সচিত্র সাধন-বিজ্ঞান
৯১। সন্দেশ
৯২। সম্মিলনী
৯৩। সম্মেলন পত্রিকা (হিন্দী)
৯৪। সরস্বতী (হিন্দী)
৯৫। সাহিত্য-সংবাদ
৯৭। সেবক
৯৮। সৌরভ
৯৯। স্বাস্থ্য-সম
১০০। হিন্দু-সখা

দ্বৈমাসিক ;--

১। গম্ভীরা
২। ছাত্র রঞ্জন

ত্রৈমাসি. ;

১। রঙ্গপুর-সাহিত্য- ষৎ-পত্রিকা

লালগোলার রাজা রাও শ্রীযুক্ত যো ন্দ্রনারায়ণ রায় বাহাদুর প্রদত্ত অর্থে গ্রন্থপ্রকাশের সর্ত্ত ও নিয়মাবলী

১। মৎপ্রদত্ত অর্থ পরিষদের স্থায়ী তহবিলের অন্তর্ভূক্ত হইবে ও লালগোলা-তহবিল নামে উহার পৃথক্ হিসাব থাকিবে।

২। তহবিলের মূলধন কোনরূপে বা কোন কারণে ব্যয় করা হইবে না। অন্যূন শতকরা ৪৲ টাকা বার্ষিক সুদে মিউনিসিপাল বা পোর্ট ট্রাষ্ট ডিবেঞ্চার খরিদ করিয়া বা বেঙ্গল ব্যাঙ্কের ঐরূপ সুদে উহা গচ্ছিত রাখা হইবে।

৩। অন্যূন এক শত বৎসরের প্রাচীন বাঙ্গালা গ্রন্থ ঐ সুদের অর্থ হইতে মুদ্রিত ও প্রচারিত হইবে। গ্রন্থ সম্পাদনের ও মুদ্রণের ব্যয় ব্যতীত গ্রন্থ ক্রয় বা বিতরণ বা প্রচার জন্য কোন ব্যয় ঐ তহবিল হইতে লওয়া হইবে না।

৪। গ্রন্থ বিক্রয়ের জন্য পরিষৎ উচিত মত ব্যবস্থা করিবেন এবং বিক্রয়লব্ধ অর্থ তহবিলে জমা হইবে।

৫। পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতি যথাসময়ে মুদ্রণের উপযুক্ত গ্রন্থ নির্ব্বাচন করিবেন ও নিম্ন ধারানুসারে উহা অনুমোদিত হইলে উহা সম্পাদনের ও মুদ্রণের ব্যবস্থা করিবেন। গ্রন্থের মূল্যাদিও নির্দ্দিষ্ট করিয়া দিবেন।

৬। নির্ব্বাচিত গ্রন্থের নাম এবং আবশ্যক হইলে তাহার পাণ্ডুলিপি সমস্ত বা কিয়দংশ আমার নিকট অথবা আমার নির্ব্বাচিত .... নিকট অনুমোদনের জন্য পাঠাইতে হইবে। তিনি অনুমোদন না করিলে উহা মুদ্রিত হইবে না ; তৎপরিবর্ত্তে অন্য গ্রন্থ নির্ব্বাচন করিতে হইবে।

৭। মুদ্রিত গ্রন্থের মধ্যে ২৫ খণ্ড পরিষৎ আমাকে বা আমার নির্ব্বাচিত ব্যক্তিকে বিনা মূল্যে দিবেন এবং পাঁচ খণ্ড পরিষৎ নিজের লাইব্রেরীর জন্য গ্রহণ করিবেন। অবশিষ্ট সমস্ত পুস্তক নির্দ্দিষ্ট মূল্যে বিক্রয় হইবে।

৮। প্রতি বৎসরের শেষে এই তহবিলের হিসাব ও এই তহবিলের ব্যয়ে প্রকাশিত গ্রন্থের বিক্রয়ের হিসাব আমার বা আমার নির্ব্বাচিত······নিকট পাঠাইতে হইবে।

৯। সম্প্রতি আমি প্রতি বৎসর পরিষৎকে যে পৃথক অর্থ সাহায্য করিয়া থাকি, তাহাও এই তহবিলে ভুক্ত হইবে এবং তাহার হিসাবও উক্ত রূপে রাখা হইবে। যত দিন আমি ঐ বার্ষিক সাহায্য দান করিব, তত দিন এই তহবিলের অনুযায়ী ঐরূপ নিয়ম চলিবে। এই হিসাব পরিষদের বার্ষিক কার্য্যবিবরণীতে মুদ্রিত হইবে।

১০। এই সকল নিয়ম পালনে যদি পরিষৎ অসমর্থ হন বা যদি কোন কারণে পরিষৎ লুপ্ত হয়, তাহা হইলে এই মূলধনের টাকা আমার স্থলাভিষিক্তেরা ফেরত পাইবেন।

১১। উক্ত নিয়মগুলি প্রতি বৎসর সাহিত্য-পরিষদের পত্রিকা মধ্যে বা কার্য্যবিবরণমধ্যে মুদ্রিত হইবে।

রাজা বাহাদুরের ৫ই আগস্ট ১৯১৪ তারিখের পত্রের মর্ম্ম—"ষষ্ঠ সর্ত্তে প্রকাশার্থ পুস্তকের পাণ্ডুলিপি অনুমোদনের ভার আমার অথবা নির্ব্বাচিত কোন ব্যক্তির উপর রাখিবার প্রস্তাব আছে। আমার বা আমার নির্ব্বাচিত ব্যক্তির অভাবে পরিষৎ নিজেই এ অনুমোদনের ভার গ্রহণ করিবেন।"

শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের পত্র

২৬ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা,
২১শে কার্ত্তিক, ১৩১৮।

মান্যবর শ্রীযুক্ত বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-সম্পাদক
মহাশয় সমীপেষু—

সবিনয় নিবেদন,—

বিশ্ববিদ্যালয়ের উচ্চতম শ্রেণীতে ইতিহাস, দর্শন, সমালোচনা ও বিজ্ঞান, এই চারি শ্রেণীর সাহিত্য সম্বন্ধীয় শিক্ষণীয় বিষয়ের আলোচনায় ব্যবহারের জন্য বাঙ্গালা সাহিত্যকে উপযোগী করিয়া তুলা যে অবশ্য কর্ত্তব্য, তাহা বোধ হয়, প্রত্যেক সাহিত্যানুরাগীই অনুমোদন করিবেন। এতদুদ্দেশ্যে পাশ্চাত্য সাহিত্য হইতে বঙ্গভাষায় গ্রন্থাদি সঙ্কলন ও অনুবাদ করা আবশ্যক এবং বর্ত্তমান অবস্থায় সংরক্ষণ-নীতি অবলম্বন পূর্ব্বক উপযুক্ত বৃত্তিদ্বারা যোগ্য ব্যক্তিকে নিযুক্ত করিতে হইবে। এই ধারণায় বিগত মাঘ মাসে উত্তর-বঙ্গ-সাহিত্য-সম্মিলনের মালদহ অধিবেশনে "সাহিত্য-সেবী" নামক একটি প্রবন্ধ পাঠ করিয়াছিলাম।

তাহার ফলে, বহু সাহিত্য-সেবী ও সাহিত্য-পরিপোষক এ বিষয়ে ঔৎসুক্য প্রকাশ করেন। এতদ্দ্বারা বিশেষ ভাবে উৎসাহিত হইয়া গত বৈশাখ মাসে ময়মনসিংহ-সাহিত্য-সম্মিলনে একটি প্রস্তাব উপস্থাপিত করি এবং বহুল প্রচারোদ্দেশে উহা স্বতন্ত্রভাবে মুদ্রিত হইয়া বিতরিত হয়।* ঐ প্রস্তাব পরিশিষ্টে প্রদত্ত হইল। উক্ত সম্মিলনে কাসিমবাজারের বিদ্যোৎসাহী ও সাহিত্যানুরাগী মহারাজ শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর কর্ত্তৃক উহা সমর্থিত হইয়া উপস্থিত সভ্যমণ্ডলী কর্ত্তৃক পরিগৃহীত হইয়াছিল।

বর্ত্তমান উদ্দেশ্য-সাধনকল্পে কিছু পূর্ব্ব হইতেই আমি অর্থসংগ্রহে প্রবৃত্ত আছি। সম্প্রতি প্রধানতঃ আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী ও শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় মহাশয়গণের সাহায্যে ও অনুকম্পায় সংগৃহীত ৫০০০৲ পাঁচ সহস্র টাকা আমি বঙ্গীয়-সাহিত্য-পরিষদের হস্তে সমর্পণ করিতে ইচ্ছা করি। নিম্নলিখিত সর্ত্তে আপনারা এই অর্থ গ্রহণ করিলে কৃতার্থ হইব;—

১। এই অর্থদ্বারা "সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলী" নামে এক শ্রেণীর গ্রন্থপ্রকাশের ব্যবস্থা করা হইবে।

২। এই বৃত্তি দ্বারা দুইটি কার্য্য সাধিত হইবে;—

(ক) পাশ্চাত্য-দর্শনের ইতিহাস প্রণয়ন। যথা,—Schwegler, Weber প্রভৃতি পণ্ডিতগণের লিখিত গ্রন্থাবলম্বনে বাঙ্গালা ভাষায় পাশ্চাত্য-দর্শনের ইতিহাস রচনা করিতে হইবে।

(খ) ফরাসী পণ্ডিত Guizot-প্রণীত "ইউরোপীয় সভ্যতার ইতিহাস" নামক গ্রন্থের (বাঙ্গালী পাঠকের উপযোগী করিয়া) সরল বঙ্গানুবাদ।

৩। কার্য্যপ্রণালী;—

(ক) পুস্তকের কিয়দংশ লিখিত হইলে, লেখককে উহা বঙ্গীয়-সাহিত্য-পরিষদে বক্তৃতাকারে পাঠ করিতে হইবে। তাহার পরে প্রবন্ধগুলি বিভিন্ন মাসিক পত্রিকায় প্রকাশিত করিবার ব্যবস্থা করিতে হইবে। সমগ্র গ্রন্থ অথবা গ্রন্থের যে অংশটুকু স্বতন্ত্র খণ্ডে প্রকাশিত হইবার উপযুক্ত, তাহা ঐরূপে সাময়িক পত্রে প্রকাশিত হইলে, পরীক্ষকের নিকট ঐ রচনা প্রেরিত হইবে। পরীক্ষকের মন্তব্য অনুসারে লেখককে উক্ত রচনার যথোচিত পরিবর্ত্তন করিতে হইবে।

(খ) এই দুই পুস্তকেরই আলোচ্য বিষয় সম্বন্ধে শ্রীযুক্ত ডাঃ ব্রজেন্দ্রনাথ শীল এম্ এ, পি এইচ্ ডি মহাশয় এবং ভাষা সম্বন্ধে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়গণ পরীক্ষক থাকিবেন।

* ময়মনসিংহ-সাহিত্য-সম্মিলনে গৃহীত প্রস্তাব,—"বঙ্গভাষার বিশেষ পুষ্টি ও শ্রীবৃদ্ধির উদ্দেশ্যে এবং অন্যান্য সমুন্নত ভাষার ন্যায় তাহাকে উন্নত করিবার জন্য দেশের কৃতবিদ্য শক্তিশালী বিশেষজ্ঞ পণ্ডিতগণ দ্বারা উপযুক্ত উপায়ে বিবিধ শাস্ত্রের গ্রন্থরচনা, সঙ্কলন ও অনুবাদ করাইবার ব্যবস্থার নিমিত্ত একটি ধনভাণ্ডার স্থাপিত হওয়া আবশ্যক।"

(গ) প্রথম পুস্তক অন্ততঃ এক হাজার পৃষ্ঠায় সম্পূর্ণ হইয়া দুই বা তিন খণ্ডে প্রকাশিত হইবে।

৪। ব্যয়ের হিসাব ;—

প্রথম গ্রন্থ।—	মুদ্রণ—	১৫০০৲
	লেখকের পারিশ্রমিক—	১২০০৲
	পরীক্ষকগণের পারিশ্রমিক -	৩০০৲
দ্বিতীয় গ্রন্থ।—	মুদ্রণ—	১০০০৲
	লেখকের পারিশ্রমিক—	৭৫০৲
	পরীক্ষকগণের পারিশ্রমিক—	২৫০৲

৫। গ্রন্থের স্বত্ব ;— ৫০০০৲

(ক) প্রত্যেক গ্রন্থ হাজার কাপি করিয়া মুদ্রিত হইবে এবং পরিষৎ কর্ত্তৃক উহার মূল্য নির্দ্ধারিত হইবে।

(খ) পরিষৎ কর্ত্তৃক প্রত্যেক গ্রন্থের দুই শত কাপি বিশিষ্ট সাহিত্যিকগণকে উপহার-স্বরূপ প্রদত্ত হইবে। আর লেখকের ইচ্ছানুসারে ২৫ কাপি পুস্তক বিতরিত হইতে পারিবে।

(গ) অবশিষ্ট কাপিগুলি পরিষদের সম্পত্তিরূপে পরিগণিত হইবে।

(ঘ) অন্যান্য সংস্করণ সম্বন্ধে পরিষদের সম্পূর্ণ স্বত্বাধিকার থাকিবে।

৬। গ্রন্থের যে পরিমাণ অংশ এক খণ্ডে প্রকাশিত হইবার উপযুক্ত, তাহা পরীক্ষকগণের মনোনীত হইবার পূর্ব্বে কোন লেখক ন্যায্য পারিশ্রমিকের কোন অংশ পাইবেন না।

৭। লেখক-নির্ব্বাচন ;—

(ক) সাধারণতঃ বাঙ্গালা-সাহিত্যে লব্ধপ্রতিষ্ঠ এবং দেশীয় বা বিদেশীয় বিশ্ববিদ্যালয়ের উপাধিপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অপর কেহ এই রচনা-ভার গ্রহণ করিতে পারিবেন না।

(খ) শ্রীযুক্ত ডাক্তার ব্রজেন্দ্রনাথ শীল এম্ এ, পি এইচ ডি, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ ও শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ মহাশয়গণকে লইয়া নির্ব্বাচনাদি ও কার্য্যভার-সমিতি গঠিত হইবে। উক্ত সমিতি যাঁহাকে গ্রন্থরচনা-বিষয়ে উপযুক্ত বিবেচনা করিবেন, তাঁহারা তাঁহাকেই আহ্বান করিয়া গ্রন্থ-রচনা-ভার অর্পণ করিবেন।

(গ) রচনা-কার্য্যের ভার পাইবার জন্য কেহ আবেদন করিলে, তাহা গৃহীত হইবে না।

৮। প্রকাশিত গ্রন্থদ্বয়ের ভূমিকায় এই সংরক্ষণ-নীতি-প্রতিষ্ঠাবিষয়ক পত্র সংযুক্ত থাকিবে। পরিষদের পত্রিকা, পঞ্জিকা প্রভৃতিতে এই পত্রও পরিশিষ্ট প্রকাশিত হইবে।

৯। সম্প্রতি বরেণ্য কবি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সম্বর্দ্ধনার জন্য যে সমিতির

গঠিত হইয়াছে, তাঁহাদের উদ্দেশ্যের সহিত আমার সম্পূর্ণ ও আন্তরিক সহানুভূতি আছে। যদি তাঁহারা রবীন্দ্র বাবুর সম্বর্দ্ধনা উদ্দেশ্যে সংগৃহীত সমুদায় অর্থ এই সাহিত্য-সংরক্ষণ-ভাণ্ডারে (পূর্ব্ববিবৃত সংরক্ষণ-প্রস্তাব অনুসারে) প্রদান করেন, তবে এই ভাণ্ডারের ৫০০০৲ পাঁচ সহস্র টাকা উক্ত সংগৃহীত অর্থের সহিত একযোগে "রবীন্দ্র-বৃত্তি" প্রতিষ্ঠার জন্য নিয়োজিত হইবে এবং এই যুক্ত ভাণ্ডার হইতে প্রকাশিত গ্রন্থনিচয় "সাহিত্য সংরক্ষণ-গ্রন্থাবলী—রবীন্দ্র-বৃত্তি-প্রাপ্ত" এই নামে অভিহিত হইবে। বিনয়াবনত

শ্রীবিনয়কুমার সরকার।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-সম্পাদক সমীপেষু—

সবিনয় নিবেদন—

মহাশয়,

পরলোকগত শ্রীযুক্ত রাধেশচন্দ্র শেঠ বি এল্ মহাশয় জীবিতকালে মালদহ জেলার সর্ব্ববিধ উন্নতিকল্পে যথাসাধ্য চেষ্টা করিয়াছিলেন। আধুনিক মালদহ-সমাজের হিতসাধনে তিনিই সর্ব্বপ্রথমে উদ্যোগী হইয়া আজীবন তাঁহার নানাবিষয়িণী প্রতিভার সদ্ব্যবহার করিতেন।

শিক্ষাবিস্তারে তাঁহার অধ্যবসায় অনেক মালদহবাসীর পথপ্রদর্শক হইয়াছে। শেষ জীবনে তিনি মালদহ জাতীয়-শিক্ষা-সমিতির কার্য্যে অক্লান্ত পরিশ্রম স্বীকার করিয়াছিলেন।

তাঁহার সাহিত্য-সেবা সমগ্র বঙ্গদেশে সুপরিচিত। ঐতিহাসিক প্রবন্ধরাজির দ্বারা তিনি মালদহের প্রাচীন কীর্ত্তিসমূহের প্রতি সাহিত্যিকগণের দৃষ্টি আকর্ষণ করিতে সমর্থ হইয়া লব্ধপ্রতিষ্ঠ হইয়াছিলেন।

এই সকল কারণে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সহিত ইহাঁর স্মৃতি সংযুক্ত করিয়া রাখিতে বাঙ্গালী মাত্রেরই ইচ্ছা স্বাভাবিক। এতদুদ্দেশ্যে আমি আপনাদের হস্তে ৬০০৲ ছয় শত টাকা সমর্পণ করিতে ইচ্ছা করিয়াছি। আপনারা নিম্নলিখিত সর্ত্তে এই সামান্য দান গ্রহণ করিলে কৃতার্থ হই।*

১। কোম্পানীর কাগজে অথবা অন্য কোন স্থায়ী লগ্নী কার্য্যে আপনারা এই টাকা লাগাইবেন।

২। ইহার বার্ষিক সুদ হইতে আপনারা একটি বার্ষিক বৃত্তি প্রদান করিবেন।

৩। এই বৃত্তির নাম—"রাধেশচন্দ্র জাতীয় শিক্ষাবৃত্তি" থাকিবে।

৪। বঙ্গভাষায় পাশ্চাত্য সাহিত্য-সমালোচনাবিষয়ক উৎকৃষ্ট প্রবন্ধের জন্য এই বৃত্তি প্রদত্ত হইবে।

* এই টাকা এ পর্য্যন্ত শ্রীযুক্ত বিনয় বাবু পরিষদের হস্তে প্রদান করেন নাই। প্রতিবার পুরস্কার প্রবন্ধের জন্য ৫১৲ টাকা পরিষদের হস্তে প্রদান করিয়া আসিতেছেন এবং তাহাতেই উপরিউক্ত পুরস্কার দেওয়া হইতেছে।

৫। পাশ্চাত্য সাহিত্য হইতে প্রবন্ধের বিষয় নির্ব্বাচন, প্রাপ্ত প্রবন্ধ পরীক্ষা, বৃত্তি প্রদান প্রভৃতি কার্য্যের জন্য আপনারা উপযুক্ত পাশ্চাত্য সাহিত্যাভিজ্ঞ ব্যক্তিগণের সমিতি গঠন করিবেন।

৬। বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধ প্রকাশযোগ্য বলিয়া বিবেচিত হইলে প্রকাশের ব্যবস্থা করিবেন।

৭। এই দানপত্র আপনাদের প্রত্যেক পত্রিকা, কার্য্যবিবরণী প্রভৃতি মুদ্রিত পত্রিকায় উপযুক্ত স্থানে প্রতি বৎসর প্রকাশিত হইবে এবং তাহার নীচে বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধের নাম এবং প্রবন্ধলেখকের নামধাম প্রতি বৎসর যথাক্রমে সন্নিবেশিত থাকিবে।

বিনয়াবনত

৭-৭-১১ শ্রীবিনয়কুমার সরকার।

২৬ সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা। সহঃ সম্পাদক, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, কলিকাতা।

প্রবন্ধ ও বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধ লেখকের নাম

বঙ্গাব্দ	প্রবন্ধ	বৃত্তিপ্রাপ্ত প্রবন্ধ-লেখক
১৩১৯	"ওয়ার্ডস্‌ওয়ার্থের কবিতা"	শ্রীযুক্ত অক্ষয়কুমার ঘোষ বি এ।
১৩২০	"টেনিসনের কবিতায় কি শিক্ষা করা যায়।"	পুরস্কারযোগ্য প্রবন্ধ না আসায় পুরস্কার প্রদত্ত হয় নাই।
১৩২১	ঐ ঐ	ঐ ঐ।
১৩২২-২৩	ঐ ঐ	ঐ ঐ।

প্রতিমূর্ত্তি ও চিত্রের তালিকা

মূর্ত্তি

১। রামমোহন রায়—পণ্ডিত শ্রীযুক্ত শিবনাথ শাস্ত্রী কর্ত্তৃক প্রদত্ত।

২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৩। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর—শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৪। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—হেমচন্দ্র-স্মৃতি-রক্ষাসমিতি কর্ত্তৃক প্রদত্ত।

৫। মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর—শ্রীযুক্ত নলিনপ্রকাশ গঙ্গোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

চিত্র

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—শ্রীযুক্ত দিব্যেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত পূর্ণেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

২। দীনবন্ধু মিত্র—শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র প্রভৃতি দীনবন্ধু বাবুর পুত্রগণ কর্ত্তৃক প্রদত্ত।

৩। অক্ষয়কুমার দত্ত—শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৪। ভূদেব মুখোপাধ্যায়—শ্রীযুক্ত মুকুন্দদেব মুখোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
৫। কালীপ্রসন্ন সিংহ—শ্রীযুক্ত বিজয়চন্দ্র সিংহ মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
৬। প্যারীচাঁদ মিত্র (টেকচাঁদ ঠাকুর)—শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র ও ভ্রাতৃগণ কর্ত্তৃক প্রদত্ত।
৭। চন্দ্রনাথ বসু—পরিষদের ব্যয়ে প্রস্তুত।
৮। শ্রীশচন্দ্র মজুমদার—৺শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
৯। যোগেন্দ্রচন্দ্র বসু—শ্রীযুক্ত বরদাপ্রসাদ বসু মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
১০। রামতনু লাহিড়ী—৺শরৎকুমার লাহিড়ী মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
১১। কবিরাজ গঙ্গাধর কবিরত্ন—শ্রীযুক্ত ত্র্যম্বকেশ্বর রায় প্রদত্ত ফটো হইতে পরিষদের ব্যয়ে প্রস্তুত।
১২। আনন্দরাম বড়ুয়া—
১৩। মাইকেল মধুসূদন দত্ত— } শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়-দত্ত ফটো হইতে পরিষদের ব্যয়ে প্রস্তুত।
১৪। রামগোপাল সেন—৺কালীপ্রসন্ন সেন কর্ত্তৃক প্রদত্ত।
১৫। মাননীয় মহারাজ স্যার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র নন্দী—পরিষদের ব্যয়ে প্রস্তুত।
১৬। রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর—পরিষদের ব্যয়ে প্রস্তুত।
১৭। কালীকৃষ্ণ ঠাকুর—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
১৮। রাজনারায়ণ বসু—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
১৯। ক্ষেত্রপাল চক্রবর্ত্তী—তাঁহার স্বর্গীয় পুত্র কর্ত্তৃক প্রদত্ত।
২০। উমেশচন্দ্র বটব্যাল—শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বটব্যাল মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
২১। ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়—কতিপয় বন্ধুর দত্ত অর্থে পরিষদের যত্নে প্রস্তুত।
২২। স্বামী বিবেকানন্দ—বেলুড় মঠাধিপতি মহারাজ ব্রহ্মানন্দ স্বামী কর্ত্তৃক প্রদত্ত।
২৩। মাইকেল মধুসূদন দত্ত—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
২৪। রামমোহন রায়—পরিষদের ব্যয়ে প্রস্তুত।
২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বিদ্যারত্ন কর্ত্তৃক প্রদত্ত।
২৬। দুর্গাদাস কর—শ্রীযুক্ত রাধাগোবিন্দ কর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
২৭। রজনীকান্ত গুপ্ত—পরিষদের ব্যয়ে প্রস্তুত।
২৮। রামদাস সেন—শ্রীযুক্ত মণিমোহন সেন ও শ্রীযুক্ত বোধিসত্ত্ব সেন মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
২৯। শিশিরকুমার ঘোষ—শিশিরকুমার-স্মৃতি-সমিতির অর্থে প্রস্তুত।
৩০। যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ—তাঁহার পুত্র শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।
৩১। আচার্য্য সত্যব্রত সামশ্রমী—তাঁহার পুত্র শ্রীযুক্ত হিতব্রত সামরত্ন মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
৩২। প্রিয়নাথ চক্রবর্ত্তী—তাঁহার ভক্তগণ কর্ত্তৃক প্রদত্ত।
৩৩। বীরেশ্বর পাঁড়ে—তাঁহার পুত্র শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।
৩৪। কৃষ্ণচন্দ্র মজুমদার—৺শৈলেশচন্দ্র মজুমদার মহাশয় প্রদত্ত।

৩৫। হরিনাথ বিদ্যারত্ন—রায় শ্রীযুক্ত গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাহাদুর প্রদত্ত।

৩৬। মিঃ ই, বি, হাভেল—শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের প্রদত্ত।

৩৭। হরধ্যানভঙ্গ—শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৮। মদন-ভস্ম—শ্রীযুক্ত গোপেন্দ্রমোহন ঠাকুর মহাশয় কর্ত্তৃক প্রদত্ত।

৩৯। কতিপয় পুরাতন চিত্র—শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৪০। মেরী কার্পেণ্টারের অঙ্কিত ক্লিফ্‌টন নগরে রামমোহন রায়ের সমাধি—শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৪১। কবিরাজ গঙ্গাধর সেন কবিরত্ন—লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর প্রদত্ত।

৪২। কেদারনাথ দত্ত—শ্রীযুক্ত সচ্চিদানন্দ দত্ত-প্রদত্ত।

৪৩। বরদাচরণ মিত্র—মিত্র মহাশয়ের পুত্রগণ কর্ত্তৃক প্রদত্ত।

৪৪। কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ—(তৈলচিত্র) ভক্তিবিনোদ স্মৃতি-সভা কর্ত্তৃক প্রদত্ত।

৪৫। ঐ (ব্রোমাইড্) ঐ ঐ।

৪৬। বিপ্রদাস মুখোপাধ্যায় (ব্রোমাইড্), শ্রীযুক্ত অপরেশচন্দ্র মুখোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

৪৭। চন্দ্রকান্ত তর্কালঙ্কার (তৈলচিত্র)-৺মোহিনীনাথ বিশি কর্ত্তৃক প্রদত্ত।

৪৮। রজনীকান্ত সেন (তৈলচিত্র)—রজনীকান্ত স্মৃতি-সমিতি কর্ত্তৃক প্রদত্ত।

৪৯। অম্বিকাচরণ ব্রহ্মচারী (ব্রোমাইড)—শ্রীযুক্ত ভোলানাথ ব্রহ্মচারী কর্ত্তৃক প্রদত্ত।

৫০। প্রফুল্লচন্দ্র মুখোপাধ্যায়—শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় কর্ত্তৃক প্রদত্ত।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

নবম অধিবেশন—যশোহর

১৩২৩, ৮ই ও ৯ই বৈশাখ, ১৯১৬ ইং, ২১শে, ২২শে এপ্রিল

প্রথম দিবস, ৮ই বৈশাখ, শুক্রবার

সভাপতি—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম এ, পি এইচ ডি।

গত বর্ষের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

১। যশোহরের শিব-সঙ্গীত-সমাজের সভ্যগণ কর্ত্তৃক একতান-বাদন হয়।

২। মহামহোপাধ্যায় শ্রীযুত অজিতনাথ ন্যায়রত্ন কবিভূষণ মহাশয় কর্ত্তৃক "শন্নো মিত্র—" ইত্যাদি মঙ্গলাচরণ পাঠ ও "নানা দেশত আগতৈর্নরবরৈ রত্নৈ"—ইত্যাদি শ্লোকদ্বারা সভাবর্ণনা করেন।

৩। অধ্যাপক শ্রীযুক্ত হরিদেব শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক সংস্কৃতভাষায় বক্তৃতাপূর্ব্বক মঙ্গলাচরণ।—"বেদান্তেষু যমাহুরেকপুরুষং"—ইত্যাদি।

৪। সিংহলদ্বীপ হইতে সমাগত শ্রীযুক্ত শ্রমণ সিদ্ধার্থশাস্ত্রবিশারদ বিনয়াচার্য্য মহাশয় কর্ত্তৃক "করুণা-শীতলহৃদয়ম্"—ইত্যাদি পালি গাথা দ্বারা মঙ্গলাচরণ পাঠ।

৫। মৌলবী মোহম্মদ শহীদুল্লাহ্ এম এ, বি এল্ মহাশয় কর্ত্তৃক "আউজু বিল্লাহিমিনাশ্—" ইত্যাদি মুসলমানধর্ম্মানুযায়ী শ্লোকদ্বারা মঙ্গলাচরণ পাঠ।

৬। যশোহরের জেলাজজ শ্রীযুক্ত রায় পঙ্কজকুমার চট্টোপাধ্যায় বাহাদুর, ৮ম সম্মিলনের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, দ্বিতীয় সম্মিলনের সভাপতি শ্রীযুক্ত ডাঃ প্রফুল্লচন্দ্র রায়, নবম সম্মিলনের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয়, দর্শনশাখার সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ, বিজ্ঞানশাখার সভাপতি শ্রীযুক্ত প্রমথনাথ বসু, ইতিহাস শাখার সভাপতি শ্রীযুত নগেন্দ্রনাথ বসু মহাশয়কে মাল্যদান করেন।

৭। শ্রীযুত সুব্রত চক্রবর্ত্তী এম্ এ মহাশয়-লিখিত "বাণীগীতি" নামক বাণীবন্দনা-গীত শ্রীযুক্ত কুমারঅধিক্রন মজুমদার বি এল মহাশয়ের নেতৃত্বে "তারাপ্রসন্ন বালিকাবিদ্যালয়ে"র কতিপয় কুমারী ও বালক কর্ত্তৃক গীত হয়।

৮। শ্রীমতী মানকুমারী বসু মহোদয়া কর্ত্তৃক রচিত "বাণীবন্দনা" গীতটি স্থানীয় শ্রীযুক্ত প্রমথনাথ রায় চৌধুরী মহাশয় কর্ত্তৃক গীত হয়।

৯। শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ মহাশয়-রচিত "যশোর-সঙ্গীত" কলিকাতা দীনধামের গায়কগণ কর্ত্তৃক গীত হয়।

১০। অধ্যাপক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ সরকার এম এ মহাশয় "সার্ব্বজনীন প্রার্থনা" করেন।—"স সর্ব্বেষাং মঙ্গলং ভূয়াৎ" ইত্যাদি।

১১। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় অভ্যর্থনা-সমিতির সভাপতি মহাশয়ের কণ্ঠে মাল্য দিয়া সম্বর্দ্ধনা করেন।

১২। অষ্টম সম্মিলনের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক সম্মিলনের উদ্বোধন।

১৩। অভ্যর্থনা-সমিতির সভাপতি রায় শ্রীযুক্ত যদুনাথ মজুমদার শাস্ত্রবাচস্পতি মহাশয় কর্ত্তৃক অভিভাষণ পাঠ।

১৪। সভাপতি-প্রস্তাব—প্রস্তাবক রায় শ্রীযুত পঙ্কজকুমার চট্টোপাধ্যায় বাহাদুর, সমর্থক শ্রীযুত কেশবলাল রায় চৌধুরী ও ডাক্তার আব্দুল গফুর সিদ্দিকী।

১৫। মহামহোপাধ্যায় শ্রীযুত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় কর্ত্তৃক সভাপতির আসন গ্রহণ।

১৬। শ্রীযুত বিপিনচন্দ্র পাল মহাশয় কর্ত্তৃক আমাদের সম্রাট্ মহোদয়ের যুদ্ধে জয় কামনা ও নূতন রাজপ্রতিনিধি মহাশয়ের কার্য্যভার গ্রহণে আনন্দ প্রকাশের প্রস্তাব উপস্থিত হয়।

সমর্থক—ডাক্তার আব্দুল গফুর সিদ্দিকী

অনুমোদক—সিংহল দ্বীপবাসী অনাগরিক ধর্ম্মপাল।

সকলে দণ্ডায়মান হইয়া এই প্রস্তাবদ্বয় গ্রহণ করেন।

১৭। যে সকল ব্যক্তি সভায় উপস্থিত হইতে না পারিয়া সহানুভূতিসূচক পত্র লিখিয়াছেন, সভাপতি মহাশয় কর্ত্তৃক তাঁহাদের নামোল্লেখ।

১৮। সভাপতি ও অভ্যর্থনা-সমিতির সভাপতি কর্ত্তৃক শ্রীযুত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের পত্র পাঠ।

১৯। ৺ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের অকাল-মৃত্যুতে শোক-প্রকাশ-প্রস্তাব।

প্রস্তাবক—শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল।

সকলে দণ্ডায়মান হইয়া প্রস্তাব গ্রহণ করেন।

২০। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় কর্ত্তৃক ৺মুস্তফী মহাশয়ের দুস্থ পরিবারের জন্য সাহায্য প্রার্থনা।

২১। অষ্টম সম্মিলনের কার্য্যবিবরণ পাঠ ও গ্রহণ—শ্রীযুত রাখালরাজ রায় বি এ মহাশয় উক্ত কার্য্যবিবরণ উপস্থিত করিলে সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২২। শ্রীমতী মানকুমারী বসু মহোদয়া-লিখিত 'আবাহন' নামক কবিতা শ্রীযুত অশ্বিনী-কুমার সেন কর্ত্তৃক পঠিত হয়।

২৩। রায় শ্রীযুত বঙ্কিমচন্দ্র মিত্র এম্ এ, বি এল বাহাদুর কর্ত্তৃক "যশোর-মঙ্গল" নামক কবিতা পঠিত হয়।

২৪। শ্রীযুত জ্ঞানাঞ্জন চট্টোপাধ্যায় বিদ্যাবিনোদ, এম আর এ এস মহাশয় কর্ত্তৃক 'স্বাগত' নামক কবিতা পঠিত হয়।

২৫। শ্রীযুত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ মহাশয় 'আশাবল্লী' নামক কবিতা পাঠ করেন

২৬। সভাপতি মহাশয়ের অভিভাষণ পাঠ।

২৭। বিষয়-নির্ব্বাচন-সমিতির অধিবেশনের স্থান ও সময় বিজ্ঞাপন। প্রথম দিনের সভা-ভঙ্গ হয়।

ঐ দিন সন্ধ্যার সময় অভ্যর্থনা-সমিতির সভাপতি মহাশয়ের ভবনে সান্ধ্যসম্মিলন হয়। দূরবীক্ষণ-যোগে তারা দর্শনরূপ বৈজ্ঞানিক আমোদ সকলের বিশেষ প্রীতিপ্রদ হয়। এতদ্ব্যতীত যশোহর-সম্মিলনী বিদ্যালয়ের প্রাঙ্গণে যশোরের 'জারি গীত' হয়। অভ্যাগতগণকে জলযোগ দ্বারা আপ্যায়িত করা হইয়াছিল।

রাত্রি ৭॥০টার সময় হইতে ১১॥০টা পর্য্যন্ত বিষয়-নির্ব্বাচন সমিতির অধিবেশন সম্মিলন-মণ্ডপে বসিয়াছিল।

দ্বিতীয় দিবস

৯ই বৈশাখ, শনিবার

প্রাতে বিভিন্ন বিভাগের অধিবেশন।

সাহিত্য-শাখা—স্থান-সম্মিলন-মণ্ডপের উত্তরাংশ।

সময়—পূর্ব্বাহ্ন ৭টা হইতে ১১টা এবং অপরাহ্ণ ২টা হইতে ৩টা।

সভাপতি—মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ।

সম্পাদক—শ্রীযুত মোক্ষদাচরণ ভট্টাচার্য্য।

১। সভাপতি-বরণ—প্রস্তাবক—পণ্ডিত শ্রীযুত রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ
সমর্থক—শ্রীযুক্ত মোক্ষদাচরণ ভট্টাচার্য্য
অনুমোদক—ডাঃ আব্দুল গফুর সিদ্দিকী

মহামহোপাধ্যায় ডাঃ শ্রীযুত সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সভাপতির আসন গ্রহণ করিলেন।

সাহিত্য-শাখায় সর্ব্বসমেত ৫০টি প্রবন্ধ আসিয়াছিল। তন্মধ্যে ৪টি পরিত্যক্ত হয়, ২১টি পঠিত হয় ও ২৫টি পঠিত বলিয়া গৃহীত হয়।

	পঠিত প্রবন্ধ	লেখক
১।	বাণী-বন্দনা (গীতি-কবিতা)	শ্রীগোপালচন্দ্র কবিকুসুম
২।	সাহিত্যের ব্যবহার	ডাঃ শ্রীযুত রাধাকুমুদ মুখোপাধ্যায়
৩।	বাঙ্গালা বিভক্তি 'রা' 'ক' 'রে' 'কে'—	মৌলবী মোহম্মদ শহীদুল্লাহ
৪।	সমালোচনার বর্ত্তমান স্বরূপ	শ্রীযুত বটুকনাথ ভট্টাচার্য্য এম্ এ
৫।	যশোহরের সাহিত্য-সম্পদ্	„ মোক্ষদাচরণ ভট্টাচার্য্য
৬।	যশোহরের ভাষা	„ বিপিনবিহারী বিদ্যাভূষণ
৭।	বর্ত্তমান বঙ্গ-সাহিত্য ও তাহার আদর্শ	„ কুমার অধিক্রম মজুমদার বি এ
৮।	ভাব ও ভাষা	„ বিপিনবিহারী বিদ্যাভূষণ
৯।	গ্রাম্য গাথা ও প্রবচন-প্রসঙ্গ	„ হরেকৃষ্ণ কাব্যতীর্থ
১০।	মাতৃভাষার সাহায্যে ভারতে শিক্ষা বিস্তারের উপায়	„ শ্যামলাল গোস্বামী
১১।	কবিবর ৺কৃষ্ণচন্দ্র মজুমদার	„ আশুতোষ দাশগুপ্ত মহলানবীশ
১২।	ভাষা-ক্ষেত্রে বঙ্গীয় মুসলমান	„ সেখ রেয়াজদ্দীন আহম্মদ
১৩।	'ব'কারের বক্তৃতা	„ অবনীকান্ত সেন সাহিত্যবিশারদ
১৪।	বৌদ্ধ ধর্ম্ম ও পালি-সাহিত্য (পালি ভাষায় লিখিত)—	শ্রমণ সিদ্ধার্থশাস্ত্রবিশারদ বিনয়াচার্য্য
১৫।	যশোহর (পদ্য)	শ্রীযুক্ত বৈদ্যনাথ কাব্যতীর্থ
১৬।	মুসলমান ও বঙ্গ-সাহিত্য	„ ডাঃ আবদুল গফুর সিদ্দিকী
১৭।	বঙ্গসাহিত্যে দাশরথি রায়ের স্থান	„ ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় কাব্যকণ্ঠ
১৮।	মৌলুদ্ শরীফ—আউজ্ বিল্লাহে মেনাস্ সয়তানের রাজিম বিছ্মিল্লাহের রহমানের রহিম্—	মুন্সী খয়েরাতুল্লা সর্দ্দার
১৯।	বাঙ্গালা অক্ষরের উৎপত্তি	পণ্ডিত লালমোহন বিদ্যানিধি
২০।	মানবের ঋণভার	শ্রীযুত অক্ষয়কুমার ঘোষ বি এল

	পঠিত প্রবন্ধ	লেখক
২১।	বঙ্গভাষার বর্ত্তমান অবস্থা ও তাহার উন্নতির উপায়	শ্রীযুক্ত প্রফুল্লকুমার বসু

নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বলিয়া গৃহীত হইয়াছিল,—

১।	বাণী-প্রশস্তি (কবিতা)—	শ্রীযুত জীতেন্দ্রকুমার দত্ত
২।	আবাহন (কবিতা)	„ বৈদ্যনাথ কাব্যতীর্থ
৩।	রামকেলী ও শ্রীরূপসনাতন	„ হরিশচন্দ্র চক্রবর্ত্তী
৪।	বৈষ্ণব কবিতা ও বাঙ্গালী কবি	„ মনোরঞ্জন গুহ ঠাকুরতা
৫।	সাধু ভাষা	„ রাজেশ্বর সেন
৬।	বঙ্গ-সাহিত্যে বৈষ্ণব কবি	„ হরিদাস বিদ্যাবিনোদ
৭।	স্বর্গীয় গঙ্গাধর কবিরাজ	„ সুরেন্দ্রনাথ দাশ গুপ্ত
৮।	গ্রাম্য কবি কানাইলাল	„ পূর্ণচন্দ্র রায়
৯।	স্ত্রীশিক্ষা	„ সূর্য্যকান্ত মিশ্র
১০।	দীনবন্ধুর নাট্য-সাহিত্য	„ সিদ্ধেশ্বর সিংহ
১১।	মডাসুরের পালা	„ নগেন্দ্রনাথ দাস
১২।	অর্ঘ্য (কবিতা)	„ সুরেশচন্দ্র রায়
১৩।	বঙ্গ-ভাষায় ব্যবহার-বিজ্ঞান	„ যোগেন্দ্রনাথ বসু
১৪।	বাঙ্গালা সাহিত্য ও বাঙ্গালী হিন্দু মুসলমান	„ মহম্মদ ওয়াজেদ আলী
১৫।	পল্লীগ্রাম সম্বন্ধে শিক্ষিত সম্প্রদায়ের কর্ত্তব্য	„ রায় চুণীলাল বসু বাহাদুর
১৬।	বাঙ্গালার গ্রাম্য ভাষাতত্ত্ব	„ রাজকুমার বেদতীর্থ
১৭।	সংস্কৃত ভাষার উৎপত্তি	„ শীতলচন্দ্র চক্রবর্ত্তী বিদ্যানিধি
১৮।	সংস্কৃত সাহিত্য ও বৈদিক যুগ	„ অভিলাষচন্দ্র কাব্যতীর্থ
১৯।	বঙ্গভাষা ও সাহিত্য	„ আদ্যনাথ কাব্যতীর্থ
২০।	প্রাচীন কবিতা-সংগ্রহ	„ অঘোরনাথ ভট্টাচার্য্য
২১।	অভিভাষণ (কবিতা)	„ লালনচন্দ্র চক্রবর্ত্তী
২২।	একটি চিন্তা	„ প্রিয়লাল ঘোষ
২৩।	সাহিত্যে সত্যের আদর্শ চাই	„ রেবতীকান্ত বন্দ্যোপাধ্যায়
২৪।	প্রবাসী বাঙ্গালীর মাতৃভাষায় অনুরাগ	শ্রীযুক্তা নিস্তারিণী দেবী
২৫।	স্ত্রীশিক্ষা সম্বন্ধে দুই একটি কথা	„ সরলাবালা মিত্র বি এ

অপরাহ্ণ ৩ ঘটিকার সময় সভাভঙ্গ হয়।

দর্শন-শাখা

প্রাতে ৭টা হইতে ১১ টা—স্থান—জজ আদালত

সভাপতি—মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ

সম্পাদক—শ্রীযুক্ত মহেন্দ্রনাথ সরকার এম্ এ

প্রথমে সভাপতি মহাশয়ের অভিভাষণ পঠিত হয়। নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হয়,—

	প্রবন্ধ	লেখক
১।	বেদান্তে মানবাত্মার স্বাধীনতা ও ধর্ম্ম-জীবন লাভ	শ্রীযুক্ত কোকিলেশ্বর ভট্টাচার্য্য
২।	সাংখ্য-দর্শনে ক্রমবিকাশবাদ	„ শীতলচন্দ্র চক্রবর্ত্তী
৩।	সাংখ্য-দর্শনে নিরীশ্বরবাদ	„ কেদারনাথ ভারতী
৪।	তত্ত্ব সন্ন্যাস	„ ধীরেশচন্দ্র আচার্য্য
৫।	ন্যায়-দর্শনে অদৃষ্টবাদ	„ পঞ্চানন তর্কতীর্থ
৬।	ভক্তিযোগ	„ কমলকৃষ্ণ স্মৃতিতীর্থ
৭।	চতুরার্য্য সত্য	„ মহাস্থবির গুণালঙ্কার ভিক্ষু
৮।	সংস্কার ও সুখ	„ বৈদ্যনাথ কাব্যতীর্থ
৯।	লিঙ্গ-দেহ-রহস্য	„ রামসহায় কাব্যতীর্থ
১০।	নব্যদর্শন বা অব্যক্তানুভূতি	„ ডাঃ নগেন্দ্রচন্দ্র সেন গুপ্ত

সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভাভঙ্গ হয়।

বিজ্ঞান-শাখা

৭৷৷০ টা হইতে ১২৷৷০ টা—স্থান—সবজজ বাহাদুরের এজলাস্

১। গত বর্ষে নির্ব্বাচিত শ্রীযুক্ত প্রমথনাথ বসু বি এস্‌সি, এফ জি এস্ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

২। সহকারী সম্পাদক শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় গত বর্ষের কার্য্য-বিবরণ পাঠ করিলে উহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩। সভাপতি মহাশয় "সভ্য-সমাজের ক্রমবিকাশ" নামক অভিভাষণ পাঠ করেন।

৪। ২০ টি প্রবন্ধ পাওয়া যায়, তন্মধ্যে ২ টি পাঠের অযোগ্য বিবেচিত হয়।

	পঠিত প্রবন্ধ	লেখক
	হিন্দু জ্যোতিষ	শ্রীযুক্ত ক্ষিতিনাথ ঘোষ বি ই
	হিন্দুজ্যোতিষ	„ কালীনাথ মুখোপাধ্যায় বি এল
৩	সাহিত্যে জ্যোতিষ	„ রাধাগোবিন্দ চন্দ্র
	আমাদের কৃষি ও অর্থশাস্ত্র	„ প্রকাশচন্দ্র সরকার বি এল্
	ইউক্লিডের প্রথম স্বীকার্য্য	„ যোগেন্দ্রকুমার সেন গুপ্ত
৬	গণিতের ভিত্তি	„ দেবপ্রসাদ ঘোষ এম্ এ
	আয়ুর্ব্বেদীয় শারীর-তত্ত্ব	„ কবিরাজ উষানাথ কাব্যতীর্থ
	মগরাহাটের পশ্চিমের লাল কর্দ্দম	„ সুরেশচন্দ্র দত্ত এম্ এস্‌সি
৯	প্রেসেন্টি সিরাস্ তামুলিকাম্ কস্‌মাটের অবস্থিতি সম্বন্ধে মন্তব্য	„ হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ

পঠিত প্রবন্ধ	লেখক
১০। ভারতের শ্রমশিল্প সম্বন্ধে কয়েকটি কথা	শ্রীযুক্ত সতীশচন্দ্র দাশ গুপ্ত বি এ
১১। রঞ্জন আলো	„ মেঘনাদ সাহা এম এস্‌সি
১২। রজত-মিশ্রিত সীস্ ধাতুর বিশ্লেষণ-প্রণালী	„ উমাপতি বাজপেয়ী এম্ এ
১৩। সমান্তর বল, বল—সমান্তরেরই বিশেষ উদাহরণস্বরূপ বিবেচিত হইতে পারে, এই সম্বন্ধে আলোচনা	অধ্যাপক শ্রীযুক্ত জগদিন্দু রায়
১৪। জুলের (joule) পরীক্ষায় উষ্ণতার পরিমাণ নির্দ্ধারণ করিবার একটি প্রণালী	ঐ ঐ
১৫। আপেক্ষিক উষ্ণতা, অনুভূত উষ্ণতা প্রভৃতি বাহির করিবার একটি নূতন প্রণালী	ঐ ঐ
১৬। পৌনঃপুনিক সংখ্যার কতকগুলি ধর্ম্ম সম্বন্ধে আলোচনা	ঐ ঐ
১৭। চাউলমুগরার তৈল	শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম এ
১৮। জীবিত পদার্থের রাসায়নিক অংশ	„ খগেন্দ্রনারায়ণ মিত্র বি এ

শেষোক্ত প্রবন্ধটি পঠিত বলিয়া গৃহীত হয়।

ইতিহাস-শাখা

প্রাতে ৭টা হইতে ১১টা এবং অপরাহ্ন ১॥০টা হইতে ৪॥০টা পর্য্যন্ত।

স্থান—সম্মিলন-মণ্ডপের দক্ষিণাংশ।

অধ্যাপক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার মহাশয়ের প্রস্তাবে এবং শ্রীযুত অঘোরনাথ রায় মহাশয়ের অনুমোদনে এবং সর্ব্বসম্মতিক্রমে শ্রীযুত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

অতঃপর সভাপতি মহাশয় তাঁহার "সম্বোধন" পাঠ করেন। নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইয়াছিল ;—

প্রবন্ধ	লেখক
১। অজয়তীরবর্ত্তী ঐতিহাসিক সম্পৎ	মহারাজকুমার শ্রীযুক্ত মহিমানিরঞ্জন চক্রবর্ত্তী
২। আসামরাজের বাঙ্গালী গুরু	„ পঞ্চানন ভট্টাচার্য্য
৩। অথর্ব্ব বেদের প্রাচীনত্ব	„ কেদারনাথ ভারতী
৪। গঙ্গাহৃদয়	„ বিনোদবিহারী রায়
৫। ঘোড়ানাচ গ্রামের দে-পাল রাজা	„ অঘোরনাথ ভট্টাচার্য্য
৬। জীবন-সংগ্রাম	„ বিজয়লাল দত্ত
৭। তাপসী রওসন আরা	„ ডাঃ আব্দুল গফুর সিদ্দিকি
৮। তীর্থ-বিবরণ (বঙ্গের)	„ মহেন্দ্রচন্দ্র রায়

	প্রবন্ধ	লেখক
৯।	দণ্ডভুক্তির প্রকৃত অবস্থান	শ্রীযুক্ত প্রভাসচন্দ্র সেন
১০।	ধন ও ভোগ (অর্থনীতিবিষয়ক)	„ অক্ষয়কুমার সরকার এম্ এ
১১।	পাটলীপুত্র ও ভারতে গুরথুস্ত্রীয় রাজবংশ	„ রাখালরাজ রায় বি এ
১২।	পাতালভেদী রাজবাটী	„ গোপালচন্দ্র কবিকুসুম
১৩।	প্রাচীন চীন (শিক্ষা ও সাহিত্য)	„ মণীন্দ্রভূষণ গঙ্গোপাধ্যায় বি এ
১৪।	প্রাচীন মুসলমানগণের সংস্কৃত চর্চ্চা	„ গণপতি রায় বিদ্যাবিনোদ
১৫।	বুদ্ধদেবের 'অর্থকথা' বিষয়ে কয়েকটি কথা	„ মহাস্থবির গুণালঙ্কার
১৬।	বেলগ্রামের লড়াই	„ হরেকৃষ্ণ মুখোপাধ্যায়
১৭।	মুসলমান-সভ্যতা সম্বন্ধে যৎকিঞ্চিৎ	„ মোহম্মদ কেঁ চাদ
১৮।	মৌখরি-রাজবংশ	„ ননীগোপাল মজুমদার
১৯।	মৌর্য্য চন্দ্রগুপ্ত জৈন ছিলেন	„ পদমরাজ বাণীবালা (জৈন)
২০।	যশোহর	„ রায় সাহেব দীনেশচন্দ্র সেন
২১।	যশোহরের আয়োজন	„ সতীশচন্দ্র মিত্র
২২।	যশোহরের প্রাচীন কীর্ত্তিস্তম্ভ	„ হীরালাল ভট্টাচার্য্য
২৩।	যশোহরের ফৌজদার নরুল্লা খাঁ	„ অশ্বিনীকুমার সেন
২৪।	সেনহাটির প্রাচীন কীর্ত্তি	ঐ ঐ

নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বলিয়া গৃহীত হয়,—

	প্রবন্ধ	লেখক
১।	ইতিহাসে অসত্যের প্রচার	শ্রীযুক্ত সুদর্শনচন্দ্র বিশ্বাস
২।	একটি বিস্মৃত রাজ্য	„ সন্তোষকুমার মুখোপাধ্যায়
৩।	কালীয়া	„ প্যারীশঙ্কর দাশগুপ্ত
৪।	গয়া-কাহিনী	„ অতুলচন্দ্র মুখোপাধ্যায়
৫।	চাণক্যসমিতি	„ যোগীন্দ্রনাথ সমাদ্দার
৬।	দুর্ম্মূল্যতার কারণ	„ রাখালরাজ রায়
৭।	নদীয়ার প্রত্নসম্পদ্ বালোসা রাজার গড়	„ প্রফুল্লকুমার সরকার
৮।	প্রাচীন রাজগৃহ	„ যোগীন্দ্রনাথ সমাদ্দার
৯।	প্রাচ্য ও পাশ্চাত্য যুগ	„ শীতলচন্দ্র চক্রবর্ত্তী
১০।	সপ্তদশ শতাব্দীতে বাঙ্গালার জাতীয় চিত্রের নমুনা	„ বৃন্দাবনচন্দ্র পূততুণ্ড
১১।	সলিমা সুলতান বেগম	„ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
১২।	সারনাথ সংগ্রহ সম্বন্ধে যৎকিঞ্চিৎ	„ বৃন্দাবনচন্দ্র ভট্টাচার্য্য
১৩।	রাজা সীতারাম রায়	„ বরদাকান্ত দে

সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভাভঙ্গ হয়।

সাহিত্য-শাখার কাজ শেষ হইলে পুনরায় বিষয়-নির্ব্বাচন-সমিতির অধিবেশন হয়।

সাধারণ সভা

অপরাহ্ণ ৩টার সময় আরম্ভ

১। সভাপতি মহাশয় নিম্নলিখিত সাহিত্যসেবী ও সাহিত্য-বন্ধুর পরলোকগমনে শোক প্রকাশের প্রস্তাব উপস্থিত করেন। (ক) সতীশচন্দ্র চক্রবর্ত্তী, (খ) বরদাচরণ মিত্র এম্ এ, (গ) রামচন্দ্র চন্দ্র এম এ, (ঘ) ডাঃ সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম এ, বি এল (এলাহাবাদ), (ঙ) মন্মথনাথ বন্দ্যোপাধ্যায় Sub Editor, A. B. Patrika, (চ) মহেশচন্দ্র বিশ্বাস তর্কবাগীশ (মানকর), (ছ) কান্তিচন্দ্র রাঢ়ী (হুগলি), (জ) রায় কালিকাদাস দত্ত বাহাদুর (কলিকাতা), (ঝ) গোলাপচন্দ্র সরকার শাস্ত্রী (কলিকাতা), (ঞ) মহেশচন্দ্র ন্যায়রত্ন (পায়রাডাঙ্গা, রংপুর), (ট) রায় লক্ষ্মীনারায়ণ আঠ্য, (ঠ) আবদুল রহিম খাঁ চৌধুরী, (ড) যতীশচন্দ্র সমাজপতি (কলিকাতা), (ঢ) জানকীনাথ গুপ্ত এম এ, বি এল (কলিকাতা), (ণ) অম্বিকাচরণ গুপ্ত (কলিকাতা), (ত) ধীরেন্দ্রনাথ দত্ত (কলিকাতা), (থ) রায় দেবেন্দ্রনাথ দত্ত বাহাদুর (হাতোয়া), (দ) বিহারীলাল রায় কবিরত্ন বি এ, (ধ) অমরেন্দ্রনাথ দত্ত কলিকাতা, (ন) উপেন্দ্রকিশোর রায় চৌধুরী বি এ, (প) দীনমহম্মদ, (ফ) ব্যোমকেশ মুস্তফী, (ব) শরচ্চন্দ্র শাস্ত্রী, কলিকাতা। সকলে দণ্ডায়মান হইয়া এই প্রস্তাব গ্রহণ করেন।

২। সভাপতি মহাশয় শ্রীযুত আশুতোষ দাশগুপ্ত মহলানবীশ মহাশয় কর্তৃক আনীত ৺কৃষ্ণচন্দ্র মজুমদার মহাশয়ের কতিপয় অপ্রকাশিত পাণ্ডুলিপি প্রদর্শন করেন।

৩। নিম্নলিখিত প্রস্তাবগুলি গৃহীত হইল,—

(ক) দেশের মধ্যে প্রাথমিক শিক্ষায় কৃষি ও গোরক্ষা সম্বন্ধীয় পাঠ্য পুস্তক নির্ব্বাচিত করিবার জন্য শিক্ষা-বিভাগের নিকট বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন হইতে আবেদন প্রেরিত হউক এবং কৃষি-সাহিত্যের পুষ্টির জন্য বঙ্গীয় সাহিত্যিক-মণ্ডলীকে অনুরোধ করা হউক।

প্রস্তাবক—সভাপতি।

(খ) (১) প্রবেশিকা হইতে বি এ শ্রেণী পর্য্যন্ত ইংরাজি ও সংস্কৃত ভাষার ন্যায় বাঙ্গালা ভাষার, বাঙ্গালা-সাহিত্যের পঠন-পাঠনের এবং ইংরাজি ও সংস্কৃত ভাষায় পরীক্ষার ন্যায় বাঙ্গালা ভাষারও পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করিতে হইবে। বি এ শ্রেণীর পাঠ্যমধ্যে বাঙ্গালা ভাষা ও তৎসংক্রান্ত ভাষা-বিজ্ঞান সন্নিবিষ্ট করিতে হইবে।

(২) প্রবেশিকা ও ইণ্টারমিডিয়েট পরীক্ষায় ইংরাজি সাহিত্য ব্যতীত অন্যান্য বিষয়ক প্রশ্নের উত্তর ছাত্রগণ ইচ্ছা করিলে বাঙ্গালায় লিখিতে পারিবে।

(৩) অধ্যাপকগণ ইচ্ছা করিলে কলেজে বাঙ্গালা ভাষায় অধ্যাপনা করিতে পারিবেন।

(৪) বাঙ্গালা ভাষা ও তৎসংক্রান্ত ভাষা-বিজ্ঞান এম এ পরীক্ষার অন্যতম বিষয়রূপে নির্দ্দিষ্ট হইবে। অন্যান্য প্রাকৃত ভাষাও এই পরীক্ষায় শিক্ষার বিষয় বলিয়া গণ্য হইবে।

(৫) দর্শন, ইতিহাস, বিজ্ঞান প্রভৃতি বিষয়ে উপযুক্ত ব্যক্তি দ্বারা বাঙ্গালা ভাষায় বক্তৃতা করাইবার ও সেই সমস্ত বক্তৃতা গ্রন্থাকারে ছাপাইবার ব্যবস্থা করিতে হইবে।

প্রস্তাবক—শ্রীযুক্ত প্রমথনাথ বসু বি এস সি

সমর্থক— „ হেমচন্দ্র দাশগুপ্ত এম এ

(গ) যশোহর জেলার কথিত ভাষা বিগত অর্দ্ধ শতাব্দী কালমধ্যে পরিবর্ত্তিত হইয়াছে কি না এবং হইয়া থাকিলে তাহার গতি কোন্ দিকে হইতেছে এবং তাহার গঠন কিরূপ হইতেছে, তাহা অনুসন্ধান করিবার নিমিত্ত যশোহরবাসিগণের উপর ভার অর্পিত হউক। তাঁহারা তাঁহাদের অনুসন্ধানের ফল বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের দশম অধিবেশনে উপস্থাপিত করুন।

প্রস্তাবক—সভাপতি।

(ঘ) নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া আগামী বর্ষের (দশম বর্ষের) সম্মিলন-সাধারণ-সমিতি গঠিত হউক। (তালিকা পরে দ্রষ্টব্য)

প্রস্তাবক—শ্রীযুত হেমচন্দ্র দাশগুপ্ত

সমর্থক—„ যোগীন্দ্রনাথ সমাদ্দার

অতঃপর শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ, মোহম্মদ শহিদুল্লাহ এম্ এ, বি এল ও শ্রীযুত শচীন্দ্রনাথ মুখোপাধ্যায় বি এল মহাশয়গণ সমাগতগণের পক্ষ হইতে যশোহরের অভ্যর্থনা-সমিতিকে ধন্যবাদ অর্পণ করিলেন ও শ্রীযুত রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ মহাশয় অভ্যর্থনাসমিতির পক্ষ হইতে সদস্যগণকে ধন্যবাদ প্রদান করিলেন।

শ্রীযুত ললিতচন্দ্র মিত্র মহাশয় জানাইলেন যে, যশোহরে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একটি শাখা স্থাপনের ব্যবস্থা হইয়াছে।

শ্রীযুত যোগীন্দ্রনাথ সমাদ্দার মহাশয় আগামী বর্ষে বাঁকীপুরে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনকে নিমন্ত্রণ করিলেন।

মাননীয় শ্রীযুত ব্যোমকেশ চক্রবর্ত্তী মহাশয় সাধারণ সভাপতি মহাশয়কে ও বিভিন্ন শাখার সভাপতি মহাশয়গণকে ধন্যবাদ দিলেন। অতঃপর সভাভঙ্গ হইল।

সম্মিলন-সাধারণ-সমিতি

দশম ও একাদশ বর্ষ

কলিকাতা

আচার্য্য শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু *

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র

মাননীয় ডাঃ শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী

ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায়

মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ

রায় শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী

শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর

মাননীয় কুমার শ্রীযুক্ত অরুণচন্দ্র সিংহ

শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় †

„ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় *

„ সুরেশচন্দ্র সমাজপতি *

„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ *

„ নলিনীরঞ্জন পণ্ডিত *

মৌলবি মণিরুজ্জমান

মৌলবি মহম্মদ আকরাম খাঁ

মৌলবি নুর মহম্মদ
শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
„ চারুচন্দ্র বসু
„ বিপিনচন্দ্র পাল
„ চিত্তরঞ্জন দাশ
„ শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়
„ নগেন্দ্রনাথ বসু
„ গণপতি রায় +
„ শশধর রায়
„ যতীশচন্দ্র ঘোষ
„ জলধর সেন

হাওড়া

„ দুর্গাদাস লাহিড়ী
„ অক্ষয়কুমার সরকার
„ অন্নদাপ্রসাদ চট্টোপাধ্যায়
„ প্রমথনাথ সেন
„ আশুতোষ দাশগুপ্ত মহলানবীশ

হুগলী

„ অক্ষয়চন্দ্র সরকার
„ কুমার ক্ষিতীন্দ্রদেব রায়
„ লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায়

নদীয়া

মহারাজ শ্রীযুক্ত ক্ষৌণীশচন্দ্র রায়বাহাদুর
শ্রীযুক্ত বীরেশ্বর সেন
„ হেমচন্দ্র সরকার
„ ভবেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
„ চন্দ্রশেখর কর
মুন্সী মহম্মদ জমীরুদ্দিন
„ আশুতোষ রায়
মোজাম্মেল হক

খুলনা

„ কালীপ্রসন্ন দাশগুপ্ত
„ সতীশচন্দ্র মিত্র
„ অশ্বিনীকুমার সেন

শ্রীযুক্ত জগৎপ্রসন্ন রায়
„ যতীন্দ্রমোহন সেন
মোহম্মদ খয়রাতউল্লা

বরিশাল

„ দেবকুমার রায় চৌধুরী
„ নিবারণচন্দ্র দাশগুপ্ত
„ প্রতাপচন্দ্র মুখোপাধ্যায়
„ মনোরঞ্জন গুহঠাকুরতা •

ফরিদপুর

„ আনন্দনাথ রায়
মৌলবি রওশন আলী চৌধুরী

ঢাকা

„ অবিনাশচন্দ্র মজুমদার
„ উপেন্দ্রচন্দ্র গুহ
„ অনুকূলচন্দ্র সরকার
„ নলিনীকান্ত ভট্টশালী
„ যোগেন্দ্রনাথ গুপ্ত
„ যতীন্দ্রমোহন রায়
„ অবনীকান্ত সেন

২৪ পরগণা

মৌলবি মোহম্মদ কে, চাঁদ
ডাঃ আব্দুল গফুর সিদ্দিকী
মৌলবি মোহম্মদ সহীদুল্লাহ
শ্রীযুক্ত হরবিলাস সিকদার
„ চারুচন্দ্র মুখোপাধ্যায়
„ ভুজঙ্গধর রায় চৌধুরী
„ সূর্য্যকান্ত মিশ্র
„ সতীশচন্দ্র ঘটক

বর্দ্ধমান

মাননীয় মহারাজাধিরাজ বাহাদুর
রাজা শ্রীযুক্ত বনবিহারী কপুর
শ্রীযুক্ত জ্যোতিঃপ্রসাদ সিংহ
„ কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়
„ ডাঃ উপেন্দ্রনাথ নাগ

শ্রীযুক্ত সন্তোষকুমার বসু
„ শ্রীহর্ষ মুখোপাধ্যায়
„ দেবেন্দ্রনাথ সরকার
„ দেবেন্দ্রনাথ মিত্র
„ ক্ষীরোদবিহারী চট্টোপাধ্যায়

„ মহারাজকুমার মহিমানিরঞ্জন চক্রবর্ত্তী
„ নির্ম্মলশিব বন্দ্যোপাধ্যায়
„ শিবরতন মিত্র
„ তারকচন্দ্র রায়

বাঁকুড়া

শ্রীযুক্ত উপেন্দ্রনাথ দাস
„ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ
„ রামানন্দ চট্টোপাধ্যায়

মেদিনীপুর

রায় শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র প্রহরাজ
শ্রীযুক্ত মনীষিনাথ বসু
„ মহেন্দ্রনাথ দাস
„ সত্যেন্দ্রনাথ বসু
„ ক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী
„ ভাগবতচন্দ্র দাস
„ জ্ঞানেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
রাজা শ্রীযুক্ত জগদীশচন্দ্র ধবলদেব

মুর্শিদাবাদ

মহারাজ স্যার মণীচন্দ্র নন্দী
শ্রীযুক্ত রাধাকমল মুখোপাধ্যায়
„ যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়
„ দেবেন্দ্রনারায়ণ রায়
„ দুর্গাদাস রায়

যশোহর

শ্রীযুক্ত রায় পঙ্কজকুমার চট্টোপাধ্যায়
মাননীয় শ্রীযুক্ত ব্যোমকেশ চক্রবর্ত্তী
রায় „ যদুনাথ মজুমদার বাহাদুর
„ সতীশকণ্ঠ রায়

শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
„ হীরালাল ভট্টাচার্য্য
„ শ্রীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
„ বিশ্বেশ্বর মুখোপাধ্যায়
„ অবিনাশচন্দ্র সরকার
„ গিরিজাপ্রসন্ন চট্টোপাধ্যায়
„ মনোমোহন চক্রবর্ত্তী
„ সুরেন্দ্রনাথ ঘোষ
„ রাজেন্দ্রনাথ বিদ্যাভূষণ
„ কেদারনাথ ভারতী
„ শচীন্দ্রভূষণ ঘোষ
হবিবর রহমান
মুন্সী মহম্মদ কাসেম
শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র
„ গোপালচন্দ্র মুখোপাধ্যায়

কাছাড়

„ ভুবনমোহন ভট্টাচার্য্য
„ জগন্নাথ দেব

গৌহাটী

„ পদ্মনাথ ভট্টাচার্য্য
„ বনমালী বেদান্ততীর্থ
„ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
„ হেমচন্দ্র দেব গোস্বামী
„ ভুবনমোহন সেন
„ কাশীচরণ সেন
„ আশুতোষ চট্টোপাধ্যায়

গোয়ালপাড়া

„ রাজা প্রভাতচন্দ্র বড়ুয়া
„ দ্বিজেন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী

কুচবিহার

কুমার শ্রীযুক্ত নিত্যেন্দ্রনারায়ণ
শ্রীযুক্ত কোকিলেশ্বর ভট্টাচার্য্য
চৌধুরী আমানত উল্লা আহম্মদ
আবদল হালিম

মৌলবী দীন মহম্মদ

রঙ্গপুর

শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন

শ্রীযুক্ত পূর্ণেন্দুমোহন সেহানবীশ

" রায় মৃত্যুঞ্জয় রায়চৌধুরী বাহাদুর

সেখ রেয়াজুদ্দিন আহাম্মদ

রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়

সেখ ফজলল্ করিম

খান বাহাদুর মৌলবি তসলিমুদ্দিন

ময়মনসিংহ

মহারাজ শ্রীযুক্ত কুমুদচন্দ্র সিংহ †

শ্রীযুক্ত গোপালদাস চৌধুরী

রাজা শ্রীযুক্ত জগৎকিশোর আচার্য্য চৌধুরী

" কেদারনাথ মজুমদার

নবাব সৈয়দ নবাব আলী চৌধুরী

সেক আবদুল জব্বর

ত্রিপুরা

কুমার শ্রীযুক্ত সুরেশচন্দ্র দেববর্ম্মা

কুমার শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র দেববর্ম্মা

" অনুকূলচন্দ্র রায়

" মহেন্দ্রচন্দ্র রায়

" রজনীনাথ নন্দী

নোয়াখালী

" মহেন্দ্রকুমার ঘোষ

আবদুল ওয়াহেদ

আবদুল বারিক

চট্টগ্রাম

রায় শ্রীযুক্ত শরৎচন্দ্র দাস †

" " নবীনচন্দ্র দত্ত

" শশাঙ্কমোহন সেন

" বিপিনবিহারী নন্দী

" ত্রিপুরাচরণ চৌধুরী

মুন্সী আবদুল করিম

শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত

পার্ব্বত্য চট্টগ্রাম

শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ

শ্রীযুক্ত রজনীরঞ্জন দেব

" অপূর্ব্বচন্দ্র দত্ত

" অচ্যুতচরণ চৌধুরী

বগুড়া

শ্রীযুক্ত সুরেশচন্দ্র দাস গুপ্ত

" হরগোপাল কুণ্ডু

" বেণীমাধব চাকী

" সুরেশচন্দ্র ভট্টাচার্য্য

মৌলবি মিয়াজুদ্দিন

" যতীন্দ্রমোহন রায়

পাবনা

শ্রীযুক্ত সতীশচন্দ্র রায়

" রণজিৎচন্দ্র লাহিড়ী

" সীতানাথ অধিকারী

দিনাজপুর

মহারাজ সার শ্রীযুক্ত গিরিজানাথ রায় বাহাদুর

শ্রীযুক্ত যোগেশচন্দ্র চক্রবর্ত্তী

" বরদাকান্ত রায় বিদ্যারত্ন

" রামচন্দ্র সেন

মৌলবী এবেদুদ্দীন আহাম্মদ

রাজসাহী

মহারাজ শ্রীযুক্ত জগদিন্দ্রনাথ রায়

কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায়

শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়

" রমাপ্রসাদ চন্দ

" রাধাগোবিন্দ বসাক

" পঞ্চানন নিয়োগী

" গিরিজামোহন সান্যাল

মজীবর রহমান

মালদহ

শ্রীযুক্ত হরিদাস পালিত
" রজনীকান্ত চক্রবর্ত্তী
" বিপিনবিহারী ঘোষ

পূর্ণিয়া

" জ্যোতিষচন্দ্র ভট্টাচার্য্য
" রায় নিশিকান্ত সেন বাহাদুর

ভাগলপুর

শ্রীযুক্ত মণীন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়
" কৃষ্ণবিহারী গুপ্ত
" মহাশয় তারকনাথ ঘোষ *

কটক

শ্রীযুক্ত রায় যোগেশচন্দ্র রায়
" বিপিনবিহারী সেন

মানভূম

শ্রীযুক্ত হরিনাথ ঘোষ
" নৃপেন্দ্রনাথ সেন গুপ্ত

বাঁকীপুর

রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ
শ্রীযুক্ত যদুনাথ সরকার
" যোগীন্দ্রনাথ সমাদ্দার
" রাখালরাজ রায়
" নরেশচন্দ্র সিংহ
রায় সাহেব ভুবনমোহন চট্টোপাধ্যায়
মথুরানাথ সিংহ
শ্রীযুক্ত রামলাল সিংহ

কাশী

শ্রীযুক্ত রাধাকুমুদ মুখোপাধ্যায় (১)
" ললিতমোহন মুখোপাধ্যায়
" গিরীন্দ্রনাথ ভট্টাচার্য্য
" মোক্ষদাচরণ ভট্টাচার্য্য

গয়া

শ্রীযুক্ত প্রকাশচন্দ্র সরকার

মুঙ্গের

শ্রীযুক্ত হেমচন্দ্র বসু

রাঁচী

শ্রীযুক্ত প্রমথনাথ বসু

দিল্লী

শ্রীযুক্ত ললিতমোহন চট্টোপাধ্যায়
" পুরুষোত্তম সিংহ
" সরোজনাথ বাগচী

মীরাট

শ্রীযুক্ত বিমলেন্দুকুমার মুখোপাধ্যায়
" নবকৃষ্ণ রায়
" কালীপদ বসু
" অতুলকৃষ্ণ মুখোপাধ্যায়

কাণপুর

শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সেন
" শচীন্দ্রনাথ ঘোষ

* চিহ্নিত সভ্যগণ একাদশ বর্ষের জন্য নূতন নির্ব্বাচিত হইয়াছেন।
‡ " " " নির্ব্বাচিত হয়েন নাই।
§ " সভ্য দশম বর্ষে মুঙ্গেরের সভ্য ছিলেন।
† " সভ্যগণের দশম বর্ষে মৃত্যু হইয়াছে।
(১) " সভ্য পূর্ব্বে কলিকাতার ঠিকানায় ছিলেন।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন—দশম অধিবেশন

বাঁকিপুর

প্রথম দিন

৯ই পৌষ ১৩২৩, ২৪শে ডিসেম্বর ১৯১৬, রবিবার

স্থান—পার্শী রিপন থিয়েটার

সভাপতি—সার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী, শাস্ত্রবাচস্পতি, কে টি, এম্ এ, ডি এল্, ডি এস্‌সি, সি এস্ আই ইত্যাদি

গত বর্ষের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

১। শ্রীযুক্ত মন্মথনাথ দে মহাশয়-রচিত আবাহন-সঙ্গীত—"স্বাগত সারদা-সেবকবৃন্দ বঙ্গ-রত্ন-সার"—স্থানীয় যুবকগণ কর্ত্তৃক গীত হয়।

২। নবম সম্মিলনের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ কর্ত্তৃক সভার উদ্বোধন।

৩। সম্মিলন-পরিচালন-সমিতির সম্পাদক শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় কর্ত্তৃক অনুপস্থিত ব্যক্তিগণের সহানুভূতিসূচক পত্র ও টেলিগ্রাম পাঠ।

৪। শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় রচিত 'বিহার-মঙ্গল' সঙ্গীত—"পড়িল যে দেশে জ্ঞান-গরিমার প্রথম অরুণ আলোককর"—গায়ক স্থানীয় যুবকগণ।

৫। শ্রীযুক্ত নিত্যগোপাল বিদ্যাবিনোদ মহাশয়-রচিত "বাণী-বন্দনা" নামক সংস্কৃত কবিতা—"দরিদ্র-সাহিত্যিকস্থহৃদ্বৃন্দৈঃ"—ইত্যাদি পাঠ।

৬। অভ্যর্থনা-সমিতির সভাপতি মাননীয় শ্রীযুক্ত রায় পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুর এম এ, বি এল্ মহাশয় কর্ত্তৃক অভিভাষণ পাঠ।

৭। শ্রীমতী মানকুমারী বসু মহোদয়ার লিখিত "সরস্বতী-স্তোত্র" নামক কবিতা পাঠ। পাঠক শ্রীযুক্ত মাখনলাল দত্ত। "নমোনমো ভকত-বৎসলা" ইত্যাদি।

৮। সভাপতি-বরণ—প্রস্তাবক—শ্রীযুক্ত মথুরানাথ সিংহ বি এল্

সমর্থক—মাননীয় মহারাজ সার মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর

অনুমোদক—শ্রীযুক্ত রামলাল সিংহ বি এল্

৯। মাননীয় বিচারপতি সার আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী মহোদয় সভাপতির আসন গ্রহণ করিলেন।

১০। সভাপতি মহাশয় অভিভাষণ পাঠ করিলেন।

১১। শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ মহাশয় কর্ত্তৃক গত বর্ষের যশোহর সম্মিলনের কার্য্য-বিবরণ পঠিত হইল এবং উহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল।

১২। শ্রীযুক্ত জ্ঞানাঞ্জন চট্টোপাধ্যায় মহাশয়-লিখিত 'বাঙ্গালা' নামক কবিতা পাঠ— "পূজিতে বাণীর চরণ-কমল ভক্ত পূজারী বেশে।"

১৩। শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ মহাশয় লিখিত "বাণী-বন্দনা". নামক কবিতা পাঠ— "পুণ্যক্ষেত্র পাটলিপুত্রে আসিয়াছি আজ সব ভ্রাতা—"ইত্যাদি।

১৪। নিম্নলিখিত সাহিত্যসেবক ও সাহিত্যানুরাগী মহোদয়গণের পরলোকগমন জন্য শোক প্রকাশের প্রস্তাব গৃহীত হইল।

(ক) মহারাজ কুমুদচন্দ্র সিংহ বি এ, (খ) চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় বি এ, (গ) লালমোহন বিদ্যানিধি, (ঘ) গণপতি রায় বিদ্যাবিনোদ, (ঙ) ভুবনচন্দ্র মুখোপাধ্যায়, (চ) রজনীকান্ত চক্রবর্ত্তী, (ছ) ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্ এ, (জ) বিহারীলাল গুপ্ত সি এস্, (ঝ) মোহিনী-নাথ বিশি, (ঞ) হেমেন্দ্রমোহন বসু, (ট) রসিকলাল রায়।

১৫। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের পত্র পাঠ করিলেন। তল্লিখিত নিম্নোক্ত দুইটি প্রস্তাব যথারীতি গৃহীত হইল।

(ক) রমেশ-ভবন নির্ম্মাণকল্পে অর্থ সাহায্যের জন্য সমগ্র সাহিত্য-সেবক ও সাহিত্যানু-রাগী মহোদয়গণের নিকট সাহায্য প্রার্থনা করা হউক।

(খ) স্বর্গীয় ব্যোমকেশ মুস্তফী বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের জন্য প্রাণপাত পরিশ্রম করিয়া গিয়াছেন, তাহা বাঙ্গালার সাহিত্যসেবিগণের অজ্ঞাত নাই। সম্মিলনের গঠন-কার্য্যে তাঁহার কৃতিত্ব, তাঁহার অধ্যবসায় ও পরিশ্রম সকলেই জানেন। নিঃস্ব পরিবারগণকে রাখিয়া তিনি পরলোকগত। তাঁহার অভাবে সাহিত্য-সম্মিলন দুর্ব্বল। তাঁহার দুঃস্থ ও নিঃস্ব পরি-বারবর্গের সাহায্যার্থ সাহিত্য-পরিষৎ ভিক্ষার্থী হইয়াছেন। বাঁকীপুরের সম্মিলন ও সাহিত্য-সেবিগণ এ বিষয়ে অবহিত হউন।

১৬। নিম্নলিখিত প্রস্তাবগুলি সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন অনতিবিলম্বে রেজিষ্টারী করা হউক।

(ক) বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের Memorandum of Association এবং Articles of Association ও নিয়মাদির খসড়া প্রস্তুত করিবার জন্য নিম্নলিখিত পাঁচ জন ব্যক্তিকে লইয়া এক শাখা-সমিতি গঠিত হউক। আরও স্থির হইল যে, উক্ত পাঁচ জন সদস্যের মধ্যে অন্ততঃ তিন জন উপস্থিত না হইলে সমিতির কার্য্য আরম্ভ হইবে না।

১। সার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী
২ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ
৩ „ হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, এম্ এ, বি এল্
চিত্তরঞ্জন দাশ বার-য়্যাট-ল, এম্ এ
„ ডাঃ আব্দুল গফুর সিদ্দিকী

(খ) প্রোক্ত সমিতি খসড়াদি প্রস্তুত করিয়া সাহিত্য-সম্মিলন-পরিচালক-সমিতির নিকট দিবেন। তাঁহারা উহা গ্রহণ করিলে উহা সম্মিলন কর্তৃক পরিগৃহীত বলিয়া গণ্য হইবে।

১৭। চৈতন্য-হিন্দী-সভার পক্ষ হইতে শ্রীযুক্ত রামগোপাল সিংহ চৌধুরী মহাশয় সম্মিলনে উপস্থিত সমগ্র সাহিত্যসেবীকে অভিনন্দন করিলেন ও তাঁহাদিগকে উদ্যান-সম্মিলনে নিমন্ত্রণ করিলেন।

১৮। শ্রীযুক্ত কৃষ্ণচৈতন্য গোস্বামী ও বালগোবিন্দ মালবী, হিন্দী ভাষায় সকলকে সম্বোধন করিলেন।

১৯। বিষয়-নির্ব্বাচন-সমিতি গঠন এবং তাহার অধিবেশনের স্থান ও সময় বিজ্ঞাপন।

২০। সভাপতি মহাশয় প্রথম দিনের কার্য্য শেষে চলিয়া যাইবেন বলিয়া সভাপতির কার্য্যভার শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয়ের উপর অর্পণ করিলেন।

২১। প্রাচ্যবিদ্যামহার্ণব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় কর্তৃক সভাপতি মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন।

অতঃপর প্রথম দিনের সভাভঙ্গ হইল।

এই দিন সন্ধ্যা ৭ টা হইতে রাত্রি ৯॥০ টা পর্য্যন্ত এংগ্লো-সংস্কৃত-ইন্‌ষ্টিটিউশন গৃহে বিষয়-নির্ব্বাচন-সমিতির অধিবেশন হয়।

দ্বিতীয় দিন

১০ই পৌষ, ১৩২৩, ২৫শে ডিসেম্বর, ১৯১৬, বেলা ৮টা

সভাপতি---শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ বার্-এট-ল, এম্ এ

১। কার্য্যারম্ভ হইলে নিম্নলিখিত প্রস্তাবটি সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল,—

আমাদের মহামান্য সম্রাট্ ও তাঁহার মিত্র-রাজগণের বিরুদ্ধে জার্ম্মাণি যুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন। বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন সেই যুদ্ধে আমাদের মহামান্য সর্ব্বজনপ্রিয় সম্রাটের মঙ্গল কামনা করিতেছেন এবং যাহাতে এই যুদ্ধে ইংরাজরাজের জয়লাভ হয়, তজ্জন্য মঙ্গলময় ভগবানের নিকট প্রার্থনা করিতেছেন।

২। সাহিত্য-শাখার সভাপতি শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয় "বাঙ্গালার গীতিকবিতা" নামক তাঁহার অভিভাষণ পাঠ করিলেন।

৩। ইতিহাস-শাখার সভাপতি শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয় তাঁহার অভিভাষণ "ইতিহাস" বক্তৃতাছলে বলিলেন।

৪। দর্শন-শাখার সভাপতি শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করিলেন।

বেলা অত্যধিক হওয়ায় এইখানেই সভাভঙ্গ হইল।

৫। বিজ্ঞান-শাখার সভাপতি শ্রীযুক্ত শশধর রায় মহাশয় তাঁহার অভিভাষণ অপরাহ্নে বিজ্ঞান-শাখায় পাঠ করিয়াছিলেন।

এই দিন সন্ধ্যার সময় অভ্যর্থনা-সমিতির সভাপতি রায় শ্রীযুক্ত পূর্ণেন্দুনারায়ণ সিংহ বাহাদুরের ভবনে সান্ধ্য সম্মিলন হয় এবং রাত্রি ৯টার সময় বাঁকীপুর অবৈতনিক নাট্য সমাজ কর্ত্তৃক 'চন্দ্রগুপ্ত' অভিনীত হয়।

দ্বিতীয় দিবস, ১০ই পৌষ

সাহিত্য-শাখা—অপরাহ্ণ ৩-২৫ মিঃ

স্থান—পার্শী রিপণ থিয়েটার মঞ্চ

সভাপতি—শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ এম্ এ, ব্যারিষ্টার

সভাপতি মহাশয় উপস্থিত হইতে বিলম্ব হওয়ায় শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ মহাশয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ মহাশয়ের সমর্থনে শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় বি এ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। অতঃপর নিম্নলিখিত কবিতা ও প্রবন্ধাদি পঠিত হইল।

১। বেহার (কবিতা)— রচয়িতা—শ্রীযুক্ত কুমুদরঞ্জন মল্লিক বি এ
পাঠক „ জ্ঞানাঞ্জন চট্টোপাধ্যায়

২। সাগর-সঙ্গীত (কবিতা) শ্রীযুক্ত মন্মথনাথ বন্দ্যোপাধ্যায়

৩। বিশ্ববিদ্যালয় ও বঙ্গ-সাহিত্য— „ অক্ষয়চন্দ্র সরকার বিদ্যাবিনোদ

এই প্রবন্ধ পাঠের সময় সভাপতি শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয় সভাস্থলে উপস্থিত হইয়া সভাপতির আসন গ্রহণ করিলেন।

৪। বাঙ্গালী মুসলমানের মাতৃভাষা— ডাঃ আবদুল গফুর সিদ্দিকী

৫। বাঙ্গালা প্রাচীন মহাকাব্যের প্রকৃতি— শ্রীযুক্ত শিবপ্রসাদ কাব্যতীর্থ

৬। সাহিত্যের গতি ও প্রকৃতি— „ দেবকুমার রায়চৌধুরী

সাহিত্য-শাখা, দ্বিতীয় দিন

প্রাতে—৯ ঘটিকা

সভাপতি মহাশয়ের উপস্থিত হইতে বিলম্ব হওয়ায় শ্রীযুক্ত পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

৭। বাঙ্গলা (কবিতা) রচয়িতা শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত
পাঠক „ জ্ঞানাঞ্জন চট্টোপাধ্যায়

৮। নাম ও উপাধিতত্ত্ব শ্রীযুক্ত ক্ষীরোদলাল চট্টোপাধ্যায়

৯। বাঙ্গলার ছন্দ ও তাল „ রাখালরাজ রায় বি এ

১০। উত্তর-পশ্চিম অঞ্চলে বাঙ্গালী জাতি ও বাঙ্গালা ভাষার চর্চ্চা „ চিন্তামণি মুখোপাধ্যায়

১১। শ্রীগীতগোবিন্দের প্রথম শ্লোক „ হরেকৃষ্ণ মুখোপাধ্যায়

নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত বলিয়া গৃহীত হইল।

১২। বিহারে বাঙ্গালী শ্রীযুত জ্ঞানেন্দ্রমোহন দত্ত

১৩। মাগধী ভাষা „ রাখালরাজ রায় বি এ

১৪। ভাষা সম্বন্ধে দু'একটি কথা „ কৃষ্ণবিহারী গুপ্ত এম্ এ

১৫। বৈষ্ণব কবিতা „ মনোরঞ্জন গুহ ঠাকুরতা

১৬। বঙ্গসাহিত্য ও মুসলমান— মৌলবি মোহাম্মদ কে চাঁদ

প্রায় পৌনে ১০ ঘটিকার সময় সাহিত্য-শাখার কার্য্য শেষ হইল।

অতঃপর মহামহোপাধ্যায় পণ্ডিতরাজ শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহাশয় সাধারণ ভাবে বক্তৃতা করেন।

বিজ্ঞান-শাখা

এংগ্লো সংস্কৃত ইনষ্টিটিউশন গৃহ

দ্বিতীয় ও তৃতীয় দিবস

১০ই ও ১১ই পৌষ

সভাপতি—শ্রীযুক্ত শশধর রায় এম এ, বি এল্

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ

গত নবম-সম্মিলনে নির্ব্বাচিত বিজ্ঞান-শাখার সভাপতি শ্রীযুক্ত শশধর রায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করিলেন। প্রথম দিনের সভার পর সভাপতি মহাশয় বাঁকীপুর ত্যাগ করায় শ্রীযুত পঞ্চানন নিয়োগী এম্ এ মহাশয় সভাপতির কার্য্য করেন।

১। সভাপতি মহাশয় তাঁহার অভিভাষণ পাঠ করেন।

২। নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইল,—

(ক) নিম্নবঙ্গের বিল—শ্রীযুক্ত সুরেশচন্দ্র দত্ত এম এস্ সি

(খ) এলক্যালয়েড সম্বন্ধে ধাতবীয় উৎপত্তি—শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ রক্ষিত এম্ এ

(গ) দশম স্বতঃসিদ্ধ—শ্রীযুত যোগেন্দ্রকুমার সেন গুপ্ত

(ঘ) বিহারে কৃষির দুরবস্থা ও তাহার প্রতিকার—শ্রীযুক্ত প্রকাশচন্দ্র সরকার বি এল্

(ঙ) বঙ্গে বিজ্ঞান-চর্চ্চার ইতিহাস—শ্রীযুক্ত ডাঃ অমৃতলাল সরকার এল্ এম্ এস্, এফ্ সি এস্

(চ) পঞ্জিকা-সংস্কার—শ্রীযুক্ত রাধাগোবিন্দ চন্দ্র এম্ এ

(ছ) কাষ্ঠের উপর সূর্য্যরশ্মির প্রভাব ও তাহার ফটোগ্রাফ— শ্রীযুত পঞ্চানন নিয়োগী এম্ এ

(জ) পদার্থসমূহের বিজ্ঞান—শ্রীযুত পূর্ণানন্দ জ্যোতিষী

(ঞ) ঘোড়ার চৌষট্টি ঘর ভ্রমণ—শ্রীযুত ডাঃ সরসীলাল সরকার এম্ এ, এল্ এম্ এস্

(ছ) চিহ্নিত প্রবন্ধ লেখক ম্যাজিক ল্যাণ্টার্ণ সাহায্যে বুঝাইয়া দেন।

৩। আগামী বর্ষের জন্য শ্রীযুক্ত ডাঃ দেবেন্দ্রনাথ মল্লিক মহাশয় সভাপতি নির্ব্বাচিত হইলেন।

৪। আগামী বর্ষের জন্য শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত মেঘনাদ সাহা মহাশয়দ্বয় যথাক্রমে সম্পাদক ও সহকারী সম্পাদক নির্ব্বাচিত হইলেন।

৫। সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভা ভঙ্গ হয়।

দর্শন-শাখা

দ্বিতীয় দিবস

১০ পৌষ, প্রাতে

সভাপতি—শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী শ্রীকণ্ঠ, ভক্তিভূষণ, এম্ এ, বি এল্

নিম্নলিখিত প্রবন্ধগুলি পঠিত হইল।

১ম প্রবন্ধ। সন্ন্যাস ও ত্যাগ। লেখক ও পাঠক শ্রীরামসহায় বেদান্তশাস্ত্রী, কাব্যতীর্থ।

২য় প্রবন্ধ। শ্রীকৃষ্ণের প্রেমলীলা। লেখক ও পাঠক—শ্রীযুক্ত হেমচন্দ্র বসু এম্ এ, বি এল্।

তাহার পর শ্রীযুক্ত মধুসূদন বিদ্যানিধি মহাশয় অবতার-তত্ত্ব, বস্ত্রহরণ ও রাসলীলার দার্শনিক তত্ত্ব সম্বন্ধে আলোচনা করেন। অবশেষে শ্রীযুক্ত পূর্ণেন্দুনারায়ণ সিংহ ও সভাপতি মহাশয় বেদান্তশাস্ত্রী মহাশয়ের উত্থাপিত প্রশ্নের সমাধান করেন।

৩য় প্রবন্ধ। বৌদ্ধ ধর্ম্মমতে দুঃখ নিবারণের উপায়। লেখক—শ্রীযুক্ত গুণালঙ্কার মহাস্থবির পাঠক—শ্রীমৎ আর্য্যালঙ্কার ভিক্ষু।

প্রবন্ধ পাঠের পর মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহাশয় ঐ বিষয় সম্বন্ধে আলোচনা করেন। সভাপতি মহাশয় লেখক মহাশয়ের প্রতি কৃতজ্ঞতাসূচক মন্তব্য প্রকাশ করেন।

৪র্থ প্রবন্ধ। পরার্থ-পরতা। লেখিকা—শ্রীমতী মানকুমারী দেবী। লেখিকা ও পাঠক অনুপস্থিত থাকায় প্রবন্ধ পঠিত হইল না। সভাপতি মহাশয় লেখিকাকে ধন্যবাদ দিলেন।

সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভাভঙ্গ হয়।

ইতিহাস-শাখা

ইতিহাস-শাখার কার্য্যবিবরণ এ পর্য্যন্ত পরিষদের হস্তগত না হওয়ায় উহা এই স্থানে দিতে পারা গেল না।

তৃতীয় দিন

সাধারণ-সভা

১১ই পৌষ, ১৩২৩, মঙ্গলবার, সময় বেলা ১০টা

সভাপতি—শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ এম এ

১। সভাপতি মহাশয়ের পক্ষে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় নিয়মাবলী পরিবর্ত্তনের নিম্নলিখিত প্রস্তাবগুলি উপস্থাপিত করিলেন ও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইল।

৮ম নিয়ম। এই সম্মিলনের সমস্ত কার্য্য পরিচালনের জন্য প্রতি বৎসর অনূনে ৬০ জনকে লইয়া সাধারণ-সম্মিলন-সমিতি নামে একটি সমিতি গঠিত হইবে। প্রতি বৎসর সম্মি-

লনের শেষ বৈঠকে পরবর্ত্তী বৎসরের জন্য উক্ত সাধারণ-সম্মিলন-সমিতির সদস্যগণ নির্ব্বাচিত হইবেন।

ইহার পর নিম্নোক্ত অংশ যোগ করিতে হইবে।—

"বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্যগণ সাধারণ-সম্মিলন-সমিতির সভ্য হইবেন।"

৯ম নিয়ম। সম্মিলনের কার্য্য নির্ব্বাহার্থ উক্ত সদস্যগণ অথবা তাঁহাদের মধ্যে যাঁহারা উপস্থিত থাকিবেন, তাঁহারা, সম্মিলনের সেই অধিবেশনেই কিংবা তাহার পর এক মাসের মধ্যে" এই অংশের স্থলে—

"উক্ত প্রকারে নির্ব্বাচিত সদস্যগণ যথাসম্ভব শীঘ্র" এই নূতন অংশ সংযুক্ত হইবে।

৯ম নিয়মের পরে নিম্নোক্ত নূতন নিয়ম বসিবে—

"দ্রষ্টব্য—যদি এই নির্ব্বাচিত দশ জনের মধ্যে কেহ বঙ্গীয়-সাহিত্য-পরিষদের কার্য্য-নির্ব্বাহক-সমিতির সভ্য থাকেন, তবে তাঁহার স্থলে অপর একজন সভ্য সম্মিলন পরিচালন-সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত হইবেন।"

নবম (খ) নিয়মের—

"তাঁহাদের অভাব হইলে" স্থলে "তাঁহাদের অনুপস্থিতিতে" হইবে।

দশম নিয়মের "তিন মাস মধ্যে" এই অংশ বাদ দিতে হইবে।

১২শ নিয়ম। অভ্যর্থনা-সমিতি কর্ত্তৃক যাঁহারা প্রবন্ধ রচনার জন্য আহূত হইবেন বা তথ্য সংগ্রহে নিযুক্ত হইবেন, তাঁহাদিগকে স্ব স্ব রচনা এবং সংগৃহীত বিষয়াদি সম্মিলনের অধিবেশনের অন্ততঃ এক পক্ষ পূর্ব্বে অভ্যর্থনা-সমিতির সম্পাদকের নিকট পাঠাইয়া দিতে হইবে।

ইহার পর নিম্নোক্ত নূতন অংশ যোগ করিতে হইবে,—

"এবং তাঁহারা প্রবন্ধের সহিত সংক্ষেপে প্রবন্ধের সার সঙ্কলন করিয়া ঐ প্রবন্ধের সহিত পাঠাইবেন।"

১২শ (গ) নিয়ম। ইতিহাস-শাখা (ইতিহাস, সমাজ-তত্ত্ব, প্রত্ন-তত্ত্ব, ভূগোল, প্রভৃতি)" হইবে।

১৫শ (ঘ) নিয়ম। গণিত ও বিজ্ঞান-শাখা (গণিত, জ্যোতিষ, পদার্থ-বিজ্ঞান, জীব-বিজ্ঞান, ভূবিদ্যা, শিল্প, চিকিৎসা-বিদ্যা ও কৃষিবিজ্ঞান প্রভৃতি।)" হইবে।

২। ভারতবর্ষের জাতীয় মহাসমিতি এবং বঙ্গদেশীয় প্রাদেশিক সমিতি, এতদুভয়ের সহিত সংঘর্ষ না হইয়া যাহাতে বঙ্গীয়-সাহিত্য-সম্মিলনের অধিবেশনের দিন ধার্য্য হয়, ইহার ব্যবস্থা করিবার ভার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন, পরিচালন-সমিতি এবং যে স্থানে যে বৎসর সম্মিলনের অধিবেশন হইবে, তথাকার অভ্যর্থনা-সমিতির উপর অর্পণ করিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত দেবকুমার রায় চৌধুরী

সমর্থক—ললিতচন্দ্র মিত্র

অনুমোদক—ডাঃ আবদুল গফুর সিদ্দিকী

৩। মানভূম জেলার অন্তর্গত ধানবাদ মহকুমায় যাহাতে পূর্ব্ববৎ শিক্ষার্থিগণের জন্য বাঙ্গালা ভাষা প্রচলিত থাকে, বহুমানাস্পদ শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয়ের সহিত পরামর্শ করিয়া তৎসম্বন্ধে বিহার ও উড়িষ্যা গবর্ণমেণ্টের নিকট আবেদনাদি করিবার ভার বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন পরিচালন-সমিতির উপর দিতেছেন।

প্রস্তাবক—শ্রীযুক্ত নরেশচন্দ্র সিংহ এম এ, বি এল
সমর্থক „ ক্ষেত্রনাথ সেন গুপ্ত বি এল

৪। এ দেশের উচ্চ শিক্ষায় বঙ্গভাষার প্রসার বৃদ্ধি করিবার জন্য আপাততঃ নিম্নলিখিত উপায়গুলি অবলম্বন করা আবশ্যক বলিয়া বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন নির্দ্দেশ করিতেছেন এবং এই মন্তব্যটি বিচার করিবার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষের নিকট সভাপতি মহাশয়ের স্বাক্ষরযুক্ত পত্র সহ মন্তব্যটি প্রেরিত হউক।

